৭। টিপ্পনী। সাধূনাং বয়স্যানাম্। সাধবো বয়স্যাঃ। রজতমিত্যাদ্যুপলক্ষণম্। তিঃ। সাধূনাং বয়স্যানাং রজতাদ্যুপলক্ষিতবস্তুজাতানি অবিভক্তানি স্ববস্তুজাতাদভিন্নানি সাধবো বয়স্যা অবগচ্ছন্তি। শিরোঃ।

হে মহাবল রাম; সেই আমি বন্ধুগণ ও সুহৃদ্‌গণের মধ্যে সৌভাগ্যবান্, যে হেতু আমি তোমার সহিত অগ্নিসাক্ষিক বন্ধুত্ব লাভ করিয়াছি ॥ ৪ ॥

আমিও তোমার অনুরূপ বয়স্য, [ইহা] তুমি ক্রমে জানিতে পারিবে। কিন্তু আমি নিজেই নিজগুণ বলিতে পারি না ॥ ৫ ॥

ধৈর্য্যসম্পন্ন ব্যক্তিগণের ধৈর্য্যের ন্যায়, ত্বত্তুল্য জিতেন্দ্রিয় মহাত্মাদিগের প্রীতি নিরতিশয় নিশ্চল হইয়া থাকে ॥ ৬ ॥

১। গ '-স্যতে'। ২। চ '-ষ্ঠা'। ৩। ঘ-ঙ 'বা'।

[1]আঢ্যো [2]বাপি দরিদ্রো বা [3]দীনো বা দুঃখিতোঽপি বা।
[4]নির্দ্দোষশ্চ ক্ষমাবাংশ্চ বয়স্যঃ পরমা গতিঃ ॥ ৮ ॥
ধনত্যাগঃ সুখত্যাগো বন্ধুত্যাগস্তথৈব চ।
বয়স্যার্থে প্রবর্ত্তন্তে স্নেহং দৃষ্ট্বা [5]তথাবিধম্ ॥ ৯ ॥
[6]তং তথেত্যব্রবীদ্রামঃ সুগ্রীবং [7]প্রিয়বাদিনম্।
লক্ষ্মণস্যাগ্রতঃ [8]প্রীত্যা সুগ্রীবমনুরঞ্জয়ন্ ॥ ১০ ॥
ততো রামং স্থিতং দৃষ্ট্বা লক্ষ্মণঞ্চ মহাবলম্।
সুগ্রীবঃ [9]সর্ব্বতশ্চক্ষুর্ব্বনে লোলমপাতয়ৎ ॥ ১১ ॥

৮। লো-টী। বয়স্যঃ পরমা গতিঃ, বয়স্যানামিতি শেষঃ।
১১। লো-টী। লোলং চঞ্চলম্ ; বনে অপাতয়ৎ।

৯। টিপ্পনী। তথাবিধং স্বরসতো ধনাদিত্যাগপ্রবর্ত্তকমিত্যর্থঃ। তিঃ। তথাবিধং স্বস্নেহসদৃশং স্নেহং দৃষ্ট্বা স্থিতস্য বয়স্যস্য বয়স্যার্থে ধনত্যাগাদয়ঃ প্রবর্ত্তন্তে ইতি যোজনা। গোঃ রাঃ।
১০। টিপ্পনী। প্রীত্যা প্রীতিপ্রকাশেন সুগ্রীবম্ অনুরঞ্জয়ন্ সুগ্রীবস্য প্রীতিং জনয়ন্।

বয়স্যগণ বয়স্যগণের রজত অথবা সুবর্ণ, অথবা বস্ত্রসমূহ কিংবা আভরণ-সমূহ অবিভক্ত (অর্থাৎ নিজ দ্রব্য হইতে অভিন্ন) মনে করিয়া থাকেন ॥ ৭ ॥

ধনী [হউক] অথবা দরিদ্র [হউক] কিংবা দীন [হউক] অথবা দুঃখিত [হউক] নির্দ্দোষ ক্ষমাবান্ বয়স্য [বয়স্যের] পরম আশ্রয়স্থান ॥ ৮ ॥

তথাবিধ (অর্থাৎ ধনাদিত্যাগের উপযুক্ত) স্নেহ দর্শন করিয়া বয়স্যের নিমিত্ত বয়স্যের ধনত্যাগ, সুখত্যাগ এবং বন্ধুত্যাগও সংঘটিত হইয়া থাকে ॥ ৯ ॥

রাম প্রীতি প্রকাশপূর্ব্বক সুগ্রীবের প্রীতি উৎপাদন করত লক্ষ্মণের সম্মুখে প্রিয়বাদী সেই সুগ্রীবকে 'তাহাই [ঠিক্]' ইহা বলিলেন ॥ ১০ ॥

অতঃপর সুগ্রীব রামকে ও মহাবল লক্ষ্মণকে দণ্ডায়মান দর্শন করিয়া চঞ্চল ভাবে বনমধ্যে চতুর্দ্দিকে সর্ব্বত্র দৃষ্টিপাত করিলেন ॥ ১১ ॥

১। ণ '-ঢ্যোঽথা-'। ২। ঙ '-তিদ-'। ৩। ঘ 'সুখিতো দুঃ-'। ৪। ঘ 'নির্ম্মর্যাদঃ'। ৫। ঘ 'তথৈব চ', ঙ 'তথা বিধিম্'। ৬। চ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৭। ঙ '-দর্শনম্'। ৮। ছ 'প্রীতঃ'। ৯। চ '-র্বানরান্ সমপাতয়ৎ'।

স দদর্শ ততঃ সালমবিদূরে হরীশ্বরঃ।
[1]সপুষ্পমী[2]ষৎপর্ণাঢ্যং ভ্রমরৈরু[3]পশোভিতম্ ॥ ১২ ॥

তস্যৈকাং পর্ণবহুলাং শাখাং ভঙ্ক্ত্বা সুপুষ্পিতাম্।
[4]সালস্যাস্তীর্য্য সুগ্রীবো নিষসাদ সরাঘবঃ ॥ ১৩ ॥

তাবাসীনৌ [5]ততো দৃষ্ট্বা হনূমানপি লক্ষ্মণম্।
শাখাং চন্দনবৃ[6]ক্ষস্য সমা[7]ক্ষিপ্য ন্যবেশয়ৎ ॥ ১৪ ॥

ততঃ প্রহৃষ্টঃ সুগ্রীবঃ [8]শ্লক্ষ্ণং মধুরয়া গিরা।
উবাচ প্রণয়াদ্বাক্যং [9]হর্ষব্যাকুলিতাক্ষ[10]রম্ ॥ ১৫ ॥

১২। টিপ্পনী। সপুষ্পং পুষ্পাবৃতম্, ঈষৎপর্ণাঢ্যম্ ঈষৎপর্ণৈঃ ক্ষুদ্রপত্রৈঃ সম্পন্নম্। 'সুপুষ্পম্ ঈষৎ পত্রাঢ্যম্' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ। ঈষৎ সুপুষ্পম্, পত্রাঢ্যং পত্রবহুলম্। তিঃ। ঈষৎপত্রৈঃ হ্রস্বপত্রৈঃ সম্পন্নম্। শিরোঃ। ঈষৎপত্রাঢ্যমিতি পল্লবপ্রচুরমিত্যর্থঃ। গোঃ রাঃ।

১৩। টিপ্পনী। শাখাং ভঙ্ক্ত্বা তাম্ আস্তীর্য্য সংপ্রসার্য্য তত্র নিষসাদ উপবিবেশ।

১৪। টিপ্পনী। শাখাং সমাক্ষিপ্য সমাকর্ষণেন ভঙ্ক্ত্বেত্যর্থঃ, তত্র ন্যবেশয়ৎ।

১৫। টিপ্পনী। মধুরয়া গিরা স্বরেণ শ্লক্ষ্ণং মৃদু যথা স্যাত্তথা হর্ষব্যাকুলিতাক্ষরং হর্ষেণাস্পষ্টাক্ষরবিশিষ্টং বাক্যম্ উবাচ।

অতঃপর বানরাধিপতি সুগ্রীব অনতিদূরে পুষ্পসম্পন্ন, ক্ষুদ্রপত্রবিশিষ্ট, ভ্রমর-পরিশোভিত সালবৃক্ষ দেখিতে পাইলেন ॥ ১২ ॥

সুগ্রীব সেই সালবৃক্ষের পর্ণবহুল সুপুষ্পিত এক শাখা ভগ্ন করিয়া [এবং তাহা] পাতিয়া রাঘবের সহিত [তাহাতে] উপবেশন করিলেন ॥ ১৩ ॥

অতঃপর, তাঁহাদিগকে উপবিষ্ট দেখিয়া হনুমান্‌ও চন্দনবৃক্ষের এক শাখা আকর্ষণপূর্ব্বক [ভগ্ন করিয়া] লক্ষ্মণকে [তাহাতে] উপবেশন করাইলেন ॥ ১৪ ॥

অতঃপর, অতিহৃষ্ট সুগ্রীব মধুর স্বরে মৃদু ভাবে প্রণয়বশতঃ হর্ষব্যাকুলিতাক্ষর (হর্ষনিবন্ধন অস্পষ্টাক্ষরবিশিষ্ট) বাক্য বলিলেন—॥ ১৫ ॥

১। ছ 'সুপু-'। ২। ঘ '-পত্রাঢ্যং'। ৩। ঙ '-সেবিতম্'। ৪। ছ 'শাল-'। ৫। ছ-ণ 'তথা'। ৬। ঘ-ট '-বৃক্ষ'। ৭। ঙ-ছ-ট 'প্রবেশয়ৎ'। ৮। ণ '-ক্ষমুত্তরয়া'। ৯। ক-ঘ '-কাম্যীবদ্ব্যা-'। ১০। ণ '-রঃ'।

অহং বিনিকৃতো রাম চরামি[1] বসুধামিমাম্।
হৃতদারো[2] রঘুশ্রেষ্ঠ ঋষ্যমূকং সমাশ্রিতঃ ॥ ১৬ ॥
বলিনো[3] বালিনো ভীতো বনে বিত্রস্তমানসঃ।
সোঽহং[4] সুনিকৃতো[5] ভ্রাত্রা কৃতবৈরশ্চ[6] রাঘব ॥ ১৭ ॥
বালিনস্তু[7] ভয়ার্ত্তস্য[8] সর্ব্বলোকভয়ঙ্করাৎ।
মমাপি ত্বমনাথস্য নাথো ভবিতুমর্হসি ॥ ১৮ ॥
এবমুক্তঃ[9] স তেজস্বী ধর্ম্মজ্ঞো ধর্ম্মবৎসলঃ।
অভ্যভাষত কাকুৎস্থঃ সুগ্রীবং প্রহসন্নিব ॥ ১৯ ॥

১৬। লো-টী। বিনিকৃতো রাজ্যাদ্ বহিষ্কৃতঃ।

১৭। টিপ্পনী। ভ্রাত্রা সুনিকৃতঃ নিঃসারিতঃ, ভ্রাত্রা কৃতবৈরঃ কৃতং বৈরং যস্য ঈদৃশঃ সোঽহম্।

১৮। টিপ্পনী। মমাপীত্যনেন অন্যেষাং ত্বং নাথঃ পূর্ব্বত এব সিদ্ধ ইতি দ্যোতিতম্।

১৯। টিপ্পনী। প্রহসন্নিবেত্যত্র ইবশব্দো বাক্যালঙ্কারে এবার্থে বা।

হে রঘুকুলশ্রেষ্ঠ রাম, [ভ্রাতাকর্ত্তৃক] রাজ্য হইতে বহিষ্কৃত ও হৃতদার হইয়া আমি ঋষ্যমূক পর্ব্বতে নিবাসপূর্ব্বক এই পৃথিবী ভ্রমণ করিতেছি ॥ ১৬ ॥

হে রাঘব, ভ্রাতাকর্ত্তৃক রাজ্য হইতে বহিষ্কৃত, কৃতবৈর (অর্থাৎ ভ্রাতা যাহার সহিত শত্রুতা করিয়াছে ঈদৃশ) এবং বলবান্ বালী হইতে ভীত সেই আমি বনে বিত্রস্তচিত্ত হইয়া বাস করিতেছি ॥ ১৭ ॥

সর্ব্বপ্রাণীর ভয়োৎপাদক বালীর ভয়ে পীড়িত, রক্ষকহীন আমারও তুমি রক্ষক হও ॥ ১৮ ॥

[সুগ্রীবকর্ত্তৃক] এই প্রকার কথিত হইয়া তেজস্বী ধর্ম্মজ্ঞ ধর্ম্মবৎসল কাকুৎস্থ রাম হাসিতে হাসিতে সুগ্রীবকে বলিলেন— ॥ ১৯ ॥

১। ঘ 'চরাম্যেষ ভয়ার্দ্দিতঃ', ণ 'সন্ত্যজ্য'। ২। ক-ঘ '-দারঃ সমাসাদ্য', ঙ-ছ '-দারঃ সমাগম্য', ণ '-ভার্য্যো'। ৩। ছ 'বালিনো বলিনো'। ৪। ঘ 'স্নেহাৎ'। ৫। ঙ-ছ 'সন্নি-', ঢ ণ 'বিনি-'। ৬। ঢ 'হৃতরাজ্যশ্চ'। ৭। ক '-নশ্চ'। ৮। ঘ '-র্ত্তশ্চ', ণ '-ত্রস্তঃ'। ৯। ঢ '-ক্তশ্চ তে-'।

উপকারক্ষমং[1] মিত্রং বিদিতং মে ভবান্ যথা।
অদ্যৈব তং হনিষ্যামি তব ভার্য্যাপহারিণম্ ॥ ২০ ॥
ইমে[2] হি মে[3] মহাভাগাঃ[4] পত্রিণস্তিগ্মতেজসঃ[5]।
কার্ত্তিকেয়বনোদ্ভুতাঃ শরা হেমবিভূষিতাঃ[6] ॥ ২১ ॥
কঙ্কপত্রপ্রতিচ্ছন্না[7] মহেন্দ্রাশনিসন্নিভাঃ।
সুপর্ব্বাণঃ সুতীক্ষ্ণাগ্রাঃ সরোষা ইব পন্নগাঃ ॥ ২২ ॥

২০। লো-টী। মে ময়া মিত্রং ত্বং বিদিতম্। ভবান্ অপি মাং তথৈব জানাতি।

২১। লো-টী। মহাভাগাঃ প্রশস্তাবয়বাঃ। 'ভাগোহংশেহবয়বে ভাগ্যে ত্যাজ্যে বর্জ্জন-দানয়োঃ' ইতি ভূরিঃ। পত্রিণঃ শ্যেনা ইব। যদ্বা, পত্রবন্তঃ।

২২। লো-টী। 'পত্রিণ' ইতি যদুক্তং তৎ কস্য পত্রৈরিত্যপেক্ষায়ামাহ—কঙ্কপত্রেতি।

২০। টিপ্পনী। যথা যস্মাদ্ ভবান্ মে উপকারক্ষমং মিত্রং বিদিতং জ্ঞাতং তস্মাদদ্যৈব হনিষ্যামি।

২০-২২। টিপ্পনী। পত্রিণঃ কঙ্কপত্রবিশিষ্টাঃ, তিগ্মতেজসঃ তীক্ষ্ণতেজোবিশিষ্টাঃ, কঙ্কপত্র-প্রতিচ্ছন্নাঃ কঙ্কপক্ষিণাং পত্রৈঃ সমাবৃতাঃ, সুপর্ব্বাণঃ সুগ্রন্থিসমন্বিতাঃ। কার্ত্তিকেয়বনোদ্ভুতাঃ স্কন্দোৎপত্তিভূমিকাননপ্রাদুর্ভূতকাণ্ডকাঃ, এতেন তেষাম্ অভেদ্যত্বং বোধিতম্, তদুদ্ভুতশরাণাম্ অভেদ্যত্বেন প্রসিদ্ধত্বাৎ। শিরোঃ। কার্ত্তিকেয়স্য স্কন্দস্যোৎপত্তিক্ষেত্রভূতং বনং শরবণং তত্রোৎপন্ন-কাণ্ডাঃ। তিঃ। কঙ্কপত্রপ্রতিচ্ছন্না ইতি পত্রিণ ইত্যুক্তং বিশেষ্যতে। গোঃ রাঃ।

যেহেতু তোমাকে আমি উপকারক্ষম মিত্র বলিয়া জানিয়াছি, [সেই হেতু] অদ্যই আমি তোমার ভার্য্যাপহারী বালীকে বধ করিব ॥ ২০ ॥

আমার এই শরসমূহ প্রশস্তাবয়বযুক্ত, [কঙ্ক-] পত্রবিশিষ্ট, তীক্ষ্ণতেজঃসম্পন্ন, শরবণসম্ভূত (অর্থাৎ যাহাদের কাণ্ডপ্রদেশ শরবণে সমুদ্ভুত হইয়াছে), হেমবিভূষিত, কঙ্কপক্ষীর পক্ষদ্বারা সমাচ্ছাদিত, মহেন্দ্রাশনিতুল্য, সুন্দর পর্ব্ব(গ্রন্থি)-বিশিষ্ট, সুতীক্ষ্ণাগ্র ও রোষসমন্বিত সর্পসমূহের ন্যায় [ভীষণ] ॥ ২১-২২ ॥

১। চ 'তরসাস্তথা'। ২। ঙ '-মেহপি'। ৩। ঙ 'যে'। ৪। চ 'প্রবীণা-'। ৫। ঙ '-রশ্ময়ঃ'। ৬। ঙ '-ষণাঃ'। ৭। ঘ '-পন্নি-'।

তমদ্য বালিনং পশ্য ক্রুদ্ধৈরাশীবিষোপমৈঃ[1]।
শরৈর্ব্বিনিহতং[2] ভূমৌ বিশীর্ণমিব[3] পর্ব্বতম্ ॥ ২৩ ॥
রাঘবেণৈবমুক্তস্তু সুগ্রীবো বাহিনীপতিঃ।
প্রহর্ষমতুলং লেভে প্রহৃষ্টশ্চেদমব্রবীৎ[4] ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে সুগ্রীবসমাগমে রামাবষ্টম্ভো* নাম সপ্তমঃ সর্গঃ ॥ ৭ ॥

২৩। গো-টী। ক্রুদ্ধৈরাশীবিষৈরুপমীয়ন্তে সদৃশীক্রিয়ন্তে উপমাঃ তৈঃ, বিভক্ত্যলোপ আর্ষঃ। ক্রুদ্ধৈঃ ক্রুদ্ধৈরিব বা। বিকীর্ণং পতিতম্।

গো-টী। স সবানরো বানরসহিতঃ [৪র্থ-পাঠান্তরং দ্রষ্টব্যম্]।

*। গো টী। অবষ্টম্ভ আশ্রয়ঃ শৌটীর্য্যং বা।

২৩। টিপ্পনী। শরৈর্বিনিহতং বালিনং ভূমৌ পশ্য, পতিতমিতি শেষঃ

[আমার] ক্রুদ্ধ (অর্থাৎ ক্রুদ্ধবৎ প্রতীয়মান) সর্পসদৃশ বাণসমূহের দ্বারা বিনিহত সেই বালীকে বিশীর্ণাঙ্গ পর্ব্বতের ন্যায় অদ্য তুমি ভূমিতলে [পতিত] দর্শন কর ॥ ২৩ ॥

সৈন্যাধিপতি সুগ্রীব রামচন্দ্রকর্ত্তৃক এইরূপ উক্ত হইয়া অতুল আনন্দ লাভ করিলেন এবং আনন্দিত হইয়া ইহা বলিলেন— ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে সুগ্রীবসমাগমে রামাবষ্টম্ভনামক সপ্তম সর্গ সমাপ্ত ॥ ৭ ॥

১। ঙ 'ক্রুদ্ধাশীবিষসন্নিভৈঃ'। ২। ঙ 'হতো'। ৩। ঙ-ঝ-ট 'বিকীর্ণ-'। ৪। অতঃ পরং ঘ-ঙ-ঝ-ট পুস্তকেষু "ততস্তু ('স তস্য' ঘ ঙ ণ, 'হতোঽস্য' ট) রামস্য নিশম্য ভারতীং ('ভারতীঃ' ট) স বানরো বালদিবাকরপ্রভঃ। বভূব সংহৃষ্টবিশাললোচনো জগাদ চেদং রঘুবংশবর্দ্ধনম্ ॥" ইত্যধিকম্

অষ্টমঃ সর্গঃ

তদ্ বয়স্যবচঃ শ্রুত্বা হর্ষপৌরুষবর্দ্ধনম্ ।
সুগ্রীবঃ পূজয়াঞ্চক্রে রাঘবং প্রশশংস চ ॥ ১ ॥
অসংশয়ং প্রজ্বলিতৈ[১]স্তীক্ষ্ণৈর্মর্ম্মাতিগৈঃ শরৈঃ ।
[২]দহেস্ত্বং কুপিতো লোকান্ যুগান্তে রশ্মিমানিব ॥ ২ ॥
বালিনঃ পৌরুষং যচ্চ [৩]বীর্য্যং তেজো ধৃতিশ্চ যা ।
তন্মৈকমনাঃ শ্রুত্বা বিধৎস্ব [৪]যদনন্তরম্ ॥ ৩ ॥

১। লো-টী। হর্ষপৌরুষবর্দ্ধনম্—সুগ্রীবস্য হর্ষবর্দ্ধনং রামস্য পৌরুষবর্দ্ধনঞ্চ ।

২। লো-টী। মর্ম্মাণি অতিক্রম্য গচ্ছন্তীতি তৈঃ। রশ্মিমান্ সূর্য্যঃ। 'সারোহে চ বটে সার্থে তথা ভানৌ চ রশ্মিমান্' ইতি নিঘণ্টুঃ।

৩। লো টী। পৌরুষং পুরুষকারঃ, বীর্য্যং সামর্থ্যম্, তেজঃ প্রতাপঃ।

১। টিপ্পনী। হর্ষপৌরুষবর্দ্ধনং হর্ষশ্চ পৌরুষং সামর্থ্যঞ্চ তদ্বর্দ্ধকম্। পূজয়াঞ্চক্রে অঞ্জলিবন্ধাদিনা। গোঃ রাঃ।

২-৩। টিপ্পনী। যদ্যপি কুপিতস্ত্বং শরৈঃ যুগান্তে রশ্মিমান্ ভাস্কর ইব লোকান্ দহেঃ, তথাপি বালিনঃ পৌরুষাদিকম্ একমনা একাগ্রচিত্তঃ সন্ শ্রুত্বা যদ অনন্তরং কর্ত্তব্যং তদ্ বিধৎস্ব কুরু। মর্ম্মাতিগৈর্মর্ম্মপ্রবেশিভিঃ। শিবোঃ। পৌরুষং বলবৈভবম্, বীর্য্যং পরসংহারশক্তিঃ, ধৃতিঃ রণে ধৈর্য্যম্। তিঃ। তেজঃ পরাক্রমঃ।

হর্ষ ও সামর্থ্যবর্দ্ধক সেই বন্ধুবাক্য শ্রবণ করিয়া সুগ্রীব [অঞ্জলিবন্ধনাদি-দ্বারা] রামচন্দ্রের পূজা করিলেন ও [এইরূপে] প্রশংসা করিতে লাগিলেন—॥ ১ ॥

[হে রাম,] প্রলয়কালীন সূর্য্য যেমন লোকসমূহ দগ্ধ করে, কুপিত আপনি সেইরূপ প্রজ্বলিত তীক্ষ্ণ মর্ম্মভেদী শরনিকরদ্বারা লোকসমূহ নিঃসংশয়ে দগ্ধ করিতে সমর্থ ॥ ২ ॥

[তথাপি] বালীর যাদৃশ পৌরুষ (বলবৈভব) বীর্য্য (পরসংহারশক্তি) পরাক্রম ও যাদৃশ ধৈর্য্যবত্তা, তাহা আমার নিকট একাগ্রমনে শ্রবণ করিয়া অতঃপর যাহা কর্ত্তব্য তাহা করুন ॥ ৩ ॥

১। ছ 'শিতৈস্তৈক্ষ্ণৈ-'। ২। ঘ 'ত্বং দহেঃ'। ৩। ঙ 'তেজো বলঞ্চৈব ধৃ-'। ৪। ঙ 'তদন-'।

সমুদ্রাৎ পশ্চিমাৎ পূর্ব্বং দক্ষিণাদপি চোত্তরম্।
ক্রামত্যনুদিতে[1] সূর্য্যে বালী ব্যপগতক্লমঃ[2] ॥ ৪ ॥
অগ্রাণ্যালম্ব্য শৈলানাং শিখরাণি মহান্ত্যপি।
ঊর্দ্ধমুৎক্ষিপ্য তরসা[3] প্রতিগৃহ্লাতি বীর্য্যবান্ ॥ ৫ ॥
বহবঃ সারবন্তশ্চ বনেষু বিবিধা দ্রুমাঃ।
বালিনা তরসা[4] ভগ্না বলজিজ্ঞাসয়াত্মনঃ[5] ॥ ॥ ৬ ॥
মহিষো[6] দুন্দুভির্নাম বীর্য্যবান্ সুমহাবলঃ[7]।
হিমবন্তং দুরাধর্ষং যুদ্ধায়াভিজগাম সঃ ॥ ৭ ॥

৪। লো-টী। অনুদিতে ঈষদুদিতে। ক্লমঃ শ্রমঃ।
৫। লো টী। অগ্রাণি শ্রেষ্ঠানি আলম্ব্য উৎপাট্য।
৭। লো-টী। মহিষো মহিষাকারঃ।

৪। টিপ্পনী। ব্যপগতক্লমো বিগতপরিশ্রমঃ সন্ শ্রমমননুভূয়েত্যর্থঃ, পশ্চিমাৎ সমুদ্রাৎ পূর্ব্বং সমুদ্রং দক্ষিণাৎ সমুদ্রাচ্চোত্তরং সমুদ্রং ক্রামতি। অনুদিতে সূর্য্যে ক্রামতি ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায়েতি শেষঃ। তিঃ। ব্যপগতক্লমো বালী ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায়েতি শেষঃ, সূর্য্যে অনুদিতে উদয়মপ্রাপ্নুবতি সতি পশ্চিমাৎ সমুদ্রাৎ পূর্ব্বং সমুদ্রং ক্রামতি গচ্ছতি, ততো দক্ষিণং প্রাপ্যেতি শেষঃ, দক্ষিণাৎ সমুদ্রাদ্ উত্তরমপি ক্রামতি। শিরোঃ।
৫। টিপ্পনী। শৈলানাম্ অগ্রাণি মুখ্যানি শিখরাণি আলম্ব্য গৃহীত্বা। তরসা বলেন উৎক্ষিপ্য ঊর্ধ্বং ক্ষিপ্ত্বা।
৬। টিপ্পনী। সারবন্তঃ স্থিরাংশবিশিষ্টাঃ। শিরোঃ। তরসা বলেন।

বালী [ব্রাহ্ম মুহূর্ত্তে গাত্রোত্থানপূর্ব্বক] সূর্য্য উদিত না হইতেই শ্রম অনুভব না করিয়া পশ্চিম সমুদ্র হইতে পূর্ব্ব সমুদ্রে [গমন করে] এবং [তথা হইতে দক্ষিণ সমুদ্রে গমন করত] দক্ষিণ সমুদ্র হইতে উত্তর সমুদ্রে গমন করিয়া থাকে ॥৪॥

বীর্য্যবান্ বালী, পর্ব্বতের প্রধান [প্রধান] শৃঙ্গসমূহ বিশাল হইলেও [তাহা] গ্রহণ করত সবলে ঊর্দ্ধে নিক্ষেপ করিয়া পুনর্ব্বার গ্রহণ করিয়া থাকে ॥ ৫ ॥

আর, বালী নিজ বলপরীক্ষার্থ [নিজ] বলে বনে নানাপ্রকারের বহু সারবান্ বৃক্ষ ভগ্ন করিয়াছে ॥ ৬ ॥

১। ণ 'ক্রম-'। ২। ট 'হ্লা-'। ৩। ণ 'মহসা'। ৪। ণ 'রভসা'। ৫। ঘ-ঙ-ণ 'বলং জিজ্ঞাসতা-', ছ-ট 'বলং জিজ্ঞাসুনাত্মনঃ'। ৬। ক-পুস্তকে অত আরভ্য পঞ্চদশশ্লোকান্তোহংশো নাস্তি। ৭। ট 'সুমহদ্বলঃ', ণ 'সুমহদ্বলম্'।

ততো গিরিবরো দধ্যৌ কেনোপায়েন দুন্দুভিম্।
নাহং হন্ত্যাং[1] দুরাধর্ষং হন্যেতাসংশয়ঞ্চ[2] কৈঃ ॥ ৮ ॥

স মুহূর্ত্তমিব[3] ধ্যাত্বা হিমবানথ বালিনম্।
জগাম মনসা শৈলো[4] দুন্দুভিঞ্চেদমব্রবীৎ ॥ ৯ ॥

দুন্দুভে যুদ্ধদানায় নাহং প্রতিবলস্তব।
দত্তুং[5] যুদ্ধং তদপ্যাহুর্যৎ[6] সম্যগুপদিশ্যতে ॥ ১০ ॥

৮-৯। লো-টী। কেনোপায়েন কেনাপ্যুপায়েন স্বনিষ্ঠেন। নাহং হন্ত্যাং হন্তুং নাহং শক্লোমি। কৈঃ কৈশ্চ পুরুষৈর্হন্যতাম্ ইতি মুহূর্ত্তম্।

১০। লো-টী। 'দাতুং যুদ্ধং তদপ্যাশু যৎ সম্যগুপদিশ্যতে' ইতি। নাহং প্রতিবলঃ কিন্তু

৭। টিপ্পনী। দুন্দুভির্নাম মহিষ আসীৎ, সঃ অভিজগামেত্যন্বয়ঃ। দুরাধর্ষং দুর্জ্জয়ম্। বৃত্তমিদমুত্তরসর্গে মহত্তরতয়া বর্ত্ততে। অস্য দ্বিরুল্লেখে তাৎপর্য্যমিদমবধার্য্যতে—উত্তরসর্গে 'রামো বালিনঃ প্রতিবলো ন বে'তি বিজ্ঞাতুং বালিকৃতদুন্দুভিপঞ্জরাপসরণপ্রস্তাবার্থমিদমুপন্যস্তম্, ইহ তু বালিনো বলবত্ত্বখ্যাপনার্থমিতি।

৮। টিপ্পনী। দধ্যৌ চিন্তয়ামাস।

৯। টিপ্পনী। মনসা বালিনং জগাম বালিনং সস্মারেত্যর্থঃ।

১০। টিপ্পনী। অহং যুদ্ধদানায় যুদ্ধং দাতুং তব প্রতিবলঃ প্রতিযোদ্ধা নাস্মি হীনবলত্বাৎ, অতো ন যোৎস্যে ইত্যাশয়ঃ। ন'ন্যাহ্বতো ন নিবর্ত্তেত দ্যূতাদপি রণাদপী'তি শাস্ত্রাদতুল্যবলস্যাপি

দুন্দুভিনামক মহিষাকৃতি বীর্য্যবান্ সুমহাবল এক অসুর ছিল। সে [একদা] যুদ্ধার্থ দুর্জ্জয় হিমালয় পর্ব্বতের নিকট উপস্থিত হইয়াছিল ॥ ৭ ॥

অতঃপর, গিরিবর চিন্তা করিলেন—কোনও উপায়ে আমি দুর্জ্জয় দুন্দুভিকে বধ করিতে সমর্থ নহি; কাহাদের দ্বারা [-ই বা] দুন্দুভি নিঃসংশয়ে হত হইতে পারে? ॥ ৮ ॥

অতঃপর, গিরি[-বর] হিমালয় মুহূর্ত্তমাত্র চিন্তা করিয়া মনে মনে বালীকে স্মরণ করিলেন এবং দুন্দুভিকে ইহা বলিলেন—॥ ৯ ॥

১। গ 'হন্যেতায়ঞ্চ কেন বৈ'। ২। অতঃ পরং চ-পুস্তকে 'ন বাহং সময়ে শক্তো বধ্যো ন চ মমাঽসুরঃ' ইত্যর্দ্ধমধিকম্। ৩। ঙ 'মুহূর্ত্তমিব স'। ৪। ছ-ট-গ 'শৈলং'। ৫। ঘ-ঙ-ট 'দাতুং'। ৬। ঘ-ঙ '-প্যাহুর্যঃ', চ '-প্যাহ যৎ'।

[১]কিষ্কিন্ধ্যায়াং মহাদৃপ্তো বালী নাম কপীশ্বরঃ।
[২]তং তূর্ণমভিগচ্ছ ত্বং যদি মৃত্যুত্বরা তব।
স হি দুর্দ্ধর্ষণো বালী নিত্যং সমরকর্ম্মসু ॥ ১১ ॥
কিষ্কিন্ধ্যাং [৩]সমুপাগম্য [৪]হেমমালিগুহাং শুভাম্।
চরন্ মধুবনে তস্য মধু নিত্যং বিনাশয় ॥ ১২ ॥

বদ্ যঃ যুদ্ধং দাতুং প্রতিবলঃ তৎ স ত্বামুপদিশ্যতে উচ্যতে। 'দ্বন্দ্বযুদ্ধম্' ইতি পাঠে দ্বন্দ্বযুদ্ধং দাতুমিতি শেষঃ। অন্যৎ সমানম্।

১১। লো-টী। দুর্দ্ধর্ষণোঽক্ষোভ্যঃ।

১২। লো-টী। হেমমালিনীনাম্নীং কিষ্কিন্ধ্যাম্।

তব যুদ্ধার্থমাহূতস্য ততঃ পরাঙ্মুখীভবনমনুচিতমিত্যাশয়বানাহ—দত্তমিতি। যৎ যুদ্ধং সম্যক্ প্রতিপক্ষাদিনির্দ্দেশপুরঃসরমিত্যর্থঃ, উপদিশ্যতে তদপি দত্তং যুদ্ধং যুদ্ধদানমিত্যর্থঃ, আহুঃ কথয়ন্তি শাস্ত্রজ্ঞা ইতি শেষঃ। অতঃ সাক্ষাদ্ যুদ্ধমকুর্ব্বতোঽপি মম যুদ্ধার্থমুচিতমন্ত্রণাদিদানদ্বারেণ যুদ্ধকর্তৃত্বমেবেতি ন যথোক্তশাস্ত্রানমুষ্ঠানলাঘবমিতি ভাবঃ।

১১। টিপ্পনী। মৃত্যোঃ মরণপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ, ত্বরা ব্যগ্রভাবঃ।

১২। টিপ্পনী। হেমমালিগুহাং কিষ্কিন্ধ্যাং সমুপাগম্য।

হে দুন্দুভে, যুদ্ধদানে আমি তোমার প্রতিপক্ষ নহি। [তবে] যুদ্ধসম্বন্ধে যে যথাযথ উপদেশ দান করা হয়, তাহাকেও যুদ্ধদানই বলা হয় ॥ ১০ ॥

কিষ্কিন্ধ্যায় বালী নামে [এক] অতিগর্ব্বিত বানরাধিপতি আছেন; যদি মৃত্যুর জন্য তোমার ব্যগ্রতা উপস্থিত হইয়া থাকে, তবে শীঘ্র তুমি তাহার নিকট গমন কর; সেই বালী সমরকার্য্যে সর্ব্বদাই দুর্দ্ধর্ষ ॥ ১১ ॥

তুমি হেমমালী পর্ব্বতের সুন্দর গুহা কিষ্কিন্ধ্যায় উপস্থিত হইয়া তাহার মধুবনে বিচরণ করিতে করিতে নিত্য মধু নষ্ট করিতে থাক ॥ ১২ ॥

১। ঙ '-বাহুবালির্নাম মহাকপিঃ'। ২। ণ-পুস্তকে অত আরভ্য দ্বাদশশ্লোকান্তোঽংশো নাস্তি। ৩। চ 'স্বমু-'। ৪। চ '-মালী গু-'।

স যুদ্ধতৃষ্ণাং কুপিতস্তবৈনামপনেষ্যতি।[1]
ন হি জাতু তমাসাদ্য জীবন্ প্রতিগমিষ্যসি ॥ ১৩ ॥
বিনদ্য সুমহানাদং দুন্দুভির্ব্বিজিগীষয়া।
যথোদ্দিষ্টং[2] হিমবতা জগাম[3] চ চচার[4] চ।
তং জঘানোরসা[5] বালী পৃথিব্যাং বিচকর্ষ চ ॥ ১৪ ॥
তস্য কৈলাসসঙ্কাশমেতদস্থি[6] প্রকাশতে।
উদ্ধর্ত্তু[7]মেতদ্ বালী চ শক্তোঽহং বানরোত্তমঃ[8] ॥ ১৫ ॥

১৫। লো-টী। এতদস্থি উদ্যন্তুম্ অন্যত্র নেতুং সর্ব্বপ্রাণভৃতাং মধ্যে বালী অহং বা শক্তঃ। 'তদ্ যন্তুম্' ইতি পাঠঃ।

১৩। টিপ্পনী। তং বালিনম্ আসাদ্য যুদ্ধার্থং প্রাপ্য।

১৪। টিপ্পনী। হিমবতা যথা উদ্দিষ্টং তথা জগাম মধুবনে চ চচার বিচরণমকরোৎ। উরসা বক্ষঃস্থলেন তং জঘান আহতমকরোৎ। পৃথিব্যাং বিচকর্ষ ভূমৌ পাতয়িত্বা সমাকর্ষৎ।

সে কুপিত হইয়া তোমার এই যুদ্ধতৃষ্ণা অপনীত করিবে। তাহার নিকট [যুদ্ধার্থ] উপস্থিত হইয়া তুমি জীবিত অবস্থায় ফিরিয়া আসিতে পারিবে না ॥ ১৩ ॥

দুন্দুভি বিজয়েচ্ছায় অতি উচ্চৈঃস্বরে চীৎকার করিয়া হিমালয়ের নির্দ্দেশানুসারে [কিষ্কিন্ধ্যায়] গমন করিল ও [মধুবনে] বিচরণ করিতে লাগিল। বালী তাহাকে বক্ষঃস্থলের দ্বারা আঘাত করিল ও পৃথিবীতে [পাতিত করিয়া] আকর্ষণ করিল ॥ ১৪ ॥

কৈলাসপর্ব্বতসদৃশ এই তাহার অস্থি প্রকাশ পাইতেছে। ইহা উত্তোলন করিতে বানরশ্রেষ্ঠ বালী ও আমি[-ই] সমর্থ ॥ ১৫ ॥

১। ঙ-ছ-ট ণ '-স্তবেনাম-'। ২। ঙ '-দিষ্টো'। ৩। ঙ 'জগত্যাঙ্ক'। ৪। ট 'চকার চ'। ৫। ঘ-ণ '-নৌজসা'। ৬। ট-ণ '-দৃশ-'। ৭। ঙ 'উৎক্ষেপ্তু-'। ৮। ঘ 'বানরেশ্বরঃ', ট 'চৈব রাবণঃ', ণ 'বানরেষিহ'।

সর্ব্বপ্রাণভৃতাং লোকে দ্বিতীয়ং[1] নোপলক্ষয়ে।
ঈদৃশো বিক্রমো যস্য জয়ে[2] চানুত্তমা[3] ধৃতিঃ[4] ॥ ১৬ ॥
তৎ[5] প্রচিন্তয় কাকুৎস্থ হন্যেতৈকেষুণা[6] যথা।
অথবা কোপনো[7] বালী কালমস্য[8] ক্ষমামহে ॥ ১৭ ॥
হিংস্যাদপি হি নঃ সর্ব্বান্ বালী শরনিরাকৃতঃ[9]।
তথা[10] ব্রুবন্তং[11] সুগ্রীবং প্রহসল্লঁক্ষ্মণোঽব্রবীৎ ॥ ১৮ ॥

১৭। লো-টী। একেন ইষুণা বাণেন যথা যেন প্রকারেণ হন্যেত হন্যতে। 'যেন কর্ম্মণা' ইতি ক্বচিৎ পাঠঃ। অথবা অন্যথা। 'অয়মেব'(?) বা পাঠঃ। বালী কামং যথেষ্টম্ অতীব কুপিতঃ ক্রুদ্ধঃ। অতোঽস্য বালিনঃ ক্ষমামহে ক্ষমাং কুর্ম্মঃ। 'কালমস্যে'তি পাঠে কালং ক্ষমামহে প্রতীক্ষামহে।

১৮। লো-টী। শরবিরাগিতঃ শরেণ বিশিষ্টোঽতীব রাগঃ ক্লেশো মাৎসর্য্যং বা সঞ্জাতোঽস্যেতি সঃ, অতিসঞ্জাতক্লেশঃ সঞ্জাতমাৎসর্য্যো বা। 'রাগোঽনুরাগে ক্লেশাদৌ মাৎসর্য্যে লোহিতাদিষ্বি'তি ভূরিঃ। 'শরনিরাকৃত' ইতি পাঠে নিরাকৃতশরঃ, বঞ্চিতশর ইত্যর্থঃ।

১৬। টিপ্পনী। সর্ব্বপ্রাণভৃতাং সর্ব্বেষাং প্রাণিনাং মধ্যে ন উপলক্ষয়ে ন পশ্যামি। জয়ে জয়বিষয়ে যস্য অনুত্তমা অত্যুৎকৃষ্টা ধৃতির্ধৈর্য্যমস্তি।

১৭। টিপ্পনী। তৎ তস্মাৎ একেনৈব ইষুণা বাণেন যথা হন্যেত তথা প্রচিন্তয়। অথবেতি পক্ষান্তরে, যদ্যেকেন বাণেন বালী ন হন্যেত তদেত্যাশয়ঃ; বালী কোপনঃ নিতরাং ক্রোধসম্পন্নঃ। অতঃ বয়মস্য সম্বন্ধে ইতি শেষঃ, কালং ক্ষমামহে প্রতীক্ষামহে, যাবন্ন বয়ং তস্য প্রতিবলা ভবেম ইতি ভাবঃ।

১৮। টিপ্পনী। যদি একেন বাণেন ন নিহন্যেত তদা কিং ভবেদিত্যাহ হিংস্যাদপি। শরনিরাকৃতঃ শরৈস্তাড়িতঃ ন তু হতঃ স বালী সর্ব্বানেব অস্মান্ হিংস্যাৎ হন্যাৎ।

জগতে সমস্ত প্রাণীর মধ্যে দ্বিতীয় [কাহাকেও] দেখি না, যাহার এবংবিধ বিক্রম ও জয়বিষয়ে অত্যুত্তম ধৈর্য্য আছে ॥ ১৬ ॥

অতএব হে কাকুৎস্থ [রাম], যাহাতে বালী এক বাণে[-ই] নিহত হইতে পারে [তাহার] চিন্তা কর। অথবা (অর্থাৎ যদি এক বাণে বালী নিহত না হয় তবে) বালী কোপনস্বভাব, ইহার সম্বন্ধে আমরা কালের প্রতীক্ষা

১। ঙ-ণ 'তৃতীয়ং'। ২। ঢ 'যুদ্ধে'। ৩। ঢ 'চানুপমা'। ৪। ণ 'মতিঃ'। ৫। ছ 'ততশ্চি-', ণ 'তদ্বিচি-'। ৬। ঢ '-স্যাদেকেষুণা'। ৭। ক-ঘ 'কোপিতো'। ৮। ছ 'কামমস্য'। ৯। ঢ '-বিরাগতঃ', ণ 'বিরাগিতঃ'। ১০। ঢ 'অথ'। ১১ ণ 'বদন্তং'।

সদেবনরনাগেষু[1] দৈত্যযক্ষপতত্রিষু।
সমস্তৈর্ন হি শক্যো[2] বৈ যোদ্ধুং[3] রামো ধনুর্দ্ধরঃ।
কস্মিংস্তু[4] কর্ম্মণি কৃতে শ্রদ্দধ্যা[5] বালিনো বধম্ ॥ ১৯ ॥
তমথোবাচ[6] সুগ্রীবঃ সপ্ত শালা[7]নিমান্ পুরা[8]।
অবিধ্যদেকশো[9] বালী ত্রীনেষাং স[10] মহাবলঃ ॥ ২০ ॥
কাকুৎস্থঃ[11] পাটয়েদেতান্[12] সর্ব্বানেকৈকশো[13] যদি।
রামস্য বিক্রমং দৃষ্ট্বা মন্যেঽহং বালিনং হতম্[14] ॥ ২১ ॥

১৯। লো-টী। সদেবাসুরনাগেষু মধ্যে যে সমস্তা জনাস্তৈর্যোদ্ধুং পরাভবিতুম্। যদ্বা, সদেবাদিপাদদ্বয়ে তৃতীয়ার্থে সপ্তমী, 'সুপাং সুবি'তি ন্যায়াৎ, সদেবাসুরনাগৈঃ। এবমগ্রত্র।

২০। লো-টী। সপ্ত তালান্ ইমান্ যান্ পশ্যামীতি শেষঃ। একশঃ একশরেণেত্যর্থঃ।

১৯। টিপ্পনী। রামেণ কস্মিন্ কর্ম্মণি কৃতে নিষ্পাদিতে সতি বালিনো বধং শ্রদ্দধ্যা-স্তদ্বধবিশ্বাসং কুর্য্যাঃ।

২০। টিপ্পনী। একশঃ একমেকং কৃত্বা ত্রীন্ অবিধ্যদ্ বিদ্ধান্ চকার, একেন বাণেনেতি শেষঃ।

২১। টিপ্পনী। সর্ব্বান্ এতান্ একৈকশো যদি একেন বাণেন পাটয়েদ্ বিদারয়েৎ।

করি, [অন্যথা] শরদ্বারা নিরাকৃত (তাড়িত) বালী নিশ্চয় আমাদের সকলকে হিংসা করিবে। সুগ্রীব এইরূপ বলিলে লক্ষ্মণ হাসিতে হাসিতে [তাঁহাকে] বলিলেন—॥১৭-১৮॥

দেব নর ও সর্পসমূহের সহিত দৈত্য যক্ষ ও পক্ষিসমূহ মিলিত হইয়া[-ও] ধনুর্দ্ধর রামের সহিত যুদ্ধ করিতে সমর্থ নহে। কিন্তু কি কার্য্য করিলে [রাম] বালিবধ [করিতে সমর্থ ইহা] আপনি বিশ্বাস করিতে পারেন ? ॥ ১৯ ॥

অতঃপর, সুগ্রীব তাঁহাকে বলিলেন—[এই যে] সাতটি শালবৃক্ষ [দেখিতেছ] মহাবল সেই বালী পূর্ব্বে এক একটি করিয়া ইহার তিনটিকে [এক বাণে] বিদ্ধ

১। ণ '-নগ-'। ২। ঙ ছ '-ক্যো হি', ণ '-ক্যোঽসৌ'। ৩। ণ 'যোদ্ধুকামো'। ৪। ঢ 'কস্মিংশ্চ', ণ 'কস্মিন্ কর্ম্মণি সংসিদ্ধে সঙ্কুর্য্যাদ্'। ৫। ঙ '-ধ্যাং', ঢ 'ধ্যাদ্'। ৬। ছ 'অথোবাচ স সুগ্রীবঃ'। ৭। ক-ঘ-ঢ-ণ 'তালা-'। ৮। ঢ 'পুরঃ'। ৯। ঙ 'আবি-'। ১০। ছ 'তু', ঙ ণ 'সুমহা-'। ১১। ণ '-স্থঃ স্খালয়ে-'(?)। ১২। ঢ '-য়েদ্ধীমান্'। ১৩। ক '-নেকেষুণা'। ১৪। অতঃ পরং ণ-পুস্তকে 'তথা বদন্তং সুগ্রীবং প্রহসন্ লক্ষ্মণোঽব্রবীৎ।

এবমুক্ত্বা[১] তু সুগ্রীবো[২] লক্ষ্মণং কপিপুঙ্গবঃ[৩]।
উবাচ[৪] বচনং[৫] ভুয়ো রাঘবং[৬] করুণং[৭] ততঃ ॥ ২২ ॥
রাম শোকাভিভূতানাং ভয়ার্ত্তানাং ভবান্[৮] গতিঃ।
বয়স্য ইতি বিজ্ঞায় যেনৈবং[৯] পর্য্যদেবয়ম্ ॥ ২৩ ॥

২৩। লো-টী। পর্য্যদেবয়ং স্তবেদয়ম্।

'রামো নির্দারয়েদেষাং বাণেনৈকেন চ ক্রমম্। বালিনং নিহতং মন্যে দৃষ্ট্বা রামস্য বিক্রমম্॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১১।৭১)।

২৩। টিপ্পনী। বয়স্য ইতি বিজ্ঞায় স্থিত ইতি শেষঃ। যেন এবং পূর্ব্বোক্তপ্রকারেণ পর্য্যদেবয়ং পর্যাদেবয়ে মদ্বৃত্তং সকরুণং স্তবেদয়মিত্যর্থঃ।

করিয়াছিল কাকুৎস্থ [রাম] যদি এক একটি করিয়া সকল কয়টি [একবাণে] বিদারিত করিতে পারেন [তবে], রামের [এবংবিধ] পরাক্রম দেখিয়া আমি বালীকে হত মনে করিব ॥ ২০-২১ ॥

অতঃপর, বানরশ্রেষ্ঠ সুগ্রীব লক্ষ্মণকে এইরূপ বলিয়া পুনর্ব্বার রামচন্দ্রকে করুণভাবে [এই] বাক্য বলিলেন—॥ ২২ ॥

রাম, শোকাভিভূত ভয়ার্ত্ত ব্যক্তিগণের তুমি আশ্রয় [এবং আমার] বয়স্য ইহা [আমি] জানি, যন্নিবন্ধন এইরূপে আমি [তোমার নিকট আমার কাহিনী] করুণভাবে নিবেদন করিয়াছি ॥ ২৩ ॥

সর্বং প্রস্তুতং বাক্যং রামসংস্তবমাশ্রিতম্ ॥ দেবদানবগন্ধর্ব্বা নাসুরা ন চ রাক্ষসাঃ। পন্নগা বা পিশাচা বা রামতুল্যাঃ প্লবঙ্গমাঃ। বিশ্বেদেবা জগচ্চৈব দেবানাং পিতরোঽপি বা। চরাচরে চ ত্রৈলোক্যে সদৃশো ন চ বিদ্যতে ॥ রামে হি সত্যং ধর্ম্মশ্চ নিত্যমেব প্রতিষ্ঠিতৌ। সমাশ্বসিহি ভদ্রন্তে প্রিয়কর্ত্তা হি রাঘবঃ ॥ অদৃষ্টগুণবীর্য্যস্ত্বং রামস্য বিদিতাত্মনঃ। বেদাহমস্য কর্ম্মাণি দুষ্করাণি সুরৈরপি ॥ সমাবর্ত্তাশ্চ (?) সকলা ঋষিসঙ্ঘাশ্চ দেবতাঃ। ন তদ্বক্তুমায়েণ প্রাজ্ঞস্যাপি গুণৈঃ প্রভো ॥ দেবতানাং পিতৃণাঞ্চ বহূনাঞ্চৈব রাঘবঃ। বানরেন্দ্র সদা মাঞ্চঃ শত্রূণাঞ্চ রণাজিরে ॥ করিষ্যত্যেব তে কার্য্যং রামঃ পরপুরঞ্জয়ঃ। প্রিয়ং কর্ত্তা হি লোকস্য মুনীনামাত্মনস্তথা ॥ সেয়মস্য মতা বুদ্ধির্ধর্ম্মার্থ-পরিবর্ত্তনে। অপ্রদৃষ্যো হ্যকম্পাশ্চ যোনিধর্ম্মস্য রাঘবঃ ॥ সমাশ্বসিহি ভদ্রন্তে মা চ শোকে মনঃ কৃথাঃ। পরাক্রমং দর্শয়িতা রাঘবো নচিরাত্তব ॥ এষ বৈ কপিশ্রেষ্ঠ রামো জগন্ত্যাদশেষতঃ। কিং পুনর্ব্বালিনং সঙ্খ্যে তব ভার্য্যাপহারিণম্ ॥' ইত্যধিকপাঠানন্তরং কাচিৎ সর্গসমাপ্তিঃ।

১। গ '-ক্তস্তু'। ২। গ '-ণেন মহাত্মনা'। ৩। ঘ '-কুঞ্জরঃ'। ৪। ক 'করুণং'। ৫। ক 'বচনং'। ৬। গ 'কৃপণং'। ৭। ঙ-পুস্তকে অতঃ পরং কাচিৎ সর্গসমাপ্তিঃ। ৮। ছ-পুস্তকে অতঃ পরং কাচিৎ সর্গসমাপ্তিঃ। ৯। ক 'যেনেদং', গ 'যদেবং'।

ত্বং হি পাণিপ্রদানেন বয়স্যো[১] মেঽগ্নিসাক্ষিকঃ।
কৃতঃ[২] প্রাণৈঃ প্রিয়তরঃ[৩] সখে সত্যেন তে শপে ॥ ২৪ ॥

বয়স্য ইতি কৃত্বা চ[৪] বিশ্রব্ধং প্রবদাম্যহম্।
দুঃখমন্তর্গতং যন্মে মনো দহতি সর্ব্বদা ॥ ২৫ ॥

এতাবদুক্ত্বা[৫] বচনং বাষ্পদূষিত[৬]লোচনঃ।
বাষ্পোপহতয়া বাচা নাশক্নোদ্[৭] বক্তুমুত্তরম্ ॥ ২৬ ॥

বাষ্পবেগন্তু সহসা নদীবেগমিবাগতম্[৮]।
ধারয়ামাস[৯] ধৈর্য্যেণ সুগ্রীবো রামসন্নিধৌ ॥ ২৭ ॥

২৪। লো-টী। তে তব স্থানে শপে।
২৫। লো-টী। বিশ্রব্ধং বিশ্বস্তং যথা ভবতি।

২৪। টিপ্পনী। পাণিপ্রদানেন বয়স্যঃ কৃতঃ। ত্বং মম প্রাণৈঃ প্রিয়তরঃ প্রাণেভ্যোঽপি প্রিয়তর ইত্যর্থঃ।
২৬। টিপ্পনী। উত্তরং বক্তুং নাশক্নোৎ অতঃ পরং কিমপি বক্তব্যং প্রকটয়িতুং ন শশাকেত্যর্থঃ।
২৭। টিপ্পনী। ধারয়ামাস রুরোধ।

আমি [তোমার হস্তে] হস্ত প্রদান করিয়া তোমাকে অগ্নিসাক্ষিক বয়স্য করিয়াছি ; হে সখে, তোমার নিকট সত্যদ্বারা শপথ করিতেছি—তুমি আমার প্রাণ অপেক্ষা[-ও] প্রিয় ॥ ২৪ ॥

যে অন্তর্গত দুঃখ আমার মন সর্ব্বদা দগ্ধ করিতেছে, [তুমি আমার] বয়স্য এই জন্য বিশ্বস্তভাবে [তাহা] আমি বলিতেছি ॥ ২৫ ॥

এই মাত্র বাক্য বলিয়া বাষ্পদূষিতনেত্র সুগ্রীব বাক্য বাষ্পদূষিত হওয়ায় উত্তর (অর্থাৎ পরে যাহা বক্তব্য ছিল তাহা) [আর] বলিতে পারিলেন না ॥ ২৬ ॥

সহসা সমাগত নদীবেগের ন্যায় [উদ্গত] বাষ্পবেগ সুগ্রীব ধৈর্য্যবশতঃ রামসমীপে নিরুদ্ধ করিলেন ॥ ২৭ ॥

১। ঙ '-স্ত্বাগ্নিসনাক্ষিকঃ' (?)। ২। ঢ 'ত্বতঃ'। ৩। ণ '-তমঃ'। ৪। ছ-ঢ 'তু'। ৫। ক-ঙ 'এবমুক্ত্বা চ'। ৬। ক '-পূরিত-', ঢ '-ভূষিত-'। ৭। ণ 'নাশকদ্'। ৮। ছ '-বোথিতম্'। ৯। ক-ঘ-ণ 'বারি-'।

নিগৃহ্য[1] বাষ্পবেগন্তু[2] বিমৃজ্য নয়নে শুভে।
সুগ্রীবঃ সান্ত্বিতঃ[3] স্নেহাদিদং বচনমব্রবীৎ ॥ ২৮ ॥

পুরাহং বালিনা রাম রাজ্যাৎ স্বাদবরোপিতঃ।
পরুষাণি চ সংশ্রাব্য[4] নির্ধূতোঽস্মি[5] বলীয়সা ॥ ২৯ ॥

হৃতা ভার্য্যা চ মে তেন প্রাণেভ্যোঽপি গরীয়সী।
সুহৃদশ্চ মদীয়া যে তে সংযম্য[6] বিমানিতাঃ ॥ ৩০ ॥

অদ্যাপি স হি[7] দুষ্টাত্মা মদ্বিনাশায় রাঘব।
বহুশস্তৎপ্রযুক্তাশ্চ নিহতা বানরা[8] ময়া ॥ ৩১ ॥

২৯। লো-টী। অবরোপিতো বহিষ্কৃতঃ। নির্ধূতোঽস্মি সন্তপ্তোঽস্মি।

৩০। লো-টী। সংযম্য বদ্ধা।

৩১। লো-টী। মদ্বিনাশায় মদ্বিনাশার্থং বর্ত্তত ইতি শেষঃ।

২৯। টিপ্পনী। অবরোপিতোঽপহৃতাধিকারঃ. নির্ধূতো ভর্ৎসিতঃ। তিঃ। নির্ধূতো নিঃসারিতঃ। শিরোঃ। নির্ধূতো নিরস্তঃ। গোঃ রাঃ।

৩০। টিপ্পনী। বিমানিতা অপমানিতাঃ।

৩১। টিপ্পনী। অদ্যাপি মদ্বিনাশায় যততে ইতি শেষঃ। 'যত্নবাংশ্চ স দুষ্টাত্মা

স্নেহবশতঃ রামচন্দ্র সান্ত্বনা প্রদান করিলে সুগ্রীব বাষ্পবেগ নিগৃহীত করিয়া এবং সুন্দর নয়নদ্বয় মার্জ্জিত করিয়া এই বাক্য বলিলেন— ॥ ২৮ ॥

রাম, পূর্ব্বে বলবান্ বালী আমাকে নিজ রাজ্য হইতে বিচ্যুত করিয়াছে ও পরুষবাক্য শ্রবণ করাইয়া আমাকে বিতাড়িত করিয়াছে ॥ ২৯ ॥

সে আমার প্রাণাপেক্ষাও শ্রেষ্ঠা পত্নীকেও হরণ করিয়াছে এবং আমার যে সকল সুহৃদ্ ছিল তাঁহাদিগকে বন্ধন করিয়া অপমানিত করিয়াছে ॥ ৩০ ॥

সেই দুষ্টাত্মা অদ্যাপি নিশ্চয় আমার বিনাশের নিমিত্ত চেষ্টিত আছে; আর, তৎপ্রেরিত বহু বানর আমি বিনাশ করিয়াছি ॥ ৩১ ॥

১। গ 'বিসৃজ্য'। ২। ঘ '-গন্তং'। ৩। গ 'শান্তিতঃ'। ৪। গ 'সংপ্রোচ্য'। ৫। গ 'নিবৃত্তো-'। ৬। ঙ '-ম্যাবমা'। ৭। চগ 'হি স'। ৮। ঘ 'বানরা নিহতা'।

এতয়া শঙ্কয়া চাপি[1] দৃষ্ট্বা[2] ত্বামপি[3] রাঘব।
নেহোপস্থিতবান্[4] ভীতো ভয়াৎ সর্ব্বো[5] বিভেতি হি[6] ॥ ৩২ ॥
কেবলং[7] তু সহায়া মে হনূমৎপ্রমুখা ইমে।
যতোঽহং[8] ধারয়াম্যদ্য প্রাণান্ কৃচ্ছ্রগতোঽপি সন্ ॥ ৩৩ ॥
এতে হি কপয়ঃ স্নিগ্ধা মাং রক্ষন্তি সমন্ততঃ।
সহ[9] গচ্ছন্তি গচ্ছন্তং তিষ্ঠন্তি চ ময়ি স্থিতে।
যশ্চ তং সমরে হন্যাৎ স মে স্যাৎ প্রাণদঃ সুহৃৎ ॥ ৩৪ ॥

৩২। লো-টী। ইহ ত্বাং দৃষ্ট্বা ন উপস্থিতবান্ ত্বৎসমীপে ন গতবান্। ভয়াদ্ ভয়হেতোঃ।

মদ্বিনাশায় রাঘব' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।৮।৩৪)। বহুশো বহবঃ। তৎপ্রযুক্তাস্তেন বালিনা প্রেরিতাঃ।

৩২। টিপ্পনী। নোপস্থিতবান্ নাগতবান্ অহমিতি শেষঃ। এতয়া শঙ্কয়া তৎপ্রযুক্তচার-শঙ্কয়েত্যর্থঃ।

৩৩। টিপ্পনী। যতো যস্মাৎ সহায়ত্বাৎ। কৃচ্ছ্রগতো দুঃখং প্রাপ্তঃ।

৩৪। টিপ্পনী। স্নিগ্ধা মদ্বিষয়কস্নেহবিশিষ্টাঃ।

হে রাঘব, তোমাকে দেখিয়াও এই ভয়ে ভীত হইয়াই এই স্থানে [পূর্ব্বে] আগমন করি নাই ; যে হেতু ভয়ের কারণ হইতে সকলেই ভীত হইয়া থাকে ॥৩২॥

মাত্র হনূমৎপ্রমুখ এই কয়টী বানর আমার সহায় ; যে সহায়তানিবন্ধন [এইরূপ] দুঃখে পড়িয়াও আমি অদ্য প্রাণ ধারণ করিতেছি ॥ ৩৩ ॥

[আমার প্রতি] স্নেহপরায়ণ এই সকল বানর আমাকে চতুর্দ্দিক্ হইতে রক্ষা করিতেছে। আমি গমন করিলে সঙ্গে [সঙ্গে] গমন করিতেছে, আমি অবস্থান করিলে অবস্থান করিতেছে। যে ব্যক্তি সেই বালীকে সমরে বধ করিতে পারিবে, সে আমার প্রাণপ্রদ বন্ধু হইবে ॥ ৩৪ ॥

১। ট 'বাপি'। ২। ট 'দুষ্টাত্মা স চ'। ৩। ঘ '-মত্র', ঙ '-মেব'। ৪। ঙ 'ইহাপ-'। ৫। ক 'সর্ব্বং'। ৬। ট 'চ'। ৭। ঙ '-বলাস্তু'। ৮। ঘ-ণ 'যদহং', ঙ 'অত্রোঽহং'। ৯। ঘ 'ময়ি গচ্ছতি গচ্ছন্তি'।

এষ তে রাম শোকার্থঃ[১] শোকার্ত্তেন নিবেদিতঃ।
সুখিতো দুঃখিতো বাপি সখ্যুর্নিত্যং সখা গতিঃ ॥ ৩৫ ॥
শ্রুত্বৈব[২] তদ্বচো রামঃ সুগ্রীবমিদমব্রবীৎ।
কিংনিমিত্তমিদং দুঃখং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥ ৩৬ ॥
অহং হি[৩] কারণং শ্রুত্বা বৈরস্যাতীব মানদ।
সর্ব্বং তথা বিধাস্যামি সংপ্রধার্য্য বলাবলম্ ॥ ৩৭ ॥
বলবান্ হি মমামর্ষঃ শ্রুত্বা ত্বামপমানিতম্।[৪]
এতৎ[৫] কথয় বিশ্রব্ধং যাবন্নারোপয়ে ধনুঃ।[৬]
স্পৃষ্টাশ্চ[৭] হি ময়া বাণা নিরস্তশ্চ রিপুস্তব ॥ ৩৮ ॥

৩৮। লো-টী। ময়া শপথরূপেণ বাণাঃ স্পৃষ্টাঃ। নিরস্তো হত ইতি বিদ্ধীতি শেষঃ।

৩৫। টিপ্পনী। শোকার্থঃ শোককারণম্। 'অর্থো বিষয়ার্থনয়োর্ধনকারণবস্তুষু। অভিধেয়ে চ শব্দানাং নিবৃত্তৌ চ প্রয়োজনে॥' ইতি মেদিনী।

৩৬। টিপ্পনী। ইদং দুঃখং দুঃখকরং বৈরমিত্যর্থঃ, 'কারণং শ্রুত্বা বৈরস্যে'তি উত্তরশ্লোকে বক্ষ্যমাণত্বাৎ। কিংনিমিত্তং কিংকারণকং তৎ তত্ত্বতো যথাযথং শ্রোতুমিচ্ছামি।

৩৭। টিপ্পনী। বৈরস্য কারণম্ অতীব বিস্তরেণ শ্রুত্বা যুবয়োর্বলাবলঞ্চ সংপ্রধার্য্য নিশ্চিত্য যথা বিধাতুমুচিতং তথা সর্ব্বং বিধাস্যামি।

হে রাম, শোকার্ত্ত আমি এই তোমার নিকট [আমার] শোকের কারণ বলিলাম। সুখে থাকুক্ বা দুঃখে থাকুক্ সর্ব্বদাই সখার গতি সখা ॥ ৩৫ ॥

এবংবিধ সেই সুগ্রীববাক্য শ্রবণ করিয়া রাম সুগ্রীবকে বলিলেন—কি নিমিত্ত [তোমার সহিত বালীর] এই দুঃখ[-দায়ক শত্রুতা] তাহা যথাযথ শ্রবণ করিতে ইচ্ছা করি ॥ ৩৬ ॥

হে মানদ, শত্রুতার কারণ বিস্তৃতভাবে শ্রবণ করিয়া এবং [তোমাদের] বলাবল নিশ্চয় করিয়া [যেরূপ বিধান করা প্রয়োজন] আমি সেইরূপ সমস্ত বিধান করিব ॥ ৩৭ ॥

১। ঘ-ঙ '-র্ত্তঃ', ঢ '-র্ত্তা'। ২। ক 'শ্রুত্বেতি'। ৩। ঙ-ছ 'তু'। ৪। অতঃ পরং ঢ-পুস্তকে 'বর্দ্ধতে হৃদয়োৎকম্পঃ প্রাবৃড়্বেগবতাম্ভসঃ' (?) ইত্যধিকম্। ৫। ক 'তৎ কথয়ব', ছ 'যত্তৎ কথয়'। ৬। ছ '-য়েদ্ধনুঃ' ৭। ঘ 'সৃষ্টাশ্চাপি', ঙ 'সৃষ্টা যদি', ছ-ণ 'সৃষ্টাশ্চ'।

এবমুক্তস্তু[1] সুগ্রীবঃ কাকুৎস্থেন মহাত্মনা।
প্রহর্ষমতুলং লেভে চতুর্ভিঃ সচিবৈঃ সহ ॥ ৩৯ ॥
ততঃ প্রহৃষ্টবদনঃ সুগ্রীবো লক্ষ্মণাগ্রজে।
বৈরস্য[2] কারণং সর্ব্বমাখ্যাতুমুপচক্রমে ॥ ৪০ ॥
বালী নাম মম জ্যেষ্ঠো ভ্রাতা শত্রুনিসূদনঃ।
পিতুর্ব্বহুমতো[3] নিত্যং মম[4] চাপি বভূব সঃ[5] ॥ ৪১ ॥
পিতর্য্যুপরতেঽস্মাকং জ্যেষ্ঠোঽয়মিতি মন্ত্রিভিঃ।
কপীনামীশ্বরো রাজা কৃতঃ পরমসংমতঃ ॥ ৪২ ॥

৩৮। টিপ্পনী। অমর্ষঃ ক্রোধঃ। যাবদ্ ধনুর্ন আরোপয়ে ন সজ্যং করোমি। যদৈব বাণাঃ স্পৃষ্টাস্তদৈব তব রিপুর্নিরস্তো বিধ্বস্তঃ ইত্যবেহীতি শেষঃ।

৪১। টিপ্পনী। বহুমতঃ প্রিয়ঃ। শিরোঃ।

৪২। টিপ্পনী। পিতরি উপরতে মৃতে অয়ং জ্যেষ্ঠ ইতি কৃত্বা মন্ত্রিভিঃ পরমসম্মতো মানবিশিষ্টঃ কপীনামীশ্বরো বানরশ্রেষ্ঠঃ বালী রাজা কৃতঃ।

তোমাকে অপমানিত শ্রবণ করিয়া আমার অত্যন্ত ক্রোধ হইয়াছে; যে পর্য্যন্ত চাপ জ্যাযুক্ত না করি তাবৎ তুমি বিশ্বস্তভাবে এই সকল বল; আমারও বাণস্পর্শ [আর] তোমারও শত্রুধ্বংস (অর্থাৎ আমি বাণস্পর্শ করিলে তোমার শত্রুধ্বংস হইতে বিলম্ব ঘটিবে না)॥ ৩৮ ॥

মহাত্মা কাকুৎস্থকর্ত্তৃক এইরূপ অভিহিত হইয়া সুগ্রীব সচিবচতুষ্টয়ের সহিত অতুল আনন্দ লাভ করিলেন ॥ ৩৯ ॥

অতঃপর, প্রহৃষ্টবদন সুগ্রীব লক্ষ্মণাগ্রজের সমীপে [বালীর সহিত] শত্রুতার সকল কারণ বলিতে আরম্ভ করিলেন—॥ ৪০ ॥

বালী নামে আমার শত্রুনিসূদন জ্যেষ্ঠ ভ্রাতা আছে; সে পিতার এবং আমারও নিয়ত প্রিয় ছিল ॥ ৪১ ॥

আমাদের পিতার মৃত্যুর পর মন্ত্রিগণ 'ইনি জ্যেষ্ঠ' এই বলিয়া পরম-মাননীয় বানরশ্রেষ্ঠ বালীকে রাজা করিলেন ॥ ৪২ ॥

১। ঘ '-ক্তঃ স' ২। চ '-রস্থে'। ৩। '-তশ্চৈব'। ৪। ঙ-চ 'চৈব'। ৫। ঙ হ'

রাজ্যং প্রশাসতস্তস্য পিতৃপৈতামহং মহৎ।
অহং[1] সর্ব্বেষু কার্য্যেষু প্রণতঃ প্রেষ্যবৎ সদা ॥ ৪৩ ॥

মায়াবী নাম তেজস্বী পূর্ব্বজো দুন্দুভেস্তু যঃ।[2]
তেন তস্য মহদ্ বৈরং স্ত্রীনিমিত্তং কিলাভবৎ ॥ ৪৪ ॥

স তু সুপ্তজনে রাত্রৌ কিষ্কিন্ধ্যাদ্বারমাগতঃ।
নর্দ্দতি স্ম সুসংরব্ধো বালিনঞ্চ সমাহ্বয়ৎ ॥ ৪৫ ॥

স তু রাত্রৌ মম ভ্রাতা নর্দ্দিতং[3] ভৈরবস্বনম্[4]।
শ্রুত্বামর্ষবশং প্রাপ্তো[5] নির্জ্জগাম গুহামুখাৎ ॥ ৪৬ ॥

৪৩। টিপ্পনী। পিতৃপৈতামহম্ আর্ষত্বাদুত্তরপদবৃদ্ধিঃ। তিঃ। পিতৃপৈতামহং পিত্রাদি-পরম্পরয়া ভুক্তম্। শিরোঃ। প্রেষ্যবদ্ ভৃত্যবৎ সদা প্রণতঃ স্থিত ইতি শেষঃ। 'অহং সর্ব্বেষু কালেষু প্রণতঃ প্রেষ্যবৎ স্থিতঃ' ইতি পাশ্চাত্যাঃ (৪।৯।৩)।

৪৪। টিপ্পনী। স্ত্রীনিমিত্তং স্ত্রীকৃতং স্ত্রীমূলকমিতি যাবৎ।

৪৫। টিপ্পনী। রাত্রৌ সুপ্তজনে জনে সুপ্তে সতীত্যর্থঃ। সুপ্তজনে সুপ্তঃ জনো যস্মিন্ রাত্র্যংশে স সুপ্তজনঃ, অর্দ্ধরাত্র ইত্যর্থঃ। গোঃ রাঃ। সুসংরব্ধো মহাক্রুদ্ধঃ।

৪৬। টিপ্পনী। অমর্ষবশম্ অক্ষান্তিবশং প্রাপ্য অসহনো ভূত্বেত্যর্থঃ।

সে পিতৃপিতামহক্রমাগত বিশাল রাজ্য শাসন করিতে থাকিলে আমি সর্ব্বকার্য্যে সর্ব্বদা ভৃত্যের ন্যায় প্রণত থাকিতাম ॥ ৪৩ ॥

দুন্দুভির জ্যেষ্ঠ মায়াবী নামে যে তেজস্বী [দানব] ছিল, তাহার সহিত বালীর স্ত্রীলোকঘটিত ভীষণ শত্রুতা উৎপন্ন হয় ॥ ৪৪ ॥

[একদা] রাত্রিতে প্রাণিগণ নিদ্রিত হইলে, সে কিষ্কিন্ধ্যার দ্বারে আগমন করত অতিক্রুদ্ধ হইয়া গর্জ্জন করিল ও বালীকে [যুদ্ধার্থ] আহ্বান করিল ॥ ৪৫ ॥

আমার ভ্রাতা বালী রাত্রিকালে ভীষণস্বর গর্জ্জন শ্রবণ করত অসহিষ্ণুতার বশবর্ত্তী হইয়া গুহামুখ হইতে বহির্গত হইল ॥ ৪৬ ॥

১। ক 'অস্মং'। ২। ঘ 'দুন্দুভেঃ পূর্ব্বজস্তু সঃ'। ৩। ঘ 'নর্দ্দন্তং'। ৪। ঘ '-বস্বরম্', ছ '-বস্বনঃ', ঢ '-বং রবম্'। ৫। ঙ 'প্রাপ্য'।

বার্য্যমাণঃ[১] স তু স্ত্রীভির্ম্ময়া চ প্রযতাত্মনা[২]।
অমর্ষতোঽপি[৩] সংরম্ভান্নির্জ্জগামা[৪]বিচারয়ন্ ॥ ৪৭ ॥

তং বিনির্ধূয় নির্য্যান্তমস্মান্ সর্ব্বান্[৫] কপী[৬]শ্বরম্[৭]।
অন্বধাবমহং শীঘ্রং সৌহার্দ্দ[৮]মনুচিন্তয়ন্ ॥ ৪৮ ॥

স তু[৯] মে ভ্রাতরং দৃষ্ট্বা মমাদূ[১০]রাদ[১১]বস্থিতম্।
অসুরো জাতসন্ত্রাসঃ প্রদুদ্রাব ততো ভৃশম্ ॥ ৪৯ ॥

৪৭। লো-টী। অমর্ষতোঽমর্ষাৎ ক্রোধাদ্ যঃ সংরম্ভো যুদ্ধাবেশস্তস্মাৎ। 'সংরব্ধাদি'তি পাঠে সংরব্ধং সংরম্ভঃ।

৪৮। লো-টী। বিনির্ধূয় নির্ভৎর্স্য।

৪৯। লো-টী। মম দূরাদবস্থিতং মে মম ভ্রাতরম্। 'অদূরাদি'তি বা ক্বাচিৎকঃ পাঠঃ।

৪৭। টিপ্পনী। প্রযতাত্মনা সংযতচিত্তেন। অমর্ষতোঽক্ষান্ত্যা সংরম্ভাৎ ক্রোধাচ্চ। অপিঃ সমুচ্চয়ে।

৪৮। টিপ্পনী। অস্মান্ সর্ব্বান্ বিনির্ধূয় নির্য্যান্তং নির্গচ্ছন্তং তং বালিনমহং সৌহার্দ্দং ভ্রাতৃসৌহার্দ্দম্ অনুচিন্তয়ন্ শীঘ্রম্ অন্বধাবম্ অন্বগচ্ছম্।

৪৯। টিপ্পনী। জাতসন্ত্রাসঃ জাতঃ সন্ত্রাসো ভয়ং যস্য সঃ। ভৃশম্ অত্যর্থং বেগেনেত্যর্থঃ, প্রদুদ্রাব পলায়াঞ্চক্রে।

বালী প্রযতচিত্ত আমাদ্বারা ও স্ত্রীগণদ্বারা বারিত হইয়াও অসহিষ্ণুতাবশতঃ ও ক্রোধবশতঃ [কোন রূপ] বিচার না করিয়া[-ই] বহির্গত হইল ॥ ৪৭ ॥

আমি [ভ্রাতৃ-]সৌহার্দ্দ চিন্তা করিয়া ত্বরায়, আমাদের সকলকে ভৎর্সনা করিয়া বহির্গমনোন্মুখ বানরেশ্বর বালীর অনুগমন করিলাম ॥ ৪৮ ॥

আমার অদূরে আমার ভ্রাতাকে অবস্থিত দর্শন করিয়া ভীত অসুর মায়াবী সেই স্থান হইতে বেগে পলায়ন করিল ॥ ৪৯ ॥

১। গ '-ণস্তু স স্ত্রীভি-'। ২। ক-ছ '-ত্মনঃ'। ৩। ছ-ট-গ '-র্ষতোঽতি-'। ৪। ট '-ন্নিন্তঃ'। ৫। গ 'সর্ব্বকপী-'। ৬। ঘ-ট 'হরী-'। ৭। ঙ '-শ্বরঃ'। ৮। ঘ-ঙ-ছ '-মভি-', গ '-মবি-'। ৯। খ 'চ'। ১০। ঘ-গ 'মাঞ্চ দূরা-'। ১১। ঙ '-ভূপ-'।

তং বিদ্রবন্তং সন্ত্রস্তমাবাং দ্রুততরং গতৌ ।
[1]প্রাকাশ্যস্তু [2]গতো মার্গশ্চন্দ্রেণোদয়তা তদা ॥ ৫০ ॥
[3]স তৃণৈরাবৃতং দৃষ্ট্বা ধরণ্যাং বিবরং মহৎ ।
প্রবিবেশাসুরো বেগাদাবাং ত্বাসাদ্য বিষ্ঠিতৌ[4] ॥ ৫১ ॥
[5]তং প্রবিষ্টং[6] বিলং[7] দৃষ্ট্বা রিপুং[8] ক্রোধবশং গতঃ ।
মামুবাচ ততো[9] বালী বচনং ক্ষুভিতেন্দ্রিয়ঃ[10] ॥ ৫২ ॥
ইহ ত্বং তিষ্ঠ সুগ্রীব বিলদ্বারি সমাহিতঃ ।
যাবত্তং নিহনিষ্যামি প্রবিশ্য সুদুরাসদম্ ॥ ৫৩ ॥

৫১। লো-টী। তৈরেবাবৃতম্। 'তৃণৈরাবৃতমি'তি ক্বাচিৎকঃ পাঠঃ। আবান্তু আসাদ্য গত্বা বেষ্টিতৌ বেষ্টিতবন্তৌ। 'দ্বারমাবভ্য বিষ্ঠিতাবি'ত্যপি ক্বাচিৎকে পাঠে—স্থিতৌ।

৫০। টিপ্পনী। বিদ্রবন্তং পলায়মানং তং লক্ষীকৃত্য দ্রুততরম্ অতিদ্রুতম্ আবাং গতৌ অনুগতৌ। উদয়তা উদয়ং প্রাপ্নুবতা চন্দ্রেণ মার্গঃ প্রাকাশ্যং প্রকাশতাং গতঃ।

৫১। টিপ্পনী। আবাম্ আসাদ্য তৎ স্থানং প্রাপ্য বিষ্ঠিতৌ স্থিতৌ।

৫২। টিপ্পনী। ক্রোধবশং গতোঽতঃ ক্ষুভিতেন্দ্রিয়শ্চঞ্চলেন্দ্রিয়ঃ।

৫৩। টিপ্পনী। সমাহিত একাগ্রঃ সন্। সুদুরাসদম্ অতিদুর্দ্ধর্ষম্।

পলায়নপরায়ণ সন্ত্রস্ত তাহাকে লক্ষ্য করিয়া আমরা [দুই ভ্রাতা] অতি-দ্রুত গমন করিতে লাগিলাম। সেই সময় উদীয়মান চন্দ্রের দ্বারা পথ প্রকাশ পাইয়াছিল ॥ ৫০ ॥

সেই অসুর ভূতলে তৃণাবৃত বিশাল [এক] গর্ত্ত দর্শন করিয়া [তাহাতে] বেগে প্রবেশ করিল; আমরাও [সেই স্থানে] আসিয়া দণ্ডায়মান হইলাম ॥ ৫১ ॥

সেই শত্রুকে গর্ত্তে প্রবিষ্ট দেখিয়া ক্রোধের বশতাপন্ন [অতএব] চঞ্চলেন্দ্রিয় বালী অতঃপর আমাকে [এই] বাক্য বলিল—॥ ৫২ ॥

সুগ্রীব তুমি একাগ্রচিত্ত হইয়া এই গর্ত্তের দ্বারে অবস্থান কর, যে পর্য্যন্ত আমি [এই গর্ত্তে] প্রবেশ করিয়া অতিদুর্দ্ধর্ষ অসুরকে বধ করি ॥ ৫৩ ॥

১। ক-চ 'প্রকাশ্যস্তু', ঙ 'প্রাকাশ্যস্ত', গ 'প্রকাশস্তু'। ২। ঙ 'ততো'। ৩। গ 'সতৃণক্ষাবৃতং'। ৪। ক-গ 'বেষ্টিতৌ', ঙ 'বিষ্টিতম্'। ৫। গ 'সংপ্রবি-'। ৬। ঘ '-ষ্টবিলং'। ৭। ছ 'দ্বারি'। ৮। ঘ 'কপিঃ'। ৯। গ 'তদা'। ১০। ঙ 'ক্ষোভি-'।

ময়া তু তদ্বচঃ[১] শ্রুত্বা ভ্রাতুস্তস্য[২] পরন্তপ।
প্রতিষিদ্ধস্তদানীং স প্রাবিশচ্চৈব[৩] তদ্বিলম্[৪] ॥ ৫৪ ॥

তস্য প্রবিষ্টস্য বিলং সাগ্রঃ[৫] সংবৎসরো গতঃ।
স্থিতস্য চ মম দ্বারি স কালো ব্যত্যবর্ত্তত ॥ ৫৫ ॥

অনিষ্পতন্তং[৬] তং জ্ঞাত্বা স্নেহাদাগতসংভ্রমঃ[৭]।
ভ্রাতরং পুরুষব্যাঘ্র পাপশঙ্কাঽভবৎ[৮] তদা ॥ ৫৬ ॥

৫৪। লো-টী। ময়া তদা প্রতিষিদ্ধোঽপি তদ্ বিলং প্রবিষ্টঃ।

৫৫। লো-টী। সাগ্রঃ কিঞ্চিদধিকঃ। যদ্বা, অগ্রপদেন প্রতিযোগিনঃ সংবৎসরস্যার্দ্ধমুচ্যতে, অন্যত্র দর্শনাৎ। মম চ মমাপি ব্যত্যবর্ত্তত গতঃ।

৫৬। লো-টী। স্নেহাদাগতসম্ভ্রমঃ প্রাপ্তসাধ্বসঃ। পাপাশঙ্কা মরণাশঙ্কাঽভবৎ।

৫৪। টিপ্পনী। তস্য তদ্বচঃ শ্রুত্বা ময়া স প্রাতিষিদ্ধঃ গুহাপ্রবেশাদ্ বারিতঃ।

৫৫। টিপ্পনী। সাগ্রঃ সংবৎসরঃ কিঞ্চিদধিকঃ সংবৎসরঃ। দ্বারি স্থিতস্য মম চ স কালঃ সাগ্রঃ সংবৎসরো ব্যত্যবর্ত্তত অতিক্রান্তঃ। তাবৎপর্য্যন্তং ময়া তত্রৈব স্থিতমিত্যাশয়ঃ। তিঃ। সাগ্রঃ সম্পূর্ণঃ স কালঃ সংবৎসরঃ। গোঃ রাঃ।

৫৬। টিপ্পনী। অনিষ্পতন্তম্ অনির্গচ্ছন্তম্। আগতসম্ভ্রমঃ প্রাপ্তোদ্বেগঃ। পাপশঙ্কা অনিষ্টশঙ্কা মরণশঙ্কা বা।

হে পরন্তপ, ভ্রাতা বালীর সেই বাক্য শ্রবণ করিয়া আমি তাহাকে [গুহায় প্রবেশ করিতে] নিষেধ করিলাম; [কিন্তু] সে সেই গর্ত্তে প্রবেশ করিলই ॥ ৫৪ ॥

গর্ত্তে প্রবিষ্ট বালীর কিঞ্চিদধিক এক বৎসর গত হইল। [গর্ত্তের] দ্বারে অবস্থিত আমারও তৎপরিমাণ কাল অতীত হইল (অর্থাৎ তাবৎকাল আমি গর্ত্তের দ্বারেই অবস্থান করিলাম) ॥ ৫৫ ॥

হে পুরুষব্যাঘ্র, ভ্রাতা বালী বহির্গত হইতেছেন না জানিয়া আমি স্নেহবশতঃ উদ্বিগ্ন হইয়া পড়িলাম [এবং] তখন [আমার চিত্তে ভ্রাতার সম্বন্ধে] অনিষ্টাশঙ্কা উপস্থিত হইল ॥ ৫৬ ॥

১। ক 'বচনং'। ২। ক 'প্রযত্নতঃ'। ৩। ঘ-ণ 'প্রবিষ্টশ্চৈব', ঙ-ট 'সংপ্রবিষ্টশ্চ'। ৪। অতঃ পরং ঘ-ছ-ট-ণ-পুস্তকেষু 'স্থাপয়িত্বা তু মাং পশ্চাৎ প্রবিবেশ বিলং মহৎ' ইত্যধিকম্। ৫। ঘ 'সাগ্রং'। ৬। ণ 'অনিক্রামন্তং'। ৭। ণ '-কল্মষঃ'। ৮। ঘ 'পাপাশঙ্কাঽভবন্মম', ছ 'পাপাশঙ্কাভবং', ণ 'পাপং শঙ্কিতবাংস্তদা'।

অথ দীর্ঘস্য কালস্য বিলাৎ তস্মাদ্বিনিঃসৃতম্[১]।
সফেনং রুধিরং[২] ব্যক্তং দৃষ্ট্বা[৩]হং ব্যথিতোঽভবম্ ॥ ৫৭ ॥
নর্দ্দতামসুরাণাঞ্চ ধ্বনির্মে শ্রোত্রমাগতঃ।
নিরস্তস্য[৪] চ সংগ্রামে ক্রোশতো নিঃসৃতো মহান্ ॥ ৫৮ ॥
অহং ত্বপগতো[৫] বুদ্ধ্বা চিহ্নৈ[৬]স্তৈর্ভ্রাতরং হতম্[৭]।
পূরয়িত্বা শিলাভিস্তু[৮] বিলং শোকসমন্বিতঃ[৯]।
শোকার্ত্তশ্চোদকং কৃত্বা কিষ্কিন্ধ্যামাগতঃ সখে ॥ ৫৯ ॥

৫৭। লো-টী। কালস্য অথ অনন্তরম্।
৫৮। লো-টী। ক্রোশতশ্চ ধ্বনির্নিঃসৃতঃ।

৫৭। টিপ্পনী। দীর্ঘস্য কালস্য অপগমে সতীতি শেষঃ। শিরোঃ।
৫৮। টিপ্পনী। নর্দ্দতাং গর্জ্জতাম্ অসুরাণাং সংগ্রামে নিরস্তস্য পরাভূতস্য ক্রোশতো নাদং কুর্ব্বতো জনস্য চ নিঃসৃতো গুহানির্গতঃ মহান্ ধ্বনিঃ। 'ন রতস্য চ সংগ্রামে ক্রোশতোঽপি স্বনো গুরুঃ' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।৯।১৮)।
৫৯। টিপ্পনী। তৈশ্চিহ্নৈর্ভ্রাতরং নিহতং বুদ্ধ্বা অহম্ অপগতঃ তস্মাৎ স্থানাৎ প্রস্থিতঃ।

অতঃ পর দীর্ঘকাল অতীত হইলে [একদিন] গর্ত্ত হইতে সফেন পরিস্ফুট রক্ত বহির্গত হইতে লাগিল। আমি [তাহা] দেখিতে পাইয়া ব্যথিত হইলাম ॥৫৭॥
গর্জ্জনকারী অসুরগণের এবং সংগ্রামে পরাভূত বিলাপকারী ব্যক্তির [গুহা-] নিঃসৃত মহান্ [চীৎকার] ধ্বনি আমার কর্ণে প্রবেশ করিল ॥ ৫৮ ॥
সেই চিহ্নসমূহের দ্বারা (অর্থাৎ সেই চিহ্নসমূহ, প্রত্যক্ষ করিয়া) ভ্রাতাকে বিনষ্ট মনে করিয়া শোকান্বিত আমি শিলাদ্বারা গর্ত্ত আচ্ছাদনপূর্ব্বক [সেই স্থান হইতে] প্রস্থান করিলাম ; এবং হে সখে, শোকার্ত্ত হইয়া উদককার্য্য সমাপনানন্তর কিষ্কিন্ধ্যায় আগমন করিলাম ॥ ৫৯ ॥

১। ছ 'তস্য বিনিঃ-'। ২। ঙ 'ভূরি', ছ-ঢ 'বক্ত্রাৎ'। ৩। ঘ 'তদ্দৃষ্ট্বা দুঃখিতো-', ঙ 'তদ্দৃষ্ট্বা বিস্মিতো-', ছ 'তদ্দৃষ্ট্বা', ঢ-ণ 'তং দৃষ্ট্বা'। ৪। ছ 'রবতস্তস্য'। ৫। ঘ 'ত্বব-'। ৬। ঘ 'ব্যক্তৈ-'। ৭। ঢ 'মৃতম্'। ৮। ঘ '-স্তদ্', ঙ '-শ্চ' ঢ-ণ '-স্তং'। ৯। ঙ '-সমাস্থিতঃ'।

গূহমানস্য[1] মে তত্ত্বু[2] যত্নতো মন্ত্রিভিঃ শ্রুতম্[3]।
ততোঽহং মন্ত্রিভিঃ সর্ব্বৈ রাজ্যেঽস্মিন্নভিষেচিতঃ ॥ ৬০ ॥
ময়ি শাসতি রাজ্যং তু ধর্ম্মেণ রঘুনন্দন।
আজগাম রিপুং হত্বা তং[4] ঘোরং সোঽথ[5] বানরঃ ॥ ৬১ ॥
অভিষিক্তন্তু মাং দৃষ্ট্বা ক্রোধসংরক্তলোচনঃ।
মদীয়ান্ মন্ত্রিণো বদ্ধা পরুষং বাক্যমব্রবীৎ ॥ ৬২ ॥
নিগ্রহেঽপি[6] সমর্থস্য তস্য পাপস্য রাঘব।
প্রাবর্ত্তত ন মে বুদ্ধিস্তদা[7] গৌরবযন্ত্রিতা[8] ॥ ৬৩ ॥

৬০। লো-টী। তদ্ ভ্রাতুস্মরণং যত্নতো গূহমানস্যাপি মম তস্য বাদিনঃ।
৬৩। লো-টী। যে মম সমর্থস্য, হনূমৎসহায়কত্বাৎ।

৬০। টিপ্পনী। গূহমানস্য প্রচ্ছাদয়িতুং কৃতপ্রযত্নস্য মম সকাশাদ্ যত্নতঃ শ্রুতম্।
৬৩। টিপ্পনী। গৌরবযন্ত্রিতা গৌরবেণ যন্ত্রিতা সঙ্কুচিতা ভ্রাতৃগৌরবহেতুকসঙ্কোচ-বিশিষ্টেত্যর্থঃ, নিগ্রহে ন প্রাবর্ত্তত প্রবৃত্তাভূৎ।

আমি গোপন করিবার প্রযত্ন করিলেও সেই ভ্রাতৃমরণ মন্ত্রিগণ যত্নপূর্ব্বক আমার নিকট শ্রবণ করিলেন। অতঃপর আমি সমস্ত মন্ত্রিবৃন্দকর্ত্তৃক এই রাজ্যে অভিষিক্ত হইলাম ॥ ৬০ ॥

অতঃপর, হে রঘুনন্দন, আমি ধর্ম্মানুসারে রাজ্য শাসন করিতে থাকিলে বানর বালী সেই ভীষণ শত্রুকে বধ করিয়া আগমন করিল ॥ ৬১ ॥

আমাকে অভিষিক্ত দর্শন করিয়া ক্রোধরক্তনেত্র বালী মদীয় মন্ত্রিগণকে বন্ধন করত [তাহাদিগকে] পরুষ বাক্য বলিল ॥ ৬২ ॥

হে রাঘব, সেই পাপাত্মার নিগ্রহে সমর্থ হইলেও আমার বুদ্ধি তখন [তাহার প্রতি] গৌরব বশতঃ সংযত হইয়া [তাহাতে] প্রবৃত্ত হইল না ॥ ৬৩ ॥

১। ঙ '-নস্তু'। ২। গ 'তত্র'। ৩। ঘ 'সহ'। ৪। ক 'ঘোরং তং'। ৫। ঙ-ছ 'স হি'। ৬। গ 'বিগ্র-'। ৭। গ '-স্তথা'। ৮। ট '-যন্ত্রণাৎ'।

অসান্ত্বয়মহং[1] তং[2] চ[3] যথাবদভিনন্দয়ন্ ।
উচিতাশ্চাশিষস্তস্য[4] প্রযুঞ্জন্[5] বৈ যথাবিধি ॥ ৬৪ ॥

এবংবিধেন মানেন মানয়ামি স্ম বালিনম্ ।
ন চ[6] স[7] প্রতিজগ্রাহ কলুষেণান্তরাত্মনা[8] ॥ ৬৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বৈরনিবেদনং নাম
অষ্টমঃ সর্গঃ ॥ ৮ ॥

৬৪। লো-টী। আশিষশ্চাটুকারান্ ।

৬৫। লো-টী। মানেন পূজনেন মানয়ামি স্ম। 'মানয়ামাস' ইতি ক্বচিৎ পাঠঃ। কলুষেণ পাপেন।

৬৪। টিপ্পনী। উচিতা আশিষঃ শুভাশংসনানি প্রযুঞ্জন্ অহং তম্ অসান্ত্বয়ম্।

৬৫। টিপ্পনী। মানয়ামি স্ম সম্মানিতমকরবম্। কলুষেণ পাপপূর্ণেন অন্তরাত্মনা হৃদয়েন।

আর, আমি বিধানানুসারে যথোচিত শুভাশংসনসূচক বাক্য প্রয়োগ করত এবং যথাযথভাবে অভিনন্দন করত তাহাকে সান্ত্বনা প্রদান করিলাম ॥ ৬৪ ॥

আমি এবংবিধ সম্মান প্রদর্শনপূর্ব্বক বালীকে সম্মানিত করিলাম। কিন্তু পাপপূর্ণ অন্তঃকরণে [তাহার কিছুই] সে গ্রহণ করিল না ॥ ৬৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বৈরবিজ্ঞাপন-নামক
অষ্টম সর্গ সমাপ্ত ॥ ৮ ॥

১। ঙ 'প্রশা-'। ২। চ 'তু'। ৩। ঙ '-বৎ প্রতি-'। ৪। ঘ 'উদিতা-', ঙ 'উচিবাংশ্চাশিষ-', ণ 'উচিতাশ্চ ক্রিয়াস্তস্য'। ৫। ঘ 'প্রযুঞ্জানো', ণ 'পূজয়ন্'। ৬। ণ 'তং'। ৭। ঙ-চ 'তং', ছ 'তৎ'। ৮। ঘ-ট 'কল্মষেণা-'।

নবমঃ সর্গঃ

ততস্তং ক্রোধসংরক্তং সংরম্ভাৎ[1] [2] সমুপাগতম্ ।
সংপ্রাসাদয়[3]মব্যগ্রো[4] ভ্রাতরং প্রিয়কাম্যয়া ॥ ১ ॥
দিষ্ট্যা[5]সি কুশলী প্রাপ্তো দিষ্ট্যা[6]পি নিহতো রিপুঃ ।
অনাথস্য হি মে নাথস্ত্বমেকঃ[7] কপিযূথপঃ[8] ॥ ২ ॥
ইদং বহুশলাকন্তে পূর্ণচন্দ্রনিভং শুভম্[9] ।
ছত্রং[10] সবালব্যজনং প্রতীচ্ছ[11] ত্বং ময়োদ্যতম্ ॥ ৩ ॥
ত্বমেব রাজা লোকানাং[12] তব[13] চাজ্ঞাকরা বয়ম্ ।
অমাত্যৈর্ব্বিনিযুক্তোহহং[14] রাজ্যে নাত্মেচ্ছয়া বিভো ॥ ৪ ॥

১। লো-টী। অব্যগ্রোঽনাকুলঃ।

৩। লো-টী। বহ্ব্যঃ শলাকা রত্নাদিময়চ্ছত্রাদিশলাকা যত্র তৎ। রত্নখচিতস্বর্ণ-রজতয়োঃ পূর্ণচন্দ্রাকৃতিঃ শলাকা ইতি বা। সবালব্যজনং সচামরং ময়া উদ্যতমানীতম্।

১। টিপ্পনী। সংরম্ভাৎ কোপাবেশাৎ। সংপ্রাসাদয়ং প্রসাদয়িতুং প্রবৃত্তোঽভবম্।

৩। টিপ্পনী। ময়া উদ্যতম্ অর্পিতং বহুশলাকং বহুশলাকাযুক্তং শুভং সুন্দরং সবাল-ব্যজনং চামরসহিতং ছত্রং প্রতীচ্ছ স্বীকুরু।

৪। টিপ্পনী। লোকানাং বানরাণামিত্যর্থঃ। রাজ্যেঽহম্ অমাত্যৈর্বিনিযুক্ত আসম্।

অতঃপর, ক্রোধভরে সমুপস্থিত ক্রোধে রক্তবর্ণ, ভ্রাতা বালীকে [তাহার] প্রিয়কামনায় অব্যাকুলচিত্ত আমি প্রসন্ন করিতে প্রবৃত্ত হইলাম— ॥ ১ ॥

[হে ভ্রাতঃ,] ভাগ্যে কুশলসম্পন্ন তুমি আগমন করিয়াছ, ভাগ্যে শত্রুও নিহত হইয়াছে। বানরযূথপতি তুমি অশরণ আমার একমাত্র শরণ ॥ ২ ॥

এই তোমার সচামর, বহুশলাকাসমন্বিত, পূর্ণচন্দ্রতুল্য সুন্দর ছত্র আমি প্রদান করিতেছি, তুমি গ্রহণ কর ॥ ৩ ॥

১। ঢ 'পকমং সমু-'। ২। ক '-স্তসমু-', ঘ ঙ '-স্তং স-'। ৩। ঘ-ণ 'অহং প্রসাদয়াঞ্চক্রে', ছ '-সংপ্রসা-'। ৪। ছ '-গ্রং'। ৫। ঙ-ছ-ট ণ '-ষ্ট্যা চ'। ৬। চ-ট '-ষ্ট্যা চ'। ৭। ঢ 'নাথস্ত্বমেকশ্চ'। ৮। ঘ '-কুঞ্জরঃ'। ৯। ণ 'সুখম্'। ১০। ঙ '-ত্রঞ্চ বাল-'। ১১। ঘ '-চ্ছস্ব ময়োদিতম্'। ১২। ণ '-কাহং স্তব'। ১৩। ঘ 'তবৈবাজ্ঞা-'। ১৪। ণ '-ক্তোহস্মি'।

ন্যাসভূতমিদং রাজ্যং তব [1]নির্য্যাতয়াম্যহম্ ।
মা চ রোষং কৃথা বীর মম শত্রুনিসূদন ।
যাচে ত্বাং শিরসা রাজন্ ময়া বদ্ধোঽয়মঞ্জলিঃ ॥ ৫ ॥
[2]বলা[3]দস্মিন্ [4]সমাগম্য মন্ত্রিভিঃ পুরবাসিভিঃ ।
[5]রাজ্যভারে নিযুক্তোঽস্মি রাজ্যায় ন হি মে স্পৃহা ।
অনিচ্ছন্নপি বিক্রোশংস্ত্বয়া হীনে [6]পুরেঽনঘ ॥ ৬ ॥

৬। লো-টী। সমাগম্য মিলিত্বা অস্মিন্ রাজ্যভারে অনিচ্ছন্নপি বিক্রোশন্নপি উচ্চৈর্নিযুক্তোঽস্মি ।

৫। টিপ্পনী। ন্যাসভূতং ন্যাসরূপেণ ময়ি বর্ত্তমানম্ ।
৬। টিপ্পনী। ত্বয়া হীনে পুরে মন্ত্রিভিঃ পুরবাসিভিশ্চ সমাগম্য মিলিত্বা অনিচ্ছন্নপি রাজ্যগ্রহণে নিরভিলাষোঽপি বিক্রোশন্নপি ত্বদ্বিয়োগেন বিরুদন্নপি অহং বলাৎ অস্মিন্ রাজ্যভারে নিযুক্তোঽস্মি। বস্তুতো রাজ্যায় মম স্পৃহা নাস্তি ।

তুমিই সর্ব্বলোকের (বানরসমূহের) রাজা এবং আমরা তোমার আজ্ঞা-পালনকারী। হে প্রভো, অমাত্যগণকর্ত্তৃক আমি রাজ্যে নিযুক্ত হইয়াছি, স্বেচ্ছায় নহে ॥ ৪ ॥

[আমার নিকট] গচ্ছিতরূপে বর্ত্তমান এই রাজ্য আমি তোমাকে প্রত্যর্পণ করিতেছি। আমি এই অঞ্জলিবন্ধন করিতেছি ; হে রাজন্, অবনতমস্তকে তোমার নিকট প্রার্থনা করিতেছি, হে শত্রুনিসূদন, হে বীর, তুমি আমার প্রতি ক্রোধ করিও না ॥ ৫ ॥

হে নিষ্পাপ, আমি [রাজ্যগ্রহণে] অনিচ্ছুক হইলেও, [তোমার বিয়োগে] রোদন করিতে থাকিলেও তোমার দ্বারা পরিত্যক্ত পুরে পুরবাসিগণ ও মন্ত্রিগণ মিলিত হইয়া [আমাকে] বলপূর্ব্বক এই রাজ্যভারে নিযুক্ত করিয়াছে। [বস্তুতঃ] রাজ্যের জন্য আমার স্পৃহা নাই ॥ ৬ ॥

১। ক-ঘ-ঙ-ট 'বিজ্ঞাপয়ামাহম্'। ২। ঢ 'বিনা-'। ৩। ঘ-ঙ '-দস্মি'। ৪। ঢ '-গত্য'। ৫। ঙ-ছ '-জভাবে'। ৬। গ 'পুরানঘ'।

তমেবং[১] ভাষমাণন্তু স মাং নির্ভর্ৎস্য বানরঃ।
ধিক্‌কৃত্য পরুষং বাক্যং বহু[২] তত্তদুবাচ হ ॥ ৭ ॥
প্রকৃতীস্তু সমানায্য[৩] তদা স প্লবগেশ্বরঃ।
মামাহ সুহৃদাং মধ্যে বাক্যমেতৎ সুদারুণম্ ॥ ৮ ॥
বিদিতং বো যথা রাত্রৌ মায়াবী স মহাসুরঃ[৪]।
সমাহ্বয়তি[৫] মাং নিত্যং যুদ্ধাকাঙ্ক্ষী মহোদ্ধতঃ[৬] ॥ ৯ ॥
তস্যাতিগর্জ্জিতং[৭] শ্রুত্বা নিঃসৃতোহস্মি গুহামুখাৎ।
অনুযাতশ্চ[৮] মাং তূর্ণময়ং[৯] ভ্রাতৃমুখো রিপুঃ ॥ ১০ ॥

৯। লো-টী। বিদিতং জ্ঞায়তে। সমাহ্বয়তি। 'সমাহ্বয়তে' ইতি ক্বচিৎ পাঠঃ।

১০। লো-টী। ভ্রাতৃমুখঃ ভ্রাতুরিব মুখং ভ্রাতরমনু নিঃসরণং যস্য সঃ মামনুযাতঃ, বস্তুতস্তু রিপুঃ। যদ্বা, ভ্রাতুর্মম পশ্চাৎ মাতুরুদরাৎ মুখং নিঃসরণং যস্য সঃ সহজাত ইত্যর্থঃ। যদ্বা, ভ্রাতেতি মুখে যস্য সঃ।

৭। টিপ্পনী। তত্তৎ নানাবিধমিত্যর্থঃ। পরুষবাক্যমশ্লীলতয়া বিশিষ্য নোক্তম্।

৮। টিপ্পনী। প্রকৃতীঃ প্রজাঃ সমানায্য সমানীতাঃ কৃত্বা। সুহৃদাং মধ্যে মাম্ উদ্দিশ্য প্রকৃতিপুঞ্জমাহ।

৯। টিপ্পনী। নিত্যং যুদ্ধাকাঙ্ক্ষী স মহাসুরঃ মাং যথা রং সমাহ্বয়তি সমাহ্বয়ত তদ্ বো বিদিতং যুষ্মাভির্জ্ঞায়তে এব।

তাহাকে এইরূপ বলিতে লাগিলে সেই বানর আমাকে ভর্ৎসনা করিয়া [এবং] ধিক্‌কার দিয়া নানাপ্রকার বহু কঠোর বাক্য বলিল ॥ ৭ ॥

সেই বানরাধিপতি তখন প্রজাপুঞ্জ আনাইয়া বন্ধুগণের মধ্যে আমাকে লক্ষ্য করিয়া সুদারুণ বাক্য বলিল—॥ ৮ ॥

[সে বলিল] তোমরা জান যে সর্ব্বদা যুদ্ধাকাঙ্ক্ষী সেই অত্যুদ্ধত মহাসুর মায়াবী রাত্রিতে আমাকে যুদ্ধে আহ্বান করে ॥ ৯ ॥

১। ছ '-দৈবং'। ২। গ 'বক্তণস্তদু-'। ৩। ছ '-নীয়', গ '-সাদ্য'। ৪। ঘ '-স্বনঃ'। ৫। গ '-হ্বয়ত'। ৬। ঘ-ট 'মহাবলঃ', ঙ-ছ-গ 'মহাসুরঃ'। ৭। ঘ 'তস্য তদ্ গর্জ্জনং', ঙ-ছ তস্যাহং গ-', ট 'তস্যাভিগ-'। ৮। ছ '-তস্তু'। ৯। ঘ 'পশ্চাদ-', ছ 'তূর্ণং মম'।

স তু দৃষ্টৈ[1]ব মাং রাত্রৌ সদ্বিতীয়ং মহাবলঃ।
প্রাদ্রবৎ পরমত্রস্তঃ পৃষ্ঠতো নাবলোকয়ন্[2] ॥ ১১ ॥
বিদ্রবন্তং তথা তস্তু নিশম্য[3] ভুবি দানবম্।
অবোচং[4] সহসুগ্রীব[5]স্তিষ্ঠ তিষ্ঠেত্যমর্ষিতঃ ॥ ১২ ॥
স তু দ্বাদশমাত্রাণি যোজনানি প্রধাবিতঃ।
ততো ধরণ্যাং[6] বিবরং প্রবিবেশ ভয়ার্দ্দিতঃ[7] ॥ ১৩ ॥

১১। লো-টী। দ্বিতীয়েন সুগ্রীবেণ সহিতম।

১২। লো-টী। ভুবি স্বস্থানে বিদ্রবন্তং নিশম্য জ্ঞাত্বা। 'ভূঃ স্থানমাত্রে কথিতা ধরণ্যামপি যোষিতি' ইতি কোষঃ।

১৩। লো-টী। প্রধাবিতো গতঃ।

১০। টিপ্পনী। অতিগর্জ্জিতং ভীষণগর্জ্জনম্। অয়ং ভ্রাতৃমুখঃ ভ্রাতৃমুখমিব মুখং যস্য সঃ ভ্রাতৃবৎ পরিদৃশ্যমানঃ ভ্রাতৃরূপীতি যাবৎ, রিপুস্তূর্ণম্ অবিলম্বমেব মাম্ অনুযাতঃ।

১১। টিপ্পনী। সদ্বিতীয়ং দ্বিতীয়সহিতং ভ্রাত্রা সসহায়মিত্যর্থঃ। প্রাদ্রবৎ পলায়ত।

১২। টিপ্পনী। ভুবি ভূপৃষ্ঠে তং দানবং বিদ্রবন্তং পলায়মানং নিশম্য দৃষ্ট্বা অমর্ষিতঃ ক্রুদ্ধঃ সন্ তিষ্ঠ তিষ্ঠেত্যবোচম্।

১৩। টিপ্পনী। দ্বাদশমাত্রাণি যোজনানি দ্বাদশযোজনানীত্যর্থঃ। ততঃ প্রধাবনানন্তরং ভয়ার্দ্দিতো ভয়পীড়িতঃ সন্ ধরণ্যাং বিবরং পৃথিবীস্থমেকং গর্ত্তমিত্যর্থঃ, প্রবিবেশ।

তাহার ভীষণ গর্জ্জন শ্রবণ করিয়া আমি গুহামুখ হইতে বহির্গত হইলাম এবং এই [আমার] ভ্রাতৃমুখ (ভ্রাতার মুখের ন্যায় মুখ যাহার অর্থাৎ ভ্রাতৃরূপী) শত্রু অবিলম্বে আমার অনুগমন করিল ॥ ১০ ॥

রাত্রিতে আমাকে দ্বিতীয় ব্যক্তির (সুগ্রীবের) সহিত [আগমন করিতে] দেখিয়াই অত্যন্ত ভীত সেই মহাবল [অসুর] কিন্তু পশ্চাৎদিকে দৃষ্টিপাত না করিয়া পলায়ন করিতে আরম্ভ করিল ॥ ১১ ॥

সেইরূপে সেই দানবকে ভূপৃষ্ঠে পলায়নপরায়ণ দর্শন করিয়া সুগ্রীবসমন্বিত আমি ক্রুদ্ধ হইয়া বলিলাম—দাঁড়াও দাঁড়াও ॥ ১২ ॥

১। ঙ 'চ'। ২। গ '-য়ৎ'। ৩। ছ 'নিশাম্য'। ৪। ঘ '-চমহং', ছ '-চমিহ'। ৫। ঘ '-বং তিষ্ঠ,' ছ '-ব তিষ্ঠ'। ৬। য '-ণ্যা'। ৭। গ 'ভয়াতুরঃ'।

তস্ত দৃষ্ট্বা বিলপ্রাপ্তং[1] সপত্নং নিত্যশোঽহিতম্[2]।
অয়মুক্তোঽধমো[3] ভ্রাতা শুচিনা[4] ক্রূরদর্শনঃ ॥ ১৪ ॥
অ-হত্বা নাস্তি মে বুদ্ধিঃ প্রতিগন্তুমিতঃ[5] পুরীম্।
বিলদ্বারি প্রতীক্ষস্বেত্যুক্ত[6] এষ ময়া[7] তদা ॥ ১৫ ॥
স্থিতোঽয়মিতি মত্বাহং প্রবিষ্টস্তদ্ বিলং মহৎ[8]।
দ্বারং[9] মে মার্গমাণস্য সাগ্রঃ সংবৎসরো গতঃ ॥ ১৬ ॥

১৪। লো-টী। সপত্নং শত্রুম্। নিত্যশোঽহিতম্ অপকারিণম্।
১৬। লো-টী। দ্বারং যেন দ্বারেণ অসুরো বিলমধ্যং প্রবিষ্টস্তদ্ দ্বারম্।

১৪। টিপ্পনী। নিত্যশঃ সর্ব্বদা অহিতম্ অহিতকারিণং তং সপত্নং শত্রুং বিলপ্রাপ্তং গর্ত্তপ্রবিষ্টং দৃষ্ট্বা শুচিনা শুদ্ধচিত্তেন ময়া অয়মধমো ভ্রাতা উক্তঃ বক্ষ্যমাণমিতি শেষঃ।
১৫। টিপ্পনী। অহত্বা শত্রুবধম্ অকৃত্বা।
১৬। টিপ্পনী। স্থিতঃ বিলদ্বারীতি শেষঃ। বিলমধ্যাস্থপুর্য্যা দ্বারম্ অবতরণস্য দ্বারং বা মার্গমাণস্য অন্বেষমাণস্য 'মার্গমাণ ইতি চানশী'তি মাধবঃ, মম সাগ্রঃ সংবৎসরঃ বৎসরাধিকঃ কাল ইত্যর্থঃ, গতঃ।

সে কিন্তু দ্বাদশ যোজন দ্রুত গমনপূর্ব্বক অতঃ পর ভয়পীড়িত হইয়া পৃথিবীস্থ [এক] গর্ত্তে প্রবেশ করিল ॥ ১৩ ॥

সর্ব্বদা অহিতকারী সেই শত্রুকে গর্ত্তে প্রবিষ্ট দেখিয়া শুদ্ধচিত্ত (সন্দেহ-রহিত) আমি এই ক্রূরদর্শন অধম ভ্রাতাকে বলিলাম—॥ ১৪ ॥

'[শত্রু] বধ না করিয়া এই স্থান হইতে নগরে প্রতিগমন করিতে আমার বুদ্ধি হইতেছে না। তুমি গর্ত্তের দ্বারে অপেক্ষা কর,' ইহাকে এই কথা বলিয়া-ছিলাম ॥ ১৫ ॥

সুগ্রীব [গর্ত্তের দ্বারে] অবস্থিত রহিল ইহা মনে করিয়া আমি সেই বিশাল গর্ত্তে প্রবিষ্ট হইলাম। [সেই বিলমধ্যবর্ত্তী পুরীর] দ্বার অন্বেষণ করিতে করিতে আমার কিঞ্চিদধিক একবৎসর কাল অতীত হইল ॥ ১৬ ॥

১। ঙ-ছ 'ভয়ার্ত্তং'। ২। ঘ '-মোঽহিতম্'। ৩। ছ '-ক্তো ময়া'। ৪। ঙ 'সুচিরাৎ'। ৫। ছ '-মতঃ'। ৬। ঙ '-ক্ষার্থমুক্ত', ঢ '-ক্ষস্ব যাবদাগমনং মম'। ৭। ছ 'তদা ময়া'। ৮। অতঃ পরং ঢ-পুস্তকে 'প্রবিষ্টো যত্র দুষ্টাত্মা দুন্দুভেঃ পূর্ব্বজস্তু যঃ' ইত্যধিকম্। ৯। ঢ '-রক্ষ'।

স তু[1] দৃষ্টো ময়া শত্রুরনির্ব্বেদা[2]দ্ভয়াবহঃ।
নিহতশ্চ ময়া সদ্যঃ সোঽসুরো ব[3]ন্ধুভিঃ সহ ॥ ১৭ ॥
তস্যাস্যাৎ তু প্রবৃত্তেন রুধিরৌঘেণ তদ্ বিলম্।
পূর্ণমাসীদ্দু[4]রাক্রামং স্ত[5]নতস্তস্য ভূতলে ॥ ১৮ ॥
মায়াবিনং সূদয়িত্বা তং শত্রুং দুন্দু[6]ভিপ্রিয়ম্।
নিষ্ক্রা[7]ময়[8]মেব চাপশ্যং বিলস্যা[9]পিহিতং মুখম্ ॥ ১৯ ॥

১৭। লো-টী। অনির্ব্বেদাদ্ এতাবন্তং কালং প্রাপ্য বৈরাগ্যাভাবাৎ।

১৮। লো-টী। তস্য ভূতলে তস্যৈব স্থানে স্তনতো বিপরীতশব্দং কুর্ব্বতস্তস্য পূর্ণম্ (?)। দুরাক্রমং দুর্গমম্। 'স্বনতঃ' ইত্যপি ক্বচিৎ পাঠঃ।

১৯। লো-টী। দুন্দুভিপ্রিয়ং ভ্রাতরম্। পিহিতম্ আচ্ছাদিতম্।

১৭। টিপ্পনী। অনির্ব্বেদাৎ সংবৎসরাধিককালান্বেষণেঽপি অপ্রাপ্তবৈরাগ্যত্বাৎ ময়া শত্রুর্দৃষ্টঃ। অনির্ব্বেদাৎ সংবৎসরমন্বেষণাদ্ অনিবৃত্তের্হেতোঃ। শিরোঃ। অনির্ব্বেদাদ্ অক্লেশাৎ। গোঃ রাঃ।

১৮। টিপ্পনী। ভূতলে ভুবস্তলে পাতালে স্তনতঃ শব্দং কুর্ব্বতস্তস্যাস্যাৎ প্রবৃত্তেন রুধিরৌঘেণ পূর্ণং তদ্বিলং দুরাক্রামম্ আসীৎ। তিঃ। ভূতলে ভুবিবরে স্তনতো গর্জ্জতস্তস্য তৎ পূর্ব্বোক্তং তস্য বিলং রুধিরৌঘেণ পূর্ণং সদ্ দুরাক্রামমাসীদিতি যোজনা। গোঃ রাঃ। নিহতমায়াবিন আস্যাদ্ মুখাৎ প্রবৃত্তেন রুধিরৌঘেণ দুরাক্রামং তদ্বিলং পূর্ণমাসীৎ। শিরোঃ।

[সংবৎসর অন্বেষণ করিয়াও] বিরক্তি না হওয়ায় [অবশেষে] আমি সেই ভীষণ শত্রুকে দেখিতে পাইলাম এবং সেই অসুরকে তৎক্ষণাৎ সবান্ধবে নিহত করিলাম ॥ ১৭ ॥

পাতালে গর্জ্জনকারী তাহার মুখ হইতে বহির্গত রুধিরসমূহে পূর্ণ সেই গর্ত্ত দুরতিক্রমণীয় হইল ॥ ১৮ ॥

১। ঘ 'চ'। ২। ঙ '-দো ভয়া-'। ৩। চ 'দুন্দুভির্ম্মহান্'। ৪। ক-ঘ '-ক্রোশং', চ '-ক্রান্তং', ণ '-ক্রামন'। ৫। ঘ 'স্বনত-', ণ 'পততু-'। ৬। ঘ-চ-ণ '-ভেঃ প্রিয়ম্', ঙ '-ভেঃ সুতম্'। ৭। ঘ '-নিক্র-'। ৮। ণ '-মং নৈব'। ৯। ঙ-ছ-চ '-স্য পিহি-'।

বিক্রোশতো[১]ঽপি হি[২] মম সুগ্রীবেতি পুনঃ পুনঃ।

যদা প্রতিবচো নাস্তি মন্যু[৩]মানভবং তদা ॥ ২০ ॥

পাদপ্রহারৈশ্চ ময়া বহু[৪]শস্তদ্[৫] বিদারিতম্।

ততোঽহং তেন নিষ্ক্রম্য[৬] যথাগতমিহাগতঃ ॥ ২১ ॥

তদে[৭]তেনাস্মি সংক্রুদ্ধো[৮] রাজ্যং প্রার্থয়তা[৯] তদা।

সুগ্রীবেণ নৃশংসেন বিস্মৃত্য[১০] ভ্রাতৃসৌহৃদম্[১১] ॥ ২২ ॥

২০। লো-টী। প্রতিবচঃ প্রত্যুত্তরম্।

২১। লো-টী। তদ্ বিলাচ্ছাদকং দ্রব্যম্, বহুশো বহু, বহুশঃ পাদপ্রহারৈর্ব্বা। তেন বিদারিতেন দ্বারেণ।

২২। লো-টী। তত্র বিলদ্বারি। তদা তস্মিন্ কালে তেন বিলাচ্ছাদনকর্ম্মণা সুগ্রীবেণ সংক্রুদ্ধঃ ক্রোধবিষয়ীকৃতঃ।

১৯। টিপ্পনী। দুন্দুভেঃ প্রিয়ং তং শত্রুং মায়াবিনং সূদয়িত্বা বিনাশ্য নিষ্ক্রামন্ বিলাদ্ নির্গচ্ছন্নেব বিলস্য মুখম্ অপিহিতম্ আচ্ছাদিতমপশ্যম্।

২০। টিপ্পনী। বিক্রোশত আহ্বয়তোঽপি মম যদা প্রতিবচঃ প্রত্যুত্তরং নাস্তি নাসীৎ তদাহং মন্যুমান্ ক্রোধসম্পন্নঃ অভবম্।

২১। টিপ্পনী। বহুশো বারংবারং পাদপ্রহারৈর্ম্ময়া তদ্ গর্ত্তমুখং বিদারিতং সরন্ধ্রী-কৃতম্। তেন স্বপাদপ্রহারকৃতরন্ধ্রেণ নিষ্ক্রম্য নির্গত্য। যথাগতং গমনমার্গানুসারেণেত্যর্থঃ, ইহ আগতোঽস্মি।

দুন্দুভির প্রিয় [ভ্রাতা], [আমার] শত্রু সেই মায়াবীকে বধ করিয়া [গর্ত্ত হইতে] বহির্গত হইবার কালে দেখিলাম—গর্ত্তের মুখ বন্ধ ॥ ১৯ ॥

সুগ্রীব [সুগ্রীব] বলিয়া বার বার চীৎকার করিতে থাকিলেও যখন আমার কোন প্রত্যুত্তর মিলিল না, তখন আমি ক্রোধাবিষ্ট হইলাম ॥ ২০ ॥

আমি বারংবার পাদপ্রহার করিয়া গর্ত্তমুখ বিদারিত করিলাম। অতঃপর

১। ঘ '-শমানস্য চ মে'। ২। ট 'সুমহৎ'। ৩। ঘ 'মন্যুর্ম্মনাভবত্তদা', ছ 'মন্যুর্শ্মে চাভবত্তদা', ট 'মন্যুমানভবত্তদা'। ৪। ঙ 'তদ্বিলং প্রবিদারিতম্'। ৫। ট '-স্তু'। ৬। ট 'বিক্রম্য'। ৭। ক 'তত্র তেনাস্মি'। ৮। ঘ-ট '-ক্রুদ্ধো'। ৯। ট '-তাপি চ'। ১০। গ '-তং'। ১১। ঙ '-সোদরম্'।

এবমুক্ত্বা তু মাং তত্র বস্ত্রেণৈকেন বানরঃ।
তদা[1] নিষ্ক্রাময়ামাস বালী বিগতসাধ্বসঃ॥ ২৩॥
ইত্থং তেনাস্মি নিকৃতো[2] বহুশো রঘুনন্দন।
হৃতদারো হৃতশ্রীকো[3] লূনপক্ষ ইব দ্বিজঃ॥ ২৪॥
মদ্বধে কৃতবুদ্ধিশ্চ বিনিঃসৃত্য গুহামুখাৎ।
ত্রাসয়ামাস[4] মাং বালী বৃক্ষমুদ্যম্য[5] দারুণম্॥ ২৫॥

২৩। লো-টী। বস্ত্রেণৈকেন বিশিষ্টম্।

২২। টিপ্পনী। রাজ্যং প্রার্থয়তা অভিলষতা এতেন সুগ্রীবেণাহং তদা সংরুদ্ধঃ অস্মি আসম্।

২৩। টিপ্পনী। বিগতসাধ্বসস্ত্যক্তভয়ো বালী একেন বস্ত্রেণ যুক্তং মাং রাজ্যাদ্ নিষ্ক্রাময়ামাস নির্ব্বাসয়ামাস। একেন বস্ত্রেণেতি অন্যৎ সর্ব্বং মম হৃতমিত্যর্থঃ। তিঃ।

২৪। টিপ্পনী। তেন অহং বহুশ আত্যন্তিকভাবেন নিকৃতো বঞ্চিতঃ অস্মি আসম্। অধুনাহং হৃতদারঃ হৃতশ্রীকো হৃতসম্পচ্চ সন্ লূনপক্ষশ্ছিন্নপক্ষঃ দ্বিজো বিহঙ্গ ইব বর্ত্তে।

২৫। টিপ্পনী। কৃতবুদ্ধিঃ কৃতনিশ্চয়ঃ। উদ্যম্য উত্তোল্য।

আমি [পাদপ্রহারোৎপন্ন] সেই রন্ধ্রে নিষ্ক্রান্ত হইয়া যে পথে গমন করিয়াছিলাম সেই পথে এই স্থানে আগমন করিয়াছি॥ ২১॥

রাজ্যলোলুপ সেই এই নৃশংস সুগ্রীব ভ্রাতৃসৌহৃদ্য বিস্মৃত হইয়া তখন আমাকে অবরুদ্ধ করিয়াছিল॥ ২২॥

সভামধ্যে এইরূপ বলিয়া বিগতভয় বানর বালী আমাকে একবস্ত্রে তৎক্ষণাৎ [রাজ্য হইতে] বহিষ্কৃত করিয়া দিল॥ ২৩॥

হে রঘুনন্দন, আমি এইরূপে তৎকর্ত্তৃক একান্তভাবে বঞ্চিত হইয়াছি; [এক্ষণে] হৃতদার হৃতসম্পৎ আমি ছিন্নপক্ষ বিহঙ্গের ন্যায় হইয়াছি॥ ২৪॥

আমার বধে কৃতনিশ্চয় বালী গুহামুখ হইতে বহির্গত হইয়া ভীষণ বৃক্ষ উত্তোলিত করত আমাকে ভয় দেখাইত॥ ২৫॥

১। ক 'ততো', ঘ 'নিষ্ক্রাময়ামাস তদা'। ২। ট 'নিক্রান্তো', ণ 'বিকৃতো'। ৩। ঘ 'হৃত'। ৪। ছ-ট-ণ 'ভ্রাময়ামাস'। ৫। ছ '-মুৎপাট্য'।

তদ্‌ভয়াচ্চ ময়া সর্ব্বা পৃথিবী সাগরাম্বরা।
পর্ব্বতৈশ্চ সমাকীর্ণা চরিতা রঘুনন্দন ॥ ২৬ ॥
[১]ততোঽহ[২]মেতং শৈলেন্দ্র[৩]মৃষ্যমূকমুপাগতঃ।
[৪]কারণান্তরাদ্দুর্ধর্ষঃ শৈলং বালী ব্য[৫]বর্জ্জয়ৎ ॥ ২৭ ॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং বৈরস্যাগমনং মহৎ।
অনাগসা ময়া [৬]প্রাপ্তঃ [৭]পশ্য রাঘব [৮]সংশয়ঃ ॥ ২৮ ॥

২৬। লো-টী। সাগরোঽম্বরং বেষ্টনরূপং যস্যাঃ সা চরিতা ভ্রান্তা।

২৭। লো-টী। কারণান্তরাৎ কারণবিশেষাৎ। 'কারণাদ্ যেনে'তি পাঠে কারণাদ্ ঋষ্যমূকমুপাগতঃ, যেন কারণেন।

২৮। লো-টী। 'প্রাপ্তঃ পশ্য রাঘব সংশয়ঃ' ইত্যত্র বাক্যার্থঃ কর্ম্ম। 'প্রাপ্তঃ পশ্য রাঘব সংশয়ম্' ইতি বা পাঠঃ।

২৬। টিপ্পনী। সাগরাম্বরা সাগরৈর্বেষ্টিতা পর্ব্বতৈশ্চ সমাকীর্ণা পৃথিবী ময়া চরিতা বিচরিতা।

২৭। টিপ্পনী। কারণান্তরাদ্ মতঙ্গশাপরূপকারণবিশেষাৎ। 'প্রবিষ্টোঽস্মি দুরাধর্ষং বালিনঃ কারণান্তরে' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১০।২৮)।

২৮। টিপ্পনী। বৈরস্য শত্রুতায়া আগমনং কারণম্। অনাগসা অপরাধরহিতেন ময়া সংশয়ঃ মরিষ্যামি ভবিষ্যামি বেতি সন্দেহঃ প্রাপ্তঃ, ইতি পশ্য।

হে রঘুনন্দন, তাহার ভয়ে আমি সাগরাম্বরা (সাগরবেষ্টিতা) পর্ব্বত-সমাকীর্ণা সমগ্রা পৃথিবী পরিভ্রমণ করিয়াছি ॥ ২৬ ॥

অতঃপর আমি শৈলশ্রেষ্ঠ ঋষ্যমূকে উপস্থিত হইয়াছি। দুর্দ্ধর্ষ বালী কারণবিশেষে (অর্থাৎ মতঙ্গশাপে) [এই] পর্ব্বত বর্জ্জন করিয়াছে ॥ ২৭ ॥

এই [আমি] তোমার নিকট শত্রুতা হওয়ার বিস্তৃত কারণ বলিলাম। হে রাঘব, দেখ, নিরপরাধ আমি [জীবন-] সংশয় প্রাপ্ত হইয়াছি ॥ ২৮ ॥

১। অস্য শ্লোকস্য স্থানে ণ-পুস্তকে 'ঋষ্যমূকং গিরিবরং ভার্য্যাহরণকর্ষিতঃ। প্রবিষ্টোঽস্মি দুরাধর্ষং বালিনঃ কারণান্তরে॥' ইতি পাঠঃ। ২। ধ '-তচ্'। ৩। ঙ '-কং সমা-'। ৪। ঘ 'কারণার্থেন দুর্দ্ধর্ষঃ', ঙ 'কারণাত্তু স্থ-দুর্দ্ধর্ষং', ছ 'কারণান্তরদুর্দ্ধর্ষং'। ৫। ঢ '-সর্জ্জত'। ৬। ঙ-ঢ-ণ 'প্রাপ্তং'। ৭। ঙ-ণ 'ব্যসনং পশ্য রাঘব'। ৮। চ '-য়ম্'।

[1]বালিত্রাসাদিহার্ত্তস্য কৃচ্ছ্র[2]প্রাণস্য রাঘব।
কর্ত্তু[3]মর্হসি মে বীর প্রসাদং তস্য নিগ্রহে ॥ ২৯ ॥
এবমু[4]ক্তঃ স [5]তেজস্বী সুগ্রীবেণ পরন্তপঃ।
[6]আশ্বাসয়িতুমারেভে সুগ্রীবং [7]রঘুনন্দনঃ ॥ ৩০ ॥
অমোঘাঃ সূর্য্যসঙ্কাশা [8]মমৈতে নিশিতাঃ শরাঃ।
তস্মিন্ বালিনি সুগ্রীব পতিষ্যন্তি ময়েরিতাঃ ॥ ৩১ ॥
যাবত্তং [9]নহি [10]পশ্যেয়ং তব ভার্য্যাপহারিণম্।
তাব[11]জ্জীবেৎ স দুষ্টাত্মা বালী [12]চারিত্রদূষকঃ ॥ ৩২ ॥

২৯। লো-টী। জরমাণস্য সন্তপ্তস্য। 'কৃচ্ছ্রপ্রাণস্যে'ত্যপি পাঠঃ। জ্বরস্য সন্তাপ-স্যাপনয়ং নাশম্।

৩২। লো-টী। চারিত্রাং সদ্‌বৃত্তম্।

২৯। টিপ্পনী। কৃচ্ছ্রপ্রাণস্য কৃচ্ছ্রাঃ কষ্টদায়কাঃ প্রাণা জীবনং যস্য তস্য। নিগ্রহে দণ্ডবিষয়ে প্রসাদম্ অনুগ্রহং কর্ত্তুমর্হসি।

৩১। টিপ্পনী। অমোঘা নৈষ্ফল্যরহিতাঃ। ময়া ঈরিতা নিক্ষিপ্তা নিশিতাস্তীক্ষ্ণাঃ শরাঃ।

৩২। টিপ্পনী। চারিত্রদূষকঃ সদাচারবিলঙ্ঘী। চারিত্রদূষকো মর্য্যাদাবিঘাতকঃ। শিরোঃ।

হে বীর রাঘব, বালীর ভয়ে পীড়িত কৃচ্ছ্রপ্রাণ (যাহার জীবন কষ্টদায়ক ঈদৃশ) আমার প্রতি তুমি বালীর নিগ্রহে (দণ্ডবিষয়ে) অনুগ্রহ কর ॥ ২৯ ॥

সুগ্রীবকর্ত্তৃক এইরূপ অভিহিত হইয়া তেজস্বী, শত্রুসন্তাপকারী রঘুনন্দন রাম সুগ্রীবকে আশ্বাস প্রদান করিতে আরম্ভ করিলেন— ॥ ৩০ ॥

হে সুগ্রীব, অমোঘ, সূর্য্যতুল্য [তেজস্বী], আমার এই সকল তীক্ষ্ণ বাণ মৎকর্ত্তৃক নিক্ষিপ্ত হইয়া সেই বালীর উপরে পতিত হইবে ॥ ৩১ ॥

১। গ 'বালিনো হি ভয়ার্ত্তস্য সর্ব্বলোকভয়াপহ'। ২। ঘ '-প্রাপ্তস্য'। ৩। ঘ-ঢটি 'তস্য পাপস্য নিগ্রহম্', ঙ-ছ-ঢ 'জ্বরস্তাপনয়ং বিভো'। ৪। ছ '-ক্তস্তু'। ৫। গ 'ধর্ম্মজ্ঞো ধর্ম্মসংহিতম্'। ৬। গ 'বচনং বক্তুমারেভে'। ৭। গ 'প্রহসন্নিব'। ৮। ঙ-ছ 'মমেমে'। ৯। ছ-গ 'হি ন'। ১০। ঙ 'পশ্যামি', ঢ 'পশ্যেঽহং'। ১১। ঙ '-ম্রেত'। ১২। ঢ 'চরিত্র-'।

আত্মানুমানাজ্জানামি মগ্নং ত্বাং শোকসাগরে।
অদ্য বালিনি মোক্ষ্যামি রাবণে[1] ক্রোধমাগতম্[2] ॥ ৩৩ ॥
স[3] তু তদ্বচনং শ্রুত্বা রাঘবস্যাত্মনো[4] হিতম্।
সুগ্রীবঃ পরমপ্রীতঃ[5] পুনর্ব্বচনমব্রবীৎ ॥ ৩৪ ॥
আসীন্মহাসুরঃ পূর্ব্বং দুন্দুভির্নাম রাঘব।
বলং নাগসহস্রস্য ধারয়ামাস[6] বীর্য্যবান্ ॥ ৩৫ ॥

৩৩। লো-টী। রাবণে মম যঃ ক্রোধ আগতস্তম্।

৩৩। টিপ্পনী। আত্মানুমানাৎ স্বদৃষ্টান্তানুমানরূপপ্রমাণতঃ। শিরোঃ। অয়ং শোকাব্ধিমগ্নো রিপুহৃতদারত্বাৎ মদ্বদিত্যনুমানম্। তিঃ। আত্মানুমানাৎ আত্মবৎ সর্ব্বভূতানীতি ন্যায়াৎ। গোঃ রাঃ। রাবণে আগতং সমুৎপন্নং ক্রোধং বালিনি মোক্ষ্যামি ত্যক্ষ্যামি।

৩৪। টিপ্পনী। আত্মনঃ স্বস্য হিতং হিতকরং বচনং শ্রুত্বা সুগ্রীবঃ পুনরব্রবীৎ।

৩৫। টিপ্পনী। নাগা হস্তিনঃ।

যাবৎ পর্য্যন্ত তোমার ভার্য্যাপহারী বালীকে দেখিতে না পাইব, তাবৎকাল পর্য্যন্ত[-ই] সদাচারদূষক দুষ্টাত্মা বালী জীবিত থাকিবে (অর্থাৎ দেখিবামাত্রই আমি তাহাকে মারিয়া ফেলিব) ॥ ৩২ ॥

আত্মানুমানে (অর্থাৎ নিজে যাহাতে দৃষ্টান্ত ঈদৃশ অনুমানে) তোমাকে শোকসাগরে মগ্ন বলিয়া বুঝিতেছি। রাবণে আমার যে ক্রোধ সমুৎপন্ন হইয়াছে, তাহা অদ্য বালীর প্রতি পরিত্যাগ করিব ॥ ৩৩ ॥

আত্মহিতকর রামচন্দ্রের [অভিহিত] তাদৃশ বাক্য শ্রবণ করিয়া নিরতিশয় প্রীত সেই সুগ্রীব পুনর্ব্বার [এই] বাক্য বলিলেন— ॥ ৩৪ ॥

হে রঘুনন্দন, পূর্ব্বে দুন্দুভিনামক বীর্য্যবান্ [এক] মহাসুর ছিল। সে হস্তিসহস্রের বল ধারণ করিত ॥ ৩৫ ॥

১। ক-ছ-ট-ণ 'রাবণক্রোধ-', ঙ 'দারুণং'। ২। অতঃ পরং ণ-পুস্তকে কাচিৎ ... দৃশ্যতে। ৩। ঙ 'ইতি'। ৪। ণ '-স্য মহাত্মনঃ'। ৫। ক 'শঙ্কয়াবিষ্টঃ'। ৬। ক 'ধারয়ংশ্চ স'।

বীর্য্যোৎসেকেন[1] দুষ্টাত্মা বরদানাচ্চ[2] মোহিতঃ।
স[3] জগাম মহাবাহুঃ সমুদ্রং সরিতাং পতিম্ ॥ ৩৬ ॥
ঊর্ম্মিমন্তং সমাসাদ্য সাগরং মকরালয়ম্।
মম যুদ্ধং প্রযচ্ছেতি স উবাচ[4] মহার্ণবম্ ॥ ৩৭ ॥
ততঃ সমুদ্রো ধর্ম্মাত্মা সমুত্থায় মহাস্বনঃ।
অব্রবীদ্ বচনং দৈত্যং রাম কালপ্রচোদিতম্[5] ॥ ৩৮ ॥
ন তে দাতুং সমর্থোঽহং যুদ্ধং যুদ্ধবিশারদ।
শ্রূয়তামভিধাস্যামি[6] যেন যুদ্ধং তব ক্ষমম্ ॥ ৩৯ ॥

৩৬। লো-টী। বীর্য্যেণ তেজসা সামর্থ্যেন বা উৎসুকো রণোৎসাহবান্।

৩৬। টিপ্পনী। বীর্য্যোৎসেকেন পরাক্রমগর্ব্বেণ। বরদানাদিতি, তদুক্তৈব বরদানাদিবৃত্তান্তঃ প্রাক্তনানুসন্ধেয়ঃ। সরিতাং নদীনাং পতিম্।

৩৭। টিপ্পনী। ঊর্ম্মিমন্তং তরঙ্গশালিনং সাগরং সমাসাদ্য প্রাপ্য।

৩৮। টিপ্পনী। সমুত্থায় পুরুষবেশেনোত্থায়। গোঃ রাঃ। কালপ্রচোদিতং কালেন মৃত্যুনা প্রচোদিতং প্রেরিতম্।

৩৯। টিপ্পনী। যেন সহ তব যুদ্ধং ক্ষমং যোগ্যম্।

বিশালবাহুবিশিষ্ট দুষ্টস্বভাব অসুর বলদর্পে ও বরদানে মোহিত হইয়া নদীপতি সমুদ্রের নিকট গমন করিল ॥ ৩৬ ॥

তরঙ্গশালী মকরালয় সমুদ্রের নিকট উপস্থিত হইয়া [সেই] অসুর 'আমাকে যুদ্ধ প্রদান কর' মহার্ণবকে ইহা বলিল ॥ ৩৭ ॥

রাম, অতঃ পর ধর্ম্মাত্মা মহাশব্দবিশিষ্ট সমুদ্র [পুরুষরূপে] উত্থিত হইয়া কালপ্রেরিত [সেই] দৈত্যকে [এই] বাক্য বলিলেন—॥৩৮ ॥

হে যুদ্ধবিশারদ, তোমাকে যুদ্ধদান করিতে আমি সমর্থ নহি। যাহার সহিত তোমার যুদ্ধ উপযুক্ত, [তাহার কথা] বলিতেছি, শ্রবণ কর ॥ ৩৯ ॥

১। ক-ঘ-ঙ '-র্য্যোৎসুকঃ স', ছ '-র্য্যোৎসেকঃ স'। ২। চ '-নাত্তু', ণ '-নেন'। ৩। ক 'আজগাম', ছ 'জগাম স'। ৪। ণ 'চোবাচ'। ৫। ণ '-প্রদেশিতম্'। ৬। ণ 'জ্ঞায়তা-'।

শৈলরাজো মহারণ্যে[১] তপস্বিশরণং মহান্।
শঙ্করশ্বশুরো নাম্না হিমবানিতি বিশ্রুতঃ ॥ ৪০ ॥
গুহাপ্রস্রবণোপেতো বহুকন্দরনির্ঝরঃ।
স সমর্থস্তব প্রীতিমতুলাং[২] কর্ত্তুমাহবে ॥ ৪১ ॥
তমশক্তমিতি জ্ঞাত্বা সমুদ্রমসুরোত্তমঃ।
হিমবদ্বনমাগচ্ছচ্ছরশ্চাপাদিব চ্যুতঃ[৩] ॥ ৪২ ॥
[৪]ততস্তস্য গিরেঃ শ্বেতা গজেন্দ্রপ্রতিমাঃ শিলাঃ।
চিক্ষেপ বহুধা ভূমৌ দুন্দুভির্বিননাদ চ[৫] ॥ ৪৩ ॥
[৬]যুদ্ধং প্রযচ্ছ মে শীঘ্রং পর্ব্বতেন্দ্র মহাবল।
সমুদ্রেণ সমাখ্যাতস্ত্বং বৈ যুদ্ধবিশারদঃ ॥ ৪৪ ॥

৪০। লো-টী। তপস্বিনাং শরণমাশ্রয়ঃ। শুরুঃ শ্বশুরঃ। 'শঙ্করশ্বশুর' ইতি পাঠঃ কচিৎ।

৪১। লো-টী। গুহা দেবখাতবিলং পাষাণসন্ধির্বা। প্রস্রবণম্, কন্দরো দরী।

৪১। টিপ্পনী। আহবে যুদ্ধে।

৪২। টিপ্পনী। চাপাদ ধনুষশ্চ্যুতো নিক্ষিপ্তো বাণ ইব।

৪৩। টিপ্পনী। বহুধা বহুবারান্। গজেন্দ্রপ্রতিমা ঐরাবতসদৃশাঃ। বহুধা অনেকপ্রকারাঃ শ্বেতাঃ শিলাঃ। শিরোঃ।

মহারণ্যে তপস্বিগণের আশ্রয়, মহাদেবের শ্বশুর, গুহা ও প্রস্রবণসমন্বিত, বহু কন্দর ও নির্ঝরবিশিষ্ট, 'হিমবান্' এই নামে বিশ্রুত বিশাল পর্ব্বতশ্রেষ্ঠ আছেন, তিনি যুদ্ধে তোমার অনুপম প্রীতিসম্পাদন করিতে সমর্থ ॥ ৪০-৪১ ॥

অসুরশ্রেষ্ঠ [দুন্দুভি] সমুদ্রকে [যুদ্ধে] অসমর্থ জানিয়া চাপচ্যুত বাণের ন্যায় [তীব্রবেগে] হিমালয়ের বনে আগমন করিল ॥ ৪২ ॥

অতঃপর দুন্দুভি সেই পর্ব্বতের গজেন্দ্রতুল্য শ্বেত শিলাসমূহ বারবার ভূমিতে নিক্ষেপ করিতে লাগিল ও [এই বলিয়া] চীৎকার করিতে লাগিল—॥৪৩॥

১। ঘ '-রণ্যে'। ২। ঙ '-তুলং'। ৩। ঘ '-গচ্ছন্নানাপাদপশোভিতম্'। ৪। গ 'ততো মহাগিরৌ তস্মিন্নগেন্দ্রপ্রতিমাঃ'। ৫। ঘ-ঙ 'হ'। ৬। গ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি।

ততো[১] হিমধরো[২] ধীরঃ[৩] সৌম্যঃ প্রতিভয়াকৃতিম্[৪]।
হিমবানব্রবীদ্ বাক্যং দুন্দুভিং দানবর্ষভম্ ॥ ৪৫ ॥
অবদারয়িতুং বীর[৫] ন ত্বমর্হসি মামিহ[৬]।
অশক্তোঽস্মি রণোদ্ধর্ষে[৭] তপস্বিশরণং হ্যহম্[৮] ॥ ৪৬ ॥
তস্য তদ্ বচনং শ্রুত্বা গিরিরাজস্য দানবঃ।
উবাচ দুন্দুভির্ব্বাক্যং[৯] ক্রোধসংরক্তলোচনঃ ॥ ৪৭ ॥

৪৫। লো-টী। প্রতিভয়ং ভয়ং তদ্রূপা(?) আকৃতিঃ শরীরং যস্য তম্।

৪৬। লো-টী। অবদারয়িতুং নাশয়িতুং যোধয়িতুং বা। ইহ রণোদ্‌যোগে রণকর্ম্মণি। 'রণোদ্ধর্ষে' ইতি পাঠে রণং প্রতি উদ্গতো হর্ষস্তস্মিন্।

৪৪। টিপ্পনী। যুদ্ধবিশারদস্ত্বং সমুদ্রেণ সমাখ্যাতঃ সমুদ্রস্তব যুদ্ধবিশারদত্বং মহ্যমুক্তবানিত্যর্থঃ।

৪৫। টিপ্পনী। প্রতিভয়াকৃতিং ভয়ঙ্করাকৃতিম্। দানবর্ষভং দানবশ্রেষ্ঠম্।

৪৬। টিপ্পনী। রণোদ্ধর্ষে রণপ্রাগল্‌ভ্যে রণবিষয়কম্ উৎসাহমবলম্বিতুমিত্যর্থঃ ; হি যতোঽহং তপস্বিশরণং তপস্বিনাম্ আশ্রয়স্থানম্।

হে মহাবল পর্ব্বতেন্দ্র, আমাকে শীঘ্র যুদ্ধ প্রদান কর। যুদ্ধবিশারদ তোমার কথা সমুদ্র [আমার নিকট] বলিয়াছে ॥ ৪৪ ॥

অতঃপর ধীর সৌম্য হিমধর হিমালয় ভয়ঙ্করাকৃতি দানবশ্রেষ্ঠ দুন্দুভিকে [এই] বাক্য বলিলেন—॥ ৪৫ ॥

হে বীর, তুমি ইদানীং আমাকে বিদারিত করিও না। • যুদ্ধবিষয়ে উৎসাহ অবলম্বন করিতে আমি সমর্থ নহি, যেহেতু আমি তপস্বীদিগের আশ্রয় ॥ ৪৬ ॥

সেই পর্ব্বতশ্রেষ্ঠের তাদৃশ বাক্য শ্রবণ করিয়া ক্রোধে রক্তনেত্র দানব দুন্দুভি [এই] বাক্য বলিল—॥ ৪৭ ॥

১। ঢ 'তচ্চ হেমধরাকারঃ সৌম্যঃ প্রতিভয়দ্যুতিঃ'। ২। ঙ-ছ-ণ 'হিমকরাকারঃ'। ৩। ঙ 'ধীরং'। ৪। ঙ-ছ '-কৃতিঃ'। ৫। 'ঢ 'বীরো'। ৬। ঘ '-মিতি'। ৭। ঘ 'বলোৎকর্ষে', ছ 'রণে যোদ্ধুং', ণ 'রণোৎকর্ষে'। ৮। ঘ-ছ '-ণো', ণ '-ণোঽস্ম্যহম্'। ৯। ণ 'দানবো বাক্যং'।

যুদ্ধে যদ্যসমর্থ[1]স্ত্বং যদি[2] বাসি নিরুদ্যমঃ।
তমাচক্ষ্ব প্রদদ্যান্মে[3] যোঽদ্য যুদ্ধং[4] যুযুৎসবে[5] ॥ ৪৮ ॥

ততো গিরিবরো দধ্যৌ কেনোপায়েন দুন্দুভিম্।
ন পশ্যে[6]য়ং রণে কোঽস্য ভবেদভিমুখো নরঃ ॥ ৪৯ ॥

মুহূর্ত্ত[7]মিব স[8] ধ্যাত্বা হিমবানথ বালিনম্।
জগাম মনসা শৈলো দুন্দুভে[9]র্জ্জীবনাশনম্ ॥ ৫০ ॥

হিমবাং[10]স্তু সুসংরব্ধ ইদং বচনমব্রবীৎ।
অনুক্তপূর্ব্বং ধর্ম্মাত্মা ক্রোধাত্তমসুরো[11]ত্তমম্ ॥ ৫১ ॥

৪৯। লো-টী। ন পশ্যেয়ং ন পশ্যামি ইতি দধ্যৌ। অস্য দুন্দুভে রণে কো নরঃ প্রাণী অভিমুখে সম্মুখে ভবেদ্ ইতি চ ধ্যাত্বা। 'অভিমুখ' ইত্যপি ক্বচিৎ পাঠঃ।

৫১। লো-টী। অসামর্থ্যসূচকত্বাদনুক্তপূর্ব্বম্।

৪৮। টিপ্পনী। যদি অসমর্থঃ যদি বা নিরুদ্যমঃ ভয়াদ্ যুদ্ধোদ্যমরহিতঃ। যুযুৎসবে যুদ্ধাভিলাষিণে মহ্যং যো যুদ্ধং প্রদদ্যাৎ তমাচক্ষ্ব ব্রূহি।

৪৯। টিপ্পনী। দধ্যৌ চিন্তয়ামাস। কো নরঃ অস্য দুন্দুভেরভিমুখঃ রণে সম্মুখীনো ভবেৎ।

যদি তুমি যুদ্ধে অসমর্থ [হও] অথবা যদি [ভয়ে] নিরুদ্যম হও [তবে], তাহার বিষয় বল, যে যুদ্ধাভিলাষী আমাকে অদ্য যুদ্ধ প্রদান করিবে ॥ ৪৮ ॥

অতঃপর গিরিবর চিন্তা করিতে লাগিলেন—'কি উপায়ে আমি রণে দুন্দুভিকে দর্শন না করিয়া পারি [এবং কোন্ মনুষ্য [রণে] ইহার সম্মুখবর্ত্তী হইতে পারে' ॥ ৪৯ ॥

অতঃপর সেই পর্ব্বত হিমালয় মুহূর্ত্তমাত্র চিন্তা করিয়া দুন্দুভির প্রাণনাশ-সমর্থ বালীকে স্মরণ করিলেন ॥ ৫০ ॥

১। ঘ 'যদ্যসাকামস্ত্বং'। ২। ঙ 'ভয়াদ্বাসি', ণ 'ভয়াচ্চাপি'। ৩। ঙ 'যোঽদ্যো', ছ 'যো বৈ যুদ্ধং প্রযুধ্যতঃ'। ৪। ট 'প্রযচ্ছতি'। ৫। খ '-সবঃ'। ৬। ট '-শ্যেহহং'। ৭। ট-ণ 'স মুহূর্ত্তমিব ধ্যাত্বা'। ৮। ঙ 'সংধ্যাত্বা'। ৯। ক 'দুন্দুভিকেদমব্রবীৎ'। ১০। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ১১। ঙ '-সুরেশ্বরম্'।

দুন্দুভে যুদ্ধদানায় নাহং প্রতিবলস্তব।
দত্তং যুদ্ধং তদপ্যাহুর্যং[১] সম্যগুপদিশ্যতে ॥ ৫২ ॥
বালী নাম মহাপ্রাজ্ঞঃ[২] শক্রতুল্যপরাক্রমঃ।
অধ্যাস্তে বানরঃ শ্রীমান্ কিষ্কিন্ধ্যামতুলপ্রভঃ ॥ ৫৩ ॥
স সমর্থো মহাপ্রাজ্ঞস্তব যুদ্ধবিশারদঃ।
দ্বন্দ্বযুদ্ধং[৩] মহদ্[৪] দাতুং নমুচেরিব বাসবঃ ॥ ৫৪ ॥
তং শীঘ্রমভিগচ্ছ[৫] ত্বং যদি মৃত্যুত্বরা তব।
স হি দুর্ধর্ষণো বালী নিত্যং সমরকর্ম্মসু[৬] ॥ ৫৫ ॥

৫২। লো-টী। 'দাতুং যুদ্ধম্' ইতি ব্যাখ্যাতম্ (৪।৮।১০)।

৫৫। লো-টী। মৃত্যবে ত্বরা মৃত্যুত্বরা। 'মর্ত্তুং ত্বরা' ইত্যপি ক্বচিৎ পাঠঃ।

৫১। টিপ্পনী। সুসংরব্ধোঽতিক্রুদ্ধঃ। অনুক্তপূর্ব্বম্ ইতঃ পূর্ব্বং ভয়াৎ কেনাপ্যস্মৈ অনুক্তম্।

৫২। টিপ্পনী। এষ শ্লোকঃ প্রাগ্ ব্যাখ্যাতঃ (৪।৮।১০)।

৫৩। টিপ্পনী। অতুলপ্রভোঽনুপমতেজঃসম্পন্নঃ।

অতিক্রুদ্ধ ধর্ম্মাত্মা হিমালয় ক্রোধবশতঃ সেই অসুরশ্রেষ্ঠকে অনুক্তপূর্ব্ব (যাহা ভয়ে পূর্ব্বে তাহাকে কেহ বলে নাই ঈদৃশ) এই বাক্য বলিলেন—॥ ৫১ ॥

হে দুন্দুভে, আমি তোমাকে যুদ্ধদান করিতে সমর্থ নহি। [তবে] যুদ্ধ বিষয়ে যে সম্যক্ উপদেশ দেওয়া হয় তাহাকেও যুদ্ধ দেওয়া বলা হয় ॥ ৫২ ॥

ইন্দ্রতুল্যপরাক্রম মহাপ্রাজ্ঞ শ্রীমান্ অনুপমতেজঃসম্পন্ন বালিনামক [এক] বানর কিষ্কিন্ধ্যায় বাস করে ॥ ৫৩ ॥

ইন্দ্র যেরূপ নমুচিকে যুদ্ধদান করিয়াছিলেন, সেইরূপ সেই মহাপ্রাজ্ঞ যুদ্ধবিশারদ তোমাকে দ্বন্দ্বযুদ্ধ প্রদান করিতে সমর্থ ॥ ৫৪ ॥

১। খ ঙ '-যঃ'। ২। ক '-বাহুঃ'। ৩। খ 'স তু'। ৪। ক-চ 'মহান্', ঙ 'অহং জ্ঞাতুং'। ৫। ঘ '-মব-'। ৬। গ '-র্ম্মণি'।

কিষ্কিন্ধ্যাং সমুপাগম্য[১] হেমমালিগুহাং শুভাম্।
চরন্ মধুবনে তস্য মধু সর্ব্বং বিনাশয় ॥ ৫৬ ॥
স যুদ্ধতৃষ্ণাং কুপিতস্তবে[২]মা[৩]মপনেষ্যতি।
ন হি জাতু তমাসাদ্য[৪] জীবন্ প্রতিগমিষ্যসি ॥ ৫৭ ॥
স বিনদ্য[৫] মহানাদং দুন্দুভির্ব্বিজিগীষয়া।
জিতমেব তদা মেনে[৬] বালিনং বলদর্পিতঃ[৭] ॥ ৫৮ ॥
ততঃ শ্রুত্বা হিমবতঃ পর্ব্বতেন্দ্রস্য দুন্দুভিঃ[৮]।
জগাম তাং পুরীং রম্যাং কিষ্কিন্ধ্যাং বালিপালিতাম্ ॥ ৫৯ ॥
ধারয়ন্ মাহিষং[৯] রূপং তীক্ষ্ণশৃঙ্গো ভয়াবহঃ।
প্রাবৃষীব মহামেঘস্তোয়পূর্ণো নভস্তলে ॥ ৬০ ॥

৬০ লো-টী। ধারয়ন্ বিভ্রৎ। কৃষ্ণবর্ণাংশে দৃষ্টান্তঃ—প্রাবৃষীবেতি।

৫৫-৫৭। টিপ্পনী। এতে শ্লোকাঃ প্রাগ্ ব্যাখ্যাতাঃ (৮।১১—১৩)।
৫৯-৬০। টিপ্পনী। হিমবতঃ হিমালয়স্য শ্রুত্বা বাক্যমিতি শেষঃ, প্রাবৃষি বর্ষাকালে

যদি মৃত্যুর জন্য তোমার ব্যগ্রতা উপস্থিত হইয়া থাকে, তবে তুমি শীঘ্র তাহার নিকট গমন কর। সেই বালী সমরকার্য্যে সর্ব্বদাই দুর্দ্ধর্ষ ॥ ৫৫ ॥

তুমি হেমমালী পর্ব্বতের সুন্দর গুহা কিষ্কিন্ধ্যায় উপস্থিত হইয়া তাহার মধুবনে বিচরণ করিতে করিতে সমস্ত মধু নষ্ট করিতে থাক ॥ ৫৬ ॥

সে কুপিত হইয়া তোমার এই যুদ্ধতৃষ্ণা অপনীত করিবে। তাহার নিকট [যুদ্ধার্থ] উপস্থিত হইয়া তুমি জীবিতাবস্থায় ফিরিয়া আসিতে পারিবে না ॥ ৫৭ ॥

বলদর্পিত দুন্দুভি বিজয়াভিলাষে উচ্চৈঃস্বরে চীৎকার করিয়া তখন বালীকে পরাজিত বলিয়াই মনে করিল ॥ ৫৮ ॥

১। ক 'ত্বমু-'। ২। চ '-স্তবৈত্তা-'। ৩। ঙ '-মুপ-'। ৪। ণ 'সমাসাদ্য'। ৫। ঙ 'ননাদ'।
৬। ঘ 'প্রহৃষ্টো বিজিতং মেনে'। ৭। ধ-ণ '-দর্পিতম্'। ৮। অতঃ পরং ছ-পুস্তকে 'ন হি জাতু তমাসাদ্য দুন্দুভিঃ।' ইত্যধিকম্। ৯। ঙ 'মহিষং'।

স নিষ্পীড্য[1] মহাদ্বারং কিষ্কিন্ধ্যায়া[2] মহাবলঃ।
ননর্দ্দ কম্পয়ন্ ভূমিং দুন্দুভির্বিজিগীষয়া ॥ ৬১ ॥
সমীপজান্[3] দ্রুমান্ ভঞ্জন্ বসুধাং দারয়ন্ খুরৈঃ[4]।
শৃঙ্গাভ্যামালিখন্[5] দর্পাৎ[6] তদ্দ্বারং[7] দ্বিরদো যথা ॥ ৬২ ॥
তন্তু[9] মেঘপ্রতীকাশং নর্দ্দন্তঞ্চ[8] ভয়াবহম্[9]।
দুন্দুভিং দানবশ্রেষ্ঠং ন কশ্চিৎ[10] প্রত্যষেধয়ৎ ॥ ৬৩ ॥

৬১। লো-টী। নিষ্পীড্য ভঙ্‌ক্ত্বা।

নভস্তলে নভোমণ্ডলে পরিদৃশ্যমানস্তোয়পূর্ণো মহামেঘ ইব কৃষ্ণবর্ণো দুন্দুভির্মাহিষং রূপং ধারয়ন্ তীক্ষ্ণশৃঙ্গো ভয়াবহশ্চ ভূত্বা তাং পুরীং জগামেত্যন্বয়ঃ।

৬১-৬২। টিপ্পনী। মহাদ্বারং সিংহদ্বারং নিষ্পীড্য আঘাতেন নিঃশেষং পীড়য়িত্বা। তদ্দ্বারং সিংহদ্বারং শৃঙ্গাভ্যাং দর্পাদ্ আলিখন্ বিদারয়ন্ দ্বিরদো যথা হস্তীব ননর্দ্দ বিননাদ।

৬৩। টিপ্পনী। মেঘপ্রতীকাশং মেঘবৎ কৃষ্ণবর্ণবিশিষ্টং ভয়াবহং যথা স্যাত্তথা নর্দ্দন্তং শব্দায়মানং তং কশ্চিন্ন প্রত্যষেধয়দ্ বারয়িতুং শশাক।

অতঃপর, পর্ব্বতশ্রেষ্ঠ হিমালয়ের বাক্য শ্রবণ করতঃ বর্ষাকালে নভোমণ্ডলে [পরিদৃশ্যমান] জলপূর্ণ মহামেঘের ন্যায় [কৃষ্ণবর্ণ] দুন্দুভি মাহিষের রূপ ধারণ-পূর্ব্বক তীক্ষ্ণশৃঙ্গবিশিষ্ট ও ভয়াবহ হইয়া সেই বালিপালিত রম্য কিষ্কিন্ধ্যা পুরীতে গমন করিল ॥ ৫৯-৬০ ॥

সেই মহাবীর দুন্দুভি বিজয়াভিলাষে কিষ্কিন্ধ্যার সিংহদ্বার [আঘাতে] নিপীড়িত করিয়া ভূমি কম্পিত করিয়া [দ্বার-] সমীপজাত বৃক্ষসমূহ ভগ্ন করিয়া খুরদ্বারা ভূমিতল বিদারিত করিয়া এবং শৃঙ্গদ্বয়দ্বারা সেই [সিংহ-]দ্বার ক্ষতবিক্ষত করিয়া দর্পবশতঃ হস্তীর ন্যায় চীৎকার করিতে লাগিল ॥ ৬১-৬২ ॥

মেঘতুল্য [কৃষ্ণবর্ণ] ভীষণরূপে চীৎকারকারী দানবশ্রেষ্ঠ সেই দুন্দুভিকে কেহ বারণ করিতে সমর্থ হয় নাই ॥ ৬৩ ॥

১। ঙ 'নিষ্পাত্ত মহাবাহুঃ'। ২। ঘ-ঙ-ঢ '-য়াং'। ৩। ক-ঘ-ছ '-গান্'। ৪। ণ 'নখৈঃ'। ৫। ঙ '-মলিখদ্'। ৬। ঢ 'দ্বারং দর্পাত্তু'। ৭। ঘ 'তদ্বলং'। ৮। ঘ 'তত্র'। ১০। ণ '-য়ন্তং'। ৯। ঢ 'মহাবলম্'। ১০। ঙ 'কিঞ্চিৎ'।

[১] [২]
তস্য বৈ রুবতো বালী শ্রুত্বা শব্দমমর্ষণঃ।
নিষ্পপাত সহ স্ত্রীভিস্তারাভিরিব চন্দ্রমাঃ ॥ ৬৪ ॥
[৩]
মদাব্যক্তাক্ষরপদং তমুবাচ স দুন্দুভিম্।
হরীণামীশ্বরো বালী সর্ব্বেষাং বনচারিণাম্ ॥ ৬৫ ॥
কিমর্থং নগরদ্বারমিদং রুদ্ধা বিনর্দ্দসি।
[৪]
দুন্দুভে বিদিতো মে ত্বং প্রাণান্ রক্ষ মহাসুর ॥ ৬৬ ॥

৬৪। লো-টী। রুবতঃ শব্দং কুর্ব্বতঃ।
৬৫। লো-টী। মদেন অব্যক্তম্ অস্ফুটম্ অক্ষরং বর্ণঃ পদং বর্ণসমূহশ্চ যস্য তম্।

৬৪। টিপ্পনী। অমর্ষণোঽসহনো বালী রুবতঃ শব্দং কুর্ব্বতস্তস্য শব্দং শ্রুত্বা তারাভিঃ সহ চন্দ্রমা ইব স্ত্রীভিঃ সহ নিষ্পপাত পুরান্নির্জগাম।

৬৫। টিপ্পনী। হরীণাং বানরাণাং ভল্লুকাদীনামন্যেষাং বনচারিণাম্ ঈশ্বরো বালী মদাব্যক্তাক্ষরপদং মদেন মত্ততাবশেন অব্যক্তানি অস্ফুটানি অক্ষরাণি যেষু তাদৃশানি পদানি যস্মিংস্তদ্ বাক্যমুবাচ। 'মিতং ব্যক্তাক্ষরপদং তমুবাচ স দুন্দুভিম্' ইতি পাশ্চাত্যাঃ (৪।১১।২৯)। ব্যক্তানি অক্ষরাণি যেষু তানি ব্যক্তাক্ষরাণি পদানি যস্মিন্ কর্ম্মণি তদ্ ব্যক্তাক্ষরপদমিতি ক্রিয়াবিশেষণম্। গোঃ বাঃ।

চীৎকারপরায়ণ দুন্দুভির [চীৎকার-] শব্দ শ্রবণ করিয়া ক্রোধান্বিত বালী তারাগণের সহিত চন্দ্রমার ন্যায় [তারাপ্রভৃতি] স্ত্রীগণের সহিত [গৃহ হইতে] নির্গত হইল ॥ ৬৪ ॥

নিখিল বানরগণের ও [ভল্লুকাদি অন্যান্য] বনচারিগণের অধিপতি সেই বালী দুন্দুভিকে মত্ততাবশতঃ অস্ফুটাক্ষরপদযুক্ত বাক্য (অর্থাৎ যে বাক্যে পদসমূহের অক্ষর স্পষ্টরূপে উচ্চারিত হয় না ঈদৃশ বাক্য) বলিল—॥ ৬৫ ॥

হে মহাসুর দুন্দুভে, কি জন্য এই নগরদ্বার অবরুদ্ধ করিয়া চীৎকার করিতেছ ? তোমাকে আমি জানি, [এক্ষণে নিজ] প্রাণ রক্ষা কর ॥ ৬৬ ॥

১। ঘ-পুস্তকে অয়ং শ্লোকঃ ষট্‌ষষ্টিতমঃ শ্লোকশ্চ ন স্তঃ, ঢ 'তস্যৈবং গর্জ্জতো'। ২। ঙ 'বৈ 'রমতো', ছ 'স্বৈরগতো', ণ 'বৈরগতো'। ৩। ঢ 'মুদা-'। ৪। ঘ 'মেঽসি'।

[1]তস্যৈতদ্বচনং শ্রুত্বা বানরেন্দ্রস্য বালিনঃ।
উবাচ দুন্দুভির্ব্বাক্যং ক্রোধসংরক্তলোচনঃ ॥ ৬৭ ॥
কিং ত্বং স্ত্রীসন্নিধৌ বীর শূর[2]বাক্যানি [3]মুঞ্চসি।
মম যুদ্ধং প্রযচ্ছ ত্বং ততো জ্ঞাস্যসি মে বলম্ ॥ ৬৮ ॥
অথবা মর্ষয়িষ্যামি ক্রোধম[4]দ্য নি[5]শামিমাম্।
[6]গৃহ্যতামুদয়ঃ স্বৈরং কামভোগেষু বানর ॥ ৬৯ ॥

৬৯। লো-টী। ইমাং নিশাং ব্যাপ্য ক্রোধং মর্ষয়িষ্যামি ক্ষমাং প্রাপয়িষ্যামি, ত্বয়া পুনরস্য অস্যাং নিশায়াং কামভোগেষু স্বৈরম্ উদয়োঽন্তো (?) গৃহ্যতাম্। 'স্বৈরং গতো ভোগেষু' ইতি পাঠঃ সার্ব্বজ্ঞঃ। উদয়ঃ সূর্য্যোদয়ো গৃহ্যতাং ময়া প্রতীক্ষ্যতাম্, যতস্ত্বং ভোগেষু স্ত্রীসুখেষু স্বৈরং গতঃ স্বেচ্ছয়া স্থিতঃ।

৬৮। টিপ্পনী। শূরবাক্যানি বীরোচিতানি বাক্যানি মুঞ্চসি উচ্চারয়সি।

৬৯। টিপ্পনী। মর্ষয়িষ্যামি সহিষ্যে নিগৃহীতং করিষ্যামীত্যর্থঃ। স্ত্রীসমূহগতো যুদ্ধায় নাহ্বাতব্য ইতি স্মৃত্বা পক্ষান্তরমাহ—অথবেতি। স্বৈরং কামভোগেষু উদয়স্তাবৎপর্য্যন্তং কালো মৎপ্রোক্তোঽবধির্গৃহ্যতাম্ উদয়পর্য্যন্তং ত্বাং প্রতীক্ষ ইত্যর্থঃ। তিঃ। কামভোগেষু উদয় আসক্তিঃ স্বৈরং গৃহ্যতাম্, এতেন নিশাবসানে কামাসক্তিং সন্ত্যজ্য ময়া যুধ্যস্বেতি সূচিতম্। শিরোঃ। উদয়ঃ সূর্য্যোদয়ঃ, গৃহ্যতাম্ অবধিত্বেন গৃহ্যতাম্। গোঃ রাঃ। স্বৈরং স্বচ্ছন্দং যথা স্যাত্তথা।

সেই বানরশ্রেষ্ঠ বালীর ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া ক্রোধে লোহিতনেত্র দুন্দুভি [এই] বাক্য বলিল—॥ ৬৭ ॥

হে বীর, কি নিমিত্ত তুমি স্ত্রীগণের সমক্ষে বীরবাক্য (যে বাক্য বীরগণ বলিয়া থাকে) বলিতেছ ? তুমি আমাকে যুদ্ধ প্রদান কর; তাহা হইলেই আমার বল জানিতে পারিবে ॥ ৬৮ ॥

অথবা, অদ্যকার এই রাত্রি আমি ক্রোধ সহ্য (নিগৃহীত) করিব ; হে বানর, তুমি ইচ্ছানুরূপ কামভোগে সূর্য্যোদয় পর্য্যন্ত গ্রহণ কর (অর্থাৎ তুমি স্ত্রীসমূহ-মধ্যস্থিত বলিয়া এখন তোমাকে যুদ্ধে আহ্বান করিব না। তুমি রাত্রিতে ইচ্ছানুরূপ কামভোগে রত থাক ; সূর্য্যোদয় হইলে আমি যুদ্ধ করিব) ॥ ৬৯ ॥

১। ঙ 'তদেত-'। ২। ণ 'ক্রূর-'। ৩। ঙ-ছ '-ক্যং বিমু-'। ৪। ণ '-মস্ত'। ৫। ণ '-শামম'। ৬। ণ '-মপায়ং বৈরং'।

যো মত্তং বা প্রমত্তং বা সুপ্তং[1] বা রহিতে[2] রতম্।
হন্যাৎ[3] স খলু হন্যাদ্ বৈ ত্বদ্বিধং মদবিক্লবম্[4] ॥ ৭০ ॥
তং প্রহস্যাব্রবীদ্ বালী বাক্যং বানরপুঙ্গবঃ[5]।
বিসৃজ্য[6] তাঃ স্ত্রিয়ঃ[7] সর্ব্বাস্তারাদ্যা বানরেশ্বরঃ ॥ ৭১ ॥
মত্তোঽয়মিতি[8] দুর্ব্বৃত্ত[9] মোহান্মামবমন্যসে।
মদোঽয়ং[10] সংপ্রহারেঽস্মিন্ বীরপানং[11] সমর্থ্যতাম্ ॥ ৭২ ॥

৭০। লো-টী। মত্তং মদ্যেন, প্রমত্তম্ উন্মাদাদিনা, সুপ্তং শয়িতম্, অবহিতেতরম্ অবধানশূন্যম্ অন্যাসক্তম্ ইত্যর্থঃ।

৭২। লো-টী। হে দুর্ব্বৃত্ত দুষ্টচরিত। 'দুর্ব্বুদ্ধে' ইত্যপি পাঠো দৃশ্যতে। হে বীর, পানং স্বরক্ষণং সমর্থ্যতাং ক্রিয়তাম্।

৭০। টিপ্পনী। যো নরঃ মত্তাদীন্ হন্যাৎ স এব ত্বদ্বিধং মদবিক্লবং জনং হন্যাৎ। এতেন মত্তাদীনাং হননে পাতকং স্যাদিতি সূচিতম্। রহিতে নির্জ্জনে স্থানে রতং সম্ভোগাসক্তম্। 'যো হি মত্তং প্রমত্তং বা ভগ্নং বা রহিতং কৃশম্। হন্যাৎ স ভ্রূণহা লোকে ত্বদ্বিধং মদমোহিতম্'। ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১১।৩৬)। মত্তং পানাদিনা, প্রমত্তম্ অনবহিতম্। তিঃ।

৭১। টিপ্পনী। বিসৃজ্য ত্যক্ত্বা।

৭২। টিপ্পনী। মদোঽয়ং স্ত্রীগোষ্ঠীজনিতোঽপি বীরপানং বীরেণ রণে মন-উৎসাহার্থং ক্রিয়মাণঃ পানবিশেষঃ সমর্থ্যতাং জ্ঞায়তাম্। তিঃ। অয়ং স্ত্রীসঙ্গজনিতো মদঃ অস্মিন্ সংপ্রহারে

যে [মদ্যপানাদিদ্বারা] মত্ত অথবা প্রমত্ত (অনবহিত) অথবা সুপ্ত কিংবা নির্জ্জন স্থানে সম্ভোগরত ব্যক্তিকে বধ করিতে পারে, সে-ই তোমার ন্যায় মদবিহ্বল ব্যক্তিকে বধ করিতে পারে (মদবিহ্বল ব্যক্তিকে বধ করা উচিত নহে বলিয়া এক্ষণে আমি তোমাকে বধ করি না) ॥ ৭০ ॥

বানরশ্রেষ্ঠ বানরাধিপতি বালী তারাপ্রভৃতি সেই স্ত্রীসমূহকে বিদায় দিয়া হাস্যপূর্ব্বক দুন্দুভিকে [এই] বাক্য বলিল— ॥ ৭১ ॥

হে দুর্ব্বৃত্ত, তুমি মোহবশতই 'এই ব্যক্তি মত্ত' ইহা বলিয়া আমাকে

১। ঙ 'বাবহিতং'। ২। ঙ-ছ-ণ 'নরম্'। ৩। চ 'স নিরয়ং গচ্ছেৎ'। ৪। ঘ '-দর্পিতম্'। ৫। ক 'বাক্যবিশারদঃ', ছ 'দানবপুঙ্গবম্'। ৬। ঙ 'বিসর্জ্জ্যতাঃ'। ৭। চ 'প্রিয়াঃ'। ৮। ঙ '-ত্তোঽহ-'। ৯। ক 'দুর্ব্বুদ্ধে', ঘ 'দুর্ব্বৃত্তো'। ১০। ক-ঘ-চ 'মদীয়ে', ঙ 'মোহোঽয়ং', ণ 'সদোষং'। ১১। ঙ '-প্রাণঃ', ছ '-প্রাণং', চ 'প্রাণান্ হরিষ্যতি'।

যদি যুদ্ধস্পৃহা তেঽদ্য[১] যদি ভীতো[২] ন সংযুগে।
তিষ্ঠ ত্বং[৩] সমরে মেঽদ্য দর্শয়স্ব স্বপৌরুষম্[৪] ॥ ৭৩ ॥
তমেবমুক্ত্বা সংক্রুদ্ধো মালামুৎক্ষিপ্য কাঞ্চনীম্।
পিত্রা দত্তাং মহেন্দ্রেণ যুদ্ধায় ব্যবতিষ্ঠত[৫] ॥ ৭৪ ॥
ততো যুদ্ধং প্রববৃতে তয়োঃ স্তুমুলং তদা।
বালিনশ্চ মহাবাহোর্ব্বলিনো[৬] দানবস্য চ ॥ ৭৫ ॥

৭৪। লো-টী। উন্মুচ্য ত্যক্ত্বা বদ্ধা বা।

সংগ্রামে বীরপানং যুদ্ধোৎসাহহেতুকবীরকর্ত্তৃকপানবিশেষঃ সমর্থ্যতাং বুধ্যতাম্। শিরোঃ। অয়ং মদঃ অস্মিন্ সংপ্রহারে যুদ্ধে বীরপানং সমর্থ্যতাং বীরপানং কৃতমিতি মন্যতাম্। বীরপানং নাম যুদ্ধোপক্রমে উৎসাহবর্দ্ধনায় বীরৈঃ ক্রিয়মাণং পানম্। গোঃ রাঃ।

৭৪। টিপ্পনী। উৎক্ষিপ্য কণ্ঠে প্রতিমুচ্য। এষা হি মালা সংগ্রামজয়দা। তিঃ। কাঞ্চনীং পিত্রা মহেন্দ্রেণ দত্তাং মালামুৎক্ষিপ্য কণ্ঠে সন্ধাযোত্যর্থঃ, যুদ্ধায় ব্যবতিষ্ঠত। শিরোঃ। উৎক্ষিপ্য অংসয়োরুপরি বিন্যস্য। 'এতৎকাঞ্চনমালাধারণকালে যঃ পুরো যুদ্ধায়াগচ্ছতি তস্য বলং সর্ব্বং তবৈব ভবিষ্যতী'তি মহেন্দ্রেণ দত্তামিত্যর্থঃ। ব্যবতিষ্ঠত ব্যবাতিষ্ঠত। গোঃ রাঃ।

৭৫। টিপ্পনী। মহাবাহোর্বালিনঃ বলিনো বলশালিনো দানবস্য চ যুদ্ধং প্রববৃতে আবরকমভূৎ।

অবজ্ঞা করিতেছ। [তোমার সহিত ভাবী] এই যুদ্ধে আমার এই [স্ত্রীসঙ্গজনিত] মত্ততাকে তুমি বীরপান (যুদ্ধের উপক্রমে উৎসাহবর্দ্ধক মদ্যপান) বলিয়া বিবেচনা কর ॥ ৭২ ॥

যদি তোমার অদ্য যুদ্ধস্পৃহা থাকে, যদি তুমি যুদ্ধে ভীত না হও [তবে], তুমি যুদ্ধে স্থির থাক, অদ্য আমাকে নিজ পৌরুষ দর্শন করাও ॥ ৭৩ ॥

তাহাকে এইরূপ বলিয়া ক্রুদ্ধ বালী [নিজ] পিতা মহেন্দ্রকর্ত্তৃক প্রদত্ত স্বর্ণমালা [কণ্ঠে] ধারণ করিয়া যুদ্ধার্থ অবস্থিত হইল ॥ ৭৪ ॥

অতঃপর, সেই মহাবাহু বালী ও বলবান্ দানবের অতি তুমুল যুদ্ধ আরম্ভ হইল ॥ ৭৫ ॥

১। ছ 'তেঽস্তি'। ২। ঘ 'যদ্যভীতোঽসি মাং রণে'। ৩। ছ 'স্বস্থ'। ৪। ঙ 'চ পৌরুষম্'। ৫। ঙ '-তে'। ৬। ঙ '-হো বলি-'।

ততো বালী বিষাণাগ্রৈর্ল্লিখিতো দনুসূনুনা।
প্রচকাশে মহাবাহুরশোক ইব পুষ্পিতঃ ॥ ৭৬ ॥
স তেন সহ বিক্রীড্য মুহূর্ত্তং বানরর্ষভঃ[১]।
প্রহসন্ দানববৃষং[২] বীরো[৩] বচনমব্রবীৎ ॥ ৭৭ ॥
অসুরাধম দুর্ব্বুদ্ধে বরদানেন[৪] দর্পিতঃ।
অদ্য তে বলমুদ্বৃত্তং[৫] শময়েঽগ্নিমিবাম্ভসা[৬] ॥ ৭৮ ॥
স গৃহীত্বা বিষাণাভ্যাং দুন্দুভিং[৭] গিরিসন্নিভম্[৮]।
আবিধ্য বলবান্ বালী ভূতলে নিষ্পিপেষ হ ॥ ৭৯ ॥

৭৬। লো-টী। বিষাণাগ্রৈঃ শৃঙ্গাগ্রৈঃ।
৭৮। লো-টী। উদ্বৃত্তম্ অহঙ্কাররূপং বলম্।
৭৯। লো-টী। আবিধ্য ভ্রাময়িত্বা।

৭৬। টিপ্পনী। দনুসূনুনা দনুপুত্রেণ দুন্দুভিনা লিখিতো বিদারিতঃ সন্ পুষ্পিতঃ সঞ্জাতপুষ্পঃ অশোক ইব প্রচকাশে শোভামাপ।
৭৭। টিপ্পনী। বিক্রীড্য ক্রীড়িত্বা। দানববৃষং দানবশ্রেষ্ঠম্।
৭৮। টিপ্পনী। অম্ভসা জলেন অগ্নিমিব তব উদ্বৃত্তম্ অত্যাধিকং বলং শময়ে প্রশমিতং করিষ্যামি।
৭৯। টিপ্পনী। আবিধ্য নিক্ষিপ্য।

অতঃপর মহাবাহু বালী দনুপুত্র-[দুন্দুভি]-কর্ত্তৃক শৃঙ্গাগ্রদ্বারা ক্ষত[বিক্ষত] হইয়া পুষ্পিত অশোক বৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৭৬ ॥

বানরশ্রেষ্ঠ বীর বালী তাহার সহিত মুহূর্ত্ত ক্রীড়া করিয়া হাস্যপূর্ব্বক দানব-শ্রেষ্ঠকে [এই] বাক্য বলিল—॥ ৭৭ ॥

হে দুর্ব্বুদ্ধে অসুরাধম, তুমি বরদানে দর্পিত হইয়াছ; সলিলসেকে অগ্নির ন্যায় তোমার উৎকট বল আমি অদ্য প্রশমিত করিব ॥ ৭৮ ॥

সেই বলবান্ বালী গিরিতুল্য দুন্দুভিকে বিষাণদ্বয়ে গ্রহণ করত ভূমিতলে নিক্ষেপ করিয়া নিষ্পেষিত করিল ॥ ৭৯ ॥

১। ক '-নরেশ্বরঃ'। ২। চ '-শ্রেষ্ঠং'। ৩। ঙ 'ধীরো'। ৪। খ 'বহুমানেন', ছ 'বরমানেন'। ৫। ঙ '-মুদ্ধৃতং', গ '-মুদ্ধৃত্য'। ৬। ঙ '-মিবা-'। ৭। ক 'দানবর্ষভম্'। ৮। অতঃ পরং ঙ-পুস্তকে 'ভ্রাময়ামাস বেগেন ভ্রাম্যমাণস্য চাম্বরে। জীবিতং জীবিতস্থানে নাবাতিষ্ঠত বৈ তদা ॥' ইত্যধিকম্।

আবিদ্ধস্তেন[১] বলিনা নিষ্পিষ্টোঽসৌ[২] মহাসুরঃ।
বিমুঞ্চন্[৩] রুধিরং খেভ্যঃ প্রাণাংস্তত্যাজ বীর্য্যবান্ ॥ ৮০ ॥
স পপাত মহাকায়ঃ ক্ষিতৌ পঞ্চত্বমাগতঃ।
তং তোলয়িত্বা বাহুভ্যাং গতসত্ত্বমচেতনম্।
চিক্ষেপ বলবান্[৪] বালী পাদেনৈকেন যোজনম্ ॥ ৮১ ॥
তস্য বেগপ্রবিদ্ধস্য[৫] বক্ত্রাৎ ক্ষতজবিন্দবঃ[৬]।
প্রপেতুর্[৭]মারুতোৎক্ষিপ্তা[৮] মতঙ্গস্যাশ্রমে[৯] কিল ॥ ৮২ ॥

৮০। লো-টী। আবিদ্ধো ভ্রামিতঃ। খেভ্য ইন্দ্রিয়েভ্যঃ। 'সত্ত্ব' ইত্যপি কচিৎ পাঠঃ।

৮১। লো-টী। গতসত্ত্বং গতপ্রাণম্।

৮২। লো-টী। বেগেন প্রহারবেগেণ প্রবৃদ্ধস্য জীর্ণস্য। 'বেগপ্রবিদ্ধস্য' ইতি পাঠে বেগক্ষিপ্তস্য ইত্যর্থঃ। মারুতেন ক্ষিপ্তাঃ প্রেরিতাঃ।

৮০। টিপ্পনী। খেভ্যো নাসাদিরন্ধ্রেভ্যঃ।

৮২। টিপ্পনী। বেগপ্রবিদ্ধস্য বেগেন নিক্ষিপ্তস্য তস্য বক্ত্রাদ্ মুখাৎ ক্ষতজবিন্দবঃ রক্তবিন্দবঃ মারুতেন বায়ুনা উৎক্ষিপ্তা ঊর্দ্ধং ক্ষিপ্তাঃ সন্তঃ মতঙ্গস্যাশ্রমে প্রপেতুঃ।

বীর্য্যবান্ সেই মহাসুর বলবান্ বালিকর্তৃক উৎক্ষিপ্ত ও নিষ্পেষিত হইয়া [নাসিকাদির] রন্ধ্রসমূহ হইতে রুধির মোচন করিতে করিতে প্রাণ পরিত্যাগ করিল ॥ ৮০ ॥

বিশালকায় দানব পঞ্চত্ব প্রাপ্ত হইয়া ক্ষিতিতলে পতিত হইল। বলবান্ বালী অচেতন গতপ্রাণ তাহাকে বাহুদ্বয়দ্বারা উত্তোলনপূর্ব্বক এক চরণের আঘাতে এক যোজন দূরে নিক্ষেপ করিল ॥ ৮১ ॥

[প্রহার-]বেগে নিক্ষিপ্ত দুন্দুভির মুখ হইতে [বহির্গত] রক্তবিন্দুসমূহ বায়ুদ্বারা উৎক্ষিপ্ত হইয়া মতঙ্গমুনির আশ্রমে পতিত হইয়াছিল ॥ ৮২ ॥

১। ঘ-ঙ-ছ '-বিধ্য তেন'। ২। ক 'বিনিষ্পিষ্টো'। ৩। ছ '-মুচ্য'। ৪। ণ 'চপলঃ'। ৫। ক-ঘ-ছ-ণ '-বৃদ্ধ-'। ৬। ণ 'শোণিত-'। ৭। ঙ-ণ 'নিপে-'। ৮। ঢ '-তৈঃ ক্ষি-'। ৯। ঢ '-স্যেহপি চ'।

তান্ দৃষ্ট্বা পতিতান্ গাত্রে মুনিঃ শোণিতবিন্দুকান্।
উপস্পৃশ্য দদৌ শাপং ক্ষেপ্তারং বালিনং প্রতি ॥ ৮৩ ॥
যেনৈষ দানবঃ ক্ষিপ্তো মমাশ্রমপদং প্রতি।
তেনেহ[২] ন প্রবেষ্টব্যং প্রবিষ্টো জীবিতং ত্যজেৎ ॥ ৮৪ ॥
এতচ্ছ্রুত্বা ততো বালী যাচমানঃ কৃতাঞ্জলিঃ।
মহর্ষিণা ততঃ ক্রোধাদেবমুক্তো মহাবলঃ ॥ ৮৫ ॥
ইহ[৩] তে ন প্রবেষ্টব্যমৃষ্যমূকবনং[৪] হরে।
প্রবিষ্টস্য হি তে সদ্যো জীবিতং ন ভবেদিতি ॥ ৮৬ ॥

৮৩। লো-টী। তা বিপ্রুষঃ বিন্দূন্। 'তান্' ইতি পাঠঃ। 'বিন্দুবান্' ইতি চ ক্বচিৎ পাঠঃ। উপস্পৃশ্য আচম্য।

৮৬। লো-টী। হে হরে কপে, ইহ ঋষ্যমূকবনে। তে ত্বয়া।

৮৩। টিপ্পনী। ক্ষেপ্তারম্ অসুরশরীরস্যেতি শেষঃ।

৮৫ টিপ্পনী। যাচমানঃ শাপমুক্তিং প্রার্থয়মান আসীদিতি শেষঃ 'স মহর্ষিং সমাসাদ্য যাচতে স্ম কৃতাঞ্জলিঃ' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১১।৬২)।

সেই সকল শোণিতবিন্দু শরীরে পতিত দেখিয়া মুনি আচমনপূর্ব্বক [শোণিত-] নিক্ষেপকারী বালীর প্রতি শাপ প্রদান করিলেন—॥ ৮৩ ॥

'যে এই দানবকে আমার আশ্রমস্থান লক্ষ্য করিয়া নিক্ষেপ করিয়াছে, সে এই স্থানে প্রবেশ করিবে না; প্রবেশ করিলে প্রাণ পরিত্যাগ করিবে' ॥ ৮৪ ॥

ইহা শ্রবণ করিয়া বালী অঞ্জলিবন্ধনপূর্ব্বক [শাপমুক্তি] প্রার্থনা করিল; অতঃপর মহর্ষি ক্রোধবশতঃ মহাবল বালীকে বলিলেন—॥ ৮৫ ॥

হে বানর, তুমি এই স্থানে প্রবেশ করিবে না। ঋষ্যমূক বনে প্রবেশ করিলে তৎক্ষণাৎ তোমার জীবন বিনষ্ট হইবে ॥ ৮৬ ॥

১। ঘ-ঙ-ছ-ট '-বিপ্রূষঃ'। ২। ক-পুস্তকে অত আরভ্য পঞ্চাশীতিতমশ্লোকান্তোঽংশো নাস্তি। ৩। ঘ-ণ 'তেনেহ'। ৪। ঙ-ট-ণ '-মূকং বনং'।

ততঃ শাপভয়াদ্ বালী ঋষ্যমূকং মহাগিরিম্।
প্রবেষ্টুং[1] ন স শক্নোতি দ্রষ্টুং বা[2] রঘুনন্দন[3] ॥ ৮৭ ॥
তস্যাপ্রবেশং মত্বাহমিহ রাম মহাবনে।
বিচরামি সহামাত্যো[4] ভয়ং সংত্যজ্য দূরতঃ ॥ ৮৮ ॥
এতৎ তস্যাস্থি কাকুৎস্থ দুন্দুভেঃ সংপ্রকাশতে।
বীর্য্যোৎসেক[5]নিরস্তস্য গিরিকূটনিভং মহৎ ॥ ৮৯ ॥
ইমে চ বিপুলাঃ[6] শালাঃ সপ্ত শাখাবলম্বিনঃ।
বাণৈর্যেষাং ত্রয়ো ভিন্নাস্তেন বীর্য্যং বিতন্বতা ॥ ৯০ ॥

৮৯। লো-টী। বীর্য্যোৎস্থকেন বীর্য্যোৎসাহবতা। নিরস্তস্য হতস্য।

৯০। লো-টী। ভগ্নাঃ। 'ভিন্না' ইতি ক্বচিৎ পাঠঃ। বিতন্বতা প্রকাশয়তা

৮৮। টিপ্পনী। অপ্রবেশং শাপভয়েন প্রবেশাভাবং মত্বা। দূরতো দূরে।

৮৯। টিপ্পনী। বীর্য্যোৎসেকেন বীর্য্যগর্ব্বেণ নিরস্তস্য বালিনা পরাভূতস্য গিরিকূটনিভং গিরিশৃঙ্গতুল্যম্ অস্থি সংপ্রকাশতে।

৯০। টিপ্পনী। বিপুলাঃ স্থূলাঃ। শাখাবলম্বিনো লম্বিতশাখাঃ শাখাবৃতত্বেন দুর্জ্ঞেয়-লক্ষ্যা ইত্যর্থঃ। গোঃ রাঃ। বিপুলা বিশালমূলস্কন্ধাঃ, শাখাবলম্বিনঃ প্রশস্তাল্পশাখাবন্তঃ। তিঃ। শাখাবলম্বিনঃ শাখাবলম্বনযুক্তাঃ, বহুশাখাবিশিষ্টা ইত্যর্থঃ। বীর্য্যং বিতন্বতা প্রকাশয়তা বীর্য্য-প্রকাশার্থমিত্যর্থঃ।

হে রঘুনন্দন, বালী সেই শাপভয়ে ঋষ্যমূক মহাপর্ব্বতে প্রবেশ করিতে অথবা [ঐ পর্ব্বতের প্রতি] দৃষ্টিপাত করিতে সমর্থ হয় না ॥ ৮৭ ॥

রাম, এই মহাবনে বালীর প্রবেশ [-যোগ্যতা] নাই মনে করিয়া আমি অমাত্যগণের সহিত ভয় দূরে পরিত্যাগ করত [এইস্থানে] বিচরণ করিতেছি ॥ ৮৮ ॥

হে কাকুৎস্থ, [বালীর] বীর্য্যগর্ব্বে পরাভূত সেই দুন্দুভির গিরিশৃঙ্গতুল্য বিশাল অস্থি[-খণ্ড] এই প্রকাশ পাইতেছে ॥ ৮৯ ॥

১। ঙ-ছ 'চ ন', গ 'ন চ'। ২। ঘ 'রাঘবনন্দন'। ৩। অতঃ পরং চ-পুস্তকে 'তদাপ্রভৃতি কাকুৎস্থ বীর্য্যজান্মহামুনেঃ (?)। ঋষ্যমূকং বনং শৈলং শঙ্কিতো নোপসর্পতি ॥' ইত্যধিকম্। ৪। ছ '-ভৈর্ত্ত্য-'। ৫। চ '-সেকা-'। ৬। ক গ '-লাস্তালাঃ'।

[১]এতত্তস্য মহদ্ বীর্য্যং তব সঙ্কীর্ত্তিতং ময়া।
কথমুৎসহসে হন্তুং সমরে তং দুরাসদম্ ॥ ৯১ ॥
[২]অথৈবং [৩]বদতস্তস্য সুগ্রীবস্য মহাত্মনঃ।
রাঘবো দুন্দুভেঃ কায়ং পাদাঙ্গুষ্ঠেন তোলয়ন্ ॥ ৯২ ॥
লীলয়ৈব তদা রামশ্চিক্ষেপ শতযোজনম্।
অসুরস্য তনুং শুষ্কাং পাদেনৈকেন রাঘবঃ ॥ ৯৩ ॥
ক্ষিপ্তং দৃষ্ট্বা চ [৪]তং কায়ং সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ।
লক্ষ্মণস্যাগ্রতো রামমিদং বচনমব্রবীৎ ॥ ৯৪ ॥

৯২। লো-টী। রাঘবো রঘুবংশোদ্ভবো রামঃ।

৯৩-৯৪। লো টী। তনুং শুষ্কাং শুষ্কং চর্ম্ম ক্ষিপ্তং কায়ঞ্চ শুষ্কং দৃষ্ট্বা। 'তনুঃ স্ত্রী ত্বচি কায়ে চ কৃশেঽল্পে বিরলে ত্রিষু' ইতি কোষঃ। রাঘবঃ রাঘবেণ।

৯১। টিপ্পনী। দুরাসদং দুঃখেন জেতুং শক্যম্।

৯২-৯৩। টিপ্পনী। তোলয়ন্ উত্থাপয়ন্। লীলয়ৈব অনায়াসেনৈব

৯৪। টিপ্পনী। লক্ষ্মণস্য অগ্রতঃ সমীপে।

শাখাবলম্বনযুক্ত (অর্থাৎ বহু শাখাবিশিষ্ট) বিশাল এই সপ্ত শালবৃক্ষ [রহিয়াছে]; বালী [নিজ] বলবত্তাপ্রকাশের অভিপ্রায়ে যাহাদের তিনটিকে বাণদ্বারা ভেদ করিয়াছিল ॥ ৯০ ॥

এই তাহার বিপুল বলবত্তার কথা আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম। কিরূপে তুমি দুর্দ্ধর্ষ বালীকে যুদ্ধে নিহত করিতে উৎসাহী হইতেছ? ॥ ৯১ ॥

অতঃপর, মহাত্মা সেই সুগ্রীব এইরূপ বলিতে থাকিলে রঘুবংশোদ্ভব রামচন্দ্র দুন্দুভির দেহ চরণাঙ্গুষ্ঠদ্বারা উত্তোলনপূর্ব্বক এক চরণদ্বারা অবলীলাক্রমে [সেই] অসুরের শুষ্ক দেহ শতযোজন দূরে নিক্ষেপ করিলেন ॥ ৯২-৯৩ ॥

বানরাধিপতি সুগ্রীব [দুন্দুভির] সেই দেহ [রামচন্দ্রকর্ত্তৃক শতযোজন দূরে] নিক্ষিপ্ত দর্শন করিয়া লক্ষ্মণের সম্মুখে রামচন্দ্রকে এই বাক্য বলিলেন—॥ ৯৪ ॥

১। ঙ-ট 'এতদস্য', ণ 'এতস্য সুমহ-'। ২। ঙ-ট 'অথেদং', ণ 'তথৈবং'। ৩। ট 'ব্রুবত-'। ৪। ঙ 'তৎ-'।

পরিশ্রান্তেন মত্তেন ভ্রাত্রা মে বালিনা পুরা।
আর্দ্রঃ[১] সমাংসঃ প্রত্যগ্রঃ ক্ষিপ্তঃ[২] কায়স্তদা সখে ॥ ৯৫ ॥
লঘুঃ[৩] সংপ্রতি নির্ম্মাংসস্তৃণ[৪]ভূতশ্চ শুষ্ককঃ।
নাত্র শক্যং বলং জ্ঞাতুং তব বা তস্য বাঽধিকম্ ॥ ৯৬ ॥
স হি শূরশ্চ[৫] মানী চ প্রখ্যাতবলপৌরুষঃ।
তেজস্বী বানরো বালী সংযুগেষ্বপরাজিতঃ ॥ ৯৭ ॥
দৃশ্যন্তে চাস্য কর্ম্মাণি দুষ্করাণি[৬] সুরাসুরৈঃ।
যানি সঞ্চিন্ত্য[৭] সঞ্চিন্ত্য ঋষ্যমূকং ত্যজামি ন ॥ ৯৮ ॥

৯৫। লো-টী। মত্তেন রণাবেশেন পূর্ব্বাপরাবধানশূন্যেন। প্রত্যগ্রঃ প্রফুল্লঃ।

৯৫। টিপ্পনী। আর্দ্রঃ শোণিতাক্তঃ। প্রত্যগ্রস্তরুণঃ। আর্দ্রো রুধিরব্যাপ্তঃ, প্রত্যগ্রোঽগ্রভাগসহিতঃ। শিরোঃ। প্রত্যগ্রো নূতনঃ। তিঃ। প্রত্যগ্রো যৎকিঞ্চিৎপ্রাণচেষ্টাযুক্তঃ। গোঃ রাঃ।

৯৬। টিপ্পনী। অত্র দুন্দুভিকায়ক্ষেপকর্ম্মণি।

৯৭। টিপ্পনী। শূরঃ শৌর্য্যসম্পন্নঃ, মানী অভিমানবান্। সংযুগেষু সংগ্রামেষু।

৯৮। টিপ্পনী। অস্য কর্ম্মাণি সুরাসুরৈরপি দুষ্করাণি দৃশ্যন্তে। যানি কর্ম্মাণি সঞ্চিন্ত্য সঞ্চিন্ত্য বারং বারং চিন্তয়িত্বা অহম্ ঋষ্যমূকং ন ত্যজামি।

হে সখে, পূর্ব্বে পরিশ্রান্ত [ও] মত্ত আমার ভ্রাতা বালী শোণিতার্দ্র সমাংস তরুণ [এই] শরীর নিক্ষেপ করিয়াছিল। সম্প্রতি [ইহা] লঘু নির্ম্মাংস শুষ্ক ও তৃণপ্রায়, [অতএব] এবিষয়ে (দুন্দুভির শরীর নিক্ষেপ কর্ম্মে) তোমার বা তাহার বল অধিক [ইহা] জানা যাইতে পারে না ॥ ৯৫-৯৬ ॥

সেই বানর বালী শূর অভিমানশালী বিখ্যাত-বলপৌরুষসম্পন্ন তেজস্বী এবং সংগ্রামে অপরাজিত ॥ ৯৭ ॥

ইহার [কৃত] কর্ম্মসমূহ সুরাসুরের[-ও] দুষ্কর দেখা যায়, যাহা বার বার চিন্তা করিয়া আমি ঋষ্যমূক পর্ব্বত পরিত্যাগ করি না ॥ ৯৮ ॥

১। চ 'সার্দ্রঃ'। ২। ঙ 'ক্ষিপ্তকায়-'। ৩। চ 'লঘু'। ৪। ঙ '-তৃণী-'। ৫। ঙ 'শূরশ্চ বালী', চ 'শূরোঽভি-'। ৬। চ 'পুষ্কলানি'। ৭। ক 'সংস্মৃত্য সংস্মৃত্য'।

উদ্বিগ্নঃ শঙ্কিতশ্চাহং বনেষূদ্‌ভ্রান্তচেতনঃ।
অনুরক্তৈঃ সহামাত্যৈশ্চরামি হনুমাদিভিঃ ॥ ৯৯ ॥
যদি ভিন্দ্যাদ্ ভবাঞ্ শালানিমানেকেষুণা ততঃ।
জানীয়াং ত্বাং মহাবাহো সমর্থং বালিনো বধে ॥ ১০০ ॥
ন খল্বহং ত্বাং তুলয়ে নাবমন্যে চ রাঘব।
কর্ম্মভিস্তস্য ভীমৈস্তু কাতর্য্যং জায়তে মম ॥ ১০১ ॥

৯৯। লো-টী। বনেষ্বপি উদ্‌ভ্রান্তা অস্থিরা চেতনা যস্য সঃ। হনুমাদিভিঃ—তলোপ আর্ষঃ

৯৯। টিপ্পনী। উদভ্রান্তচেতনোঽস্থিরচিত্তঃ। হনুমাদিভিঃ হনুমদাদিভিঃ। 'অনুরক্তৈঃ সহামাত্যৈর্হনুমৎপ্রমুখৈর্বরৈঃ' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১১।৭৭)।

১০১। টিপ্পনী। ত্বাং ন তুলয়ে বালিনা সদৃশং ন জানামি। ন অবমন্যে বালিবীর্য্য-কথনেন ন তবাপমানং করোমি, তস্য বালিনো ভীমৈঃ কর্ম্মভিস্তু মম কাতর্য্যং ভীতির্জায়তে। এতেন কাতর্য্যমূলকমেব বালিবীর্য্যকথনমিতি জ্ঞায়তে। তুলয়ে স্বদ্বলপরীক্ষাং ন কুর্ব্বে ইতি ভাবঃ। তিঃ।

উদ্‌ভ্রান্তচিত্ত আমি উদ্বিগ্ন ও শঙ্কিত হইয়া অনুরক্ত অমাত্য হনুমৎপ্রভৃতির সহিত বনে [বনে] বিচরণ করিতেছি ॥ ৯৯ ॥

হে মহাবাহো, যদি তুমি একবাণে এই সকল শালবৃক্ষ ভেদ করিতে পার; তবে তোমাকে বালীর বধে সমর্থ মনে করিব ॥ ১০০ ॥

হে রাঘব, নিশ্চয়ই আমি তোমাকে [তাহার সহিত] তুলনা করিতেছি না এবং অপমান করিতেছি না। কিন্তু তাহার ভীষণ কর্ম্মসমূহদ্বারা আমার [অত্যন্ত] কাতরতা উপস্থিত হইতেছে ॥ ১০১ ॥

১। ঙ '-প্রশিচিন্তিত-'। ২। ছ-ণ '-নেষু ভ্রান্ত-'। ৩। ছ-ণ '-লোচনঃ'। ৪। ণ 'সদা'। ৫। ট '-মমুখৈঃ'। ৬। ক-ঘ-ঙ-ট '-বান্ সালা-'। ৭। ঘ ছ ট-ণ '-মাংস্ত্বেকে-'। ৮। ক 'খল্বহং ত্বাং ন' ৯। ণ 'তু'। ১০। ? -পুস্তকে অত্র আরভ্য ত্র্যধিকশততমশ্লোকান্তোঽংশো নাস্তি।

উপলব্ধং হি[১] মিত্রং মে[২] সুশ্লাঘ্যং[৩] মিত্রবৎসলম্।
ত্বামহং পুরুষব্যাঘ্র হিমবন্তমিবাশ্রিতঃ[৪] ॥ ১০২ ॥
কিন্তু তস্য বলজ্ঞো[৫]ঽহং ভ্রাতৃরূপস্য বৈরিণঃ।
অপ্রত্যক্ষঞ্চ[৬] মে[৭] বীর্য্যং সমরে তব রাঘব ॥ ১০৩ ॥
স্নিগ্ধানাং প্রীতিযুক্তানাং সুহৃদাং সুহৃদং প্রতি।
কাতরং হৃদয়ং রাম[৮] প্রত্যয়ং[৯] নাধি[১০]গচ্ছতি ॥ ১০৪ ॥

১০২। লো-টী। শ্লাঘৈব শ্লাঘ্যং তেন সহ বর্ত্তমানং প্রশংসাবিষয়মিত্যর্থঃ।

১০৩। লো-টী। অপ্রমুখ্যম্ অপ্রত্যক্ষম্। তথৈব দৃশ্যতে কচিৎ পাঠঃ।

১০৪। লো-টী। অয়ং সমর্থো ন বেত্তি প্রত্যয়ং প্রতীতিং নাধিগচ্ছতি ন প্রাপ্নোতি, হৃদয়ং কর্ত্তৃ।

১০২। টিপ্পনী। সুশ্লাঘ্যম্ অতিপ্রশংসনীয়ং মিত্রবৎসলং মিত্রং ময়া উপলব্ধং প্রাপ্তম্। মিত্রভূতং ত্বামহং হিমবন্তমিবাশ্রিতঃ।

১০৩। টিপ্পনী। অথৈবংভূতং সুশ্লাঘ্যং মিত্রমুপলব্ধবতস্তে কথং কাতর্য্যমিত্যত্রাহ — কিন্ত্বিতি। অহং তস্য বলজ্ঞঃ তদ্বলং জানামি, কিন্তু তব বীর্য্যং মম অপ্রত্যক্ষম্।

১০৪। টিপ্পনী। স্নিগ্ধানাং স্নেহসম্পন্নানাং সুহৃদাং কাতরং হৃদয়ং সুহৃদং প্রতি প্রত্যয়ং সামর্থ্যবিষয়কং বিশ্বাসং নাধিগচ্ছতি ন প্রাপ্নোতীত্যন্বয়ঃ।

আমি অতিশ্লাঘ্য মিত্রবৎসল মিত্র পাইয়াছি। হে পুরুষব্যাঘ্র, আমি [মিত্রভূত] তোমাকে হিমালয়ের ন্যায় আশ্রয় করিয়াছি ॥ ১০২ ॥

কিন্তু আমি সেই ভ্রাতৃরূপ শত্রুর বল পরিজ্ঞাত আছি। আর হে রাঘব, যুদ্ধে তোমার বলবত্তা আমার অপ্রত্যক্ষ ॥ ১০৩ ॥

হে রাম, স্নেহসম্পন্ন প্রীতিযুক্ত সুহৃদ্গণের কাতর হৃদয় সুহৃদ্গণসম্বন্ধে বিশ্বাস প্রাপ্ত হয় না ॥ ১০৪ ॥

১। ঘ-ঙ-ণ 'চ'। ২। ণ 'হি'। ৩। ঘ '-ঘং'। ৪। ণ '-বোচ্ছ্রিতঃ'। ৫। ণ 'বলং জ্ঞাতুং'। ৬। ঢ '-ক্ষস্তু তে'। ৭। ঢ 'মম'। ৮। ণ 'নাম'। ৯। ঙ-ঢ 'প্রত্যক্ষং'। ১০। ঢ 'নাভি-'।

[1] যচ্চৈবং তুলয়ামি[2] ত্বাং তচ্চ[3] মে ক্ষন্তুমর্হসি।
অবশ্যং হি[4] বলং জ্ঞেয়ং ময়া তব চ তস্য চ ॥ ১০৫ ॥

কামং রাম তব ত্রীণি প্রমাণং ধৈর্য্যমাকৃতিঃ।
সূচয়ন্তি পরং তেজো ভস্মচ্ছন্নমিবানলম্ ॥ ১০৬ ॥

[5] তৎ কৃত্বা কার্ম্মুকং সজ্যং হস্তিহস্তমিবায়তম্[6]।
আকর্ণমূলমাকৃষ্য বিসৃজ ত্বং মহাশরম্ ॥ ১০৭ ॥

১০৬। লো-টী। প্রমাণং সত্যবাদিতা, আকৃতিঃ শরীরম্, ভস্মচ্ছন্নম্ অনলং যথা তদ্দাহিকাশক্তিঃ সূচয়তি তথা।

১০৭। লো-টী। সজ্যং জ্যাসহিতম্। আয়তং দীর্ঘং পুষ্টং বা।

১০৫। টিপ্পনী। ত্বাং তুলয়ামি বালিনা তব তুলনাং করোমি। এবমিতি বালিবল-প্রখ্যাপনেনেত্যর্থঃ।

১০৬। টিপ্পনী। প্রমাণং দৈর্ঘ্যম্, আকৃতিঃ শরীরসংস্থানম্।

১০৭। টিপ্পনী। হস্তিহস্তং গজশুণ্ডমিব আয়তং দীর্ঘং কার্ম্মুকং ধনুঃ সজ্যং জ্যাযুক্তং কৃত্বা আকর্ণমূলং কর্ণমূলপর্য্যন্তম্ আকৃষ্য মহাশরং বিসৃজ নিক্ষিপ।

আর, আমি যে [তাহার সহিত] এইভাবে তোমার তুলনা করিতেছি, তাহাও তুমি আমার ক্ষমা করিতে পার। [যে হেতু] অবশ্যই তোমার এবং তাহার বল জানা আমার কর্ত্তব্য ॥ ১০৫ ॥

হে রাম, স্বীকার করি, ভস্মাচ্ছন্ন অগ্নিকে যেমন তাহার দাহিকা শক্তি সূচনা করে, সেইরূপ তোমার দৈর্ঘ্য, ধৈর্য্য ও আকৃতি (শরীরের গঠন) [এই] তিনটি [তোমার] পরম তেজ সূচনা করিতেছে ॥ ১০৬ ॥

অতএব তুমি হস্তিশুণ্ডের ন্যায় আয়ত ধনু জ্যাযুক্ত করিয়া এবং কর্ণমূল পর্য্যন্ত আকর্ষণ করিয়া মহাশর নিক্ষেপ কর ॥ ১০৭ ॥

১। ঙ-পুস্তকে অয়ং শ্লোকঃ ষড়ধিকশততমশ্লোকশ্চ ন স্তঃ, ছ 'যদেবং', ণ 'যচ্চৈব'। ২। ক-ঘ-ঢ 'তোল-'। ৩। ঢ 'তত্তু'। ৪। ঘ 'ময়া জ্ঞেয়ং বলং তব', ছ-ণ 'ময়া জ্ঞেয়ং সবলং তব তস্য চ', ঢ ময়া জ্ঞেয়ং তব বা তস্য বা বলম্'। ৫। ঢ 'স'। ৬। ণ '-মিবোদ্ধৃতম্'।

ইমান্ হি শালান্ প্রহিতস্ত্বয়া শরো
ন সংশয়ো মেঽস্তি বিদারয়েদ্ ধ্রুবম্।
অলং বিমর্শেন সখে মম প্রিয়ং
কুরুষ্ব রাজাত্মজ যাচিতো ময়া ॥ ১০৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে দুন্দুভ্যুপাখ্যানং নাম
নবমঃ সর্গঃ ॥ ৯ ॥

১০৮। লো-টী। নিঃসংশয়ো মেঽস্তি অত্র চ মম সংশয়ো নাস্তি। বিমর্ষেণ পরামর্ষেণ, অলং ব্যর্থম্। যাচিতঃ প্রার্থিতঃ। হে সখে। 'বচ' ইত্যপি কচিৎ পাঠঃ।

(লো-টী। সপৌরুষং পুরুষকারসহিতম্। বলং সামর্থ্যং ন বেদ জানাতি। [৮ম-পাঠান্তরং দ্রষ্টব্যম্।)

১০৮। টিপ্পনী। প্রহিতঃ ক্ষিপ্তঃ। বিমর্শেন বিচারেণ।

তোমার প্রক্ষিপ্ত শর এই সকল শালবৃক্ষ নিশ্চয় বিদারিত করিবে, আমার [ইহাতে] সংশয় নাই। হে রাজপুত্র, হে সখে, বিচারের আবশ্যকতা নাই। আমাদ্বারা প্রার্থিত হইয়া তুমি আমার [এই] প্রিয় [কার্য্য] কর ॥ ১০৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে দুন্দুভ্যুপাখ্যান-নামক
নবম সর্গ সমাপ্ত ॥ ৯ ॥

১। ণ 'ইমাংশ্চ'। ২। ক-ঝ-ঙ-ণ 'তালান্'। ৩। ছ '-স্রোঽস্তি প্রবিদা-'। ৪। ট 'বিলম্বেন'। ৫। ঙ-ছ-ট-ণ 'বচো'। ৬। ঙ 'কুরু ক্ষিতীন্দ্র প্রথিতঃ পৃথিব্যাম্'। ৭। ঘ-ছ 'শাপিতো', ট 'শাপিতং', ণ 'শাসিতো'। ৮। অতঃ পরং ঘ-ঙ-ছ-ণ-পুস্তকেষু 'ইতীব কাকুৎস্থবলং বিচিন্তয়ন্ বলঞ্চ বালিপ্রভবং স বানরঃ। ন বেদ রামস্য স পৌরুষং ধ্রুবং ('ধ্রুবঃ স পৌরুষং' ণ) সুরাসুরৈরপ্যবিষহ্যমাহবে ॥' ইত্যধিকম্।

দশমঃ সর্গঃ *

এবমুক্ত্বা তু সুগ্রীবো রামং দশরথাত্মজম্ ।
ধ্যাত্বা মুহূর্ত্তং কাকুৎস্থমিদং বচনমব্রবীৎ ॥ ১ ॥

[১]য এষ রাবণো নাম সীতাং হরতি দুর্ম্মতিঃ ।
এষ বীর্য্যবতাং বীর্য্যমাদত্তে[২] রাক্ষসেশ্বরঃ ॥ ২ ॥

দেবদানবগন্ধর্ব্বযক্ষরক্ষোমহোরগাঃ ।
মানবাশ্চৈব রাজানো মহাবলপরাক্রমাঃ ।
ত্রৈলোক্যবিজয়ার্থায় যুধি বিক্রম্য নির্জ্জিতাঃ ॥ ৩ ॥

পিতামহবরোৎসিক্তোঽগণয়ন্ন[৩] হি কিঞ্চন ।
এবংপ্রভাবো রক্ষঃ স রাবণো যুধি দুর্জ্জয়ঃ ॥ ৪ ॥

২। টিপ্পনী। য এষ রাবণঃ সীতাং হরতি, এষ রাবণো বীর্য্যবতাং বীর্য্যশালিনাং বীর্য্যং বলম্ আদত্তে গৃহ্ণাতি পরাভবেণ তান্ নির্ব্বলান্ করোতীত্যর্থঃ ।

৩। টিপ্পনী। ত্রৈলোক্যবিজয়ার্থায় ত্রৈলোক্যবিজয়রূপং প্রয়োজনং সাধয়িতুং রাবণেন দেবাদয়ো বিক্রম্য বিক্রমং প্রকটয্য নির্জ্জিতাঃ পরাজিতাঃ ।

৪। টিপ্পনী। এবংপ্রভাব ঈদৃশপ্রভাববিশিষ্টঃ, যুধি যুদ্ধে দুর্জ্জয়ো দুঃখেন জেতুং শক্যঃ

সুগ্রীব কাকুৎস্থ দশরথাত্মজ রামকে এইরূপ বলিয়া মুহূর্ত্তকাল চিন্তা করত [পুনর্ব্বার] এই বাক্য বলিলেন—॥ ১ ॥

এই যে দুর্ম্মতি রাবণ সীতাকে হরণ করিয়াছে, এই রাক্ষসাধিপতি বীর্য্যবান্ দিগের [-ও] বল গ্রহণ করে (অর্থাৎ অতি বীর্য্যশালী ব্যক্তিদিগকেও পরাভূত করিয়া তাহাদিগকে বলশূন্য করিয়া থাকে) ॥ ২ ॥

রাবণ ত্রৈলোক্য জয় করিবার জন্য যুদ্ধে বিক্রম প্রকাশপূর্ব্বক দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, মহোরগ ও মহাবলপরাক্রম মনুষ্যজাতীয় নৃপবৃন্দকে পরাজিত করিয়াছে ॥ ৩ ॥

* সর্গোঽয়ং ঘ ঙ-ণ পুস্তকেষু নাস্তি ।

১। ঙ 'বয়স্থ', ট 'স এষ'। ২। ট '-মাধত্তে' ৩। ঙ ' গণয়েন্নেহ কিঞ্চন', ট '-হগণয়ন্নেহ' ।

নিত্যং তু[1] বালী সময়ে ভ্রাতা মে বানরেশ্বরঃ।
সন্ধ্যামুপাসিতুং যাতি সমুদ্রৌ পূর্ব্বপশ্চিমৌ ॥ ৫ ॥
গচ্ছন্তং চানুগচ্ছামি নিত্যং ভ্রাতরমগ্রজম্।
[2]অন্বেষ্টুং পদবীং চাস্য ন শক্যং গরুড়াদৃতে ॥ ৬ ॥
তস্যানিলগতেঃ পূর্ব্বং সমুদ্রতটমাসতঃ।
দেবকার্য্যং কর্ত্তুকামো রাবণো[3]হভ্যাগমৎ তদা ॥ ৭

৬। লো টী। অন্বেষ্টুম্ অনুগন্তুম্। পদবীং পন্থানম্।
৭। লো-টী। আসতো বর্ত্তমানস্য, উপবিশতো বা। স্বনিগ্রহরূপং দেবকার্য্যম্।

স রাবণঃ পিতামহস্য ব্রহ্মণো বরেণ উৎসিক্তো গর্ব্বিতঃ সন্ কিঞ্চন কিমপি ন অগণয়দ্ বহু নামন্যত ন মনসি ধৃতবানিত্যর্থঃ।

৫। টিপ্পনী। সময়ে সন্ধ্যোপাসনাকালে. গরুড়াদ্ ঋতে গরুড়ং মাঞ্চ বিনেত্যর্থঃ।
৬। টিপ্পনী। পদবীং গমনমার্গম্।
৭। টিপ্পনী। অনিলগতের্ব্বায়ুবদ্‌গতিশীলস্য পূর্ব্বং সমুদ্রতটম্ আসত আসীনস্য বালিনঃ, বালিনি সমুদ্রতটম্ আসীনে সতীত্যর্থঃ, সপ্তম্যর্থে ষষ্ঠী।

এবংবিধপ্রভাববিশিষ্ট যুদ্ধদুর্জ্জয় রাক্ষস রাবণ ব্রহ্মার বরে গর্ব্বিত হইয়া কিছুই গ্রাহ্য করে নাই ॥ ৪ ॥

আমার ভ্রাতা বানরেশ্বর বালী নিত্য [সন্ধ্যা উপাসনার] সময়ে সন্ধ্যোপাসনার্থ পূর্ব্ব ও পশ্চিম সমুদ্রে গমন করিয়া থাকে ॥ ৫ ॥

[আমার] জ্যেষ্ঠ ভ্রাতা [বালী] গমন করিতে থাকিলে নিত্য আমি [তাহার] অনুগমন করিতাম। ইহার [গমন-] মার্গ অনুসরণ করিতে গরুড় [ও আমি] ভিন্ন অন্যের শক্তি নাই ॥ ৬ ॥

বায়ুর ন্যায় গতিশীল বালী সমুদ্রের পূর্ব্বতীরে অবস্থান করিতে থাকিলে, তখন রাবণ দেবকার্য্যকরণার্থ [তথায়] আগমন করিয়াছিল ॥ ৭ ॥

১। ঙ-ছ 'চ'। ২। ইতোঽর্দ্ধদ্বিতয়স্য স্থানে ঢ-পুস্তকটিপ্পন্যাং 'তস্যানিলগতেস্তস্মিন্ কদাচিদ্বানরর্ষভ। প্রাতরুত্থায় তৎপূর্ব্বং সমুদ্রতটমাযযৌ ॥' ইতি পাঠঃ। ৩। ঙ 'রাক্ষসোঽ-', ঢ 'রাক্ষসেন্দ্রোঽগমৎ'।

বলবন্তং[1] সমালক্ষ্য রাক্ষসঃ[2] পুরুষাদকঃ।
জিতকাশী দুরাত্মা স যুদ্ধং দেহীতি চাব্রবীৎ ॥ ৮ ॥
বানরেন্দ্রো রাক্ষসেন্দ্রমব্রবীৎ প্রিয়দুর্ম্মতে[3]।
মুহূর্ত্তং[4] মৃষ্যতাং সন্ধ্যা যাবদুপাসিতা ময়া।
তচ্ছ্রুত্বা ক্রোধরক্তাক্ষো দশগ্রীবো[5] মহাবলঃ ॥ ৯ ॥
কোঽয়ং দেবোঽথবা যস্য পূজাং ত্বং কর্ত্তুমিচ্ছসি[6]।
মামনাদৃত্য দুর্ব্বুদ্ধে কর্ত্তব্যস্তব নিগ্রহঃ ॥ ১০ ॥

৮। লো-টী। সমালক্ষ্য জ্ঞাত্বা। জিতেন জয়েন কাশিতুং প্রকাশিতুং শীলং যস্য সঃ।

৯। লো-টী। প্রিয়দুর্ম্মতে, প্রিয়ায় প্রাণায় ন বিদ্যতে মতির্যস্য হে প্রিয়দুর্ম্মতে, প্রাণরক্ষার্থগতবুদ্ধে (?) ইত্যর্থঃ।

১০। লো-টী। অয়ং ত্বং কঃ। 'অথবা' [শব্দো]বাশব্দার্থে। যস্য পূজাং কর্ত্তুমর্হসি স এব বা ক ইতি দশগ্রীবোঽব্রবীদিতি শেষঃ।

৮। টিপ্পনী। পুরুষাদকো নরভুক্, জিতকাশী জয়োদ্ধতঃ স রাক্ষসঃ বালিনং বলবন্তং সমালক্ষ্য দৃষ্ট্বা।

৯। টিপ্পনী। কিমব্রবীদিত্যাহ—হে প্রিয়দুর্ম্মতে প্রিয়া দুর্ম্মতিঃ দুষ্টবুদ্ধির্যস্য তৎসম্বোধনে, হে প্রিয়দুর্ব্বুদ্ধে, মুহূর্ত্তং ব্যাপ্য মৃষ্যতাং ধৈর্য্যমবলম্ব্যতাম্, যাবন্ময়া সন্ধ্যা উপাসিতা স্যাৎ। তচ্ছ্রুত্বা দশগ্রীবঃ ক্রোধরক্তাক্ষঃ ক্রোধেন রক্তনেত্রো বভূব বক্ষ্যমাণমব্রবীচ্চ।

আর, নরখাদক জয়োদ্ধত দুরাত্মা রাক্ষস রাবণ [বালীকে] বলবান্ দেখিয়া 'যুদ্ধ প্রদান কর' ইহা বলিল ॥ ৮ ॥

বানরেন্দ্র [বালী] রাক্ষসেন্দ্রকে বলিল—হে দুর্ব্বুদ্ধিপ্রিয়, তুমি মুহূর্ত্ত ধৈর্য্য ধারণ কর, যেপর্য্যন্ত আমি সন্ধ্যোপাসনা করি। তাহা শ্রবণ করিয়া মহাবল দশগ্রীব ক্রোধে লোহিতনেত্র হইল [এবং বলিল—] ॥ ৯ ॥

হে দুর্ব্বুদ্ধে, আমার প্রতি অনাদর প্রদর্শনপূর্ব্বক যাহাকে তুমি পূজা করিতে ইচ্ছা করিতেছ, এই দেবতাটীই বা কে? আমি তোমাকে নিগৃহীত করিব ॥ ১০ ॥

১। ঙ-চ 'তমা-'। ২। ঙ '-বণঃ'। ৩। চ 'তিষ্ঠ'। ৪। ঙ-চ 'যাস্যসি ক্ষিপ্রং যমস্য সদনং প্রতি'। ৫। চ '-বোঽব্রবীদিদম্'। ৬। ক-ঘ-ছ-ণ '-মর্হসি'।

যদা দেবা ময়া যুদ্ধে সাসুরোরগদানবাঃ।
নির্জ্জিতা যুধি বিক্রম্য ময়ামৈব[1] চ ঘুষ্যতাম্ ॥ ১১ ॥
দুর্ব্বুদ্ধে অকৃতপ্রজ্ঞ[2] বানর[3] ত্বং ন বুধ্যসে।
লোকেশ্বরং রাবণং[4] মাং পৌলস্ত্যকুলনন্দনম্ ॥ ১২ ॥
আখ্যাতো নারদেনাসি[5] ততস্ত্বং বিদিতো মম।
তিষ্ঠ[6] ত্বং দেহি যুদ্ধং মে ততো দ্রক্ষ্যসি পূর্ব্বজান্[7] ॥ ১৩
তচ্ছ্রুত্বা বানরেন্দ্রস্তু যুদ্ধায়ৈব[8] মনো দধে।
এহ্যেহি রাবণ ক্রূর বেদ্মি ত্বাং দেবকণ্টকম্ ॥ ১৪ ॥

১১। লো-টী। [মত্বা মৈব চ ঘুষ্যতাম্] যদা দেবাদয়ো যুধি নির্জ্জিতা ইতি মত্বা জ্ঞাত্বা 'মুহূর্ত্তং যাস্যসি ক্ষিপ্রম্' ইত্যাদিবচনং মা ঘুষ্যতাং মা কথ্যতাম্ ইত্যর্থঃ। 'ময়ামৈব চ ঘুষ্যতে' ইতি পাঠে যদা দেবাদয়ো নির্জ্জিতাস্তদা ময়ামৈব চ ঘুষ্যতে কীর্ত্ত্যতে।

১২। লো-টী। সুষ্ঠু নাস্তি কৃতা শিক্ষিতা প্রজ্ঞা যস্য হে স্বকৃতপ্রজ্ঞ।

১৩। লো-টী। পূর্ব্বকান্ মৃতান্ পিতৃপিতামহান্।

১১। টিপ্পনী। সাসুরোরগদানবাঃ অসুরৈরুরগৈঃ সর্পৈর্দ্দানবৈশ্চ সহিতাঃ দেবা যুধি যুদ্ধে নির্জ্জিতাঃ পরাভূতাঃ।

১২। টিপ্পনী। হে অকৃতপ্রজ্ঞ প্রজ্ঞাহীন।

১৩। টিপ্পনী। পূর্ব্বজান্ স্বর্গতান্ পূর্ব্বপুরুষান্।

যখন অসুর উরগ (সর্প) ও দানবগণের সহিত দেবগণকে আমি যুদ্ধে বিক্রম প্রকাশপূর্ব্বক পরাভূত করিয়াছি, তখন আমার নামই ঘোষণা কর ॥ ১১

হে দুর্ব্বুদ্ধে প্রজ্ঞাহীন বানর, তুমি ভুবনপতি পুলস্ত্যবংশের আনন্দবর্দ্ধন রাবণ আমাকে জানিতেছ না? ॥ ১২ ॥

নারদ তোমার কথা [আমার নিকট] বলিয়াছেন, সেইজন্য তোমাকে আমি জানি। তুমি দাঁড়াও, আমাকে যুদ্ধ দাও, তাহা হইলে তুমি [তোমার মৃত] পূর্ব্বপুরুষগণকে দেখিতে পাইবে ॥ ১৩ ॥

১। চ '-ম চৈব ঘুষ্যতে'। ২। ঙ 'হ্যকৃ-'। ৩। চ '-রত্বং'। ৪। ঙ 'মাং রম্যং বা'। ৫। ঙ '-নাসৌ', চ '-নাপি'। ৬। চ '-ষ্ঠস্ব'। ৭। ঙ-ছ '-কান্'। ৮। ঙ '-য় স মহাবলঃ'।

যুধ্যস্ব যদি তে শক্তির্ম্ময়া সহ নিশাচর।
হৃষ্টাঃ পশ্যন্তু নিহতং ত্বামদ্য[1] ত্রিদিবৌকসঃ ॥ ১৫ ॥
স তথোক্তো দশগ্রীবো মুষ্টিমুদ্যম্য বানরম্[2]।
প্রহর্ত্তুকামশ্চক্রাম দৃষ্ট্বা[3] বালিনমাহবে ॥ ১৬ ॥
দশাস্যং বিংশতিভুজং রাক্ষসং পর্ব্বতোপমম্।
দীর্ঘদংষ্ট্রং মহাকায়ং বিকৃতাস্যং মহাভুজম্ ॥ ১৭ ॥
অসংভ্রান্তং[4] তদা বালী প্রহস্য বলিনাং বরম্[5]।
নাতিতীব্রেণ[6] দেবারিং গৃহ্য কক্ষান্তরেঽকরোৎ ॥ ১৮ ॥

১৮। লো টী। নাতিতীব্রেণ নাতিবেগেন অনায়াসেনেত্যর্থঃ, গৃহ্য গৃহীত্বা, কক্ষান্তরে কক্ষমধ্যে।

১৫। টিপ্পনী। ত্রিদিবৌকসো দেবাঃ।

১৬। টিপ্পনী। বালিনম্ আহবে যুদ্ধে দৃষ্ট্বা উদ্যতমিতি শেষঃ, তং প্রহর্ত্তুকামঃ সন্ চক্রাম তদভিমুখং গন্তুমারেভে।

১৭-১৮। টিপ্পনী। দীর্ঘদংষ্ট্রং দীর্ঘদন্তবিশিষ্টম্। বিকৃতাস্যং বিকৃতবদনম্। অসংভ্রান্তং নির্ভীকম্। নাতিতীব্রেণ যত্নেনেতি শেষঃ, অনায়াসেনেত্যর্থঃ। বলিনাং বরং শূরশ্রেষ্ঠম্। কক্ষান্তরে ভুজান্তরালে অকরোদ্ নিদধৌ।

তাহা শ্রবণ করিয়া বানরেন্দ্র [বালী] ও যুদ্ধ করিতেই সঙ্কল্প করিল। [সে বলিল—] হে রাবণ, তুমি শীঘ্র আইস, দেবগণের কণ্টক [-স্বরূপ] তোমাকে আমি জানি ॥ ১৪ ॥

হে রাক্ষস, যদি তোমার সামর্থ্য থাকে, [তবে] আমার সহিত যুদ্ধ কর। অদ্য দেবগণ আনন্দিত হইয়া তোমাকে নিহত দর্শন করুন ॥ ১৫ ॥

সেইরূপে অভিহিত দশগ্রীব রাবণ বানর বালীকে যুদ্ধে উদ্যত দেখিয়া [তাহাকে] প্রহার করিতে অভিলাষী হইয়া মুষ্টি উত্তোলনপূর্ব্বক [বালীর দিকে] অগ্রসর হইতে লাগিল ॥ ১৬ ॥

১। ঙ 'ময়াদ্য', ঢ 'ত্বামিত্থং'। ২। ঢ 'বালিনম্'। ৩। ঙ 'তং দৃষ্ট্বা বালিমাহবে'। ৪। ক '-
৫। ঢ 'বরঃ'। ৬। ঙ '-দূরেণ', ঢ '-জয়ে বদান্যানাং' (?).

তস্য নিষ্পীড্যমানস্য ভুজান্তরগতস্য চ[1]।
সোচ্ছ্বাসমভবদ্ বক্ত্রং সার্চ্চি জ্বালাকুলং মহৎ ॥ ১৯ ॥
অবিচ্ছিন্নান্তরজ্বালো[2] হুতাহুতিরিবানলঃ।
বাহুদণ্ডবিরুদ্ধস্তু[3] নিশ্বাসপরমোঽভবৎ ॥ ২০ ॥
দশশীর্ষো মহাবাহুঃ[4] কন্দরান্তরসংবৃতঃ।
বৃক্ষমূলে মহানাগো[5] যথা পাশেন যন্ত্রিতঃ ॥ ২১ ॥

১৯। লো-টী। মহদ্ বক্ত্রম্, মহদ্ যথা ভবতি বা। সার্চিঃ অর্চিষা ভাসা দীপ্ত্যা সহ বর্ত্তমানমপি। 'অর্চির্ভাশিখয়োর্ন না' ইতি ভূরিঃ। জ্বালা অগ্নিশিখা তদাকুলম্।

২০। লো-টী। অবিচ্ছিন্নোঽন্তরে মধ্যে জ্বালা যস্য সঃ, হুতা ত্যক্তা আহুতির্ঘৃতাদিকং যস্মিন্ সঃ।

২১। লো-টী। কন্দরং গুহা তন্মধ্যান্নিঃসৃতো মহানাগঃ। রাবণপক্ষে লঙ্কান্তর-নিঃসৃতঃ।

১৯। টিপ্পনী। ভুজান্তরগতস্য কক্ষমধ্যগতস্যেত্যর্থঃ, তস্য বক্ত্রং মুখং সোচ্ছ্বাসং স্ফীতং সার্চ্চি অর্চ্চিসহিতং রক্তাভমিতি যাবৎ, জ্বালাকুলং জ্বালৈর্জ্বলনৈর্দাহানুভূত্যেতি যাবৎ, আকুলম্ অভবৎ।

২০। টিপ্পনী। অবিচ্ছিন্নান্তরজ্বালঃ অবিচ্ছিন্না বিচ্ছেদরহিতা অন্তরে মধ্যে জ্বালাঃ শিখা যস্য তাদৃশোঽনল ইব অবিচ্ছিন্নান্তরজ্বালঃ অবিচ্ছিন্না বিরামরহিতা অন্তরে জ্বালা জ্বলনানি দাহযন্ত্রণা ইতি যাবৎ, যস্য সঃ, বাহুদণ্ডেন বিরুদ্ধঃ বিশেষেণ রুদ্ধঃ স রাবণঃ নিশ্বাসপরমঃ নিশ্বাসপ্রধানঃ মুহুর্ম্মুহুস্ত্যজ্যমাননিশ্বাস ইতি যাবৎ, আসীৎ।

তখন বালী ঈষৎ হাস্যপূর্ব্বক দশবদন, বিংশতিভুজ, দীর্ঘদন্ত, মহাকায়, বিকৃতবদন, মহাভুজ, নির্ভীক, শূরশ্রেষ্ঠ, দেবশত্রু, পর্ব্বতোপম রাক্ষসকে অনায়াসে গ্রহণ করিয়া কক্ষমধ্যে (বগলে) রাখিয়া দিল ॥ ১৭-১৮ ॥

কক্ষমধ্যগত নিষ্পীড়িত রাবণের বিশাল বদন স্ফীত দীপ্তিযুক্ত (রক্তাভ) ও জ্বলনাকুল হইল (অর্থাৎ যেন পুড়িয়া যাইতে লাগিল) ॥ ১৯ ॥

অবিচ্ছিন্নান্তরজ্বাল দত্তাহুতি বহ্নির ন্যায়, [বালীর] বাহুদণ্ডদ্বারা বিশেষ-ভাবে আবদ্ধ রাবণ নিশ্বাসপ্রধান হইল (অর্থাৎ মুহুর্ম্মুহুঃ নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিল)। [অবিচ্ছিন্নান্তরজ্বাল অবিচ্ছিন্ন অন্তঃশিখাবিশিষ্ট (বহ্নিপক্ষে), অবিচ্ছিন্ন অন্তর্জ্জ্বলনবিশিষ্ট (রাবণপক্ষে)] ॥ ২০ ॥

১। চ 'হ'। ২। ঙ '-গতো'। ৩। ঘ '-নিরু-', চ '-নিব-'। ৪। ঙ 'সর্পঃ কন্দরান্তরসংস্থিতঃ', চ '-নাগো গিরিকন্দরনিঃসৃতঃ'। ৫। ঙ 'ক্রোধো', চ 'ক্রোধপথা' (?)।

[১]সভাজিতশ্চ মে ভ্রাতা দিষ্ট্যা দিষ্ট্যেতি চাব্রবীৎ।
সমাভাষ্য পরিষ্বজ্য মামথৈকেন পাণিনা ॥ ২২ ॥
উপস্পৃশ্য শুচির্ভূত্বা[২] সন্ধ্যাং তাং সমুপাসত।
স তু সন্ধ্যামুপাসিত্বা বায়ুমার্গমথাবিশৎ[৩] ॥ ২৩ ॥
মহাভারৈরিবাসহ্যৈঃ সজ্বালকবলৈর্ম্মুখৈঃ।
তুণ্ডাগ্রলগ্ন[৪]পুচ্ছস্তু[৫] মরুত্বানিব[৬] বেগবান্[৭] ॥ ২৪ ॥

২২। লো-টী। মে মম ভ্রাতা রাবণেন সভাজিতঃ পূজিতঃ পশ্চাৎ স এব দিষ্ট্যা দিষ্ট্যা চাব্রবীৎ।

২৩। লো-টী। উপস্পৃশ্য আচম্য, সমুপাসত সমুপাস্ত। উপাসিত্বা উপাস্য।

২৪। লো-টী। তুণ্ডাগ্রে নখাঃ পুচ্ছং চ যস্য সঃ। বায়ুমার্গম্ আকাশম্। গরুত্মান্ যথা পঞ্চশীর্ষসপ্তশীর্ষাণাং মুখৈর্ব্বিশিষ্টঃ খম্ আবিশতি তথা বালী রাবণমুখৈর্ব্বিশিষ্টঃ। জ্বালানাং সহ সমৃদ্ধিঃ সজ্বালম্, সমৃদ্ধৌ অব্যয়ীভাবঃ। 'সহ সাকল্যসাদৃশ্যযৌগপদ্যসমৃদ্ধিষু' ইতি কোষঃ। জ্বালা-

২১। টিপ্পনী। মহানাগো মহাগজো যথা পাশেন যন্ত্রিতো বদ্ধো ভবতি, তথা বালিনঃ কক্ষমধ্যে মহাবাহুঃ দশশীর্ষো দশগ্রীবো রাবণোঽপি কন্ধরান্তরে স্বীয়গ্রীবাদেশে সংবৃতঃ সংছাদিতঃ পরিবেষ্টিত ইতি যাবৎ, বভূব।

২৪। টিপ্পনী। তুণ্ডাগ্রে লগ্নঃ পুচ্ছো যস্য সঃ।

মহাগজ যেরূপ পাশদ্বারা বৃক্ষমূলে বদ্ধ থাকে, মহাবাহু দশগ্রীবও সেইরূপ [বালীর কক্ষমধ্যে, স্বীয়] গ্রীবাদেশে পরিবেষ্টিত হইয়াছিল (অর্থাৎ রাবণের গ্রীবাদেশ সেইরূপ বালীর কক্ষমধ্যে আবদ্ধ হইয়াছিল) ॥ ২১ ॥

আমার দ্বারা সৎকৃত হইয়া [আমার] ভ্রাতা আমাকে সম্ভাষণপূর্ব্বক এক হস্তে আলিঙ্গন করিয়া 'ভাগ্যক্রমে[-ই] রাবণ নিগৃহীত হইয়াছে, ভাগ্যক্রমে[-ই] রাবণ নিগৃহীত হইয়াছে' ইহা বলিল ॥ ২২ ॥

বালী আচমন করিয়া শুদ্ধচিত্ত হইয়া সেই [প্রারব্ধ] সন্ধ্যার উপাসনা করিল।

১। ঙ 'স তারিতশ্চ'। ২। চ '-সিতাম্'। ৩। ঙ-চ '-থোঽপতৎ'। ৪। ক-ঙ-ছ-চ '-নখ-'। ৫। ঙ 'গরুত্মা-'। ৬। ক-ঘ-ছ 'বীর্য্যবান্'। ৭। অতঃ পরং চ-ঙ-পুস্তকয়োঃ 'ময়ূরৈর্গ (চ 'ময়ূরো গ-')রুড়ৈর্ষষ্ঠচন্দ্রকৈরিব লক্ষ্যতে। তথৈবাকাশগো বালী চন্দ্রো গ্রহগণৈরিব॥' ইত্যধিকম্।

গচ্ছতা বায়ুবেগেন কালমেঘেন সঙ্গতঃ।
হিমবান্ পারিপাত্রো[১] বা বিন্ধ্যো বেতি ততস্ততঃ[২]।
গিরিকন্দরমধ্যস্থো[৩] নগো[৪] বেতি বিভাব্যতে ॥ ২৫ ॥
পূর্ব্বাং[৫] সন্ধ্যামুপাসিত্বা দক্ষিণেন প্রদক্ষিণঃ।
মধ্যাহ্নাৎ পশ্চিমে স্থিত্বা সোত্তরে বার্য্যুপাস্পৃশৎ[৬] ॥ ২৬

সমৃদ্ধিঃ কবলো যেষু তৈর্মুখৈঃ। কৈরিব? অসহ্যৈর্মহাভারৈরিব। অবয়ববিশিষ্টত্বেন অবয়বি-বিশিষ্টত্বং গম্যতে।

২৪ (ক)। লো-টী। বালী ক ইব শীঘ্রগামীত্যপেক্ষায়ামাহ—ময়ূর ইতি। যথা ময়ূরময়ূর্য্যোঃ সন্দেহে মেচকৈশ্চন্দ্রকৈর্ম্ময়ূরোঽয়মিতি লক্ষ্যতে তথৈবাকাশগামী বালী গরুড়ৈর্গরুড়েন দৃষ্টান্তেন শীঘ্রগামিত্বেন উপলক্ষ্যতে জ্ঞায়তে। গরুড়ৈরিতি বহুবচনং বালিগত্যাধিক্যং সূচয়তি। দৃষ্টান্তান্তর-মাহ—চন্দ্র ইতি। যথা একরাশৌ স্থিতাশ্চন্দ্রাদয়ো গ্রহাস্তানতিক্রম্য রাশ্যন্তরে চ গতি(?)চন্দ্রঃ অতি-শীঘ্রগামিত্বাৎ, তথা বালী। (পূর্ব্বপৃষ্ঠে ৭ম-পাঠান্তরং দ্রষ্টব্যম্)।

২৫। লো-টী। গিরিকন্দরং গিরেরুচ্চস্থানং তন্মূর্দ্ধ্নি তদুপরি নগো মহাবৃক্ষো বেতি বিভাব্যতে সম্ভাব্যতে।

২৬। লো-টী। উপাসিত্বা উপাস্য। দক্ষিণেন প্রদক্ষিণক্রমেণ পশ্চিমদিগ্ভাগে স্থিত্বা মধ্যাহ্নাদ্ মধ্যাহ্নসন্ধ্যামুপাস্য স উত্তরে দিগ্বিভাগে স্থিত্বা প্রদক্ষিণঃ কৃতসূর্য্যপ্রদক্ষিণঃ বারি উপা-স্পৃশদ্ আচান্তবান্। 'সোত্তরে' ইতি সন্ধিরার্ষঃ।

২৫। টিপ্পনী। বায়ুবেগেন গচ্ছতা প্রসর্পতা কালমেঘেন সঙ্গতো মিলিতঃ ততস্ততঃ তত্র তত্র প্রদেশে হিমবদাদিরূপো বিভাব্যতে অনুমিতো ভবতি।

সন্ধ্যোপাসনা করিয়া সে অতঃপর সমৃদ্ধ-বহ্নিশিখারূপ-কবলান্বিত, মহাভারের ন্যায় অসহ্য (দুর্ব্বহ) [রাবণের] মুখদ্বারা যুক্ত [হইয়া] ও [রাবণের] মুখাগ্রে লগ্নপুচ্ছ হইয়া বেগবান্ পবনের ন্যায় আকাশে আরোহণ করিল ॥ ২৩-২৪ ॥

বালী, বায়ুবেগে গতিশীল কৃষ্ণমেঘের সহিত মিলিত হইয়া সেই সেই স্থানে হিমালয় অথবা পারিপাত্র অথবা বিন্ধ্যপর্ব্বত কিংবা গিরিকন্দরমধ্যস্থিত বৃক্ষরূপে অনুমিত হইতে লাগিল ॥ ২৫ ॥

[পূর্ব্বসমুদ্রে] প্রাতঃসন্ধ্যার আরাধনা করিয়া দক্ষিণদিক্‌ক্রমে প্রদক্ষিণকারী

১। ঙ '-ভাদ্রো'। ২। ঙ 'ততঃ পরম্'। ৩। ক-ঘ-ছ-চ '-মূর্দ্ধ্নিস্থো'। ৪। চ 'নাগো'। ৫। ঙ '-র্ব্বাং'। ৬। চ 'বার্য্যুপ-', ঙ 'পর্য্যুপ-'।

কিষ্কিন্ধ্যামাগতঃ[1] শীঘ্রমথ বালী মহাবলঃ।
উবাচ রাবণং মুক্ত্বা[2] কৃতকৃত্যোঽস্মি সাম্প্রতম্ ॥ ২৭ ॥
আদিত্যগং তদাভূন্মে মনো রাক্ষসপুঙ্গব।
ততো যুদ্ধং ময়া বীর ন তে দত্তং মহাবল।
সাম্প্রতং কৃতকৃত্যোঽস্মি যুধ্যস্ব বলমাস্থিতঃ ॥ ২৮ ॥
এবমুক্তো দশগ্রীবো মুখেন পরিশুষ্যতা।
কৃচ্ছ্রাদ্[3] ব্রীড়াযুজোবাচ ভুজযন্ত্রনিপীড়িতঃ ॥ ২৯ ॥

২৭। লো-টী। কিষ্কিন্ধ্যাং তৎসমীপদেশম্। কৃতং কৃত্যম্ আহ্নিকং যেন সোঽহম্।

২৮। লো-টী। আদিত্যগম্ আদিত্যোপাসনগতম্। তে তুভ্যম্।

২৯। লো-টী। কৃচ্ছ্রাদ্ দুঃখাদ্ উবাচ, যতো ভুজযন্ত্রনিপীডিতঃ। ব্রীড়াযুজা লজ্জাসম্বন্ধেন বিশিষ্টঃ।

২৬। টিপ্পনী। মধ্যাহ্নাদ্ মধ্যাহ্নকালং প্রাপ্য সোত্তরে উত্তরসমুদ্রেণ সহ বর্ত্তমানে পশ্চিমে পশ্চিমসমুদ্রে, পশ্চিমে উত্তরস্মিংশ্চ সমুদ্রে ইত্যর্থঃ, স্থিত্বা বারি উপাস্পৃশদ্ আচান্তবান্।

২৮। টিপ্পনী। বলম্ আস্থিতোঽবলম্বমানঃ, যথাশক্তীতি ভাবঃ।

২৯। টিপ্পনী। ভুজরূপেণ যন্ত্রেণ পেষণযন্ত্রেণ নিপীড়িতঃ, অতো ব্রীড়াযুজা লজ্জাযুক্তেন পরিশুষ্যতা মুখেনোবাচ।

বালী মধ্যাহ্নকালে [ক্রমে] পশ্চিম ও উত্তরসমুদ্রে অবস্থানপূর্ব্বক বারি স্পর্শ (অর্থাৎ আচমন) করিল ॥ ২৬ ॥

অতঃপর মহাবল বালী সত্বর কিষ্কিন্ধ্যায় উপস্থিত হইল [এবং] রাবণকে [কক্ষমধ্য হইতে] পরিত্যাগ করিয়া বলিল—'আমি সম্প্রতি আমার কার্য্য সমাপন করিয়াছি। হে রাক্ষসশ্রেষ্ঠ, তখন আমার মন আদিত্যোপাসনায় নিমগ্ন ছিল, সেই জন্য হে বীর, তোমাকে আমি যুদ্ধদান করি নাই। হে মহাবল, সম্প্রতি আমি আমার কার্য্য সমাপন করিয়াছি, তুমি শক্তিসহকারে যুদ্ধ কর' ॥ ২৭-২৮ ॥

ভুজরূপ যন্ত্রে (যাঁতায়) নিপীড়িত দশগ্রীব [বালিকর্ত্তৃক] এইরূপ অভিহিত হইয়া বিশুষ্ক সলজ্জ বদনে কষ্টে বলিল— ॥ ২৯ ॥

১। ঙ '-মাগমচ্-'। ২। ঙ 'দৃষ্ট্বা'। ৩। ঙ '-ড়মুখোবাচ'।

বানরেন্দ্র মহাবাহো বলবীর্য্যসমন্বিতঃ।
ত্রিষু লোকেষ্বজেয়োঽস্মি সোঽহমদ্য ত্বয়া জিতঃ ॥ ৩০ ॥
অনুজ্ঞাতো গমিষ্যামি ত্বয়া বানরপুঙ্গব।
[১] সংনিবর্ত্তাভিনন্দস্ব গচ্ছেয়ং স্বস্তিমাগতঃ ॥ ৩১ ॥
তস্য তদ্বচনং শ্রুত্বা বালী বলবতাং বরঃ।
সিদ্ধার্থো গচ্ছ [২] রক্ষেতি কিষ্কিন্ধ্যামগমত্তদা ॥ ৩২ ॥
এবংপ্রভাবো বালী স যদি শক্নোষি সংযুগে।
শরেণৈকেন তং [৩] হন্তুং ততো যুধ্যামি সংযুগে ॥ ৩৩ ॥

৩১। লো-টী। সংনিবর্ত্ত সংনিবর্ত্তস্ব, অভিনন্দস্ব সুখী ভব। স্বস্তিং দুঃখহানিং কল্যাণং বা আগতঃ প্রাপ্তঃ। স্বস্তিমিত্যার্ষং পদম্।

৩২। লো-টী। হে রক্ষো রাক্ষস। অত্রাপ্যার্ষঃ সন্ধিঃ। যদ্বা, সিদ্ধার্থো গচ্ছেত্যুপালম্ভঃ। রক্ষ আত্মানমিতি শেষঃ।

৩৩। লো-টী। তদা ততস্তেন সহ যুধ্যামি যুদ্ধং করিষ্যামি।

৩০। টিপ্পনী। বলবীর্য্যসমন্বিতোঽহং ত্রিষু লোকেষু অজেয়োঽপরাজেয়ঃ অস্মি আসম্।

৩১। টিপ্পনী। অভিনন্দস্ব অভিনন্দ মোদস্বেত্যর্থঃ।

৩৩। টিপ্পনী। স বালী এবংপ্রভাবঃ ঈদৃশপ্রভাববিশিষ্টঃ। সংযুগে যুদ্ধে যদি একেন শরেণ তং হন্তুং শক্নোষি ততস্তেন সহ সংযুগে রণক্ষেত্রে যুধ্যামি।

হে মহাবাহো বানরেন্দ্র, বলবীর্য্যসমন্বিত আমি ত্রিলোকে অজেয় [ছিলাম], সেই আমি অদ্য তোমার দ্বারা পরাজিত হইলাম ॥ ৩০ ॥

হে বানরশ্রেষ্ঠ, তোমার অনুমতি লইয়া গমন করিব। তুমি নিবৃত্ত হও ও হর্ষলাভ কর; আমি মঙ্গল লাভ করিয়াছি. [এক্ষণে] যাইতে ইচ্ছা করি ॥ ৩১ ॥

বলবান্‌দিগের প্রধান বালী তাহার সেই বাক্য শ্রবণ করত—'হে রাক্ষস, তোমার মনোরথ সিদ্ধ হইয়াছে, তুমি গমন কর' ইহা বলিয়া কিষ্কিন্ধ্যায় গমন করিল ॥ ৩২ ॥

১। ঢ 'সন্নিবর্ত্যাভি-'। ২। ঢ 'রক্ষস্ত্বং'। ৩। ঢ 'জুষ্টং'।

ইতীব[1] কাকুৎস্থবলং বিচিন্তয়ন্ বলঞ্চ[2] বালিপ্রভবং স বানরঃ।
ন বেদ রামস্য স[3] পৌরুষং ধ্রুবং সুরাসুরৈ[4]রপ্যবিষহ্য[5]মাহবে ॥ ৩৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বালিবলপ্রখ্যাপনং নাম
দশমঃ সর্গঃ ॥ ১০ ॥

৩৪। লো-টী। রামস্য বলং বালিপ্রভবেণ বলেন সমং ভবতি ন বা বিচিন্তয়ন্ ন পুনর্ধ্রুবং রামস্য পরাক্রমং বেদ। অন্তরে যুদ্ধমধ্যে। 'আহবে' ইতি কচিৎ পাঠঃ।

৩৪। টিপ্পনী। ইতীব ইত্থং কাকুৎস্থবলং বালিপ্রভবঞ্চ বলং বিচিন্তয়ন্ স বানরঃ স্থিত ইতি শেষঃ। আহবে যুদ্ধে সুরাসুরৈরপি অবিষহ্যং সোঢ়ুমশক্যং রামস্য পৌরুষং ধ্রুবং নিশ্চিতং যথা স্যাত্তথা ন বেদ ন জানাতি স্ম, নির্ধারয়িতুং ন শশাকেত্যর্থঃ।

সেই বালী এবংবিধ-প্রভাববিশিষ্ট; তাহাকে যদি এক বাণে যুদ্ধে নিহত করিতে পার, তাহা হইলে [তাহার সহিত] রণক্ষেত্রে যুদ্ধ করি ॥ ৩৩ ॥

বানর সুগ্রীব এইরূপে রামবল ও বালীর বল চিন্তা করিতে লাগিল। যুদ্ধে দেব ও দানবগণেরও অসহনীয়, রামচন্দ্রের পরাক্রম সে নিশ্চিতরূপে অবধারণ করিতে পারিয়াছিল না ॥ ৩৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বালিবলপ্রখ্যাপন-নামক
দশম সর্গ সমাপ্ত ॥ ১০ ॥

১। ঙ-ট 'অতীব'। ২। ঙ-ট 'বলেন বালিপ্রভবেণ'। ৩। ঙ 'ধ্রুবং পরাক্রমং', ট 'পরাক্রমং ধ্রুবং'।
৪। ঙ 'সুরেশ্বরৈ-'। ৫। ঙ '-মন্তরে'।

একাদশঃ সর্গঃ

তস্য তদ্বচনং[১] শ্রুত্বা সুগ্রীবস্য মহাত্মনঃ।
স্মিতপূর্ব্বমিদং রামঃ প্রত্যুবাচ[২] কপীশ্বরম্ ॥ ১ ॥
যদি ন প্রত্যয়োঽস্মাসু বিদ্যতে তব বানর।
প্রত্যয়ং[৩] সমরশ্লাঘ্যম[৪]হমুৎপাদয়া[৫]মি তে ॥ ২ ॥

(* লো-টী। শূরঘাতী শূবানেব হন্তি ন পুনরশূরান্ এবংব্রতী।

† লো-টী। উদ্বিগ্নমানসো দুঃখিতমনাঃ। বনেষ্বপি উদ্‌ভ্রান্তমানসশ্চঞ্চলচিত্তঃ, অয়মহমিত্যন্বয়ঃ।

‡ লো-টী। প্রমাণং সত্যবাদিতা। 'পমাণং নিত্যমর্যাদাশাস্ত্রেষু সত্যবাদিনি' ইতি কোষঃ। যথা স্পর্শস্তৃণাদিযোগো বা ভস্মচ্ছন্নমনলং সূচয়তি।

§ লো-টী। সংহতান্ পরস্পরসংযুক্তান্। [১ম-পাঠান্তরং দ্রষ্টব্যম্)

২। লো-টী। সমরশ্লাঘ্যং রণশ্লাঘাবিষয়ম।

২। টিপ্পনী। সমরশ্লাঘ্যং যুদ্ধে মম প্রশংসাবিষয়কম্। 'সমরে শ্লাঘ্যম্' ইতি পাশ্চাত্যপাঠঃ (৪।১১।৮৩)। সমরে শ্লাঘ্যং তে প্রত্যয়ং প্রতীতিবিষয়ীভূতবিক্রমমুৎপাদয়ামি। শিরোঃ।

মহাত্মা সেই সুগ্রীবের তাদৃশ বাক্য শ্রবণ করিয়া রাম ঈষৎ হাস্যপূর্ব্বক বানরাধিপতি [সুগ্রীব]কে প্রত্যুত্তরে বলিলেন— ॥ ১ ॥

হে বানর, যদি আমাদের প্রতি তোমার বিশ্বাস না হয় [তবে], আমি [স্বীয়] সমরশ্লাঘাবিষয়ে (অর্থাৎ যুদ্ধে যে আমার প্রশংসা আছে তদ্বিষয়ে) তোমার বিশ্বাস উৎপাদন করিতেছি ॥ ২ ॥

১। ইতঃ পূর্ব্বং সর্গারম্ভে ঙ-পুস্তকে 'এবমাদীনি কর্ম্মাণি ভ্রাতুর্জ্যেষ্ঠস্য বানরঃ। পুনঃ সঞ্চিন্ত্য বাক্যুৎস্থমিদং বচনমব্রবীৎ ॥ * শূরশ্চাসুরঘাতী চ প্রখ্যাতবলপৌরুষঃ। তেজস্বী বানরো বালী সংযুগেষ্বপরাজিতঃ ॥ দৃশ্যন্তে চাস্য কর্ম্মাণি দুষ্করাণি সুরাসুরৈঃ। যানি সঞ্চিন্ত্য সঞ্চিন্ত্য ভয়মুৎবং ন সংত্যজে ॥ † উদ্বিগ্নমানসশ্চাহং বনেষু দ্‌ভ্রান্তমানসঃ। অনুরক্তৈঃ সহামাত্যৈশ্চরৈরেবান্বিতঃ সদা ॥ উপলব্ধঞ্চ মে শ্লাঘ্যং ত্বং মিত্রং মিত্রবৎসলঃ। ত্বামহং পুরষব্যাঘ্র হিমবন্তমিবাশ্রিতঃ ॥ কিন্তু তস্য বলজ্ঞোঽহং ভ্রাতৃরূপস্য বৈরিণঃ। অপ্রত্যক্ষঞ্চ মে বীর্য্যং সমরে তব রাঘব ॥ ন খল্বহং ত্বাং তুলয়ে নাবমন্যে ন ভীষয়ে। কর্ম্মভিস্তস্য ভীমৈশ্চ কাতর্য্যং জনিতং মম ॥ ‡ কামং রাম তব ত্রীণি প্রমাণং ধৈর্য্যমাকৃতিঃ। সূচয়ন্তি পরং তেজো ভস্মচ্ছন্নমিবানলম্ ॥ স্নিগ্ধানাং প্রীতিযুক্তানাং সুহৃদাং সুহৃদং প্রতি। কাতরং হৃদয়ং রাম প্রত্যয়ং নাধিগচ্ছতি ॥ § নির্ভিন্দ্যাদ্ যদি বাণেন শালানেতাংস্তু সংহিতান্। বালিনং সমরে হন্তুং সমর্থঃ স্যাত্ততো ভবান্ ॥' ইত্যধিকম্। চ 'এতস্য বচনং'। ২। ঘ 'সুগ্রীবং প্রত্যভাষত'। ৩। ঢ '-তাক্ষং'। ৪। ছ ঢ '-ময়ে'। ৫। ঙ-ছ-ঢ '-ময়-'।

স গৃহীত্বা ধনুর্দ্দিব্যং শক্রচাপসমদ্যুতি[১]।
মুমোচ বাণং সন্ধায় শালানুদ্দিশ্য রাঘবঃ ॥ ৩ ॥
স[২] বিসৃষ্টো বলবতা বাণো হেমপরিষ্কৃতঃ[৩]।
ভিত্ত্বা শালান্[৪] গিরিঞ্চৈব প্রবিবেশ রসাতলম্ ॥ ৪ ॥
স তু[৫] হংসস্য রূপেণ তত[৬] উৎপত্য সায়কঃ।
আজগাম পুনস্তূণং রামস্যামিত[৭]তেজসঃ ॥ ৫ ॥
তান্ দৃষ্ট্বা সপ্ত নির্ভিন্না[৮]ঞ্ শালান্ বানরপুঙ্গবঃ।
রামস্য শরবেগেণ[৯] বিস্ময়ং পরমং গতঃ ॥ ৬ ॥

৩। লো-টী। 'তালানুদ্দিশ্যে'তি পাঠঃ। 'শালানি'ত্যপপাঠঃ।

৩। টিপ্পনী। বাণং সন্ধায় তং বাণং শালান্ শালবৃক্ষসমূহান্ উদ্দিশ্য মুমোচ।

৪। টিপ্পনী। বলবতা রামেণ বিসৃষ্টস্ত্যক্তঃ হেমপরিষ্কৃতঃ স্বর্ণভূষিতঃ স্বর্ণপট্টালঙ্কৃত ইতি যাবৎ, অনেন উত্তমোত্তমত্বমুক্তং বাণস্য ভবতি।

৫। টিপ্পনী। স সায়কস্ততস্তস্মাদ্ রসাতলাদ্ উৎপত্য উত্থায় অমিততেজসো রামস্য তূণং পুনরাজগাম।

রঘুকুলোৎপন্ন রামচন্দ্র ইন্দ্রধনুর ন্যায় দ্যুতিসম্পন্ন দিব্য ধনু গ্রহণ করিয়া বাণ সন্ধান করত [তাহা] শালবৃক্ষসমূহের উদ্দেশে মোচন করিলেন ॥ ৩ ॥

বলবান্ রামকর্তৃক নিক্ষিপ্ত স্বর্ণখচিত সেই বাণ, শালবৃক্ষসমূহ ও পর্ব্বত ভেদ করিয়া রসাতলে প্রবেশ করিল ॥ ৪ ॥

সেই বাণ হংসরূপে রসাতল হইতে উত্থিত হইয়া পুনর্ব্বার অমিততেজঃ-সম্পন্ন রামচন্দ্রের তূণীরে প্রত্যাগমন করিল ॥ ৫ ॥

বানরশ্রেষ্ঠ [সুগ্রীব] সেই সপ্ত শালবৃক্ষ বিদীর্ণ [হইল] দেখিয়া রামের বাণবেগে অতিশয় বিস্মিত হইলেন ॥ ৬ ॥

১। ঙ '-প্রভম্', ছ '-দ্যুতিঃ', ণ '-দ্যুতিম্'। ২। ঙ 'স হি সৃষ্টো'। ৩। অতঃ পরং ণ-পুস্তকে 'সর্ব্বায়সমহাঘোরো দৈত্যদানবসূদনঃ' ইত্যধিকম্। ৪। ক-ণ 'তালা-'। ৫। ঙ 'তং হংসরূপেণ তূর্ণমুৎ-', ছ 'হংসস্বরূ-'। ৬। ণ 'তত্রুৎপত্য চ'। ৭। ঘ-ট '-স্যাদ্ভুতকর্ম্মণঃ'। ৮। ক ণ '-ন্নাংস্তালান্'। ৯। ছ 'বাণবেগেন'।

[১] সুদুষ্করং তু তৎ কর্ম্ম সুগ্রীবঃ প্রসমীক্ষ্য হি।
মূর্দ্ধ্নি কৃত্বাঞ্জলিং হৃষ্টো রাঘবং প্রশশংস হ[২] ॥ ৭ ॥
রাম বিক্রমশৌটীর[৩] মহেন্দ্রবরুণোপম।
[৪] অহো তে চাপমুক্তস্য সায়কস্য মহদ্বলম্ ॥ ৮ ॥
পূর্ব্বমেব ময়া রাম তর্কিতস্ত্বং নরর্ষভ[৫]।
[৬] মহতা তেজসা যুক্তো গূঢ়োঽগ্নিরিব দারুষু ॥ ৯ ॥
[৭] ন ভবদ্ভূতভব্যানাং বিশ্বে[৮] জগতি রাঘব।
সমর্থস্তব কাকুৎস্থ ধনুষ্যস্ত্রবলে[৯] মতৌ ॥ ১০ ॥

৮। লো-টী। বিক্রমশৌটীর বিক্রমশূর।

১০। লো-টী। বিশ্বে বিশ্বস্মিন্ সর্ব্বস্মিন্ জগতি ভূতভব্যানাং যে ভূতা জাতাঃ প্রাণিনঃ যে চ ভব্যা ভবিষ্যন্তঃ, কর্ত্তরি ক্তপ্রত্যয়ঃ, তেষাং মধ্যে ধনুষি অস্ত্রবলে মতৌ বুদ্ধৌ চ ন কোঽপি সমর্থঃ সমঃ অভবদ্ ভবতি।

৭। টিপ্পনী। প্রসমীক্ষ্য দৃষ্ট্বা।

৮। টিপ্পনী। হে বিক্রমশৌটীর পরাক্রমগর্ব্বিত।

৯। টিপ্পনী। দারুষু অরণিকাষ্ঠেষু গূঢ়ঃ প্রচ্ছন্নোঽগ্নিরিব ত্বং পূর্ব্বমেব মহতা তেজসা যুক্তস্তর্কিতঃ মহাতেজস্ত্বেন সম্ভাবিত ইত্যর্থঃ।

১০। টিপ্পনী। বিশ্বে জগতি ভবদ্ভূতভব্যানাং জায়মানানাং জাতানাং জনিষ্যমাণানাঞ্চ প্রাণিনাং মধ্যে ধনুরাদিষু বিষয়ে ন কোঽপি প্রতিপক্ষতয়া তব সমর্থঃ, ভবতি অভবদ্ ভবিষ্যতি বা।

সেই অতিদুষ্কর কর্ম্ম [রামকর্ত্তৃক অনুষ্ঠিত] দর্শন করিয়া হৃষ্ট সুগ্রীব মস্তকে অঞ্জলি বন্ধনপূর্ব্বক [এই বলিয়া] রামচন্দ্রের প্রশংসা করিতে লাগিলেন—॥৭॥

হে মহেন্দ্রবরুণতুল্য বিক্রমগর্ব্বিত রাম, অহো, তোমার চাপমুক্ত সায়কের কি বিপুল বল ! ॥ ৮ ॥

হে নরশ্রেষ্ঠ রাম, [অরণি-]কাষ্ঠে প্রচ্ছন্ন অগ্নির ন্যায় পূর্ব্বেই আমি তোমাকে মহাতেজোযুক্ত [বলিয়া] সম্ভাবনা করিয়াছিলাম ॥ ৯ ॥

১। ছ 'দুষ্করন্তু মহৎ', ট 'দুষ্করং তস্য তৎ', গ 'দুষ্করন্তু স তৎ'। ২। ঙ 'চ'। ৩। গ '-টীর্য্য'। ৪। ঙ 'অস্য'। ৫। ঙ 'সুর-'। ৬। ঙ 'স মহাতে-'। ৭। ক-ঘ-ট-গ 'নাভবদ্ভূত-'। ৮। ছ 'কৃৎস্নে'। ৯। ঘ-ছ '-স্ত্রে বলে'।

যথা হি[১] তেজস্বিবরো[২] দিবাকরো যথা নগানাঞ্চ বরো হিমালয়ঃ।
যথোদধীনাং চ বরো[৩] মহার্ণবস্তথা নরাণামসি বিক্রমে বরঃ॥ ১১॥
ন বৃত্রশক্রুর্ন যমো ন চাসুরো[৪] ন[৫] সর্ব্বযক্ষেশ[৬]ধনেশ্বরো বিভুঃ।
ন পাশহস্তো বরুণশ্চ তে সমো ন মারুতো নৈব চ হব্যবাহনঃ॥ ১২॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে তাল[শাল]নির্ভেদো নাম
একাদশঃ সর্গঃ॥ ১১॥

১১। টিপ্পনী। তেজস্বিবরঃ তেজস্বিষু শ্রেষ্ঠঃ। উদধীনাং সমুদ্রাণাম্।

১২। টিপ্পনী। বৃত্রশক্রুরিন্দ্রঃ। সর্ব্বযক্ষেশঃ সর্ব্বযক্ষাণাম্ অধিপতিঃ ধনেশ্বরঃ কুবেরঃ। হব্যবাহনোঽগ্নিঃ।

হে কাকুৎস্থ রাঘব, নিখিল জগতে যাহারা জন্মগ্রহণ করিতেছে, জন্মগ্রহণ করিয়াছে এবং জন্মগ্রহণ করিবে, তাহাদিগের মধ্যে ধনুকে অস্ত্রবলে ও বুদ্ধিতে কেহ তোমার সহিত [প্রতিদ্বন্দ্বিতায়] সমর্থ নহে, হয় নাই এবং হইবে না॥ ১০॥

দিবাকর যেরূপ তেজস্বিগণের মধ্যে শ্রেষ্ঠ, হিমালয় যেরূপ পর্ব্বতসমূহের মধ্যে শ্রেষ্ঠ এবং মহার্ণব যেরূপ [সপ্ত] সমুদ্রের মধ্যে শ্রেষ্ঠ সেইরূপ তুমি মনুষ্যগণের মধ্যে বিক্রমে শ্রেষ্ঠ॥ ১১॥

বৃত্রশক্র [ইন্দ্র] তোমার তুল্য নহে, যম নহে, অসুর নহে, প্রভাবসম্পন্ন সর্ব্বযক্ষাধিপতি ধনেশ্বর নহে, পাশহস্ত বরুণ নহে, পবন নহে এবং অগ্নিও নহে॥ ১২॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে শালভেদ-নামক
একাদশ সর্গ সমাপ্ত॥ ১১॥

১। ছ 'চ'। ২। ছ '-জঃসু বরো', গ '-জঃস্ববরো'। ৩। ছ-চ 'মহার্ণবো বর-'। ৪। ঙ 'ন চেশ্বরো', ছ 'ন বেশ্বরো'। ৫। গ '-রা'। ৬। গ '-বক্ষাঃ স ধনে-'।

দ্বাদশঃ সর্গঃ

স মূর্দ্ধ্না[১] ন্যপতদ্ ভূমৌ প্রলম্বীকৃতমূর্দ্ধজঃ[২]।
সুগ্রীবো বিপুলগ্রীবো[৩] রাঘবায় কৃতাঞ্জলিঃ ॥ ১ ॥
ইদঞ্চোবাচ[৪] বচনং পুনরেব কপীশ্বরঃ।
রামং সর্ব্বাস্ত্রসম্পন্নং শ্রেষ্ঠং[৫] সর্ব্বধনুষ্মতাম্ ॥ ২ ॥
সেন্দ্রানপি সুরান্ সর্ব্বাংস্ত্বং বাণৈঃ পুরুষর্ষভ।
সমর্থঃ সমরে হন্তুং কিং পুনর্ব্বালিনং রণে ॥ ৩ ॥
অপি বালিসহস্রাণাং সহস্রং পার্থিবাত্মজ।
সমর্থোঽসি রণে হন্তুং[৬] কিমুতৈকমরিন্দম ॥ ৪ ॥

১। লো-টী। প্রলম্বীকৃতমূর্দ্ধজঃ ভূমৌ বিস্তারিতকেশ ইত্যর্থঃ। যদ্বা, প্রলম্বীকৃতা মূর্দ্ধজা যেন সঃ, গলে কেশান্ বদ্ধা ভূমৌ ন্যপতদিত্যর্থঃ। 'প্রলম্বো হারকেশয়ো'রিতি ভূরিঃ।

১। টিপ্পনী। প্রলম্বীকৃতমূর্দ্ধজঃ সাষ্টাঙ্গপ্রণামবশাল্লম্বমানকেশকলাপবিশিষ্টঃ।
২। টিপ্পনী। সর্ব্বধনুষ্মতাং সর্ব্বেষাং ধনুর্দ্ধরাণাম্।
৪। টিপ্পনী। বালিসহস্রাণাং সহস্রম্ অসংখ্যান্ বালিতুল্যপরাক্রমান্ প্রাণিন ইত্যর্থঃ।

রাঘবের উদ্দেশ্যে কৃতাঞ্জলি বিশালগ্রীব সেই সুগ্রীব কেশকলাপ লম্বিত করিয়া মস্তকদ্বারা ভূমিতে পতিত হইলেন (অর্থাৎ সাষ্টাঙ্গে প্রণাম করিলেন) ॥ ১ ॥

আর, কপীশ্বর [সুগ্রীব], সর্ব্বাস্ত্রসম্পন্ন সর্ব্বধনুর্দ্ধারীদিগের প্রধান রামকে পুনরায় এই বাক্য বলিলেন—॥ ২ ॥

হে পুরুষশ্রেষ্ঠ, যুদ্ধে তুমি বাণদ্বারা ইন্দ্রসমন্বিত সকল দেবগণকেও বধ করিতে সমর্থ ; যুদ্ধে বালীকে বধ করিতে যে সমর্থ, ইহাতে আর বক্তব্য কি ? ॥ ৩ ॥

হে রাজপুত্র, হে শত্রুদমন, তুমি সহস্র সহস্র বালীর সহস্রকে (অর্থাৎ অসংখ্য বালীকে) রণে নিহত করিতে সমর্থ, এক বালীর সম্বন্ধে আর কথা কি ॥ ৪ ॥

১। ছ 'ন্যপ-'। ২। ঙ 'পুনঃ স্বীকৃত-'। ৩। ণ 'বিনত-'। ৪। ঢ-ণ '-দং প্রো-'। ৫। ঢ '-কুশলং'। ৬। ক-ণ 'জেতুং'।

যেন সপ্ত মহাশালাঃ[১] [২] শৈলোঽয়ং দানবাস্থিতঃ[৩]।
শরেণাভিদ্যৈতেকেন[৪] সমর্থস্তস্য কঃ পুমান্ ॥ ৫ ॥
অদ্য মে বিগতঃ শোকঃ প্রীতিরদ্য পরা মম।
অদ্য মেনে বিনিহতং বালিনং যুদ্ধদুর্ম্মদম্ ॥ ৬ ॥
সুহৃদং ত্বাং সমাসাদ্য মহেন্দ্রবরুণোপমম্।
উদ্‌যুক্তেভ্যোঽপি[৫] দেবেভ্যঃ সমরে নাস্তি মে ভয়ম্[৬] ॥ ৭ ॥
তদদ্যৈব প্রিয়ার্থং মে বৈরিণং ভ্রাতৃরূপিণম্।
বালিনং জহি[৭] কাকুৎস্থ সংবরং মঘবানিব ॥ ৮ ॥

৫। টিপ্পনী। যেন একেন বাণেন শালশৈলাবভিহতৌ তস্য প্রতিপক্ষতায়াং কঃ পুমান্ সমর্থঃ। দানবাস্থিতঃ দানবেন মৃতদুন্দুভিনা আস্থিতঃ বালিপাদপ্রহারবেগেণাপত্য অধিষ্ঠিতঃ অয়ং শৈলঃ।

৬। টিপ্পনী। যুদ্ধদুর্ম্মদং যুদ্ধবিষয়ে উৎকটমত্ততাসম্পন্নম্।

৭। টিপ্পনী। সমাসাদ্য প্রাপ্য, স্থিতস্যেতি শেষঃ, সমরে উদ্‌যুক্তেভ্য উদ্যতেভ্যো দেবেভ্যোঽপি মম ভয়ং নাস্তি।

৮। টিপ্পনী। ভ্রাতৃরূপিণং ভ্রাতৃরূপেণ বর্ত্তমানম্, বস্তুতস্তু বৈরিণম্।

যে ব্যক্তি সাতটি বিশাল শালবৃক্ষ [ও] [দুন্দুভি-] দানবাধিষ্ঠিত এই পর্ব্বত এক বাণে ভেদ করিয়াছে, কোন্ পুরুষ তাহার [প্রতিদ্বন্দ্বিতায়] সমর্থ॥ ৫ ॥

অদ্য আমার শোক দূরীভূত হইয়াছে, অদ্য আমার পরম আনন্দ, অদ্য আমি যুদ্ধদুর্ম্মদ (যুদ্ধব্যাপারে উৎকটমত্ততাবিশিষ্ট) বালীকে নিহত মনে করিতেছি ॥ ৬ ॥

মহেন্দ্র ও বরুণতুল্য তোমাকে মিত্র[-রূপে] লাভ করিয়া [অবস্থিত] আমার সমরোদ্যত দেবগণ হইতেও ভয় নাই ॥ ৭ ॥

অতএব হে কাকুৎস্থ, ইন্দ্র যেরূপ সংবরাসুরকে নিহত করিয়াছিলেন, তুমি আমার প্রীত্যর্থ সেইরূপ সেই ভ্রাতৃরূপী শত্রু বালীকে অদ্যই বধ কর ॥ ৮ ॥

১। চ 'চ শালা বৈ'। ২। ক-ঘ ঙ-ণ '-তালাঃ'। ৩। ঘ-ঙ-ছ-ঢ-ণ '-স্থি চ'। ৪। ক '-ণৈকেন নির্ভিন্নাঃ', ছ '-ণার্দ্দিতৈকেন' (?), ঢ '-ণাবিধ্যতৈকেন'। ৫। ণ 'সশক্রেভ্যোঽপি'। ৬। ঢ 'সর্ব্বেভ্যো ন হি মে', ণ 'ন হি মে বিদ্যতে'। ৭। ঘ 'হুস্থি'।

ততো রামঃ পরিষ্বজ্য সুগ্রীবং প্রিয়বাদিনম্।
প্রত্যুবাচ মহাপ্রাজ্ঞো লক্ষ্মণানুমতং বচঃ ॥ ৯ ॥
এহি গচ্ছামি[১] সুগ্রীব কিষ্কিন্ধ্যাং বালিপালিতাম্।
গত্বা চাহ্বয় যুদ্ধায় বৈরিণং ভ্রাতৃরূপিণম্ ॥ ১০ ॥
[২]ততো নিষ্ক্রান্তমেবৈনং প্রযোদ্ধুকং ত্বয়া সহ।
হনিষ্যামি তবামিত্রং বাণেনৈকেন বালিনম্ ॥ ১১ ॥
ভাস্করাৎ[৩] ত্বং সমুৎপন্নো বীর্য্যতশ্চাপি[৪] তৎসমঃ।
প্রহৃষ্টবদনশ্চাসি সর্ব্বথা জেষ্যসে রিপুম্ ॥ ১২ ॥
নাপ্রহৃষ্টো হি বিজয়ং পুরুষো বলবানপি।
বিগ্রহেষু প্রপন্নেষু সুগ্রীব প্রাপ্নুয়াৎ ক্বচিৎ ॥ ১৩ ॥

৯। টিপ্পনী। লক্ষ্মণানুমতং লক্ষ্মণস্যাপ্যভিমতম্।
১৩। টিপ্পনী। প্রপন্নেষু সমুপস্থিতেষু।

অতঃপর মহাপ্রাজ্ঞ রাম প্রিয়বাদী সুগ্রীবকে আলিঙ্গন করিয়া প্রত্যুত্তরে লক্ষ্মণের[-ও] অভিমত [এই] বাক্য বলিলেন—॥ ৯ ॥

হে সুগ্রীব, আইস, বালিপালিত কিষ্কিন্ধায় গমন করি। [তথায়] যাইয়া তুমি ভ্রাতৃরূপী শত্রুকে যুদ্ধার্থ আহ্বান কর ॥ ১০ ॥

অতঃপর তোমার সহিত যুদ্ধ করিবার জন্য [গৃহ হইতে] নিষ্ক্রান্ত হইলেই তোমার শত্রু এই বালীকে আমি এক বাণে নিহত করিব ॥ ১১ ॥

তুমি সূর্য্য হইতে সমুৎপন্ন এবং বলেও তত্তুল্য; [বিশেষতঃ] তোমার বদনও প্রহৃষ্ট [বলিয়া মনে হইতেছে]; তুমি সর্ব্বথা শত্রু জয় করিবে ॥ ১২ ॥

হে সুগ্রীব, যুদ্ধ উপস্থিত হইলে অপ্রহৃষ্ট পুরুষ বলবান্ হইয়াও কখন জয়লাভ করিতে পারে না ॥ ১৩ ॥

১। ছ 'গচ্ছাম'। ২। ক-ঙ-ট-পুস্তকেষু অত্রারভ্য অষ্টাদশশ্লোকান্তোঽংশো নাস্তি। ৩। গ '-রাত্তু'। ৪। গ 'বীর্য্যং তস্যাপি তৎসমম্'।

উৎপাতানিহ পশ্যামি দৃশ্যন্তে যে তু সংযুগে।
পুরুষাণাং জয়ার্থায় শকুনৈর্ব্যাহৃতা বনে ॥ ১৪ ॥
তদাহ্বাননিমিত্তং ত্বং নর্দ্দস্ব নদতাং বর।
নর্দ্দতো হি তব শ্রুত্বা ন বালী মর্ষয়িষ্যতি ॥ ১৫ ॥
নর্দ্দমানস্য তে বালী শ্রুত্বা নাদমনুত্তমম্।
যত্র তত্র গতো বীরঃ সমভিজ্ঞাস্যতি স্বয়ম্ ॥ ১৬ ॥
স জিজ্ঞাসুস্তব ক্রোধান্নিষ্পতিষ্যতি বানরঃ।
নিষ্ক্রান্তং তং শরেণাহং ত্যাজয়িষ্যামি জীবিতাৎ ॥ ১৭ ॥

১৪। টিপ্পনী। ইহ বনে অহং তান্ উৎপাতান্ নিমিত্তানি শুভচিহ্নানীত্যর্থঃ, শুভাশুভসূচকা উৎপাতা ইত্যমরটীকায়াং ভরতেনোক্তত্বাৎ, পশ্যামি; পুরুষাণাং যুদ্ধে জয়ার্থায় যে উৎপাতাঃ শকুনৈঃ পক্ষিভির্ব্যাহৃতাঃ সূচিতা ভবন্তীতি শেষঃ।

১৫। টিপ্পনী। হে নদতাং শব্দং কুর্ব্বতাং বর শ্রেষ্ঠ। নর্দ্দস্ব নর্দ্দ শব্দং কুর্ব্বিত্যর্থঃ।

১৬। টিপ্পনী। নর্দ্দমানস্য শব্দং কুর্ব্বাণস্য। অনুত্তমম্ অত্যুচ্চং নাদং শ্রুত্বা যত্র তত্র যস্মিন্নেব স্থানে গতো ভবেৎ স্বয়ং তম্ অভিজ্ঞাস্যতি তবৈবৈষ নাদ ইতি জ্ঞাস্যতি।

১৭। টিপ্পনী। জিজ্ঞাসুঃ শব্দকারণং জ্ঞাতুমিচ্ছুঃ সন্ নিষ্পতিষ্যতি পুরান্নিষ্ক্রান্তো ভবিষ্যতি। জীবিতাৎ ত্যাজয়িষ্যামি বিচ্যুতং করিষ্যামি।

আমি এই বনে সেই উৎপাত (শুভ চিহ্ন)সমূহ দেখিতেছি, যাহা যুদ্ধে পুরুষের জয়ের নিমিত্ত পক্ষিগণ সূচনা করিয়া থাকে ॥ ১৪ ॥

হে নিনাদকারিপ্রবর, তাহার (বালীর) আহ্বানার্থ তুমি চীৎকার করিতে থাক; [তুমি] চীৎকার করিতে থাকিলে চীৎকারধ্বনি শ্রবণ করিয়া বালী [তাহা] সহ্য করিবে না ॥ ১৫ ॥

[তুমি] চীৎকার করিতে থাকিলে বীর বালী তোমার অত্যুচ্চ [চীৎকার] শব্দ শ্রবণ করিয়া যে কোন স্থানে থাকুক, নিজেই [তাহা] বুঝিতে পারিবে ॥ ১৬ ॥

বানর বালী তোমার প্রতি ক্রোধবশতঃ [চীৎকারের কারণ] জানিতে অভিলাষী হইয়া [গৃহ হইতে] নিষ্ক্রান্ত হইবে; নিষ্ক্রান্ত [হইলে] তাহাকে আমি শরদ্বারা জীবন হইতে বিচ্যুত করিব ॥ ১৭ ॥

জীবিতেনাপি মে কার্য্যং সুগ্রীব ভবতঃ প্রিয়ম্।
তুল্যশোকশ্চ দীনশ্চ যত্ত্বং[1] মাং শরণং গতঃ ॥ ১৮ ॥
এবমুক্তস্তু সুগ্রীবো রামেণ রিপুঘাতিনা[2]।
গচ্ছামীত্যব্রবীদ্ধৃষ্টঃ[3][4] প্রয়াতাস্তেঽথ[5] সত্বরাঃ[6] ॥ ১৯ ॥
কিষ্কিন্ধ্যাং ত্বরিতং গত্বা দেশে পাদপসঙ্কটে[7]।
বৃক্ষৈরাত্মানমাবৃত্য[8] তেঽতিষ্ঠন্ গহনে বনে ॥ ২০ ॥
অথ রামোঽব্রবীত্তত্র সুগ্রীবং প্রিয়বাদিনম্।
কুরু নাদং গুহাদ্বারি স্থিত্বা ত্বমকুতোভয়ঃ ॥ ২১ ॥
বালিনং চাহ্বয়[9] তথা[10] নিষ্ক্রমেৎ[11] স গুহামুখাৎ।
তমহং নিহনিষ্যামি শরেণাশনিবর্চ্চসা[12] ॥ ২২ ॥

১৯। টিপ্পনী। অথ তে রামলক্ষ্মণসুগ্রীবাঃ সত্বরাস্ত্বরান্বিতাঃ সন্তঃ প্রয়াতাঃ।

২০। টিপ্পনী। পাদপসঙ্কটে বৃক্ষসমাচ্ছন্নে।

২২। টিপ্পনী। তথা আহ্বয় যথা স নিষ্ক্রমেৎ নিষ্ক্রামেৎ, নির্গচ্ছেদিত্যর্থঃ। অশনিবর্চ্চসা বজ্রবত্তীক্ষ্ণতাসম্পন্নেন শরেণাহং তং নিহনিষ্যামি।

হে সুগ্রীব, আমি জীবনদ্বারাও তোমার প্রিয়কার্য্য করিব। যে হেতু, তুল্যশোক (অর্থাৎ আমার যাদৃশ শোক তাদৃশ শোকবিশিষ্ট) দীন তুমি আমার শরণাগত হইয়াছ ॥ ১৮ ॥

শত্রুনিষূদন রামকর্ত্তৃক এইরূপে অভিহিত সুগ্রীব হৃষ্ট হইয়া বলিলেন—'আমি যাইতেছি'। অতঃপর তাঁহারা ত্বরান্বিত হইয়া গমন করিলেন ॥ ১৯ ॥

তাঁহারা সত্বর কিষ্কিন্ধ্যায় গমন করিয়া গহন বনে বৃক্ষসমাচ্ছন্ন প্রদেশে বৃক্ষসমূহের দ্বারা আত্মগোপন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ২০ ॥

অতঃপর রাম প্রিয়বাদী সুগ্রীবকে সেই স্থানে বলিলেন—তুমি অকুতোভয় (যাহার কাহাকেও ভয় নাই ঈদৃশ) হইয়া গুহাদ্বারে অবস্থানপূর্ব্বক চীৎকার কর ॥ ২১ ॥

১। গ 'যত্ত্বং'। ২। ট 'প্রিয়-'। ৩। গ '-ত্যুৎপতদ্দৃপ্তঃ'। ৪। ঙ '-স্তে চ', গ '-স্তে তু'। ৫। ছ-গ 'সত্বরম্'। ৬। অতঃ পরং ছ-পুস্তকে 'এবমুক্ত্বা তু সুগ্রীবমুভৌ তৌ রামলক্ষ্মণৌ। জগ্মতুঃ সহিতৈঃ সর্ব্বৈর্বানরৈর্বনগোচরৈঃ ॥' ইত্যধিকম্। ৭। ছ '-কুলে'। ৮। গ '-মাশ্রিত্য'। ৯। ঙ 'চাহ্বয় তথা', গ 'চ তথাহ্বয় নিষ্পতেৎ'। ১০। ছ-ট 'যথা'। ১১। ঘ 'নিষ্পতেৎ', ঙ 'নিষ্পতেচ্চ', ছ-ট 'নিষ্পতেত'। ১২। ঘ '-রংহসা'।

এবমুক্তে তু বচনে কাকুৎস্থেনামিতৌজসা।
নাদঃ স্নিগ্ধোঽথ গম্ভীরো মহানাসীত্তদা দিবি ॥ ২৩ ॥
মালা চ কাঞ্চনী দিব্যা নানারত্নবিভূষিতা।
দিবঃ সুগ্রীবমূর্দ্ধানমভিতো নিপপাত হ ॥ ২৪ ॥
সা পতন্তী মহীং মালা কাঞ্চনী দেবনির্ম্মিতা।
প্রচকাশে তদাকাশে বিদ্যুন্মালামনোহরা ॥ ২৫ ॥
সা হি পিত্রা সুতস্নেহাদাদিত্যেন দিবৌকসা।
বালিনো মালয়া তুল্যা স্বয়ং যত্নাদ্বিনির্ম্মিতা ॥ ২৬ ॥

২৪। লো-টী। দিশঃ সর্ব্বা দিশো ব্যাপ্য। 'ভুবী'তি বা পাঠঃ।

২৫। লো-টী। মহীং পতন্তী পতিষ্যন্তী সা আকাশে প্রচকাশে। 'মহামালে'তি ক্বচিৎ পাঠঃ। বিদ্যুন্মালা মালাকারা বিদ্যুদিব।

২৬। লো-টী। 'সুতস্নেহাৎ সুতস্নেহা'দিতি পাঠে অয়মর্থঃ—দিবৌকসা দেবেন্দ্রেণ সুতস্নেহাদ্ যা মালা নির্ম্মিতা আদিত্যেনাপি সুতস্নেহাত্তয়া মালয়া তুল্যা মালা নির্ম্মিতা।

২৩। টিপ্পনী। অমিতৌজসা অমিততেজঃসম্পন্নেন। দিবি আকাশে।

২৪। টিপ্পনী। কাঞ্চনী স্বর্ণময়ী দিব্যা মনোহরা মালা চ দিব আকাশাৎ সুগ্রীবস্য মূর্দ্ধানং মস্তকম্ অভিতঃ মস্তকস্য চতুর্দ্দিক্ষু মস্তকং বেষ্টয়িত্বেতি যাবৎ, নিপপাত।

২৫। টিপ্পনী। মহীং মহ্যাং পতন্তী সা মালা বিদ্যুন্মালেব মনোহরা সতী আকাশে প্রচকাশে দীপ্তিমাপ্নোতি।

বালীকে সেইভাবে আহ্বান কর, [যাহাতে] সে গুহামুখ হইতে বহির্গত হয়; বজ্রতীক্ষ্ণ বাণের দ্বারা আমি তাহাকে বধ করিব ॥ ২২ ॥

অমিততেজঃশালী কাকুৎস্থ [রাম] এইরূপ বাক্য বলিলে, স্নিগ্ধ ও গম্ভীর মহাশব্দ তখন আকাশে উত্থিত হইল ॥ ২৩ ॥

নানারত্নবিভূষিত সুন্দর [একছড়া] স্বর্ণমালাও আকাশ হইতে সুগ্রীবের মস্তকের চতুর্দ্দিকে (অর্থাৎ মস্তক বেষ্টন করিয়া) নিপতিত হইল ॥ ২৪ ॥

দেবনির্ম্মিত সেই স্বর্ণমালা ভূমিতে পতিত হওয়ার সময়ে বিদ্যুন্মালার ন্যায় মনোহারিণী হইয়া আকাশে দীপ্তি পাইতে লাগিল ॥ ২৫ ॥

১। ঙ '-স্ত্তো'। ২। গ 'চ'। ৩। চ 'আপ'। ৪। ছ 'মহামালা'। ৫। ঘ 'সাপি', ছ 'সা চ'।
৬। ঙ 'সুহৃৎস্নেহাদ্বিনির্ম্মিতা,' ছ 'স্বয়ং স্নেহাদ্বিনির্ম্মিতা'।

[১]
তয়া পিনদ্ধয়া তত্র সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ।
শুশুভে হরিশার্দ্দূলো জ্বলদগ্নিরিবাচলঃ[২] ॥ ২৭ ॥
ততঃ স কৃত্বা সুগ্রীবো নমস্কারং দিবং প্রতি।
কৃতাঞ্জলিরথো[৩][৪] পশ্চাদ্রাঘবং পরিষস্বজে ॥ ২৮ ॥
স পূজিতো গুরুস্নেহাল্লক্ষ্মণেনাপি ধীমতা।
অভিবাদিতশ্চ বিধিবল্লক্ষ্মণং[৫] পরিষস্বজে ॥ ২৯ ॥

২৭। লো-টী। পিনদ্ধয়া বদ্ধয়া। জ্বলন্ অগ্নির্যত্র সঃ।

২৮। লো-টী। কৃতাঞ্জলিঃ সন্ দিবং দেবং প্রতি নমস্কারং কৃত্বা। 'কৃতাঞ্জলিমি'তি পাঠে কৃতোঽঞ্জলির্যস্মৈ তং রাঘবম্।

২৯। লো-টী। স সুগ্রীবঃ। গুরুস্নেহাদ্ রামসখত্বাৎ।

২৬। টিপ্পনী। পিত্রা সুগ্রীবপিত্রা দিবৌকসা দেবেন আদিত্যেন বালিনো মালয়া তুল্যা সা মালা সুতস্নেহাদ্ বিনির্ম্মিতা।

২৭। টিপ্পনী। পিনদ্ধয়া পরিহিতয়া। জ্বলদগ্নিরচলঃ পর্ব্বত ইব।

২৮। টিপ্পনী। অথো অথ। পরিষস্বজে আলিলিঙ্গ।

২৯। টিপ্পনী। গুরুস্নেহাদ্ গুরুং রামং প্রতি যঃ স্নেহস্তাদৃশং স্নেহং প্রকটয্য লক্ষ্মণেন স সুগ্রীবঃ পূজিতঃ সম্মানিতঃ। যদ্বা, গুরৌ রামে যঃ স্নেহস্তস্মাদ্ধেতোঃ, গুরুবন্ধুরয়মিতি মত্বেতি ভাবঃ, অভিবাদিতঃ সুগ্রীবশ্চ বিধিবৎ লক্ষ্মণং পরিষস্বজে।

বালীর মালার তুল্য সেই মালা [সুগ্রীব-] পিতা দেব দিবাকর পুত্রের (সুগ্রীবের) প্রতি স্নেহবশতঃ যত্নপূর্ব্বক স্বয়ং নির্ম্মাণ করিয়াছিলেন ॥ ২৬ ॥

বানরাধিপতি বানরশ্রেষ্ঠ সুগ্রীব তখন [গ্রীবায়] পরিহিত [সেই] মালাদ্বারা প্রজ্বলিত অগ্নিবিশিষ্ট পর্ব্বতের ন্যায় শোভা পাইয়াছিলেন ॥ ২৭ ॥

অতঃপর সুগ্রীব [প্রথমতঃ] কৃতাঞ্জলিপুটে আকাশের উদ্দেশে নমস্কার করিয়া পশ্চাৎ রামচন্দ্রকে আলিঙ্গন করিলেন ॥ ২৮ ॥

ধীমান্ লক্ষ্মণও গুরুস্নেহে (অর্থাৎ রামের প্রতি যাদৃশ স্নেহ তাদৃশ স্নেহে) সুগ্রীবকে সম্মানিত করিলেন ; অভিবাদিত সুগ্রীবও যথাবিধানে লক্ষ্মণকে আলিঙ্গন করিলেন ॥ ২৯ ॥

১। ছ '-স্তু তু'। ২। ক-ঝ-ণ '-নলঃ'। ৩। ছ 'কৃত্বা-'। ৪। ঙ-ছ-ণ '-মথো'। ৫। ছ 'সচিবৈর্ল-'।

প্রদক্ষিণং সমাবৃত্য স তৌ[১] দশরথাত্মজৌ।
সুগ্রীবো বিপুলগ্রীব[২] আজগাম গুহামুখম্[৩] ॥ ৩০ ॥
ততো নদন্ মহানাদং বালিনং স সমাহ্বয়ৎ।
সুগ্রীবো গাঢ়সংবীতো নাদৈর্ভিন্দন্নিবাম্বরম্ ॥ ৩১ ॥
তং শ্রুত্বা[৪] নিনদং বালী ঘোরং চুক্রোধ[৫] বীর্য্যবান্।
নিষ্পপাত চ সংক্রুদ্ধ[৬]স্তোয়দাদিব ভাস্করঃ ॥ ৩২ ॥
তয়োঃ[৭] সুতুমুলং যুদ্ধং বালিসুগ্রীবয়োরভূৎ।
দিবীব[৮] গ্রহয়োর্ঘোরং[৯] বুধাঙ্গারকয়োর্মহৎ[১০] ॥ ৩৩ ॥

৩০। লো-টী। সমাবৃত্য কৃত্বা।
৩১। লো-টী। গাঢ়ং দৃঢ়ং যথা স্যাত্তথা সংবীতো পরিবেষ্টিতবস্ত্রঃ।

৩০। টিপ্পনী। বিপুলগ্রীবো দীর্ঘগ্রীবাবিশিষ্টঃ।
৩১। টিপ্পনী। গাঢ়সংবীতঃ গাঢ়ং দৃঢ়ং যথা স্যাত্তথা সংবীতো বদ্ধবসনঃ সুগ্রীবঃ মহানাদং নদন্ মহাশব্দং কৃত্বা বালিনং সমাহ্বয়ৎ।
৩২। টিপ্পনী। তোয়দাদ্ মেঘাদ্ ভাস্কর ইব নিষ্পপাত নিরগচ্ছৎ।
৩৩। টিপ্পনী। দিবি আকাশে পরস্পরং শত্রুতামাপন্নয়োর্ব্বুধাঙ্গারকয়োর্ব্বুধমঙ্গলগ্রহয়োর্যুদ্ধমিব বালিসুগ্রীবয়োর্যুদ্ধং সুতুমুলম্ অতিবিশৃঙ্খলং সামরিকনিয়মাননুগতমিত্যর্থঃ, ঘোরং ভয়াবহং মহদ্ বিশালং বহুকালব্যাপীত্যর্থঃ, অভূৎ।

বিপুলগ্রীব সেই সুগ্রীব দশরথপুত্র রামলক্ষ্মণকে প্রদক্ষিণ করিয়া গুহামুখে আগমন করিলেন ॥ ৩০ ॥

অতঃপর, দৃঢ়ভাবে বদ্ধবসন সেই সুগ্রীব মহাশব্দ করিয়া [এবং সেই] শব্দে যেন আকাশমণ্ডল বিদীর্ণ করিয়া বালীকে আহ্বান করিলেন ॥ ৩১ ॥

বীর্য্যবান্ বালী সেই ভীষণ শব্দ শ্রবণ করিয়া ক্রুদ্ধ হইল এবং ক্রুদ্ধ হইয়া মেঘ হইতে সূর্য্যের ন্যায় [গুহামধ্য হইতে] বহির্গত হইল ॥ ৩২ ॥

১। ঙ-ছ 'ততো রামলক্ষ্মণৌ', চ 'তু তৌ রামলক্ষ্মণৌ'। ২। চ 'রিপুনাশায়'। ৩। ঙ '-মুখাৎ'। ৪। ছ-ঙ-চ 'বি-'। ৫। চ 'চুক্রোশ'। ৬। ছ '-দ্ধো জলদা-'। ৭। চ 'ততঃ'। ৮। ঘ 'গ্রহয়োগ্র-'। ৯। চ '-র্যুদ্ধং'। ১০। চ '-রিব'।

তলৈরশনিকল্পৈশ্চ বজ্রকল্পৈশ্চ মুষ্টিভিঃ।

জঘ্নতুঃ সমরেঽন্যোন্যং বৃক্ষৈর্গিরিতটৈরপি ॥ ৩৪ ॥

রামোঽথ[1] ধনুরাদায় তাবুভৌ সমবৈক্ষত।

পশ্যংশ্চ বালিসুগ্রীবৌ দদর্শ বপুষা সমৌ ॥ ৩৫ ॥

অন্যোন্যসদৃশৌ[2] বীরাবন্যোন্যসমবিক্রমৌ[3]।

উভৌ জজ্ঞে তদা তুল্যাবশ্বিনাবিব রূপিণৌ ॥ ৩৬ ॥

৩৪। লো-টী। গিরিতটৈর্গিরেঃ প্রান্তস্থৈঃ।

৩৬। লো-টী। জজ্ঞে জ্ঞাতবান্।

৩৪। টিপ্পনী। অশনিকল্পৈর্বজ্রোপমৈস্তলৈঃ করপাদতলৈঃ বজ্রকল্পৈর্মুষ্টিভিশ্চ ভ্রাতরৌ অন্যোন্যং জঘ্নতুঃ। শিরোঃ। অশনির্দম্ভোলিঃ, বজ্রং বজ্রায়ুধম্। তিঃ। অশনির্মেঘজ্যোতিঃ। গোঃ রাঃ। গিরিতটৈঃ গিরিতটপ্ররূঢ়ৈঃ।

৩৫। টিপ্পনী। সমবৈক্ষত অবলোকয়াঞ্চক্রে। বপুষা আকৃত্যা।

৩৬। টিপ্পনী। রামঃ রূপিণৌ মূর্ত্তিমন্তৌ অশ্বিনাবিব উভৌ বালিসুগ্রীবৌ তদা তুল্যৌ জজ্ঞে জ্ঞাতবান্, তয়োর্ভেদং নোপলেভে ইত্যর্থঃ।

আকাশে বুধ ও মঙ্গল[-নামক] গ্রহদ্বয়ের যুদ্ধের ন্যায় সেই বালী ও সুগ্রীবের যুদ্ধ অতি তুমুল (বিশৃঙ্খল) ভীষণ ও বিশাল (বহুকালব্যাপী) হইয়াছিল॥ ৩৩ ॥

বজ্রকল্প [হস্তপদাদির] তলদেশদ্বারা ও বজ্রকল্প মুষ্টিদ্বারা এবং গিরিতট-প্ররূঢ় বৃক্ষদ্বারা তাহারা যুদ্ধে পরস্পরকে আঘাত করিতে লাগিল ॥ ৩৪ ॥

অতঃপর রামচন্দ্র ধনুক গ্রহণ করিয়া তাহাদের উভয়কে অবলোকন করিতে লাগিলেন এবং অবলোকন করিতে করিতে দেখিলেন—বালী ও সুগ্রীব আকৃতিতে তুল্য ॥ ৩৫ ॥

মূর্ত্তিমান্ অশ্বিনীকুমারদ্বয়ের ন্যায় পরস্পর তুল্যবলসম্পন্ন, পরস্পর তুল্য-বিক্রম উভয়কে তখন রাম তুল্য [বলিয়া] জানিয়াছিলেন (অর্থাৎ তাহাদের ভেদ উপলব্ধি করিতে পারিয়াছিলেন না) ॥ ৩৬ ॥

১। ঙ '-মোঽপি'। ২। প '-ন্যং'। ৩। প '-ন্যং'।

স নাভিজানন্ সুগ্রীবং বালিনঞ্চৈব[১] রাঘবঃ।
ন চকার তদা বুদ্ধিং সায়কস্য বিমোক্ষণে ॥ ৩৭ ॥
[২]এতস্মিন্নন্তরে ভগ্নঃ সুগ্রীবস্তেন বালিনা।
ঋষ্যমূকং প্রদুদ্রাব জ্ঞাত্বা রামস্য চাশ্রয়ম্[৩] ॥ ৩৮ ॥
ক্লান্তো রুধিরসিক্তাঙ্গঃ প্রহারৈর্জর্জ্জরীকৃতঃ।
বালিনাভিহতো রোষাৎ প্রবিবেশ মহাবনম্[৪] ॥ ৩৯ ॥
তং প্রবিষ্টং বনং দৃষ্ট্বা বালী শাপভয়াত্তদা।
মুক্তস্ত্বমিতি হোবাচ[৫] সংনিবৃত্য[৬] মহাদ্যুতিঃ ॥ ৪০ ॥

৩৮। লো-টী। ভগ্নঃ পরাজিতঃ। আশয়মন্তঃকরণম্।
৪০। লো-টী। মুক্তো মৃত্যোরিতি শেষঃ।

৩৭। টিপ্পনী। সুগ্রীবং বালিনঞ্চ নাভিজানন্ তয়োর্ভেদং নাবগচ্ছন্ রাঘবস্তদা সায়কস্য বাণস্য বিমোক্ষণে বুদ্ধিং ন চকার।

৩৮। টিপ্পনী। এতস্মিন্নন্তরে এতদবসরে সুগ্রীবো বালিনা ভগ্নঃ পরাজিতঃ সন্ রামস্য আশ্রয়ং জ্ঞাত্বা রামাশ্রয়স্বরূপং পরিজ্ঞায়, রামেণ যদাশ্রয়দানং তন্মার্গবদিতি বুদ্ধেতি যাবৎ, ঋষ্যমূকং প্রদুদ্রাব তদভিমুখং বেগেন ধাবিতোঽভূৎ। 'অপশ্যন্ রাঘবং নাথম্ ঋষ্যমূকং প্রদুদ্রুবে' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১২।২১)। রাঘবং নাথং রক্ষকমিত্যপশ্যন্ অজানন্। তিঃ।

৩৯। টিপ্পনী। ক্লান্তো গ্লানিং প্রাপ্তঃ। শিরোঃ। জর্জ্জরীকৃতঃ পরুষত্বক্ কৃতঃ। গোঃ রাঃ।

রঘুকুলসম্ভূত রাম, বালী ও সুগ্রীবকে পরিজ্ঞাত হইতে না পারিয়া (অর্থাৎ তাহাদের ভেদ বুঝিতে না পারিয়া) তখন বাণত্যাগে বুদ্ধি করিলেন না ॥ ৩৭ ॥

ইত্যবসরে সেই বালিকর্ত্তৃক পরাজিত সুগ্রীব রামের আশ্রয় [-প্রদানের স্বরূপ] জানিতে পারিয়া ঋষ্যমূক পর্ব্বতের দিকে ধাবিত হইলেন ॥ ৩৮ ॥

বালিকর্ত্তৃক অভিহত সুগ্রীব ক্লান্ত রুধিরসিক্তদেহ ও প্রহারে জর্জ্জরীকৃত হইয়া ক্রোধে মহাবনে প্রবেশ করিলেন ॥ ৩৯ ॥

১। ক '-ঞ্চাপি'। ২। ঙ 'তস্মিন্নেবান্তরে'। ৩। ঙ 'চাশয়ম্'। ৪। ছ 'মহাবলম্', ণ 'মহদ্বনম্'। ৫। চ-ণ 'চোবাচ'। ৬। ণ 'স নিবৃত্তো'।

রাঘবোঽপি সহ ভ্রাত্রা তৈশ্চাপি সহ মন্ত্রিভিঃ।
তদেব বনমাগচ্ছৎ সুগ্রীবো যত্র বানরঃ ॥ ৪১ ॥

তং দৃষ্ট্বাভ্যাগতং রামং সামাত্যং সহলক্ষ্মণম্।
দীনোঽথাধোমুখো হ্রীমান্[১] সুগ্রীবো বাক্যমব্রবীৎ ॥ ৪২ ॥

আহ্বয়স্বেতি মামুক্ত্বা দর্শয়িত্বা চ বিক্রমম্।
বৈরিণা ঘাতয়িত্বা মাং কিমুপেক্ষা কৃতা[২] ত্বয়া ॥ ৪৩ ॥

তস্মিন্নেব হি[৩] বক্তব্যং কালে রাঘব তত্ত্বতঃ।
ন হনিষ্যাম্যহমিতি ন স্থাস্যে ক্ষণমপ্যহম্ ॥ ৪৪ ॥

৪২। টিপ্পনী। হ্রীমান্ পরাভবহেতুকলজ্জাবান্। শিরোঃ।

৪৩। টিপ্পনী। বালিনম্ আহ্বয়স্ব যুদ্ধে তস্যাহ্বানং কুরু মাম্ ইত্যুক্ত্বা শালভেদনেন বিক্রমং দর্শয়িত্বা যুদ্ধপ্রেরণদ্বারা বৈরিণা শত্রুণা বালিনা মাং ঘাতয়িত্বা চ কিং কথং ত্বয়া উপেক্ষা কৃতা।

৪৪। টিপ্পনী। তস্মিন্নেব কালে অস্মাকং কিষ্কিন্ধাপ্রাপ্তিসময়ে তত্ত্বতঃ যথার্থতঃ ত্বয়া 'বালিনং ন হনিষ্যামী'তি বক্তব্যং বক্তুমুচিতমাসীৎ। ত্বমেতদ অকথয়িষ্যশ্চেত্তদাহং ক্ষণমপি তত্র ন স্থাস্যে অস্থাস্যম্।

তাহাকে বনে প্রবিষ্ট দেখিয়া শাপভয়ে মহাদ্যুতিসম্পন্ন বালী তখন [তাহার অনুগমন হইতে] নিবৃত্ত হইয়া 'তুমি [যমের হাত হইতে] মুক্তি পাইলে' ইহা বলিল ॥ ৪০ ॥

রামচন্দ্রও ভ্রাতার সহিত এবং সেই সকল মন্ত্রীর সহিত—বানর সুগ্রীব যে বনে আসিয়াছেন—সেই বনেই আগমন করিলেন ॥ ৪১ ॥

অতঃপর, অমাত্যগণসমন্বিত সলক্ষ্মণ সেই রামকে উপস্থিত দেখিয়া দীন-ভাবাপন্ন সুগ্রীব লজ্জিত ও অধোবদন হইয়া [এই] বাক্য বলিলেন— ॥ ৪২ ॥

'[বালীকে] আহ্বান কর' ইহা আমাকে বলিয়া, [নিজ] বিক্রম প্রদর্শন করাইয়া [এবং] আমাকে শত্রুদ্বারা আহত করাইয়া [পরিশেষে] কি নিমিত্ত উপেক্ষা করিলে ? ॥ ৪৩ ॥

১। ঘ-ঙ-চ-ণ 'ধীমান্'। ২। চ-ণ 'ত্বয়া কৃতা'। ৩। ঘ 'চ'।

১
অভবিষ্যং বিনিহতো বালিনা যদ্যহং রণে ।
মমাভবিষ্যৎ কো রাজ্যেনার্থো বন্ধুজনেন বা ॥ ৪৫ ॥
২ ৩
তমেবমাদিবচনং বদন্তং কৃপণং বহু ।
৪
অনামর্ষয়মাণশ্চ রামঃ সুগ্রীবমব্রবীৎ ॥ ৪৬ ॥
৫
সুগ্রীব শ্রূয়তাং তাবন্মন্যুশ্চৈবাপনীয়তাম্ ।
৬
কারণং যেন বাণোঽয়ং ন মুক্তঃ প্লবগাধিপ ॥ ৪৭ ॥
৭
অলঙ্কারেণ বেশেন প্রমাণেন গতেন চ ।
৮
ত্বঞ্চ সুগ্রীব বালী চ সদৃশৌ স্থঃ পরস্পরম্ ॥ ৪৮ ॥

৪৬। লো টী। এবমাদি বচনং বাক্যং বক্তীতি বচনং বক্তারং তম্ অনামর্ষয়-মাণোঽসহমানঃ।

৪৭। লো-টী। অপনীয়তাং দূরে ত্যজ্যতাম্।

৪৫। টিপ্পনী। রাজ্যেন বন্ধুজনেন বা কোঽর্থঃ কিং প্রয়োজনং সাধিতমভবিষ্যং।

৪৬। টিপ্পনী। কৃপণং কাতরং যথা স্যাত্তথা বহু এবমাদিবচনং বদন্তং সুগ্রীবং তদ্ অনামর্ষয়মাণঃ ন আমর্ষয়মাণঃ ন সহমানো রামোঽব্রবীৎ।

৪৭। টিপ্পনী। মন্যুঃ ক্রোধঃ।

হে রাঘব, সেই সময়েই (অর্থাৎ আমরা কিষ্কিন্ধ্যায় উপস্থিত হইলেই) যথার্থভাবে তোমার বলা উচিত ছিল—'আমি [বালীকে] বধ করিব না', [তাহা হইলে] আমি ক্ষণকালও [সে স্থানে] অবস্থান করিতাম না ॥ ৪৪ ॥

যদি আমি বালীর সহিত যুদ্ধে নিহত হইতাম, [তবে] রাজ্যে অথবা বন্ধুজনে আমার কোন্ প্রয়োজন [সাধিত] হইত ? ॥ ৪৫ ॥

সেই সুগ্রীব এবংপ্রকার বিবিধ বাক্য কাতরভাবে বলিতে থাকিলে [তাহা] সহ্য করিতে না পারিয়া রাম বলিলেন— ॥ ৪৬ ॥

হে বানরাধিপতি সুগ্রীব, যে কারণে আমি এই বাণ পরিত্যাগ করি নাই, [সেই] কারণ শ্রবণ কর এবং ক্রোধ দূর কর ॥ ৪৭ ॥

১। ণ 'নাভবি-'। ২। ঘ ছ ণ '-বিবিধং'। ৩। ঘ 'বচনং'। ৪। ছ '-ণঞ্চ'। ৫। ছ 'জ্ঞায়তাং'। ৬। ঘ '-ধিপে'। ৭। ঙ 'বেগেন'। ৮। ঘ-ঙ '-স্তঃ', চ 'হি'।

স্বরেণ বর্চ্চসা চৈব প্রেক্ষিতেন স্থিতেন চ[১]।
বিক্রমেণ চ বাচা চ ব্যক্তং ত্বাং[২] নোপলক্ষয়ে ॥ ৪৯ ॥
তদহং[৩] রূপসাদৃশ্যান্মোহিতো বানরেশ্বর[৪]।
কথং সুহৃদ্বধো ন স্যাদিতি বাণং ন মুক্তবান্ ॥ ৫০ ॥
ইমং মুহূর্ত্তস্তু[৫] ময়া পশ্য বালিনমাহবে।
নিরস্তমিষুণৈকেন চেষ্টমানং মহীতলে ॥ ৫১ ॥

৪৮। লো-টী। প্রমাণেন দৈর্ঘ্যস্থৌল্যাদিক্রমেণ, আগতেন আগমনেন। অলঙ্কার-বিশেষেণ। 'অলঙ্কারেণ বেশেন' ইতি পাঠঃ ক্বচিৎ।

৪৯। লো-টী। স্বরেণ সিংহনাদেন, বর্চ্চসা কান্ত্যা, বাচা কথয়া ব্যক্তং তবাভিব্যঞ্জকং চিহ্নম্। 'ব্যক্তিমি'ত্যপি ক্বচিৎ পাঠঃ।

৪৮। টিপ্পনী। প্রমাণেন ঐন্নত্যস্থৌল্যাদিনা। গতেন গত্যা।

৪৯। টিপ্পনী। প্রেক্ষিতেন বীক্ষণেন। স্থিতেন অবস্থানভঙ্গ্যা। ত্বাং ব্যক্তং স্পষ্টং যথা স্যাত্তথা বালিনঃ পৃথক্ কৃত্বেত্যর্থঃ, নোপলক্ষয়ে নোপলক্ষিতবান্।

৫০। টিপ্পনী। কথং কেনোপায়েন সুহৃদ্বধো ন স্যাদিতি চিন্তয়ন্নহং বাণং ন মুক্তবান্। নম্বিদমনুচিতং ভগবতো মোহঃ, অমোহে মোহ ইত্যনৃতকথনঞ্চ। কিঞ্চ, পলায়নসময়ে ঋষ্যমূকাভিমুখধাবনেন ব্যক্তিরস্ত্যেবেতি চেন্ন, বালিন আয়ুর্দায়াসমাপ্ত্যা তথা করণেঽপি সুগ্রীবসন্তোষায় স্বস্মিন্ মানুষবুদ্ধ্যুৎপাদায় চাত্মনি মোহোৎপ্রেক্ষয়া সমাধানাদক্ষতেঃ। ঈদৃশে বিষয়ে এবংবিধানৃতবচনং চ ন দোষায়েত্যপ্যনেন ধ্বনিতম্। তিঃ।

হে সুগ্রীব, তুমি ও বালী অলঙ্কারে, বেশে, প্রমাণে (দীর্ঘতা স্থূলতা-প্রভৃতিতে) ও গতিতে পরস্পর তুল্য ॥ ৪৮ ॥

স্বরে, কান্তিতে, দৃষ্টিতে, অবস্থানভঙ্গীতে, বিক্রমে এবং বাক্যে আমি তোমাকে পরিস্ফুটভাবে (অর্থাৎ বালী হইতে পৃথক করিয়া) লক্ষ্য করিতে পারি নাই ॥ ৪৯ ॥

হে বানরেশ্বর, রূপসাদৃশ্যে মোহিত আমি সেই জন্য, 'কি করিলে সুহৃদ্‌বধ না হয়' ইহা চিন্তা করিয়া বাণ পরিত্যাগ করি নাই ॥ ৫০ ॥

১। ঘ 'স্মিতেন'। ২। ক 'বাং'। ৩। ঘ 'তবাহং', ঙ 'তদাহং'। ৪। ঘ 'বানরাধিপ'। ৫। ঙ '-র্ত্তং তং পশ্য হতং'।

চিহ্নভূতং ত্বভিজ্ঞানং ত্বমঙ্গে কর্ত্তুমর্হসি।
যেন ত্বামভিজানীয়াং[১] দ্বন্দ্বযুদ্ধমুপাগতম্ ॥ ৫২ ॥
গজপুষ্পময়ীং মালামুৎপাদ্য[২] কুসুমাযুতাম্।
কুরু লক্ষ্মণ কণ্ঠেঽস্য সুগ্রীবস্য মহাত্মনঃ ॥ ৫৩ ॥
ততো গিরিতটে জাতামারুহ্য[৩] সুদুরাসদাম্[৪]।
লক্ষ্মণো গজপুষ্পীং[৫] তাং তস্য কণ্ঠে স সক্তবান্ ॥ ৫৪ ॥

৫২। লো-টী। অভিজ্ঞানং তবাভিব্যঞ্জকং চিহ্নম্।

৫৩। লো-টী। গজপুষ্পং নাগকেশরং পুষ্পং তন্ময়ীম্, কুসুমাযুতাং পুষ্পান্তরেণ সংযুক্তাম্ উৎপাদ্য রচয়িত্বা।

৫৪। লো-টী। গিরিতটে গিরেঃ প্রান্তে জাতাম্, বৃক্ষস্য জাতত্বেন তৎপুষ্পস্য জাতত্বম্, সুদুরাসদাং দুরারোহাম্, বৃক্ষস্য দুরারোহত্বেন তৎপুষ্পঘটিতস্রজোঽপি দুরারোহত্বম্, গজপুষ্পীং গজপুষ্পময়ীমারুহ্যানীয় সক্তবান্ বদ্ধবান্। 'গজপুষ্পন্তু পুন্নাগে নাগকেশরপুষ্পকে' ইতি কোষঃ।

৫১। টিপ্পনী। ইমং মুহূর্ত্তম্ অস্মিন্ মুহূর্ত্তে। সপ্তম্যর্থে দ্বিতীয়া। নিরস্তং নিহতম্। চেষ্টমানং বিলুণ্ঠন্তম্।

৫২। টিপ্পনী। চিহ্নভূতং চিহ্নস্বরূপম্ অভিজ্ঞানম্ অভিজ্ঞাপকং কিমপি বস্তু।

৫৩। টিপ্পনী। গজপুষ্পময়ীং গজপুষ্পীময়ীং গজপুষ্পীলতাঘটিতামিত্যর্থঃ। 'গজপুষ্পীমিমাং ফুল্লামুৎপাট্য শুভলক্ষণাম্। কুরু লক্ষ্মণ কণ্ঠেঽস্য সুগ্রীবস্য মহাত্মনঃ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১২।৩৯)। গজপুষ্পীং নাগপুষ্পীং নাম লতাম্। গোঃ রাঃ।

৫৪। টিপ্পনী। লক্ষ্মণঃ গিরিতটে আরুহ্য তত্র জাতাং সুদুরাসদাম্ অতিদুষ্প্রাপাং তাং গজপুষ্পীম্ আহৃত্যেতি শেষঃ, তস্য সুগ্রীবস্য কণ্ঠে সক্তবান্ অবধ্নাৎ। 'ততো গিরিতটে

অবলোকন কর—এই মুহূর্ত্তে বালী যুদ্ধে আমাদ্বারা এক বাণে নিরস্ত (নিহত) হইয়া মহীতলে বিলুণ্ঠিত হইতেছে ॥ ৫১ ॥

কিন্তু, চিহ্নস্বরূপ [কোন একটি] পরিচায়ক বস্তু তোমাকে অঙ্গে ধারণ করিতে হইবে, যাহাতে [বালীর সহিত] দ্বন্দ্বযুদ্ধে প্রবৃত্ত তোমাকে আমি চিনিতে পারি ॥ ৫২ ॥

হে লক্ষ্মণ, পুষ্পসংবলিত গজপুষ্পীময়ী (গজপুষ্পীলতাঘটিত) মালা রচনা করিয়া এই মহাত্মা সুগ্রীবের গলায় পরাইয়া দাও ॥ ৫৩ ॥

১। ঙ '-মিতি'। ২। চ '-পাট্য'। ৩। ঙ '-টাজ্জাতা-'। ৪। ছ '-বধ্য'। ৫। ঘ-ঙ-ছ-ণ '-ষ্পাং'।

স তয়া শুশুভে[1] বীরো মালয়া কণ্ঠসক্তয়া।
বিহায়সি বলাকানাং মালয়া তোয়দো যথা ॥ ৫৫ ॥
ভ্রাজমানেন বপুষা মালয়া কৃতলক্ষণঃ।
প্রতস্থে সহ রামেণ পুনরেব গুহাং প্রতি ॥ ৫৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বালিবধবিধানং নাম দ্বাদশঃ সর্গঃ ॥ ১২ ॥

৫৫। লো-টী। আদিত্যে আদিত্যমণ্ডলে অমৃতাহরণে বিনা গরুড়েন পরীতে ব্যাপ্তে আচ্ছাদিতে সতি যথা সূর্য্য আচ্ছাদিতমণ্ডলঃ। যদ্বা, বিপরীতে বিপরীতভাবাপন্নে রাহুণা কৃতসর্ব্বগ্রাসে আদিত্যে সতি। যদ্বা, আদিত্যে দেবে বিপরীতে প্রতিকূলে সতি যথা ক্ষীণজীবিতং প্রতি নক্ষত্রমালয়া সূর্য্যো রাজতে তথৈবায়ম্। কেচিত্তু—'বিপরীতা নিশা প্রোক্তা বিপরীতশ্চ চন্দ্রমাঃ' ইতি কোষং কল্পয়িত্বা সূর্য্যপদেন চ লক্ষণয়া পরিধিমুক্ত্বা 'বিপরীতে চন্দ্রমসি আদিত্যে দেবে যঃ সূর্য্যঃ পরিধিঃ স যথা নক্ষত্রমালয়া রাজতে তথৈবায়মি'তি ব্যাচক্ষতে। 'বিহায়সি বলাকানাং মালয়া তোয়দো যথে'তি পাঠে বলাকানাং পক্ষিবিশেষাণাম্।

[লোকনাথস্যোপজীব্যঃ পাঠস্তু 'বিপরীতে যথাদিত্যে সূর্য্যো নক্ষত্রমালয়া' ইতি প্রতিভাতি]।

জাতাম্ উৎপাট্য কুসুমায়ুতাম্। লক্ষ্মণো গজপুষ্পীং তাং তস্য কণ্ঠে ব্যসর্জ্জয়ৎ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১২।৪০)।

৫৫। টিপ্পনী। কণ্ঠসক্তয়া কণ্ঠসংবদ্ধয়া তয়া মালয়া স সুগ্রীবঃ বিহায়সি আকাশে বলাকানাং মালয়া সমূহেন তোয়দো যথা মেঘ ইব শুশুভে শোভামাপ।

৫৬। টিপ্পনী। ভ্রাজমানেন প্রদীপ্যমানেন বপুষা দেহেনোপলক্ষিতঃ। কৃতলক্ষণঃ কৃতচিহ্নঃ।

লক্ষ্মণ গিরিতটে আরোহণ করিয়া [তথায়] উৎপন্ন অতি দুষ্প্রাপ্য সেই গজ-পুষ্পীলতা আনয়নপূর্ব্বক [মালারূপে তাহা] সুগ্রীবের কণ্ঠে পরাইয়া দিলেন ॥৫৪॥

আকাশে মেঘ যেরূপ বলাকা (বকবিশেষ)-পংক্তিদ্বারা শোভা পায়, কণ্ঠলগ্ন সেই মালাদ্বারা বীর সুগ্রীব সেইরূপ শোভা পাইলেন ॥ ৫৫ ॥

উজ্জ্বলদেহ সুগ্রীব মালাদ্বারা চিহ্নিত হইয়া রামের সহিত পুনর্ব্বার [কিষ্কিন্ধ্যা] গুহার দিকে প্রস্থান করিলেন ॥ ৫৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বালিবধবিধান-নামক দ্বাদশ সর্গ সমাপ্ত ॥ ১২ ॥

১। ঘ-ণ '-ভেহতীব'।

ত্রয়োদশঃ সর্গঃ

ঋষ্যমূকাৎ স ধর্ম্মাত্মা কিষ্কিন্ধ্যাং লক্ষ্মণাগ্রজঃ।
জগাম সহসুগ্রীবো বালিপৌরুষপালিতাম্ ॥ ১ ॥
সমুদ্যম্য মহচ্চাপং[১] রামঃ কাঞ্চনভূষণম্[২]।
বাণমুদ্ধৃত্য চৈবৈকং[৩] জ্বলিতানলবর্চ্চসম্[৪] ॥ ২ ॥
অগ্রতঃ প্রযযৌ তস্য রাঘবস্য মহাত্মনঃ।
সুগ্রীবো বিপুলগ্রীবো লক্ষ্মণশ্চৈব বীর্য্যবান্ ॥ ৩ ॥
পৃষ্ঠতো[৫] হনুমান্[৬] বীরো নলনীলৌ চ বানরৌ।
তারশ্চৈব[৭] মহাতেজা হরিযূথপযূথপাঃ[৮] ॥ ৪ ॥
পশ্যন্তস্তে যযুর্ব্বৃক্ষান্ পুষ্পিতান্ রুচিরান্ বহূন্।
প্রসন্নাম্বুবহাশ্চৈব[৯] সরিতঃ সাগরংগমাঃ[১০] ॥ ৫ ॥

১-২। টিপ্পনী। রামঃ কাঞ্চনভূষণং চাপং সমুদ্যম্য জ্বলিতানলবর্চ্চসং জ্বলদগ্নিসমপ্রভং বাণঞ্চ তূণীরাদ্ উদ্ধৃত্য বালিপৌরুষেণ বালিনো বিক্রমেণ পালিতাং কিষ্কিন্ধ্যাং জগাম।

৩-৪। টিপ্পনী। বিপুলগ্রীবঃ সুগ্রীবঃ বীর্য্যবান্ লক্ষ্মণশ্চ অগ্রতঃ প্রযযৌ। হনুমদাদয়ঃ পৃষ্ঠতঃ প্রযযুঃ। হরিযূথপযূথপাঃ হরিযূথপানামপি যূথং পান্তি তাদৃশাঃ।

৫-৬। টিপ্পনী। তে রামাদয়ঃ রুচিরান্ মনোজ্ঞান্ বহূন্ বৃক্ষান্ সাগরংগমাঃ সাগর-

---

লক্ষ্মণাগ্রজ ধর্ম্মাত্মা সেই রাম কাঞ্চনভূষিত বিশাল ধনুক উদ্যত করিয়া এবং জ্বলদগ্নিপ্রভ একটি বাণ [তূণীর হইতে] উদ্ধৃত করিয়া সুগ্রীবের সহিত ঋষ্যমূক পর্ব্বত হইতে বালীর পুরুষকারে (বিক্রমে) পালিত কিষ্কিন্ধ্যায় গমন করিলেন ॥১-২॥

বিপুলগ্রীব সুগ্রীব ও বীর্য্যবান্ লক্ষ্মণ মহাত্মা রঘুবংশোদ্ভব রামচন্দ্রের অগ্রে [অগ্রে] এবং বানরযূথপতিগণেরও যূথপতি বীর হনুমান্, বানর নল ও নীল এবং মহাতেজা তার [-নামক বানর] পশ্চাৎ [পশ্চাৎ] গমন করিলেন ॥ ৩-৪ ॥

১। ঙ 'মহাচাপং'। ২। ণ '-ভূষিতম্'। ৩। ভ 'বৈ চৈকং'। ৪। ঘ '-সী'। ৫। চ 'হনুমান্ পূর্ব্বতো'। ৬। ঙ 'বিপুলগ্রাবৌ'। ৭। ঙ '-কশ্চ'। ৮। ঙ-ণ '-পঃ' ৯। ঙ-ণ '-ম্বরুহা-'। ১০। ঘ '-রাজগাঃ'।

কন্দরাণি চ শৈলানাং নির্ঝরাণি গুহাস্তথা।[১]
শিখরাণি চ দিব্যানি দরীশ্চ[২] বিবিধাঃ শুভাঃ ॥ ৬ ॥
বৈদূর্য্যকান্ততোয়াশ্চ নলিনীঃ ফুল্লপঙ্কজাঃ।
পশ্যন্তঃ প্রযযুর্ম্মার্গে নানাপুষ্পগণাযুতাঃ[৩] ॥ ৭ ॥
কাদম্বৈঃ সারসৈর্হংসৈর্ব্বঞ্জুলৈর্জ্জলকুক্কুটৈঃ[৪]।
চক্রবাকৈস্তথান্যৈশ্চ[৫] দাত্যূহৈশ্চ[৬] বিনাদিতাঃ[৭] ॥ ৮ ॥

৬। লো-টী। কন্দরাণি বৃক্ষাঙ্কুরান্। নির্ঝরাণি নির্ঝরান্। গুহাঃ পাষাণাদিসন্ধীন্ দেবখাতবিলানি বা। 'দেবখাতবিলে গুহা' ইত্যমরঃ। 'কন্দরঃ কন্দরা দরী' ইতি রত্নমালা। দরীর্দেবখাতবিলব্যতিরিক্তবিলানি।

৭। লো-টী। বৈদূর্য্যমিব[কান্তং] কমনীয়ং তোয়ং যাসু তাঃ, নলিনীর্নদীঃ।

৮। লো-টী। কাদম্বৈঃ কলহংসৈঃ, হংসৈস্তদন্যৈর্ব্বিনাদিতাঃ। তৈস্তৈঃ কিম্ভূতৈঃ? মঞ্জুলৈর্ম্মনোহরৈঃ। 'বঞ্জুলৈরি'তি পাঠে বেতসৈর্ব্বৃক্ষৈঃ। 'বঞ্জুলস্তিনিশেঽশোকে বেতসে' ইতি ভূরিঃ। জলকুক্কুটৈর্জ্জলচরক্ষুদ্রপক্ষিভিঃ।

গামিনীঃ প্রসন্নাম্বুবহাঃ স্বচ্ছজলবাহিনীঃ সরিতো নদীঃ, কন্দরাণি, গুহা অকৃত্রিমপর্ব্বতবিবরাণি, দরীঃ কৃত্রিমপর্ব্বতবিবরাণি চ পশ্যন্তো যযুঃ। কন্দরাণি মন্দিরাকারপর্ব্বতবিবরাণি। তিঃ। কন্দরাণি মন্দিরবৎ প্রকাশমানানি গিরিবিবরাণি, নির্ঝরাণি পাষাণবিবরাণি, গুহা দেবনিলয়ীভূতগিরিবিবরাণি, দর্য্যো ভয়ঙ্করগুহাঃ ইতি ন পৌনরুক্ত্যম্। শিরোঃ।

৭-৮। টিপ্পনী। তে বৈদূর্য্যকান্ততোয়াঃ বৈদূর্য্যমণিতুল্যস্বচ্ছতোয়বিশিষ্টাঃ ফুল্লপঙ্কজাঃ প্রস্ফুটিতপঙ্কজসমন্বিতাঃ নানাপুষ্পগণাযুতাঃ পঙ্কজব্যতিরিক্তনানাপুষ্পসমূহৈঃ পরিব্যাপ্তাঃ কাদম্বাদিভিঃ পক্ষিভিশ্চ বিনাদিতা নলিনীঃ সরসীঃ পশ্যন্তো যযুঃ।

তাহারা পুষ্পিত মনোরম বহু বৃক্ষ, স্বচ্ছজলবাহিনী সাগরগামিনী বহু তটিনী, পর্ব্বতের কন্দর (মন্দিরাকার পর্ব্বতবিবর), নির্ঝর, গুহা (অকৃত্রিম পর্ব্বতবিবর), মনোরম শিখর এবং বিবিধ সুন্দর দরী (কৃত্রিম পর্ব্বতবিবর) দর্শন করিতে করিতে গমন করিলেন ॥ ৫-৬ ॥

তাঁহারা পথে কলহংস, সারস, হংস, বঞ্জুল, জলকুক্কুট, চক্রবাক, দাত্যূহ ও

১। ঙ '-হাংস্ত-'। ২। চ 'নদীশ্চ'। ৩। ক '-গণৈযু-'। ৪। ছ-ট '-কুক্কুভৈঃ'। ৫। ঙ 'সুগন্ধাঢ্যানিলাসিতৈঃ'। ৬। ছ '-শ্চাভিনন্দিতাঃ'। ৭। ণ 'নিনাদিতম্'।

সুস্থাংশ্চাপি গতাতঙ্কান্ বনরাজিসমাশ্রয়ান্ ।
[৪]চরতো [৫]বীক্ষমাণাশ্চ যযুর্[৬]মৃগ[৭]গণান্ বহূন্ ॥ ৯ ॥
তড়াগসেবিনশ্চৈব কুঞ্জরান্ গিরিসন্নিভান্ ।
জলস্থাংশ্চ [৮]স্থলস্থাংশ্চ করেণুগণ[৯]সংবৃতান্ ॥ ১০ ॥[১০]
বনে বনচরাংশ্চান্যান্ বিবিধান্ মৃগপক্ষিণঃ ।
পশ্যন্তস্তে যযুঃ সর্ব্বে সুগ্রীব[১১]বশবর্ত্তিনঃ ॥ ১১ ॥

৯। লো-টী। গতাতঙ্কান্ গতভয়ান্। চরতস্তৃণানি ভক্ষয়তঃ। মৃগগণাঃ শশহরিণাদয়ঃ, তাংশ্চ বহূন্।

১১। লো-টী। সুগ্রীবপরিবর্ত্তিনঃ পরি পৃষ্ঠে বর্ত্তমানাঃ। 'সুগ্রীববশবর্ত্তিনঃ' ইত্যপি ক্বচিৎ পাঠঃ।

৯। টিপ্পনী। সুস্থান্ সুখিনঃ। চরতো বনে বিচরণশীলান্ মৃগযূথান্ বীক্ষমাণাঃ পশ্যন্তো যযুঃ।

১০-১১। টিপ্পনী। সুগ্রীববশবর্ত্তিনোঽনুগামিনঃ সুগ্রীবেণ দর্শিতমার্গা ইত্যর্থঃ, তে রামাদয়ঃ তড়াগসেবিনস্তড়াগবাসোচিতান্ করেণুগণসংবৃতান্ হস্তিনীগণপরিবৃতান্, জলস্থান্ স্থলস্থাংশ্চ গিরিসন্নিভান্ কুঞ্জরান্ হস্তিনস্তথা অন্যান্ বনচরান্ হস্তিনো মৃগপক্ষিণশ্চ পশ্যন্তো যযুঃ।

অন্যান্য [জলচর] বিহগবৃন্দে মুখরিত, বৈদূর্য্যমণির ন্যায় কমনীয়তোয়বিশিষ্ট, পুষ্পিত-পঙ্কজসমন্বিত [অন্যান্য] নানাবিধপুষ্পপরিব্যাপ্ত সরসীসমূহ দর্শন করিতে করিতে [গমন করিলেন] ॥ ৭-৮ ॥

তাঁহারা বনরাজিসমাশ্রিত নির্ভীক সুখী [বনে] বিচরণশীল বহু মৃগযূথ দর্শন করিতে করিতে গমন করিলেন ॥ ৯ ॥

সুগ্রীবের বশবর্ত্তী (অনুগামী) তাঁহারা সকলে তড়াগসেবী (অর্থাৎ তড়াগে

১। ঘ 'থস্থাং-' ছ-ট 'স্বস্থাং-', ণ 'শুদ্ধাং-'। ২। ক '-শঙ্কান্'। ৩। ঙ '-শ্রিতান্'। ৪। ঙ-পুস্তকে অত আরভ্য একাদশশ্লোকপূর্ব্বার্দ্ধান্তোঽংশো নাস্তি। ৫। ছ '-ণাংশ্চ'। ৬। ক-ঘ-ণ 'বনে'। ৭। অতঃ পরং চ-পুস্তকে 'প্রকীর্ণান্ পর্ব্বতান্ পশ্যন্ মৃগাংশ্চ বিহগৈঃ সহ' ইত্যর্দ্ধমধিকম্। ৮। ঘ-ট-ণ 'বন-'। ৯। ছ '-সেবিতান্'। ১০। অতঃ পরং ছ-পুস্তকে 'বিভিন্নকরটাংশ্চাপি শুক্লদন্তবিভূষিতান্। চরতশ্চ তথা বন্যান্ দ্বিরদান্ কূলপাতিনঃ ॥' ইত্যধিকম্। ১১। ক-ঘ '-পরি-'।

[১] গচ্ছন্নেব ততস্তত্র[২] ত্বরিতং রঘুনন্দনঃ।
[৩] দ্রুমষণ্ডমথো দৃষ্ট্বা রামঃ সুগ্রীবমব্রবীৎ ॥ ১২ ॥
কস্যেদং মেঘসংকাশং তরু[৪]ষণ্ডং প্রকাশতে।
নানাগুল্মলতানদ্ধং পর্য্যন্তকদলীবনম্ ॥ ১৩ ॥
[৫] কিমেতজ্জ্ঞাতুমিচ্ছামি সখে কৌতূহলং হি মে[৬]।
মহদস্য পরিজ্ঞানে গচ্ছন্নেব চ শংস মে ॥ ১৪ ॥
[৭] তস্যৈতদ্বচনং শ্রুত্বা রাঘবস্য মহাত্মনঃ।
গচ্ছন্নেবাচচক্ষেঽথ সুগ্রীবস্তন্মহা[৮]বনম্ ॥ ১৫ ॥

১৩। লো-টী। নদ্ধং বদ্ধম্। পরি সর্ব্বতোভাবেন অন্তে প্রান্তে কদলীবনং যত্র তৎ।
১৪। লো-টী। মে মম মহৎ কৌতূহলম্। মে মম স্থানে শংস কথয়।

১২। টিপ্পনী। অথো অথ, তত্র দ্রুমষণ্ডং বৃক্ষপুঞ্জং দৃষ্ট্বা রামো গচ্ছন্নেব সুগ্রীবং বক্ষ্যমাণমব্রবীৎ।
১৩। টিপ্পনী। পর্য্যন্তকদলীবনং পর্য্যন্তে প্রান্তদেশে কদলীবনং যস্য তৎ।
১৪। টিপ্পনী। অস্য পরিজ্ঞানে পরিজ্ঞাননিমিত্তং মম মহৎ কৌতূহলং বর্ত্ততে।

বাস করিতে অভ্যস্ত), গিরিতুল্য, হস্তিনীগণপরিবৃত, জলস্থিত ও স্থলস্থিত কুঞ্জরসমূহ, বনে অন্য বনচর হস্তিসমূহ এবং বিবিধ মৃগপক্ষিসমূহ দেখিতে দেখিতে গমন করিলেন ॥ ১০-১১ ॥

অতঃপর, রঘুনন্দন রাম সেইস্থানে বৃক্ষপুঞ্জ দর্শন করিয়া যাইতে যাইতে সুগ্রীবকে বলিলেন—॥ ১২ ॥

কাহার এই মেঘসংকাশ বৃক্ষপুঞ্জ, নানাবিধ গুল্ম ও লতায় আবদ্ধ [এবং] প্রান্তদেশে কদলীবনসমন্বিত হইয়া শোভা পাইতেছে ॥ ১৩ ॥

হে সখে, ইহা কি, [তাহা] জানিতে ইচ্ছা করিতেছি ; ইহার পরিজ্ঞাননিমিত্ত আমার বিশেষ কৌতূহল হইতেছে, তুমি যাইতে যাইতেই [ইহার বিষয়] আমার নিকট বল ॥ ১৪ ॥

১। ক 'তেষাস্তু গচ্ছতাং তত্র ত্বরিতং সুমনোহরম্'। ২। ঙ '-স্তস্য'। ৩। গ '-খণ্ড-'। ৪। ঙ 'বন-'। ৫। ঙ 'কস্যৈতজ্জ-'। ৬। চ 'মম', গ 'মহৎ'। ৭। ঙ 'তস্য'। ৮। গ '-হদ্বনম্'।

১ ২
যদেতন্মেঘসঙ্কাশং পশ্যস্যাশ্রমমণ্ডলম্।
৩ ৪
কদলীবনসংছন্নং স্বাদুমূলফলোদকম্ ॥ ১৬ ॥
৫ ৬
অত্র সপ্তজনা নাম মুনয়ঃ সংশিতব্রতাঃ।
৭
সপ্তৈবাসন্ ধর্ম্মশীলা নিত্যং বায়ুজলাশনাঃ ॥ ১৭ ॥
৮ ৯
সপ্তরাত্রকৃতাহারা মৌনব্রতপরায়ণাঃ।
দিবং বর্ষশতৈর্যাতাঃ সপ্তভিঃ সকলেবরাঃ ॥ ১৮ ॥

১৬। লো-টী। কদলীবনেন সংবাধং সঙ্কটং দুর্গমমিত্যর্থঃ। স্বাদু সুরসং মৃদু ফলম্ উদকঞ্চ যস্য তৎ।

১৭। লো-টী। সপ্ত মুনয়ো জনা নাম প্রসিদ্ধা আসন্। সপ্তৈব তে ধর্ম্মশীলা অহিংসা-পরায়ণাঃ।

১৮। লো-টী। অহোরাত্রে গতে সতীত্যর্থঃ। 'অহোরাত্রাদি'তি পাঠে একদিনানন্তরম্। দিবং স্বর্গম্।

১৫। টিপ্পনী। মহাবনম্ আচচক্ষে মহাবনবিষয়কং সর্ব্বং কথয়ামাস।

১৬-১৭। টিপ্পনী। স্বাদুমূলফলোদকং স্বাদূনি মূলফলোদকানি যত্র তৎ। অত্রাশ্রমে সংশিতব্রতাস্তীক্ষ্ণব্রতপরায়ণাঃ বায়ুজলাশনা বায়ুজলমাত্রভক্ষ্যাঃ সপ্ত সপ্তসংখ্যাকাঃ সপ্তজনা নাম মুনয় আসন্। সপ্তজনা নাম সপ্তজনা ইতি প্রসিদ্ধাঃ। তিঃ।

১৮। টিপ্পনী। সপ্তরাত্রকৃতাহারাঃ সপ্তরাত্রে ব্যতীতে কৃতাহারা ইত্যর্থঃ। তে মুনয়ঃ সপ্তভির্ব্বর্ষশতৈঃ সকলেবরাঃ শরীরসহিতাঃ দিবং স্বর্গং গতাঃ। 'সপ্তরাত্রে কৃতাহারা' ইতি

অতঃপর, মহাত্মা রঘুবংশোদ্ভব রামচন্দ্রের এবংবিধ বাক্য শ্রবণ করিয়া সুগ্রীব যাইতে যাইতেই সেই মহাবনের বিষয় বলিতে লাগিলেন—॥ ১৫ ॥

এই যে মেঘতুল্য কদলীবনসমাচ্ছন্ন, স্বাদু মূল ফল ও জলবিশিষ্ট আশ্রম-মণ্ডল দেখিতেছ, এইস্থানে কঠোরব্রতপরায়ণ, ধর্ম্মশীল, নিত্য বায়ু ও জলমাত্রভক্ষ্য, সপ্তজন-নামক সপ্তসংখ্যক মুনি ছিলেন ॥ ১৬-১৭ ॥

১। চ 'যদেনং মে-', ণ 'তদেত-'। ২। ঙ 'কণ্ত্বা-'। ৩। ঙ-ছ-ট '-সংবাধং'। ৪। ঘ '-দম্রম্'। ৫। ট 'তত্র'। ৬। ঙ 'গ্রাম'। ৭। ট 'সপ্তৈব ধর্ম্মশীলাশ্চ'। ৮। ক-ঘ-ট-ণ 'অহো-'। ৯। অতঃ পরং চ-পুস্তকে 'তপোবলসমাযুক্তা নিত্যাধোজলশায়িনঃ।' ইত্যধিকম্।

তেষামেষ[১] প্রভাবেণ কদলীবনসংবৃতঃ।
আশ্রমঃ সুদুরাধর্ষঃ সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ ॥ ১৯ ॥
পক্ষিণো বর্জ্জয়ন্ত্যেনং তথান্যে বনচারিণঃ।[২]
বিশন্তি মোহাদ্[৩] যে হ্যেনং নিবর্ত্তন্তে ন তে পুনঃ ॥ ২০ ॥
বিভূষণরবো হ্যত্র শ্রূয়তে সকলাক্ষরঃ।
তূর্য্যগীতনিনাদশ্চ[৪] দিব্যো[৫] গন্ধঃ প্রবাতি চ ॥ ২১ ॥

১৯। লো-টী। সুদুরাধর্ষো নাপকরণীয়ঃ।

২০। লো-টী। এনম্ আশ্রমম্। মোহাদ্ অজ্ঞানাদপি।

২১। লো-টী। বিভূষণানাম্ অলঙ্কারাণাং রবো ধ্বনিঃ, সকলাক্ষরঃ স্ফুটসর্ব্ববর্ণঃ। তূর্য্যাস্য মৃদঙ্গস্য গীতস্য চ নাদঃ। শ্রূয়তে ইতি বর্ত্তমাননির্দ্দেশান্মুনেঃ প্রভাবাত্তদানীমপি শ্রূয়তে।

পাশ্চাত্ত্যাঃ (৪।১৩।১৯)। কেবলবায়ুনৈব সপ্তরাত্রে গতে কৃতাহারাঃ। তিঃ। সপ্তরাত্রে ব্যতীতে সতীতি শেষঃ, বায়ুনা কৃতাহারাঃ। শিরোঃ।

১৯। টিপ্পনী। সেন্দ্রৈঃ ইন্দ্রসহিতৈঃ সুরাসুরৈরপি সুদুরাধর্ষঃ অতীব দুরতিক্রমঃ কথমপ্যপকর্ত্তুমশক্য ইত্যর্থঃ।

২০। টিপ্পনী। মোহাদ্ অজ্ঞানাদ্ যে এনম্ আশ্রমং বিশন্তি প্রবিশন্তি তে ন নিবর্ত্তন্তে ন প্রত্যাবর্ত্তন্তে কিন্তু তত্রৈব নশ্যন্তীত্যর্থঃ।

সপ্ত রাত্রি অতীত হইলে আহারকারী, মৌনব্রতপরায়ণ তাঁহারা সাতশত বৎসরে সশরীরে স্বর্গে গমন করিয়াছিলেন ॥ ১৮ ॥

তাঁহাদের প্রভাবে কদলীবনসমাচ্ছন্ন এই আশ্রম ইন্দ্রসমন্বিত সুরাসুরগণেরও অতীব দুরতিক্রমণীয় (অর্থাৎ তাঁহারাও এই আশ্রমের কোন অপকার সাধন করিতে পারেন না) ॥ ১৯ ॥

পক্ষিগণ এবং অন্য বনচারিগণ ইহা (আশ্রম) বর্জ্জন করে (অর্থাৎ আশ্রমে প্রবেশ করে না); যাহারা অজ্ঞানবশতঃ ইহাতে প্রবেশ করে, তাহারা আর [জীবিত অবস্থায়] প্রত্যাবৃত্ত হয় না ॥ ২০ ॥

১। ছ '-মেব'। ২। গ '-বাসিনঃ'। ৩। ঘ '-হাদ্ যত্তেনং', ঙ '-হয়ন্ত্যেনং'। ৪। চ '-দৈশ্চ'। ৫। ছ 'দিব্যগন্ধর্ব্বমোদিতঃ'।

দৃশ্যন্তে চাগ্নয়ো দীপ্তাস্তেষামত্র মহাত্মনাম্।
ধূমশ্চ দৃশ্যতেঽদ্যাপি কপোতাঙ্গারুণো মহান্ ॥ ২২ ॥
কুরু প্রণামং ধর্ম্মজ্ঞ[১] তানুদ্দিশ্য তপোধনান্।
লক্ষ্মণেন সহ ভ্রাত্রা প্রয়তঃ সংহতাঞ্জলিঃ ॥ ২৩ ॥
প্রণমন্তি হি[২] যে তেষামৃষীণাং সংশিতাত্মনাম্।
ন তেষামশুভং কিঞ্চিৎ কদাচিদুপপদ্যতে[৩] ॥ ২৪ ॥
ততো রামঃ সহ ভ্রাত্রা লক্ষ্মণেন কৃতাঞ্জলিঃ[৪]।
স[৫] নিশ্চিত্য নমশ্চক্রে মহর্ষীন্ সংশিতব্রতান্ ॥ ২৫ ॥

২২। লো-টী। কপোতানাম্ অঙ্গমিব অরুণঃ।
২৩। লো-টী। সংহতাঞ্জলিঃ কৃতাঞ্জলিঃ।
২৪। লো-টী। সংশিতাত্মনাং তীক্ষ্ণবুদ্ধীনাম্।

২১। টিপ্পনী। সকলাক্ষরোঽব্যক্তমধুরাক্ষরাভির্বাগ্ভিঃ সহিতঃ বিভূষণরবোঽলঙ্কার ধ্বনিঃ।
২২। টিপ্পনী। অগ্নয়ো গার্হপত্যাদয়ঃ। কপোতাঙ্গারুণঃ কপোতশরীরবদ্ ধূসরবর্ণঃ।
২৩। টিপ্পনী। প্রয়তঃ পূতচিত্তঃ সন্।
২৪। টিপ্পনী। তেষাম্ ঋষীণাং প্রণমন্তি তান্ ঋষীন্ প্রণমন্তি। অশুভং ন উপপদ্যতে ন আপততি।
২৫। টিপ্পনী। নিশ্চিত্য সুগ্রীববাক্যং সত্যমিত্যবধার্য্য। সংশিতব্রতান্ কঠোরব্রতান্।

এইস্থানে অব্যক্তমধুরাক্ষর-বাক্যমিশ্রিত অলঙ্কারধ্বনি এবং তূর্য্যধ্বনি ও গীতধ্বনি শোনা যায়; আর দিব্য গন্ধ প্রবাহিত হয় ॥ ২১ ॥

আর, অদ্যাপি এইস্থানে সেই মহাত্মাদিগের অগ্নি [-ত্রয়] দেখা যায় এবং কপোতশরীরের ন্যায় ধূসরবর্ণ বিশাল ধূম [-পুঞ্জ]ও দেখা যায় ॥ ২২ ॥

হে ধর্ম্মজ্ঞ, ভ্রাতা লক্ষ্মণের সহিত শুদ্ধচিত্ত ও কৃতাঞ্জলি হইয়া তুমি সেই সকল তপোধনের উদ্দেশে প্রণাম কর ॥ ২৩ ॥

যাহারা তীক্ষ্ণবুদ্ধি সেই সকল ঋষিগণের উদ্দেশে প্রণাম করে, তাহাদের কখনও কোন অমঙ্গল উপস্থিত হয় না ॥ ২৪ ॥

১। ঙ '-র্ম্মাত্মন্'। ২। ঢ-ণ 'চ'। ৩। ছ '-দুপলভ্যতে'। ৪। ক 'প্রয়তঃ সংহতাঞ্জলিঃ'। ৫। ঢ 'সখ্যা সহ'।

স চ প্রণম্য তান্[১] বিপ্রান্ রামো[২] ভূয়ঃ সলক্ষ্মণঃ।
সসুগ্রীবঃ পুনর্হৃষ্টো[৩] গুহামভিমুখোঽব্রজৎ[৪] ॥ ২৬ ॥
তে গত্বা দূরমধ্বানং তস্মাৎ সপ্তজনাশ্রমাৎ।
দদৃশুস্তাং দুরাধর্ষাং কিষ্কিন্ধ্যাং বালিপালিতাম্[৫] ॥ ২৭ ॥
বৃক্ষৈর্দ্দেহাংস্তথাবৃত্য[৬] ব্যতিষ্ঠন্ গহনে বনে।
রাঘবাবথ সুগ্রীবো হনুমৎপ্রমুখাশ্চ[৭] তে ॥ ২৮ ॥
অথ রাজীবতাম্রাক্ষং[৮] দৃপ্তসিংহর্ষভাঙ্কিতম্[৯][১০]।
বীক্ষ্য রামং ক্রিয়াদক্ষং সুগ্রীবো বাক্যমব্রবীৎ[১১] ॥ ২৯ ॥

২৬। লো-টী। ভূয়ো বহুতরম্। গুহামভি লক্ষীকৃত্য মুখং যস্য সঃ।

২৯। লো-টী। দীপ্তসিংহর্ষভাৎ প্রজ্বলিতসিংহশ্রেষ্ঠাদপি অঞ্চিতং পূজিতং শ্রেষ্ঠমিত্যর্থঃ। যদ্বা, তস্যেব অঞ্চিতং গতির্যস্য সঃ। 'দৃপ্তসিংহর্ষভে'ত্যপি দৃশ্যতে পাঠঃ।

২৭। টিপ্পনী। দুরাধর্ষাং দুরতিক্রমণীয়াম্।

২৮। টিপ্পনী। হনুমৎপ্রমুখাস্তে বানরা গহনে নিবিড়ে দুষ্প্রবেশে ইতি যাবৎ, বনে দেহান্ আবৃত্য আচ্ছাদ্য ব্যতিষ্ঠন্ ব্যতিষ্ঠন্ত।

অতঃপর, সুগ্রীববাক্যের সত্যতা অবধারণপূর্ব্বক ভ্রাতা লক্ষ্মণের সহিত সেই রামচন্দ্র কঠোরব্রত মহর্ষিগণের উদ্দেশে নমস্কার করিলেন ॥ ২৫ ॥

সলক্ষ্মণ সসুগ্রীব রামচন্দ্র সেই বিপ্রগণের উদ্দেশে বারংবার প্রণাম করিয়া হৃষ্টচিত্তে পুনরায় গুহাভিমুখে গমন করিলেন ॥ ২৬ ॥

তাহারা সেই সপ্তজনাশ্রম হইতে দূরপথে গমন করিয়া বালিপালিত দুরতিক্রমণীয় কিষ্কিন্ধ্যা [পুরী] দেখিতে পাইলেন ॥ ২৭ ॥

অতঃপর রাম, লক্ষ্মণ, সুগ্রীব ও হনুমৎপ্রমুখ বানরগণ গহন বনে পূর্ব্ববৎ বৃক্ষদ্বারা দেহ আবৃত করিয়া অবস্থান করিলেন ॥ ২৮ ॥

১। ক ঘ 'সর্ব্বান্'। ২। ঘ-ঙ-ছ 'ততো,' গ 'স্বতো'। ৩। ঙ 'প্রহৃষ্টো হি'। ৪। ক '-খো যযৌ', গ '-খো ব্রজেৎ'। ৫। অতঃ পরং ছ-পুস্তকে 'তে সর্ব্বে ত্বরিতং গত্বা কিষ্কিন্ধ্যাং বালিনঃ পুরীম্', চ-পুস্তকে 'ততস্তে ত্বরিতং গত্বা কিষ্কিন্ধ্যাং বানরীং গুহাম্' ইত্যধিকম্। ৬। চ '-রাত্মানমা-'। ৭। ক 'যে'। ৮। ছ '-পত্রাক্ষং'। ৯। গ 'দৃষ্টং সংহর্ষভাষিতম্'। ১০। ঙ' -হমিব স্থিতম্'। ১১। ঘ 'রাম-'।

হরিরাজগুহাং[1] দীপ্তাং তপ্তকাঞ্চনতোরণাম্ ।
প্রাপ্তাঃ স্মো ধ্বজপত্রাঢ্যাং[2] কিষ্কিন্ধ্যাং বালিপালিতাম্ ॥ ৩০ ॥
যা প্রতিজ্ঞা ত্বয়া বীর পুরা বালিবধে কৃতা ।
সফলাং তাং কুরু ক্ষিপ্রং লতাং কুসুমিতামিব ॥ ৩১ ॥
এবমুক্তস্তু ধর্ম্মাত্মা সুগ্রীবেণ স রাঘবঃ ।
সুগ্রীবং হর্ষয়ন্[3] বাক্যমুবাচেদমনন্তরম্ ॥ ৩২ ॥

৩০। লো-টী। তোরণং বহির্দ্বারং বন্দনমালা বা। যন্ত্রম্ অগ্নিযন্ত্রম্ অগ্নিপ্রক্ষেপণ-যন্ত্রবিশেষঃ।

৩১। লো-টী। লতা ফলপুষ্পযুতা কর্ত্তব্যেতি বিধাত্রা প্রতিজ্ঞা কৃতা। তাং তথা কুসুমিতাং চক্রে। 'কুসুমং স্ত্রীরজোনেত্ররোগয়োঃ ফলপুষ্পয়োরি'তি কোষঃ।

২৯। টিপ্পনী। রাজীবতাম্রাক্ষং রাজীবে পদ্মে ইব তাম্রে রক্তবর্ণে অক্ষিণী যস্য তম্, দৃপ্তসিংহর্ষভাঞ্চিতং দৃপ্তঃ সিংহর্ষভঃ সিংহশ্রেষ্ঠস্তদ্বদ্ অঞ্চিতং গতির্যস্য তম্, ক্রিয়াদক্ষং রামং বীক্ষ্য সুগ্রীবো বক্ষ্যমাণং বাক্যমব্রবীৎ।

৩০। টিপ্পনী। বয়ং বালিপালিতাং তপ্তকাঞ্চনতোরণাং তপ্তকাঞ্চননির্ম্মিততোরণ-বিশিষ্টাং দীপ্তাং সমুজ্জ্বলাং ধ্বজপত্রাঢ্যাং ধ্বজপত্রৈরাঢ্যাং সমৃদ্ধাং পরিপূর্ণামিতি যাবৎ, হরিরাজ-গুহাং বানররাজানাং গুহাং কিষ্কিন্ধ্যাং প্রাপ্তাঃ স্মঃ।

৩১। টিপ্পনী। বালিবধে বালিবধবিষয়ে। কুসুমিতাং পুষ্পিতাং লতামিব, পুষ্পিতা লতা যথা ফলবতী ভবতি তথা ত্বমপি স্বকৃতাং প্রতিজ্ঞাং সফলাং কুর্ব্বিত্যর্থঃ।

অতঃপর, পদ্মের ন্যায় তাম্রনেত্র, দৃপ্ত সিংহশ্রেষ্ঠের ন্যায় গতিবিশিষ্ট, ক্রিয়া-নিপুণ রামচন্দ্রের প্রতি দৃষ্টিপাত করিয়া সুগ্রীব [এই] বাক্য বলিলেন —॥ ২৯ ॥

আমরা বালিপালিত তপ্তকাঞ্চনতোরণবিশিষ্ট ধ্বজপত্রসমৃদ্ধ সমুজ্জ্বল বানর-রাজগণের গুহা কিষ্কিন্ধ্যায় উপস্থিত হইয়াছি ॥ ৩০ ॥

হে বীর, তুমি বালিবধবিষয়ে পূর্ব্বে যে প্রতিজ্ঞা করিয়াছিলে, তাহা কুসুমিত লতার ন্যায় সফল কর (কুসুমিত লতা যেরূপ ফলবতী হয় তদ্রূপ তোমার প্রতিজ্ঞা ফলবতী কর অর্থাৎ কার্য্যে পরিণত কর) ॥ ৩১ ॥

১। ঘ-ঙ '-বাগুরয়া', ছ '-রাট্‌পুরুষাদীপ্তাং'। ২। ক-ছ 'যন্ত্রা-'। ৩। চ 'প্রহসন্'

কৃতচিহ্নস্ত্বমনয়া মালয়া বানরেশ্বর[১]।
বিশ্রব্ধং বালিনং ভূয়ঃ সমাহ্বয় সখে যুধি ॥ ৩৩ ॥
অদ্য বালিসমুত্থং তে[২] ভয়ং[৩] দুঃখঞ্চ বানর।
নাশয়াম্যেকবাণেন সখে সত্যেন তে শপে ॥ ৩৪ ॥
মম দর্শয় তং পাপং বৈরিণং[৪] ভ্রাতৃরূপিণম্।
[৫]যং তমদ্যৈব বাণেন হতং পাংশুষু শায়য়ে ॥ ৩৫ ॥
যদি দৃষ্টিপথং প্রাপ্তো ভূয়ো জীবন্ ব্রজেত[৬] সঃ।
তব শক্রস্ততো মাং ত্বং গর্হয়েথা বিগর্হিতম্ ॥ ৩৬ ॥

৩৩। লো-টী। কৃতং কৃত্যং চিহ্নরূপং কর্ম্ম যেন স ত্বম্। অনয়া মদীয়য়া। বিশ্রব্ধং বিশ্বস্তং যথা তথা ভূয়ঃ পুনঃ। 'কৃতচিহ্নস্ত্বমনয়া মালয়া' ইত্যপি ক্বচিৎ পাঠঃ।
৩৫। লো-টী। যোঽহং তং শায়য়ে ইত্যন্বয়ঃ।
৩৬। লো-টী। বিগর্হিতং নিন্দিতং মাম্।

৩২। টিপ্পনী। ইদম্ অনন্তরম্ উত্তরং বক্ষ্যমাণমিতি যাবৎ বাক্যমুবাচ।
৩৫। টিপ্পনী। যং তং বৈরিণং বাণেন হতং কৃত্বা পাংশুষু ধূলিষু শায়য়ে শায়িতং করোমি।

সুগ্রীবকর্ত্তৃক এইরূপে অভিহিত রঘুবংশোদ্ভব ধর্ম্মাত্মা রামচন্দ্র সুগ্রীবের আনন্দ উৎপাদন করত এই অনন্তর (বক্ষ্যমাণ) বাক্য বলিলেন—॥ ৩২ ॥

হে বানরেশ্বর, হে সখে, এই মালাদ্বারা কৃতচিহ্ন তুমি বিশ্বস্তচিত্তে পুনরায় বালীকে [দ্বন্দ্ব-] যুদ্ধে আহ্বান কর ॥ ৩৩ ॥

হে বানর, অদ্য আমি বালিসম্ভূত তোমার ভয় ও দুঃখ একবাণে বিনাশ করিব। হে সখে, সত্যদ্বারা তোমার নিকট শপথ করিতেছি ॥ ৩৪ ॥

আমাকে [তোমার] ভ্রাতৃরূপী শত্রু সেই পাপিষ্ঠকে দর্শন করাও। তাহাকে অদ্যই বাণদ্বারা নিহত করিয়া ধূলিতে শয়ন করাইয়া দিতেছি ॥ ৩৫ ॥

১। অতঃ পরং ঙ-পুস্তকে 'বিপরীত ইবাকাশে সূর্য্যো নক্ষত্রমালয়া' ইত্যধিকম্। ২। ছ 'তু'। ৩। ঙ-ছ-ঢ 'শ্রমং'। ৪। ঙ-ছ 'দারহারিণম্'। ৫। ছ 'এনম-'। ৬। ঘ '-জেচ্চ'।

প্রত্যক্ষং তে ময়া[১] শালাঃ[২] সপ্ত বাণেন দারিতাঃ।
তেনাদ্য বিদ্যা[৩] নিয়তং বালিনং সমরে হতম্ ॥ ৩৭ ॥

অনৃতং নোক্তপূর্ব্বং হি ময়া কৃচ্ছে[৪]২পি তিষ্ঠতা।
ধর্ম্মলোপ[৫]ভয়াদ্ বীর ন[৬] চ বক্ষ্যে কদাচন ॥ ৩৮ ॥

সফলাং[৭] তে করিষ্যামি প্রতিজ্ঞাং সংভ্রমং[৮] ত্যজ।
প্রাপ্তবীজমিব[৯] ক্ষেত্রং বৃষ্টিসর্গেণ বাসবঃ ॥ ৩৯ ॥

৩৭। লো-টী। নিয়তং নিশ্চিতং যথা তথা বিদ্যা জানীয়াঃ। 'বিদ্যাদ্' ইত্যপি দৃশ্যতে পাঠঃ।

৩৯। লো-টী। সম্ভ্রমং ভয়ম্। বৃষ্টিসর্গেণ বৃষ্টিত্যাগেন।

৩৬। টিপ্পনী। মম দৃষ্টিপথং প্রাপ্তঃ সন্ যদি স জীবন্ ব্রজেত ব্রজেৎ সজীবিতং গন্তুং শক্নুয়াদিত্যর্থঃ, ততস্ত্বং বিগর্হিতং নিন্দাভাজনং মাং গর্হয়েথা নিন্দেঃ।

৩৭। টিপ্পনী। তব প্রত্যক্ষং সমক্ষমেব ময়া সপ্ত শালাঃ শালবৃক্ষা বাণেন একেনেত্যর্থঃ, দারিতা ভেদিতাঃ, তেন মম কার্য্যেণৈব বালিনং সমরে হতং বিদ্যা জানীয়াঃ।

৩৮। টিপ্পনী। কৃচ্ছ্রে সংকটে তিষ্ঠতাপি ময়া ধর্ম্মলোপভয়াৎ অনৃতং মিথ্যা নোক্তপূর্ব্বং পূর্ব্বং নোক্তং ন চাহং কদাচন অনৃতং বক্ষ্যে বক্ষ্যামি। কৃচ্ছে২পি প্রাণসঙ্কটে২পি। তিঃ। কৃচ্ছ্রে অত্মাজ্ঞাপিতৃগুর্ব্বাদিপরম্পরবিরুদ্ধোক্তিসংশয়জনিতকষ্টে২পি। শিরোঃ।

৩৯। টিপ্পনী। তে তৎসম্বন্ধিনীং প্রতিজ্ঞাং মৎকৃতাং সফলাং করিষ্যামি। তত্র

যদি [আমার] দৃষ্টিপথে আসিয়া পুনর্ব্বার তোমার সেই শত্রু [বালী] জীবিতাবস্থায় যাইতে পারে, তাহা হইলে [বস্তুতই] নিন্দার পাত্র আমাকে তুমি তিরস্কার করিও ॥ ৩৬ ॥

তোমার সমক্ষে[-ই] আমি সমস্ত শালবৃক্ষ [এক] বাণে ভেদ করিয়াছি, তাহার দ্বারাই তুমি অদ্য নিশ্চয় বালীকে সমরে নিহত বলিয়া পরিজ্ঞাত হও ॥ ৩৭ ॥

হে বীর, আমি সঙ্কটে (কষ্টজনক অবস্থায়) থাকিয়াও ধর্ম্মলোপভয়ে মিথ্যা [বাক্য] পূর্ব্বে বলি নাই এবং [ভবিষ্যতে] কখন বলিবও না ॥ ৩৮ ॥

১। ণ 'মহা-'। ২। ক-ণ 'তালাঃ'। ৩। ঘ-ঙ-ঢ '-ত্তাম্নি-'। ৪। ঘ '-চ্ছে্রণ'। ৫। ক-ঘ-ছ-ঢ '-লোভ-'। ৬। ঢ 'নাচচক্ষে'। ৭। ঢ 'তাং'। ৮। ঢ 'ত্যজ সম্ভ্রমম্', ণ 'সংশয়ং'। ৯। ঙ '-মিদং', ঢ '-মিবাজস্রং'।

আহ্বানকারণং[1] তস্মাদ্ বালিনো হেমমালিনঃ।
সুগ্রীব কুরু সংশব্দং নিষ্পতেৎ[2] স যথা পুনঃ ॥ ৪০ ॥
জিতকাশী[3] রণশ্লাঘী ত্বয়া চা[4]মর্ষিতঃ পুরা।
নিষ্পতিষ্যত্যমর্ষেণ বালী স প্রিয়সঙ্গরঃ ॥ ৪১ ॥
রিপুতো[5] ধর্ষণাং[6] বীরো[7] মর্ষয়েন্ন[8] স[9] সংযুগে।
জানানো[10] হি স্বকং বীর্য্যং স্ত্রীসমক্ষং বিশেষতঃ ॥ ৪২ ॥

৪০। লো-টী। কারণং করণং কার্য্যমিত্যর্থঃ। সংশব্দং সম্যক্ শব্দম্।
৪১। লো-টী। ধর্ষিতস্বচ্ছন্দেন কুপিতঃ।
৪২। লো-টী। ধর্ষণাং পরাভবং মর্ষয়েৎ সহেত। সমক্ষং কর্ণাকাশম্ (?)।

দৃষ্টান্তঃ—বাসব ইন্দ্রো যথা বৃষ্টিসর্গেণ বৃষ্টিদানেন প্রাপ্তবীজং প্রাপ্তং বীজং যত্র তাদৃশম্ উপ্তবীজমিতি যাবৎ, ক্ষেত্রং সফলং ফলবৎ করোতি। সংভ্রমং সংশয়কৃতচাঞ্চল্যম্। গোঃ রাঃ।

রাজীবলোচন রাম এবম্ভূত বালিবাক্য শ্রবণ করিয়া [তাহাকে] আশ্বাস প্রদান করত মধুরাক্ষর-সমন্বিত এই বাক্য বলিলেন— ॥ ৫৫ ॥

১। ঘ-ঙ-ঢ 'তথা'। ২। ঙ 'শেষা'। ৩। ঙ 'চিন্ত্যা'। ৪। গ 'নাত্মাপি ন'। ৫। ঙ '-নাঃ', ঢ '-নাৎ'। ৬। ছ 'সর্ব্ব-'। ৭। ঢ '-ণৈঃ'। ৮। ক-ঘ-ঙ-ছ-ঢ 'প্রতীক্ষিষ্যা-'।

দণ্ড্যে[১] নিপাতয়ন্ দণ্ডমদণ্ড্যং[২] পরিপালয়ন্ ।
সমঃ শত্রৌ চ মিত্রে চ যো[৩] রাজা স ন সীদতি ॥ ৫৭ ॥
স ভবান্ দণ্ডসংযোগেনা[৪]নেন হৃতকল্মষঃ[৫] ।
গতঃ শুভাং গতিং পুণ্যাং ন শোচিতুম[৬]তোঽর্হসি[৭] ॥ ৫৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বালিবধে রামবাক্যং নাম
সপ্তদশঃ সর্গঃ ॥ ১৭ ॥

লো-টী। সমাহিতং যুক্তং ধর্ম্মফলং স্বর্গস্তদনুবর্ত্তয়িতুং দাতুং শীলমস্য তস্য রণে যান্যুপ-মর্দ্দিতানি পীড়নানি তৈর্ব্বিশিষ্টম্। প্রধর্ষিত আক্ষিপ্তঃ।

৫৬। টিপ্পনী। শেষম্ অবশিষ্টকরণীয়ম্। আত্মনঃ সুহৃজ্জনোঽপি ন চিন্ত্যঃ। শেষ-করণে বয়ং ধর্ম্মতঃ ধর্ম্মেণ প্রতিক্ষিপ্যামহে প্রতিক্ষিপ্তাঃ প্রবর্ত্তিতা ইত্যর্থঃ।

৫৭। টিপ্পনী। অদণ্ড্যং দণ্ডানর্হম্। ন সীদতি ক্লেশং ন প্রাপ্নোতি।

৫৮। টিপ্পনী। দণ্ড্যস্য দণ্ডনে রাজ্ঞঃ ক্লেশাভাবঃ প্রাপ্তদণ্ডস্যাপি পুণ্যা গতিরিত্যাহ—স ভবানিতি। স দণ্ডিতো ভবান্ দণ্ডসংযোগেন হৃতকল্মষঃ হৃতপাপঃ সন্ পুণ্যাং পুণ্যলভ্যাং শুভাং গতিং গতঃ প্রাপ্তঃ।

শেষ কর্ত্তব্যের বিষয় তুমি চিন্তা করিও না [এবং] নিজ সুহৃজ্জনের বিষয়ও চিন্তা করিও না। শেষ কর্ত্তব্যপালনে আমরা ধর্ম্মকর্ত্তৃকই প্রযুক্ত হইতেছি ॥ ৫৬ ॥

দণ্ডার্হ ব্যক্তির প্রতি দণ্ডবিধান করিয়া [এবং] অদণ্ডার্হকে পরিপালন করিয়া যে রাজা শত্রু ও মিত্রে সমদর্শী হন তিনি ক্লেশপ্রাপ্ত হয়েন না ॥ ৫৭ ॥

সেই (দণ্ডিত) তুমি এই দণ্ডের সম্পর্কে হৃতপাপ হইয়া পুণ্য-লভ্য মঙ্গলময় গতি লাভ করিতেছ, অতএব শোক করিও না ॥ ৫৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বালিবধে
রামবাক্য নামক সপ্তদশ সর্গ সমাপ্ত ॥ ১৭ ॥

১। 'ঘ-ণ 'দণ্ডে'। ২। ঙ-ছ 'প্রতি-'। ৩। ঙ 'স রাজা নাবসীদ-'। ৪। ছ '-যোগেন অনেন'। ৫। ক 'হৃতকিল্বিষঃ', ঙ 'কৃতকল্মষঃ'। ৬। ছ 'চ শোচিতুমর্হসি'। ৭। অতঃপরং ছ-ট-পুস্তকয়োঃ 'এবমুক্তস্তু রামেণ স বালী ব্যথিতেন্দ্রিয়ঃ। প্রত্যুবাচ ততো রামং প্রাঞ্জলির্ব্বানরেশ্বরঃ॥ শরাভিতপ্তেন রুষান্বিতেন প্রধর্ষিতস্ত্বং যদজানতা ময়া। তদস্য দেবোপম সংপ্রসাদিতঃ ক্ষমস্ব মে রাঘববংশবর্দ্ধন॥' ইত্যধিকম্।

অষ্টাদশঃ সর্গঃ

স বানরো মহাতেজাঃ শয়ানঃ[1] শরবিক্ষতঃ।
প্রত্যুক্তো[2] হেতুমদ্বাক্যং নোত্তরং প্রত্যপদ্যত[3] ॥ ১ ॥
অশ্মভিঃ পরিভিন্নাঙ্গঃ পাদপৈরাহতো[4] ভৃশম্।
রামবাণেন চাক্রান্তো মুমোহ ভয়পীড়িতঃ ॥ ২ ॥
তং ভার্য্যা রাম-মুক্তেন[5] শরেণ ভৃশতাড়িতম্।
তারা শুশ্রাব পতিতং[6] ভর্ত্তারং বালিনং তদা ॥ ৩ ॥

১। লো-টী। শয়ানো ভূমৌ।
২। লো-টী। অশ্মভিঃ সুগ্রীবক্ষিপ্তৈস্তথা পাদপৈশ্চ।

১। টিপ্পনী। হেতুমদ্ যুক্তিবিশিষ্টং বাক্যং প্রত্যুক্তঃ সন্ উত্তরং ন প্রত্যপদ্যত উত্তরং নাদাৎ।

২। টিপ্পনী। অশ্মভিঃ পরিভিন্নাঙ্গঃ বিদীর্ণদেহঃ পাদপৈশ্চ ভৃশম্ অত্যর্থম্ আহতঃ রামবাণেন চাক্রান্তো ভয়পীড়িতো বালী মুমোহ মূর্চ্ছাং গতঃ। অশ্মানঃ পাদপাশ্চ সুগ্রীবনিক্ষিপ্তা ইতি বোধ্যম্।

৩। টিপ্পনী। রামমুক্তেন রামনিক্ষিপ্তেন শরেণ ভৃশতাড়িতম্ অতীবাহতম্ ভর্ত্তারং বালিনং রণভূমৌ পতিতং শুশ্রাব।

[রণক্ষেত্রে] শায়িত শরবিক্ষত [-দেহ] মহাতেজসম্পন্ন বানর বালী [রাম-কর্ত্তৃক] যুক্তিযুক্ত বাক্য অভিহিত হইয়া [কোন] প্রত্যুত্তর প্রদান করিল না ॥ ১ ॥

[সুগ্রীব-নিক্ষিপ্ত] প্রস্তরখণ্ডসমূহে বিদীর্ণাঙ্গ, বৃক্ষসমূহ দ্বারা গুরুতর আহত এবং রামের বাণদ্বারা আক্রান্ত ভয়পীড়িত বালী মূর্চ্ছাপন্ন হইল ॥ ২ ॥

ভার্য্যা তারা তখন, ভর্ত্তা সেই বালী রামনিক্ষিপ্ত বাণদ্বারা নিরতিশয় আহত হইয়া [রণক্ষেত্রে] পতিত হইয়াছেন, শ্রবণ করিল ॥ ৩ ॥

১। ঘ 'হৃদয়ে'। ২। ঙ 'ইত্যুক্তো'। ৩। ছ 'প্রতিপ-'। ৪। ছ 'পাদপেনাহতো'। ৫। ঙ '-যুদ্ধেন', গ '-যুক্তেন'। ৬। ছ 'ভর্ত্তারং পতিতং'।

সা সপুত্রা বধং শ্রুত্বা তারা ভর্ত্তুঃ সুদারুণম্।
নিষ্পপাত[১] দ্রুতং[২] তস্মাদ্রুদতী গিরিগহ্বরাৎ[৩] ॥ ৪ ॥
সা দদর্শ পরিত্রস্তান্ হরীনাপততো[৪] দ্রুতম্।
যূথাদিব পরিভ্রষ্টান্ মৃগান্ নিহতযূথপান্ ॥ ৫ ॥
তানুবাচ সমাসাদ্য দুঃখিতান্[৫] ভৃশদুঃখিতা।
রামবিত্রাসিতান্[৬] ভীতান্ ভৃশবিদ্ধানিবেষুভিঃ ॥ ৬ ॥

৫। লো-টী। দ্রুতং ভূমৌ বিলীনং যথা ভবতি তথা নিপতিতান্। দ্রুতং শীঘ্র-বিলীনয়োরিতি কোষঃ। দিষ্টেন দৈবেন পরিভ্রষ্টান্ নিপতিতান্।

৬। লো-টী। কাংশ্চিচ্চ দ্রবতো বীক্ষ্যাহ—তানুবাচেতি দ্বাভ্যাম্। ভৃশম্ অত্যর্থম্ ইষুভির্বিদ্ধান্ ইব। 'অনুবিদ্ধানিবে'তি ক্বচিৎ পাঠঃ।

৪। টিপ্পনী। রুদতী তারা গিরিগহ্বরাৎ দ্রুতং নিষ্পপাত বহির্জগাম।

৫। টিপ্পনী। সা তারা নিহতযূথপান্ নিহতো যূথপঃ যূথপতির্যেষাং তান্ অতঃ যূথপবিভ্রষ্টান্ মৃগান্ ইব পবিত্রস্তান্ ভীতান্ হরীন্ বানরান্ দ্রুতম্ আপততঃ বেগেনাগচ্ছতঃ দদর্শ।

৬। টিপ্পনী। রামবিত্রাসিতান্ রামেণ ভয়ং প্রাপিতান্ অত এব ইষুভিঃ ভৃশম্ অত্যর্থং বিদ্ধান্ ভীতানিব তান্ বানরান্ উবাচ।

সেই সপুত্রা তারা নিদারুণ স্বামিবধ [-বার্ত্তা] শ্রবণ করিয়া রোদন করিতে করিতে সেই গিরিগহ্বর হইতে দ্রুত বহির্গত হইল ॥ ৪ ॥

তারা দেখিতে পাইল—যূথপতি বিনষ্ট হইলে যূথ-পরিভ্রষ্ট মৃগগণের ন্যায় ভীত হইয়া বানরগণ দ্রুত দৌড়াইয়া আসিতেছে ॥ ৫ ॥

অতিদুঃখিতা তারা [তাহাদের নিকট] উপস্থিত হইয়া রামকর্ত্তৃক বিত্রাসিত, [অতএব] যেন বাণদ্বারা গুরুতর ভাবে বিদ্ধ, ভীত ও দুঃখিত বানরগণকে বলিল—॥ ৬ ॥

১। ঙ-ণ 'নিপপাত'। ২। ছ 'তদা'। ৩। অতঃপরং ঘ-ণ-পুস্তকয়োঃ 'যে তু বালিপরিবারা বভূবুর্বানরর্ষভাঃ। তে সুকার্ম্মুকমাদায় (তে সকার্ম্মুকমালোক্য ণ) রামং ত্রস্তাঃ প্রদুদ্রুবুঃ' ॥ ইত্যধিকম্। ৪। ছ 'বীরানা-', ৫। ঙ '-তা ভৃশদুঃখিতান্'। ৬। ঘ-ছ-ঢ '-তানমুবিদ্ধানি-', ণ '-তানস্ত্রাবিদ্ধানি-'।

বানরা বানরেন্দ্রস্য যস্য[1] যূয়ং পুরঃসরাঃ।
তং[2] বিহায় পরিত্রস্তাঃ কস্মাদ্‌দ্রবথ[3] সংঘশঃ[4] ॥ ৭ ॥

কচ্চিদ্‌[5]ভর্ত্তা চ রৌদ্রেণ রাজ্যলুব্ধেন ঘাতিতঃ[6]।
রামেণ বিকৃতা[7]কারৈঃ[8] শরৈ[9]রাশীবিষোপমৈঃ ॥ ৮ ॥

কপীন্দ্রপত্ন্যা[10]স্তচ্ছ্রুত্বা বানরাঃ করুণং বচঃ[11]।
প্রাপ্তকালং বচস্ত[12]স্যা ঊচুঃ সম্ভ্রান্তমানসাঃ[13] ॥ ৯ ॥

৮। লো-টী। বিকৃতাকারৈঃ বিবিধপ্রকারেণ কৃতো নির্ম্মিত আকার আকৃতি র্যেষাং তৈঃ। আশীবিষোপমৈঃ; 'অগ্নিশিখোপমৈরি'ত্যপি ক্বচিৎ পাঠঃ।

৯। প্রাপ্তকালং তৎকালোচিতম্।

৭। টিপ্পনী। যস্য বানরেন্দ্রস্য যূয়ং পুরঃসরাঃ অগ্রযায়িনঃ তং বিহায় ত্যক্ত্বা পরিত্রস্তা ভীতা যূয়ং কস্মাৎ সংঘশঃ সঙ্ঘেন সংঘেন দ্রবথ পলায়ধ্বে।

৮। টিপ্পনী। রৌদ্রেণ ভীষণপ্রকৃতিকেন রাজ্যলুব্ধেন রামেণ বিকৃতাকারৈঃ বিকৃতা আকারা যেষাং তৈঃ আশীবিষোপমৈঃ সর্পসদৃশৈঃ শরৈঃ কিং যুষ্মাকং ভর্ত্তা বালী ঘাতিতঃ। কচ্চিদিতি প্রশ্নে।

৯। টিপ্পনী। সম্ভ্রান্তমানসাঃ অস্থিরচিত্তাঃ।

হে বানরগণ, তোমরা যে বানরেন্দ্রের অগ্রে অগ্রে গমন করিতে, তাহাকে পরিত্যাগ করিয়া ভীত তোমরা কেন দলে দলে পলায়ন করিতেছ ॥ ৭ ॥

রাজ্যলুব্ধ ভীষণ-প্রকৃতি রাম কি বিকৃতাকার আশীবিষোপম শরসমূহদ্বারা [তোমাদের] ভর্ত্তাকে নিহত করিয়াছে ? ॥ ৮ ॥

অস্থিরচিত্ত বানরগণ কপীন্দ্রপত্নীর সেই করুণ বাক্য শ্রবণ করিয়া তাহার সমীপে কালোচিত [এই] বাক্য বলিল—॥ ৯ ॥

১। ঙ 'যূয়ং যস্য', ছ 'যূথপস্য'। ২। ণ 'ত্বদ্‌বি-'। ৩। ঘ 'দদ্রবত'। ৪। ঙ 'সংশথ', ছ 'সংশত'। ৫। ঘ-ঙ-ছ-ট '-দ্‌ভ্রাত্রা ন', ণ 'দ্‌ভ্রাত্রা স'। ৬। ঙ 'তাড়িতঃ'। ৭। ঙ 'ঋনিতা-'। ৮। ঘ ণ '-কারৈঃ'; ৯ ঘ 'শরৈঃ সর্পশিখো-', ঙ-ছ-ট-ণ 'শরৈঃ সর্পবিষো-'। ১০। ঙ '-ভ্রাত-'। ১১। ঙ 'মহৎ'। ১২। ঘ '-স্তথামূচুশ্চ', ঙ '-স্তেযামূচুঃ', ছ '-স্তথামূচুঃ'। ১৩। ট '-চেতসঃ'।

জীবপুত্রি নিবর্ত্তস্ব রক্ষ পুত্রং ত্বমঙ্গদম্[১] ।
অন্তকো[২] রামরূপেণ হত্বা[৩] হরতি বালিনম্ ॥ ১০ ॥
ক্ষিপন্ বৃক্ষান্ মহাকায়ান্[৪] বিসৃজংশ্চ[৫] মহাশিলাঃ ।
বজ্রিবজ্রোপমৈর্ব্বাণৈ[৬] রামেণ বিনিপাতিতঃ ॥ ১১ ॥
ভীতভীতমিদং সর্ব্বং বিদ্রুতং বানরং বলম্ ।
তস্মিন্ প্লবগশার্দ্দূলে হতে সমিতি শোভনে ॥ ১২ ॥

১০। লো-টী হত্বা আগত্য; হরতি হন্তি।
১১। লো-টী। বিসৃজন্ বিক্ষিপন্ যঃ স নিপাতিতঃ।

১০। টিপ্পনী। জীবপুত্রি 'জীবপুত্রে' ইতি সাধু। অয়মেব পাশ্চাত্ত্যপাঠঃ। জীবঃ সপ্রাণঃ পুত্রো যস্যাস্তৎসম্বোধনে। এতেন সপুত্রায়াঃ পত্যনুগমনং নোচিতমিতি সূচিতম্। শিরোঃ। অন্তকো যমঃ রামরূপেণ বালিনং হত্বা তং হরতি লোকান্তরং নয়তি। পুত্রম্ অঙ্গদং রক্ষ রামাদিতি শেষঃ।

১১। টিপ্পনী। মহাকায়ান্ বৃক্ষান্ ক্ষিপন্ মহাশিলাশ্চ বিসৃজন্ বিমুঞ্চন্ বালী বজ্রিবজ্রোপমৈঃ বজ্রিণঃ ইন্দ্রস্য বজ্রোপমৈঃ বজ্রসদৃশৈঃ বাণৈর্বিনিপাতিতঃ।

১২। টিপ্পনী। সমিতি যুদ্ধে তস্মিন্ প্লবগশার্দ্দূলে বানরশ্রেষ্ঠে হতে সতি সর্ব্বং বানরং বানরসম্বন্ধি বলং ভীতভীতম্ অতিশয়েন ভীতং সৎ বিদ্রুতং পলায়িতম্।

হে জীবৎপুত্রে (যাহার পুত্র জীবিত আছে), তুমি নিবৃত্ত হও, পুত্র অঙ্গদকে রক্ষা কর। যম রামরূপে বালীকে বধ করিয়া [স্বপুরে] লইয়া যাইতেছে ॥১০॥

বিশালকায় বৃক্ষসমূহ এবং মহাশিলাসমূহ নিক্ষেপ করিয়াও বালী বজ্রিবজ্রোপম (ইন্দ্রের বজ্রতুল্য) বাণসমূহদ্বারা রামকর্তৃক নিপাতিত হইয়াছেন ॥ ১১ ॥

হে শোভনে, সেই বানরশ্রেষ্ঠ যুদ্ধে নিহত হইলে এই সকল বানরসৈন্য নিরতিশয় ভীত হইয়া পলায়ন করিয়াছে ॥ ১২ ॥

১। চ 'স্বম-'। ২। চ '-কোঽয়ং রামরূপো ভূত্বা'। ৩। ঘ 'হতবানসু'। ৪। চ '-কায়ং'। ৫। ঙ 'বিসৃজ্য চ'। ৬। 'বজ্রী ব-'।

রক্ষ্যতাং নগরী শূরৈরঙ্গদশ্চাভিষিচ্যতাম্ ।
পদস্থং বালিনঃ পুত্রং ভজিষ্যন্তি[1] প্লবঙ্গমাঃ ॥ ১৩ ॥
এতত্তে রোচতাং ক্ষিপ্রমঙ্গদস্যাভিষেচনম্ ।
অনেন বিধিনা শ্রেয়ো ভবিষ্যতি তবাঙ্গনে[2] ॥ ১৪ ॥
বিশন্তু[3] বনদুর্গাণি ক্ষিপ্রমন্যানি বানরাঃ ।
অদারাশ্চ[4] সদারাশ্চ বহবো নিহতেশ্বরাঃ ॥ ১৫ ॥

১৩। লো-টী। যদীত্থম্। ইত্থং বালিবধেনাপি যদি ভজিষ্যন্তে ভজন্তে। 'পদস্থ'মিতি ক্বচিৎ পাঠঃ।

১৩। টিপ্পনী। বানরাণাং পলায়ননিবৃত্তৌ উপায়মাহ – রক্ষ্যতামিতি। শূরৈঃ নগরী রক্ষ্যতাম্। অঙ্গদশ্চ রাজ্যে অভিষিচ্যতাম্। তত্র হেতুমাহ – পদস্থমিতি। পদস্থং রাজপদস্থং বালিনঃ পুত্রং প্লবঙ্গমা বানরা ভজিষ্যন্তি সেবিষ্যন্তে। পদস্থং বানররাজ্য-পদস্থম্। তিঃ।

১৪। টিপ্পনী। এতদ্ অঙ্গদস্য অভিষেচনম্ অভিষেকঃ তে তুভ্যং রোচতাম্, ত্বয়া অভিমন্যতামিত্যর্থঃ। অনেন বিধিনা অনুষ্ঠানেন শ্রেয়ো মঙ্গলং ভবিষ্যতি।

১৫। টিপ্পনী। নিহতেশ্বরাঃ নিহতঃ ঈশ্বরোঽধিপতির্যেষাং তে বানরাঃ ক্ষিপ্রং বন-দুর্গাণি বনৈর্দুর্গমান্ প্রদেশান্ বিশন্তু প্রবিশন্তু।

বীরগণদ্বারা নগরী রক্ষা কর এবং অঙ্গদকে অভিষিক্ত কর। [রাজ-] পদস্থ বালীর পুত্রকে বানরগণ [অধিপতিরূপে] সেবা করিবে ॥ ১৩ ॥

অবিলম্বে অঙ্গদের এই অভিষেক তোমার অভিমত হউক। হে অঙ্গনে, এই অনুষ্ঠানে তোমার মঙ্গল হইবে ॥ ১৪ ॥

নিহতেশ্বর (যাহাদের ঈশ্বর অর্থাৎ অধিপতি নিহত হইয়াছে, ঈদৃশ) অস্ত্রীক এবং সস্ত্রীক বহু বানর অবিলম্বে অন্যান্য বনদুর্গে (বননিবন্ধন দুর্গম প্রদেশে) প্রবেশ করুক ॥ ১৫ ॥

১। ক '-ষ্যন্তেঽথ বানরাঃ', '-ষ্যন্তে চ বানরাঃ'। ২। ছ 'বরাঙ্গনে', গ 'তবানঘে'। ৩। ঢ '-ন্তি'। ৪। ঘ 'সদারাশ্চাপ্যদারাশ্চ'।

সর্ব্বেষাং[১] হি প্রকৃত্যৈব স্বেভ্যো নঃ সুমহদ্ভয়ম্ ।
ভীতানাং ভৃশমার্ত্তানামন্যোন্যং[২] হি বনৌকসাম্ ॥ ১৬ ॥

অল্পান্তরগতানাস্তু[৩] শ্রুত্বা তেষাং বচোঽঙ্গনা ।
আত্মনঃ প্রতিরূপং সা বভাষে চারুভাষিণী ॥ ১৭ ॥

পুত্রেণ মম কিং কার্য্যং কিং[৪] রাজ্যেন কিমাত্মনা ।
কপিসিংহে মহাভাগে বিনষ্টে মম ভর্ত্তরি ॥ ১৮ ॥

পাদমূলং গমিষ্যামি তস্যৈব বিদিতাত্মনঃ ।
এবমুক্ত্বা প্রদুদ্রাব রুদতী শোকবিহ্বলা[৫] ॥ ১৯ ॥

১৬। লো-টী। নোঽস্মাকং বনৌকসাং স্বেভ্যো জ্ঞাতিভ্যঃ প্রকৃত্যৈব স্বভাবেনৈব অন্যোন্যং মহদ্ ভয়ং বর্ত্তত ইত্যর্থঃ।

১৭। লো-টী। কক্ষান্তরং কোষ্ঠান্তরম্। 'অল্পান্তরমি'তি পাঠে অন্তঃপুরসমীপম্।

১৯। লো-টী। শোকেন লালসা ভর্ত্তৃদর্শনে ঔৎসুক্যং লিপ্সাতিরেকো বা যস্যাঃ সা। 'লালসা দ্বয়োরৌৎসুক্যে যাচ্ঞালিপ্সাতিরেকয়োরি'তি ভূরিঃ।

১৬। টিপ্পনী। বনৌকসাং বনবাসিনাং ভীতানাম্ অন্যোঽন্যং পরস্পরং ভৃশম্ অত্যর্থম্ আর্ত্তানাং পীড়িতানাম্ নঃ অস্মাকম্ স্বেভ্যঃ স্বজনেভ্যঃ সুমহদ্ ভয়ং বর্ত্ততে।

১৭। টিপ্পনী। অল্পান্তরগতানাং নাতিদূরবর্ত্তিনাম্। আত্মনঃ প্রতিরূপং সদৃশম্। প্রতিরূপং কালোচিতম্। তিঃ।

১৮। টিপ্পনী। পুত্রাদিনা মম কিং কার্য্যং প্রয়োজনং ন কিমপীত্যর্থঃ। আত্মনা স্ব-জীবিতেন।

১৯। টিপ্পনী। বিদিতাত্মনঃ পরিজ্ঞাতাত্মস্বরূপস্য। প্রদুদ্রাব বেগেন প্রতস্থে।

ভীত পরস্পর অতিপীড়িত বনবাসী আমাদের সকলের স্বভাবতই স্বজাতীয়গণ হইতে অতিশয় ভয় আছে ॥ ১৬ ॥

প্রশস্তাবয়বা চারুভাষিণী তারা নাতিদূরবর্ত্তী বানরগণের বাক্য শ্রবণ করিয়া নিজের অনুরূপ বাক্য বলিল-- ॥ ১৭ ॥

বানরশ্রেষ্ঠ মহাভাগ আমার ভর্ত্তা বিনষ্ট হইলে আমার পুত্রে প্রয়োজন কি? রাজ্যে প্রয়োজন কি? [এবং] নিজ জীবনেই [বা] প্রয়োজন কি? ॥ ১৮ ॥

আমি আত্মতত্ত্বজ্ঞ তাঁহারই পাদমূলে গমন করিব। এইরূপ বলিয়া শোকবিহ্বলা তারা বেগে প্রস্থান করিল ॥ ১৯ ॥

১। ছ-ঢ 'চ'। ২। ঙ 'ন্যো'। ৩। ঢ 'স্বল্পা-'। ৪। ঢ 'রাজ্যেন চ'। ৫। ঘ-ঢ-ণ '-লালসা', ঙ '-মানসা'।

শিরশ্চোরশ্চ পাণিভ্যাং [২]নিঘ্নতী সাথ নির্দ্দয়ম্ ।
আধাবন্তী দদর্শাথ পতিং নিপতিতং ভুবি ॥ ২০ ॥
[৪]ভর্ত্তারং বানরেন্দ্রাণাং সংযুগেষ্ব[৫]নিবর্ত্তিনাম্ ।
ক্ষেপ্তারং [৬]শৈলশৃঙ্গাণাং বজ্রাণামিব [৭]বাসবম্ ॥ ২১ ॥
সংবর্ত্তনিনদং ঘোরং শূরং শূরেণ সঙ্গতম্ ।
শার্দ্দূলেনামিষস্যার্থে মৃগরাজং যথা হতম্ ॥ ২২ ॥
অর্চ্চিতং সর্ব্বলোকানাং সস্কন্ধ[৮]বিটপং দ্রুমম্ ।
নাগহেতোঃ সুপর্ণেন [৯]চৈত্যমুন্মথিতং যথা ॥ ২৩ ॥

লো-টী। মহাবাতেন সমাবিদ্ধঃ সম্যক্ ক্ষিপ্তো যো মহামেঘঃ তলৈশ্চপেটৈঃ নিঘ্নতং নিঘ্নন্তম্ [৭মপাঠান্তরং দ্রষ্টব্যম্]।

২২। লো-টী। সংবর্ত্তস্য ঘনস্য ইব নিনাদো যস্য তম্। 'সংবর্ত্তঃ প্রলয়ে ঘনে' ইতি ভূরিঃ। শার্দ্দূলেন শরভেন। মৃগরাজং সিংহম্। 'শার্দ্দূলঃ শরভে ব্যাঘ্রে শ্রেষ্ঠে তূত্তরতঃ স্থিতঃ' ইতি ভূরিঃ।

২৩। লো-টী। নাগহেতোর্দ্রুমনে (দ্রুমে ?) স্থিতস্য নাগস্য হেতোরিত্যর্থঃ। চৈত্যং পূজিতং দ্রুমম্।

২০-২৩। টিপ্পনী। আধাবন্তী দ্রুতং গচ্ছন্তী তারা পতিং ভুবি নিপতিতং দদর্শ। কীদৃশং পতিং তদাহ—ভর্ত্তারমিত্যাদিনা। সংযুগেষু যুদ্ধেষু অনিবর্ত্তিনাম্ অপরাঙ্মুখাণাং বানরেন্দ্রাণাং ভর্ত্তারং স্বামিনম্। বজ্রাণাং ক্ষেপ্তারং নিক্ষেপকর্ত্তারং বাসবম্ ইন্দ্রমিব শৈলশৃঙ্গাণাং ক্ষেপ্তারম্। সংবর্ত্তনিনদং প্রলয়কালীনমেঘবচ্ছব্দবিশিষ্টম্, ঘোরং ভীষণাকৃতিম্, শূরেণ সঙ্গতং যুদ্ধার্থং মিলিতম্।

অতঃ পর তারা হস্তদ্বয়দ্বারা নির্দয়ভাবে মস্তক ও বক্ষঃস্থলে আঘাত করিতে করিতে ধাবিতা হইয়া যুদ্ধে অপরাঙ্মুখ বানরশ্রেষ্ঠগণের অধিপতি, ইন্দ্র যেরূপ বজ্রসমূহ নিক্ষেপ করেন তদ্রূপ শৈলশৃঙ্গসমূহের নিক্ষেপকারী, প্রলয়মেঘের ন্যায় শব্দবিশিষ্ট, ভীষণাকৃতি, বীর, বীরের সহিত [যুদ্ধার্থ] মিলিত, আমিষার্থ শার্দ্দূল-

১। চ 'বাহুভ্যাং'। ২। ক-ঘ-ণ '-ন্তী'। ৩। ণ 'সাধু'। ৪। ঙ '-ভ্রাতারং'। ৫। ঙ-ছ '-র্ত্তিনম্'। ৬। ক 'গিরি-'। ৭। অতঃপরং ঙ-পুস্তকে 'মহাবাতসমাবিদ্ধমহামেঘসমস্বনম্। বজ্রাশনিসমৈস্তাবৈঃ পরসৈন্যঞ্চ নিঘ্নতম্॥' ইত্যধিকম্। ৮। চ-ণ '-পদ্ম-'। ৯। '-ত্যং চোন্ম-'।

অবষ্টভ্য[1] চ তিষ্ঠন্তং দদর্শ ধনুরুত্তমম্ ।
রামং রামানুজঞ্চৈব ভর্ত্তুশ্চৈবানুজং তথা ॥ ২৪ ॥
সা তদা[2] তু[3] সমালক্ষ্য ভর্ত্তারং নিহতং রণে ।
আসাদ্য ব্যথিতা[4] ভূমৌ সপুত্রা নিষসাদ হ[5] ॥ ২৫ ॥
প্রসুপ্তমিব চালোক্য[6] হার্য্যপুত্রেতিভাষিণী ।
ননাদ সংপরিষ্বজ্য পতিতং ধরণীতলে ॥ ২৬ ॥

২৪। লো-টী। ধনুরবষ্টভ্য গৃহীত্বা ।

২৫। লো-টী। আসাদ্য আগত্য। নিষসাদ নিপপাত ।

আমিষস্যার্থে শার্দ্দূলেন হতং মৃগরাজমিব। নাগহেতোঃ সর্পগ্রহণায় সুপর্ণেন উন্মূলিতং সর্ব্বলোকানামর্চ্চিতং সস্কন্ধবিটপং স্কন্ধৈঃ শাখাভিশ্চ সমন্বিতং চৈত্যং দ্রুমং গ্রামপ্রান্তস্থিতং তুঙ্গং বৃক্ষমিব। সর্ব্বলোকানাম্ অর্চ্চিত মিতি বালিবিশেষণং বা ।

২৪। টিপ্পনী। উত্তমং ধনুঃ অবষ্টভ্য অবলম্ব্য তিষ্ঠন্তং রামাদিকং দদর্শ ।

২৫। টিপ্পনী। রণে নিহতং ভর্ত্তারং সমালক্ষ্য দৃষ্ট্বা ব্যথিতা তারা আসাদ্য তৎসমীপমাগত্য সপুত্রা ভূমৌ নিষসাদ উপবিবেশ ।

নিহত মৃগরাজের ন্যায়, সর্পের নিমিত্ত সুপর্ণ (গরুড়) কর্ত্তৃক উন্মূলিত সর্ব্বলোকার্চ্চিত স্কন্ধ (গুঁড়ি) ও শাখাসমন্বিত চৈত্যবৃক্ষের ন্যায়, ভূমিতলে পতিত পতিকে দেখিতে পাইল ॥ ২২-২৩ ॥

আর উত্তম ধনুকের উপর ভর করিয়া দণ্ডায়মান রামকে, লক্ষ্মণকে এবং স্বামীর (বালীর) অনুজকে দেখিতে পাইল ॥ ২৪ ॥

রণ-নিহত স্বামীকে দর্শন করিয়া ব্যথিতা তারা তখন [তাহার সমীপে] আগমন পূর্ব্বক পুত্রের সহিত ভূমিতলে উপবেশন করিল ॥ ২৫ ॥

ধরণীতলে পতিত বালীকে প্রসুপ্তের ন্যায় অবলোকন করত [তাহাকে] আলিঙ্গন করিয়া তারা "হা আর্য্যপুত্র" এইরূপ বলিতে বলিতে চীৎকার করিতে লাগিল ॥ ২৬ ॥

১। গ '-ষ্টভ্যাবস্থি-'। ২। ঙ 'তদস্তে'। ৩। ঘ-ছ 'তং'। ৪। ঙ 'পীড়িতা'। ৫। ছ 'নিপপাত হ'। ৬। ক-ঙ 'চালিঙ্গ্য'।

হা হতাস্মি মহাবাহো ত্বয়াদ্য বিধবা কৃতা।
অশৃণ্বতা মম বচস্ত্বয়েদমনুভূয়তে ॥ ২৭ ॥

ন কালস্য প্রিয়ঃ[১] কশ্চিন্ন দ্বেষ্যো[২]ঽস্তি কপীশ্বর[৩]।
কালঃ[৪] কালয়তে[৫] সর্ব্বান্[৬] সর্ব্বঃ কালেন বধ্যতে ॥ ২৮ ॥

কালঃ সর্ব্বস্য মধ্যস্থঃ প্রিয়স্যৈবাপ্রিয়স্য[৭] চ।
কালেনাসি হতো নূনং মম বৈধব্যকারিণা ॥ ২৯ ॥

২৮। লো-টী। কালয়তে ইতস্ততশ্চালয়তি। সর্ব্বো লোকঃ। 'সর্ব্বমি'তি পাঠে সর্ব্বং প্রাণিমাত্রম্।

২৯। লো-টী। মধ্যস্থঃ কর্ম্মানুরূপফলপ্রদঃ।

২৭। টিপ্পনী। ইদং দুঃখম্ অনুভূয়তে।

২৮। টিপ্পনী। বধ্যতে হন্যতে।

২৯। টিপ্পনী। সর্ব্বস্য জনস্য প্রিয়স্য অপ্রিয়স্য চ মধ্যস্থঃ জনানাং প্রিয়াপ্রিয়বস্তুসম্বন্ধে পক্ষপাতরহিতঃ। কিং তাবজ্জনানাং প্রিয়ং কিং বাঽপ্রিয়ং তন্ন বিচারয়তীতি ভাবঃ। এতেন কিমিত্যাহ—কালেনাসীতি। মম বৈধব্যকারিণা বৈধব্যসম্পাদকেন কালেন ত্বং হতোঽসি। যস্মিন্নেব কালে মম বৈধব্যং নির্দ্দিষ্টমাসীৎ তস্মিন্নেব কালে কালস্ত্বাং নিহতবান্, বৈধব্যং মে নিতরামপ্রিয়ং ভবিষ্যতীতি ন বিচারিতবানিত্যাশয়ঃ।

হে মহাবাহো, হায় আমি হতা হইলাম, তুমি আমাকে বিধবা করিয়াছ। আমার বাক্য শ্রবণ না করিয়া তুমি এই দুঃখ অনুভব করিতেছ ॥ ২৭ ॥

হে বানরেশ্বর, কালের কেহ প্রিয় নহে, [কেহ] দ্বেষ্য [ও] নহে। কাল সকলকে চালিত করে [এবং] সকলে কালকর্ত্তৃক হত হইয়া থাকে ॥ ২৮ ॥

সকল লোকের[ই] প্রিয় এবং অপ্রিয় বস্তুসম্বন্ধে কাল মধ্যস্থ (অর্থাৎ পক্ষপাত-রহিত)। নিশ্চয়ই তুমি আমার বৈধব্যসম্পাদক কাল কর্ত্তৃক হত হইয়াছ ॥ ২৯

১। ঘ-ঙ-চ-ণ-পুস্তকেষু 'ইদমর্দ্ধং নাস্তি'। ২। ছ '-ঽপি'। ৩। ঘ 'হরীশ-'। ৪। চ 'কালং'। ৫। ছ-চ 'কলয়তে'। ৬। চ 'ধর্ম্মাৎ'। ৭। চ '-স্যেবা-'।

উক্তোঽসি[১] হরিশার্দ্দূল ময়া সুবহুশস্তদা।
উত্তিষ্ঠ বানরশ্রেষ্ঠ কিং শেষে পতিতঃ ক্ষিতৌ ॥ ৩০ ॥

ন মাং পশ্যসি দুঃখার্ত্তাং সপুত্রাং[২] পতিতাং ভুবি।
সমাশ্বাসয় তাবন্মাং[৩] যথাপূর্ব্বমরিন্দম।
অনাথাং পরিতপ্যন্তীং সপুত্রাং নিহতে ত্বয়ি ॥ ৩১ ॥

তামবেক্ষ্যাথ[৪] সৌমিত্রিঃ ক্রোশন্তীং কুররীমিব।
অঙ্গদং সচিবাংশ্চার্ত্তান্[৫] মুমোচাশ্রূণি বীর্য্যবান্ ॥ ৩২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারানিষ্পতনং নাম
অষ্টাদশঃ সর্গঃ ॥ ১৮ ॥

৩০। টিপ্পনী। তদা গুহাতো নিষ্ক্রমণকালে সুবহুশঃ বহুবারান্ ময়া উক্তঃ মা যাসীরিত্যভিহিতঃ অসি অভবঃ। ভূমৌ পতিতঃ সন্ কিং শেষে নিদ্রাসি।

৩১। টিপ্পনী। ত্বয়ি নিহতে অনাথাং পরিতপ্যন্তীং পরিতাপং কুর্ব্বতীং মাং যথাপূর্ব্বং সমাশ্বাসয়, ময়ি দুঃখিতায়াং পূর্ব্বং যথা সমাশ্বাসিতবান্ তথাধুনা সমাশ্বাসয়েত্যর্থঃ।

৩২। টিপ্পনী। কুররীমিব ক্রোশন্তীম্ উচ্চৈর্নদন্তীং তাং তারাম্, অঙ্গদম্, আর্ত্তান্ সচিবাংশ্চ অবেক্ষ্য দৃষ্ট্বা।

হে বানরশ্রেষ্ঠ, সেই সময় [গুহা হইতে বাহির হইবার সময়] তোমাকে [যাইও না এইকথা] আমি বহুবার বলিয়াছিলাম। হে বানরশ্রেষ্ঠ, উত্থিত হও ; কেন তুমি ভূমিতলে পতিত হইয়া নিদ্রা যাইতেছ ॥ ৩০ ॥

দুঃখার্ত্তা পুত্রের সহিত ভূমিতলে পতিতা আমাকে [কি] তুমি দেখিতেছ না ? হে অরিন্দম, তুমি নিহত হওয়ায় অনাথা, পরিতাপকারিণী সপুত্রা আমাকে পূর্ব্বের ন্যায় আশ্বাস প্রদান কর ॥ ৩১ ॥

বীর্য্যবান্ সৌমিত্রি কুররী পক্ষীর ন্যায় চীৎকারকারিণী তারাকে, অঙ্গদকে এবং আর্ত্ত সচিবদিগকে দর্শন করিয়া অশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন ॥ ৩২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারানিষ্পতন-নামক
অষ্টাদশ সর্গ সমাপ্ত ॥ ১৮ ॥

১। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং পরশ্লোকপূর্ব্বার্দ্ধঞ্চ নাস্তি। ২। ঘ-ঙ 'পতিতাং দুঃখিতাং ক্ষিতৌ'। ৩। চ 'তারাং মাং'। ৪। চ '-ক্ষ্য চ'। ৫। ঙ '-স্যান্'।

ঊনবিংশতিতমঃ সর্গঃ

রামচাপবিমুক্তেন বাণেন[1] হৃদি বিক্ষতম্।
দৃষ্ট্বা[2] নিপতিতং তারা তারাধিপনিভাননা ॥ ১ ॥
শরীরে ন দয়াং কাঞ্চিদাত্মনঃ সমবৈক্ষত[3]।
বিনিষ্পিপেষ চাত্মানং প্রগৃহ্য[4] সুভুজাবুভৌ[5] ॥ ২ ॥
হা হতাস্মীতি বিক্রুশ্য পপাত ধরণীতলে।
ব্যাবর্ত্তত[6] চ সা ভূমৌ লুব্ধেনেব হতা মৃগী ॥ ৩ ॥

২। লো-টী। আত্মনঃ শরীরে দয়াং নাবৈক্ষত নাজানাৎ। কিন্তু সুভুজা সা ভুজৌ প্রগৃহ্য।

৩। লো-টী। ব্যবর্ত্তত ব্যলুঠত।

১-২। টিপ্পনী। হৃদি হৃদয়ে বিক্ষতং বিদ্ধং দৃষ্ট্বা। তারাধিপনিভাননা চন্দ্রসদৃশবদনা। আত্মনঃ শরীরে দয়াং ন সমবৈক্ষত সমদর্শয়ৎ। অন্তর্গতণার্গোঽয়ম্। ভুজৌ প্রগৃহ্য সুসম্বদ্ধং কৃত্বা আত্মানং শরীরং বিনিষ্পিপেষ নিতরাং নিষ্পেষিতং চকার।

৩। টিপ্পনী। লুব্ধেন ব্যাধেন হতা তাড়িতা মৃগী ইব ভূমৌ ব্যাবর্ত্তত বিলুঠিতাভূৎ।

রামচাপবিমুক্ত বাণদ্বারা হৃদয়ে বিদ্ধ বালীকে নিপতিত দেখিয়া চন্দ্রাননা তারা নিজ শরীরে কিছু[মাত্র] মমতা দেখাইল না এবং স্বীয় উভয় ভুজ একত্র করিয়া [নিজ] শরীর নিষ্পেষিত করিতে লাগিল ॥ ১-২ ॥

তারা 'হায় হত হইলাম' এইরূপে চীৎকার করিয়া ধরণীতলে পতিত হইল এবং ব্যাধ-তাড়িত মৃগীর ন্যায় ভূমিতলে বিলুণ্ঠিত হইতে লাগিল ॥ ৩ ॥

১। ক-ঙ 'শরেণ'। ২। ক 'ভর্ত্তারমথ সালোক্য তারা নিপতিতং ভুবি', চ-গ 'দৃষ্ট্বা নিপতিতং তারা তারাপতিনিভাননা'। ৩। ঙ '-বেক্ষ্যত', গ '-বেক্ষ্য চ'। ৪। গ 'প্রজহ্য-'। ৫। ক 'সুভুজা ভুজৌ'। ৬। ঘ-ঙ-ছ 'ব্যবর্ত্তত'।

পরিগ্রহশ্চ[১] যস্তস্য বালিনোঽভ্যন্তরাস্ত্রিয়ঃ[২]।
কুরর্য্য ইব বানর্য্যো বিনিষ্পেতুর্গুহামুখাৎ ॥ ৪ ॥

বিক্রোশন্ত্যো মহানাদান্ যাবাংস্তস্য পরিগ্রহঃ।
তাশ্চাপ্যতীব শোকার্ত্তাস্তারাং শোকাভিসংবৃতাম্[৩] ॥ ৫ ॥

রুদতী[৪]মার্ত্তরূপাং তাং দুঃখোপহতচেতনাম্[৫]।
আর্ত্তামাশ্বাসয়ন্তি[৬] স্ম বানর্য্যঃ শোকলালসাঃ[৭] ॥ ৬ ॥

৪-৫। লো-টী। পরিগ্রহাঃ পরিজনাঃ, যাশ্চ অভ্যন্তরস্ত্রিয়স্তা মহানাদান্ বিক্রোশন্ত্যঃ।

৫-৬। লো-টী। পরিগ্রহঃ পত্নী, 'পরিগ্রহঃ পরিজনে পত্ন্যাং স্বীকারমূলয়োরি'তি কোষঃ। তাশ্চাপি তারাম্ আশ্বাসয়ন্তি। দ্বাভ্যামন্বয়ঃ। আর্ত্তাং পীড়িতাম্।

৪। টিপ্পনী। বালিনো যঃ পরিগ্রহঃ পরিজনঃ যাশ্চ কুরর্য্য ইব চীৎকারপরায়ণা অভ্যন্তর-স্ত্রিয়ঃ অন্তঃপুরচারিণ্যঃ স্ত্রিয়ো বানর্য্যস্তাশ্চ গুহামুখাৎ বিনিষ্পেতুঃ বিনির্জগ্মুঃ।

৫-৬। টিপ্পনী। তস্য যাবান্ পরিগ্রহঃ পরিজনঃ যাশ্চ শোকলালসাঃ শোকবিকলাঃ শোকার্ত্তাঃ বানর্য্যঃ বানরস্ত্রিয়স্তাশ্চ শোকাভিসংবৃতাং শোকব্যাপ্তাম্ আর্ত্তরূপাম্ অতিশয়েনার্ত্তাং দুঃখোপহতচেতনাং দুঃখেন নষ্টচৈতন্যাং তারাম্ আশ্বাসয়ন্তি স্ম।

সেই বালীর যে [সকল] পরিজন এবং কুররীর ন্যায় চীৎকারপরায়ণা অন্তঃপুরচারিণী বানরী স্ত্রী তাহারা গুহামুখ হইতে বহির্গত হইল ॥ ৪ ॥

বালীর যে সকল পরিজন এবং যে সকল বানরী স্ত্রী, তাহারাও অতিশয় শোকার্ত্ত ও শোকবিহ্বল হইয়া শোকব্যাপ্তা রোদনপরায়ণা অতিশয় আর্ত্তা দুঃখে নষ্টচেতনা পীড়িতা তারাকে আশ্বাস দিতে লাগিল ॥ ৫-৬ ॥

১। চ '-গ্রহাশ্চ'। ২। চ-ঙ-ছ '-স্তরাঃ স্ত্রিয়ঃ'। ৩। ঘ-ছ '-রাং দুঃখাভি-', ঙ '-রাং দুঃখাভিসংহতাম্', ণ '-রাদুঃখাভিসংহতাম্'। ৪। ঘ 'ক্রন্দন্তী-'। ৫। ঙ 'শোকোপহতচেতসাম্', চ 'দুঃখোপহতচেতসাম্'। ৬। ণ 'র্ত্তানাশ্বা-'। ৭। চ '-বিহ্বলাঃ'।

সর্ব্বাঃ কৃচ্ছ্রগতাঃ স্মার্য্যে[১] সর্ব্বা এব[২] স্ম[৩] পীড়িতাঃ।
সর্ব্বাসাং ব্যসনং কৃচ্ছ্রমিদম[৪]স্মাকমাগতম্ ॥ ৭ ॥
রামচাপবিমুক্তেন[৫] মহাবেগেন পত্রিণা।
হতাঃ স্মৈকেষুণা সর্ব্বাঃ শাখামৃগপতৌ হতে ॥ ৮ ॥
কৃতাঃ[৬] স্ম বিধবাঃ সর্ব্বাঃ সর্ব্বাশ্চ নিহতাঃ সমম্।
সর্ব্বাসাং নঃ সুখং জীর্ণং[৭] হতেঽস্মিন্ হরিপুঙ্গবে ॥ ৯ ॥

৭। লো-টী। সর্ব্বাসামস্মাকমিদং কৃৎস্নং সম্পূর্ণং ব্যসনমাগতমুপস্থিতম্ ইত্যপি উচুরিতি শেষঃ।

৮। লো-টী। পত্রিণা পত্রবতা একেষুণা।

৯। লো-টী। বিধুরাঃ বিকলাঃ। সমম্ একদৈব। জীর্ণং নষ্টম্।

৭। টিপ্পনী। হে আর্য্যে সর্ব্বা বয়ং কৃচ্ছ্রগতাঃ কষ্টমাপন্নাঃ। স্মেতি পাদপূরণে। ইদং কৃচ্ছ্রং কষ্টপ্রাপকং ব্যসনং বিপৎ।

৮। টিপ্পনী। পত্রিণা কঙ্কপত্রবতা একেষুণা একবাণেন শাখামৃগপতৌ বানররাজে হতে সতি তেনৈব একেন বাণেন সর্ব্বা বয়ং হতাঃ।

৯। টিপ্পনী। হরিপুঙ্গবে বানরশ্রেষ্ঠে নিহতে সতি।

হে আর্য্যে, আমরা সকলেই কষ্টে পতিত হইয়াছি, সকলেই পীড়িত হইয়াছি, আমাদের সকলেরই এই কষ্টদায়ক বিপদ্ উপস্থিত হইয়াছে ॥ ৭ ॥

রাম-চাপ-বিমুক্ত মহাবেগশালী [কঙ্ক-] পত্রযুক্ত এক বাণে বানরপতি নিহত হওয়ায় [সেই এক বাণেই] আমরা সকলে [ও] নিহত হইয়াছি ॥ ৮ ॥

এই বানরশ্রেষ্ঠ নিহত হওয়ায় আমরা সকলে বিধবা হইয়াছি এবং সকলে এককালে [ই] নিহত হইয়াছি; আমাদের সকলের [ই] সুখ নষ্ট হইয়াছে ॥ ৯ ॥

১। ক-ঙ-চ 'স্মার্ত্তাঃ'। ২। ঙ 'এবাভিপী-'। ৩। চ 'সুপী-'। ৪। ঘ 'কৃচ্ছ্রাদি-'। ৫। ক '-দনুর্ম্মি-'। ৬। ঙ-পুস্তকে অয়ং শ্লোকঃ পরশ্লোকশ্চ ন দৃশ্যেতে। ৭। চ 'তীর্ণং'।

অথ তারা পরিষ্বজ্য পতিং শক্রপরাক্রমম্।
উবাচ রুদতী দীনা সাঽশ্রুপাতাবিলেক্ষণা ॥ ১০ ॥
কৃতা তারাঽহমুন্মূলা তব মূলবিনাশনাৎ।
দুঃখশোকবতী লোকে বর্ত্তয়িষ্যামি জীবিতম্ ॥ ১১ ॥

১০। লো-টী। সা তারা।

১১। লো-টী। অহং তারা তব বৃক্ষরূপস্য। মূলং প্রাণাঃ, তদ্বিনাশাৎ। বর্ত্তয়িষ্যামি।

১০। টিপ্পনী। সাঽশ্রুপাতাবিলেক্ষণা অশ্রুপাতেন আবিলেক্ষণা কলুষিতদৃষ্টিঃ সা তারা। যদ্বা সাশ্রুপাতা অশ্রুপাতসহিতা আবিলেক্ষণা চেতিচ্ছেদঃ।

১১। টিপ্পনী। তব মূলবিনাশনাৎ মূলস্য মূলীভূতস্য তব বিনাশনাদহম্ উন্মূলা উৎপাটিত-মূলা বিনষ্টেতি যাবৎ। যদ্বা তব তারাঽহমিত্যন্বয়ঃ। জীবিতং বর্ত্তয়িষ্যামি ধারয়িষ্যামি।

অতঃপর, অশ্রুপাতে কলুষিত-দৃষ্টিসম্পন্না কাতরা সেই তারা রোদন করিতে করিতে ইন্দ্রতুল্য পরাক্রমশালী পতিকে আলিঙ্গন করিয়া বলিল—॥ ১০ ॥

মূলীভূত তোমার বিনাশহেতু বিধাতা তারা আমাকে উন্মূলিতা করিয়াছেন। দুঃখ ও শোকসম্পন্না হইয়া আমি [এখন] জগতে জীবন অতিবাহিত করিব ॥ ১১ ॥

১। ঘ 'বাক্যং'। ২। ঘ 'চ সাঽ-', ছ 'বতাঽ-'। ৩। অতঃ পরং ঢ-পুস্তকে "সুখানামুচিতং নিত্যং দুঃখং ভোক্ষ্যামানাথবৎ। লালিতশ্চাঙ্গদো বালঃ সুকুমারঃ সুখোচিতঃ॥ প্রাপ্স্যতে কামবস্থাস্ত সুগ্রীবে ক্রোধ-মূর্চ্ছিতে। পুত্র বীক্ষস্ব পিতরং সুদৃষ্টঞ্চ কুরু প্রিয়ম্॥ দুর্লভং দর্শনং হ্যস্য পুনঃ পুত্রো ভবিষ্যতি। সা সমালিঙ্গ্য ভর্ত্তারং পরিষ্বজ্য চ বানরী। ইষুণা নিহতং দৃষ্ট্বা বালিনং কুঞ্জরোপমম্॥ কিমার্য্যাপুত্র শেষে ত্বং কৃপণং বীর পাংশুষু। উত্তিষ্ঠ বিপুলং বক্তুং শান্ত্বয়স্বৈতমঙ্গদম্॥ সমাশ্বাসয় চৈবেনং সন্দেশার্থান্ দদস্ব চ। মূর্দ্ধ্নি চৈনং সমাঘ্রায় প্রবাসং প্রস্থিতো হ্যসি॥ সকামো ভব সুগ্রীব প্রতিপদ্যস্ব তাং রুমাম্। ভুঙ্ক্ষ্ব রাজ্যমমিত্রঘ্ন শস্তো ভ্রাতা রিপুস্ত্বয়া॥ কিং মামেবং বিলপতীং প্রেম্না ত্বং নাববেক্ষসে। ইমানপ্যপরান্ বক্ষ্ন্ পশ্য ভার্য্যাশ্চ বানরান্॥ তস্যা বিলপিতং শ্রুত্বা বানর্য্যঃ সর্ব্বতস্তু তাঃ। পরিগৃহ্যাঙ্গদং দীনা দুঃখার্ত্তাস্তাঃ প্রচুক্রুশুঃ॥ তাসামার্ত্তস্বরং শ্রুত্বা বানরীণাং তদা কপিঃ। অন্তঃপুরচরো রাজ্ঞো বাক্যমাহ স হেতুমৎ॥ প্রাপ্নোতি ফলমব্যগ্রঃ পরমার্হঃ শুভাশুভম্। কঃ শোচ্যঃ শোচতে শোচ্যং কো বা শোচ্যং ন শোচতি॥ কশ্চ কস্যেহ শোচ্যোঽস্তি দেহেঽস্মিন্ বুদ্বুদোপমে। অঙ্গদশ্চ কুমারোঽয়ং সংরক্ষ্যো জীবপুত্রয়া॥ আয়ত্যাঞ্চ সমর্থাসি নিধেতব্যা নিমিত্ততা। জ্ঞানামানিত্যতাং তেষাং বৃত্তানাঞ্চ গতাগতিম্॥ মানুষত্বে চ কর্ত্তব্যং পণ্ডিতেনাপি লৌকিকম্। ন হি দৈবমতিক্রম্য মানুষেণেহ সিধ্যতি॥ এবন্তু তারা করুণং বিলপ্য ভর্ত্তুঃ সমীপে সহ বানরীভিঃ। ব্যবস্থিত প্রায়মনিন্দ্যরূপা তত্রোপবিষ্টা ভুবি যত্র বালী॥ ইতি তারাবিলাপো নামোনবিংশঃ সর্গঃ। বিংশঃ সর্গঃ। সা নিশ্বসন্তী রুদতী ত্রাসাকুলিত-লোচনা। পতন্তী পাদয়োর্ভর্ত্তুস্তারা করুণমব্রবীৎ॥ অনেন বানরেন্দ্রেণ বিমুক্তো যুদ্ধশালিনা। প্রিয়েণ হীনা দুঃখার্ত্তা নিরপেক্ষাস্মি জীবিতে॥" ইত্যধিকম্। ৪। ণ 'বর্জ্জয়িষ্যামি'।

স্মরন্ত্যা[1] হসিতং চারু সংলাপঞ্চ[2] শুচিস্মিতম্ ।
ধক্ষ্যতে হৃদয়ং নূনং মমায়ং[3] শোকপাবকঃ ॥ ১২ ॥
যানি চাপি[4] ত্বয়া সার্দ্ধং বনেষু চ[5] সুগন্ধিষু ।
বিহৃতানি সুখং কালে তেষামুপরমঃ[6] কৃতঃ ॥ ১৩ ॥
নিরানন্দা[7] নিরাশাহহং নিমগ্না শোকসাগরে ।
ত্বয়ি পঞ্চত্বমাপন্নে মহাবানরযূথপে ॥ ১৪ ॥
বজ্রসারমিদং[8] নূনং হৃদয়ং মে কপীশ্বর ।
যত্ত্বাং দৃষ্ট্বা[9] হতং[10] ভূমৌ স্ফুটিতং[11] ন সহস্রধা ॥ ১৫ ॥

১২। লো-টী। ধক্ষ্যতে ধক্ষ্যতি।
১৩। লো-টী। বিহৃতানি যানি যে যে বিহারাঃ কৃতাঃ। উপরমো নিবৃত্তিঃ।
১৫। লো-টী। ন বিদীর্য্যেৎ, 'স্ফুটিতং নে'তি পাঠঃ ক্বচিৎ।

১২। টিপ্পনী। তব চারু মনোজ্ঞং হসিতং হাস্যং শুচিস্মিতং নির্ম্মলহাস্যযুক্তং সংলাপঞ্চ স্মরন্ত্যা মম হৃদয়ম্ অয়ং শোকপাবকঃ শোকাগ্নিঃ ধক্ষ্যতে ধক্ষ্যতি।

১৩। টিপ্পনী। কালে বসন্তাদিসময়ে সুখং যথা স্যাৎ তথা যানি বিহৃতানি বিহারা ময়া কৃতানি তেষাম্ উপরমঃ কৃতঃ, বিধাত্রেতি শেষঃ।

১৪। টিপ্পনী। মহাবানরযূথপে বিশালবানরযূথস্যাধিপে ত্বয়ি পঞ্চত্বমাপন্নে মৃতে সতি নিরাশা সুখাশাবিরহিতা অহং শোকসাগরে মগ্না।

১৫। টিপ্পনী। বজ্রসারং বজ্রবৎ কঠিনম্।

[তোমার] মনোহর হাস্য এবং নির্ম্মল-হাস্যযুক্ত আলাপ আমি স্মরণ করিব এবং নিশ্চয় এই শোকাগ্নি আমার হৃদয় দগ্ধ করিবে ॥ ১২ ॥

আর, [বসন্তাদি] সময়ে সুগন্ধযুক্ত বনসমূহে তোমার সহিত সুখে যে সকল বিহার করিয়াছি, বিধাতা সেই সমুদায়ের নিবৃত্তি করিলেন ॥ ১৩ ॥

বিশাল বানরযূথের অধিপতি তুমি পঞ্চত্বপ্রাপ্ত (মৃত) হওয়ায় নিরানন্দা নিরাশা আমি শোক-সাগরে নিমগ্না হইয়াছি ॥ ১৪ ॥

হে বানরেশ্বর, আমার এই হৃদয় নিশ্চয় বজ্রের ন্যায় কঠিন, যেহেতু তোমাকে নিহত [ও] ভূমিতলে [পতিত] দর্শন করিয়া [ও] সহস্রধা বিদীর্ণ হয় নাই ॥ ১৫ ॥

১। ঘ-ঙ-ছ-ণ '-ন্ত্যা'। ২। ণ '-পং৷৷ সু-'। ৩। ণ 'মদীয়ং'। ৪। ণ 'চৈব'। ৫। ঘ ছ-ণ 'সুসুগ-'। ৬। ছ '-রতঃ'। ৭। ণ 'নিরাশাহং নিরানন্দা'। ৮। ছ '-ময়ং'। ৯। ছ 'বীক্ষ্য'। ১০। ঙ 'মৃতং'। ১১। ছ 'দলিতং', ণ 'ন বিদীর্য্যেৎ'।

সুগ্রীবস্য প্রিয়া ভার্য্যা হৃতা স চ বিবাসিতঃ।
অদ্য[১] তস্য[২] ফলং প্রাপ্তং ত্বয়া বানরপুঙ্গব ॥ ১৬ ॥
নিঃশ্রেয়সপরা[৩] চাহং ত্বয়া বীর বিগর্হিতা।
ভাষমাণা[৪] হিতং বাক্যং বানরেন্দ্র হিতৈষিণী ॥ ১৭ ॥
কালো নিঃসংশয়ং[৫] প্রাপ্তো জীবিতান্তকরস্তব।
বলাদ্ যেনা[৬]ভিপন্নো[৭]ঽসি[৮] সুগ্রীবস্যা[৯]বশো[১০] বশম্ ॥ ১৮ ॥

১৭। লো-টী। নিঃশ্রেয়সপরা কল্যাণপরা। হে বীর, ত্বয়ৈব বিগর্হিতা নিন্দাবিষয়ীকৃতা, মদ্বচনাগ্রহণাৎ।

১৮। লো-টী। নিঃসংশয়ং যথা অয়ং কালঃ। 'নিঃসংশয়শ্চৈবে'তি পাঠঃ ক্বচিৎ। কোঽসৌ কালস্তত্রাহ—বলাদ্ যেনেতি। যেন কালেন হেতুনা ত্বং কস্যাপ্যবশোঽপি সন্ ইদানীং তদনুগৃহীতস্য সুগ্রীবস্য হেতোর্ব্বলাদভিপন্নঃ অভিগ্রস্তঃ। 'বানরেন্দ্রাবশো বশ'মিতি পাঠে হে বানরেন্দ্র, অবশোঽপি বশমভিপন্নঃ প্রাপ্তোঽসি।

১৭। টিপ্পনী। হে বানরেন্দ্র, তব হিতৈষিণী নিঃশ্রেয়সপরা নিশ্চিতং শ্রেয়ো নিঃশ্রেয়সং মঙ্গলং তৎপরায়ণা অহং হিতং বাক্যং ভাষমাণা ত্বয়া বিগর্হিতা তিরস্কৃতা।

১৮। টিপ্পনী। যেন কালেন কস্যাপি অবশস্ত্বং সুগ্রীবস্য বশম্ অভিপন্নঃ প্রাপ্তোঽসি, তেনাভিভূতত্বাদিতি ভাবঃ।

হে বানরশ্রেষ্ঠ, তুমি সুগ্রীবের প্রিয়া ভার্য্যাকে অপহরণ করিয়াছিলে এবং তাহাকে নির্ব্বাসিত করিয়াছিলে। অদ্য তাহার ফল প্রাপ্ত হইয়াছ ॥ ১৬ ॥

হে বীর বানরশ্রেষ্ঠ, [তোমার] হিতৈষিণী মঙ্গলপরায়ণা আমি হিতকর বাক্য বলিয়া তোমাদ্বারা তিরস্কৃতা হইয়াছি ॥ ১৭ ॥

নিশ্চয় তোমার জীবনান্তকর কাল উপস্থিত হইয়াছে; [কাহারও] অবশীভূত তুমি যদ্দ্বারা বলপূর্ব্বক সুগ্রীবের বশতাপন্ন হইয়াছ ॥ ১৮ ॥

১। অস্যার্দ্ধস্য স্থানে ণ পুস্তকে, "তেন বাপানুনীতোঽস্মি মন্ত্রিভিঃ সহ সম্মতৈঃ। তচ্চ ত্বয়া নানুষ্ঠিতং তস্যেদং ফলমাগতম্ ॥ উক্তশ্চাপি ময়া সর্ব্বং ন চ তৎ কৃতবানসি। নাগচ্ছেঃ সহ রামেণ বিদিতং হরিপুঙ্গব ॥ অবষ্টভ্য মহাত্মাসৌ সুগ্রীবঃ শক্রনন্দনঃ। তত্ত্বয়া ন শ্রুতং বাক্যং মন্দভাগ্যাতয়া মম ॥ সমস্তস্য ফলং প্রাপ্তং ত্বয়া বানরপুঙ্গব ॥" ইতি পাঠঃ। ঘ 'সত্যস্তস্য'। ২। ঙ-ছ 'সম্যক্'। ৩। ণ 'মোহাৎ'। ৪। ঙ-ছ ট 'প্রিয়ং'। ৫। ক-ঘ ট '-য়ময়ং', ণ '-য়ং নূনং'। ৬। ণ 'বলাচ্চোনাভিপন্নো-'। ৭। ছ '-হস্মি'। ৮। ঙ '-বস্য চ যোষিতম্'। ৯। ঘ-ছ-ট '-শোঽপি সন্'। ১০। অতঃপরং ণ-পুস্তকে "রামেণ সুমহৎ কর্ম্ম কৃতং ত্বামিহ হস্মতা। আনৃণ্যং হি গতস্তস্য সুগ্রীবস্য প্রতিশ্রবাৎ ॥ বৈধব্যশোকসন্তপ্তা কৃপণা কৃপণা সতী। ন দুঃখমুচিতা পূর্ব্বং দুঃখং ভোক্ষ্যামানাথবৎ ॥ লালিতশ্চাঙ্গদো

ত্বয়া[১] বিহীনা দুঃখার্ত্তা নিরপেক্ষাস্মি জীবিতে[২]।
ভবতা বিপ্রযুক্তায়া[৩] দুর্ল্লভং মম জীবিতম্[৪] ॥ ১৯ ॥
খাদন্তু মম মাংসানি গৃধ্রবায়সজম্বুকাঃ[৫]।
যে চান্যে পিশিতাহারা মৃগপক্ষিগণা ভুবি ॥ ২০ ॥
নিরনুক্রোশযুক্তেতি কামং বক্ষ্যতি মাং জনঃ।
ত্যজন্তীং[৬] দয়িতং পুত্রমঙ্গদং প্রিয়দর্শনম্ ॥ ২১ ॥

২১। লো-টী। পুত্রং ত্যজন্তীং ত্বাঞ্চ গচ্ছন্তীমিতি শেষঃ, নিরনুক্রোশযুক্তা নির্দয়া ইতি মাং বদতি বদতু।

১৯। টিপ্পনী। জীবিতে জীবনধারণে নিরপেক্ষা নিঃস্পৃহাস্মি। ভবতা বিপ্রযুক্তায়া বিরহিতায়া মম জীবিতং জীবনধারণং দুর্ল্লভম্ অসম্ভবমিত্যর্থঃ।

২০। টিপ্পনী। পিশিতাহারা মাংসাশিনঃ।

২১। টিপ্পনী। ত্বাঞ্চেদহমনুগচ্ছামি কামং নিশ্চিতং দয়িতং প্রিয়ং পুত্রম্ অঙ্গদং ত্যজন্তীং মাং নিরনুক্রোশযুক্তেতি বক্ষ্যতি। নিরনুক্রোশম্ অনুক্রোশাভাবঃ তদ্যুক্তা দয়া-রহিতেতি যাবৎ। বদতু নাম, অহং ত্বামনুগচ্ছাম্যেবেত্যাশয়ঃ।

ত্বৎপরিত্যক্তা দুঃখার্ত্তা আমি জীবনে নিঃস্পৃহ হইয়াছি। তোমার দ্বারা বিরহিতা আমার জীবিত থাকা অসম্ভব ॥ ১৯ ॥

গৃধ্র বায়স জম্বুক এবং পৃথিবীতে অন্য যে সকল মাংসাহারী মৃগপক্ষি-সমূহ আছে, তাহারা আমার মাংস ভোজন করুক ॥ ২০ ॥

প্রিয়দর্শন প্রিয়পুত্র অঙ্গদের পরিত্যাগকারিণী, আমাকে নিশ্চয়ই জনগণ নিরতিশয় নির্দ্দয়া বলিবে [বলুক, তথাপি আমি তোমার অনুগমন করিব] ॥ ২১ ॥

বীরঃ সুকুমারঃ সুখোচিতঃ। প্রাপ্স্যতে কামবস্থাং স পিতৃব্যে ক্রোধমূর্চ্ছিতে ॥ পুত্র বীক্ষস্ব পিতরং সুদৃষ্টঞ্চ কুরু প্রিয়ম্। দুর্ল্লভং দর্শনং পুত্র পুনস্তস্য ভবিষ্যতি ॥ সা সমালিঙ্গ্য ভর্ত্তারং ক্রন্দমানা পুনঃ পুনঃ। উরুণা বজ্রকল্পেন নিরস্তং কুঞ্জরোপমম্ ॥ উবাচ রুদতী দীনা সাশ্রুপাতাবিলেক্ষণম্ ॥ কিমাত্মপুত্র শেষে ত্বং কৃপণো বীর পাংশুষু। উদ্বাস্য বিমলং বক্তুং সান্ত্বয়স্ব মমাঙ্গদম্ ॥ সমাশ্বাসয় চৈবৈনং সন্দেশঞ্চৈব সন্দিশ। মূর্দ্ধ্নি চৈব সমাজিঘ্র পুরা সংপ্রস্থিতো হ্যসি ॥ সকামো ভব সুগ্রীব প্রতিপদ্যস্ব তাং রুমাম্। ভুঙ্‌ক্ষ্ব রাজ্যমনুদ্বিগ্নঃ শস্তো ভ্রাতা রিপুস্তয়া ॥ কিং মামেবং বিলপন্তীং প্রেম্ণা ত্বং নাভিভাষসে। ইমাঃ খলু পুরা ভার্য্যাস্তাস্ত্বং যাসাস্ত বানরঃ ॥ তস্যা বিলপিতং শ্রুত্বা বানর্য্যঃ সত্যমেব তাঃ। পরিষ্বজ্যাঙ্গদং দীনমার্ত্তবাকামথাব্রুবন্। গুণদোষস্ত সম্প্রাতং স্ব-কর্ম্মফলমাত্মনঃ। প্রাপ্নোতি হি তদবাগ্রং প্রেত্য সর্ব্বং শুভাশুভম্ ॥ কঃ শোচ্যঃ শোচতে শোচ্যং কো বা শোচ্যং ন শোচতি। নাস্তি কশ্চিদশোচ্যো বৈ দেহেঽস্মিন্ বুদ্‌বুদোপমে ॥ মা ত্বমার্য্যেতি শোচিষ্যং মা কার্য্যং শোকজা ব্যথা। সর্ব্বো হ্যয়ং জনঃ স্বার্থো মমাপার্থো ভবেদিতি ॥ অঙ্গদো হ্যয়মাপন্ন-স্তাপসীং কৃপণাং দশাম্। পিত্রা বীর্য্যবতা হীনঃ সুগ্রীববশমাগতঃ ॥ জানাম্যেঽনিত্যতাঞ্চৈব ভূতানাঞ্চ গতিস্তথা। মানুষত্বেঽপি কর্ত্তব্যং পণ্ডিতেনাপি লৌকিকম্ ॥ ইতি তারাবিলাপো নামৈকবিংশঃ সর্গঃ ॥ তাসাং বচনমাকর্ণ্য শ্বসন্তী সাশ্রুলোচনা। পতন্তী পাদয়োর্ভর্ত্তুস্তারা বচনমব্রবীৎ" ॥ ইত্যধিকম্।

১। ণ 'অনেন হীনা দুঃখার্ত্তা'। ২। অতঃপরং 'নোৎসহেঽহং বিনা ভর্ত্রা মুহূর্ত্তমপি জীবিতুম্'। ইত্যধিকম্। ৩। চ 'চ বিযুক্তায়া'। ৪। ক 'জীবনম্'। ৫। ঘ-ঙ-ছ 'গৃধ্রজম্বুকবায়সাঃ'। ৬। ঘ '-ন্তী', ণ '-তী'।

ন পুত্রো ন পিতা তত্র ভবেদ্ যত্র স্ত্রিয়াঃ পতিঃ।
ন চৈতদবগচ্ছন্তি প্রায়শঃ প্রাকৃতাঃ স্ত্রিয়ঃ॥ ২২ ॥
ন হ্যাজ্ঞাপয়িতুং[1] শক্যঃ[2] সুতো[3]ঽদ্য[4] বিহতে ত্বয়ি।
অপ্রিয়ো[5] বা প্রিয়ো বাপি যথা ভর্ত্তা সদা[6] স্ত্রিয়াঃ[7]॥ ২৩ ॥
হিতার্থং বিপ্রিয়ং[8] হ্যুক্তো মাতুঃ কুপ্যতি বৈ[9] সুতঃ।
ক্রুদ্ধয়া[10] তু স্ত্রিয়া হ্যুক্তো ভর্ত্তা নৈব[11] হি কুপ্যতি॥ ২৪ ॥

২২। লো-টী। যত্র যদা স্ত্রিয়াঃ পতির্ন ভবেৎ ন তিষ্ঠেৎ, তত্র তদা পুত্রঃ পিতা বা ন ভবেৎ, সুখদো ন ভবেদিত্যর্থঃ।

২৩। লো-টী। শুভে যুদ্ধকুশলে অবধ্যতে জ্ঞাতসর্ব্বার্থে ত্বয়ি 'যুদ্ধং কুরু, মা কুরু' আজ্ঞাপয়িতুং ন শক্যম্ স্ত্রীত্বাৎ, অথ চ যুদ্ধে যথা ভদ্রাভদ্রভাগী ভর্ত্তা তথা অপ্রিয়া দুর্ভগাঃ প্রিয়াঃ সুভগাঃ ভদ্রাভদ্রভাগিন্যঃ। [৭ম-পাঠান্তরং দ্রষ্টব্যম্।] 'যুদ্ধে যাবৎ কুতঃ স্ত্রিয়ঃ' ইতি পাঠে কুতঃ ? যাবদিতি যত ইত্যর্থে, স্ত্রিয়ঃ। অন্যৎ সমানম্।

২৪। লো-টী। ইদানীং পুত্রাৎ স্বামিনো বিশেষং বদতি হিতার্থমিতি।

২২। টিপ্পনী। যত্র যাস্মিন্ স্থানে স্ত্রিয়াঃ পতিরস্তি যৎস্থানং সোঽধিকরোতীত্যর্থঃ, পুত্রঃ পিতা বা তত্র ন, ন তৎস্থানমধিকরোতি। প্রাকৃতাঃ সাধারণাঃ স্ত্রিয়ঃ এতন্নাবগচ্ছন্তি।

২৩। টিপ্পনী। স্ত্রিয়াঃ ভর্ত্তা যথা স্ত্রিয়া আজ্ঞাপয়িতুং শক্যঃ ত্বয়ি অদ্য বিহতে সতি মম সুতো ন তথা ময়া আজ্ঞাপয়িতুং শক্যঃ।

২৪। টিপ্পনী। মাতুঃ কুপ্যতি মাত্রে কুপ্যতি, শেষত্ববিবক্ষায়াং ষষ্ঠী।

স্ত্রীলোকের স্বামী যথায় (অর্থাৎ যেস্থান অধিকার করে), পুত্র তথায় নহে (অর্থাৎ সেস্থান অধিকার করিতে পারে না।), এবং পিতাও তথায় নহে। কিন্তু সাধারণ স্ত্রীলোক প্রায়শই ইহা বুঝিতে পারে না॥ ২২ ॥

প্রিয়ই হৌক অপ্রিয়ই হৌক স্ত্রীলোকের স্বামীকে স্ত্রীলোক যেরূপ আজ্ঞা করিতে পারে, তুমি নিহত হওয়ায় অদ্য পুত্রকে আমি সেরূপ আজ্ঞা করিতে পারিব না॥ ২৩ ॥

হিতের জন্য অপ্রিয় বলিলে [ও] পুত্র মাতার প্রতি ক্রুদ্ধ হয় ; কিন্তু ভার্য্যা ক্রুদ্ধ হইয়া [অপ্রিয়] বলিলে [ও] স্বামী কখনও [স্ত্রীর প্রতি] ক্রুদ্ধ হয়েন না ॥২৪॥

১। ঘ-ণ '-চাজ্ঞাপ-'। ২। ঘ ণ '-ক্যং'। ৩। ছ '-তো হ্যবিধৃতে', ণ '-তো হ্যবধৃতিঃ স্ত্রিয়াঃ'। ৪। ট 'বিহতেন্দ্রিয়ঃ'। ৫। ছ '-য়োঽপি প্রিয়ো ভর্ত্তা ভর্ত্তুঃ স্ত্রী চ প্রিয়াপ্রিয়া'। ৬। ট 'হিতান্বিতঃ'। ৭। অতঃপরং ছ-পুস্তকে 'অপ্রিয়া বা প্রিয়া বাপি যথৈব স্ত্রী পতিস্তথা'। ইত্যধিকম্। ৮। ঙ 'বার্হপ্র-'। ৯। ণ 'নৈব তু'। ১০। ঙ ছ-ট '-য়াপি'। ১১। ঙ-ছ 'নৈবেহ'।

অনুবর্ত্তিতুমিচ্ছন্তি মাতরঃ সততং সুতান্।
মাত্রর্থে ন তথা পুত্রো দারার্থে বৈ যথা পতিঃ॥ ২৫॥
পুত্রহস্তাত্তু কা নারী সত্ত্বযুক্তা মনস্বিনী।
ভোক্তুমুৎসহতে পিণ্ডং বৈধব্যমলদূষিতা॥ ২৬॥
জীবিতং হি বিহাস্যামি বিমুক্তস্সুতসংশ্রয়া।
শ্রেয়ান্ প্রাণপরিত্যাগস্তেন চৈব গতিঃ সহ॥ ২৭॥

২৫। লো-টী। অনুবর্ত্তিতুং সেবিতুমিচ্ছন্তীতি সত্যম্, কিন্তু দারার্থে যথা পতিঃ স্নিগ্ধতর ইত্যর্থঃ, তথা ন মাত্রর্থম্।

২৬। লো-টী। পুত্রো হস্তোঽনুকূলো যস্যাঃ সা। যা সত্ত্বযুক্তা সুচিত্তা মনস্বিনী প্রশস্ত-মনাঃ নারী সা পুত্রহস্তা সতী পিণ্ডং ভোক্তুমুৎসহতে। 'কা নারী'তি ক্বচিৎ পাঠঃ।

২৭। লো-টী। বিমুক্তস্ত্যক্তঃ পুত্রস্য সংশ্রয়ো যয়া সা, তেনৈব সহ আগতিঃ আ সমন্তাদ্ গতিঃ শ্রেয়সীত্যর্থঃ। যদ্বা, তেন চৈব গতির্গমনং মম সহা ভেষজম্ ঔষধমিত্যর্থঃ। 'সহো বলে ন স্ত্রিয়াং স্যাৎ স্ত্রিয়াস্তু নখভেষজে' ইতি কোষঃ। [ইত্থং চ 'সহা গতি'রিতি পাঠো ভাতি।]

২৫। টিপ্পনী। মাতরঃ সদৈব পুত্রাভিলষিতানুরূপং কার্য্যং কর্ত্তুমিচ্ছন্তি; পরং পতির্যথা পত্ন্যর্থং স্নিগ্ধতরো ভবতি, পুত্রঃ মাত্রর্থং ন তথেতি ভাবঃ।

২৬। টিপ্পনী। নারীণামবৈধব্যমেব কাম্যং ন তু পুত্রহস্তাৎ পিণ্ডভক্ষণমিত্যর্থঃ।

২৭। টিপ্পনী। নারীণাং পত্যনুমরণমেব শ্রেয় ইত্যাশয়ঃ।

জননীগণ নিরন্তর পুত্রদিগের অনুবর্ত্তন করিতে (অভিলাষানুরূপ কার্য্য করিতে) ইচ্ছা করেন ; [কিন্তু] পতি পত্নীর প্রতি যেরূপ [স্নেহপরায়ণ] হয়, পুত্র মাতার প্রতি সেরূপ [স্নেহপরায়ণ] হয় না॥ ২৫॥

আর, মনস্বিনী জীবিতা কোন্ রমণী বৈধব্যমলে দূষিত হইয়া পুত্রহস্ত হইতে পিণ্ড (গ্রাস, অন্ন) ভোজন করিতে উৎসাহবতী হইবে॥ ২৬॥

[অতএব] আমি পুত্রের আশ্রয় পরিত্যাগ পূর্ব্বক জীবন ত্যাগ করিব' আমার প্রাণ পরিত্যাগ এবং তদ্দ্বারা [তোমার] সহগমন [ই] মঙ্গল॥ ২৭॥

১। ক '-রং সততং সুতাঃ'। ২। অতঃপরং ঙ-পুস্তকে 'ঈহন্তে ন চ পুত্রার্থং ভর্ত্তৃরর্থং যথা স্ত্রিয়ঃ'। ইত্যধিকম্। ৩। ঙ 'যথা'। ৪। গ '-র্থঞ্চ যথা'। ৫। ছ 'বা'। ৬। ছ-ঢ '-স্তাচ্চ'। ৭। ঙ '-দূষিতম্'। ৮। গ 'এবং দোষং বিমৃষ্যাহং বিরক্তা সুতসংশ্রয়াৎ'। ৯। ঙ 'বিমুক্তং সুত-'। ১০। গ '-গো ভর্ত্রা'।

এষ[১] মে[২] রোচতে মার্গস্ত্যক্ত্বা[৩] জীবিতমপ্রিয়ম্[৪,৫]।
ভর্ত্তারমনুগচ্ছেয়ং প্রয়ান্তং[৬] স্বর্গমক্ষয়ম্[৭] ॥ ২৮ ॥
এবং তু রুদতী তারা বাষ্পগদ্গদভাষিণী।
শরীরাদ্ভূষণং সর্ব্বমাত্মনঃ সাবতারয়ৎ[৮] ॥ ২৯ ॥
সা বিভূষণহীনাঙ্গী[৯] চন্দ্রহীনেব শর্ব্বরী।
অশ্রুসংরুদ্ধনয়না সোপরাগেব রোহিণী ॥ ৩০ ॥

২৯। লো-টী। অবতারয়ৎ।

৩০। লো-টী। উপরাগঃ পরীবাদঃ রাহুযুক্তেন্দুর্ব্বা, তৎসহিতা। 'উপরাগঃ পরীবাদে রাহুযুক্তেন্দুসূর্য্যয়োরি'তি ভূরিঃ।

২৮। টিপ্পনী। এষ মার্গঃ পন্থাঃ পত্যা সহ মরণরূপঃ মে মহ্যং রোচতে। "রুচ্যর্থানাং প্রীয়মাণঃ" ইতি চতুর্থী। অতোঽহং স্বর্গং গচ্ছন্তং স্বামিনম্ অনুগচ্ছেয়মিতি।

২৯। টিপ্পনী। অবতারয়ৎ, 'অবাতারয়ৎ' ইতি সাধু।

৩০। টিপ্পনী। তারা অলঙ্কারশূন্যাবয়বা সতী চন্দ্রহীনা শর্ব্বরী রাত্রিরিব, তথা অশ্রুসংরুদ্ধনয়না সতী সোপরাগা রাহুগ্রস্ত-চন্দ্রযুক্তা রোহিণীব প্রতিভাতি স্ম।

এই পথ [ই] আমার রুচিকর। আমি অপ্রিয় জীবন পরিত্যাগ করিয়া অক্ষয় স্বর্গে প্রয়াণকারী [প্রিয়] ভর্ত্তার অনুগমন করিব ॥ ২৮ ॥

বাষ্পগদগদভাষিণী সেই তারা এইরূপে রোদন করিতে করিতে নিজ দেহ হইতে সকল অলঙ্কার উন্মোচন করিল ॥ ২৯ ॥

তারা অলঙ্কারশূন্যাবয়বা হইয়া চন্দ্রহীনা শর্ব্বরীর ন্যায় এবং অশ্রুসংরুদ্ধনয়না হইয়া রাহুগ্রস্ত-চন্দ্রযুক্তা রোহিণীর ন্যায় হইল ॥ ৩০ ॥

১। ঙ 'এব'। ২। চ 'এবোচিতো নার্য্যাস্ত্যক্ত্বাহং'। ৩। ঙ-ছ 'নার্য্যা-', ণ 'কার্য্য-'। ৪। ঙ-ছ 'ত্যক্ত্বাহং'। ৫। ঙ-ছ চ '-তং প্রিয়ম্'। ৬। ণ '-ন্তং শুদ্ধমক্ষমম্'। ৭। চ 'মার্গ-'। ৮। ঙ-ছ '-মত্যজৎ সা বরাঙ্গনা', চ '-মত্যজৎ সা বরাননী', ণ '-মত্যজৎ সাবতারয়ৎ'। ৯। ঙ 'ভূষণ-বিহীনাঙ্গী'।

ক্রোশন্তী হার্য্যপুত্রেতি ভর্ত্তু[১]র্বৈধব্যকর্ষিতা।
পপাত সহসা ভূমৌ দিব্যোল্কেব নভশ্চ্যুতা ॥ ৩১ ॥
সা বিবর্ণমুখী দীনা বেপমানা মহীতলে।
পাংশুরূষিতসর্ব্বাঙ্গী রুদতী পর্য্যচেষ্টত[২] ॥ ৩২ ॥
প্রেষয়ন্তী[৩] ততশ্চক্ষুঃ সুগ্রীবং সা দদর্শ চ[৪]।
কনিষ্ঠং[৫] ভ্রাতরং ভর্ত্তুস্তারা দীনমবস্থিতম্ ॥ ৩৩ ॥
সা সমাভাষ্য তং ক্রোধাদ্[৬]দুঃখাদাগতসংভ্রমা।
উবাচ বাক্যং বাক্যজ্ঞা সংরব্ধা[৭] মধুরাক্ষরম্[৮] ॥ ৩৪ ॥
সাধু মামপি সুগ্রীব পরিত্যাজয় জীবিতম্।
ধিঙ্মে সৎ[৯]পতিহীনায়াঃ কৃপণং[১০] জীবিতং স্ত্রিয়াঃ ॥ ৩৫ ॥

৩৪। টিপ্পনী। আগতসংভ্রমা আগতঃ সংভ্রমঃ আবেগো যস্যাঃ সা অস্থিরেত্যর্থঃ।
৩৫। টিপ্পনী। কৃপণম্ দীনং শোচনীয়মিত্যর্থঃ।

বৈধব্য-পীড়িতা তারা ভর্ত্তার উদ্দেশে 'হা আর্য্যপুত্র' ইহা বলিয়া রোদন করিতে করিতে আকাশচ্যুত দিব্য উল্কার ন্যায় সহসা ভূমিতলে পতিতা হইল ॥ ৩১ ॥

বিবর্ণমুখী দীনা কম্পমানা ধূলিধূসরিতাঙ্গী তারা রোদন করিতে করিতে মহীতলে লুণ্ঠিতা হইতে লাগিল ॥ ৩২ ॥

সেই তারা নেত্রপাত করিয়া স্বামীর কনিষ্ঠ ভ্রাতা দীন সুগ্রীবকে অবস্থিত দর্শন করিল ॥ ৩৩ ॥

ক্রোধে ও দুঃখে আবেগবতী (অর্থাৎ অস্থিরা) বাক্যাভিজ্ঞা ক্রুদ্ধা তারা সুগ্রীবকে আহ্বান করিয়া মধুরাক্ষরবিশিষ্ট [এই] বাক্য বলিল— ॥ ৩৪ ॥

সুগ্রীব, উত্তম [করিয়াছ], আমাকেও বিনাশ কর। সৎপতিহীনা রমণীর শোচনীয় জীবনে আমার ধিক্কার [উপস্থিত হইয়াছে] ॥ ৩৫ ॥

১। ক-ঘ-চ-ণ 'ভর্ত্তুর্বৈ-'। ২। ঙ 'পর্য্যদেবত', ণ 'পর্য্যচেষ্টয়ৎ'। ৩। ক-ঘ ঙ 'প্রেরয়ন্তী', ণ 'চারয়ন্তী'। ৪। ণ 'হ'। ৫। ছ '-ষ্ঠভ্রা-'। ৬। ক-চ 'সক্রো-', ঘ-ণ 'সংক্রো-'। ৭। ছ 'রুমধুরাক্ষরা', ছ-টি '-রূপরুষাক্ষরা'। ৮। ঘ-ঙ 'পরুষা'। ৯। চ 'যৎ-'। ১০। ঙ-ছ-চ '-য়া জীবিতং কৃপণং'।

হতৈবাহং ত্বয়া পূর্ব্বং নিহতা দয়িতং মম।
পরং[1] হি মরণং স্ত্রীণাং লোকে পতিবধেন[2] তু ॥ ৩৬ ॥
এবমুক্তস্তু সুগ্রীবো বচনং তারয়া তদা।
বসুধাসক্তনয়নো নোত্তরং প্রত্যপদ্যত ॥ ৩৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারাবিলাপো নাম
উনবিংশতিতমঃ সর্গঃ ॥ ১৯ ॥

৩৭। টিপ্পনী। বসুধাসক্তনয়নঃ বসুধায়াং ভূম্যাং সক্তে লগ্নে নয়নে যস্য সঃ ভূমিসংলগ্ন-দৃষ্টিরধোমুখ ইত্যর্থঃ, ন উত্তরং প্রত্যপদ্যত নিরুত্তরো বভূব।

আমার স্বামীকে বধ করিয়া পূর্ব্বেই তুমি আমাকে নিহত করিয়াছ; যে হেতু, জগতে পতিবধদ্বারা[-ই] স্ত্রীলোকের প্রধান (প্রকৃত) মরণ হইয়া থাকে ॥ ৩৬ ॥

তৎকালে তারাকর্ত্তৃক এইরূপ বাক্য উক্ত হইয়া ভূমিসংলগ্ন-দৃষ্টি সুগ্রীব [কোন] উত্তর প্রদান করিলেন না ॥ ৩৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারাবিলাপ-নামক
উনবিংশ সর্গ সমাপ্ত ॥ ১৯ ॥

১। ঘ-ঙ-ছ-ট 'বরং'। ২। ঙ-ছ '-বধে ন তু'।

বিংশঃ সর্গঃ

তাং তথা পরিতপ্যন্তীং তারাং শোকসমাকুলাম্[১]।
বানর্য্যো বিবিধৈর্ব্বাক্যৈর্হেতুমদ্ভির্ন্যদর্শয়ন্[২] ॥ ১ ॥
তাসাং বচনমাজ্ঞায় মর্ত্তব্যে[৩] কৃতনিশ্চয়া।
ভূয়ো রোষসমাক্রান্তা বিলাপমুপচক্রমে[৪] ॥ ২ ॥
অঙ্গদপ্রতি[৫]রূপাণাং পুত্রাণাং শতমেকতঃ।
মৃতস্যাপি[৬] চ[৭] মে ভর্ত্তুঃ সঙ্গ[৮] এব[৯] বিশিষ্যতে ॥ ৩ ॥

১। লো-টী। ন্যদর্শয়ন্ পুত্রস্তে বর্ত্ততে শোকং মা কুর্ব্বিতি প্রাবোধয়ন্। 'ন্যবেদয়ন্নি'তি ক্বচিৎ পাঠঃ।

২। লো-টী। আজ্ঞায় শ্রুত্বাপি। 'বিলাপমি'তি পাঠে কর্ত্তুম্।

৩। লো-টী। একতঃ একস্মিন্ পুত্রাণাং শতম্, অন্যত্র ভর্ত্তুঃ সঙ্গঃ, তয়োর্ম্মধ্যে ভর্ত্তুঃ সঙ্গ এব বিশিষ্যতে প্রশস্যতে ইত্যর্থঃ। 'ন মে ভর্ত্তুরি'তি পাঠে একত একং শ্রেষ্ঠমপি পুত্রাণাং শতং ভর্ত্তুঃ সঙ্গো ন বিশিষ্যতে ন সদৃশীক্রিয়তে।

১। টিপ্পনী। হেতুমদ্ভিঃ যুক্তিমদ্ভিঃ।

৩। টিপ্পনী। পুত্রশতক-ভর্ত্তৃসঙ্গয়োর্মধ্যে মে ভর্ত্তুঃ সঙ্গ এব বিশিষ্যতে বিশিষ্টো ভবতি।

তথাবিধ পরিতাপকারিণী শোকসমাকুলা সেই তারাকে বানরীগণ যুক্তিযুক্ত বিবিধ বাক্যদ্বারা প্রবোধ দিতে লাগিল ॥ ১ ॥

তাহাদের বাক্য শ্রবণ করিয়া ক্রোধাভিভূতা তারা মরণের আবশ্যকতায় কৃতনিশ্চয় হইয়া পুনর্ব্বার বিলাপ [করিতে] আরম্ভ করিল ॥ ২ ॥

অঙ্গদতুল্য শত পুত্র এক দিকে, স্বামীর সঙ্গ এক দিকে, ইহাদের মধ্যে মৃত হইলেও স্বামীর সঙ্গই আমার নিকট বিশিষ্ট ॥ ৩ ॥

১। ঙ '-সমন্বিতাম্'। ২। ঙ '-ন্যবেদয়ৎ', ছ '-র্ব্বি-', ট '-ন্যবোধয়ন্'। ৩। ণ '-র্ত্তব্যকৃত-'। ৪। ক-ঙ-ণ '-লপ্সুমু-'। ৫। ঙ '-দং প্র-'। ৬ ঙ 'তস্যাপি হি'। ৭। ছ 'হি'। ৮। ঘ-ঙ-ট ছ 'স্পর্শ-', ণ 'স্পর্শ এষ'। ৯। ট 'একো'।

মিতং দদাতি হি পিতা মিতং ভ্রাতা মিতং সুতঃ।
অমিতস্য হি[১] দাতারং ভর্ত্তারং কা ন পূজয়েৎ ॥ ৪ ॥
পার্থিবেন[২] প্রিয়েণাহং[৩] মুহূর্ত্তমপি বর্জ্জিতা[৪]।
কথং প্রাণৈঃ পরিত্যক্তং[৫] ন ত্যক্ষ্যামি[৬] কলেবরম্ ॥ ৫ ॥
অবশ্যং মরণং চাত্র ন জানে কালমাত্মনঃ।
ভর্ত্তৃযুক্তং হি[৭] বিধিবচ্ শ্লাঘনীয়তরং মম[৮] ॥ ৬ ॥
রাজর্ষিকুলজাতস্য বনে বন্যেন জীবতঃ[৯]।
অনুরূপো[১০] ন তে রাম নির্ব্বৈরং[১১] বালিনো বধঃ[১২] ॥ ৭ ॥

৫। লো-টী। পার্থিবেন রাজ্ঞা বালিনা পরিত্যক্তং পরিত্যক্তব্যম্।
৬। লো-টী। অত্র সংসারে কালং মৃত্যুকালম্। তচ্চেন্মরণং ভর্ত্তৃযুক্তং ভর্ত্তৃসহিতম্।
৭। লো-টী। নির্ব্বৈরং যথা ভবতি তথা বধোঽনুরূপো ন ভবতি। 'অনুরূপং' 'বধ'মিতি পাঠে নির্ব্বৈরং বধং তে ত্বব ন অনুরূপং বদিষ্যন্তীতি শেষঃ।

৪। টিপ্পনী। পিতা ভ্রাতা পুত্রঃ সর্ব্ব এব মিতং পরিমিতং দদাতি ; কেবলং পতিরেব পত্ন্যৈ অমিতমপরিমিতং দদাতি।
৫। টিপ্পনী। পতিরেব মে প্রাণাঃ, অতঃ পতিবর্জিতা অহং কথং শরীরং ধারয়িষ্যামি।
৬। টিপ্পনী। কালম্ মৃত্যোঃ কালম্। বিধিবৎ শাস্ত্রদৃষ্ট্যা ইত্যর্থঃ।

পিতা, ভ্রাতা এবং পুত্র পরিমিত প্রদান করে। অপরিমিত দাতা স্বামীকে কোন্ স্ত্রী না পূজা করিবে ॥ ৪ ॥

রাজ্যেশ্বর স্বামিকর্তৃক মুহূর্ত্তমাত্র পরিত্যক্ত হইয়া[-ও] আমি কিরূপে প্রাণ-পরিত্যক্ত দেহ পরিত্যাগ না করিয়া পারিব ? ॥ ৫ ॥

সংসারে মরণ অবশ্যম্ভাবী, [কিন্তু] নিজ [মৃত্যু-]কাল জানি না। [এমত অবস্থায়] স্বামীর সহিত যথাবিধানে মৃত্যু আমার শ্লাঘ্যতর [মনে হয়] ॥ ৬ ॥

হে রাম, রাজর্ষিবংশসম্ভূত, বনে [ফল মূলাদি] বন্য বস্তুদ্বারা জীবন ধারণকারী তোমার শত্রুতা [অথবা বীরত্ব]-বিরহিত বালি-বধ অনুরূপ নহে ॥ ৭ ॥

১। ণ 'প্রদাতারং'। ২। ঙ '-ণাপি'। ৩। ঘ '-র্ত্তং পরিবর্জ্জিতা'। ৪। ছ 'জীবিতা'। ৫। ঘ '-ত্যক্তুং'। ৬। ঙ 'নৈবাত্যক্ষ্যং', ছ-ট 'নৈব ত্যক্ষ্যে'। ৭। ঘ-ট-ণ 'তু', ছ 'চ'। ৮। ট 'মহৎ'। ৯। ঙ 'জীবিতঃ'। ১০। ঘ-ছ-ট-ণ '-পং'। ১১। ঘ-ঙ '-রো'। ১২। ণ 'বধে'।

প্রহরন্তি মহাত্মানো[১] ন নারীষু ন বানরে।
বালিনো[২] মন্দভাগ্যত্বাৎ সর্ব্বং রামেণ[৩] বিস্মৃতম্ ॥ ৮ ॥
নাত্যর্থং পরিতপ্যেঽহং হতো[৪] যদি ভবেৎ সমম্।
ইমং ব্যাজ-হতং দৃষ্ট্বা মনো মে পরিতপ্যতে ॥ ৯ ॥
অস্থানে বালিনং হত্বা রাম[৫] কিং ত্বং ন তপ্যসে।
পলাশপ্রেপ্সুনা ভগ্নং ত্বয়া[৬] চূতবনং মহৎ[৭] ॥ ১০ ॥
যদি বানরসাধ্যং[৮] ত্বং মন্যসে কার্য্যমাত্মনঃ।
জ্ঞাতীনাং প্রবরঃ কস্মান্ন বালী বিনিয়োজিতঃ ॥ ১১ ॥

৮। লো-টী। রামস্ত রামেণ।

৯। লো-টী। সমম্ অকপটম্। ব্যাজহতম্ কপটহতম্।

১০। লো-টী। স্থানং তব অস্ত চ যুদ্ধস্থানং, তদতিরিক্তস্থানে। পলাশপ্রেপ্সুনা পত্রেপ্সুনা। চূতবনম্ আম্রবণম্।

৮। টিপ্পনী। নারীণাং বানরাণাঞ্চ প্রহারঃ শিষ্টাচারবিরুদ্ধ ইত্যদ্যাপি লোকে স্মর্য্যতে।

মহাত্মাগণ নারীকে এবং বানরকে প্রহার করেন না। বালীর দুর্ভাগ্যবশতঃ রাম সকল[-ই] বিস্মৃত হইয়াছেন ॥ ৮ ॥

বালী যদি সাধুভাবে (অর্থাৎ অকপটে) [রামকর্ত্তৃক] নিহত হইতেন তাহা হইলে আমি বিশেষ পরিতাপ করিতাম না ; [কিন্তু] ইহাকে [রামকর্ত্তৃক] ছলপূর্ব্বক নিহত হইতে দেখিয়া আমার মন পরিতপ্ত হইতেছে ॥ ৯ ॥

হে রাম, অস্থানে বালীকে বধ করিয়া কেন তুমি পরিতপ্ত হইতেছ না ? পত্র পাইবার জন্য তুমি বিশাল আম্র বন ভগ্ন করিয়াছ ॥ ১০ ॥

যদি তুমি [তোমার] নিজ কার্য্য বানর-নিষ্পাদ্য মনে কর তবে সগোত্র [বানর]-গণের প্রধান বালীকে কেন নিয়োজিত কর নাই ॥ ১১ ॥

১। ঢ 'ন নারীষু মহাত্মানো'। ২। ণ 'বলিনো'। ৩। ঘ-ঢ ণ 'রামস্ত'। ৪। ঢ 'যুদ্ধে যদি হতো ভবেৎ', ণ 'ততো যুধ্যন্ ভবেদ্ যদি'। ৫। ঘ 'কিন্নু তপ্যসি রাঘব', ঙ 'কিন্নু পশ্যসি রাঘব', ছ-ঢ 'কিন্ন তপ্যসি রাঘব', ণ 'কিমু তপ্যসি রাঘব'। ৬। ণ 'ময়া'। ৭। অতঃপরং ণ-পুস্তকে 'ফলকালে নিরাশঃ স্যাত্তথা রাম ত্বয়া কৃতম্'। ইত্যধিকম্। ৮। ক-ঢ '-সাধ্যত্বং'।

সেন্দ্রৈরপি সুরৈঃ সীতা যদি বা সহিতৈর্হৃতা।
গতঃ সহায়তাং বালী ন চিরাদানয়েৎ[1] স তাম্ ॥ ১২ ॥
বাহুভ্যাং যেন সুগ্রীবঃ সসুহৃন্[2]নৈকশো জিতঃ।
সোঽদ্য ত্বয়া রণে রাম জীবিতং ত্যাজিতঃ কথম্ ॥ ১৩ ॥
ত্বাং তু শপ্তুং সমর্থাস্মি পতিব্রত[3]গুণাশ্রয়াৎ।
[4]বৈধব্যেনাভিভূতা[5]য়া ন তাবচ্ছাপমর্হসি ॥ ১৪ ॥
অচিরেণ তু[6] কালেন ত্বয়া বাণৈরুপার্জ্জিতা।
ন[7] সীতা মম শাপেন চিরং ত্বয়ি ভ[8]বিষ্যতি ॥ ১৫ ॥

১২। লো-টী। *তে তব, সা সীতা, হি পূরণে। স বালী, তাং সীতাম্।

১৩। লো-টী। সসুহৃৎ সুহৃৎসহিতঃ। 'স মুহ্যন্নি'তি পাঠে স সুগ্রীবঃ মুহ্যন্ মোহং প্রাপ্নোতীত্যর্থঃ।

১৪। লো-টী। বৈদেহ্যাস্ত্বভিভূতায়া হেতোঃ শাপং প্রাপ্তুম্।

১৫। লো-টী। ত্বয়ি ভবিষ্যতি স্থাস্যতি। ক্বচিৎ 'নিবৎস্যতী'তি পাঠঃ।

১৪। টিপ্পনী। যদ্যপ্যহং ত্বামভিশপ্তুং শক্তা তথাপি বৈধব্যপীড়িতাহং সীতায়া বৈধব্যফলকং তব মৃত্যুশাপং দাতুং নোৎসহে ইতি ভাবঃ।

ইন্দ্রসমন্বিত দেবগণ মিলিত হইয়াও যদি সীতাকে হরণ করিতেন [তোমার] সহায় হইয়া বালী অচিরে তাহাকে আনয়ন করিতেন ॥ ১২ ॥

যিনি বাহুদ্বয়দ্বারা সুহৃদ্গণসমন্বিত সুগ্রীবকে অনেকবার জয় করিয়াছেন; হে রাম, অদ্য কেন তুমি তাঁহাকে জীবন ত্যাগ করাইলে ॥ ১৩ ॥

পাতিব্রত্যগুণবত্তাবশতঃ আমি তোমাকে শাপ প্রদান করিতে সমর্থা; [কিন্তু] বৈধব্যাভিভূতা আমার নিকটে তুমি [মৃত্যুজনক] অভিশাপ পাইতে পার না (অর্থাৎ বৈধব্যপীড়িতা আমি সীতার বৈধব্যফলক তোমার মৃত্যুশাপ দিতে পারি না) ॥ ১৪ ॥

অচির কালেই তোমাকর্ত্তৃক বাণদ্বারা উপার্জ্জিতা সীতা আমার শাপে বেশী-দিন তোমার নিকট থাকিবেন না ॥ ১৫ ॥

১। ঙ '-য়েত তাম্', ঘ-ঢ '-য়েচ্চ তাম্', ছ 'যেত সঃ'। ২। ক-ঢ 'সুহৃৎসং নৈ-'। ৩। ক '-সমা-'। ৪। ক 'বৈদেহ্যাস্ত্বভি-', ঘ 'বৈদেহ্যাস্ত্বভিভূতায়াং'। ৫। ণ '-তায়াং'। ৬। ছ 'চ', ঢ '-নৈব'। ৭। ছ 'সা'। ৮। ঘ-ণ 'নিবৎস্যতি', ঙ-ছ-ঢ 'ন বৎস্যতি'। * লোকনাথমতে 'সা হি তে হৃতা' ইতি পাঠো ভাতি।

আত্মনঃ শৌচমাধার্য্য[১] পতিব্রতগুণা সতী।
যাচ্যমানা ত্বয়া সীতা পুনর্যাস্যতি ভূতলম্ ॥ ১৬ ॥
এবমুক্ত্বা ততস্তারা তদা রামাশ্রিতং বচঃ।
সন্নিকর্ষে স্থিতং পুত্রমিদং বচনমব্রবীৎ ॥ ১৭ ॥
মিত্রাণ্যেব[২] হি রক্ষন্তি[৩] মিত্রবান্ নাবসীদতি।
মিত্রাদুৎপাদিতং বৈরমপি[৪] মূলং[৫] নিকৃন্ততি ॥ ১৮ ॥
অশ্রুধারাবিলমুখী[৬] সাথ তারা তপস্বিনী।
ক্রোশন্তী ন্যপতদ্ ভূমৌ পতিশোকেন বিহ্বলা ॥ ১৯ ॥
ততো মোহগতস্যাঙ্কে শীর্ষমারোপ্য বালিনঃ।
মুমোচ সহসা বাষ্পং শোকেন মহতা বৃতা ॥ ২০ ॥

১৬। লো-টী। শৌচং শুদ্ধতাম্ আধার্য্য অবধার্য্য স্বয়মেব ত্বয়া। 'আত্মনঃ শৌচমাধায়ে'তি পাঠে আত্মনঃ স্বস্য। আধায় বৃত্বা জ্ঞাত্বেত্যর্থঃ। তথাপি।

১৬। টিপ্পনী। পুনরিতি, ভূগর্ভাদুত্থিতা সীতা পুনর্ভূতলং যাস্যতীতি ভাবঃ।
১৮। টিপ্পনী। মিত্রমূলকং বৈরং মিত্রমপি ভিনত্তীতি ভাবঃ।

পাতিব্রত্যগুণবিশিষ্টা সতী সীতা [লোকসমক্ষে] নিজ শুদ্ধতা নির্দ্ধারিত করিয়া তোমাদ্বারা প্রার্থিত হইয়াও পুনরায় রসাতলে প্রবেশ করিবেন ॥ ১৬ ॥

তারা তখন রামসম্বন্ধে এই কথা বলিয়া পরে সমীপস্থ পুত্রকে এই বাক্য বলিল— ॥ ১৭ ॥

মিত্রগণই রক্ষা করিয়া থাকেন, মিত্রবান্ ব্যক্তি অবসাদগ্রস্ত হন না; মিত্র হইতে উৎপাদিত বৈর মূলপর্য্যন্ত বিনাশ করিয়া থাকে ॥ ১৮ ॥

পতিশোকবিহ্বলা, অশ্রুধারায় কলুষিতমুখী তপস্বিনী সেই তারা অতঃপর চীৎকার করিতে করিতে ভূমিতলে পতিত হইল ॥ ১৯ ॥

অতঃপর মুর্চ্ছাগত বালীর মস্তক সহসা [নিজ] অঙ্কে স্থাপন করিয়া মহাশোকপরিব্যাপ্তা তারা বাষ্প (অশ্রু) বিসর্জ্জন করিতে লাগিল ॥ ২০ ॥

১। ঘ-ঢ-ণ '-মাধায়', ঙ-ছ '-মাদায়'। ২। ছ '-ণ্যেবাভিন্ন-'। ৩। ণ 'রক্ষেত'। ৪। ণ '-রং মূলাদপি নিকৃ-'। ৫। ঘ 'মূলানি'। ৬। ঢ '-রালম্বমুখী'।

তস্যা রুদিতশব্দেন বালী মোহং[১] গতোঽপি সন্।
শনৈরুন্মীলয়ামাস নয়নে হরিপিঙ্গলে[২] ॥২১॥

ইত্যার্ষে রামায়ণে বাল্মীকীয়ে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারানুশোচনং নাম
বিংশতিতমঃ সর্গঃ ॥ ২০ ॥

২১। টিপ্পনী। হরিপিঙ্গলে কৃষ্ণপিঙ্গলমিশ্রবর্ণে। আসন্নমৃত্যুত্বাদ্ বিকৃতবর্ণে ইতি ভাবঃ।

মূর্চ্ছাপ্রাপ্ত হইয়াও বালী তারার রোদনশব্দে ধীরে ধীরে হরিপিঙ্গলবর্ণ (হরিদ্‌বর্ণ ও পিঙ্গলবর্ণবিশিষ্ট) নেত্রদ্বয় উন্মীলিত করিল ॥ ২১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারার অনুশোচনা-নামক
বিংশ সর্গ সমাপ্ত ॥ ২০ ॥

১। ছ '-হা-'। ২। ঘ 'পিঙ্গলে হরিঃ'।

(২১) একবিংশতিতমঃ সর্গঃ

বীক্ষমাণস্তু[১] মন্দাক্ষঃ[২] সর্ব্বতো মন্দমুচ্ছ্বসন্।
বালী সুগ্রীবমভিতো দদর্শানুজমাত্মনঃ ॥ ১ ॥

তং[৩] প্রাপ্তবিজয়ং বালী সুগ্রীবং প্লবগেশ্বরম্[৪]।
আভাষ্য[৫] ব্যক্তয়া বাচা সস্নেহমিদমব্রবীৎ ॥ ২ ॥

ন মাং[৬] দোষেণ সুগ্রীব গন্তুমর্হস্যকিল্বিষম্[৭]।
ভাবিনা বুদ্ধিমোহেন কৃষ্যমাণং[৮] প্লবঙ্গম[৯] ॥ ৩ ॥

যুগপদ্[১০] বিহিতং নূনং ন মন্যে সুখমাবয়োঃ।
সৌদর্য্যং[১১] ভ্রাতৃযুক্তং হি বিহিতন্তু[১২] ততোঽন্যথা ॥ ৪ ॥

১। লো-টী। মন্দম্ অল্পম্। অভিতঃ সম্মুখে বর্ত্তমানম্।

২। লো-টী। সস্নেহং সস্নিগ্ধম্।

৩। লো-টী। অকিল্বিষং নিরপরাধম্। ভাবিনা তব মম বা ভবিতব্যেন যো মম বুদ্ধিমোহস্ত্বয়ি দ্বেষ্যবুদ্ধিস্তেন কৃষ্যমাণম্।

৪। লো-টী। কিঞ্চ, যুগপদিতি। অতো দোষেণ গন্তুং নার্হসীত্যর্থঃ। সুখং রাজ্যসুখম্। কিঞ্চ, ভ্রাতৃযুক্তং ভ্রাতুরুচিতং যদ্ বিহিতং চেষ্টিতং তদেব সৌদর্য্যং সোদরস্য কর্ম্ম, ততস্তত্তু অন্যথা নষ্টমিত্যর্থঃ। 'বিহিতং ন ততোঽন্যথা' ইতি পাঠঃ সার্ব্বজ্ঞঃ। নান্যথা ততশ্চেষ্টিতান্নান্যদিত্যর্থঃ।

৩। টিপ্পনী। দোষেণ দোষবত্ত্বেন গন্তুং জ্ঞাতুং নিশ্চেতুমিত্যর্থঃ।

শিথিলেন্দ্রিয় বালী অল্প [অল্প] শ্বাস ত্যাগ করিতে করিতে চতুর্দ্দিকে দর্শন করত নিজ কনিষ্ঠ ভ্রাতা সুগ্রীবকে সম্মুখে দেখিতে পাইলেন ॥ ১ ॥

বালী লব্ধবিজয় বানরেশ্বর সেই সুগ্রীবকে সম্ভাষণ করিয়া পরিস্ফুট বাক্যে ইহা বলিলেন—॥ ২ ॥

হে বানর সুগ্রীব, অদৃষ্টবশে মূঢ়বুদ্ধিদ্বারা কৃষ্যমাণ (অর্থাৎ অপথে চালিত) [বস্তুতঃ] নিরপরাধ আমাকে দোষী জ্ঞান করিও না ॥ ৩ ॥

মনে হয়, নিশ্চয় বিধাতা এককালে আমাদের উভয়ের [রাজ্য-] সুখ বিধান করেন নাই এবং ভ্রাতৃদ্বয়ের উচিত সৌদর্য্যসুখও বিধান করেন নাই। পরন্তু তিনি অন্যরূপ (অর্থাৎ আমাদের পরস্পর বৈর) বিধান করিয়াছেন ॥ ৪ ॥

১। ঙ '-মাণস্তু', ণ '-মাণোঽথ'। ২। ঙ-ছ-ঢ 'মন্দাসুঃ'। ৩। খ 'সংপ্রাপ্ত-'। ৪। চ '-শ্বরঃ'। ৫। ঘ '-ষ্যাব্যক্ত-'। ৬। ঢ 'মে সুগ্রীবদোষেণ'। ৭। ছ ণ '-সি কি-'। ৮। ণ 'ক্লিশ্যমানং'। ৯। ঘ '-মম্'। ১০। ঙ '-ন্নিহতং'। ১১। ক 'সৌন্দর্য্যং', ঙ-ছ-ণ 'সোদর্য্যং'। ১২। ঙ 'বিদিতং ন', ঢ 'নিহিতং ন ততো', ণ 'তদিদং গতমন্যথা'।

প্রতিপদ্যস্ব চাদ্যৈব রাজ্যমেষাং বনৌকসাম্‌ ।
মামপ্যদ্যৈব গচ্ছন্তং[১] বিদ্ধি বৈবস্বতক্ষয়ম্‌ ॥ ৫ ॥
শরো হি মে শরীরস্থো বহু মর্ম্ম[২] নিকৃন্ততি ।
সুতীক্ষ্ণঃ[৩] সূক্ষ্মকর্ম্মা বৈ জীবিতং ভ্রংশয়[৪]ত্যতঃ[৫] ॥ ৬ ॥
জীবিতঞ্চ[৬] হি রাজ্যঞ্চ শ্রিয়ঞ্চ বিপুলামিমাম্‌ ।
বিজহাম্যেষ[৭] বৈ তূর্ণং মহচ্চাভ্যুদ্‌গতং[৮] যশঃ ॥ ৭ ॥
অস্যামহমবস্থায়াং বীর বক্ষ্যামি[৯] যদ্বচঃ[১০] ।
যদ্যপ্যসুকরং তন্মে[১১] কর্ত্তুমেবং[১২] ত্বমর্হসি ॥ ৮ ॥
সুখাহং সুখসংবৃদ্ধং[১৩] বালমেতমবালিশম্‌ ।
বাষ্পপূর্ণমুখং পশ্য ভূমৌ পতিতমঙ্গদম্‌ ॥ ৯ ॥

৬। লো-টী। সূক্ষ্মম্‌ অল্পং কর্ম্ম মম প্রাণহরণং যস্য সঃ। অতঃ শরীরাৎ।
৭। লো-টী। অত্যাচ্ছ্রিতম্‌ অতিবর্দ্ধিতম্‌।
৮। লো-টী। যদি যদ্যপি। যদ্য[পি] দুষ্করং তথাপি মে মম তদেবং বচঃ। 'যদ্যপ্যসুকরং ত্বং মে এতদর্হসি' পাঠে সাম্প্রতং কর্ত্তুমর্হসীত্যর্থঃ।

৫। টিপ্পনী। বৈবস্বতঃ যমঃ তস্য ক্ষয়ঃ আলয়স্তং যমালয়মিত্যর্থঃ।
৯। টিপ্পনী। বয়সা বালমপ্যবালিশং বালবুদ্ধিরহিতমঙ্গদং প্রতি দৃষ্টিং পাতয়েত্যর্থঃ।

তুমি অদ্যই এই বনচরদিগের (বানর প্রভৃতির) রাজ্য গ্রহণ কর ; আমাকেও অদ্যই যমালয়ে গমনকারী [বলিয়া] অবগত হও ॥ ৫ ॥

আমার শরীরপ্রবিষ্ট, সুতীক্ষ্ণ সূক্ষ্মকর্ম্মা (অল্পচ্ছিদ্রকারী) [রাম-] বাণ অতিশয় মর্ম্মচ্ছেদন করিতেছে এবং শরীর হইতে জীবন বিচ্যুত করিতেছে ॥ ৬ ॥

এই আমি শীঘ্রই জীবন, রাজ্য, এই বিপুল ঐশ্বর্য্য ও অতিবর্দ্ধিত মহৎ যশঃ পরিত্যাগ করিতেছি ॥ ৭ ॥

হে বীর, এই [চরম] অবস্থায় আমি যে বাক্য বলিব, তাহা করা যদি কঠিনও হয়, তথাপি তোমার করা উচিত ॥ ৮ ॥

সুখযোগ্য [এবং] সুখে সংবর্দ্ধিত, বালক [হইলেও] বালোচিত বুদ্ধিরহিত, ভূতলে পতিত, অশ্রুপূর্ণমুখ এই অঙ্গদের প্রতি দৃষ্টিপাত কর ॥ ৯ ॥

১। ঙ 'ময়াদ্যৈব হি গন্তব্যং'। ২। ছ 'মর্ম্মাণি কৃন্ততি'। ৩। গ 'অভাগ্নং', ঘ 'অভীক্ষ্ণস্তীক্ষ্ণকর্ম্মা'। ৪। গ 'সংশয়-'। ৫। ছ '-ত্যুত'। ৬। ঙ '-তস্তু হি'। ৭। ঙ '-হাস্যেষ'। ৮। ঘঙ '-চ্ছ্রিতং', ছ 'খিতং', চ '-চ্চাত্যুচ্ছ্রিতং'। ৯। চ 'বিবক্ষ্যামি হি'। ১০। ঙ 'তদ্বচঃ'। ১১। চ 'ত্বং মে'। ১২। ঘ '-র্ত্তুমেব তদর্হসি', ছ '-র্ত্তুমর্হসি সাম্প্রতম্‌', চ-গ '-র্ত্তুমেব'। ১৩। চ '-সংরক্ষং'।

মম প্রাণৈঃ প্রিয়তরং পুত্রং পুত্রমিবৌরসম্‌ ।

ময়া হীনম[১]নাথং হি সর্ব্বতঃ পরিপালয় ॥ ১০ ॥

ত্ব[২]মস্যাদ্য পিতা তাত পরিত্রাতা চ ধর্ম্মতঃ ।

ভ[৩]য়েম্বভয়দশ্চৈব যথাহং প্লবগেশ্বর ॥ ১১ ॥

এষ তারাত্মজঃ শ্রীমানঙ্গদঃ কনকা[৪]ঙ্গদঃ ।

রাক্ষসানাং বধে তেষামগ্রযোধী ভবিষ্যতি ॥ ১২ ॥

অনুরূপাণি কর্ম্মাণি বিক্রম্য[৫] বলবান্‌ রণে ।

করিষ্যতি মহাবাহুস্তেজস্বী ত[৬]রুণো[৭]ঽঙ্গদঃ ॥ ১৩ ॥

সুষেণদুহিতা চেয়[৮]মর্থসূক্ষ্মবিনিশ্চয়ে ।

ঔৎপাতিকে চ বিবিধে সর্ব্বত্র পরিনিষ্ঠিতা ॥ ১৪ ॥

১০। লো-টী। ঔরসং পুত্রং শক্রমিব অহীনার্থং হীনার্থং যথা ন ভবতি তথা।
১৪। লো-টী। ইয়ং তারা অর্থসূক্ষ্মবিনিশ্চয়ে গভীবকর্ম্মনির্ণয়ে পরিনিষ্ঠিতা ভদ্রাভদ্রজ্ঞা।

১১। টিপ্পনী। অহমিব ত্বমপি অস্য অঙ্গদস্য পিত্রাদির্ভবেতি শেষঃ। শিরোঃ।
১২। টিপ্পনী। কনকাঙ্গদঃ কনকালঙ্কারস্বরূপ ইত্যর্থঃ; যদ্বা, কনককেয়ূরধারী। তেষাং ত্বদভীপ্সিতবধানাং রাক্ষসানাম্‌। বধে রামপ্রত্যুপকারপ্রাপ্তে।
১৩। টিপ্পনী। অনুরূপাণি মৎসদৃশানি। বিক্রম্য গত্বা, যদ্বা বিক্রমং প্রদর্শ্য।

আমার প্রাণ অপেক্ষা প্রিয়তর, আমাদ্বারা পরিত্যক্ত, অভিভাবক-শূন্য পুত্রকে ঔরস পুত্রের ন্যায় সর্ব্ববিষয়ে পালন করিও ॥ ১০ ॥

ভাই, বানররাজ, অদ্য আমার ন্যায় ধর্ম্মানুসারে তুমিই ইহার পিতা (পালনকর্ত্তা), পরিত্রাতা এবং ভয়ের বিষয়ে অভয় দাতা [হইলে] ॥ ১১ ॥

তিনি দেখিলেন—রমণীদ্বয় তপ্তকাঞ্চনমণ্ডিত দুইটি শ্বেত চামর তাহার উভয় পার্শ্বে ব্যজন করিতেছে ॥ ৩৮

তাহার সেই বিলাস ও [সীতান্বেষণে] ঔদাসীন্য দেখিয়া এবং রামকে অত্যন্ত কাতর জানিয়া লক্ষ্মণ দ্বিগুণ ক্রুদ্ধ হইলেন ॥ ৩৯ ॥

লক্ষ্মণ ক্রোধে রক্তচক্ষু হইলেন, মুখে ভ্রূকুটি করিলেন, তাঁহার অধর ও ওষ্ঠ

১। ঙ 'মন্দিরে'। ২। ঙ-ছ '-র্শ্বস্থিতাঞ্চাস্য ভার্য্যাং'। ৩। ঘ-ঙ-ছ 'হ'। ৪। গ 'পরামার্ত্তিঞ্চ রামস্য'। ৫। ছ 'রং রামঞ্চ'। ৬। ঘ 'কুঞ্চিতভ্রূবমুন্মুখম্', ছ 'কুর্ব্বন্তং ভ্রূবমুন্মুখীম্', গ 'কুঞ্চিতভ্রূবমুন্নসম্'। ৭। গ 'দন্তা-'। ৮। ছ '-ধরোষ্ঠ-'।

দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বাসং বিমুঞ্চন্তং মুহুর্মুহুঃ।
কুপিতং সপ্তশিরসং জ্বালারুদ্ধমিবোরগম্ ॥ ৪১ ॥

তং দৃষ্ট্বা ক্রোধরক্তাক্ষং প্রগৃহীতশরাসনম্।
সুগ্রীবঃ সহসোত্তস্থৌ কৃতাঞ্জলিপুটস্তদা ॥ ৪২ ॥

তস্য তারা রুমা চৈব দ্বে ভার্য্যে পার্শ্বতঃ স্থিতে।
কৃতাঞ্জলিপুটে চাস্তাং[১] লক্ষ্মণাভিমুখে তথা[২] ॥ ৪৩ ॥

পত্ন্যোর্মধ্যগতস্তত্র সুগ্রীবঃ স ব্যরাজত।
বিশাখয়োর্মধ্যগতঃ সম্পূর্ণ ইব চন্দ্রমাঃ ॥ ৪৪ ॥

প্রত্যুদ্‌গম্য চ সুগ্রীবো বহুমানেন লক্ষ্মণম্।
গৃহং[৩] প্রবেশয়ামাস সামাত্যঃ সপুরোহিতঃ ॥ ৪৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে লক্ষ্মণপ্রবেশো
নাম ত্রয়স্ত্রিংশঃ সর্গঃ ॥ ৩৩ ॥

৪২। লো-টী। ততস্তং দৃষ্ট্বা সহসোত্তস্থৌ

দন্তদ্বারা দষ্ট হইল; তিনি চারিদিকে নিরীক্ষণ করিতে লাগিলেন এবং জ্বালা-ব্যাপ্ত কুপিত সপ্তশীর্ষ সর্পের ন্যায় বার বার দীর্ঘ ও উষ্ণ শ্বাস ত্যাগ করিতে লাগিলেন; তিনি ক্রোধে রক্তচক্ষু হইয়া ধনুঃ গ্রহণে উদ্যত হইলে তাঁহাকে দেখিয়া সুগ্রীব সহসা তখন করযোড়ে উঠিয়া দাঁড়াইল ॥ ৪০-৪২ ॥

তাহার পার্শ্বে অবস্থিত দুই ভার্য্যা তারা এবং রুমাও লক্ষ্মণের সম্মুখে সেইরূপ কৃতাঞ্জলিপুটে অবস্থান করিল ॥ ৪৩ ॥

সেখানে দুই পত্নীর মধ্যে অবস্থিত হইয়া সেই সুগ্রীব দুই বিশাখার মধ্যগত পূর্ণচন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৪৪ ॥

মন্ত্রী ও পুরোহিতগণ সহ সুগ্রীব বহু সম্মানের সহিত লক্ষ্মণের প্রত্যুদ্‌গমন করিয়া তাঁহাকে গৃহে প্রবেশ করাইল ॥ ৪৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে লক্ষ্মণপ্রবেশ নামক
৩৩শ সর্গ সমাপ্ত ॥ ৩৩ ॥

১। ঙ-ছ 'আস্তাং'। ২। ঘ ণ 'তদা'। ৩। ণ 'গুহাং'।

(৩৪) চতুস্ত্রিংশঃ সর্গঃ

অথ তং স্বগৃহং বীরং প্রবিষ্টং [১]পুরুষর্ষভম্ ।
সুগ্রীবো লক্ষ্মণং তত্র নিষীদেত্যব্রবীদ্বচঃ ॥ ১ ॥

তং লক্ষ্মণো বিনিশ্বস্য গর্ত্তরুদ্ধ[২] ইবোরগঃ ।
[৩]ভ্রাতুর্ব্বচন[৪]সংরুদ্ধ ইদং বচনমব্রবীৎ ॥ ২ ॥

ন শক্য[৫]মকৃতার্থেন দূতেন [৬]কপিপুঙ্গব ।
প্রতিগ্রহীতুং সংকারং ভোক্তুং সংবেষ্টুমেব বা ॥ ৩ ॥

[৭]যদা দূতঃ কৃতার্থঃ স্যাদ্ভর্ত্তুরর্থবিনিশ্চয়ে ।
প্রতিগ্রাহ্য[৮]স্তদা তেন সংকারঃ স্যাৎ কপীশ্বর ॥ ৪ ॥

সোহহমার্য্যস্য রামস্য [৯]কৃত্যে তাবদ[১০]নিশ্চিতে ।
সৎকারং প্রতিগৃহ্নীয়াং কথং বানরপুঙ্গব ॥ ৫ ॥

অথ বাক্যমিদং শ্রুত্বা ভয়াদাকুলিতেন্দ্রিয়ঃ ।
প্রণম্য লক্ষ্মণং রাজা সুগ্রীব [১১]ইদমব্রবীৎ ॥ ৬ ॥

২। টিপ্পনী। ভ্রাতুর্ব্বচনসংরুদ্ধ ইতি। ভ্রাতূরামস্য বচনেন 'নেদনস্থ ত্বয়া কার্য্যং' 'সামোপহিতয়া বাচা রুক্ষাণি পরিবর্জ্জয়ন্নি'ত্যাদি প্রাগুক্তবাক্যেন সংরুদ্ধোহবরুদ্ধঃ স্ববীর্য্যপ্রদর্শনাৎ প্রতিষিদ্ধ ইত্যর্থঃ। অতএব গর্ত্তরুদ্ধসর্পসাদৃশ্যম্।

তারপর সুগ্রীব নিজের গৃহে উপস্থিত সেই পুরুষশ্রেষ্ঠ লক্ষ্মণকে "ঐখানে উপবেশন করুন" এই কথা বলিল ॥ ১ ॥

ভ্রাতা রামচন্দ্রের [পূর্ব্বোক্ত নিষেধ-] বাক্যে প্রতিরুদ্ধ লক্ষ্মণ গর্ত্তের মধ্যে রুদ্ধ সর্পের ন্যায় নিশ্বাস ছাড়িয়া সুগ্রীবকে এইরূপ বলিলেন—॥ ২ ॥

হে বানরশ্রেষ্ঠ, অকৃতকার্য্য দূত সৎকার গ্রহণ করিতে বা ভোজন করিতে অথবা উপবেশন করিতে সমর্থ হয় না ॥ ৩ ॥

হে বানররাজ, দূত যখন প্রভুর প্রয়োজন সম্পাদনে কৃতকার্য্য হয় তখনই সে সৎকার গ্রহণ করিতে সমর্থ ॥ ৪ ॥

হে বানরশ্রেষ্ঠ সুগ্রীব, সেই (দূত) আমি প্রভু রামচন্দ্রের প্রয়োজন অসম্পন্ন থাকায় কিরূপে সৎকার গ্রহণ করিতে পারি ॥ ৫ ॥

তারপর, রাজা সুগ্রীব [লক্ষ্মণের] এই কথা শুনিয়া ভয়ে কাতর হইয়া লক্ষ্মণকে প্রণাম করত এইরূপ বলিতে লাগিল ॥ ৬ ॥

১। ক-ণ 'প্লবগর্ষভঃ'। ২। ঘ-ছ '-মিব'। ৩। ঢ '-তুর্বাসন-'। ৪। ঙ '-ক্রুদ্ধ'। ৫। ঙ '-মহতা-'। ৬। ছ 'হরি-'। ৭। ছ 'যদি'। ৮। ঙ '-স্তুতস্তেন'। ৯। ঢ '-ত্যোহস্মিন্ননমুষ্ঠিতে'। ১০ ঙ '-দনুষ্ঠিতে'। ১১। ঘ-ঢ 'ইদং বচনমব্রবীৎ'।

সমাসতো বয়ং ভৃত্যা রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
সর্ব্বং [১]প্রতিকরিষ্যা[২]মি যদ্রামস্য চিকীর্ষিতম্ ॥ ৭ ॥
অর্ঘ্যপাদ্যে চ বিধিবদ্ গৃহীতে লক্ষ্মণ ত্বয়া।
নিষণ্ণে চাসনে দিব্যে ততো বক্ষ্যে তব প্রিয়ম্ ॥ ৮ ॥
সোঽব্রবীদহমার্য্যেণ সন্দিষ্টো [৩]রাঘবেণ চ।
অকৃতার্থেন সৎকারো ন তে গ্রাহ্যঃ কপের্গৃহাৎ ॥ ৯ ॥
স ত্বং শৃণু সমাদেশ[৪]মার্য্যস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
কুরু সঞ্চিন্ত্য চ কপে যদি [৫]সাধ্বিতি মন্যসে ॥ ১০ ॥
ততঃ স্ত্রীভিঃ পরিবৃতং [৬]স্থিতমেব কপীশ্বরম্।
[৭]অব্রবীৎ পরুষং বাক্যং লক্ষ্মণঃ পরবীরহা ॥ ১১ ॥
সত্ত্বাভিজনসম্পন্নঃ সানুক্রোশো জিতেন্দ্রিয়ঃ।
কৃতজ্ঞঃ সত্যবাদী চ রাজা লোকে মহীয়তে ॥ ১২ ॥

৭। লো-টী। সমাসতঃ। বয়ং রামস্য ভৃত্যা ইতি সমাসতঃ সংক্ষেপেণ বদাম ইতি শেষঃ। 'সমাস তে' ইতি পাঠে তে তব রামস্য ; তে তব, রামস্য চেতি বা। তব ভ্রাতু রামস্য বয়ং ভৃত্যা অতঃ সমাস সম্যক্ সমীচীনোঽনুকূল ইতি যাবৎ, আস বভূব।

১০। লো-টী। আদেশমাজ্ঞাং মম স্থানে।

১২। লো-টী। সত্ত্বং বলম্। অভিজনঃ সৎখ্যাতিঃ। 'ভবেদভিজনঃ খ্যাতৌ জন্মভূমৌ কুলধ্বজে' ইতি কোষঃ। অনুক্রোশো দয়া। ন হীয়তে বিরাজতে।

সংক্ষেপে বলিতেছি যে—আমরা অক্লান্তকর্ম্মী রামচন্দ্রের ভৃত্য ; [অতএব] রামচন্দ্রের যাহা অভিলষিত কার্য্য তৎসমুদয়ই সম্পাদন করিব ॥ ৭ ॥

হে লক্ষ্মণ, আপনি শাস্ত্রানুসারে অর্ঘ্য এবং পাদ্য গ্রহণ করিলে এবং উৎকৃষ্ট আসনে উপবেশন করিলে, পরে [আমি] আপনার প্রিয় [বাক] বলিব ॥ ৮ ॥

লক্ষ্মণ বলিলেন—আমি প্রভু রামচন্দ্র কর্ত্তৃক আদিষ্ট হইয়াছি যে 'তুমি কৃতকার্য্য না হইয়া বানরের গৃহ হইতে সৎকার গ্রহণ করিতে পারিবে না' ॥ ৯ ॥

সেই তুমি অক্লান্তকর্ম্মী রামচন্দ্রের আদেশ শ্রবণ কর [এবং শ্রবণ করিয়া] যদি ভাল মনে কর, তবে তাহা সম্পাদন কর ॥ ১০ ॥

তাহার পর শত্রুবীরঘাতী লক্ষ্মণ বানরীবৃন্দে পরিবেষ্টিত হইয়া অবস্থিত সুগ্রীবকে এইরূপ কঠোর বাক্য বলিতে লাগিলেন— ॥ ১১ ॥

১। ঘ চ 'তৎ প্রক-'। ২। ছ '-ষ্যামো'। ৩। ঘ-ছ-চ 'বানরেশ্বর'। ৪। ক '-শং রাম'। ৫। ক 'সংপ্রতি-'। ৬। ছ 'স্থিতং তত্র', চ '-মেবং'। ৭। চ 'স্থিত এবাব্রবীদ্বাক্যং'।

যস্তু রাজা স্থিতোঽধর্ম্মে মিত্রাণামুপকারিণাম্।
মিথ্যা প্রতিজ্ঞাং কুরুতে কো[1] নৃশংসতরস্ততঃ ॥ ১৩ ॥
শতমশ্বানৃতে হন্তি সহস্রং তু[2] গবানৃতে।
আত্মানং[3] স্বজনং হন্তি পুরুষঃ পুরুষানৃতে ॥ ১৪ ॥
[4] হন্তি জাতানজাতাংশ্চ ভূম্যর্থে ত্বনৃতং বদন্।
[5] ভূম্যনৃতেন তুল্যং চ পুরুষানৃতমুচ্যতে।
কুলমাসপ্তমং হন্তি নরো ভূম্যনৃতং বদন্ ॥ ১৫ ॥

১৩। লো-টী। যস্তু মিত্রাণাং প্রতিজ্ঞাং মিথ্যা কুরুতে ততো হেতোর্নৃশংসতরঃ ক্রূরতরঃ রাজা স কিং ধর্ম্মে স্থিতঃ ? ন স্থিত ইত্যর্থঃ।

১৪। লো-টী। স্বজনং পুত্রপৌত্রাদিকম্।

১২। টিপ্পনী। সত্ত্বাভিজনাভ্যাং সম্পন্নঃ। তল্লক্ষণানি সানুক্রোশত্বাদীনি। তিঃ।

১৪। টিপ্পনী। বিষয়ভেদেন মিথ্যাভেদমুপপাদয়তি—শতমিতি। অশ্বানৃতে অশ্বনিমিত্তক-মিথ্যাবাদে সতি শতং হন্তি শতাশ্বহননজনিতদোষং প্রাপ্নোতি। গবানৃতে গোবিষয়কানৃতবাদে সহস্রং হন্তি সহস্রসংখ্যাকগবীহননজনিতদোষং প্রাপ্নোতি। পুরুষানৃতে পুরুষবিষয়কানৃতবাদে স্বজনমাত্মানং চ হন্তি স্বজনবিঘাতজনিতমাত্মঘাতজনিতং চ দোষং প্রাপ্নোতি। এতেন পরমপুরুষ-বিষয়কানৃতভাষিণো দোষস্য ন ইয়ত্তেতি সূচিতম্। শিরোঃ।

শক্তিমান্ যশস্বী, দয়ালু, জিতেন্দ্রিয়, কৃতজ্ঞ এবং সত্যবাদী রাজা জগতে পূজিত হন, এতাদৃশ রাজাকে সকলে সম্মান করে ॥ ১২ ॥

যে অধার্ম্মিক রাজা উপকারী মিত্রের [উপকার করিতে প্রতিজ্ঞা করিয়া সেই] প্রতিজ্ঞা পালন না করে তাদৃশ রাজা অপেক্ষা অধিকতর নৃশংস কে ? ॥ ১৩ ॥

মানুষ অশ্বের জন্য মিথ্যা কথা বলিলে শত অশ্ববধের পাপে লিপ্ত হয়, গরুর জন্য মিথ্যা কথা বলিলে সহস্র গো-বধের পাপে লিপ্ত হয় এবং লোকের জন্য মিথ্যা কথা বলিলে আত্মহত্যার এবং স্বজন-বধের পাপে লিপ্ত হয় ॥ ১৪ ॥

ভূমির জন্য মিথ্যা কথা বলিলে যাহারা জন্মিয়াছে এবং যাহারা জন্মিবে তাহাদের বধের পাপে লিপ্ত হয়। ভূমির জন্য মিথ্যা কথা বলা লোকের জন্য মিথ্যা কথা বলারই তুল্য; ভূমির জন্য মিথ্যাবাদী ব্যক্তি সপ্তম কুল পর্য্যন্ত বিনাশ করে ॥ ১৫ ॥

১। ক-ঙ 'কিং'। ২। ঘ-ছ-ট '-ঞ্চ'। ২। ঘ-ঙ 'সততং'। ৪। ছ-ট পুস্তকয়োঃ ইদমর্দ্ধং নাস্তি। ৫। ঘ-ট 'গবানৃতেন তুল্যঞ্চ', ছ-পুস্তকে ইদং পাদচতুষ্টয়ং পরিবর্ত্তনাদিনা এবং দৃশ্যতে—'কুলানাং সপ্তমং হন্তি নরো ভূম্যনৃতং বদন্। ভূম্যনৃতেন সদৃশং পুরুষানৃতমুচ্যতে ॥'

পূর্বং কৃতার্থো মিত্রাণাং নার্থং প্রতিকরোতি যঃ।
কৃতঘ্নঃ সর্ব্বভূতানাং স বধ্যঃ প্লবগেশ্বর ॥ ১৬ ॥

অপি চ ব্রহ্মণা গীতং শ্লোকং শৃণু প্লবঙ্গম।
দৃষ্ট্বা কৃতঘ্নং ক্রুদ্ধেন তন্নিবোধ কপীশ্বর ॥ ১৭ ॥

ব্রহ্মঘ্নে চ সুরাপে চ চৌরে[1] ভগ্নব্রতে তথা।
নিষ্কৃতির্বিহিতা রাজন্ কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ ॥ ১৮ ॥

স ত্বং পাপঃ[2] কৃতঘ্নশ্চ মিথ্যাবাদী চ বানর[3]।
কৃতার্থঃ পূর্ব্বমার্য্যেণ নার্থং[4] প্রতি চিকীর্ষসি ॥ ১৯ ॥

নন্বু নাম কৃতার্থেন ত্বয়া রামস্য বানর।
সীতায়া মার্গণে যত্নঃ কর্ত্তব্যঃ কুলপাংসন ॥ ২০ ॥

সৎকৃতা[5] যে তু[6] মিত্রাণাং ন[7] ভবন্ত্যপকারিণঃ।
তান্ মৃতানপি ক্রব্যাদাঃ কৃতঘ্নান্ নোপভুঞ্জতে ॥ ২১ ॥

১৬। গো-টী। ভূম্যনৃতাদপি কৃতঘ্নতাং পাপিষ্ঠামাহ—পূর্ব্বং কৃতার্থ ইতি। অর্থঃ প্রয়োজনম্।

১৮। টিপ্পনী। নিষ্কৃতিঃ প্রায়শ্চিত্তম্

হে বানররাজ, যে ব্যক্তি প্রথমে উপকৃত হইয়া [পরে] মিত্রের কার্য্যে যত্নবান্ হয় না, সে কৃতঘ্ন [অতএব] সর্ব্ব প্রাণীর বধ্য ॥ ১৬ ॥

কৃতঘ্নকে লক্ষ্য করিয়া ব্রহ্মা ক্রোধে যাহা বলিয়াছিলেন সেই শ্লোক শ্রবণ কর এবং প্রণিধান কর ॥ ১৭ ॥

হে রাজন্, ব্রহ্ম-হত্যাকারী, মদ্যপায়ী, চোর এবং ব্রতভগ্নকারীদেরও প্রায়শ্চিত্তের বিধান আছে, কিন্তু কৃতঘ্নের প্রায়শ্চিত্ত নাই ॥ ১৮ ॥

বানর, তুমি পাপী, কৃতঘ্ন, মিথ্যাবাদী, [যেহেতু] আর্য্য রামের দ্বারা পূর্ব্বে কৃতার্থ হইয়াও তাঁহার প্রয়োজন সম্পাদনে ইচ্ছা করিতেছ না ॥ ১৯ ॥

কুলপাংসন (পাপিষ্ঠ), তুমি রামের দ্বারা কৃতার্থ ; অতএব, সীতার অন্বেষণে তোমার যত্ন করা উচিত ॥ ২০ ॥

১। ছ 'ভ্রষ্ট-'। ২। ক-ঙ-ণ 'পাপ'। ৩। ছ 'বানরঃ'। ৪। ঢ 'ন ত্বং'। ৫। ঘ-চ '-স্তাশ্চ কৃতার্থাশ্চ'। ৬। ঙ 'ন', ছ 'চ'। ৭। গ 'মিত্রানমুভবন্তি যে', ঢ 'মিত্রাণাং ন ভবন্তি যে'।

ঋষ্যমূকে গিরিশ্রেষ্ঠে যৎ তু সত্যং পুরা হি নঃ[১]।
পাণিসংগ্রহণং কৃত্বা তন্ন স্মরসি দুর্ম্মতে ॥ ২২ ॥
স ত্বং গ্রাম্যেষু ভোগেষু সক্তো মিথ্যাপ্রতিশ্রবঃ।
ন ত্বাং রামোঽভিজানীতে সর্পং মণ্ডূকধারিণম্[২] ॥ ২৩ ॥
মহাভাগেন রামেণ পাপঃ[৩] করুণবেদিনা।
হরীণাং প্রাপিতো রাজ্যং ত্বং দুরাত্মা মহাত্মনা ॥ ২৪ ॥
যৎ কৃতং[৪] নাভিজানাসি[৫] রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
অদ্য ত্বং নিশিতৈর্বাণৈর্হন্তব্যো নাত্র সংশয়ঃ ॥ ২৫ ॥
উপকারো ন কর্ত্তব্যস্ত্বদ্বিধানাং মহাত্মভিঃ।
মূর্খাণামকৃতজ্ঞানাং স্ত্রীবশ্যানাং কথঞ্চন[৬] ॥ ২৬ ॥

২৩। লো-টী। সক্ত আসক্তঃ। মিথ্যাপ্রতিশ্রবো মিথ্যাপ্রতিজ্ঞঃ। সর্পং মণ্ডূকধারিণম্—সর্পো যথা তাবদেব মণ্ডূকধারণার্থে যততে, ধৃতে চ তস্মিন্ নিষ্প্রযত্নো ভবতি তথা বালিনি হতে ইতি।

২৩। টিপ্পনী। তব স্বরূপং রামো নাজ্ঞাসীদিতি ভাবঃ।

২৪। টিপ্পনী। করুণবেদিনা রামেণ দুরাত্মা ত্বং হরীণাং রাজ্যং প্রাপিতোঽসি। শিরোঃ।

যাহারা [মিত্রের দ্বারা] উপকৃত হইয়াও মিত্রের উপকার করে না; সেই সমস্ত কৃতঘ্ন ব্যক্তি মরিলে [শৃগাল, কুকুর প্রভৃতি] মাংসাশী জন্তুগণও তাহাদিগকে খায় না (অর্থাৎ খাইতে ঘৃণা বোধ করে) ॥ ২১ ॥

পাপিষ্ঠ, পর্ব্বতশ্রেষ্ঠ ঋষ্যমূক পর্ব্বতে পূর্ব্বে আমাদের হস্তধারণ-পূর্ব্বক যে শপথ করিয়াছিলে তাহা [সম্প্রতি] স্মরণ করিতেছ না ॥ ২২ ॥

তুমি প্রতিজ্ঞা-ভঙ্গ করিয়া গ্রাম্য ভোগে আসক্ত হইয়াছ; তুমি যে ভেক-ধারী সর্প—(অর্থাৎ সর্প যেমন ভেক ধৃত হইবার পূর্ব্ব পর্য্যন্তই চেষ্টা করে এবং ধৃত হইলেই নিশ্চেষ্ট হয় তুমিও যে সেইরূপ রাজ্যলাভ করিয়া সীতান্বেষণে নিশ্চেষ্ট হইবে—) তাহা রাম জানেন না ॥ ২৩ ॥

মহাত্মা রামচন্দ্র তোমাকে শোকার্ত্ত জানিয়াই বানররাজ্য প্রদান করিয়াছেন, [কিন্তু] তুমি দুরাত্মা, অধার্ম্মিক ॥ ২৪ ॥

যে-হেতু তুমি অক্লান্তকর্ম্মা রামচন্দ্রের উপকার স্মরণ করিতেছ না, [অতএব] অদ্য তোমাকে তীক্ষ্ণ বাণের দ্বারা বধ করিব, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥ ২৫ ॥

তোমার মত মূর্খ, অকৃতজ্ঞ, স্ত্রীর বশবর্ত্তীদিগের কোনরূপে উপকার করা মহাত্মাদের উচিত নহে ॥ ২৬ ॥

১। ঘ 'যত্তৎ সখ্যং পুরা হি নঃ', ছ 'যত্তৎ সখ্যং পুরা কৃতম্', চ 'যত্তৎ সখ্যং পুরা হি বঃ'। ২ '-বারিণম্'। ৩। চ 'প্রিয়ঃ'। ৪। ছ 'কৃতে'। ৫। চ 'নানু-'। ৬। ঘ-ছ 'কদাচন'।

কো হি বিজ্ঞানসংপন্নো দৃষ্টলোকপরাবরঃ।
কামভোগেষু[১] সজ্জেত যথা ত্বমিহ বানর ॥ ২৭ ॥
মহান্তং প্রাপ্স্যসে দোষং সর্ব্বথা স্ত্রীপ্রসঙ্গজম্[২]।
ময়েনেব[৩] পুরা প্রাপ্তমসুরেণ সুরেশ্বরাৎ ॥ ২৮ ॥
নৈব সত্যং প্রমাণং[৪] তে ন প্রতিজ্ঞা[৫] ন সঙ্গতম্।
ন চ পাণিপ্রদানং তে দীপ্যমানে বিভাবসৌ ॥ ২৯ ॥
সর্ব্বথা বঞ্চিতো ভ্রাতা মম দুষ্টাত্মনা ত্বয়া।
ঋজুবুদ্ধিরনার্য্যেণ বুদ্ধিমান্ জিহ্মবুদ্ধিনা ॥ ৩০ ॥
অবমানকৃতক্রোধো[৬] মহান্[৭] মে পরিবর্ত্ততে।
উদয়ঃ সাগরস্যেব পর্ব্বকালে মহাত্মনঃ ॥ ৩১ ॥
ক্ষুদ্রং নৃশংসং দুর্ব্বৃত্তং স্ত্রীপ্রধানং[৮] চ বানর।
অহং[৯] ত্বাং সায়কৈস্তীক্ষ্ণৈর্নয়ামি যমসাদনম্ ॥ ৩২ ॥

২৮। লো-টী। ময়েনেব হেমাসক্তেন।
২৯। লো-টী। সঙ্গতং সতাং সঙ্গমঃ।
৩১। লো-টী। পরিবর্ত্ততে পরিবর্দ্ধতে। 'উদক'মিতি পাঠঃ। 'উদয়' ইতি পাঠে উদয়ো জলাধিক্যম্।

বানর, বিশিষ্টজ্ঞান-সম্পন্ন দুষ্টের দমনকারী কোন্ ব্যক্তি তোমার ন্যায় কামভোগে আসক্ত হয়? ॥ ২৭ ॥

পূর্ব্বে যেরূপ ময়-দানব মহাদেবের নিকটে দোষী হইয়াছিল, তুমিও সেইরূপ স্ত্রীসংসর্গ-জনিত মহাদোষে দোষী হইবে ॥ ২৮ ॥

তোমার প্রজ্বলিত অগ্নিতে হস্ত-প্রদান, প্রতিজ্ঞা, মিত্রতা এবং শপথ করা কোনটাই প্রমাণ (অর্থাৎ বিশ্বাস-যোগ্য) হইল না ॥ ২৯ ॥

পাপিষ্ঠ, অনার্য্য ও কুটিলমতি তোমাদ্বারা সরলমতি, বুদ্ধিমান্ আমার ভ্রাতা সর্ব্বপ্রকারে প্রতারিত হইয়াছেন ॥ ৩০ ॥

পর্ব্বকালে বিপুল সাগরের বৃদ্ধির ন্যায় আমার [তোমাকর্ত্তৃক] অপমান-জন্য ক্রোধ অত্যন্ত বৃদ্ধি পাইতেছে ॥ ৩১ ॥

বানর, তুমি নীচ, নৃশংস, দুরাচার এবং স্ত্রীর বশবর্ত্তী ; [অতএব] তোমাকে আমি তীক্ষ্ণ বাণের দ্বারা যমালয়ে প্রেরণ করিব ॥ ৩২ ॥

১। চ '-গে প্রস-'। ২। চ 'স্ত্রীষু সঙ্গ-'। ৩। চ '-নৈব'। ৪। চ '-গন্ত'। ৫। ঙ-ছ 'প্রতিজ্ঞাতমসঙ্গতম্'। ৬। ঙ 'দাবমা-', চ 'অপ-'। ৭। চ 'মহাত্মা'। ৮। ছ '-প্রসক্তং'। ৯। চ 'স্বয়ং'।

ন স[১] সঙ্কুচিতঃ পন্থা যেন বালী হতো গতঃ।
সময়ে তিষ্ঠ সুগ্রীব মা বালিপথমন্বগাঃ ॥ ৩৩ ॥
তথা করোম্যেষ[২] শরৈরজিহ্মগৈর্ম্মহাবিষৈর্দৃষ্টিবিষৈরিবোরগৈঃ।
যথৈবমন্যোঽপি[৩] ন সৌহৃদং শঠো[৪] বিভেৎস্যতে কামবশপ্রয়োজনঃ[৫] ॥৩৪॥
অয়মিহ খলু সৎপথাদপেতং চলিতমতিং চপলং স্বজাতিদোষাৎ।
অনৃতমধুরবাদিনং[৬] কৃতঘ্নং তমিব তবাগ্রজমুন্মথামি বাণৈঃ[৭] ॥ ৩৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে লক্ষ্মণবাক্যং নাম
চতুস্ত্রিংশঃ সর্গঃ ॥ ৩৪ ॥

৩৩। লো-টী। অন্বগাঃ বালিপথস্যানুগমনং মা কুরু।

৩৪। লো-টী। বিভেৎস্যতে নাশয়িষ্যতি। কামং কাম্যং কলত্রং, বশং তদধীনং প্রয়োজনং কার্য্যং যস্য সঃ স্ত্রাধীনকার্য্য ইত্যর্থঃ। যদ্বা, কামেন স্বেচ্ছয়া বশমধীনং প্রয়োজনং কার্য্যং যস্য সঃ স্বেচ্ছাধীনকার্য্যো ন তু মিত্রাধীনকার্য্য ইত্যর্থঃ।

৩৫। লো-টী। অয়মহম্। 'অহং' বা পাঠঃ। অনৃতং মিথ্যা মধুরঞ্চ। তং বালিনং তবাগ্রজমিব, ত্বামর্থাৎ। দূতলক্ষ্মণাবষ্টম্ভো নাম সর্গঃ। অবষ্টম্ভঃ স্বতেজঃপ্রকাশঃ।

৩৩। টিপ্পনী। যেন পথা বালী গতঃ স পন্থাঃ ন সঙ্কুচিতঃ আচ্ছন্নঃ, অতঃ সময়ে স্বকৃতসঙ্কেতে তিষ্ঠ, তং সংস্মরেত্যর্থঃ। কিঞ্চ, সময়ে সম্যক্শুভাবহকার্য্যে তিষ্ঠ কুৰ্ব্বিত্যর্থঃ; বালিপথং মরণং মান্বগাঃ প্রাপ্নুহি। শিরোঃ।

বালী হত হইয়া যে পথে গমন করিয়াছে সে পথ [এখনও] সঙ্কুচিত হয় নাই; সুগ্রীব, তুমি প্রতিজ্ঞা পালনে অবহিত হও; বালীর পথ অনুসরণ করিও না ॥ ৩৩ ॥

যাহাদের দৃষ্টিই বিষের কার্য্য করে—তাদৃশ সর্পের ন্যায় তীব্রবিষাক্ত সরলগতি (অব্যর্থ) বাণের দ্বারা এই আমি তাহা (অর্থাৎ তোমাকে বধ) করিতেছি—যাহাতে অন্য কোনও শঠ কাম-বশবর্ত্তী হইয়া সৌহার্দ্দ্য নষ্ট না করে ॥৩৪॥

তুমি সৎপথভ্রষ্ট এবং বুদ্ধিভ্রষ্ট, স্বজাতি-দোষে চঞ্চল, মিথ্যা-মধুরভাষী ও কৃতঘ্ন; [অতএব] তোমাকে বাণদ্বারা তোমার জ্যেষ্ঠ ভ্রাতা বালীর ন্যায় বিনাশ করিব ॥ ৩৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে লক্ষ্মণবাক্য
নামক ৩৪শ সর্গ সমাপ্ত ॥ ৩৪ ॥

১। ঙ 'চ'। ২। ছ '-ম্যদ্য'। ৩। ঙ 'ন চ'। ৪। ঘ 'গতো'। ৫। ঙ 'কামবশং প্রয়োজিতঃ', ছ 'কাল-'। ৬। ক-ঘ '-তং মধু-'। ৭। অতঃপরং ঙ-ছ-পুস্তকয়োঃ 'ন যাবদিক্ষ্বাকুবরস্য কার্ম্মুকাচ্ছরাঞ্ছিতান (-'কাৎ বাণান্ শাতান্' ঙ) পশ্যসি চক্ষুরগ্রিকে। ততঃ সুখং নাম নিষেবসে ত্বং ন রামকার্য্যং মনসা ব্যবস্যসি'। ইত্যধিকম

(৩৫) পঞ্চত্রিংশঃ সর্গঃ

ইতি ব্রুবাণং সৌমিত্রিং প্রদীপ্তমিব তেজসা।
অব্রবীদ্বচনং তারা তারাপতিনিভাননা[১] ॥ ১ ॥
[২]নৈবং লক্ষ্মণ বক্তব্যো[৩] নায়ং পরুষমর্হতি।
হরীণামীশ্বরো রাজা ত্বৎসকাশাৎ বিশেষতঃ ॥ ২ ॥
নৈবাকৃতজ্ঞঃ সুগ্রীবো ন শঠো ন চ দারুণঃ।
ন চানৃতমতির্বীরো[৪] ন জিহ্মমতি[৫]নিশ্চয়ঃ ॥ ৩ ॥
উপকারং[৬] কৃতং বীরো ন চ বিস্মর্ত্তুমর্হতি।
রামেণাপ্রতিবীর্য্যেণ সুগ্রীবোঽন্যৈঃ সুদুষ্করম্ ॥ ৪ ॥

২। লো-টী। বক্তব্যঃ কুৎসিতঃ কুৎসা নিন্দা তদ্বিষয়ঃ। যদ্বা, বক্তব্যো হীনো ন ভবতি। অতোঽয়ং পরুষং নার্হতি নিষ্ঠুরবাক্যবিষয়ো ন ভবতি। 'বক্তব্যঃ কুৎসিতে হীনে বচনার্হে তু বাচ্যবৎ' ইতি কোষঃ।

৩। লো-টী। শঠো ধূর্ত্তঃ। দারুণঃ ক্রূরকর্ম্মা। ন ক্ষতা ন নষ্টা গতিরুপকারজ্ঞানং যস্য সঃ। 'অনৃতমতি'রিতি বা পাঠঃ। জিহ্ময়া কুটিলয়া মত্যা নিশ্চয়ঃ কার্য্যনিশ্চয়ো যস্য সঃ।

৪-৫। লো-টী। উপকারকৃত উপকারকর্ত্তুঃ। সুদুষ্করমন্যৈঃ সম্পাদয়িতুমশক্যম্।

১। টিপ্পনী। তারাপতিনিভাননা চন্দ্রসদৃশমুখী তারা।

লক্ষ্মণ তেজে যেন প্রদীপ্ত হইয়া এইরূপ বলিলে চন্দ্রমুখী তারা বলিতে লাগিল—॥ ১ ॥

হে লক্ষ্মণ, এইরূপ বলিবেন না; ইনি বানরগণের অধিপতি—রাজা; [সুতরাং] কর্কশ বাক্যের যোগ্য নহেন, বিশেষতঃ আপনার নিকট হইতে ॥ ২ ॥

বীর সুগ্রীব নিশ্চয়ই অকৃতজ্ঞ, শঠ, দারুণ অথবা মিথ্যাচার নহেন, তিনি কুটিল বুদ্ধির দ্বারা কর্ত্তব্য নিশ্চয় করেন না ॥ ৩ ॥

অন্যের পক্ষে যে উপকার করা কঠিন অমোঘ-বীর্য্য রাম তাহা করিয়াছেন, বীর সুগ্রীব তাহা ভুলিতে পারেন না ॥ ৪ ॥

১। ছ '-ধিপনি-'। ২। অস্য শ্লোকস্য স্থানে ণ-পুস্তকে 'হরীণামীশ্বরো রাজা সুগ্রাবো বানরাধিপঃ। নৈবং লক্ষ্মণ বক্তব্যো নায়ং পরুষমর্হতি ॥ হরীণামীশ্বরো রাজা ত্বৎসকাশাৎ বিশেষতঃ ॥' ইতি পাঠঃ। ৩। ঘ '-ব্যং'। ৪ ঙ '-ধীরো'। ৫। ঙ '-জিহ্ব ইতি', ছ 'জিহ্মগতি-'। ৬। ক-ঘ '-রকৃতং'।

রামপ্রসাদাৎ কীর্ত্তিং চ কপিরাজ্যং চ শাশ্বতম্ ।
প্রাপ্তবানিহ সুগ্রীবো মাং[১] রুমাং[২] চ বিশেষতঃ ॥ ৫ ॥
সুদুঃখসহিতো[৩] নিত্যং প্রাপ্যেদং[৪] সুখমুত্তমম্ ।
রাঘবস্য প্রসাদাদ্ধি সুগ্রীবঃ সুখমেধতে ॥ ৬ ॥
ঘৃতাচ্যাং কিল সংসক্তো দশবর্ষাণি লক্ষ্মণ ।
অমন্যতাহর্ধর্ম্মাত্মা[৫] বিশ্বামিত্রো মহাতপাঃ ॥ ৭ ॥
কালং স তাবন্নাজ্ঞাসীৎ প্রাপ্তং কালবিদাংবরঃ ।
বিশ্বামিত্রো মহাতেজাঃ কিমুতায়ং পৃথগ্‌জনঃ ॥ ৮ ॥
দশবর্ষশতস্যাস্য[৬] পরিশ্রান্তস্য লক্ষ্মণ ।
অবিতৃপ্তস্য[৭] কামানাং রাঘবঃ ক্ষন্তুমর্হতি[৮] ॥ ৯ ॥

কপিরাজ্যং রামেণ হেতুনা সুগ্রীবঃ প্রাপ্তবান্ । কীদৃশঃ ? সুগ্রীবঃ শোভনগ্রীবঃ । 'সুগ্রীবাখ্যে'রিতি বা পাঠঃ । কিঞ্চ, রামপ্রসাদাৎ কীর্ত্তিং চেতি ।

৬ । লো-টী । সুদুঃখসহিতঃ পূর্ব্বং দুঃখেনাতিদুঃখেন সহিতো বর্ত্তমানঃ যুক্ত ইত্যর্থঃ । 'শয়িত' ইতি পাঠে নিত্যং স্থিতঃ । ইদানীং সুখং প্রাপ্য এধতে ।

৭ । লো-টী । দশবর্ষাণি অহো [?] দিবসমমন্যত । 'অহোঽমন্যত' ইতি বা পাঠঃ ।

৮ । লো-টী । প্রাপ্তং গতম্ । কালবিদাং বরোঽপি ।

৯ । লো-টী । ন চ রামেণাপি অস্যাপরাধস্য ক্ষমা ন কার্য্যেতি বাচ্যম্, তত্রাহ — দশা

---

৭ । টিপ্পনী । ঘৃতাচ্যাং তদভিধাপ্সরঃসু সংসক্তো মহামুনির্বিশ্বামিত্রঃ দশবর্ষাণি অহঃ একদিনমমন্যত । শিরোঃ ।

সুগ্রীব রামের প্রসাদে কীর্ত্তি, চিরস্থায়ী বানররাজ্য, বিশেষতঃ আমাকে এবং রুমাকে প্রাপ্ত হইয়াছেন ॥ ৫ ॥

সর্ব্বদা অতিদুঃখে অবস্থান করার পর সুগ্রীব রঘুনন্দন রামের প্রসাদে উত্তম সুখ প্রাপ্ত হইয়াছেন ও সুখ ভোগ করিতেছেন ॥ ৬ ॥

হে লক্ষ্মণ, ধর্ম্মাত্মা মহাতপাঃ বিশ্বামিত্র ঘৃতাচীতে [ঘৃতাচী নামক অপ্সরাতে] আসক্ত থাকিয়া দশ বৎসরকে একদিন মনে করিয়াছিলেন ॥ ৭ ॥

কালজ্ঞদের মধ্যে শ্রেষ্ঠ হইয়াও মহাতেজস্বী বিশ্বামিত্র অতিবাহিত কাল বুঝিতে পারেন নাই, এই ইতর জীব সুগ্রীবের আর কথা কি ? ॥ ৮ ॥

হে লক্ষ্মণ, সহস্র বৎসর পরিশ্রান্ত ও কামে অতৃপ্ত এই সুগ্রীবকে রঘুনন্দন রামের ক্ষমা করা উচিত ॥ ৯ ॥

১ । চ 'রুমাং মাঞ্চ' । ২ । ঘ-ছ 'পরন্তপ' । ৩ । খ '-শয়ি-', চ '-পতি-' । ৪ । ঘ-ছ-চ 'প্রাপ্যায়ং' । ৫ । ক '-তাহো' । ৬ । ক-গ '-গত-' । ৭ । ছ '-দৃপ্তস্য-' । ৮ । ঘ '-সি' ।

ন চ ক্রোধবশং[১] বীর গন্তুমর্হসি লক্ষ্মণ ।
নিশ্চিতার্থ[২]মবিজ্ঞায় সহসা রঘুনন্দন ॥ ১০ ॥
সত্ত্বযুক্তা হি পুরুষাস্ত্বদ্বিধাঃ পুরুষর্ষভ[৩] ।
অবিমৃষ্য ন রোষস্য সহসা যান্তি বশ্যতাম্ ॥ ১১ ॥
ধর্ম্মজ্ঞস্য কৃতজ্ঞস্য সততং গুরুবর্ত্তিনঃ ।
ত্বৎসকাশাদ্বিশেষেণ নায়ং পরুষমর্হতি ॥ ১২ ॥
পূর্ব্বজস্য হি তে ভ্রাতূরামস্যাক্লিষ্টকর্ম্মণঃ ।
সখা পরমকঃ সৌম্য সুগ্রীবো বানরেশ্বরঃ ॥ ১৩ ॥

কুদশা বর্ষেষু বহুসংবৎসরেষু গতা প্রাপ্তা যেন তস্যাস্য সুগ্রীবস্য অনেকবর্ষপ্রাপ্তকুদশস্যেত্যর্থঃ। অতো বালিভয়াৎ দেশাদ্দেশান্তরভ্রমণেন পরিশ্রান্তস্যাতিদুঃখিতস্য, অতঃ কামানাং কাম্যবিষয়াণামতৃপ্তস্যাকাঙ্ক্ষাবতঃ, ক্ষন্তুম্ অপরাধং ত্যক্তুম্, রাঘবঃ শ্রীরামঃ। দশেতি 'যাকারৌ স্ত্রীকৃতৌ হ্রস্বঃ ক্বচিদি'তি হ্রস্বঃ। নৈরুক্ত্যাদ্ বা। যদ্বা, রাজ্যাদ্ দশবর্ষগতস্য অন্যত্র গতস্য। 'দশবর্ষাযুতস্যে'তি পাঠে দশা কুদশা বর্ষাযুতং যস্য তস্য বর্ষাযুতকুদশস্যেত্যর্থঃ। 'দশধর্ম্মগতস্যে'তি বিমলবোধপাঠঃ। ব্যাখ্যাতঞ্চ—যদ্যপি দশধর্ম্মপ্রাপ্তৌ পরিপ্রাপ্তাবিতৃপ্তয়োর্গ্রহণং স্যাৎ তথাপি সর্ব্বতোভাবেনেতি অবিতৃপ্তশব্দেনাপি আত্যন্তিকমভিপ্রেতমিতি। "মত্তঃ প্রমত্ত উন্মত্তঃ ক্রুদ্ধঃ শ্রান্তো বুভুক্ষিতঃ। ত্বরমাণশ্চ ভীমশ্চ বদ্ধঃ কামী চ তে দশ" ইতি মহাভারতম্।

১০। লো-টী। নিশ্চিতার্থমস্মাভিঃ কৃতনিশ্চয়ার্থম্।

১১। লো-টী। অবিমৃষ্য অপরামৃশ্য রোষস্য বশ্যতাম্।

১২। লো-টী। ত্বৎসকাশাৎ তব সকাশাৎ। তত্র তবেত্যস্য সমাসপূর্ব্বপদস্য বিশেষণম্।

হে বীর, রঘুনন্দন লক্ষ্মণ, নিশ্চিত বিষয় না জানিয়া হঠাৎ আপনার ক্রোধের বশবর্ত্তী হওয়া উচিত নহে ॥ ১০ ॥

হে নরশ্রেষ্ঠ, আপনার ন্যায় সত্ত্বসম্পন্ন পুরুষেরা বিবেচনা না করিয়া হঠাৎ ক্রোধের বশবর্ত্তী হন না ॥ ১১ ॥

ধর্ম্মজ্ঞ, কৃতজ্ঞ, বিশেষতঃ সর্ব্বদা গুরুজনের অনুবর্ত্তী আপনার নিকট হইতে সুগ্রীব কর্কশ ব্যবহার পাইতে পারেন না ॥ ১২ ॥

হে প্রিয়দর্শন, বানররাজ সুগ্রীব আপনার জ্যেষ্ঠ ভ্রাতা অক্লান্ত-কর্ম্মী রামের পরম বন্ধু ॥ ১৩ ॥

১। ঘ 'ক্রোধাৎ বৃথা চৈবং'। ২। ঙ-ছ-ট 'নিশ্চয়ার্থ-'। ৩। ঘ '-র্ষভাঃ'।

যথা রামস্তব[১] ভ্রাতা তথায়ং তে গুরুঃ[২] প্রিয়ঃ।
পূজনীয়শ্চ মান্যশ্চ রামস্যার্থে পরন্তপ ॥ ১৪ ॥
প্রসাদয়ে ত্বাং শিরসা সুগ্রীবার্থে সমাহিতা।
মহারোষসমুত্থানঃ[৩] সংরম্ভস্ত্যজ্যতাময়ম্[৪] ॥ ১৫ ॥
রুমাং মাং[৫] কপিরাজ্যং চ ধনং ধান্যং[৬] বসূনি চ।
রামপ্রিয়ার্থং সুগ্রীবস্ত্যজেদপি[৭] চ জীবিতম্ ॥ ১৬ ॥
কঃ শক্তস্তস্য দেবস্য খ্যাতস্য স্বেন কর্ম্মণা।
উপকারস্য সদৃশং প্রতিকর্ত্তুং মহাত্মনঃ ॥ ১৭ ॥
স হি যোগ্যো মহাবাহুরীদৃশান্[৮] বৈ সহস্রশঃ।
প্রতিষ্ঠাপয়িতুং[৯] রাজ্যে নিহন্তুং[১০] বা নরর্ষভঃ ॥ ১৮ ॥

১৫। লো-টী। সংরম্ভঃ কোপাবেশঃ। কীদৃশঃ? মহারোষস্য সমুত্থানং যস্মাৎ সঃ।
১৬। লো-টী। বসূনি রত্নানি।

১৫। টিপ্পনী। সুগ্রীবার্থে সুগ্রীবকল্যাণার্থং সমাহিতা একাগ্রচিত্তাঽহং ত্বাং প্রসাদয়ে, অতঃ মহারোষসমুত্থানোঽয়ং সংরম্ভঃ ক্ষোভস্ত্যজ্যতাম্।

১৬। টিপ্পনী। ধনং ধান্যং বসূনি চেত্যত্র ধনশব্দো হস্তিরথাশ্বাদিপরঃ, বসুশব্দো রত্নপরঃ। সুগ্রীবো রামপ্রিয়ার্থং রামপ্রীতয়ে রামপ্রিয়ায়ৈ সীতায়ৈ বা রুমাদিকং ত্যজেৎ। এতেন রামসদৃশঃ সুগ্রীবস্য প্রিয়ঃ কশ্চিন্নাস্তীতি ধ্বনিতম্।

হে শত্রুদমন, যেরূপ রাম আপনার [জ্যেষ্ঠ] ভ্রাতা, সেইরূপ রামের প্রয়োজনে এই সুগ্রীবও আপনার প্রিয়, গুরুজন, পূজনীয় এবং মান্য ॥ ১৪ ॥

আমি একাগ্রচিত্তে সুগ্রীবের [মঙ্গলের] জন্য অবনত মস্তকে আপনার অনুগ্রহ প্রার্থনা করিতেছি, আপনি ক্রোধ-সমুৎপন্ন এই ক্ষোভ পরিত্যাগ করুন ॥১৫॥

সুগ্রীব রামের প্রীতির জন্য রুমাকে, আমাকে, বানররাজ্য, ধন, ধান্য, রত্ন ও [নিজের] জীবন পর্য্যন্ত ত্যাগ করিতে পারেন ॥ ১৬ ॥

কোন্ ব্যক্তি নিজকর্ম্মের দ্বারা বিখ্যাত সেই মহাত্মা রামচন্দ্রের উপকারের তুল্য প্রত্যুপকার করিতে সমর্থ? ॥ ১৭ ॥

সেই পুরুষশ্রেষ্ঠ মহাবাহু রামচন্দ্র ইঁহার (সুগ্রীবের) ন্যায় হাজার হাজার ব্যক্তিকে রাজ্যে প্রতিষ্ঠিত করিতে অথবা নিহত করিতে পারেন ॥ ১৮ ॥

১। ঙ '-স্তথা'। ২। ঙ 'গুরুপ্রিয়ঃ',। ৩। ছ '-রম্ভ-'। ৪। ঢ 'খো নঃ'। ৫। ক-ণ 'মাং রুমাং'। ৬। ঙ-ছ 'ধনধান্যং', ঢ 'ধনধান্যব-'। ৭। ঙ '-বঃ সংত্যজেদপি জীবিতম্'। ৮। ঢ '-শোঽন্যৈঃ'। ৯। ক-ঙ '-স্থাপ-'। ১০। ঙ-ঢ 'বিনিহন্তুং'।

ন চ ক্রোধবশং তাত গন্তুমর্হসি লক্ষ্মণ।
সমানয়িষ্যতি[১] হরিঃ সীতয়া সহ রাঘবম্।
শশাঙ্কমিব[২] রোহিণ্যা তং হত্বা রাবণং রণে ॥ ১৯ ॥
ময়েব[৩] সহ সুগ্রীবং রাঘবো[৪] রুময়েব[৫] চ।
সমানয়িষ্যত্যচিরাদ্রাঘবং[৬] সহ সীতয়া ॥ ২০ ॥
যৎ[৭] তু মে সৌম্য বিজ্ঞাপ্যং শৃণু তৎ ত্বং নরর্ষভ।
শ্রূয়ন্তে নরশার্দ্দূল রাবণস্য দুরাত্মনঃ ॥ ২১ ॥
দশকোটিসহস্রাণি লঙ্কায়াং কিল রক্ষসাম্।
অযুতানি চ ষট্‌ত্রিংশৎ সহস্রাণি শতানি[৮] চ ॥ ২২ ॥
অহত্বা সুবহূংস্তত্র[৯] রাক্ষসান্ কামরূপিণঃ।
ন শক্যো[১০] রাবণো[১১] হন্তুং যেন[১২] সা মৈথিলী হৃতা ॥ ২৩ ॥
ন চ[১৩] শক্যা রণে হন্তুমসহায়েন রাক্ষসাঃ।
রামেণ ক্রূরকর্ম্মাণঃ সুগ্রীবসহিতেন বৈ ॥ ২৪ ॥

১৯-২০। গো-টী। হরিঃ সুগ্রীবঃ সমানয়িষ্যতি সংযোজয়িষ্যতি। ময়া সহ রুময়া চ সহ যথা রাঘবঃ সংযোজিতবান্। 'রুময়েব চ' ইতি বা পাঠঃ।

২২। গো-টী। লঙ্কায়াং কিলেত্যত্র লঙ্কাস্থিত্বর্নির্ণয়েঽপি লঙ্কা কুত্র স্থিতেত্যজ্ঞানাদন্বসন্ধানমিতি সন্দিক্ষঃ।

২৪। গো টী। অসহায়েন সহায়ান্তরং বিনা। সুগ্রীবসহিতেন বৈ সুগ্রীবসহিতেনাপি।

মাননীয় লক্ষ্মণ, আপনার ক্রোধের বশবর্ত্তী হওয়া উচিত নহে। সুগ্রীব যুদ্ধে সেই রাবণকে বধ করিয়া রোহিণীর সহিত চন্দ্রের ন্যায় সীতার সহিত রামকে মিলিত করিয়া দিবেন ॥ ১৯ ॥

রাম যেমন সুগ্রীবকে আমার এবং রুমার সহিত মিলিত করিয়া দিয়াছেন, সেইরূপ সুগ্রীব অচিরে রামকে সীতার সহিত মিলিত করিয়া দিবেন ॥ ২০ ॥

হে প্রিয়দর্শন, পুরুষশ্রেষ্ঠ, আমার যাহা নিবেদন করিবার আছে তাহা আপনি শ্রবণ করুন—হে নরশ্রেষ্ঠ, শোনা যায়, লঙ্কায় দুষ্ট রাবণের দশহাজার কোটি, ছত্রিশ অযুত, ছত্রিশ হাজার ও ছত্রিশ শত রাক্ষস রহিয়াছে। সেখানে বহু কামরূপী রাক্ষসকে হত্যা না করিয়া সীতাপহারক রাবণকে বধ করা

১। ছ 'সংমা-'। ২। ঙ। '-ঙ্ক ইব'। ৩। চ 'ময়ৈব'। ৪। ঙ 'রুময়েব চ রাঘব'। ৫। ণ 'রুময়া সহ'। ৬। ছ 'চিরং রা-'। ৭। ছ 'যচ্চ'। ৮। ছ 'চতুর্দ্দশ'। ৯। ঘ-ঙ-ছ-ণ '-স্তুত্র'। ১০। ঙ 'শক্তো'। ১১। ছ 'বণো'। ১২। ঙ 'যেনাসৌ'। ১৩। ণ 'তে'।

এবমাখ্যাতবান্ বালী স হ্যভিজ্ঞো হরিপ্রভুঃ[১]।
আগমো[২] মে[৩] ততোঽব্যক্তস্তস্মাদেতদ্[৪] ব্রবীমি তে ॥ ২৫ ॥
মহাবলো মহাসত্ত্বঃ খ্যাতবীর্য্যশ্চ রাবণঃ।
অশক্যঃ স মহাবাহুরসহায়েন রাবণঃ[৫] ॥ ২৬ ॥
তৎ সহায়[৬]নিমিত্তং বৈ[৭] প্রেষিতা হরিপুঙ্গবাঃ।
আনেতু[৮]মপরান্ যুদ্ধে সুবহূন্[৯] হরিপুঙ্গবান্ ॥ ২৭ ॥
তাংশ্চ[১০] প্রতীক্ষমাণোঽয়ং বিক্রান্তান্ সুমহাবলান্।
রাঘবস্যার্থসিদ্ধ্যর্থং ন নির্যাতি[১১] হরীশ্বরঃ ॥ ২৮ ॥
কৃতা[১২] তু সংস্থা[১৩] সৌমিত্রে সুগ্রীবেণ যথা [illegible]।
অদ্য তৈর্বানরৈঃ সর্বৈরাগন্তব্যং মহাবলৈঃ ॥ [illegible]৯

২৫-২৬। লো-টী। ততস্তস্য রাবণস্য আগমো জ্ঞানং দর্শ[illegible]। মে মম অব্যক্তঃ অস্পষ্টঃ অপ্রত্যক্ষ ইতি যাবৎ। কিন্তু শুভ এব, [illegible] [illegible]—'মহাবল' ইতি। 'আগমস্তু ন মে ব্যক্ত' ইতি পাঠঃ সার্ব্বজ্ঞঃ। ন ব্যক্তঃ ন প্রত্যক্ষ [illegible] মহাবদ্ধব্যবসায়ঃ।

২৭। লো-টী। অশক্যঃ নিগ্রহীতুমিতি শেষঃ।

২৯। লো-টী। সংস্থা ব্যবস্থা। যথা যথাবৎ। × × [illegible]নয়ঃ।

২৫। টিপ্পনী। নম্বেবং বলপ্রাপ্তিঃ রাবণস্য কথমিত্যাঃ [illegible]গমঃ এবং বলপ্রাপ্তি-প্রকারঃ। শিবোঃ। অত্র সুগ্রীবেণ যুদ্ধায় নির্গমকালে [illegible] [illegible]ভিহিতে এতাদৃশো রাবণঃ সুগ্রীবো দুর্ব্বলঃ তৎ কথং রামোঽবলম্ব[illegible] ইতি [illegible] [illegible]। গোঃ বাঃ।

সম্ভব হইবে না। অথচ—রাম সুগ্রীবের সহিত মিলিত হইলেও অন্য সহায় ব্যতিরেকে যুদ্ধে ক্রূরকর্ম্মা রাক্ষসদিগকে বধ করা অসম্ভব ॥ [illegible] ॥

সেই রাবণ কিরূপে এত বলশালী হইল তাহা আমার [illegible] ত, সেই অভিজ্ঞ বানররাজ বালী এইরূপ বলিয়াছিলেন ; তাই আপনাকে [illegible] বলিতেছি ॥ ২৫ ॥

রাবণ মহাবলবান্, মহাযোদ্ধা এবং বীর্য্যবান্ বলিয়া [illegible] : সেই মহাবাহু রাবণকে অন্যের সাহায্য ব্যতিরেকে নিগৃহীত করা অসম্ভব ॥ [illegible] ॥

তাই যুদ্ধে সাহায্যের জন্য অন্যান্য অনেক শ্রেষ্ঠ বানরকে আনয়ন করিতে শ্রেষ্ঠ বানরদিগকে প্রেরণ করা হইয়াছে ॥ ২৭ ॥

বিক্রমশালী, অতি বলবান্ সেই সকল বানরের [illegible] বানররাজ সুগ্রীব রঘুনন্দন রামের কার্য্যসিদ্ধির জন্য বাহির হইতেছেন না ॥ [illegible]৮ ॥

১। গ 'হরিঃ প্রভুঃ'। ২। ঘ-পুস্তকে অস্য পূর্ব্বার্দ্ধং নাস্তি। ৩। [illegible] 'আগমস্তু ন মে ব্যক্তঃ' [illegible]। ৪। গ 'বুতো'। ৫। ঘ 'রাক্ষস-', ছ '[illegible]'। ৬। ঘ-ছ-ট 'তৎ সাহায্য-'। ৭। গ 'চ'। ৮। ঙ ট '-তুং প্রবরান্'। ৯। ঙ-ছ 'বানরান্ পরবারণান্'। ১০। ছ 'তান্ সংপ্র-'। ১১। ঘ-ঙ-ছ 'নির্যাতো'। ১২। ঙ 'কৃতাত্মসং-'। ১৩। গ '-সংজ্ঞা'।

ঋক্ষকোটিসহস্রাণি গোলাঙ্গূলশতানি চ।
কোটিশস্ত্বা[১]গমিষ্যন্তি পৃথিব্যাং যে চরন্তি বৈ ॥ ৩০ ॥
আসমুদ্রাৎ ত্বরাযুক্তাঃ সাগর[২]দ্বীপবাসিনঃ
অদ্য ত্বা[৩]মুপযাস্যন্তি ত্যজ [৪]শোকমমর্ষণ ॥ ৩১ ॥

তব [৫]তু মুখমিদং নিরীক্ষ্য কোপাৎ ক্ষতজনিভেক্ষণমীক্ষমাণমেবম্।
[৬]হরিবরবনিতা ন যান্তি শান্তিং [৭]প্রথমভয়স্য হি শঙ্কিতাঃ স্ম সর্বাঃ ॥৩২॥

প্রমথ্য বৈ নৈর্ঋতরাজসম্মতাং পুরীং নভঃস্থাং যদি বা মহী[৮]তলে।
প্রিয়াং তব ভ্রাতুরনিন্দ্যরূপিণীম্ ইহানয়িষ্যন্তি নরেন্দ্র জানকীম্ ॥ ৩৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারানুনয়ো নাম
পঞ্চত্রিংশঃ সর্গঃ ॥ ৩৫ ॥

৩২। টিপ্পনী। ক্ষতজং রুধিরম্। প্রথমভয়স্য তৎসদৃশভয়স্য বালিবধবৎ সুগ্রীববধভয়স্য। ষষ্ঠ্যার্থে। হিশব্দ এবার্থে। শঙ্কিতাঃ স্ম পৌর্বকালিকবালিবধসম্বন্ধিভয়স্যেব শঙ্কিতাঃ, সুগ্রীববধবিষয়কশঙ্কাযুক্তা ইত্যর্থঃ। এতেন কোপচেষ্টামুপসংহরেতি সূচিতম্।

৩৩। টিপ্পনী। নৈর্ঋতরাজসম্মতাং রাক্ষসরাজরাবণাভিমতাম্।

হে লক্ষ্মণ, সুগ্রীব পূর্বেই যথাযোগ্য ব্যবস্থা করিয়াছেন; মহাবলশালী ঐ সকল বানর আজই আসিবে ॥ ২৯ ॥

আজই কোটি সহস্র ভল্লুক, শত শত গোলাঙ্গূল এবং পৃথিবীতে আসমুদ্র-বিচরণকারী সাগরসমীপস্থ-দ্বীপবাসী কোটি কোটি বানর ত্বরান্বিত হইয়া আপনার কাছে উপস্থিত হইবে। হে অসহিষ্ণো, আপনি শোক ত্যাগ করুন ॥ ৩০-৩১ ॥

আপনার এইরূপ মুখ দেখিয়া, ও ক্রোধে রুধিরসদৃশ চক্ষুতে এইরূপ চাহিতেছেন দেখিয়া বানররাজ-বনিতারা শান্তি পাইতেছে না; আমরা সকলে প্রথমবারের (বালিবধের) ভয়েই [সুগ্রীব-বধ বিষয়ে] শঙ্কিত আছি ॥ ৩২ ॥

হে নরনাথ, রাক্ষসরাজ রাবণের অভিমত [লঙ্কা] নগরী আকাশতলেই হউক আর ভূতলেই হউক, নিশ্চয়ই তাহাকে বিধ্বস্ত করিয়া বানরগণ আপনার ভ্রাতা রামের অনিন্দ্যরূপিণী (সুন্দরী) প্রিয়া পত্নী জনকনন্দিনী সীতাকে এখানে আনয়ন করিবে ॥ ৩৩ ॥

মহর্ষি বাল্মীকি প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারানুনয়-
নামক ৩৫শ সর্গ সমাপ্ত ॥ ৩৫ ॥

১। ঙ 'ত্বাং গাম-'। ২। ঙ '-রাষ্ট্রোপ-'। ৩। ঘ 'জহি-'। ৪। ঘ-ঙ 'কোপ-'। ৫। 'ঙ হি'। ৬। 'হরিবনিতাঃ'। ৭। চ '-ভয়শঙ্কিতাঃ'। ৮। ঙ 'মহীগতাম্', ছ 'মহীং গতাম্'।

(৩৬) ষট্‌ত্রিংশঃ সর্গঃ

ইত্যুক্তঃ[১] প্রশ্রিতং বাক্যং তারয়া ধর্ম্মসংহিতম্ ।
মৃদুস্বভাবাৎ[২] সৌমিত্রিঃ প্রতিজগ্রাহ তদ্বচঃ ॥ ১ ॥

তস্মিন্[৩] প্রতিগৃহীতে তু বাক্যে হরিগণেশ্বরঃ ।
রাম-লক্ষ্মণ-সন্ত্রাসং বস্ত্রং ক্লিন্নমিবাত্যজৎ ॥ ২ ॥

ততঃ কণ্ঠগতং মাল্যং চিত্রং বহুবিধং মহৎ ।
চিচ্ছেদ বিমদশ্চাসীৎ সুগ্রীবো বানরেশ্বরঃ ॥ ৩ ॥

স লক্ষ্মণং ভীমবলঃ[৪] সর্ববানরযূথপঃ ।
অব্রবীন্মধুরং বাক্যং সুগ্রীবঃ[৫] প্রীতিবর্দ্ধনম্[৬] ॥ ৪ ॥

প্রনষ্টা শ্রীশ্চ কীর্ত্তিশ্চ কপিরাজ্যং চ শাশ্বতম্ ।
রামপ্রসাদাৎ সৌমিত্রে পুনঃ প্রাপ্তমিদং ময়া ॥ ৫ ॥

১। লো-টী। ইত্যুক্তং বাক্যমিত্যেকং বাক্যম্। মৃদুস্বভাবাৎ কোমলপ্রকৃতেস্তদ্বচ ইত্যপরম্।

২। লো-টী। ক্লিন্নমার্দ্রম্।

১। টিপ্পনী। প্রতিজগ্রাহ তদ্বচঃ কোপং ত্যক্তবানিত্যর্থঃ।

৩। টিপ্পনী। মাল্যং বহুবিধকামমদকরম্, অত এব তচ্ছেদফলং বিমদশ্চাসীদিতি। তি০।

তারা লক্ষ্মণের প্রতি বিনয়পূর্ব্বক ধর্ম্মসঙ্গত এইরূপ বাক্য বলিলে লক্ষ্মণ কোমল স্বভাববশতঃ তাহাতে স্বীকৃত হইলেন ॥ ১ ॥

লক্ষ্মণ সেই কথা স্বীকার করিলে বানরগণের রাজা সুগ্রীব রাম ও লক্ষ্মণের ভয় আর্দ্রবস্ত্রের ন্যায় পরিত্যাগ করিল ॥ ২ ॥

তাহার পর বানররাজ সুগ্রীব [নিজের] স্কন্ধস্থিত মূল্যবান্ নানাপ্রকার বিচিত্র মাল্য ছেদন করিল এবং [কাম-] মত্ততা পরিত্যাগ করিল ॥ ৩ ॥

অত্যন্ত বলশালী বানর-দলপতি সেই সুগ্রীব লক্ষ্মণকে প্রীতিবর্দ্ধক মধুর বাক্য বলিতে লাগিল ॥ ৪ ॥

সুমিত্রানন্দন, আমার সম্পত্তি, কীর্ত্তি ও শাশ্বত বানররাজ্য—সমস্ত বিনষ্ট হইয়াছিল ; রামের অনুগ্রহে আমি পুনরায় ইহা লাভ করিয়াছি ॥ ৫ ॥

১। ঙ '-ক্তং'। ২। ঙ '-বঃ'। ৩। ণ 'অস্মি-'। ৪। ঙ '-বলং'। ৫। ঙ '-বগ্রী-'। ৬। ছ '-নঃ'।

কঃ শক্তস্তস্য[১] দেবস্য খ্যাতস্য[২] স্বেন কর্ম্মণা।
সদৃশং[৩] সদৃশে লোকে প্রতিকর্ত্তুমরিন্দম ॥ ৬ ॥
সীতাং প্রাপ্স্যতি[৪] ধর্ম্মাত্মা হনিষ্যতি চ রাবণম্।
সহায়মাত্রেণ ময়া রাঘবঃ স্বেন[৫] তেজসা ॥ ৭ ॥
সহায়কৃত্যং কিং তস্য যেন সপ্ত মহাদ্রুমাঃ।
শৈলশ্চ বসুধা চৈব দানবাস্থি চ দারিতম্[৬] ॥ ৮ ॥
ধনুরাকর্ষতস্তস্য[৭] যস্য শব্দেন লক্ষ্মণ।
সশৈলা কম্পিতা ভূমিঃ সহায়ৈস্তস্য কিং বিভো[৮] ॥ ৯ ॥
অনুযাত্রং[৯] তু রামস্য করিষ্যে নাত্র সংশয়ঃ।
গচ্ছতো বৈরিণং[১০] হন্তুং রাবণং[১১] সপুরঃসরম্ ॥ ১০ ॥

৭। লো-টী। সহায়মাত্রেণ সহায়েনেবাচরতা।
৮। লো-টী। কস্যচিদন্যস্য দানবস্য, ন দুন্দুভেঃ, তস্য প্রাগেব বিক্ষিপ্তত্বাদিতি সর্ব্বজ্ঞঃ।
১০। লো-টী। অনুযাত্রমনুগমনম্।

৬। টিপ্পনী। তস্য দেবাবতারস্য স্বেন কর্ম্মণা ধনুর্ভঙ্গবালিবধাদিনা খ্যাতস্য। তি০। কঃ শক্তঃ সমর্থঃ ? ন কোঽপীত্যর্থঃ।

৭। টিপ্পনী। সহায়মাত্রেণ ময়েত্যুপলক্ষণে তৃতীয়া। স্বয়মেবার্থসাধকঃ, অহং তু তস্য পরিকরমাত্রমিতি ভাবঃ। গো০ রা০।

৮। টিপ্পনী। সহায়কৃত্যং সহায়সাধ্যং কৃত্যম্। চেন পাতালানি তৎস্থদৈত্যাশ্চ। তি০।

শত্রুদমনকারি-লক্ষ্মণ, এ সংসারে কোন্ ব্যক্তি [ধনুর্ভঙ্গ এবং বালিবধরূপ] স্বীয় কর্ম্মদ্বারা প্রসিদ্ধ সেই রামচন্দ্রের অনুরূপ প্রত্যুপকার করিতে সমর্থ ? ॥ ৬ ॥

ধর্ম্মাত্মা রামচন্দ্র স্বীয় বিক্রমদ্বারাই সীতাকে লাভ করিবেন এবং রাবণকে বধ করিবেন ; আমি তাঁহার সহায় হইব মাত্র ॥ ৭ ॥

যিনি প্রকাণ্ড সাতটী বৃক্ষ, পর্ব্বত, পৃথিবী এবং দানবের অস্থি ভেদ করিয়াছিলেন তাহার সাহায্যের প্রয়োজন কি ? ॥ ৮ ॥

লক্ষ্মণ, যিনি ধনুর্ব্বাণ আকর্ষণ করিলে তাহার শব্দে পর্ব্বতের সহিত পৃথিবী কম্পিত হয়, প্রভু ! তাঁহার সাহায্যের প্রয়োজন কি ? ॥ ৯ ॥

অগ্রগামী সৈন্যগণের সহিত শত্রু রাবণকে বিনাশ করিতে রামচন্দ্র গমন করিলে আমি তাঁহার অনুগমন করিব, এবিষয়ে সন্দেহ নাই ॥ ১০ ॥

১। ছ '-স্থাস্য'। ২। ঙ 'শক্তস্য'। ৩। ঘ-ঙ-ছ 'মাদৃশঃ সদৃশং', ণ 'মাদৃশঃ সদৃশো বাপি'। ৪। ঘ-ঙ-ছ 'প্রাপ্স্যসি'। ৫। ঙ 'কর্ম্মণা'। ৬। ণ 'বিদারিতম্'। ৭। ঘ '-স্তত্র'। ৮। ঘ-ঙ-ছ-ঢ 'প্রভো'। ৯। ঙ '-যাতস্তু', ছ '-যাত্রাস্তু'। ১০। ঢ 'রাবণং'। ১১। ঢ 'বৈরিণং'।

যন্মে কিঞ্চিদতিক্রান্তং বিশ্বাসাৎ প্রণয়েন বা।
তন্মর্ষণীয়ং রামেণ কস্য ন স্যাদতিক্রমঃ[১] ॥ ১১ ॥
ইতি তস্য ব্রুবাণস্য সুগ্রীবস্য মহাত্মনঃ।
অভবল্লক্ষ্মণঃ প্রীতঃ প্রেম্ণা চেদমুবাচ হ[২] ॥ ১২ ॥
ধর্ম্মজ্ঞস্য কৃতজ্ঞস্য সংগ্রামেষ্বনিবর্ত্তিনঃ।
উপপন্নং চ যুক্তং চ সুগ্রীব বচনং তব ॥ ১৩ ॥
দোষজ্ঞঃ[৩] সতি সামর্থ্যে কোঽন্যো ভবিতুমর্হতি।
বর্জ্জয়িত্বা মম জ্যেষ্ঠং ভ্রাতরং ত্বাং[৪] চ বানর ॥ ১৪ ॥
সদৃশো হ্যসি[৫] রামস্য সত্ত্বেন চ বলেন চ।
সুখার্থং[৬] দৈবতৈর্দত্তশ্চিরায় হরিপুঙ্গব ॥ ১৫ ॥
সর্বথা স মম ভ্রাতা সনাথো রঘুনন্দনঃ।
ত্বয়া নাথেন সুগ্রীব প্রশ্রিতেন[৭] মহাত্মনা ॥ ১৬ ॥

১৪। লো-টী। সামর্থ্যে সতি কোঽন্যো দোষজ্ঞঃ অপরাধজ্ঞঃ ভবিতুং ত্বাং প্রাপ্তুমর্হতি, সখিভাবাৎ। যদ্বা, ভবিতুং দোষং ক্ষন্তুম্।
১৫। লো-টী। সত্ত্বেন সদ্ব্যবসায়েন। রামায় সুখার্থং ত্বং দত্তঃ। 'সখা ত্ব'মিতি বা পাঠঃ।
১৬। লো-টী। প্রশ্রিতেন বিনীতেন।

১১। টিপ্পনী। যন্মে কিঞ্চিদতিক্রান্তমপরাদ্ধম্, তন্মর্ষণীয়ং ক্ষন্তব্যম্।
১৩। টিপ্পনী। উপপন্নং যুক্তিসহিতম্, অতএব যুক্তম্ উচিতম্।

বিশ্বাস বা প্রণয়বশতঃ যদি আমার কোন অপরাধ হয় তবে তাহা রামচন্দ্র ক্ষমা করিবেন [কারণ], অপরাধ কাহার না হয় ॥ ১১ ॥

মহাত্মা সুগ্রীব এইরূপ বলিলে লক্ষ্মণ তাহার প্রতি প্রীত হইলেন এবং প্রণয় বশতঃ এইরূপ বলিতে লাগিলেন—॥ ১২ ॥

সুগ্রীব, তুমি ধার্ম্মিক, কৃতজ্ঞ এবং যুদ্ধে অপরাঙ্মুখ; তোমার বাক্য যুক্তিপূর্ণ এবং সঙ্গত ॥ ১৩ ॥

সুগ্রীব, তুমি বা আমার জ্যেষ্ঠ ভ্রাতা ভিন্ন অন্য কোন্ ব্যক্তি শক্তি থাকিতে অপরাধ জানিয়াও তাহা ক্ষমা করিতে পারে ॥ ১৪ ॥

বানরপুঙ্গব, তুমি উৎসাহ এবং পরাক্রমে রামের অনুরূপ বলিয়াই দেবতাগণ তোমাকে সুখের নিমিত্ত চিরকালের জন্য [মিত্ররূপে] দান করিয়াছেন ॥ ১৫ ॥

হে সুগ্রীব, মহামনাঃ নম্রস্বভাব তুমি সহায় হওয়ায় আমার ভ্রাতা রামচন্দ্র সর্ব্বপ্রকারে সহায়বান্ হইয়াছেন ॥ ১৬ ॥

১। ঘ-চ 'স্যাদ্ব্যতি-'। ২। ছ 'সঃ'। ৩। ঙ 'স তু'। ৪। ঘ 'বানরর্ষভ'। ৫। ঘ-ঙ 'হ্যস্য'। ৬। ছ-চ 'সখা ত্বং'। ৭। ঘ-ঙ-ছ 'প্রস্থিতেন'।

যস্তে স্বভাবঃ সুগ্রীব যচ্চ শৌর্য্যমনুত্তমম্[১]।
অর্হোঽসি[২] কপিরাজ্যস্য শ্রিয়ং ভোক্তুমনুত্তমাম্ ॥ ১৭ ॥

সহায়েন হি সুগ্রীব ত্বয়া রামঃ প্রতাপবান্।
হনিষ্যতি রণে শত্রুমচিরান্নাত্র সংশয়ঃ ॥ ১৮ ॥

কিন্তু শীঘ্রমিতো বীর নিক্রম[৩] ত্বং ময়া সহ।
সান্ত্বয়স্ব বয়স্যং চ ভার্য্যাহরণকর্ষিতম্ ॥ ১৯ ॥

যচ্চ শোকাভিভূতস্য শ্রুত্বা রামস্য ভাষিতম্ ।
ময়া ত্বং পরুষাণ্যুক্তস্তৎ[৪] সর্বং ক্ষন্তুমর্হসি ॥ ২০ ॥

মহাত্মনস্তস্য হি শোকবিক্লবং[৫] নিশম্য বাক্যং মম মন্যুরুদ্ধতঃ[৬]।
ততো[৭] ময়া ত্বং কুপিতেন মার্দ্দবং বিমুচ্য তীক্ষ্ণানি বচাংসি ভাষিতঃ ॥২১॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে সুগ্রীবলক্ষ্মণবাক্যং নাম
ষট্‌ত্রিংশঃ সর্গঃ ॥ ৩৬ ॥

১৯। লো-টী। নিষ্ক্রামস্ব নিষ্ক্রম। "শীঘ্রমিতো বীর নিক্রম ত্ব'মিতি বা পাঠঃ।
২০। লো-টী। 'রামাভিভাষিত'মিতি লুপ্তষষ্ঠী।
২১। লো-টী। উদ্ধতো জাতঃ। মার্দ্দবং কোমলত্বম্। সুগ্রীবলক্ষ্মণসম্ভাষণং নাম পঞ্চবিংশত্তমঃ (?) সর্গঃ।

সুগ্রীব, তোমার যেরূপ স্বভাব এবং অপরাজেয় পরাক্রম তাহাতে তুমি অত্যুত্তম বানররাজ লক্ষ্মী ভোগ করিবার যোগ্য ॥ ১৭ ॥

সুগ্রীব, প্রতাপশালী রামচন্দ্র তোমার সাহায্যে শীঘ্রই যুদ্ধে শত্রুবধ করিবেন—এবিষয়ে সন্দেহ নাই ॥ ১৮ ॥

কিন্তু হে বীর, তুমি শীঘ্রই আমার সহিত এই স্থান হইতে নির্গত হও এবং পত্নী অপহরণে কাতর—তোমার মিত্র রামচন্দ্রকে সান্ত্বনা দাও ॥ ১৯ ॥

শোকে অভিভূত রামের [কাতর] বাক্য শুনিয়া আমি যে তোমাকে বহু কঠোর বাক্য বলিয়াছি, তোমার সেই সমস্ত ক্ষমা করা উচিত ॥ ২০ ॥

মহাত্মা রামচন্দ্রের শোকাকুল বাক্য শুনিয়া আমার ক্রোধ জন্মিয়াছিল; সেই জন্য ক্রুদ্ধ হইয়া আমি মৃদু বাক্য ত্যাগ করিয়া কঠোর বাক্য বলিয়াছি ॥ ২১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে সুগ্রীব ও লক্ষ্মণের বাক্য-নামক ৩৬শ সর্গ সমাপ্ত ॥ ৩৬ ॥

১। ঙ 'সৌখ্য-'। ২। ঘ 'অর্হসি'। ৩। ঘ 'নিষ্ক্রাম'। ৪। ঘ ঙ-ছ '-স্তমম'। ৫। ক-গ '-বিহ্বলম্'। ৬। ঙ'-রুশ্রুতঃ'। ৭। 'অতো'।

(৩৭) সপ্তত্রিংশঃ সর্গঃ

এবমুক্তস্তু সুগ্রীবো লক্ষ্মণেন মহাত্মনা।
হনুমন্তং স্থিতং পার্শ্বে সচিবং বাক্যমব্রবীৎ ॥ ১ ॥

মহেন্দ্রহিমবদ্বিন্ধ্যকৈলাসশিখরেষু যে[১]।
মন্দরে[২] পাণ্ড্যগিরিষু পঞ্চ[৩]শৈলেষু যে স্থিতাঃ ॥ ২ ॥

তরুণাদিত্যবর্ণেষু ভ্রাজমানেষু সর্ব্বতঃ[৪]।
পর্ব্বতে[৫]ষ্বাসমুদ্রান্তে পশ্চিমায়াং চ যে দিশি ॥ ৩ ॥

আদিত্যো[৬]দয়নে চাস্তে গিরৌ সন্ধ্যাভ্র[৭]দর্শনাঃ।
[৮]যানন্যান্ পর্ব্বতান্ ভীমাঃ সংশ্রিতা হরিপুঙ্গবাঃ[৯] ॥ ৪ ॥

অঞ্জনাম্বুদসংকাশাঃ কুঞ্জরপ্রতিমৌজসঃ।
অঞ্জনে পর্ব্বতে যে চ বসন্তি হরিযূথপাঃ ॥ ৫ ॥

২। লো-টী। মহেন্দ্রাদিষু যে সংস্থিতা বানরাস্তাংস্ত্বমানয়েতি নবমশ্লোকেনান্বয়ঃ। পাণ্ড্যগিরিষু পাণ্ড্যদেশে পূজ্যেষু পঞ্চসু শৈলেষু। "গিরিঃ পূজ্যে স্ত্রিয়াং গীর্ণৌ নাদ্রৌ গণ্ডূস-কুক্রজো"রিতি ভূরিঃ।

৩। লো-টী। তরুণাদিত্যবর্ণেষু শুক্লেষু।

৪। লো-টী। আদিত্যোদয়নে আদিত্যোদয়ননামগিরিবিশেষে। 'অস্তে' অত্রাপি তথা। ন পুনরুদয়াচলে [অস্তাচলে ?] বা বাধাৎ।

৫-৬। লো-টী। অঞ্জনাম্বুদোঽঞ্জনগিরিঃ, তৎসঙ্কাশাঃ। 'অঞ্জনাম্বুদসংকাশা' ইতি

মহাত্মা লক্ষ্মণ সুগ্রীবকে এইরূপ বলিলে সুগ্রীব পার্শ্বে অবস্থিত মন্ত্রী হনুমান্‌কে এইরূপ বলিতে লাগিল ॥ ১ ॥

মহেন্দ্র, হিমালয়, বিন্ধ্য, কৈলাস ও মন্দর—এই পাণ্ড্যদেশ-প্রসিদ্ধ পঞ্চ পর্ব্বতের শিখরে যে সকল বানর আছে এবং যাহারা নবোদিত সূর্য্যের ন্যায় সর্ব্বাংশে সমুজ্জ্বল পর্ব্বতমধ্যে ও সমুদ্রের উপকণ্ঠ পর্য্যন্ত পশ্চিমদিকে আছে—॥ ২-৩ ॥

সন্ধ্যাকালীন মেঘের ন্যায় রক্তবর্ণ যে সমস্ত ভয়ঙ্কর বানর উদয়ন ও অস্তনামক পর্ব্বতে এবং অন্যান্য পর্ব্বতে অবস্থান করে—এবং যে সমস্ত কৃষ্ণবর্ণ মেঘতুল্য সিংহ সদৃশ পরাক্রমশালী বানরদলপতি অঞ্জন পর্ব্বতে বাস করে—॥৪-৫॥

১। ছ 'চ'। ২। ছ 'রেঽপাণ্ড্যগিরিষু', গ '-রে পুণ্ড্রগিরিষু'। ৩। ক '-শিখরে'। ৪। গ 'সর্ব্বশঃ'। ৫। ঘ ছ '-তেষু সমুদ্রান্তে', গ 'তেষু সমুদ্রেষু'। ৬। ঘ ঙ-'ত্যভবনে আস্তে', ছ '-ত্যভবনেঽথাস্তে', গ -'ত্যভবনে চাস্ত্যগিরৌ'। ৭। ঘ-ছ-ঢ '-সন্ধ্যাভ্রসন্নিভাঃ'। ৮। ঢ 'পদ্মাননলতা-', ঘ-ছ 'পদ্মাননতলাভীমাঃ', ঙ '-পদ্মাননবলা-'।

মনঃশিলাগুহাশয্যা বানরাঃ কনকপ্রভাঃ।
মেরুপার্শ্বে[১] স্থিতা[২] যে চ যে চ ধূম্রগিরি[৩]স্থিতাঃ ॥ ৬ ॥
বানরাঃ কনকপ্রখ্যা হরিতালদরী[৪]শয়াঃ।
বহবো বানরাঃ শূরাঃ[৫] সংশ্রিতা যে চ মন্দরম্[৬] ॥ ৭ ॥
তরুণাদিত্যবর্ণাশ্চ[৭] পর্ব্বতে যে মহোদয়ে।
পিবন্তি মধু মৈরেয়ং ভীমবেগাঃ প্লবঙ্গমাঃ ॥ ৮ ॥
বনেষু রমণীয়েষু[৮] সুগন্ধিষু মহৎসু চ।
তাপসানাং চ রম্যেষু বনান্তেষু সমন্ততঃ[৯] ॥ ৯ ॥
[১০]তাংস্ত্বমানয় বৈ ক্ষিপ্রং পৃথিব্যাং সর্ব্ববানরান্।
সামদানাদিভিঃ কল্পৈরনুপ্রেষয় বানরান্ ॥ ১০ ॥

পাঠে কৃষ্ণমেঘতুল্যাঃ। অঞ্জনং কজ্জলযুক্তমিব নয়নং বিদ্যতে যেষু তে অঞ্জনাঃ কজ্জলযুক্তনয়না ইব যে বানরাঃ, মনঃশিলা আর্দ্রধাতুবিশেষঃ সা চ গুহা চ শয্যা যেষাং তে। 'ধাতুর্মনঃশিলাত্তদ্রেরি'-ত্যমরঃ। ধূম্রা ধূম্রবর্ণাঃ।

৭। লো-টী। অন্যে চ যে কনকপ্রখ্যা হরিতালদরী হরিতালোৎপত্তিগুহা তচ্ছয়াঃ। মন্দরং মন্দরপাদপম্। 'মন্দরস্তু পুমান্ মন্থশৈলে মন্দরপাদপে' ইতি কোষঃ।

৮। লো-টী। মহোদয়ে কান্যকুব্জদেশ-পর্ব্বতে। 'মহোদয়ঃ কান্যকুব্জে চাধিপত্যাপবর্গয়ো'রিতি কোষ.।

১০। লো-টী। কল্পৈঃ প্রকারৈঃ।

কাঞ্চনবর্ণ যে সকল বানর মনঃশিলা ও পর্ব্বতগুহায় শয়ন করে এবং যাহারা মেরুপর্ব্বতের পার্শ্বে ও ধূম্র পর্ব্বতে অবস্থান করে—॥ ৬ ॥

যে সকল কাঞ্চনবর্ণ বানর হরিতালের উৎপত্তিগুহায় শয়ন করে—এবং যে অসংখ্য বলবান্ বানর মন্দর পর্ব্বতে অবস্থান করে—॥ ৭ ॥

কান্যকুব্জদেশ-স্থিত মহোদয় পর্ব্বতে নবোদিত সূর্য্যের ন্যায় রক্তবর্ণ ভয়ঙ্কর বলশালী যে সকল বানর মৈরেয়নামক [মিরাদেশীয়] মদ্য পান করে এবং যাহারা রমণীয় সৌরভাকীর্ণ বিশাল বনে ও তাপসদিগের সুরম্য আশ্রমে বাস করে—॥৮-৯॥

তুমি পৃথিবীস্থ সেই সমস্ত বানরকে শীঘ্র আনয়ন কর এবং সামদানাদি উপায় অবলম্বন করত তাহাদিগকে প্রেরণ কর ॥ ১০ ॥

১। ঘ-ঙ চ '-শ্বগতাশ্চৈব'। ২। গ '-স্থিতাশ্চৈব'। ৩। ঘ '-ধূম্রগিরৌ শ্রিতাঃ', গ 'গৃধ্রগিরৌ স্থিতাঃ'। ৪। চ '-গিরিশ-'। ৫। ছ '-রাস্তত্র'। ৬। গ 'মন্দরে'। ৭। ঙ '-বর্ণাভাঃ'। ৮। ছ 'চম্পূরম্যেষু'। ৯। চ 'গুহাসু চ'। ১০। ঙ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি।

প্রেষিতাঃ প্রথমে[1] যে চ ময়া দূতা মহৌজসঃ।
তেষাং ত্বরার্থং ভূয়স্ত্বং হরীন্ প্রেষয় চাপরান্[2] ॥ ১১ ॥
যে চ প্রসক্তাঃ কামেষু[3] দীর্ঘসূত্রাশ্চ[4] বানরাঃ।
ইহ চানয়[5] তানাশু সর্ব্বাংস্ত্বং মম শাসনাৎ ॥ ১২ ॥
অহোভির্দশভিঃ শীঘ্রং নাগমিষ্যন্তি যে ত্বিহ[6]।
হন্তব্যাস্তে দুরাত্মানো রাজশাসনদূষকাঃ ॥ ১৩ ॥
শতানি চ সহস্রাণাং কোট্যশ্চ মম শাসনাৎ।
প্রয়ান্তু কপিবীরা[7] বৈ দিশো রামবশে স্থিতাঃ ॥ ১৪ ॥
মেঘপর্ব্বতসঙ্কাশাশ্ছাদয়ন্ত ইবাম্বরম্।
ঘোররূপাঃ কপিশ্রেষ্ঠা যান্তু মচ্ছাসনাদ্দিশঃ ॥ ১৫ ॥
তে গতিজ্ঞা গতীর্জ্ঞাত্বা[8] পৃথিব্যাং সর্ব্ববানরান্।
আনয়ন্তু হরিশ্রেষ্ঠান্ হরয়ো মম শাসনাৎ ॥ ১৬ ॥

১২। গো-টী। অগু শ্বো বা নির্বহতি যৎ কৃত্যং তৎ পক্ষেণ মাসেন বা নির্ব্বাহয়ন্তি যে তে দীর্ঘসূত্রাঃ।

১২। টিপ্পনী। দীর্ঘসূত্রাঃ চিরক্রিয়াঃ উদ্যোগং কুর্ব্বাণা ইব কালযাপকা ইত্যর্থঃ। গোঃ রাঃ।

আমি প্রথমে মহাবলশালী যে সকল দূতকে [সৈন্য-সংগ্রহার্থ] প্রেরণ করিয়াছি তাহাদের সত্বর আসিবার জন্য অন্য বানরদিগকে প্রেরণ কর ॥ ১১ ॥

যে সকল বানর কামাসক্ত এবং দীর্ঘসূত্র (বিলম্বে কার্য্যকারী) আমার আদেশানুসারে তাহাদিগকে শীঘ্র এইখানে আনয়ন কর ॥ ১২ ॥

যাহারা শীঘ্র দশদিনের মধ্যে এইস্থানে না আসিবে রাজার আদেশ-লঙ্ঘনকারী সেই সমস্ত দুরাচার বানরকে বধ করিবে ॥ ১৩ ॥

আমার আদেশে লক্ষ-লক্ষ—কোটী-কোটী—বীর বানর রামের অনুগত হইয়া চারিদিকে গমন করুক ॥ ১৪ ॥

মেঘ এবং পর্ব্বততুল্য ঘোরাকৃতি শ্রেষ্ঠ বানরগণ আমার আদেশে আকাশ আচ্ছাদন করত চতুর্দ্দিকে যাত্রা করুক ॥ ১৫ ॥

[বানরগণের] গতিবিধি পরিজ্ঞানে অভিজ্ঞ সেই বানরগণ [তাহাদের] গন্তব্য স্থানসমূহ অবগত হইয়া আমার আদেশ অনুসারে পৃথিবীর শ্রেষ্ঠ বানর সকলকে আনয়ন করুক ॥ ১৬ ॥

১। ঘ-ছ-ট 'প্রথমং'। ২। ঘ-ছ-ট 'সংপ্রেষয়াপরান্'। ৩। ঙ 'কর্ম্মেষু'। ৪। ঙ'-পারাশ্চ'। ৫। ঘ-ণ 'ইহাপনয়', ঙ 'ইহানয় চ', ট 'ইহানায়য়'। ৬। ঘ-ঙ-ছ-ট 'মম'। ৭। ছ 'হরি-'। ৮। ঘ-ঙ-ছ-ট 'গতিং জ্ঞাত্বা'।

তস্য বানররাজস্য শ্রুত্বা বায়ুসুতো[1] বচঃ।
দিক্ষু[2] দশসু বিক্রান্তান্ প্রেষয়ামাস বানরান্ ॥ ১৭ ॥

তে পদং বিষ্ণুনা[3] ক্রান্তং পতঙ্গজ্যোতিরাবৃতম্[4]।
প্রয়াতাঃ প্রহিতা রাজ্ঞা খমাবৃত্য সমন্ততঃ ॥ ১৮ ॥

তে সমুদ্রেষু গিরিষু বনেষু চ সরিৎসু[5] চ।
বানরা বানরান্ সর্ব্বান্ রামহেতোরচোদয়ন্ ॥ ১৯ ॥

মৃত্যুকালসমস্যাজ্ঞাং কপিরাজস্য সর্ব্বতঃ[6]।
কপয়ো দূতবাক্যানি শ্রুত্বৈব[7] ভয়মাদধুঃ ॥ ২০ ॥

অথাঞ্জনসবর্ণানাং গিরেস্তস্মান্মহাঞ্জনাৎ[8]।
তিস্রঃ কোট্যঃ প্লবঙ্গানাং[9] প্রযযুর্যত্র রাঘবঃ ॥ ২১ ॥

অস্তং গচ্ছতি যত্রার্কো গিরৌ হেমপ্রভে[10] শুভে[11]।
তপ্তহেমসবর্ণানাং তস্মাৎ কোট্যো দশাগতাঃ[12] ॥ ২২ ॥

১৮। লো-টী। বিষ্ণুবিক্রান্তং পদং স্থানমন্তরীক্ষং পতঙ্গজ্যোতিরাবৃতং সূর্য্যজ্যোতিষা ব্যাপ্তম্। 'পতঙ্গঃ শলভে সূর্য্যে' ইতি কোষঃ। খং নভঃ।

২০। লো-টী। দূতবাক্যানি কপিরাজস্যাজ্ঞাম্।

২১। লো-টী। মহাঞ্জনাদঞ্জনসন্নিভাদ্ গিরেরিত্যর্থঃ। 'মহৌজস' ইতি পাঠে তিস্র ইত্যস্য বিশেষণম্।

পবননন্দন হনুমান্ বানররাজ সুগ্রীবের বাক্য শুনিয়া বিক্রমশালী বানরদিগকে দশ দিকে প্রেরণ করিলেন ॥ ১৭ ॥

রাজা সুগ্রীবকর্ত্তৃক প্রেরিত সেই বানরগণ ভগবান্ বিষ্ণুদ্বারা আক্রান্ত সূর্য্যতেজে পরিব্যাপ্ত আকাশকে আচ্ছাদিত করিয়া চতুর্দ্দিকে গমন করিল ॥ ১৮ ॥

সেই বানরগণ সমুদ্র, পর্ব্বত এবং সরোবর—সর্ব্বত্র সমস্ত বানরকে রামের কার্য্যে প্রেরণ করিতে লাগিল ॥ ১৯ ॥

চারিদিকে বানরগণ—মৃত্যুকালসদৃশ বানররাজ সুগ্রীবের আদেশ—দূতবাক্য—শ্রবণ করিয়াই সন্ত্রস্ত হইয়া উঠিল ॥ ২০ ॥

অনন্তর কজ্জলসদৃশ কৃষ্ণবর্ণ সেই পর্ব্বত হইতে কৃষ্ণবর্ণ তিনকোটী বানর রামের সমীপে যাত্রা করিল ॥ ২১ ॥

সূর্য্যদেব যে কাঞ্চনবর্ণ পবিত্র পর্ব্বতে অস্ত যান সেই পর্ব্বত হইতে তপ্তকাঞ্চনসদৃশ দশকোটী বানর আগমন করিল ॥ ২২ ॥

১। ঙ ছ-ণ '-তস্ততঃ'। ২। ঘ-ঙ-ছ 'দিশো দশ সুবি-'। ৩। ঘ-ছ-ট 'বিষ্ণুবিক্রান্তং'। ৪। ছ-ট 'পতত্রি-'। ৫। ট 'মহৎসু চ'। ৬। ঙ-ছ-ট 'সর্ব্বশঃ'। ৭। ঙ '-বং'। ৮। ঘ-ছ-ণ '-মহৌজসাম্', ঙ '-মহৌজসঃ'। ৯। ঘ-ঙ-ছ '-নামাযযুর্যত্র'। ১০। ণ 'প্রভাসিতে'। ১১ ঘ 'শিবে'। ১২। ক-'দশ গ-'।

বানরাণাং সুবীরাণাং[১] সিংহসংহননৌজসাম্ ।
মন্দরাৎ পর্ব্বতশ্রেষ্ঠাৎ ত্রিংশৎ কোট্যঃ সমাযযুঃ ॥ ২৩ ॥
কৈলাসশিখরেভ্যস্তু সিংহকেশরবর্চসাম্ ।
কোটীশতানি[২] দ্বাত্রিংশদ্বানরাণামুপাগমন্[৩] ॥ ২৪ ॥
ফলমূলরসজ্ঞা যে হিমবন্তমুপাশ্রিতাঃ ।
তেষাং[৪] কোটীসহস্রাণি[৫] সহস্রং পর্য্যবর্ত্তত ॥ ২৫ ॥
অঙ্গারনিকরাভাণাং ভীমানাং ভীমকর্ম্মণাম্ ।
বিন্ধ্যাদ্ বানরকোটীনাং সহস্রং সংন্যবর্ত্তত ॥ ২৬ ॥
উদয়াৎ[৬] পর্ব্বতাচ্চৈব প্রখ্যাতবলপৌরুষাঃ ।
দশকোটীসহস্রাণি[৭] বানরাণামুপাগমন্[৮] ॥ ২৭ ॥

২৩। লো-টী। সিংহসংহননং সিংহশরীরং তস্যেব ওজো বলং যেষাং তেষাম্। ‘তনুস্তনূঃ সংহননং শরীর’মিতি রত্নমালা ; যদ্বা, ‘বরাঙ্গরূপোপেতো যঃ সিংহসংহননো হি সঃ’ ইত্যমরঃ। তস্যেব ওজো দীপ্তির্যেষাং তেষাম্।

২৪। লো-টী। সিংহকেশরস্যেব সিংহসটায়া ইব বর্চ্চো দীপ্তির্যেষাং তেষাম্।

২৫। লো-টী। ‘ফলমূলরসং মধু’ তজ্জানতে ইতি তথা। ‘মধুনি তু ভনো বিদ্যাৎ ফলমূলরসং হিমে’ ইতি নির্ঘণ্টা ইতি বিমলবোধাঃ। ফলমূলয়ো রসজ্ঞা ইতি বা। ‘সহস্রাণি সহস্র’মিতি ষষ্ঠ্যর্থে প্রথমা। ‘সহস্রাণাং সহস্র’মিত্যপি ক্বচিৎ পাঠঃ। পর্য্যবর্ত্তত আগচ্ছৎ।

২৬। লো-টী। সন্ন্যবর্ত্তত আগচ্ছৎ।

২৭। লো-টী। উদয়াৎ পর্ব্বতাদিতি জম্বুদ্বীপবর্ত্তী কশ্চন পর্ব্বত উদয়নামা তস্মাৎ।

পর্ব্বতশ্রেষ্ঠ মন্দর পর্ব্বত হইতে সিংহের ন্যায় শরীর ও বলশালী মহাবীর ত্রিশ-কোটী বানর সমাগত হইল ॥ ২৩ ॥

কৈলাস পর্ব্বতের শিখরদেশ হইতে সিংহের কেশর-সদৃশ বর্ণবিশিষ্ট বত্রিশ শত কোটী বানর উপস্থিত হইল ॥ ২৪ ॥

ফল-মূলভোজী হিমালয় পর্ব্বতস্থিত পদ্ম-পরিমিত বানর আসিয়া উপস্থিত হইল ॥ ২৫ ॥

বিন্ধ্য পর্ব্বত হইতে অঙ্গারসদৃশ কৃষ্ণবর্ণ ভীমকর্ম্মা ভয়ঙ্কর সহস্রকোটী বানর আসিয়া উপস্থিত হইল ॥ ২৬ ॥

বিখ্যাত বলশালী দশসহস্র-কোটী বানর উদয় পর্ব্বত হইতে আগমন করিল ॥ ২৭ ॥

১। ঘ ‘প্রবী-’, ঙ-ছ ‘চ সুগ্রীবং’, গ ‘চ বীরা-’। ২। ঙ‘-শতানাং’। ৩। ঙ-‘গতান্’। ৪। ঙ ‘অথ তেষাং সহস্রাণাং’। ৫। ঘ ‘-স্রাণাং’। ৬। ঙ ‘উত্তরাৎ’। ৭। ‘-সহস্রাণাং’। ৮। ঘ-ছ ‘রাঃ সমুপাগমন্’।

ক্ষীরোদবেলানিলয়াস্তমালফলভক্ষিণঃ[১]।
নারিকেলাশনাঃ সৌম্যাস্তেষাং[২] সংখ্যা ন বিদ্যতে ॥ ২৮ ॥
বনেভ্যঃ[৩] সাগরান্তেভ্যঃ সরিদ্ভ্যশ্চ বনৌকসাম্।
[৪]আগচ্ছদ্বানরচমূ রুন্ধতীব দিবাকরম্ ॥ ২৯ ॥
যে তু ত্বরয়িতুং যাতা বানরাঃ সর্ব্ববানরান্।
তে বীরা[৫] হিমবচ্ছৈলে[৬] দদৃশুর্ম্মহদদ্ভুতম্ ॥ ৩০ ॥
তস্মিন্ গিরিবরে পুণ্যে যজ্ঞো মাহেশ্বরঃ পুরা।
সর্ব্বদেবমনস্তোষী[৭][৮] বভূব পরমার্চিতঃ[৯][১০] ॥ ৩১ ॥
অনুবিশ্য[১১] সুজাতানি মূলানি চ ফলানি চ[১২]।
বিবিধাশ্চৌষধীমুখ্যা[১৩] জগৃহুর্হরিপুঙ্গবাঃ ॥ ৩২ ॥

২৮। লো-টী। ক্ষীরোদবেলানিলয়াঃ। অত্রাপি জম্বুদ্বীপবর্ত্তী কশ্চিন্নদঃ ক্ষীরোদ-নামা, তত্তীরনিলয়াঃ।

২৯। লো-টী। বনৌকসাং যূথপতীনাম্। যদ্বা, 'ময়ূরকেকাভিরুক্ত'মিতিবৎ প্রয়োগঃ। রুন্ধতীব আবৃণ্বন্তীব।

৩১। লো-টী। তোষঃ সুখম্। পরমার্চ্চিতঃ পরমো মহান্ অর্চ্চিতঃ প্রার্থ্যঃ।

৩২। লো-টী। অনুবিশ্য প্রবিশ্য। সুজাতানি কোমলানি।

ক্ষীরোদ সমুদ্রের তীরে অবস্থিত, তমালফল এবং নারিকেল-ফলভোজী অসংখ্য বানর আসিল ॥ ২৮ ॥

বন, সমুদ্র এবং নদীর মধ্য হইতে বনবাসী বানর-দলপতিদের বানরসৈন্য সূর্য্যদেবকে রোধ করিয়াই যেন উপস্থিত হইল ॥ ২৯ ॥

যে সকল বানর অন্য বানরদিগকে ত্বরান্বিত করিবার জন্য গমন করিয়াছিল সেই বীর বানরগণ হিমালয় পর্ব্বতে আশ্চর্য্য ব্যাপার দেখিতে পাইল ॥ ৩০ ॥

পুরাকালে সেই পবিত্র হিমালয়ে মহাদেব সকল দেবগণের চিত্তসন্তোষকর একান্ত বাঞ্ছনীয় যজ্ঞ সম্পাদন করিয়াছিলেন ॥ ৩১ ॥

শ্রেষ্ঠ বানরগণ সেখানে প্রবেশ করিয়া কোমল ফল-মূল ও নানাবিধ শ্রেষ্ঠ ঔষধী সংগ্রহ করিল ॥ ৩২ ॥

১। ঘ ঙ '-বনগন্ধিনঃ', ছ-ট '-দনগন্ধিনঃ'। ২। ঙ 'সর্ব্বে তেষাং'। ৩। ঙ '-রেভ্যশ্চ'। ৪। ঘ ণ 'অভ্যাগাদ্বানর-' ঙ-ছ 'অভ্যায়াদ্বানর-'। ৫। ণ 'বানরা হি'। ৬। ঙ 'হেম-'। ৭। ণ '-সভঃ সোঽপি'। ৮। ছ '-স্তোষো'। ৯। ণ 'গিরিশার্চ্চিতঃ'। ১০। 'ছ '-ঘঃ'। ১১। ছ 'অন্নাবস্থন্দজাতানি', ণ 'তত্র নিস্যন্দজাতানি'। ১২। অতঃপরং ছ-ণ-পুস্তকয়োঃ 'অমৃতস্বাদুকল্পানি দদৃশুস্তত্র বানরাঃ। তদন্নসম্ভবং দিব্যং ফলমূলং মনোহরম্॥ যঃ কশ্চিৎ সকৃদশ্নাতি মাসং ভবতি বিক্লবঃ। তানি মূলানি দিব্যানি ফলানি চ ফলাশনাঃ॥' ইত্যধিকম্। ১৩। ছ-ট 'শ্চ মুখ্যা'।

তস্মাচ্চ যজ্ঞায়তনাৎ[1] পুষ্পাণি সুরভীণ্যপি[2]।
আনিন্যুর্ব্বানরাস্তত্র সুগ্রীবপ্রিয়কারিণঃ[3] ॥ ৩৩ ॥

তে তু[4] সর্ব্বে হরিবরাঃ পৃথিব্যাং সর্ব্ববানরান্।
তদা সংপ্রেক্ষ্য ত্বরিতং ত্বরয়া জগ্মুরগ্রতঃ ॥ ৩৪ ॥

তে তু তেন মুহূর্ত্তেন বানরাঃ শীঘ্রচারিণঃ।
কিষ্কিন্ধ্যাং সমনুপ্রাপ্তাঃ সুগ্রীবো যত্র বানরঃ ॥ ৩৫ ॥

তে গৃহীত্বৌষধীর্দিব্যাঃ ফলমূলং চ বানরাঃ।
তং প্রতিগ্রাহয়ামাসুর্ব্বচনং চেদমব্রুবন্ ॥ ৩৬ ॥

সর্ব্বদেশা[5] গতাঃ শৈলাঃ[6] সমুদ্রাশ্চ[7] বনানি চ।
পৃথিব্যাং বানরাঃ সর্ব্বে শাসনাদুপযান্তি তে ॥ ৩৭ ॥

ততঃ প্রহর্ষমগমৎ[8] সুগ্রীবো বানরাধিপঃ।
প্রতিজগ্রাহ চ প্রীতস্তেভ্যঃ সর্ব্বমুপায়নম্ ॥ ৩৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে হনুমদাদেশো
নাম সপ্তত্রিংশঃ সর্গঃ ॥ ৩৭ ॥

৩৩। লো-টী। 'সুগ্রীবপ্রিয়কারিণঃ' সুগ্রীবপ্রিয়কাম্যয়া ইতি বা পাঠঃ।
৩৪। লো-টী। পৃথিব্যাং জম্বুদ্বীপে, ত্বরিতং যথা ভবতি তথা সংপ্রেক্ষ্য ত্বরয়া আজগ্মুঃ।
৩৭। লো-টী। সর্ব্বদেশাদয়ঃ বানরৈর্গতাঃ। অতস্তে শাসনাদাজ্ঞাতঃ উপযান্তি উপযাস্যন্তি আগমিষ্যন্তীত্যর্থঃ। হনূমদাদেশো নাম সর্গঃ।

সুগ্রীবের প্রিয়কারী বানরগণ সেই যজ্ঞালয় হইতে সুগন্ধি পুষ্পসকল আনয়ন করিল ॥ ৩৩ ॥

সেই শ্রেষ্ঠ বানরগণ সকলেই পৃথিবীস্থ সমস্ত বানরকে সত্বর পর্য্যবেক্ষণ করিয়া তৎক্ষণাৎ দ্রুতবেগে অগ্রগামী হইল ॥ ৩৪ ॥

শীঘ্রগামী সেই বানরগণ তন্মুহূর্ত্তে কিষ্কিন্ধ্যায় সুগ্রীবের নিকট উপস্থিত হইল ॥৩৫॥

সেই বানরগণ উৎকৃষ্ট ওষধী ও ফল-মূল আনয়ন করিয়া সুগ্রীবকে উপহার দিল এবং এই কথা বলিতে লাগিল—॥ ৩৬ ॥

আমরা সমস্ত দেশ, সকল পর্ব্বত, [সপ্ত] সমুদ্র এবং সমস্ত বনে গমন করিয়াছি ; আপনার আদেশানুসারে পৃথিবীর সমস্ত বানর আগমন করিতেছে ॥৩৭॥

তারপর বানররাজ সুগ্রীব আনন্দিত হইয়া তাহাদের নিকট হইতে উপহার সকল গ্রহণ করিল ॥ ৩৮ ॥

মহর্ষি বাল্মীকিকৃত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে হনুমদাদেশ নামক ৩৭শ সর্গ সমাপ্ত ॥৩৭॥

১। চ 'যজ্ঞোপবনাৎ'। ২। ছ '-সুরভীনি চ'। ৩। ঘ-ঙ 'কাময়া', ছ 'কাঙ্ক্ষিণঃ'। ৪। ঙ 'তেন তে তু'। ৫। ঘ 'সর্ব্বদেব-', ছ 'সর্ব্বে যে চ', প 'সর্ব্বে পরিস্থতাঃ'। ৬। ছ 'শৈলান্'। ৭। ছ '-দ্রাংশ্চ'। ৮। চ-'মতুলং'

(৩৮) অষ্টাত্রিংশঃ সর্গঃ

প্রতিগৃহ্য তু তৎ সর্ব্বমুপায়নমুপাগতম্ ।
বানরান্ সান্ত্বয়িত্বা [১]চ সর্ব্বানেব ব্যসর্জয়ৎ ॥ ১ ॥
[২]সংবিসৃজ্য চ [৩]সুগ্রীবস্তান্ হরীন্ কৃতকর্ম্মণঃ ।
[৪]জজ্ঞে কৃতার্থমাত্মানং [৫]রাঘবং চ [৬]হরীশ্বরঃ ॥ ২ ॥
[৭]লক্ষ্মণস্তু ততো বীরঃ সুগ্রীবং প্লবগেশ্বরম্ ।
অব্রবীৎ [৮]প্রসৃতং বাক্যং ত্বরয়ন্ মধুরং [৯]তদা ॥ ৩ ॥
প্রাপ্তাস্তে হরয়ো [১০]বীরা যে গতাস্তব শাসনাৎ ।
গন্তু[১১]মর্হসি তং দ্রষ্টুং রাঘবং [১২]প্রিয়কারিণম্ ॥ ৪ ॥
তস্য তদ্বচনং শ্রুত্বা লক্ষ্মণস্যার্থবৎ তদা ।
সুগ্রীবঃ পরমপ্রীতো বাক্যমেতদুবাচ হ ।
গুহায়াস্ত্বদ্য নির্যামো [১৩]যদি লক্ষ্মণ [১৪]মন্যসে ॥ ৫ ॥
অথ রাজা [১৫]সমৃদ্ধার্থঃ সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ ।
রামং [১৬]দিদৃক্ষুস্ত্বরিতং প্রস্থানং [১৭]সমরোচয়ৎ ॥ ৬ ॥

২। গো-টী। জজ্ঞে জ্ঞাতবান্।

সুগ্রীব উপস্থিত সেই সকল উপঢৌকন গ্রহণ করিয়া সমস্ত বানরকে সন্তুষ্ট করত বিদায় দিল ॥ ১ ॥

বানররাজ সুগ্রীব কৃতকর্ম্মা (অর্থাৎ কার্য্য-দক্ষ) বানরদিগকে বিদায় দিয়া নিজেকে এবং রামচন্দ্রকে কৃতার্থ বলিয়া মনে করিল ॥ ২ ॥

বীর লক্ষ্মণ বানররাজ সুগ্রীবকে ত্বরান্বিত করিয়া বিনয়পূর্ব্বক মধুর বাক্য বলিতে লাগিলেন—॥ ৩ ॥

[সুগ্রীব,] তোমার আদেশে যে সমস্ত বীর বানর গমন করিয়াছিল তাহারা আসিয়াছে, তুমি উপকারী রামকে দেখিবার জন্য যাইতে পার ॥ ৪ ॥

সুগ্রীব সেই লক্ষ্মণের তাদৃশ অর্থযুক্ত বাক্য শুনিয়া অত্যন্ত প্রীত হইয়া এই কথা বলিল—"লক্ষ্মণ, যদি ইচ্ছা কর তবে অদ্যই গুহা হইতে বহির্গত হইব" ॥ ৫ ॥

অনন্তর কৃতকার্য্য বানররাজ সুগ্রীব রামকে দেখিবার জন্য সত্বর প্রস্থানের অভিলাষ করিল ॥ ৬ ॥

১। ঙ ছ 'তু'। ২। খ ও 'সবি'। ৩। ঘ-ঙ '-বো বানরান্'। ৪। চ 'মেনে'। ৫। ঙ '-বং স হরীশ্বরম্'। ৬। চ 'মহাবলম্'। ৭। চ 'স লক্ষ্মণস্ততো'। ৮। ছ 'প্রশ্রিতং', ঘ 'ভ্রাতরং', চ 'মধুরং'। ৯। চ 'তথা'। ১০। ছ 'বীর'। ১১। ঙ '-ति'। ১২। ছ 'প্রীতিকা-'। ১৩। চ 'তে সৌম্য রোচতে'। ১৪। অতঃপরং ঘ-চ-পুস্তকয়োঃ 'এবং ভবতু গচ্ছামঃ স্থেয়ং তচ্ছাসনেন্ ময়া' ইত্যধিক। ১৫। ঙ 'স সিদ্ধার্থঃ'। ১৬। ঘ '-তঃ'। ১৭। চ '-রোচত'।

স মন্ত্রিণঃ সমানায্য মুখ্যাংশ্চ হরিযূথপান্[১]।
সুগ্রীবো মন্ত্রয়ামাস লক্ষ্মণেন চ ধীমতা ॥ ৭ ॥
হরিসৈন্যমিদং প্রাপ্তমবিঘ্নেন সমন্ততঃ।
সমাগচ্ছন্তি চাপ্যপি হরয়ো বনবাসিনঃ ॥ ৮ ॥
অনুরক্তাঃ[২] প্রহৃষ্টাশ্চ তুষ্টাশ্চ হরিপুঙ্গবাঃ।
প্রাপ্তা যে তব বলিনস্তান্ ন সংখ্যাতুমুৎসহে ॥ ৯ ॥
তে বয়ং কপিসৈন্যেন সর্ব্বেণ[৩] সহ বানরাঃ।
মাল্যবন্তং গিরিং গত্বা পশ্যামো লক্ষ্মণাগ্রজম্ ॥ ১০ ॥
প্রীতিমেষ্যতি সুব্যক্তং দৃষ্ট্বৈব হরিবাহিনীম্।
মাং[৪] চোদ্যন্তং[৫] সমালক্ষ্য অত্যন্ত[৬]জ্ঞাতিসংকৃতম্[৭] ॥ ১১ ॥
অথবাহং গমিষ্যামি স্বয়মেব কৃতাঞ্জলিঃ।
লক্ষ্মণং পুরতঃ কৃত্বা প্রসাদয়িতুমীশ্বরম্ ॥ ১২ ॥

৮। লো-টী। সম্যগায়ান্তি চ।

১০। লো-টী। মাল্যবন্তং গিরিং গত্বেতি। নায়ং মেরুকেশরবাচকঃ, কিন্তু কিষ্কিন্ধ্যায়াং ঋষ্যমূকস্য মাল্যবান্ নামেদং "নিষাদাস্থাস্ত্রয়স্ত্রয়" ইতি বচনাৎ ইতি বিমলবোধাঃ।

১১। লো-টী। 'মন্যুং ত্যক্ষ্যতি যৎ কৃত'মিতি বা পাঠঃ।

১২। লো-টী। স্বয়মেব এক এব।

সুগ্রীব মন্ত্রীদিগকে এবং প্রধান প্রধান বানর-দলপতিদিগকে আনাইয়া তাহাদের এবং বুদ্ধিমান্ লক্ষ্মণের সহিত পরামর্শ করিতে লাগিল ॥ ৭ ॥

এই সমস্ত বানরসৈন্য চতুর্দ্দিক্ হইতে নির্ব্বিঘ্নে উপস্থিত হইয়াছে এবং এখনো বনবাসী বানরগণ আসিতেছে ; আজ যে সমস্ত অনুরক্ত, আনন্দিত ও সন্তুষ্ট —বলবান্ শ্রেষ্ঠ বানর আসিয়াছে তাহাদের গণনা করিতে পারি না ॥ ৮-৯ ॥

আমরা সকল বানরসৈন্যের সহিত মাল্যবান্ পর্ব্বতে যাইয়া রামচন্দ্রকে দর্শন করিব ॥ ১০ ॥

তিনি বানরসৈন্যদিগকে দেখিয়া এবং জ্ঞাতিগণকর্তৃক অত্যন্ত সম্মানিত আমাকে [সীতান্বেষণে] উদ্যুক্ত দেখিয়া নিশ্চয়ই প্রীতি লাভ করিবেন ॥ ১১ ॥

অথবা আমি একাকীই লক্ষ্মণকে অগ্রে করিয়া কৃতাঞ্জলিপুটে প্রভুকে সন্তুষ্ট করিবার জন্য গমন করিব ॥ ১২ ॥

১। ছ '-পুঙ্গবান্', চ 'পুঙ্গবোঃ'। ২। ঘ-ছ ণ '-ক্তাশ্চ পুষ্টাশ্চ'। ৩। ছ 'সহ-'। ৪। ছ-ট-পুস্তকয়োরেতদর্দ্ধং নাস্তি। ৫। ঘ 'চোদ্যুক্তং', ট 'সংযুক্তং'। ৬। ঘ '-মন্যুং ত্যক্ষ্যতি'। ৭। ঙ '-সঙ্গতম্'।

তেন ত্বপ্রতিবীর্য্যেণ[১] তারা রাজ্যং রুমা চ মে[২]।
প্রাণাশ্চ দত্তা[৩] দয়িতা হত্বা বালিনমাহবে ॥ ১৩ ॥
পশ্যাম্যেব[৪] হি কাকুৎস্থং তং[৫] সংক্রুদ্ধমরিন্দমম্।
জাজ্বল্যমানং[৬] কোপেন দিধক্ষুমিব পাবকম্ ॥ ১৪ ॥
স দৃষ্ট্বা লক্ষ্মণং মাং চ কৃতাঞ্জলিপুটৌ স্থিতৌ।
প্রসাদমভি[৭]গচ্ছে[৮]ত সলিলং শরদীব হি ॥ ১৫ ॥
তদবেক্ষ্যানয়োর্[৯]বুদ্ধ্যোর্যা ভবেদ্ গুণবত্তরা।
তাং সংপ্রধার্য্য মনসা সমনু[১০]জ্ঞাতুমর্হথ[১১] ॥ ১৬ ॥

১৩। লো-টী। ন বিদ্যতে প্রতি প্রতিনিধিস্তুল্যো বীর্য্যে যস্য তেন। যদ্বা, ন বিদ্যতে প্রতি উপমা যস্য তদ্ বীর্য্যং যস্য তেন, অনুপমবীর্য্যেণেত্যর্থঃ।

১৪। লো-টী। পশ্যামীব, সিদ্ধবদ্ বা নির্দ্দেশঃ। 'পশ্যাম্যেব' ইতি বা পাঠঃ।

১৬। লো-টী। অনয়োর্বুদ্ধ্যোঃ একাকিনা গন্তব্যমিতি যা বুদ্ধিঃ, সৈন্যেন সহ গন্তব্যমিতি চ যা বুদ্ধিঃ তয়োর্ম্মধ্যে যা তৎ তস্মাদ্ গুণবত্তরা অনুকূলা, সা ভবদ্ভিরবেক্ষ্যা দৃশ্যা। তাং চ মনসা বিচার্য্য। 'তদবেক্ষমাণয়োর্বুদ্ধি'রিতি পাঠে রামমবেক্ষমাণয়োঃ পশ্যতোঃ তৎ তস্মাৎ রাঘবস্য কোপো ন ভবিষ্যতীতি গুণবত্তরা অনুকূলা যা বুদ্ধিঃ সা ভবদ্ভিরবেক্ষ্যা। ততশ্চ তাম্।

সেই অতুলনীয় পরাক্রমশালী রামচন্দ্র যুদ্ধে বালীকে বধ করিয়া আমাকে জীবন, রাজ্য, ভার্য্যা রুমা ও তারাকে দান করিয়াছেন ॥ ১৩ ॥

ক্রোধে দগ্ধ করিতে উদ্যত দেদীপ্যমান অগ্নির ন্যায় সেই শত্রু-দমনকারী ক্রুদ্ধ রামচন্দ্রকে আমি যেন সাক্ষাতে দেখিতে পাইতেছি ॥ ১৪ ॥

তিনি যুক্তকরে অবস্থিত লক্ষ্মণকে এবং আমাকে দেখিয়া শরৎকালের জলের ন্যায় প্রসন্ন হইবেন ॥ ১৫ ॥

সুতরাং [আমার একাকী যাওয়া উচিত অথবা সৈন্য-পরিবৃত হইয়া যাওয়া উচিত] এই দ্বিবিধ অভিপ্রায়ের মধ্যে যাহা [রামকে প্রসন্ন করিবার পক্ষে] অপেক্ষাকৃত অনুকূল তাহা আপনারা নিশ্চয় করুন এবং মনে মনে বিচার করিয়া আমাকে আদেশ করুন ॥ ১৬ ॥

১। ঙ '-বীরেণ'। ২। অতঃপরং ঙ-পুস্তকে 'তে বয়ং কপিসৈন্যেন সর্ব্বেণ সহ বানরাঃ।' ইত্যধিকম্। ৩। ছ-ট 'দয়িতা দত্তা'। ৪। ঘ-ঙ '-মীব চ', ট '-মি ন হি'। ৫। ক 'সংক্রুদ্ধং তমরিন্দমম্'। ৬। ছ 'প্রজ্বাল্যমা-'। ৭। ঙ '-দং যদি বা গচ্ছেৎ', ছ-ট '-দং যদি গচ্ছেত'। ৮। ঘ '-চ্ছেতু'। ৯। ঙ 'তদবেক্ষানয়া বুদ্ধ্যা যা'। ১০। ঘ '-মামনু-'। ১১। ঘ '-র্হসি'।

তস্য তদ্ ভাষিতং শ্রুত্বা হনূমান্ মারুতাত্মজঃ।
হেতুমদ্ গ্রাহকং বাক্যং সুগ্রীবমিদমব্রবীৎ ॥ ১৭ ॥

ন লক্ষ্মণে স্থিতে রামঃ সুগ্রীবং[১] প্রহরিষ্যতি।
রাঘবঃ পরমামর্ষী ধর্মাত্মা ধর্মবৎসলঃ ॥ ১৮ ॥

পুনশ্চার্য্যবরো রাজন্ ভবতি স্থিরসৌহৃদঃ।
সুপ্রসাদোঽল্পকোপশ্চ কর্ত্তা চৈবার্থমানয়োঃ[২] ॥ ১৯ ॥

স হি রামো মহারাজা[৩] মহেন্দ্রসদৃশো[৪] গুণৈঃ[৫]।
ন পাপং বিদ্যতে তস্মিংস্তস্মাৎ[৬] ত্বং গচ্ছ মা চিরম্ ॥ ২০ ॥

শ্রুত্বা হনুমতো বাক্যং লক্ষ্মণং হরিযূথপঃ[৭]।
অব্রবীৎ প্রাঞ্জলির্বাক্যং[৮] সংপ্রাপ্য্যা[৯] সংপ্রহর্ষয়ন্ ॥ ২১ ॥

যদি প্রয়াণমদ্যৈব তব লক্ষ্মণ রোচতে।

১৭। লো-টী। গ্রাহকং সংগ্রাহকমিতি সর্ব্বজ্ঞঃ।
১৮। লো-টী। স্থিতে বিদ্যমানে। পরমামর্ষী অপি পরমক্রোধবানপি।
১৯। লো-টী। ভবতি ভবিষ্যতি। অর্থমানয়োঃ অর্থো ধনং মানঃ পূজা তয়োঃ কর্ত্তা সম্পাদয়িতা।
২১। লো-টী। হনূমতঃ সম্মতেঃ সম্প্রাপ্ত্যা।

পবননন্দন হনূমান সুগ্রীবের সেই বাক্য শুনিয়া তাহাকে যুক্তিযুক্ত সংক্ষিপ্ত বাক্য বলিলেন ॥ ১৭ ॥

ধর্ম্মবৎসল ধর্ম্মাত্মা রামচন্দ্র অত্যন্ত ক্রুদ্ধ হইলেও লক্ষ্মণ বিদ্যমান থাকিতে সুগ্রীবকে প্রহার করিবেন না ॥ ১৮ ॥

মহারাজ, অর্থ ও সম্মানের কর্ত্তা আর্য্যবর রামচন্দ্রের সৌহার্দ্দ্য পুনরায় স্থায়ী হইবে ; তাঁহার ক্রোধ অল্প ; তাঁহাকে প্রসন্ন করা সহজ ॥ ১৯ ॥

সেই মহারাজ রামচন্দ্র গুণে ইন্দ্র-তুল্য, তাঁহাতে কোন পাপ [অধর্ম্ম বা দুরভিসন্ধি] নাই, (অর্থাৎ তিনি মিত্রহত্যারূপ পাপ করিবেন না) সুতরাং তুমি অবিলম্বে গমন কর ॥ ২০ ॥

বানরদলপতি সুগ্রীব হনুমানের কথা শুনিয়া তাহার অনুমতি পাইয়া কৃতাঞ্জলিপুটে লক্ষ্মণকে আনন্দিত করত এই কথা বলিল—॥ ২১ ॥

১। ঘ '-বে'। ২। চ '-মাবয়োঃ'। ৩। ঙ-ছ 'মহারাজ', চ 'মহাতেজা'। ৪। ঘ '-রাজ্যমহোৎসঃ'। ৫। ছ 'মহোৎসবসদৃশো'। ৬। ঙ '-স্তথা ত্বং'। ৭। ঘ-ছ-চ '-সত্তমঃ'। ৮। ছ 'প্রহৃতং বাক্যং'। ৯। ঘ 'সংপ্রীত্যা', ছ 'স প্রীত্যা', চ 'সংপ্রাপ্তান্'।

তথা ভবতু গচ্ছামঃ স্থেয়ং ত্বচ্ছাসনে ময়া।
প্রভুস্ত্বমেবেতি[১] বচো লক্ষ্মণং[২] চাব্রবীৎ তদা ॥ ২২ ॥
তমেবমুক্ত্বা[৩] সুগ্রীবো লক্ষ্মণং শুভলক্ষণম্।
ততো বিসর্জয়ামাস তারামন্যাশ্চ যোষিতঃ ॥ ২৩ ॥
বিবিশুস্তাস্তদা সর্ব্বাঃ শুভমন্তঃপুরং স্ত্রিয়ঃ।
কপিরাজোঽথ কোঽত্রেতি সুগ্রীবঃ সমুদাহরৎ ॥ ২৪ ॥
তস্য তদ্বচনং শ্রুত্বা হরয়ঃ শীঘ্রমাযযুঃ।
বদ্ধাঞ্জলিপুটাঃ[৪] সর্ব্বে যেঽস্য[৫] স্ত্রীদর্শনে[৬] ক্ষমাঃ ॥ ২৫ ॥
তানুবাচ স সুগ্রীবো বানরান্ সমুপস্থিতান্।
উপস্থাপয়ত ক্ষিপ্রং শিবিকাং মম বানরাঃ ॥ ২৬ ॥
তস্য তদ্বচনং শ্রুত্বা হরয়স্তে কৃতত্বরাঃ।
অভ্যুপস্থাপয়ামাসুঃ শিবিকাং রত্নভূষিতাম্ ॥ ২৭ ॥

২৪। লো-টী। কোঽত্র? অত্র কো বানরোঽস্তীতি সমুদাহরৎ অবোচৎ।

২৫। টিপ্পনী। স্ত্রীদর্শনে ক্ষমাঃ স্ত্রীসমূহেঽপি রাজদর্শনক্ষমাঃ। অত্যাপ্তা ইতি যাবৎ।

লক্ষ্মণ, যদি অদ্যই গমন করা আপনার অভিপ্রেত হয় তবে তাহাই হউক, যাইতেছি; আপনার আদেশ পালন করা আমার উচিত। "আপনিই প্রভু" এ-কথাও লক্ষ্মণকে বলিল ॥ ২২ ॥

সুগ্রীব সুলক্ষণসম্পন্ন সেই লক্ষ্মণকে এইরূপ বলিয়া তারাকে এবং অন্যান্য মহিলাগণকে বিদায় দিল ॥ ২৩ ॥

তাহারা সকলেই তখন অন্তঃপুরে প্রবেশ করিল। অনন্তর বানররাজ সুগ্রীব "এখানে কে আছ" এই বাক্য উচ্চারণ করিল ॥ ২৪ ॥

সেই কথা শুনিয়া যাহারা রাজমহিষীদিগের সমীপে যাইতে সমর্থ তাহারা সকলেই বদ্ধাঞ্জলি হইয়া শীঘ্র তাহার নিকটে আসিল ॥ ২৫ ॥

সেই সুগ্রীব উপস্থিত বানরদিগকে বলিল—বানরগণ, শীঘ্র আমার শিবিকা আনয়ন কর ॥ ২৬ ॥

সুগ্রীবের সেই আদেশ শুনিয়া সেই বানরগণ ত্বরান্বিত হইয়া নানারত্নে সুসজ্জিত শিবিকা আনিয়া [তাহার] সমীপে স্থাপন করিল ॥ ২৭ ॥

১। ঘ-চ '-স্ত্বমেবেতি চ তং'। ২। ঘ-ছ-চ 'লক্ষ্মণোঽপ্যব্রবীৎ-'। ৩। 'তমেবং বহু-'। ৪। ঘ 'কৃত্বা-'। ৫। ঙ 'তস্য স্ত্রী-', চ 'যেঽপি মূর্দ্ধ-'। ৬। ঘ '-নক্ষ-'।

তামুপস্থাপিতাং দৃষ্ট্বা শিবিকাং বানরাধিপঃ।
লক্ষ্মণারুহ্যতাং ক্ষিপ্রমিতি[১] সৌমিত্রিমব্রবীৎ ॥ ২৮ ॥
ইত্যুক্ত্বা কাঞ্চনং যানং সুগ্রীবঃ সূর্য্যসন্নিভম্।
বৃহদ্ভির্হরিভির্যুক্তমারুরোহ সলক্ষ্মণঃ ॥ ২৯ ॥
পাণ্ডুরেণাতপত্রেণ ধ্রিয়মাণেন[২] মূর্দ্ধনি।
শুক্লৈশ্চ বালব্যজনৈর্ধূয়মানৈঃ সমন্ততঃ ॥ ৩০ ॥
নির্যযৌ প্রাপ্য সুগ্রীবো রাজশ্রিয়[৩]মনুত্তমাম্[৪]।
স[৫] তদা বানরৈর্বীরৈর্বহুভিঃ শস্ত্রপাণিভিঃ ॥ ৩১ ॥
যযৌ স ত্বরিতঃ শ্রীমান্ বৃতোঽমাত্যৈর্মহাবলৈঃ।
মহত্যা[৬] হরিবাহিন্যা কম্পয়ন্ পৃথিবীতলম্ ॥ ৩২ ॥
ততঃ শঙ্খনিনাদৈশ্চ পটহানাং চ নিঃস্বনৈঃ।
সুগ্রীবস্য প্রয়াণেঽভূদাকাশমিব পূরিতম্ ॥ ৩৩ ॥
ঋক্ষাণাং চ সহস্রাণি গোলাঙ্গুলশতানি চ।
বানরাশ্চ সুসন্নদ্ধাস্তস্য জগ্মুঃ পুরঃসরাঃ[৭] ॥ ৩৪ ॥

৩২। লো-টী। সত্বরিতঃ ত্বরাবতা লক্ষ্মণেন সহিতঃ।

বানররাজ সেই শিবিকা উপস্থিত দেখিয়া "লক্ষ্মণ, শীঘ্র আরোহণ করুন" এই কথা লক্ষ্মণকে বলিল ॥ ২৮ ॥

এই কথা বলিয়া সুগ্রীব লক্ষ্মণের সহিত প্রকাণ্ড প্রকাণ্ড বানরকর্ত্তৃক বাহিত সূর্য্যের ন্যায় দীপ্তিশালী সুবর্ণময় শিবিকায় আরোহণ করিল ॥ ২৯ ॥

তখন সুগ্রীব অস্ত্রধারী বহু বীর বানর এবং বলশালী মন্ত্রিগণ-কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া মস্তকোপরি বিধৃত শ্বেতবর্ণ ছত্র এবং চতুর্দ্দিকে সঞ্চালিত শুভ্রবর্ণ চামরদ্বারা অত্যুত্তম রাজশোভা ধারণ করত [কিষ্কিন্ধ্যা নগরী হইতে] নির্গত হইল এবং বিশাল বানরসৈন্যের সহিত বেগে পৃথিবী কম্পিত করিয়া চলিল ॥ ৩০-৩২ ॥

অনন্তর সুগ্রীবের গমনকালে শঙ্খধ্বনি এবং ঢক্কা-নিনাদে আকাশ যেন পরিপূরিত হইয়া উঠিল ॥ ৩৩ ॥

সহস্র সহস্র ভল্লুক, শত শত গোলাঙ্গুল এবং সুসজ্জিত বানরগণ তাহার অগ্রে অগ্রে চলিল ॥ ৩৭ ॥

১। ছ 'শীঘ্রং'। ২। ঙ 'ধ্রিয়মা-'। ৩। ঘ-ঙ-ছ 'রাজ্য-'। ৪। চ '-ত্তমম্'। ৫। ঘ-ঙ-ছ 'বানরশতৈর্ঘোরৈর্ব্বহুভিঃ'। ৬। ঙ 'মহাবানরবাহিন্যা'। ৭। ঙ '-রঃসরম্'।

স গত্বা ক্ষণমাত্রেণ মাল্যবন্তং মহাগিরিম্‌।
দূরাদ্রাঘবমাসাদ্য[১] তস্থৌ হরিগণেশ্বরঃ ॥ ৩৫ ॥

সোঽবতীর্য্য[২] চ সুগ্রীবঃ শিবিকায়াঃ সলক্ষ্মণঃ।
[৩]অভ্যগচ্ছত্তদা রামং দিব্যাভরণভূষিতঃ ॥ ৩৬ ॥

মূর্দ্ধ্নি কৃতাঞ্জলিঃ[৪] শ্রীমান্‌ রামমভ্যাজগাম হ।
কাঞ্চনীং শিবিকাং ত্যক্ত্বা পদ্ভ্যামেব হরীশ্বরঃ ॥ ৩৭ ॥

স রামং শিরসা[৫] ভূমৌ প্রণিপত্য প্লবঙ্গমঃ।
তস্থৌ বদ্ধাঞ্জলিপুটঃ[৬] সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ ॥ ৩৮ ॥

[৭]বদ্ধাঞ্জলিপুটং দৃষ্ট্বা সুগ্রীবং প্লবগেশ্বরম্‌।
সা সর্ব্বা বানরচমূঃ কৃতাঞ্জলিপুটাঽভবৎ ॥ ৩৯ ॥

তড়াগমিব তদ্দৃষ্ট্বা[৮] রামঃ কুট্‌মলপঙ্কজম্‌।
বানরাণাং মহৎ[৯] সৈন্যং সুগ্রীবে প্রীতিমানভূৎ ॥ ৪০ ॥

৪০। লো-টী। কুট্‌মলো মুকুলং পঙ্কজং যত্র তৎ। মুকুল-পঙ্কজ-পূর্ণমিত্যর্থঃ।

সেই বানররাজ মুহূর্ত্তমধ্যে মাল্যবান্‌ পর্ব্বতে গমন করিয়া দূর হইতে রামচন্দ্রকে দেখিতে পাইয়া [সেইখানেই] থামিল ॥ ৩৫ ॥

তখন সুগ্রীব লক্ষ্মণের সহিত শিবিকা হইতে অবতরণ করিয়া উৎকৃষ্ট অলঙ্কারে অলঙ্কৃত হইয়া রামের সমীপে গমন করিল ॥ ৩৬ ॥

বানররাজ সুগ্রীব সুবর্ণ-নির্ম্মিত শিবিকা পরিত্যাগ করিয়া মস্তকে অঞ্জলি বন্ধনপূর্ব্বক পদব্রজে রামের নিকট উপস্থিত হইল ॥ ৩৭ ॥

বানররাজ সুগ্রীব মস্তকের দ্বারা ভূমিতে প্রণাম করিয়া বদ্ধাঞ্জলি হইয়া দাঁড়াইয়া রহিল ॥ ৩৮ ॥

বানররাজ সুগ্রীবকে কৃতাঞ্জলিপুটে অবস্থিত দেখিয়া সেই সমগ্র বানর-বাহিনী কৃতাঞ্জলি হইল ॥ ৩৯ ॥

রাম ঈষদ্বিকসিত পদ্মরাজি-সুশোভিত বৃহৎ জলাশয়ের ন্যায় বিশাল বানর-বাহিনী দেখিয়া সুগ্রীবের প্রতি অতিশয় সন্তুষ্ট হইলেন ॥ ৪০ ॥

১। ঙ '-মালোক্য'। ২। ছ '-তীর্য্যাশু'। ৩। ক-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৪। ঘ-ছ-ট 'কৃত্বাঞ্জলিং'। ৫। ছ 'সহসা'। ৬। ঘ-ট '-টৌ বিনয়াৎ কপিকুঞ্জরঃ'। ৭। ঘ-ট 'কৃতাঞ্জ-'। ৮। ঘ-ছ 'তং দৃষ্ট্বা'। ৯। ছ 'মহাসৈ-'।

স সুগ্রীবং পরিষ্বজ্য বাহুভ্যাং রঘুনন্দনঃ।
অমাত্যাংশ্চ সমাভাষ্য নিষীদেত্যব্রবীদ্বচঃ ॥ ৪১ ॥
তং নিষণ্ণং[১] ক্ষিতিতলে সচিবৈঃ সহ বানরম্।
সুগ্রীবমব্রবীদ্রামঃ প্রণয়াৎ[২] ক্রোধবর্জ্জিতঃ[৩] ॥ ৪২ ॥
নিত্যং[৪] স্থিতোঽর্থকৃত্যেষু[৫] নিত্যং ধর্ম্মপরায়ণঃ।
কালে নিষেবিতা[৬] কামং স রাজা রাজ্যমর্হতি ॥ ৪৩ ॥
যস্তু ধর্ম্মার্থমুৎসৃজ্য রাজা কামপরায়ণঃ।
বৃক্ষাগ্র ইব সুপ্তঃ[৭] স পতিতঃ প্রতিবুধ্যতে ॥ ৪৪ ॥
স ত্বং গ্রাম্যসুখে[৮] সক্তো ধর্ম্মমুৎসৃজ্য বানর।
ন মৎসকাশাদন্যেভ্যঃ শীঘ্রং বধমবাপ্স্যসি ॥ ৪৫ ॥

৪৩। লো-টী। অর্থকৃত্যেষু অর্থো বিষয়ঃ রাজ্যমিত্যর্থঃ, রাজ্যকর্ম্মসু নিত্যমুর্জ্জিতঃ উদ্যুক্তঃ। 'নিত্যং স্থিত' ইতি বা পাঠঃ। কালে যোগো।

৪৪। লো-টী। সুপ্তঃ শয়িতঃ।

৪৫। লো-টী। ধর্ম্মমুৎসৃজ্য গ্রাম্যসুখে সক্তোঽপি ন মৎসকাশাদ্ বধমবাপ্স্যসি কিন্তু অন্যেভ্যঃ।

পরিতুষ্ট রামচন্দ্র বাহুদ্বারা সুগ্রীবকে আলিঙ্গন করিয়া এবং অমাত্যগণের সহিত আলাপ করিয়া "উপবেশন কর" এই কথা বলিলেন ॥ ৪১ ॥

সুগ্রীব মন্ত্রিগণের সহিত ভূমিতে উপবিষ্ট হইলে রামচন্দ্র ক্রোধ পরিত্যাগ করত প্রীতিবশে তাহাকে বলিলেন—॥ ৪২ ॥

যে রাজা নিয়ত প্রয়োজনীয় [রাজ-] কার্য্যে নিযুক্ত থাকেন, যিনি নিয়ত ধর্ম্ম-পরায়ণ, যিনি উপযুক্ত সময়ে কাম-সেবা করেন, তিনিই রাজ্য পাইবার উপযুক্ত ॥৪৩॥

যে রাজা ধর্ম্ম এবং অর্থ পরিত্যাগ করিয়া সর্ব্বদা কামসেবা করিয়া থাকেন, তিনি বৃক্ষাগ্রে নিদ্রিত ব্যক্তি যেরূপ পতিত হইয়া জাগরিত হয়, সেইরূপ রাজ্য-ভ্রষ্ট হইয়া প্রবুদ্ধ হন ॥ ৪৪ ॥

বানর, তুমি ধর্ম্ম পরিত্যাগ করিয়া গ্রাম্যসুখে (কামসেবায়) আসক্ত হইলেও অন্যের ন্যায় আমার নিকট হইতে শীঘ্র মৃত্যুদণ্ড লাভ করিবে না ॥ ৪৫ ॥

১। ঙ 'বিষণ্ণং'। ২। চ 'প্রয়াণাৎ'। ৩। ছ 'কোপ-'। ৪। ঘ-ছ-চ 'নিত্যোত্থিতোঽর্থ-'। ৫। ঘ-ঙ '-কৃচ্ছ্রেষু'। ৬। চ 'নিষেবতে'। ৭। চ 'প্রাসুপ্তঃ পতিতঃ'। ৮। চ 'গ্রামসু-'।

তদেতদ্ বচনং শ্রুত্বা ত্যক্ত্বা গ্রাম্যসুখং সখে।
মিত্রাণামুপকুর্ব্বাণো রাজ্যং রক্ষিতুমর্হসি ॥ ৪৬ ॥
সীতায়া মার্গণার্থে চ কুরু যত্নমরিন্দম।
মৃগয়স্ব চ তং দেশং যস্মিন্ বসতি রাবণঃ ॥ ৪৭ ॥
তচ্ছ্রুত্বা রামবচনং সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ।
সমাশ্বস্তঃ প্রণম্যেদং রামং বচনমব্রবীৎ ॥ ৪৮ ॥
প্রনষ্টা শ্রীশ্চ কীর্ত্তিশ্চ কপিরাজ্যং চ শাশ্বতম্।
ত্বৎপ্রসাদান্মহাবাহো পুনঃ প্রাপ্তমিদং ময়া ॥ ৪৯ ॥
তব দেবস্য[১] ভর্ত্তুশ্চ পিতুশ্চ জয়তাং বর।
কৃতং ন প্রতিকুর্য্যাদ্ যঃ স ভবেৎ পুরুষাধমঃ ॥ ৫০ ॥
প্রেষিতা[২] হরিমুখ্যাস্তু[৩] শতশঃ শত্রুকর্ষণ।
আনয়িষ্যন্তি[৪] তে সর্ব্বে পৃথিব্যাং সর্ব্ববানরান্ ॥ ৫১ ॥

৫০। লো-টী। কৃতমুপকৃতং ন প্রতিকুর্য্যাৎ উপকারস্য প্রত্যুপকারং ন কুর্য্যাদিত্যর্থঃ। 'শত্রুকর্ষণাঃ' 'শত্রুকর্ষণে'তি বা পাঠঃ।

সখে, [আমার] এই কথা শুনিয়া গ্রাম্যসুখ পরিত্যাগ করত মিত্রের উপকার করিয়া রাজ্য রক্ষা কর ॥ ৪৬ ॥

শত্রুদমনকারী সুগ্রীব, সীতার অন্বেষণে যত্নবান্ হও এবং রাবণ যে দেশে বাস করে সেই দেশ অন্বেষণ কর ॥ ৪৭ ॥

বানররাজ সুগ্রীব রামের বাক্য শুনিয়া আশ্বস্ত হইয়া প্রণামপূর্ব্বক তাঁহাকে এই কথা বলিল— ॥ ৪৮ ॥

মহাবাহো, আমার সম্পত্তি, কীর্ত্তি এবং শাশ্বত বানররাজ্য নষ্ট হইয়াছিল; আপনার অনুগ্রহে আমি ইহা পুনরায় প্রাপ্ত হইয়াছি ॥ ৪৯ ॥

হে বিজয়ি-শ্রেষ্ঠ, আপনি প্রভু, দেবতা ও পিতৃস্থানীয়; যে আপনার উপকারের প্রত্যুপকার করিবে না সে অত্যন্ত অধার্ম্মিক ॥ ৫০ ॥

শত্রুদমন, [আমি] শত শত শ্রেষ্ঠ বানরকে [চতুর্দ্দিকে] প্রেরণ করিয়াছি, তাহারা সকলে পৃথিবীস্থ সমস্ত বানরকে আনয়ন করিবে ॥ ৫১ ॥

১। চ 'দেবপ্রভাবস্য ভর্ত্তুশ্চ'। ২। ঘ-ছ 'উদ্গতা হরিমুখ্যা', চ 'সঙ্গতা'। ৩। ঘ-ছ-ঙ-চ '-খ্যাস্তে'। ৪। ঘ-ঙ 'আনেষ্যন্তি হি মে রাজন্', ছ 'আনেষ্যন্তি হি যে রাজন্', চ 'আনায়িষ্যন্তি যে রাজন্'।

ঋক্ষাংশ্চাপ্যানয়িষ্যন্তি[1] গোলাঙ্গুলাংশ্চ রাঘব।
কান্তারবনদুর্গাণামভিজ্ঞান্ ভীমবিক্রমান্ ॥ ৫২ ॥

দেবগন্ধর্ব্বপুত্ত্রাংশ্চ বানরান্ কামরূপিণঃ।
স্বৈঃ[2] স্বৈঃ পরিবৃতান্[3] সৈন্যৈরানয়িষ্যন্তি বানরাঃ[4] ॥ ৫৩ ॥

শতৈঃ শতসহস্রৈশ্চ কোটীভিরযুতৈরপি[5]।
প্রযুতৈশ্চাগমিষ্যন্তি[6][7] শঙ্কুভিশ্চ পরন্তপ ॥ ৫৪ ॥

অর্ব্বুদৈরর্ব্বুদশতৈর্[8]মধ্যৈরন্তৈশ্চ[9] বানরাঃ।
সামুদ্রাশ্চাপরান্তাশ্চ[10] হরয়ঃ সহ যূথপৈঃ ॥ ৫৫ ॥

আগমিষ্যন্তি তে রাজন্ মহেন্দ্রসমবিক্রমাঃ।
মেঘপর্ব্বতসঙ্কাশা বানরাঃ কামরূপিণঃ ॥ ৫৬ ॥

৫৫। লো-টী। অর্ব্বুদৈরর্ব্বুদানামিত্যর্থঃ। অপরান্তাঃ পশ্চিমদেশস্থাঃ, হরয়ঃ কপিলাঃ। 'মধ্যৈরন্তৈশ্চ বানরাঃ সামুদ্রৈশ্চাপরার্দ্ধৈশ্চে'তি বিমলবোধপাঠে মধ্যৈর্মধ্যদেশস্থৈঃ অন্তৈঃ দেশপ্রান্তস্থৈঃ তৈশ্চ তৈঃ কিন্তুতৈঃ অপরার্দ্ধৈঃ, দ্বিপরার্দ্ধসংখ্যায়া অর্দ্ধৈঃ। যদ্বা, চতুর্দ্দশ স্থানাখ্যো মধ্যঃ, তৎ পঞ্চদশ অন্তঃ, তদ্‌বিংশতিঃ সামুদ্রঃ, তদষ্টাবিংশতিঃ পরার্দ্ধম্। উক্তং চ "দ্বাযুতং চ ভবেৎ স্থানং মধ্যং তদ্‌ভুবনৈঃ স্মৃতম্। অন্তস্তৎপঞ্চদশাখ্যাতঃ সামুদ্রস্তস্য বিংশতিঃ। অষ্টৌ চ বিংশতিস্তস্যাঃ পরার্দ্ধং কথিতং বুধৈ''রিতি।

রাঘব, [তাহারা] ভয়ানক বলশালী দুর্গম পথ, বন এবং দুর্গ বিষয়ে অভিজ্ঞ গোলাঙ্গুল ও ভল্লুকদিগকে আনয়ন করিবে ॥ ৫২ ॥

[সেই] বানরগণ দেবতা ও গন্ধর্ব্বদিগের ঔরসজাত কামরূপী বানরদিগকে তাহাদের স্বীয় স্বীয় সৈন্যগণে পরিবেষ্টিত অবস্থায় আনয়ন করিবে ॥ ৫৩ ॥

হে শত্রুতাপন, সমুদ্রবাসী এবং পশ্চিমদিগ্‌বাসী কপিলবর্ণ বানরগণ কেহ শত, কেহ শত সহস্র, কেহ কোটী, কেহ অযুত, কেহ প্রযুত, কেহ শঙ্কু, কেহ অর্ব্বুদ, কেহ অর্ব্বুদ-শত, কেহ মধ্য, কেহ বা অন্ত-সংখ্যক দলপতিগণে পরিবেষ্টিত হইয়া আসিবে ॥ ৫৪-৫৫ ॥

রাজন্, সেই ইন্দ্রতুল্য বিক্রমশালী মেঘ এবং পর্ব্বততুল্য কামরূপী বানরগণ [নিশ্চয়ই] আগমন করিবে ॥ ৫৬ ॥

১। ঙ '-শ্চাপানয়ি-'। ২। চ 'স্বৈশ্চ সৈন্যৈঃ'। ৩। ঘ 'তানানয়ি-'। ৪। ঘ-ঙ-ছ-চ 'বানরান্'। ৫। ঙ '-ভিঃ প্র-', ছ '-ভিশ্চাযু-'। ৬। ঙ 'অযু-'। ৭। চ '-রাগমি-'। ৮। ঘ '-তৈর্মধ্যো হন্তে চ'। ৯। ছ '-রন্তোশ্চ', চ '-রন্যৈশ্চ'। ১০। ছ-ঙ 'সামুদ্রৈশ্চ পরার্দ্ধৈশ্চ'।

তে ত্বামনুগমিষ্যন্তি যুধি যান্তং সবান্ধবাঃ।
সালতালায়ুধা[১] বীরাস্তথান্যে[২] চ শিলায়ুধাঃ।
নিহত্য রাবণং শত্রুমানয়িষ্যন্তি[৩] মৈথিলীম্ ॥ ৫৭ ॥

ততঃ সমুদ্যোগমবেক্ষ্য[৪] বীর্য্যবান্ হরিপ্রবীরস্য নিদেশবর্ত্তিনঃ।
বভূব হর্ষাদ্ বসুধাধিপাত্মজঃ প্রবুদ্ধ[৫]নীলোৎপলতুল্য[৬]দর্শনঃ ॥ ৫৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে সুগ্রীবনির্য্যাণং
নামাষ্টাত্রিংশঃ সর্গঃ ॥ ৩৮ ॥

৫৮। লো-টী। নিদেশ আদেশ আজ্ঞা। প্রবুদ্ধং প্রস্ফুটিতং যৎ নীলোৎপলং তত্তুল্যং দর্শনং যস্য সঃ। সুগ্রীবনির্য্যাণম্।

শালবৃক্ষ ও তালবৃক্ষরূপ অস্ত্রধারী বীর বানরগণ এবং শিলারূপ অস্ত্রধারী অন্যান্য বানরগণ সবান্ধবে যুদ্ধে গমনকারী আপনার অনুগমন করিবে এবং শত্রু রাবণকে বধ করিয়া মিথিলা-রাজনন্দিনী সীতাকে আনয়ন করিবে ॥ ৫৭ ॥

তার পর আজ্ঞানুবর্ত্তী বানররাজ সুগ্রীবের উদ্যোগ দেখিয়া বসুধাধিপতি দশরথের পুত্র মহাবীর রামচন্দ্রের নেত্রদ্বয় আনন্দে বিকসিত নীলোৎপলের ন্যায় হইল ॥ ৫৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে সুগ্রীবের নির্গম নামক
৩৮শ সর্গ সমাপ্ত ॥ ৩৮ ॥

১। ছ 'শাল-'। ২। ঘ '-রাস্তথা চান্যে', ছ '-রাস্তথা নখ-'। ৩। ঙ '-য়িষ্যসি'। ৪। ঙ '-গং সমী-'। ৫। ছ 'প্রবৃ-'। ৬। ঙ-ছ '-পত্র-'।

(৩৯) ঊনচত্বারিংশঃ সর্গঃ

ইতি ব্রুবাণং সুগ্রীবং রামো ধর্ম্মভৃতাং বরঃ।
বাহুভ্যাং সংপরিষ্বজ্য ততো বচনমব্রবীৎ[১] ॥ ১ ॥

ইন্দ্রো যদ্ বিসৃজেদ্ বর্ষং ন তচ্চিত্রং ভবেদ্ভুবি।
আদিত্যো বা সহস্রাংশুঃ কুর্য্যাদ্ বিতিমিরং নভঃ ॥ ২ ॥

চন্দ্রো বা বিমলং কুর্য্যাৎ প্রভয়া সৌম্যনির্ম্মলঃ।
ত্বদ্বিধো বাঽপি মিত্রাণাং প্রতিকুর্য্যাৎ পরন্তপ ॥ ৩ ॥

এবং ত্বয়ি ন তচ্চিত্রং ভবেদ্[৩] যৎ সৌম্য[৪] শোভনম্।
জানামি ত্বাং চ সুগ্রীব সততং[৫] সত্যবাদিনম্ ॥ ৪ ॥

ভ্রাতা চ[৬] ত্বং সখা চ ত্বং প্রিয়ঃ সৌম্যঃ সুহৃচ্চ মে।
ত্বং মাং সমগ্রং সুগ্রীব বৈদেহ্যাঃ কর্ত্তুমর্হসি ॥ ৫ ॥

৪। লো-টী। এবং শোভনং বাক্যং ত্বয়ি চিত্রং ন ভবেৎ। 'সৌম্যদর্শন'মিতি বা পাঠঃ।
৫। লো-টী। সখা উপকারাপেক্ষোপকর্ত্তা, সৌম্যঃ স্নিগ্ধঃ, সুহৃচ্চ উপকারানপেক্ষোপকর্ত্তা চ। 'সৌম্যে'তি বা পাঠঃ। অগ্রং প্রথমং মার্গণমন্বেষণম্।

২-৫। টিপ্পনী। ত্বদ্‌বিধঃ ত্বাদৃশঃ সৎপুরুষঃ মিত্রাণাং প্রতিকুর্য্যাৎ প্রত্যুপকারং কুর্য্যাৎ, ন তচ্চিত্রমিতি সম্বন্ধঃ। শোভনং প্রত্যুপকাররূপম্। সুহৃৎ শোভনহৃদয়ঃ। মাং মাং প্রতি।

সুগ্রীব এইরূপ বলিতে থাকিলে ধার্ম্মিক-শ্রেষ্ঠ রামচন্দ্র তাহাকে বাহুদ্বারা গাঢ় আলিঙ্গন করিয়া বলিলেন— ॥ ১ ॥

হে শত্রুতাপনকারি, ইন্দ্র যে পৃথিবীতে বারিবর্ষণ করেন, সহস্র-কিরণ সূর্য্য যে আকাশমণ্ডল অন্ধকারবিহীন করেন, স্নিগ্ধ-নির্ম্মল চন্দ্র যে জ্যোৎস্নাদ্বারা [আকাশমণ্ডল] নির্ম্মল করেন এবং তোমার ন্যায় লোক যে মিত্রের প্রত্যুপকার করেন—ইহা আশ্চর্য্যের বিষয় নহে; সেইরূপ হে প্রিয়দর্শন, যাহা সঙ্গত তাহা তোমাতে আশ্চর্য্য নয়; সুগ্রীব, আমি তোমাকে সর্ব্বদা সত্যবাদী বলিয়া জানি ॥ ২-৪ ॥

সুগ্রীব, তুমি আমার ভ্রাতা, তুমি আমার প্রিয় সখা, তুমি উদারচেতা, তুমিই আমার পক্ষে সীতার সব করিতে সমর্থ ॥ ৫ ॥

১। ঙ 'লক্ষ্মণ-'। ২। ঙ 'তন্ন চিত্রং'। ৩। ছ '-বেৎ সৌম্যাত্ত'। ৪। ঙ '-দর্শনম্'। ৫। ছ 'প্রিয়-'। ৬। ছ 'ত্বঞ্চ'।

জহারাত্মবিনাশায় বৈদেহীং রাক্ষসাধমঃ।
সবজ্রামিব পৌলোমীমনুহ্রাদো যথা পুরা ॥ ৬ ॥

ন চিরাৎ তং হনিষ্যামি রাবণং নিশিতৈঃ শরৈঃ।
পৌলোম্যাঃ পিতরং দৃপ্তং[১] পুলোমমিব[২] বাসবঃ ॥ ৭ ॥

এতস্মিন্নন্তরে রাজ্ঞো ঘোরং তদ্ বলমাযযৌ।
মুঞ্চচ্চ[৩] তাং সহস্রাংশোর্গগনে বিপুলাং প্রভাম্ ॥ ৮ ॥

দিশঃ পর্য্যাকুলাশ্চাসন্ রজসা তত্র সংবৃতাঃ।
চচাল চ মহী[৪] কৃৎস্না সশৈলবনকাননা ॥ ৯ ॥

ততো নাগেন্দ্র[৫]সংকাশৈরাপত[৬]দ্ভির্মহাবলৈঃ।
কৃৎস্না সংচ্ছাদিতা[৭] ভূমিরপ্রমেয়ৈঃ[৮] সমন্ততঃ ॥ ১০ ॥

৬। লো-টী। অনুহ্রাদো হিরণ্যকশিপু-পুত্রঃ। সবজ্রামপি আত্মবিনাশায় যথা জহার তথায়মিত্যন্বয়ঃ।

৭। লো-টী। দ্রুষ্টং নিরঙ্কুশম্।

৮। লো-টী। ঘোরং ভয়ানকম্। তীব্রং তীব্রবেগম্। সহস্রাংশোঃ সূর্য্যস্য প্রভাং স্পষ্টং নিৰ্ম্মিতং তেন বলেন বিলক্ষণীকৃতমিতি কাং দিশং গন্তব্যমিতিবৎ প্রয়োগঃ। 'আচ্ছদচ্চে'তি পাঠে আচ্ছাদয়ৎ।

৯। লো-টী। তত্র তদা রজসা সংবৃতা দিশঃ পর্য্যাকুলা ব্যাকুলা আসন্। বনং নিবাসালয়ঃ। 'বনং নপুংসকং নীরে নিবাসালয়কাননে' ইতি কোষঃ।

১০। লো-টী। অপ্রমেয়ৈর্বলবিক্রমৈর্জ্ঞাতুমশক্যৈঃ।

পুরাকালে অনুহ্রাদ যেরূপ নিজের বিনাশার্থ সবজ্রা পুলোম-কন্যা শচীকে হরণ করিয়াছিল সেইরূপ রাক্ষসাধম রাবণ নিজের বিনাশ হেতু মিথিলা-রাজনন্দিনী সীতাকে হরণ করিয়াছে ॥ ৬ ॥

ইন্দ্র যেরূপ পৌলোমীর গৰ্ব্বিত পিতাকে বধ করিয়াছিলেন আমিও সেইরূপ অচিরেই তীক্ষ্ণ বাণের দ্বারা রাবণকে নিহত করিব ॥ ৭ ॥

ইতিমধ্যে সুগ্রীবের সেই ভয়ঙ্কর সৈন্যগণ আকাশে সহস্র-কিরণ সূর্য্যের মহতী দীপ্তিকে আচ্ছাদিত করিয়া উপস্থিত হইল ॥ ৮ ॥

তখন ধূলিতে পরিপূর্ণ দিক্ সকল কলুষিত হইল এবং [তাহাদের পদভরে] পৰ্ব্বত, জনপদ ও অরণ্যের সহিত সমস্ত পৃথিবী কম্পিত হইতে লাগিল ॥ ৯ ॥

তার পর পৰ্ব্বততুল্য মহাবলশালী অনন্তসদৃশ বানরসৈন্যগণ আসিয়া সমস্ত ভূমি আচ্ছন্ন করিল ॥ ১০ ॥

১। ক 'দ্রুষ্টং'। ২। ঘ 'পুলোমানং যথা হরিঃ'। ৩। ঘ-ছ 'মুঞ্চত্তীব্রাং', ঙ 'মুঞ্চন্ তীব্রাং'। ৪। ছ 'মহতী'। ৫। ট 'নগেন্দ্র-'। ৬। ঙ '-রপ্রমাণৈ-'। ৭। ছ 'সাচ্ছাদি-'। ৮। ঘ-ট 'প্লবঙ্গমৈঃ'।

নিমেষান্তরমাত্রেণ তত্র[১] তৈর্হরিযূথপৈঃ।
বভূবুঃ সংবৃতাঃ সর্ব্বা দিশঃ[২] প্রখ্যাতবিক্রমৈঃ।
[৩]মৃষ্টকাঞ্চনগৌরাঙ্গৈস্তীক্ষ্ণদংষ্ট্রৈ[৪]র্নখায়ুধৈঃ ॥ ১১
[৫]কোটিভিঃ শতশশ্চান্যৈঃ কামরূপিভিরাবৃতাঃ[৬]।
[৭]নাদেয়ৈঃ শৈলজৈশ্চৈব সামুদ্রৈশ্চ মহাবলৈঃ ॥ ১২ ॥
হরিভি[৮]র্ভীমসংহ্রাদৈরন্যৈশ্চ বনচারিভিঃ[৯]।
[১০]সালতালায়ুধৈ[১১]শ্চাপি তথাচলশিলায়ুধৈঃ ॥ ১৩ ॥
তরুণাদিত্যগৌরৈশ্চ [১২]শরগৌরৈশ্চ বানরৈঃ।
ভস্মরাশিনি[১৩]ভৈশ্চান্যৈঃ শ্বেতৈর্ম[১৪]রুকৃতালয়ৈঃ ॥ ১৪ ॥
কোটীসহস্রৈর্দশভিঃ শ্রীমান্ পরি[১৫]বৃতস্তদা।
বীরঃ শতবলির্নাম বানরঃ প্রত্যদৃশ্যত[১৬] ॥ ১৫ ॥

১৪। লো-টী। শরো দধ্যগ্রং তত্তুল্যগৌরৈঃ। 'শরস্তেজনকে বাণে দধ্যগ্রে না শরং জলে' ইতি কোষঃ।

সেখানে নিমেষ-মধ্যে বানর-দলপতিগণ বিশুদ্ধ কাঞ্চনের ন্যায় গৌরবর্ণ তীক্ষ্ণদন্ত ও নখরূপ অস্ত্রধারী প্রসিদ্ধ বিক্রমশালী—নদী, পর্ব্বত ও সমুদ্রবাসী এবং অন্যান্য বনবাসী ভীষণ গর্জ্জনকারী—শাল ও তালবৃক্ষরূপ অস্ত্রধারী এবং পর্ব্বত ও শিলারূপ অস্ত্রধারী শত শত কোটী কোটী বলবান্ কামরূপী বানরগণে পরিবৃত হইয়া সুগ্রীবের নিকট আগমন করত সমস্ত দিক্ আচ্ছন্ন করিল ॥ ১১-১৩ ॥

নবোদিত সূর্য্যের ন্যায় লোহিতবর্ণ, দধির শরের ন্যায় শুভ্রবর্ণ, ভস্মরাশি-সদৃশ এবং শ্বেতবর্ণ মরু-বাসী দশসহস্রকোটী বানর-পরিবৃত বলবান্ শতবলি-নামক বানরকে দেখা গেল ॥ ১৪-১৫ ॥

১। ঘ-ঙ-ছ-ঢ 'ততস্তৈর্হ-'। ২। ক 'দিশো বি-'। ৩। ক 'তপ্ত-'। ৪। ঢ 'ষ্ট্রান-'। ৫। ঘ 'কোটিশত-বৃতৈশ্চাপি', ঙ-ছ-ঢ 'কোটীশতবৃতৈশ্চান্যৈঃ'। ৬। ঙ-ঢ 'বৃতম্', ছ 'বৃতঃ'। ৭। ঘ-ঢ 'শৈলজৈশ্চ নদীশ্চৈব'। ৮। ঙ '-র্নিহ্রাদৈঃ', ঢ '-নির্হ্রদৈ-'। ৯। ঘ-ছ-ঢ '-বাসিভিঃ'। ১০। ছ 'শাল-'। ১১। ঘ '-রন্যৈস্তথাচল-', ছ-ঢ '-রন্যৈরন্যৈশ্চাপি শি-'। ১২। ছ 'স্বর্ণ-', ঢ 'ঈষজ্জ্বঘোরৈশ্চ'। ১৩। ঢ '-সিতৈ-'। ১৪। ছ-ঢ '-র্মেরু-'। ১৫। ছ 'পরিবৃতঃ সদা'। ১৬। ক '-পদ্যত'।

ততঃ কাঞ্চনশৈলাভস্তারায়া[১] বীর্য্যবান্ পিতা।
অনেকৈর্দ্দশসাহস্রৈঃ[২] কোটিভিঃ প্রত্যদৃশ্যত ॥ ১৬ ॥

পূজ্যমানো মহামাত্যৈ[৩]র্ব্বানরৈর্ব্বা[৪]নরাধিপঃ।
বানরেন্দ্রো মহেন্দ্রাভঃ সুষেণো নাম বীর্য্যবান্ ॥ ১৭ ॥

ততঃ[৫] কোটীসহস্রেণ সহস্রাণাং শতে[৬]ন চ।
পৃষ্ঠতোঽনুগতৈঃ প্রাপ্তো[৭] হরিভির্গন্ধমাদনঃ ॥ ১৮ ॥

ততঃ পদ্মসহস্রেণ বৃতঃ[৮] শঙ্খ[৯]শতেন চ।
যুবরাজোঽঙ্গদঃ প্রাপ্তঃ পিতৃ[১০]তুল্যপরাক্রমঃ ॥ ১৯ ॥

ততো রম্ভ[১১]স্ত্বনুপ্রাপ্তস্তরুণাদিত্যসপ্রভঃ[১২]।
অযুতেন বৃতশ্চৈব সহস্রে[১৩]ণ শতেন চ ॥ ২০ ॥

১৬-১৭। লো-টী। তারায়াঃ পিতা সুষেণ ইতি পরেণান্বয়ঃ। বীর্য্যং প্রভাবস্তদ্বান্। অন্তরাত্মা অতিপ্রিয় ইত্যর্থঃ; চিকিৎসকত্বাৎ। 'মহামাত্রৈ'রিতি বা পাঠঃ। বানরেন্দ্রঃ বানরাণামিন্দ্রঃ বীর্য্যবান্ তেজস্বী।

১৮। লো-টী। 'ততঃ কোটীসহস্রেণ' 'চতুঃকোটীসহস্রেণে'তি বা পাঠঃ। অনুগতৈর্হরিভিঃ পৃষ্ঠতো বিশিষ্টঃ প্রাপ্ত আগতঃ।

২০। লো-টী। তরুণাদিত্যবর্চ্চস ইত্যত্র আর্ষোঽৎপ্রত্যয়ঃ।

তার পর অযুত অযুত কোটি কোটি বানরসৈন্যে পরিবৃত, কাঞ্চন-পর্ব্বত সদৃশ, বলবান্, প্রধান অমাত্যগণের সহিত সমস্ত বানরকর্তৃক সম্মানিত, বানরগণের অধীশ্বর, ইন্দ্রতুল্য, তারার পিতা তেজস্বী সুষেণকে দেখা গেল ॥ ১৬-১৭ ॥

তদনন্তর গন্ধমাদন পশ্চাদ্ভাগে অনুগামী কোটি-সহস্র এবং শত-সহস্র বানরসৈন্যের সহিত উপস্থিত হইলেন ॥ ১৮ ॥

পরে পিতার ন্যায় বলবান্ যুবরাজ অঙ্গদ সহস্র-পদ্মপরিমিত এবং শত-শঙ্খ-পরিমিত বানরসৈন্যে পরিবেষ্টিত হইয়া উপস্থিত হইলেন ॥ ১৯ ॥

পরে নবোদিত সূর্য্যসদৃশ 'রম্ভ' শত সহস্র ও অযুত সৈন্যে পরিবৃত হইয়া উপস্থিত হইলেন ॥ ২০ ॥

১। ঢ '-গৌরা-'। ২। ঢ 'অনেকৈ-'। ৩। ঘ-ঢ '-মাত্রৈ-'। ৪। ঢ '-র্বানরর্ষভঃ'। ৫। ঙ 'চতুঃ-'। ৬। ঙ '-শতানি চ'। ৭। ঢ 'প্রাপ্তৈর্হ-'। ৮। ঙ 'সহস্রাণাং শতেন চ'। ৯। ঘ-ছ-ঢ 'শঙ্কু-'। ১০। ঘ 'পিত্রা তুল্য-'। ১১। ঘ 'ততোঽংশুমাংস্ত্ব-'। ১২। ঙ 'সুপ্রভঃ', ঢ '-সন্নিভঃ'। ১৩। ঘ-ছ-ঢ 'সহস্রাণাং'।

নীলাঞ্জনচয়াকারো গবয়ো নাম যূথপঃ।
অযুতেন বৃতঃ প্রাপ্তো মহাকায়ো মহাবলঃ ॥ ২১ ॥
কৈলাসশিখরাকারৈর্বানরৈর্ভীমবিক্রমৈঃ।
বৃতঃ কোটীসহস্রেণ হনূমান্ প্রত্যদৃশ্যত ॥ ২২ ।
কাংস্যনীলো[১] হরির্নীলঃ[২] কোটিভির্দশভির্বৃতঃ।
কপীনামুগ্রবেগাণামগ্রতঃ প্রত্যদৃশ্যত ॥ ২৩ ॥
ততো যূথপতির্ভীমো দুর্ম্মুখো নাম বানরঃ।
শতেন চ সহস্রাণাং সহস্রনবকেন চ[৩] ॥ ২৪ ॥
পদ্মকেশরসঙ্কাশস্তরুণার্কনিভাননঃ।
বুদ্ধিমান্ বানরশ্রেষ্ঠঃ সর্ব্ববানরসম্মতঃ[৪] ॥ ২৫ ॥
অনীকৈর্দশসাহস্রৈঃ কোটীনাং চ সমাবৃতঃ[৫]।
পিতামহসুতঃ শ্রীমান্ কেশরী প্রত্যদৃশ্যত[৬] ॥ ২৬ ॥

২৩। লো-টী। কাংস্যস্য নীলচ্ছবিরিব চ্ছবিযস্য সঃ। [পাঠান্তরং দৃশ্যম্]
২৪। লো-টী। ততো দুর্ম্মুখঃ প্রত্যদৃশ্যতেতি পূর্ব্বক্রিয়য়ান্বয়ঃ।

২৬। টিপ্পনী। পিতামহো ব্রহ্মা তস্য সুতঃ পুত্রঃ কেশরী।

নীলবর্ণ অঞ্জনরাশির ন্যায় বিশাল-শরীর বলবান্ গবয় নামক বানর-দলপতি অযুত সৈন্যে পরিবৃত হইয়া আসিলেন ॥ ২১ ॥

হনূমান্‌কে কৈলাস পর্ব্বতের শিখরসদৃশ ভয়ঙ্কর-বলশালী সহস্র-কোটি বানর-সৈন্যে পরিবেষ্টিত দেখা গেল ॥ ২২ ॥

দশকোটি বানরসৈন্যে পরিবৃত কাংস্যের ন্যায় নীলবর্ণ বানর 'নীল'কে অত্যন্ত বেগশালী বানরদিগের সম্মুখভাগে দেখা গেল ॥ ২৩ ॥

পরে দলপতি বীর দুর্ম্মুখনামক বানরকে একলক্ষ নয় হাজার সৈন্যে পরিবৃত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ২৪ ॥

পদ্মের কেশরের ন্যায় বর্ণবিশিষ্ট, নবোদিত সূর্য্যের ন্যায় আনন-সমন্বিত, বুদ্ধিমান্, বানরশ্রেষ্ঠ, সকল বানরগণের মান্য, ব্রহ্মার পুত্র কেশরীকে দশসহস্র-কোটি সৈন্যে পরিবৃত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ২৫-২৬ ॥

১। ছ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। ঘ-ঙ-ট 'নীলচ্ছবির্নীলঃ'। ৩। ট 'সহস্রেণ শতেন চ'। ৪। ছ '-সংবৃতঃ'। ৫। ঘ-ছ-ট 'সমন্বিতঃ'। ৬। অতঃপরং 'ততেতি যূথপতির্নীলঃ কোটীভির্দ্দশভির্বৃতঃ। কপীনামুগ্রবেগানামগ্রতঃ প্রত্যদৃশ্যত' ॥ ইত্যধিকম্।

গোলাঙ্গুলমহারাজো[১] গবাক্ষো[২] নাম নামতঃ[৩]।
বৃতঃ কোটীসহস্রেণ গোলাঙ্গূলৈরদৃশ্যত ॥ ২৭ ॥

ঋক্ষাণাং ধূম্রবর্ণানাং ধূম্রো নামর্ক্ষপুঙ্গবঃ।
বৃতঃ কোটীসহস্রাভ্যাং[৪] দ্বাভ্যাং চ সমবর্ত্তত ॥ ২৮ ॥

মহাচল[৫]নিভৈর্ঘোরৈঃ পনসো নাম যূথপঃ।
আজগাম মহাবীর্য্য[৬]স্ত্রিভিঃ কোটী-শতৈর্ব্বৃতঃ ॥ ২৯ ॥

মৈন্দশ্চ দ্বিবিদশ্চো[৭]ভৌ বানরৌ ভীমবিক্রমৌ।
কপিকোটী[৮]-সহস্রেণ সুগ্রীবং পর্য্যু[৯]পস্থিতৌ ॥ ৩০ ॥

ততস্তারাদ্যুতি[১০]স্তারো হরিভির্ভীমবিক্রমৈঃ।
পঞ্চভিঃ সহ কোটীভির[১১]দূরে প্রত্যদৃশ্যত ॥ ৩১ ॥

পূজ্যমানো মহাবীর্য্য[১২]স্তত্র যূথপ-যূথপৈঃ।
প্রাপ্তঃ কোটীসহস্রাণাং সহস্রেণ দরীমুখঃ ॥ ৩২ ॥

২৭। লো-টী। গোলাঙ্গূলাঃ সন্তি অস্মিন্নিতি গোলাঙ্গূলীঃ।

গোলাঙ্গুল (কৃষ্ণবর্ণ বানর বিশেষ)-দিগের রাজা গবাক্ষকে সহস্রকোটি গোলাঙ্গুলপরিবৃত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ২৭ ॥

ভল্লুক-শ্রেষ্ঠ ধূম্রনামক ভল্লুক দুই-সহস্র-কোটি ধূম্রবর্ণ ভল্লুকসৈন্যে পরিবৃত হইয়া আসিলেন ॥ ২৮ ॥

পনসনামক বলবান্ দলপতি পর্ব্বতসদৃশ ভয়ঙ্কর তিনশত-কোটি সৈন্যে পরিবৃত হইয়া আসিলেন ॥ ২৯ ॥

মৈন্দ এবং দ্বিবিদ-নামক অত্যন্ত বলশালী বানরদ্বয় সহস্র-কোটি বানর-সৈন্যে পরিবৃত হইয়া সুগ্রীবের সন্নিধানে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩০ ॥

নক্ষত্রের ন্যায় দীপ্তিবিশিষ্ট 'তার'কে ভয়ঙ্কর-বলশালী পাঁচকোটি বানর-সৈন্যে পরিবৃত হইয়া অদূরে [আসিতে] দেখা গেল ॥ ৩১ ॥

মাননীয় মহাবীর দরীমুখ সহস্র সহস্র কোটি দলপতিদিগের নেতৃগণে পরিবেষ্টিত হইয়া আসিলেন ॥ ৩২ ॥

১। ঘ-ঢ 'লোম-', ছ '-নৈর্ম্ম-'। ২। ঘ '-তেজাঃ'। ৩। ঙ-ছ '-বানরঃ'। ৪। ঙ-ঢ '-প্রাণাং'। ৫। ছ '-গজ-', '-বন-'। ৬। ছ '-বীরৈস্ত্রি-'। ৭। ছ '-শ্চৈব'। ৮। ঘ 'কোটি কোটি-সহস্রেণ', ছ 'কোটি-কোটি-সংশ্রেস্ত'। ৯। ঙ 'প্রত্যদৃশ্যত', ছ 'প্রত্যুপ-'। ১০। ছ '-তারদ্যুতি-'। ১১। ক-ঘ '-রাহবে'। ১২। ঘ-ছ '-বীর্য্যো-'।

চতুর্ভিঃ সহ কোটীভির্বানরাণাং মহাত্মনাম্ ।
ইন্দ্রজানুর্মহাজানুর্[1]বানরঃ প্রত্যদৃশ্যত ॥ ৩৩ ॥
[2]শতসাহস্রসংখ্যৈস্তু শরভো নাম [3]বানরঃ ।
অনেকৈঃ সমনুপ্রাপ্তঃ সুগ্রীববশবর্ত্তিভিঃ ॥ ৩৪ ॥
ততঃ পর্ব্বতসঙ্কাশস্তরুণার্কনিভাননঃ ।
বৃতঃ কোট্যা মহাতেজাঃ [4]করম্ভঃ প্রত্যপদ্যত ॥ ৩৫ ॥
[5]কোটিভিরেকাদশভিঃ সংবৃতস্তু গয়[6]স্তদা ।
[7]যূথপাধিপতিঃ শ্রীমান্ বানরঃ প্রত্যদৃশ্যত[8] ॥ ৩৬ ॥
তথৈব বিনতো ধীমান্ কুমু[9]দোঽথ নলো হরিঃ ।
সম্পাতিঃ [10]সন্নতো নাম রম্ভোঽথ [11]রভসস্তথা ॥ ৩৭ ॥
এতে চান্যে চ সংপ্রাপ্তা বানরাঃ কামরূপিণঃ ।
আবৃত্য পৃথিবীং সর্ব্বাং পর্ব্বতাংশ্চ বনানি চ ॥ ৩৮ ॥

মহাজানু বানর ইন্দ্রজানুকে প্রধান প্রধান চারি সহস্র-কোটি বানরসৈন্যের সহিত [আসিতে] দেখা গেল ॥ ৩৩ ॥

শরভ-নামক বানর সুগ্রীবের বশবর্ত্তী বহু শত-সহস্র সৈন্যের সহিত উপস্থিত হইলেন ॥ ৩৪ ॥

পরে পর্ব্বতসদৃশ নবোদিত সূর্য্যের ন্যায় মুখবিশিষ্ট মহাতেজস্বী 'করম্ভ' নামক বানরকে কোটি-সৈন্য পরিবৃত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ৩৫ ॥

প্রধান দলপতি 'গয়' নামক সুন্দর বানরকে একাদশ-কোটি বানরসৈন্যে পরিবৃত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ৩৬ ॥

সেইরূপ বুদ্ধিমান্ বিনীত, কুমুদ, নল, সম্পাতি, সন্নত, রম্ভ, রভস এবং অন্যান্য কামরূপী বানরগণ পর্ব্বত, বন এবং সমস্ত পৃথিবী আচ্ছাদিত করিয়া দিগ্-বিদিক্ হইতে লম্ফ প্রদান করিতে করিতে এবং গর্জ্জন করিতে করিতে আসিয়া সুগ্রীবকে বেষ্টন করিয়া দাঁড়াইলেন ॥ ৩৭-৩৯ ॥

১। ছ '-তেজা বানরঃ'। ২। ছ 'বৃতঃ সহস্রসংখ্যৈশ্চ'। ৩। ঘ ছ-ঢ 'নানতঃ'। ৪। ঙ-ঢ 'রুমন্বান প্রত্যদৃশ্যত', ঘ ছ 'মরুত্বান্ প্রত্যদৃশ্যত'। ৫। ঙ-পুস্তকে ষট্‌ত্রিংশ-সপ্তত্রিংশশ্লোকৌ ন স্তঃ। ৬। ঘ '-স্তদা'। ৭। ঢ 'যূথস্যাপি পতিঃ'। ৮। অতঃপরং ঘ ঢ-পুস্তকযোঃ 'ঋক্ষৈরঞ্জনসঙ্কাশৈর্ম্মহাবীর্য্যৈর্মহাবলৈঃ। বৃতঃ শতসহস্রেণ জাম্ববান্ প্রত্যদৃশ্যত ॥' ইত্যধিকম্। ৯। ঘ-ছ ঢ '-দো লক্ষ্মণো হরিঃ'। ১০। ঢ 'সন্নদঃ'। ১১। ছ 'সরভ-', ঢ '-শরভ-'।

প্লবমানা ব্রজন্তশ্চ গর্জ্জন্তশ্চ প্লবঙ্গমাঃ।[১]
দিগ্বিদিগ্‌ভ্যঃ[২] সমাগম্য[৩] সুগ্রীবং পর্য্যবারয়ন্ ॥ ৩৯ ॥
প্রহৃষ্টাশ্চ বিনীতাশ্চ সমেত্য[৪] হরিযূথপাঃ[৫]।
শিরোভির্নরশ্রেষ্ঠং সুগ্রীবং তে প্রণেমিরে ॥ ৪০ ॥
অপরে বানরশ্রেষ্ঠা যথাকালং[৬] যথোচিতম্[৭]।
সুগ্রীবেণ সমাগম্য[৮] তস্থুঃ প্রাঞ্জলয়স্তদা[৯] ॥ ৪১ ॥
সুগ্রীবস্ত্বাগতান্ সর্ব্বান্ বানরাংস্তান্ মহাবলান্[১০]।
ন্যবেদয়ত রামায় প্রিয়ার্হায় কৃতাঞ্জলিঃ ॥ ৪২ ॥
যথাসুখং পর্ব্বতনির্ঝরেষু গুহাসু রম্যেষু চ[১১] কাননেষু।
যথার্থমাবেদ্য[১২] বলানি বানরা উপাবিশন্ পর্ব্বতশৃঙ্গকল্পাঃ[১৩] ॥ ৪৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বলাগমনং নাম
উনচত্বারিংশঃ সর্গঃ ॥ ৩৯ ॥

৩৯-৪০। লো-টী। পূর্ব্বং প্রবিষ্টা অপি সমেত্য মিলিত্বা সমাগত্য পর্য্যবারয়ন্।
লো-টী। প্রস্থাপিতা বানরা ইতি শেষঃ।
৪৩। লো-টী। যথার্থমাবেদ্য বলানি বানরসৈন্যানি আগতানীতি নিবেদ্য যথাসুখমুপাবিশন। বলাগমনঃ সর্গঃ।

আনন্দিত এবং বিনীত সেই বানর-দলপতিগণ মিলিত হইয়া বানর-শ্রেষ্ঠ সুগ্রীবকে মস্তক নত করিয়া অভিবাদন করিলেন ॥ ৪০ ॥

অন্যান্য শ্রেষ্ঠ বানরগণ যথাকালে সুগ্রীবের সহিত মিলিত হইয়া যুক্তকরে যথাযোগ্য অবস্থান করিতে লাগিলেন ॥ ৪১ ॥

সুগ্রীব কৃতাঞ্জলি হইয়া সেই সমাগত বলবান্ বানরদিগের বিষয় প্রিয় রামের নিকট জানাইলেন ॥ ৪২ ॥

পর্ব্বতের ঝরণায়, গুহায় এবং রমণীয় কাননে অবস্থিত সৈন্যগণ আসিয়াছে, ইহা [সুগ্রীবকে] যথাযথভাবে জানাইয়া পর্ব্বতশৃঙ্গ-সদৃশ বানরগণ সুখে উপবেশন করিলেন ॥ ৪৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে সৈন্যগণের আগমন
নামক ৩৯শ সর্গ সমাপ্ত ॥ ৩৯ ॥

১। অতঃপরং ঙ-পুস্তকে 'অভ্যবর্ত্তন্ত সুগ্রীবং সূর্য্যমভ্রগণা ইব। তান্ প্রবিষ্টান্ বিনাতাংশ্চ সমেত্য হরিযূথপান্ ॥' ইত্যধিকম্। ২। ছ 'দশদিগ্‌ভ্যঃ'। ৩। চ '-গত্য'। ৪। ঙ 'সামাত্যা'। ৫। ঘ ছ-চ '-পুঙ্গবাঃ'। ৬। ছ '-কামং'। ৭। চ 'যথাবিধি'। ৮। ক '-গতা'। ৯। ঙ '-য়ঃ স্থিতাঃ'। ১০। ঘ-চ '-ব্রান্ স মহা-'। ১১। ঘ 'রম্যাসু চ', ঙ 'পুণ্যেষু চ'। ১২। চ 'যথাসুখং গৃহ্য', ছ 'যথাস্ব-'। ১৩। চ 'সন্নিকাশাঃ'।

(৪০) চত্বারিংশঃ সর্গঃ

[১]আগতাংশ্চ নিবিষ্টাংশ্চ পৃথিব্যাং সর্ব্ববানরান্ ।
দৃষ্ট্বা প্রহৃষ্টঃ সুগ্রীবো রামং বচনমব্রবীৎ ॥ ১ ॥
[২]রাঘবেন্দ্র মহাত্মানো যে মদ্বিষয়বাসিনঃ ।
ত ইমে বহুসাহস্রৈরনীকৈর্ভীমবিক্রমৈঃ ॥ ২ ॥
আগতা বানরাঃ শূরা [৩]দেবদানবসন্নিভাঃ ।
পৃথিব্যন্তচরা রাম না[৪]নারণ্যনিবাসিনঃ ॥ ৩ ॥
কোটিশঃ সমনুপ্রাপ্তা বানরাস্তব কিঙ্করাঃ ।
খ্যাতকর্ম্মোপদেশাশ্চ বলবন্তো জিতশ্র[৫]মাঃ ;
পরাক্রমেষু বিখ্যাতা ব্যবসা[৬]য়ে তথোত্তমাঃ ॥ ৪ ॥
নিদেশবর্ত্তিনঃ সর্ব্বে সর্ব্বে গুরুহিতে রতাঃ ।
অভিপ্রেতমনু[৭]ষ্ঠাতুং শ[৮]ক্তাস্তব পরন্তপ ॥ ৫ ॥

৪। লো-টী। খ্যাতৈঃ কর্ম্মভিরুপদিশ্যন্তে নির্দ্দিশ্যন্তে ইতি খ্যাতকর্ম্মোপদেশাঃ। 'জ্ঞাতকর্ম্মোপদেশা' ইতি ক্বচিৎ পাঠঃ। জিতশ্রমাঃ শ্রমবর্জ্জিতাঃ। ব্যবসায়ে যুদ্ধব্যবসায়ে।

৫। লো-টী। নিদেশ আজ্ঞা। গুরুবাজ্ঞা। অভিপ্রেতমভিপ্রায়ম্। অভিপ্রৈতুং জ্ঞাতুম্। 'অনুষ্ঠাতু'মিতি পাঠঃ ক্বচিৎ।

সুগ্রীব পৃথিবীর সমস্ত বানরকে আগত এবং [শিবিরে] সন্নিবিষ্ট দেখিয়া আনন্দিত হইয়া রামকে এইরূপ বলিলেন— ॥ ১ ॥

রামচন্দ্র, যে সকল মহামনাঃ বানর আমার রাজ্যে বাস করে, সেই সকল বলবান্ দেবতা এবং দানবতুল্য পৃথিবীস্থিত নানারণ্যবাসী বানর ভীম-বিক্রমশালী বহু-সহস্র সৈন্যের সহিত আসিয়াছে ॥ ২-৩ ॥

বিখ্যাত-কর্ম্মী, বলবান্, শ্রম-সহিষ্ণু, বিক্রমপ্রকাশে বিখ্যাত, যুদ্ধকার্য্যে নিপুণ, আপনার কিঙ্কর, কোটী কোটী বানর উপস্থিত হইয়াছে ॥ ৪ ॥

হে শত্রুদমন, ইহারা সকলেই আজ্ঞানুবর্ত্তী, সকলেই রাজার হিতে রত এবং আপনার অভিপ্রেতকার্য্য সম্পাদন করিতে সমর্থ ॥ ৫ ॥

১। চ 'গতাংশ্চ বিনিবিষ্টাংশ্চ'। ২। ঘ-ঙ-ছ-চ 'বানরেন্দ্রা'। ৩। চ 'শ্রেষ্ঠাঃ'। ৪। ছ-চ '-নগ-'। ৫। চ '-ক্রমাঃ'। ৬। ঘ-ঙ-ছ '-য়েষু বোত্ত', চ 'য়ে চ বোত্ত-'। ৭। ঙ '-ধ্যাতুং'। ৮। ক-পুস্তকে পরশ্লোকো নাস্তি।

ত ইমে বহুসাহস্রৈরনীকৈর্ভীমবিক্রমৈঃ[১]।
আগতা দেবগর্ভাভা দৈত্যদানবসন্নিভাঃ ॥ ৬ ॥

[২]যন্মন্যসে মহাভাগ প্রাপ্তকালং তদুচ্যতাম্।
মাং সর্ব্ববলসংযুক্তমাজ্ঞাপয়িতুমর্হসি ॥ ৭ ॥

কামমেবমিদং[৩] কার্য্যং বিদিতং বীর[৪] তত্ত্বতঃ[৫]।
তথাপি চ যথাচারমর্থমাজ্ঞপ্তু[৬]মর্হসি ॥ ৮ ॥

তথা ব্রুবাণং সুগ্রীবং রামো দশরথাত্মজঃ।
বাহুভ্যাং সংপরিষ্বজ্য ইদং বচনমব্রবীৎ ॥ ৯ ॥

জ্ঞায়তাং সৌম্য বৈদেহী যদি জীবতি বা ন বা।
স চ দেশো মহাপ্রাজ্ঞ যস্মিন্ বসতি রাবণঃ ॥ ১০ ॥

৭। লো-টী। যচ্চিন্তাতে, 'যন্মন্যসে' ইতি বা পাঠঃ। প্রাপ্তঃ কালো যস্য কর্ম্মণস্তৎ।

৮। লো-টী। ইদং সীতান্বেষণাদি কার্য্যং যদ্যপি তত্ত্বতঃ কামমেবং যথেষ্টমেব, যথাচারং তব যথাকরণম্।

৭। টিপ্পনী। প্রাপ্তকালং কালোচিতং তদুচ্যতাম্। মন্নিয়োগঃ কার্য্য ইত্যর্থঃ। তিঃ।

দৈত্য-দানব-সদৃশ দেবতুল্য এই বানরগণ ভীম-বিক্রমশালী বহু-সহস্র সৈন্যের সহিত আসিয়াছে ॥ ৬ ॥

হে মহাভাগ, আপনি যাহা ভাল বিবেচনা করেন সময়ানুযায়ী সেইরূপ আদেশ করুন ; সমস্ত সৈন্যের সহিত আমাকে [কি করিতে হইবে সে বিষয়ে] আদেশ করিতে পারেন ॥ ৭ ॥

বীর, এই [সীতান্বেষণরূপ] কার্য্য আমি সম্যক্ রূপে অবগত হইলেও আপনি আপনার ইচ্ছানুরূপ আজ্ঞা করুন ॥ ৮ ॥

সুগ্রীব সেইরূপ বলিলে দশরথ-নন্দন রাম তাঁহাকে বাহুদ্বারা গাঢ় আলিঙ্গন করিয়া এইরূপ বলিলেন—॥ ৯ ॥

মহাপ্রাজ্ঞ, সৌম্যদর্শন সুগ্রীব, বিদেহ-রাজনন্দিনী সীতা জীবিত আছেন কিনা তাহা এবং রাবণ যে দেশে বাস করে সেই দেশ তুমি [বিশেষভাবে অনুসন্ধান করিয়া] অবগত হও ॥ ১০ ॥

১। ঢ '-বিক্রমাঃ'। ২। ঢ 'যচ্চিন্তাতে। ৩। ঘ '-মেষা-', ঢ '-মৈষামিদং বীর'। ৪। ঙ 'দেব'। ৫। ঢ 'কার্য্যতঃ'। ৬। ঢ '-মনু মাজ্ঞ-'।

অবগম্য তু বৈদেহীং নিলয়ং রাবণস্য চ।
প্রাপ্তকালং করিষ্যামি সামর্থ্যং[১] ভবতা সহ ॥ ১১ ॥
অত্র নাহং প্রভুঃ কার্য্যে বানরেন্দ্র সলক্ষ্মণঃ।
ত্বমস্য হেতুঃ কার্য্যস্য ত্বয়ি চৈতৎ[২] সমাহিতম্।
ত্বমেবাজ্ঞাপয় বিভো মম কার্য্যবিনিশ্চয়ম্ ॥ ১২ ॥
সুহৃদ্ বিনীতো বিক্রান্তঃ প্রাজ্ঞঃ কার্য্যবিশেষবিৎ।
যুক্তো যস্য ভবানর্থে স কৃতার্থো ন সংশয়ঃ ॥ ১৩ ॥
এবমুক্তস্তু সুগ্রীবো রামেণ স্নেহসংযুতম্।
বিনতং নাম যূথেশং সমাহূয় বচোঽব্রবীৎ ॥ ১৪ ॥
শৈলাভং মেঘনির্ঘোষং সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ।
বিনয়াবনতং[৩] বীরং বানরং[৪] ভীমবিক্রমম্ ॥ ১৫ ॥

১১। লো-টী। প্রাপ্তকালং তৎকালোচিতং সামর্থ্যং যোগ্যং কর্ম্ম। 'সামর্থ্যা'দিতি পাঠে শক্ত্যা।
১২। লো-টী। সমাহিতং সমর্পিতম্।
১৪। লো-টী। সুগ্রীবঃ শোভনগ্রীবঃ।

আমি সীতা এবং রাবণের বাসস্থানের বিষয় অবগত হইয়া তোমার সহিত সময়োচিত কর্ত্তব্য সম্পাদন করিব ॥ ১১ ॥

বানরশ্রেষ্ঠ, এই কার্য্যে (সীতার অন্বেষণার্থ বানরসৈন্য প্রেরণ করিতে) আমি বা লক্ষ্মণ সমর্থ নই। তুমি এই কার্য্যের সাধক, তোমাতে ইহার ভার অর্পিত হইয়াছে; অতএব, হে শক্তিমন্, তুমিই [বানরদিগকে] আমার এই কার্য্য বিশেষরূপে নিরূপণ করিয়া আদেশ কর ॥ ১২ ॥

বীর, সুহৃদ্গণের মধ্যে বিনয়ী, পরাক্রমশালী, বিচক্ষণ এবং কার্য্য করিতে বিশেষ অভিজ্ঞ তুমি যাহার হিতার্থে নিযুক্ত হও, সে যে কৃতকার্য্য [হয়] সে বিষয়ে সন্দেহ নাই ॥ ১৩ ॥

রাম সুগ্রীবকে স্নেহের সহিত এইরূপ বলিলে বানররাজ সুগ্রীব পর্ব্বত-সদৃশ, মেঘের ন্যায় গর্জ্জনকারী, বিনয়াবনত, ভীমবিক্রমশালী, বলবান্ 'বিনত'-নামক [বানর-] দলপতিকে ডাকিয়া বলিলেন—॥ ১৪-১৫ ॥

১। ঙ-ছ '-র্থ্যাদ্ ভব-'। ২। চ 'চৈব'। ৩। ঙ-ছ '-ঞ্চৈব ঋষভং ভীমবিক্রমম্'। ৪। চ 'বানরো'।

সোমসূর্য্যাত্মজৈঃ সার্দ্ধং বানরৈর্ব[১]রগোপমৈঃ।
দেশকাল[২]বিধানজ্ঞৈ[৩]র্ণয়াপনয়কোবিদৈঃ ॥ ১৬ ॥
বৃতঃ কোটিসহস্রেণ বানরাণাং তরস্বিনাম্।
মৃগয়স্ব দিশং [৪]পূর্ব্বাং সশৈলবনকাননাম্ ॥ ১৭ ॥
তত্র সীতাং চ বৈদেহীং নিলয়ং রাবণস্য চ।
মার্গধ্বং বনদুর্গেষু [৫]গুহাসু চ বনেষু চ ॥ ১৮ ॥
যমুনামাপগাং দিব্যাং যামুনং চ মহাগিরিম্।
নদীং ভাগীরথীং চৈব সরযূং কৌশিকীমপি ॥ ১৯ ॥
মেকলপ্রভবং শোণং নদং মণিনিভোদকম্।
[৬]রুচিরাং [৭]কুটিলাং [৮]চৈব [৯]চন্দনীং চাপগাং তথা ॥ ২০ ॥
[১০]বেদ[১১]বৈনাসিকাং চৈব রম্যাং মাহিষিকামপি।
ততঃ [১২]শকপু[১৩]লিন্দাংশ্চ [১৪]কলিঙ্গাংশ্চৈব মার্গত ॥ ২১ ॥

১৬-১৭। লো-টী। সোমসূর্য্যাত্মজৈঃ সার্দ্ধং বানরাণাং কোটিসহস্রেণ বৃতঃ। দেশকালয়োর্বিধানমুচিতং যৎ তজ্জ্ঞৈঃ। 'বিভাবজ্ঞৈ'রিতি বা পাঠঃ।

২০। লো-টী। রুচিরাং নাম নদীম্। রুচিরাং মনোহরাম্, তথা চন্দনাং বা পাঠঃ।

২১। লো-টী। তথা বেদবৈনাসিকাম্। 'বেদা'মিতি পাঠে তদপি নাম নদ্যাঃ। তথা মাহিষিকীম্। শকপুলিন্দান্ তত্তজ্জাতিবিশেষদেশান্। কলিঙ্গান্ কলিঙ্গদেশান্, মার্গত অন্বেষয়ত।

দেশ এবং কাল বিষয়ে অভিজ্ঞ, ন্যায্য ও অন্যায্য বিষয়ে দক্ষ, চন্দ্র ও সূর্য্যের ঔরসজাত পুত্র, হস্তীর ন্যায় প্রকাণ্ড বানরগণের সহিত সহস্রকোটি বেগবান্ বানরে পরিবৃত হইয়া পর্ব্বত, জনপদ ও কানন-সমন্বিত পূর্ব্বদিকে অন্বেষণ কর ॥ ১৬-১৭ ॥

সেই পূর্ব্বদিকে যে সকল বন, বন-দুর্গ এবং গুহা আছে সেই সমূহে বিদেহ-রাজনন্দিনী সীতা এবং রাবণের বাসস্থান অন্বেষণ কর ॥ ১৮ ॥

রমণীয় যমুনা এবং তাহা হইতে উৎপন্ন মহাগিরি, ভাগীরথী, সরযূ, কৌশিকী, মণির ন্যায় নির্ম্মলসলিলবিশিষ্ট শোণ নদ, রুচিরা, কুটিলা, চন্দনী, বেদবৈনাসিকা ও রমণীয় মাহিষিকা নদী এবং শক, পুলিন্দ ও কলিঙ্গ দেশে অন্বেষণ কর ॥ ১৯-২১ ॥

১। ক 'বানরোত্তমৈঃ'। ২। ঙ-ছ '-বিভাব-'। ৩। ট '-র্ণয়ানয়সু-কোবিদৈঃ'। ৪। ট 'পূর্ব্বাঃ'। ৫। ঘ-ছ ট 'নদীষু চ গুহাসু চ'। ৬। ট '-স্রাদ্রুচিতকৈব চন্দনা'। ৭। খ-ছ 'কুচিরা-'। ৮। ঙ 'চৈব নন্দনায়তনস্তথা'। ৯। খ-ছ 'নামাপগাং'। ১০। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ঘ 'বৈদ-', ছ 'বৈদীং বৈ-', ট 'বেদবেত্তাসি-'। ১১। ঙ '-বৈয়াসি-', ছ '-নাশিকা-'। ১২। ট 'শক্র-'। ১৩। ট '-ন্দাশ্চ কলিঙ্গাশ্চৈব'। ১৪। ঙ '-ঙ্গকৈব'।

অন্বিষ্য দণ্ডকারণ্যং সশৈলবনকাননম্ ।
তত্র গোদাবরীং[১] পুণ্যাং প্রসন্নসলিলাং নদীম্ ॥ ২২ ॥
তত্র পর্ব্বতজালেষু[২] কান্তারবিষয়েষু[৩] চ ।
রাবণঃ সহ বৈদেহ্যা মার্গিতব্যস্ততস্ততঃ ॥ ২৩ ॥
নদীং[৪] কালমসীং[৫] চৈব তমসাং চ মহানদীম্ ।
গোমতীং গোকুলাকীর্ণাং তথা পূর্ব্বাং[৬] সরস্বতাম্ ॥ ২৪ ॥
সুম্ভান্[৭] মান্যান্[৮] বিদেহাংশ্চ মলয়ান্[৯] কাশি-কোশলান্ ।
মগধান্[১০] দণ্ডকূলাংশ্চ[১১] বঙ্গানঙ্গাংস্তথৈব চ ॥ ২৫ ॥
মহানদং[১২] চ লৌহিত্যং শৈলকাননশোভিতম্ ।
পত্তনং কোষকারাণাং[১৩] তিমিরং[১৪] কনকাকরম্ ॥ ২৬ ॥

২২। লো-টী। দণ্ডকারণ্যমন্বিষ্য মার্গয়িত্বা তত্র ততঃ গোদাবরীং মার্গত ইতিপূর্ব্বক্রিয়া-সম্বন্ধঃ।

২৩। লো-টী। তত্র দণ্ডকারণ্যে যানি পর্ব্বতজালানি সমূহাস্তেষু কান্তারো বিলং দুর্গমার্গো বা তদ্‌বিষয়েষু তেষ্বিত্যর্থঃ।

২৪। লো-টী। কালমসীং নাম, পূর্ব্বাং পূর্ব্ববাহিনীম্।

২৫। লো-টী। মণ্ডকান্ দেশবিশেষান্, 'মণ্ডূকানি'তি ক্বচিৎ পাঠঃ। বিদেহানিত্যস্য বিশেষণং মান্যান্ পূজ্যান্, সীতাজন্মস্থানত্বাৎ। ঋদ্ধান্ সম্পন্নান্। দণ্ডকূলো দেশবিশেষঃ। 'দণ্ডকুশানি'তি বা পাঠঃ।

২৬। লো-টী। কোষং খড়্গাপিধানং 'ডাবুষ' ইতি যস্য প্রসিদ্ধিঃ। যদ্বা, কোষং স্বর্ণাদিপাত্রং তৎকারাণাম্। তিমিরং নাম পত্তনম্। 'তিমিঙ্কে'তি বা পাঠঃ। "কোষোঽস্ত্রী-

পর্ব্বত এবং কাননবিশিষ্ট দণ্ডকারণ্যে অন্বেষণ করিয়া পরে নির্ম্মল-সলিলা পবিত্র গোদাবরী নদীতে অন্বেষণ কর ॥ ২২ ॥

সেই দণ্ডকারণ্যের সমস্ত পর্ব্বত এবং দুর্গে বৈদেহীর সহিত রাবণকে ইতস্ততঃ অন্বেষণ করিবে ॥ ২৩ ॥

কালমসী নদী, মহানদী তমসা, গোমতী, গোকুলাকীর্ণা এবং পূর্ব্ববাহিনী সরস্বতী নদীতে অন্বেষণ করিবে ॥ ২৪ ॥

সম্মানার্হ বিদেহ, সুম্ভ, মলয়, কাশী, কোশল, মগধ, দণ্ডকূল, বঙ্গ এবং অঙ্গ-দেশে অনুসন্ধান করিবে ॥ ২৫ ॥

বন ও পর্ব্বতে শোভিত মহানদ লৌহিত্য এবং স্বর্ণের আকর—স্বর্ণপাত্র

১। ঘ-ছ-ঢ '-বরী রম্যা প্রসন্নসলিলা নদী', ঙ '-বরী পুণ্যা প্রসন্নসলিলা নদী'। ২। ঙ '-রাজ্যেষু'। ৩। ছ '-বিষমাসু চ'। ৪। ঙ 'নদীকামমর্য্যাঞ্চৈব', ছ 'নদীকালমহা-'। ৫। ঘ-ঢ '-মহী-'। ৬। ঢ 'পূর্ণাং'। ৭। ঙ-ছ 'সুহ্মান্'। ৮। ঙ-ছ-ঢ 'মম্নান্'। ৯। ঢ 'সনদান্'। ১০। ক-ঢ 'মাগ-'। ১১। ঙ 'পাণ্ডুহূণাংশ্চ'। ১২। ক 'নাদঞ্চ', ঢ '-নদীঞ্চ'। ১৩। ছ '-কোশ-'। ১৪। ঘ 'ভূমিঞ্চ', ঙ 'তিমিরঞ্চ কণাকরম্'।

সর্ব্বমেতদ্বিচেতব্যং সীতার্থে[১] রাবণস্য চ।
বানরৈঃ সূর্য্যসঙ্কাশৈর্বুদ্ধিশৌর্য্যসমন্বিতৈঃ ॥ ২৭ ॥
সমুদ্রমবগাঢ়ানি পত্তনানি গিরীনপি।
মন্দরস্য চ যে কোটীঃ[২] কিরাতাঃ[৩] কেচিদাশ্রিতাঃ ॥ ২৮ ॥
কর্ণপ্রাবরণাশ্চৈব[৪] কিরাতাশ্চোগ্রকর্ণিকাঃ[৫]।
ঘোরাঃ[৬] কালমুখাশ্চৈব[৭] পারকাঃ[৮] কর্বুকাস্তথা[৯] ॥ ২৯ ॥
অক্ষয়া[১০] বলবন্তশ্চ পুরুষাঃ পুরুষাদকাঃ।
কিরাতাঃ স্থূলচূড়াশ্চ[১১] হেমাভাঃ প্রিয়দর্শনাঃ ॥ ৩০ ॥

কুট্মলে পাত্রে দিব্যে খড়্গাপিধানকে" ইতি কোষঃ। 'কালকাকানা'মিতি পাঠে কালঃ কারঃ, রশ্রুতের্শ্রুতিঃ। কারে তুষারশৈলে হিমালয়ে যঃ কাকো দ্বীপঃ তত্রস্থানাং পত্তনম্। "কারো বধে নিশ্চয়ে চ বলৌ পশুরভাবপি, তুষারশৈলেঽপি পুমানি"তি কোষঃ। "কাকঃ স্যাদ্ বায়সে ধৃষ্টে মণিভিদ্দ্বীপভেদয়ো"রিতি ভূরিঃ।

২৭। লো-টী। রাবণস্যার্থে চ।

২৮। লো-টী। সমুদ্রং সমুদ্রতীরং গিরীংশ্চ অবগাঢ়ানি আশ্রিতানি। বিচেতব্যানীত্যন্বয়ঃ। কোটীরগ্রাণি।

২৯। লো-টী। কর্ণাঃ প্রাবরণানি যেষাং তে, মহাকর্ণা ইত্যর্থঃ। উগ্রা মহতী কর্ণিকা কর্ণভূষা যেষাং তে। 'ওষ্ঠকর্ণিকা' ইতি পাঠে ওষ্ঠাঃ কর্ণিকাঃ করিহস্তাগ্রাণীব যেষাং তে। 'কর্ণিকা করিহস্তাগ্রে ভূষায়াং কর্ণয়োরপী'ত্যজয়ঃ। ঘোরা মহাকায়াঃ। কালমুখাঃ কৃষ্ণমুখাঃ। 'কাকমুখা' ইতি বা পাঠঃ। পাদুকাঃ 'একোরুজঙ্ঘাচরণা জানুগুল্ফৈকসংবৃতাঃ। পাদুকাস্তেন বা ম্লেচ্ছাঃ প্লুতবিপ্লুতলঙ্ঘনাঃ ॥ হেমাভাঃ কপিলা যে তু বর্ব্বরা ঊর্দ্ধমূর্দ্ধজাঃ'। ইতি শৈবাগমোক্তা ইতি বিমলবোধাঃ। 'যবনাশ্চৈকপাদুকা' ইতি পাঠে যে কেচিদ্ যবনা একপাদাঃ এতেষামালয়া বিচেয়া ইতি চতুর্থেনান্বয়ঃ।

৩০। লো-টী। "অশ্বনালপনষ্টাশ্চ পুরুষাঃ পুরুষাদকা" ইত্যর্দ্ধং ক্বচিদস্তি ক্বচিন্নাস্তি, তথাপি ব্যাখ্যায়তে—অশ্বাঃ পুম্ভেদাঃ কিম্পুরুষা ইত্যর্থঃ। তেষাং নালানি ক্ষেত্রাণি কলত্রাণি পান্তি রক্ষন্তীতি অশ্বনালপাঃ। তে চ তে নষ্টা বিনষ্টা ধূর্ত্তা ইতি যাবৎ। তেষামালয়া ইতি ত্রয়েণান্বয়ঃ।

নির্ম্মাণকারীদিগের তিমির নামক নগর—এই সমস্তই বুদ্ধিমান্ ও পরাক্রমশালী সূর্য্যসদৃশ বানরগণ সীতা ও রাবণের জন্য অনুসন্ধান করুক ॥ ২৬-২৭ ॥

যে সমস্ত কিরাত সমুদ্রতীরবর্ত্তী নগর, পর্ব্বতে অধিষ্ঠিত নগরসমূহ এবং মন্দর পর্ব্বতের সানুদেশসমূহে অবস্থান করে, যাহাদের কর্ণ অতিশয় বিস্তৃত, কর্ণভূষণ

১। চ 'সীতায়াঃ'। ২। ঘ চ 'কোটীং'। ৩। ঙ 'কৈরাতাঃ'। ৪। চ '-রণৈশ্চৈব'। ৫। ঘ-চ '-বোষ্ট্রক-', ছ '-শ্চোগ্রকীর্ণ-'। ৬। ঙ-ছ 'পারাঃ'। ৭। ছ '-খাশ্চৈকপাদকা বর্ব্বরাস্তথা'। ৮। ঘ 'যবনাশ্চৈকপাদকাঃ', চ 'যবনাশ্চৈব পাদকাঃ'। ৯। ঙ '-বর্ব্বরা-'। ১০। ছ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ১১। ঘ-চ 'স্তন-'।

আমমৎস্যাশনাশ্চৈব কিরাতা দ্বীপবাসিনঃ।
অন্তর্জলচরা ঘোরা নরগ্রাহা ইতি শ্রুতাঃ[1] ॥ ৩১ ॥

এতেষামালয়াঃ[2] সর্ব্বে[3] বিচেয়া বনগোচরাঃ।
হরিভির্যে চ গম্যন্তে প্লবেন প্লবনেন চ[4] ॥ ৩২ ॥

রত্নবন্তং জলদ্বীপং[5] ফলভোজ্যোপশোভিতম্[6]।
সুবর্ণরূপ্যকং চৈব গণদ্বীপং[7] তথৈব চ ॥ ৩৩ ॥

জম্বুদ্বীপমতিক্রম্য শিশিরো[8] নাম পর্ব্বতঃ।
শৃঙ্গৈর্নভঃস্পৃশৈর্দিব্যৈর্দেবদানবসংকৃতৈঃ[9][10] ॥ ৩৪ ॥

"অশ্বঃ পুংভেদবাজিনো"রিতি কোষঃ। "মালং ক্ষেত্রে স্রজি স্ত্রিয়া" মিতি ভূরিঃ। "ক্ষেত্রং শরীরে কেদারে সিদ্ধস্থানকলত্রয়ো"রিতি চ কোষঃ। যে চ কিরাতা হেমাভাঃ তলচূড়াঃ তলে বাহোরধঃ চূড়া বাহুভূষণানি অঙ্গদানি যেষাং তে। "তলশ্চপেটে পুংসি স্যাৎ ক্লীবং চাধঃস্বরূপয়ো'রিতি, তথা 'চূড়া শিখায়াং বড়ভৌ তথা বাহুভূষণেন'(?) ইতি চ ভূরিঃ। 'স্থলবৃত্তা' ইতি পাঠে স্থলজাতা ইত্যর্থঃ।

৩১। লো-টী। দ্বীপবাসিনঃ জম্বুদ্বীপস্থৈব উপদ্বীপবাসিনঃ। নরং মনুষ্যং গৃহীত্বা জলে মজ্জন্তীতি তথা 'জলমানুষা' ইতি যেষাং প্রসিদ্ধিঃ।

৩২। লো-টী। যে চ দেশা গম্যন্তে তেষ্বপি প্লবেন পক্ষিবদাকাশগমনেন, প্লবনেন উৎপ্লুত্য যানেনেতি সর্ব্বজ্ঞঃ। প্লবেন ঝম্পেন বা, 'প্লবঃ প্লবন ঝম্পয়ো'রিতি ভূরিঃ।

৩৩। লো-টী। সুবর্ণরূপ্যকং তদ্যুক্তম্।

৩৪। লো-টী। জম্বুদ্বীপং জম্বুবাপীয়ুক্তদ্বীপত্রয়ম্। 'শৈশির' ইত্যপি পাঠঃ।

অতি প্রশস্ত, শরীর অতিশয় বিশাল, মুখ কৃষ্ণবর্ণ, যাহারা 'পারক' ও 'কর্ব্বুক' নামে অভিহিত, যাহারা অজয়, যাহারা মহাবলশালী, যাহারা নরমাংস ভোজন করে, যাহারা কাঞ্চনবর্ণ ও প্রিয়দর্শন, যে কিরাতগণের শিখা স্থল- -যে ভীষণ কিরাতগণ কাঁচা মৎস্য ভোজন করে, দ্বীপে বাস করে, জলমধ্যে বিচরণ করে এবং মানুষ ধরিয়া জলমধ্যে ডুব দেয়—ইহাদিগের বাসস্থানসমূহ এবং বানরগণ যেখানে শূন্যে ও উল্লম্ফনে গমন করে সেই সমস্ত বনপ্রদেশ অনুসন্ধান করিবে ॥ ২৮-৩২ ॥

ফল ও ভোজ্য বস্তুতে শোভিত রত্নময় জলদ্বীপ, স্বর্ণ ও রৌপ্যযুক্ত গণদ্বীপ ও জম্বুদ্বীপ অতিক্রম করিলে দেব-দানবসমাদৃত গগনস্পর্শী মনোরম শৃঙ্গবিশিষ্ট শিশির পর্ব্বত ॥ ৩৩-৩৪ ॥

১। ঘ ঙ-ট 'শ্রুতিঃ'। ২। ঙ 'ইতোনামা-'। ৩। ঙ '-য়ঃ'। ৪। ঘ 'প্রবয়েণ প্লবেন চ', ছ 'প্লবনেন প্লবেন চ', ট 'লম্বনেন প্লবেন চ'। ৫। ঘ-ঙ '-জন-'। ৬। ঘ-ঙ-ছ '-ভোগ্যোপ-'। ৭। ঘ-ঙ 'গুণ-'। ৮। ছ 'শিবিরো'। ৯। ট '-নভঃস্তনৈ-'। ১০। ঙ-ট 'সংস্কৃতৈঃ'।

তস্য রম্যেষু[১] শৃঙ্গেষু গুহাসূপবনেষু চ।
রাবণঃ সহ বৈদেহ্যা মার্গিতব্যস্ততস্ততঃ ॥ ৩৫ ॥
ততঃ[২] কালোদকং নাম সমুদ্রং ভীমদর্শনম্।
আক্রীড়ং দানবেন্দ্রাণাং গতা[৩] দ্রক্ষ্যথ বানরাঃ ॥ ৩৬ ॥
তত্র রক্ষোগণা ঘোরাশ্ছায়াং গৃহ্নন্ত্যলক্ষিতাঃ।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা[৪] দীর্ঘকালং বুভুক্ষিতাঃ ॥ ৩৭ ॥
[৫]তং কালমেঘপ্রতিমং মহোরগনিষেবিতম্।
অভিগম্য[৬] মহানাদং তথা[৭] নদনদীপতিম্ ॥ ৩৮ ॥
ততো রক্তজলং ঘোরং [৮]লোহিতং নাম সাগরম্।
গত্বা[৯] দ্রক্ষ্যথ তাং চৈব বৃহতীং [১০]কূটশাল্মলীম্ ॥ ৩৯ ॥

৩৬। লো-টী। ততো গতাঃ কালোদকং দ্রক্ষ্যথেত্যন্বয়ঃ। কৃষ্ণবর্ণজলং 'তমোনদ' ইতি যস্য প্রসিদ্ধিঃ। "তমোরজোনদৌ দেবি সমুদ্রৌ দুস্তরৌ নৃণা''মিতি শৈবাগমে [ইতি ?] বিমলবোধাঃ।

৩৮-৪১। লো-টী। তং কালোদকমভিগম্য মহানাদং মহোদধিং দ্রক্ষ্যথেতি পরেণান্বয়ঃ। তীর্থং পুণ্যজনকম্ [সপ্তম-পাঠান্তরে ঢ-পুস্তক-পাঠো দ্রষ্টব্যঃ।] 'তথা নদনদীপতি'মিতি বা পাঠঃ।

সেই পর্ব্বতের রমণীয় শৃঙ্গসমূহে, গুহায় এবং উপবনে—সর্ব্বত্র সীতা ও রাবণকে অন্বেষণ করিবে ॥ ৩৫ ॥

হে বানরগণ, তার পর প্রধান প্রধান দানবগণের বিহার স্থান [তমোনদ-নামক] ভীম-দর্শন কৃষ্ণসাগর (যাহার জল কৃষ্ণবর্ণ) দেখিতে পাইবে ॥ ৩৬ ॥

সেখানে বহুকাল ধরিয়া ক্ষুধিত ভয়ঙ্কর রাক্ষসগণ ব্রহ্মার বরপ্রভাবে অলক্ষিত থাকিয়া [প্রাণিগণের] ছায়া গ্রহণ করে। (অর্থাৎ ছায়াদ্বারা আকর্ষণ-পূর্ব্বক তাহাদিগকে ভক্ষণ করিয়া থাকে) ॥ ৩৭ ॥

যে কোন উপায়ে কৃষ্ণবর্ণ-মেঘতুল্য মহাসর্প-নিষেবিত ভীষণ শব্দকারী নদ ও নদীর অধীশ্বর সেই কৃষ্ণ-সমুদ্র অতিক্রম করিয়া রক্তবর্ণ জলবিশিষ্ট ভয়ঙ্কর লোহিত-নামক সাগরে যাইয়া পর্ব্বতস্থিত বৃহৎ শাল্মলীবৃক্ষ দেখিতে পাইবে ॥ ৩৮-৩৯ ॥

১। ছ 'শৃঙ্গেষু রম্যেষু'। ২। ঢ পুস্তকে ষট্‌ত্রিংশ-সপ্তত্রিংশৌ শ্লোকৌ ন স্তঃ। ঙ 'তত্র'। ৩। অতঃপরং ঙ খ-ছ-পুস্তকেষু 'হরিভির্যেন ('র্যে চ' ঙ) গম্যান্তে প্লবেনাপ্লবনেন চ ('প্রবরেণ প্লবেন চ' ঙ)', ইত্যধিকম্। ৪। ছ '-তাশ্চির-'। ৫। ঢ 'তে'। ৬। ঘ '-গত্যা'। ৭। ঘ 'তীর্থে নৈব মহোদধিম্', ঢ '-তীর্থ ক্কৈব ম[হো]দধিম্'। ৮। ছ 'লৌহিত্যং'। ৯। ছ 'গতা'। ১০। ঙ 'শাল্মলীতরুম্'।

গৃহং চ বৈনতেয়স্য নানারত্নবিভূষিতম্।
শুভ্রং[১] কৈলাসসঙ্কাশং নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা।
তেষু[২] রম্যেষু দেশেষু বিচেয়া জনকাত্মজা ॥ ৪০ ॥

ততঃ শৃঙ্গসহস্রেণ ভিত্ত্বা সলিলমুত্থিতম্
দ্রক্ষ্যথাম্বুরুহং দিব্যং গোশৃঙ্গং নাম পর্ব্বতম্ ॥ ৪১ ॥

তস্য শৃঙ্গসহস্রেষু মন্দেহা নাম রাক্ষসাঃ।
অরত্নিমাত্রা লক্ষ্যন্তে[৮] নানারূপা ভয়াবহাঃ ॥ ৪২ ॥

তে পতন্তি জলে ঘোরাঃ সূর্য্যস্যোদয়নং[৯] প্রতি।
অভিশপ্তা[১০] মহেন্দ্রেণ[১১] নিশায়ামুৎপতন্তি চ ॥ ৪৩ ॥

বৃহতীং মহতীং কূটশাল্মলীম্, কূটে পর্ব্বতে বর্ত্তমানাম্। "মহীধ্রে কূট-কূটীরৌ" ইতি বিমলবোধাঃ। তস্যাং গৃহঞ্চ, গোশৃঙ্গং নাম তত্র অম্বুরুহং দিব্যং চ দ্রক্ষ্যথ।

৪৩। লো-টী। উদয়নমুদয়কালং সন্ধ্যাকালং প্রতি লক্ষ্যীকৃত্য জলে স্থিতাস্তে সূর্য্যস্য তপস্তি তাপং জনয়ন্তি। খাদিতুমিচ্ছন্তীত্যর্থঃ। মহেন্দ্রেণ মহতা ইন্দ্রেণ ঈশ্বরেণ প্রজাপতিনা অভিশস্তা লম্বন্তে দিনে দিনে শরীরাণামক্ষয়ত্বং প্রতিপদ্যন্তে। পতন্তি চ দিনে দিনে ম্রিয়ন্তে চ [পাঠান্তরং দ্রষ্টব্যম্]। ততঃ সূর্য্যেণ সহ তেষাং মহদ্ যুদ্ধমভবদিতি। ওঁকারব্রহ্মযুক্তয়া গায়ত্র্যা আমন্ত্রিতেন তোয়েন ব্রাহ্মণেন ব্রাহ্মণসমূহেন রক্ষিতঃ ক্ষীণতেজা অপি পুনরুৎপততে বর্দ্ধতে। যথা বিষ্ণুপুরাণে—"সন্ধ্যাকালে তু সম্প্রাপ্তে ঘোরে পরমদারুণে। মন্দেহা রাক্ষসা ঘোরাঃ সূর্য্যমিচ্ছন্তি খাদিতুম্॥ প্রজাপতিকৃতঃ শাপস্তেষাং মৈত্রেয়রক্ষসাম্। অক্ষয়ত্বং শরীরাণাং মরণং চ দিনে দিনে॥ ততঃ সূর্যস্য তৈর্যুদ্ধং ভবত্যত্যন্তদারুণম্। ততো দ্বিজোত্তমাস্তোয়ং প্রক্ষিপন্তি মহামুনে॥ ওঁকার-ব্রহ্মসংযুক্তং গায়ত্র্যা চাভিমন্ত্রিতম্। তেন দহন্তি তে পাপা বজ্রীভূতেন বারিণা"॥ ইতি।

[তথায়] বিশ্বকর্ম্মার নির্ম্মিত নানারত্নে অলঙ্কৃত শ্বেতবর্ণ কৈলাস-সদৃশ গরুড়ের গৃহও দেখিতে পাইবে।

সেই রমণীয় প্রদেশসমূহে জনকনন্দিনী সীতার অন্বেষণ করিবে ॥ ৪০ ॥

তার পর সহস্র শৃঙ্গেরদ্বারা জলরাশি ভেদ করিয়া উত্থিত গোশৃঙ্গনামক জল-জাত মনোহর পর্ব্বত দেখিতে পাইবে ॥ ৪১ ॥

সেই পর্ব্বতের সহস্র সহস্র শৃঙ্গে অরত্নি-প্রমাণ নানারূপ ভয়ঙ্কর মন্দেহ নামক রাক্ষসগণকে দেখা যায় ॥ ৪২ ॥

প্রজাপতির অভিশাপে সেই ভয়ঙ্কর রাক্ষসগণ সূর্য্যোদয়ে জলে পতিত হয় এবং রাত্রে উত্থিত হয় ॥ ৪৩ ॥

১। ঘ-ঙ 'শুভং'। ২। ঘ 'তস্য', চ 'তস্য দেশেষু রম্যেষু'। ৩। ঙ '-স্রেষু'। ৪। চ '-মূর্চ্ছিতম্'। ৫। ঙ 'দ্রক্ষ্যতাম্বুরো'। ৬। চ '-ধরপ্রথাং'। ৭। চ 'বৃক্ষ-'। ৮। ঘ-চ 'লম্ব্যন্তে'। ৯। চ 'আদিত্যোদয়নং'। ১০। ঘ 'তপ্তা হি সূর্য্যেণ লম্বন্তে চ পতন্তি চ', চ '-তপ্তাতিসূর্য্যেণ লম্বন্তে চ পতন্তি চ', ঙ '-তপ্তা-'। ১১। ঘ-ছ-চ 'হি সূর্য্যেণ'।

ততঃ পাণ্ডুরমেঘাভং ক্ষীরোদং নাম সাগরম্।
গতা[1] দ্রক্ষ্যথ দুর্ধর্ষং[2] মুক্তামণিবরালয়ম্ ॥ ৪৪ ॥
তত্র[3] মধ্যেঽংশুমান্ নাম স্থিতো[4] রজতপর্ব্বতঃ।
দিব্যগন্ধৈঃ সুকুসুমৈ[5] রাজতৈঃ পাদপৈর্বৃতঃ ॥ ৪৫ ॥
তত্র[6] সা রাজতৈঃ পদ্মৈর্[7]নলিনী হেমকেশরৈঃ[8]।
নাম্না সুদর্শনা[9] নাম রাজহংস[10]সমাকুলা[11] ॥ ৪৬ ॥
কিন্নরা বানরা যক্ষা গন্ধর্বাপ্সরসস্তথা।
হৃষ্টাস্তামভিগচ্ছন্তি নলিনীং চারুদর্শনাম্[12] ॥ ৪৭ ॥
ক্ষীরোদং সমতিক্রম্য ততো দ্রক্ষ্যথ বানরাঃ।
ঘৃতোদমুদধিশ্রেষ্ঠং সর্বভূতমনোহরম্ ॥ ৪৮ ॥

৪৪। লো-টী। ক্ষীরোদং নাম সাগরম্। সগরপুত্রৈঃ খনিতঃ কশ্চন সাগরঃ ক্ষীরোদনামা অত্র বর্ত্ততে, ন পুনঃ শাকবেষ্টকো দুগ্ধসমুদ্রঃ।

৪৫। লো-টী। তত্র মধ্যে তস্য তীরে। রাজতৈ রজতাকারৈঃ।

৪৬। লো-টী। তত্র অংশুমতি পর্ব্বতে সুদর্শনা নাম্না নলিনী নদীত্যন্বয়ঃ। নাম প্রসিদ্ধৌ। হেমকেশরৈঃ হেমকিঞ্জল্কৈঃ।

৪৮। লো-টী। ঘৃতোদমিত্যপি অত্রৈব বর্ত্তমানং সাগরস্য নামান্তরম্। উদধির্জলাশয়-স্তচ্ছ্রেষ্ঠম্।

তার পর শুভ্রমেঘ-তুল্য উৎকৃষ্ট মণি-মুক্তার আধার দুর্ধর্ষ ক্ষীরোদ নামক সমুদ্রে যাইয়া তন্মধ্যে অবস্থিত দিব্যগন্ধ-যুক্ত পুষ্পে শোভিত রজতবর্ণ বৃক্ষসমূহে পরিবৃত অংশুমান্ নামক রজতবর্ণ পর্ব্বত দেখিতে পাইবে ॥ ৪৪-৪৫ ॥

সেই অংশুমান্ পর্ব্বতে কাঞ্চনবর্ণ-কেশরবিশিষ্ট রজত-বর্ণ পদ্মে পরিশোভিত রাজহংসসমূহে সমাকীর্ণ সুদর্শনা নামে প্রসিদ্ধ নদী দেখিতে পাইবে ॥ ৪৬ ॥

কিন্নর, বানর, যক্ষ, গন্ধর্ব্ব এবং অপ্সরাগণ আনন্দিত হইয়া সেই মনোহর নদীতে আসিয়া থাকে ॥ ৪৭ ॥

বানরগণ, পরে ক্ষীরোদ সাগর অতিক্রম করিয়া সর্ব্বজীবের মনোমুগ্ধকর জলাশয়শ্রেষ্ঠ ঘৃত-সাগর দেখিতে পাইবে ॥ ৪৮ ॥

১। ট 'লক্ষ্যত'। ২। ছ-ট '-র্ষা'। ৩। খ-ছ 'তস্য'। ৪। ঘ-ছ 'জাতো'। ৫। ছ-ট 'কুসুমিতৈঃ'। ৬। ঘ-ট 'যত্র'। ৭। ঙ 'পাত্রৈ-'। ৮। ঙ '-ভূষিতৈঃ', ট '-পঙ্কজৈঃ'। ৯। ঙ '-নং'। ১০। ঘ-ট '-হংস-কুলাকুলা'। ১১। ঙ '-লম্'। ১২। ক '-দর্শিনীম্'।

যত্র তৎ [১]ক্রোধজং তেজঃ কৃত্বা হয়মুখং হরিঃ।
[২]হবির্ভূতং জলং [৩]দিব্যমপিবদ্বড়বা[৪]মুখঃ ॥ ৪৯ ॥
তত্র [৫]বিক্রোশতাং নাদো ভূতানাং সলিলৌকসাম্।
শ্রূয়তে ভৃশমার্ত্তানাং বিশতাং বড়বামুখম্ ॥ ৫০ ॥
ঘৃতোদস্যোত্তরে [৬]কূলে যোজনানি চতুর্দ্দশ।
জাতরূপশিলো নাম জাতঃ কনকপর্ব্বতঃ ॥ ৫১ ॥
[৭]তস্যাসীনং নগস্যাগ্রে দ্রক্ষ্যথ জ্বলিতং শ্রিয়া।
সহস্রশিরসং দেবম[৮]নন্তং পীতবাসসম্ ॥ ৫২ ॥
ত্রি-শিরাঃ কাঞ্চ[৯]নস্তালস্তস্য কেতুর্ম্মহাত্মনঃ।
স্থাপিতঃ পর্ব্বতস্যাগ্রে রাজতে চিত্রবেদিকঃ ॥ ৫৩ ॥

৪৯। লো-টী। যত্র যস্য। তৎ হরিদ্ভূতং জলং হরেমুর্খং নিত্যমপিবৎ। কিং কৃত্বা? কোপজং তেজঃ কৃত্বা। অতএব বড়বামুখো হরিরুচ্যতে ইতি শেষঃ। 'হরি'রিতি পাঠে, হরির্হয়মুখং কৃত্বা অপিবৎ। কিম্ভূতং হয়মুখম্? কোপজং তেজঃ কোপজন্যতেজঃস্বরূপমিত্যর্থঃ। যদ্বা, বড়বামুখো বড়বাগ্নির্যস্য জলং নিত্যমপিবৎ। কিং কৃত্বা? হরিরিব হয়মুখং কৃত্বা। অন্যৎ সমানম্। "ঔর্ব্বঃ সমুদ্রবহ্নিঃ স্যাদ্ বাড়বো বড়বামুখঃ" ইতি রত্নমালা।

৫০। লো-টী। বড়বানলং হরের্বড়বামুখাকারমুখং বিশতাম্; "বড়বামুখ"মিতি বা পাঠঃ। বড়বা অশ্বা। যদ্বা, বড়বানলমগ্নিবিশেষম্।

৫১। লো-টী। তত্তীরবাসিনো যে কিন্নরাদয়স্তেষামপি। জাতরূপময়ী শিলা যত্র সঃ। 'জাতরূপাসন' ইতি বিমলবোধপাঠঃ।

৫৩। লো-টী। চিত্রা মনোহরা বেদিকা যত্র সঃ।

বড়বানল [হয়-গ্রীব] বিষ্ণুর ন্যায় ক্রোধ-জন্য তেজঃস্বরূপ অশ্ব-মুখ ধারণ করিয়া যাহার মনোরম ঘৃতময় সলিল পান করিয়াছিল ॥ ৪৯ ॥

সেখানে বড়বানলের মুখে প্রবিষ্ট অতিশয় কাতর জলচর প্রাণী-দিগের আর্ত্তনাদ শুনিতে পাওয়া যায় ॥ ৫০ ॥

ঘৃত-সমুদ্রের উত্তর তীরে সুবর্ণময় শিলা-যুক্ত চতুর্দ্দশ যোজন বিস্তৃত প্রসিদ্ধ কনক-পর্ব্বত আছে ॥ ৫১ ॥

সেই পর্ব্বতের অগ্রভাগে উপবিষ্ট উজ্জ্বল-কান্তিবিশিষ্ট পীতবসনধারী সহস্রশীর্ষ অনন্তদেবকে দেখিতে পাইবে ॥ ৫২ ॥

বিচিত্র বেদিমধ্যে মহাত্মা অনন্তদেবের স্থাপিত শাখাত্রয়যুক্ত সুবর্ণময় তালবৃক্ষ সেই পর্ব্বতের অগ্রভাগে [পূর্ব্বদিকের সীমা-] চিহ্নরূপে বিরাজিত আছে ॥ ৫৩ ॥

১। ছ 'কোপজং', ঢ 'কায়জং'। ২। ঢ 'হবির্ব্বৃতং', ক 'হরিদ্ভূতং'। ৩। ক 'নিত্য-'। ৪। ঙ-ছ '-মুখম্'। ৫। ছ 'বৈ ক্রোশ-'। ৬। ঙ 'তীরে'। ৭। ঘ-ঙ-ছ 'অত্রা-'। ৮। ঙ-ছ 'নীল-'। ৯। ঢ '-নাভস্ত তস্য'।

পূর্ব্বস্যাং দিশি নির্ম্মাণং দ্রক্ষ্যথ ব্রহ্মনির্ম্মিতম্।

ততো হেমময়ঃ শ্রীমানুদয়ো[১] নাম পর্ব্বতঃ ॥ ৫৪ ॥

তস্য কোটির্দিবং স্পৃষ্ট্বা[২] শতযোজনমায়তা।

জাতরূপময়ী[৩] দিব্যা রাজতে[৪] চ সবেদিকা ॥ ৫৫ ॥

সালৈস্তালৈস্তমালৈশ্চ কর্ণিকারৈশ্চ পুষ্পিতৈঃ।

জাতরূপময়ৈঃ শৃঙ্গৈঃ শোভতে[৫] সূর্য্যসন্নিভৈঃ ॥ ৫৬ ॥

তস্য পর্ব্বতশৃঙ্গেষু বনেষু[৬] চ গুহাসু চ।

রাবণঃ সহ বৈদেহ্যা মার্গিতব্যস্ততস্ততঃ ॥ ৫৭ ॥

তমতিক্রম্য শৈলেন্দ্রং পুনর্দ্রক্ষ্যথ[৭] বানরাঃ।

দশযোজনবিস্তারমুচ্ছ্রিতং[৮] শতযোজনম্ ॥ ৫৮ ॥

৫৪। লো-টী। তস্য পূর্ব্বস্যাং দিশি নির্য্যাণমধ্বনির্গমম্। "নির্য্যাণং বীরণোপাঙ্গদেশে মোক্ষেঽধ্বনির্গমে" ইতি কোষঃ। 'নির্ম্মাণ'মিতি পাঠে, নির্ম্মিতিরাশ্চর্য্যরূপা। ব্রহ্মণা স্বয়মেব নির্ম্মিতং স্পষ্টম্। উদয়ো নাম কশ্চিজ্জম্বুদ্বীপপর্ব্বতঃ।

৫৫। লো-টী। কোটিরগ্রভাগঃ। দিবমাকাশম্। সবেদিকা বেদিকয়া সহ বর্ত্তমানা। 'সর্ব্ববেদিকে'তি পাঠে, সর্ব্বস্যাং দিশি বেদিকা যস্যাং সা।

৫৬। লো-টী। সূর্য্যসন্নিভৈঃ পূর্ব্ববৎ প্রকাশমানৈঃ, তদ্বদুচ্চৈর্ব্বা কোটিঃ শোভতে।

৫৭। লো-টী। ততো দর্শনানন্তরম্, ততস্ততস্তেষু তেষু শৈলাদিষু শৃঙ্গেষু চ।

৫৮-৫৯। লো-টী। উচ্ছ্রিতমুৎসেধবন্তম্। নগম্ অন্যং শৈলম্।

তারপর পূর্ব্বদিকে ব্রহ্মার বিচিত্র-সৃষ্টি—উদয় নামে কাঞ্চনময় সুন্দর পর্ব্বত দেখিতে পাইবে ॥ ৫৪ ॥

সেই উদয়গিরির শত-যোজন-বিস্তৃত গগনস্পর্শী কাঞ্চনময় মনোরম শিখরদেশ বেদিকার সহিত শোভা পাইতেছে ॥ ৫৫ ॥

পুষ্পিত—সাল, তাল, তমাল ও কর্ণিকার বৃক্ষে এবং সূর্য্য-সদৃশ সুবর্ণময় শৃঙ্গসমূহে [সেই পর্ব্বত] শোভা পাইতেছে ॥ ৫৬ ॥

সেই পর্ব্বতের শৃঙ্গ, বন ও গুহাসমূহে সীতা ও রাবণকে অন্বেষণ করিবে ॥ ৫৭ ॥

বানরগণ, উদয়গিরি অতিক্রম করিয়া পুনরায় দশ-যোজন-বিস্তৃত

১। ক 'দেব-'। ২। ক 'প্রাপ্তা'। ৩। ঙ '-ময়াদিষ্টা'। ৪। ঘ-ঙ-চ 'বিরাজতি স-', ছ 'বিরাজতে স্ববে-'। ৫। ছ 'শোভিতে'। ৬। চ 'বনেষু পবনেষু চ'। ৭। ঙ '-র্দ্রক্ষ্যন্তি'। ৮। ঙ 'দশ-'।

নগং সৌমনসং নাম জাতরূপময়ং দৃঢ়ম্ ।
তস্য পর্ব্বতরাজস্য মহচ্ছৃঙ্গং[1] মনোরমম্ ॥ ৫৯ ॥

তত্র বৈখানসা নাম বালখিল্যা[2] মরীচিপাঃ ।
প্রাদেশমাত্রা দৃশ্যন্তে সূর্য্যবর্ণাস্তপোধনাঃ ॥ ৬০ ॥

কাঞ্চনস্য চ শৈলস্য সূর্য্যস্য[3] চ মহাত্মনঃ ।
প্রমৃষ্টা তেজসা পূর্ব্বা সন্ধ্যা-রক্তা প্রকাশতে ॥ ৬১ ॥

তত্র পূর্ব্বং[4] পদং কৃত্বা তদা বিষ্ণুস্ত্রিবিক্রমঃ ।
দ্বিতীয়ং[5] শিখরে মেরোশ্চকার পুরুষোত্তমঃ ॥ ৬২ ॥

উত্তরেণ পরিক্রম্য জম্বুদ্বীপং[6] দিবাকরঃ ।
দৃশ্যো ভবতি ভূতানাং শিখরং তমুপাশ্রিতঃ[7] ॥ ৬৩ ॥

৬১। লো-টী। শৈলস্য সৌমনসস্য ।
৬২। লো-টী। তত্র সৌমনসে নগে। তদা ত্রিবিক্রমণকালে। দ্বিতীয়ং পাদম্ ।
৬৩। লো-টী। উত্তরেণ উত্তরদিগ্‌বিভাগেন জম্বুদ্বীপং পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য। শিখরং তম্ সৌমনসশৈলস্য মহৎ শৃঙ্গম্ ।

৬০। টিপ্পনী। বৈখানসাঃ ব্রহ্মনখোৎপন্নাঃ, বালখিল্যাঃ ব্রহ্মরোমোৎপন্নাঃ ; "যে নখাস্তে বৈখানসাঃ, যে বালাস্তে বালখিল্যাঃ" ইতিশ্রুতেঃ। গোঃ রাঃ।

শত-যোজন-উন্নত পর্ব্বতশ্রেষ্ঠ সুবর্ণময় সৌমনস নামে সুদৃঢ় পর্ব্বত দেখিতে পাইবে, সেই পর্ব্বতরাজের বিশাল শিখর অতিশয় সুন্দর ॥ ৫৮-৫৯ ॥

সেই পর্ব্বতে কিরণপায়ী তপস্বী সূর্য্যের ন্যায় দীপ্তিশালী প্রাদেশপ্রমাণ বালখিল্য ও বৈখানসগণকে দেখিতে পাওয়া যায় ॥ ৬০ ॥

সেই কাঞ্চনময় মহাপর্ব্বত ও সূর্য্যদেবের প্রভায় রঞ্জিত হইয়া পূর্ব্বদিক্ সন্ধ্যার ন্যায় লোহিতবর্ণে প্রকাশিত হয় ॥ ৬১ ॥

পুরুষোত্তম বিষ্ণু ত্রিপাদদ্বারা ত্রিভুবন আক্রমণকালে সেই সৌমনস পর্ব্বতে প্রথম পদ স্থাপন করিয়া সুমেরু পর্ব্বতের শিখরদেশে দ্বিতীয় পদ রাখিয়াছিলেন ॥ ৬২ ॥

উত্তর দিকে জম্বুদ্বীপ পরিভ্রমণ করিয়া সূর্য্যদেব সৌমনস পর্ব্বতের শিখরদেশে উপস্থিত হইলে প্রাণীদিগের দৃষ্টিগোচর হন ॥ ৬৩ ॥

১। ঘ-ছ '-হরম্'। ২। ক-ঘ-ঙ 'বালিখি-'। ৩। ক 'সূর্য্যস্যেব'। ৪। চ 'পূর্ব্বপদং'। ৫। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৬। ঙ '-দ্বীপে'। ৭। ঘ '-রস্তং সমা-', চ '-রস্তৎ সমা-'।

ততঃ সন্দর্শনদ্বীপো গোভিরস্য প্রকাশতে।
ততস্তেজশ্চ চক্ষুশ্চ সর্ব্বপ্রাণভৃতামপি।
আক্ষিপ্য সহসা[১] সূর্য্যো দ্যোততে স্বেন[২] তেজসা ॥ ৬৪ ॥
শৈলেম্বেতেষু দিব্যেষু সাগরেষু বনেষু চ।
যে[৩] বিভক্তা ময়া দেশা বিচেয়া তেষু জানকী ॥ ৬৫ ॥
ততঃ পরমগম্যা সা পূর্ব্বা দিক্ তিমিরাবৃতা।
রহিতা চন্দ্রসূর্য্যাভ্যামদৃশ্যা লোমহর্ষিণী[৪] ॥ ৬৬ ॥
এতাবদ্ বানরৈঃ শক্যং গন্তুং বানরপুঙ্গবাঃ।
অভাস্করমমর্য্যাদং ন জানামি ততঃ পরম্ ॥ ৬৭ ॥
উদয়ং পর্ব্বতং গত্বা[৫] আ মাসাদ্বিনিবর্ত্তত[৬]।
মাসাদূর্দ্ধং ন বস্তব্যং বসন্ বধ্যো ভবেন্মম ॥ ৬৮ ॥

৬৪। লো-টী। দ্বীপো দ্বীপস্থো জনঃ।

৬৫। লো-টী। যে বিভক্তা বিভজ্য উক্তাঃ। 'যে চ নোক্তা' ইতি বা পাঠঃ।

৬৬। লো-টী। পূর্ব্বা পূর্ব্বদিকস্থা গর্ত্তভূমিগুহাভূমির্ব্বা। যথা মথুরায়াং তিষ্ঠতি গর্ত্তভূমিঃ। যথা বা অঙ্গদহনূমদাদিভিঃ প্রবিষ্টা গর্ত্তভূমিঃ। লোম্নাং হর্ষণম্ উর্দ্ধাবস্থানং শ্রবণেন যস্যাঃ সা লোমহর্ষণী।

৬৭। লো-টী। অভাস্করমমর্য্যাদং যদ্ দেশান্তরং তদহং ন জানামি। যদ্বা, 'ততঃ পরমগম্যা সা' ইতি যদুক্তং তৎ কথমিত্যপেক্ষায়ামাহ—অহং ন জানামি কুতস্তত্র প্রেষণীয়া ইতি ভাবঃ।

৬৮। লো-টী। আ মাসাদ্ মাসমভিব্যাপ্য। বিনিবর্ত্তত 'বিনিবর্ত্তথ' ইতি বা পাঠঃ।

……………পূর্ব্বদিক্‌প্রেষণো নাম সর্গঃ।

১২৭। লো-টী। কৃতং ভবিষ্যতীত্যন্ধপক্ষে—"কৃতং ভবিষ্যতানলানিলোপমা বিদেহজা-দর্শনজেন কর্ম্মণা" ইতি পাঠে অনলোপমা অনিলোপমাশ্চেতি সম্বোধনম্।

১২৮। লো-টী। যথেপ্সিতম্ ঈপ্সিতমনতিক্রম্য। ভূতধরাং পৃথিবীম্। ভবিষ্যথ প্রাপ্স্যাথ। পরস্মৈপদমার্ষম্। হে প্লবঙ্গমাঃ। 'চরিষ্যথোর্ব্বীং প্রতিশান্তশত্রবঃ সহ প্রিয়ৈঃ সাচলসাগরামিমা'মিতি পাঠে প্রিয়ৈর্বান্ধবৈঃ।

১২৯। লো-টী। 'হরয়ঃ সুশীঘ্রা' ইতি পাঠঃ। ক্বচিচ্চ 'হরিপুঙ্গবাস্তে' ইতি। 'শিরোভিরুর্ব্ব্যাং সহিতা' ইতি পাঠঃ, ক্বচিচ্চ—'ততঃ শিরোভিঃ প্রণিপত্য সর্ব্বে' ইতি। উত্তর-দিগ্‌নির্দ্দেশো নাম সর্গঃ।

এই সমস্তই যত্নসহকারে নিঃশেষে অন্বেষণ করিবে। অন্য যে দেশের কথা বলা হয় নাই সেখানেও অন্বেষণ করিতে ইচ্ছা করিবে ॥ ১২৬ ॥

হে অগ্নি এবং বায়ু সদৃশ বানরগণ, বিদেহ-রাজনন্দিনী সীতার দর্শনরূপ কার্য্যদ্বারা দশরথ-নন্দন রামচন্দ্রের অত্যন্ত প্রিয় কার্য্য করা হইবে এবং তাহা হইতেও অধিক আমার প্রিয় কার্য্য করা হইবে ॥ ১২৭ ॥

তাহার পর কৃতকৃত্য তোমরা সবান্ধবে মিলিত হইয়া মনোরম সমস্ত গুণযুক্ত ভোগ্যবস্তু দ্বারা মৎকর্ত্তৃক সম্মানিত হইয়া শীঘ্রই প্রিয়জনের সহিত পৃথিবী মধ্যে ইচ্ছা মত বিচরণ করিবে ॥ ১২৮ ॥

বানরদিগকে এইরূপ বলিলে তাহারা মিলিত হইয়া তৎক্ষণাৎ সুগ্রীবের সহিত অত্যন্ত পরাক্রমশালী রামচন্দ্রকে ভূতলবিলুণ্ঠিত শিরে প্রণাম করিয়া কুবের-পালিত উত্তর দিকে গমন করিল ॥ ১২৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে উত্তরদিগ্‌নির্দ্দেশ
নামক ৪৪শ সর্গ সমাপ্ত ॥ ৪৪ ॥

১। ণ 'যদন্য-'। ২। ঙ-ট 'কৃতে'। ৩। ঘ '-ত্তরং নাম তথা'। ৪। ঙ-ণ 'কৃতে'। ৫। ণ '-ত্যনিলানলো-'। ৬। ঙ '-পমৈর্বি-'। ৭। ঙ-ট '-প্সিতাঃ'। ৮। ঘ-চ-ট '-ঙ্গবাঃ', ণ '-ঙ্গবৈঃ'। ৯। ণ 'পত্রচরা ভবিষ্যথ'। ১০। ঘ-ণ '-য়ঃ সুশীঘ্রাঃ', ছ-ট 'য়ঃ সুশীঘ্রঃ'। ১১। ছ '-বীর্য্যাঃ'। ১২। ঙ '-রক্ষিতাম্'।

(৪৫) পঞ্চচত্বারিংশঃ সর্গঃ

তদুগ্রশাসনং ভর্ত্তুর্ব্বিজ্ঞায় হরিপুঙ্গবাঃ।
শলভা ইব সংচ্ছাদ্য পৃথিবীং সংপ্রতস্থিরে ॥ ১ ॥
রামঃ প্রস্রবণে তস্মিন্ ন্যবসৎ সহলক্ষ্মণঃ।
প্রতীক্ষমাণস্তং মাসং সীতাধিগমনে কৃতম্ ॥ ২ ॥
পূর্ব্বান্তু দিশমাস্থায় বিনতো নাম যূথপঃ।
প্রতস্থে কপিশার্দ্দূলো বানরৈর্ব্বহুভির্ব্বৃতঃ ॥ ৩ ॥
তারাঙ্গদাভ্যাং সহিতঃ প্লবগঃ পবনাত্মজঃ।
অগস্ত্যচরিতামাশাং প্রতস্থে প্লবগৈঃ সহ ॥ ৪ ॥
সুষেণঃ কপিশার্দ্দূলো হৃষ্টো বরুণপালিতাম্।
প্রতস্থে বিক্রমোপেতৈঃ সুদুর্গাং প্লবগৈঃ সহ ॥ ৫ ॥

২। লো-টী। সীতাধিগমনে জ্ঞানে।
৩। লো টী। আস্থায় উদ্দিশ্য। প্লবগৈঃ প্লবেন প্লুতগত্যা ঝম্পেন বা গচ্ছন্তীতি তৈঃ। 'প্লবঃ শাখামৃগে ভেকে পুমান্ প্লুতগতাবপী' তাজয়ঃ।

শ্রেষ্ঠ বানরগণ প্রভুর সেই কঠোর আদেশ শ্রবণ করিয়া পতঙ্গের ন্যায় পৃথিবী আচ্ছন্ন করত গমন করিল ॥ ১ ॥

রামচন্দ্র সীতার বিষয় অবগত হইবার নিমিত্ত সেই নির্দ্দিষ্ট এক মাস প্রতীক্ষা করত লক্ষ্মণের সহিত সেই প্রস্রবণ গিরিতে বাস করিতে লাগিলেন ॥ ২ ॥

বানরশ্রেষ্ঠ দলপতি বিনত বহু বানরে পরিবৃত হইয়া পূর্ব্ব দিগ্ উদ্দেশে গমন করিলেন ॥ ৩ ॥

উল্লম্ফনপূর্ব্বক গমনকারী পবন-নন্দন হনুমান্ 'তার' ও অঙ্গদের সহিত বহু বানর সমভিব্যাহারে অগস্ত্যের অধিষ্ঠিত দক্ষিণ দিকে প্রস্থান করিলেন ॥ ৪ ॥

বানরশ্রেষ্ঠ সুষেণ আনন্দিত হইয়া বিক্রমশালী বানরগণের সহিত বরুণ-পালিত দুর্গম পশ্চিম দিকে গমন করিলেন ॥ ৫ ॥

১। ঘ 'গৃহীত্বা শাসনং ভর্ত্তুর্মূর্দ্ধা তে', ঢ 'গৃহীত্বা'। ২। ছ '-গ্রং শা-'। ৩। ঢ 'মূর্দ্ধা বি-'। ৪। ঙ '-যূথপাঃ'। ৫। ঙ-ছ-ঢ '-চ্ছাং পৃথ্বীঞ্চ প্র-', গ 'চ্ছামুর্ব্বীঞ্চ প্র-'। ৬। ঘ 'চ্ছাং প্রত-'। ৭। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৮। ঙ 'সীতাভি-'। ৯। ক 'বিনতঃ প্লবগৈঃ সহ'।

উত্তরান্তু দিশং দুর্গাং গিরিজালসমাবৃতাম্[1][2]।
বীরঃ শতবলির্নাম যযৌ বহুবলানুগঃ ॥ ৬ ॥
সাগরান্[3] সাগরানূপান্ সরিতঃ পত্তনানি[4] চ।
সর্ব্বাণি কপয়ো জগ্মুর্নদন্তো ভীমবিক্রমাঃ ॥ ৭ ॥
অনুশিষ্টা যথা সর্ব্বে সুগ্রীবেণ বনৌকসঃ।
স্বাং স্বাং দিশমভিপ্রেত্য ত্বরিতাঃ সংপ্রতস্থিরে ॥ ৮ ॥
নদন্তশ্চোন্নদন্তশ্চ গর্জ্জন্তশ্চ প্লবঙ্গমাঃ।
ক্ষ্বেড়ন্তো[5] ধাবমানাশ্চ প্রযযুস্তে মহাজবাঃ ॥ ৯ ॥
আনেষ্যামো[6] বয়ং সীতামপি মৃত্যুমুখোদরাৎ[7]।
পাতালতলসংস্থাং বা যদি বাপ্যুদধিং গতাম্ ॥ ১০ ॥

৬। লো-টী। বহু বলমনুগং পশ্চাদ্গামি যস্য সঃ। ক্বচিচ্চ অসম্বদ্ধং পুনরুক্তং চ পাঠান্তরং বর্ত্ততে।

৯। লো-টী। নদন্তঃ প্রকৃতম্। উন্নদন্তঃ উচ্চৈঃ শব্দং কুর্ব্বন্তঃ। গর্জ্জন্তঃ সিংহনাদং কুর্ব্বন্তঃ।

১০। লো-টী। অষিষ্যামঃ আনয়িষ্যামঃ। 'মৃত্যুবশং গতা'মিতি পাঠঃ। 'মৃত্যুমুখোদরা'-দিতি পাঠে মৃত্যোঃ মুখাদুদরাদপি।

মহাবীর শতবলি পর্ব্বতজালসমাচ্ছন্ন দুর্গম উত্তর দিকে গমন করিলেন; বহু সৈন্য তাঁহার অনুগামী হইল ॥ ৬ ॥

ভীম-বিক্রমশালী বানরগণ সাগর, সাগরের প্রান্তস্থিত সজল দেশ, নদী এবং নগরসমূহ—সর্ব্বত্র গমন করিল ॥ ৭ ॥

সমস্ত বানর সুগ্রীবের আদেশ অনুসারে নিজ নিজ গন্তব্য দিক্ লক্ষ্য করিয়া সত্বর প্রস্থান করিল ॥ ৮ ॥

সেই মহাবেগশালী বানরগণের কেহ কেহ স্বাভাবিক শব্দ করিতে করিতে কেহ কেহ উচ্চ শব্দ করিতে করিতে কেহ কেহ গর্জ্জন করিতে করিতে কেহ কেহ বা ব্যস্ততার সহিত দৌড়াইতে দৌড়াইতে প্রস্থান করিল ॥ ৯ ॥

আমরা সীতাকে মৃত্যুর গ্রাস হইতেও আনয়ন করিব। তিনি যদি পাতাল-তলে অথবা সমুদ্রের মধ্যেও থাকেন তাহা হইলেও আমরা তাঁহাকে আনয়ন করিব ॥ ১০ ॥

১। ক '-রাজ-'। ২। ঙ-ছ-চ '-কুলাম্'। ৩। ক 'পর্ব্বতা-', গ 'সাগরপ্রস্থান্'। ৪। ছ 'পত্তনানি চ'। ৫। ঘ-ঙ 'খেলন্তো'। ৬। ঙ 'অন্বিষ্যামো'। ৭। ক '-খাগতাম্'।

প্রতিজ্ঞাং চক্রিরে বীরাঃ প্লবমানা মহৌজসঃ।
অহমেকো হনিষ্যামি[1] রাবণং দুষ্টমাহবে ॥ ১১ ॥
তথৈবোন্মথ্য তরসা হরিষ্যে জনকাত্মজাম্।
কিং বহূনাং শ্রমেণাত্র[2] ভবদ্ভিঃ শ্রূয়তামিহ[3] ॥ ১২ ॥
অহমেবানয়িষ্যামি পাতালাদপি জানকীম্।
বিধমিষ্যাম্যহং বৃক্ষাংশ্চালয়িষ্যামি পর্ব্বতান্ ॥ ১৩ ॥
বসুধাং দারয়িষ্যামি ক্ষোভয়িষ্যামি[4] সাগরান্।
অহং যোজনবিংশানাং[5] প্লবিতা[6] নাত্র[7] সংশয়ঃ ॥ ১৪ ॥
অবুদ্ধির্ব্বানরপতির্যঃ[8] খেদয়তি[9] বানরান্।
অহমেকো ভবিষ্যামি[10] কার্য্যস্যৈতস্য[11] সাধকঃ ॥ ১৫ ॥
ভূতলে সাগরে বাপি সরিচ্ছৈলেষু বা পুনঃ।
পাতালস্যাপি বা মধ্যে ন[12] বিহন্যেত[13] মে[14] গতিঃ ॥ ১৬ ॥

১৪। লো-টী। যোজনবিংশানাং বিংশতি যোজনানি পাতিতা প্লুতগমনেন পতিষ্যামি।
১৫। লো-টী। যদ্ যস্মাৎ।

মহা-তেজস্বী বলশালী বানরগণ [প্রত্যেকে] এইরূপ প্রতিজ্ঞা করিল—আমি একাই যুদ্ধে দুষ্ট রাবণকে বধ করিব এবং বলপূর্ব্বক সীতাকে উদ্ধার করিয়া আনয়ন করিব। এবিষয়ে অধিক ব্যক্তির পরিশ্রমের প্রয়োজন নাই; আপানরা শুনুন—আমিই পাতাল-তল-হইতে জনকনন্দিনী সীতাকে আনয়ন করিব, আমিই বৃক্ষসকল ভগ্ন করিব এবং পর্ব্বতসকল সঞ্চালিত করিব ॥ ১১-১৩ ॥

আমি পৃথিবী বিদীর্ণ করিব, সাগর সকল আলোড়িত করিব এবং বিংশতি যোজন পথ উল্লম্ফনে গমন করিব—এবিষয় সন্দেহ নাই ॥ ১৪ ॥

বানররাজের বুদ্ধি নাই; তিনি বানরদিগকে [অকারণে] কষ্ট দিতেছেন; আমি একাই এই কার্য্য সাধন করিব। পৃথিবী, সাগর, নদী, পর্ব্বত অথবা পাতালের মধ্যেও আমার গতি অব্যাহত ॥ ১৫-১৬ ॥

১। ঙ 'গমিষ্যামি', ণ 'গমিষ্যামি দৃপ্তং রাবণমাহবে'। ২। ক '-ণাস্ত'। ৩। চ-ট '-মিতি'। ৪। ঙ-ট 'শোষয়ি-'। ৫। ট '-শত্যা'। ৬। ট 'পূরিতো'। ৭। ণ 'চ ন'। ৮। ঘ 'দুর্ব্বুদ্ধি-'। ৯। ক 'ক্ষোভয়তি'। ১০। ঙ-ণ 'গমিষ্যামি'। ১১। ঙ-ণ '-স্যৈকস্য'। ১২। ঙ-ছ-ট 'মে'। ১৩। ধ 'চ হন্যেত', ণ 'বিহন্যেৎ'। ১৪। ঘ-ঙ-ছ-ট 'বৈ', ণ 'সদা গতিঃ'।

এবমেকৈকশস্তত্র বানরা[১] বলদর্পিতাঃ[২]।
ঊচুস্তে[৩] বচনং তস্মিন্ হরিরাজস্য সঙ্গমে ॥ ১৭ ॥
এবমুক্ত্বা হরিশ্রেষ্ঠাঃ স্বে স্বে সৈন্যে মহাবলাঃ।
বিপ্রজগ্মু[৫]র্মহাত্মানঃ সুগ্রীবস্য হিতৈষিণঃ ॥ ১৮ ॥
ইতি রাজা দিশঃ সর্ব্বাঃ সংপ্রস্থাপ্য বিচায়কান্[৬]।
কপিসেনাপতান্[৭] মুখ্যান্ সুগ্রীবো মুদিতো[৮]ঽভবৎ[৯] ॥ ১৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বানরপ্রয়াণং
নাম পঞ্চচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৫ ॥

১৯। লো-টী। বিচায়কান্ অন্বেষয়িতৃন্। বানরাভিগজ্জনম্।

১৭। টিপ্পনী। সঙ্গমে সন্নিধাবিত্যর্থঃ। যদ্বা সঙ্গমঃ সঙ্গমনা প্রেরণেতি যাবৎ। ণ্যন্তাদচ্। অন্তর্ভূতণ্যর্থো বা প্রয়োগঃ। সুগ্রীবস্যগমনা দেশানন্তরমেবমূচুরিত্যর্থঃ। যদ্বা তস্মিন্ সঙ্গমে সম্মেলনে বানরযূথমধ্যে ইত্যর্থঃ, হরিরাজস্য সম্বন্ধে এব মূচুরিত্যন্বয়ঃ।

বলদর্পিত বানরগণ একে একে সেই যূথমধ্যে বানররাজের সম্বন্ধে এইরূপ বলিতে লাগিল ॥ ১৭ ॥

এইরূপ বলিয়া সুগ্রীবের হিতৈষী বলশালী মহামনা শ্রেষ্ঠ বানরগণ নিজ নিজ সৈন্য-সমীপে গমন করিল ॥ ১৮ ॥

এইরূপে মহারাজ সুগ্রীব প্রধান বানর-সেনাপতিদিগকে সকল দিকে অন্বেষণ করিতে প্রেরণ করিয়া আনন্দিত হইলেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বানরগণের প্রস্থান-
নামক ৪৫শ সর্গ সমাপ্ত ॥ ৪৫ ॥

১। ঘ-ছ 'রাঃ'। ২। ধ-ছ '-তাঃ'। ৩। ঘ-ছ '-উবাচ'। ৪। ক-চ '-স্বাং স্বাং দিশং'। ৫। ক-ঘ-চ 'তদা'। ৬। ধ-ণ 'বিধায়কান্', ক 'বিচারকান্'। ৭। ঙ '-পতিমু্-'। ৮। ছ '-হব্রবাৎ'। ৯। অতঃ পরং ক-পুস্তকে 'রামঃ প্রস্রবণে তস্মিন্ ন্যবসৎ সহলক্ষ্মণঃ। প্রতীক্ষমাণস্তং মাসং সীতাধিগমনে কৃতম্ ॥' ইতি অস্য সর্গস্যেব দ্বিতীয়শ্লোকোঽত্র দৃশ্যতে।

(৪৬) ষট্‌চত্বারিংশঃ সর্গঃ*

গতাঃ স্বাং স্বাং ততঃ সেনাং বানরা বলদর্পিতাঃ।
উদ্‌যোগমাজ্ঞাপয়িতুং[১] সংত্বরন্তে[২] ততস্ততঃ ॥ ১ ॥

তেভ্যশ্চ বলমুখ্যেভ্যো মুখ্যানুদ্ধৃত্য যূথপান্[৩]।
বালবৃদ্ধাতুরাংশ্চৈব স্ত্রিয়শ্চৈব ব্যসর্জ্জয়ন্ ॥ ২ ॥

[৪]জড়ক্লীবান্ধবধিরানবিক্রমসহানপি[৫]।
বালানবিদিতার্থাংশ্চ পুত্রাংশ্চৈব ন্যবর্ত্তয়ৎ ॥ ৩ ॥

আদিশ্য গৃহকর্ম্মাণি সর্ব্বে তে স্বেষু বন্ধুষু[৬]।
বিধিবৎ প্রস্থিতা বীরাঃ সুগ্রীবমুপতস্থিরে ॥ ৪ ॥

কৃতকৃত্যা বয়ং রাজন্ কৃতপ্রস্থানিকক্রমাঃ।
ন শোচিতব্যং[৭] রামেণ জনকস্য সুতাং প্রতি ॥ ৫ ॥

১। লো-টী। ততস্ততঃ স্মিন্ স্মিন্ স্থানে, ততঃ সত্বরং গতাঃ। কিমর্থং? স্বাং স্বাং সেনামুদ্‌যোগং গমনোদ্‌যোগমাজ্ঞাপয়িতুম্।

৩। লো-টী। জড়ান্ অলসান্। ক্লীবান্ অসমর্থান্। সবধিরান্ বধিরৈঃ সহ বর্ত্তমানান্। বধিরো বাধির্য্যং বা। বিক্রমং পরাক্রমং যে ন সহন্তে তান্। বিহিতঃ সমর্পিতো-হর্থঃ প্রয়োজনং যেষু তান্ কার্য্যাণ ইত্যর্থঃ। 'বিদিতার্থানি'তি পাঠে বিদিত আশ্রিতঃ অর্থঃ প্রয়োজনং যৈস্তান্।

৫। লো-টী। কৃতা প্রস্থানিকী প্রস্থানার্থা ক্রিয়া যৈস্তে। 'কৃতপ্রস্থানিকক্রমা' ইতি বা পাঠঃ।

তাহার পর বলদর্পিত বানরগণ নিজ নিজ সৈন্য সকাশে গমন করিয়া চারিদিকে সজ্জিত হইবার আদেশ প্রদান করিতে ব্যস্ত হইয়া উঠিল ॥ ১ ॥

[তাহারা] সেই বানর-সৈন্যদিগের মধ্য হইতে প্রধান দলপতিদিগকে গ্রহণ করিয়া বালক, বৃদ্ধ, রোগী এবং স্ত্রীলোকদিগকে পরিত্যাগ করিল ॥ ২ ॥

জড়, ক্লীব, অন্ধ, বধির, দুর্ব্বল, বালক, অজ্ঞান এবং পুত্রদিগকে নিবর্ত্তিত করিল ॥ ৩ ॥

সেই সকল বীর স্বীয় বন্ধুদিগের প্রতি গৃহকর্ম্মের আদেশ দিয়া যথাবিধি যাত্রা করিয়া সুগ্রীবের নিকটে উপস্থিত হইল ॥ ৪ ॥

মহারাজ, আমরা [যাত্রাকালীন] কর্ত্তব্য সম্পাদন করিয়াছি, আমাদের গমনের আয়োজন সমাপ্ত হইয়াছে ; রামচন্দ্র যেন সীতার জন্য শোক না করেন ॥ ৫ ॥

১। গ '-মাখ্যা-'। ২। চ 'সত্বরন্তে'। ৩। চ 'বানরান্'। ৪। ঙ 'জড়ান্ ক্লীবান্ বধিরাংস্তান্ বিক্রমাংশ্চ স-', চ 'জরান্ ক্লীবাংশ্চ'। ৫। চ '-রান্ হরীন্ বিক্রমবর্জ্জিতান'। ৬। ঙ 'সম্বন্ধেষ্বেষু'। ৭। ঙ 'মা'।

* সর্গোহয়ং ক-পুস্তকে নাস্তি।

যদি সীতা হৃতা রাজন্নপি সেন্দ্রৈর্দ্দিবালয়ৈঃ।
তথাপ্যধিগমিষ্যামো[১] রাবণঞ্চ নিশাচরম্ ॥ ৬ ॥
সর্ব্বথা ন ভবিষ্যন্তি তেঽবকাশা মহাভুজ[২]।
যান্[৩] বয়ং ন বিচেষ্যামস্ত্বন্নিয়োগপরায়ণাঃ ॥ ৭ ॥
তস্মাদাগমনং[৪] রাজন্ সর্ব্বথা[৫] প্রতিপাল্যতাম্।
ততো দ্রক্ষ্যসি[৬] বৈদেহীং নিহতে[৭] রাক্ষসাধমে ॥ ৮ ॥
ইদং প্রথমমস্মাকং ভর্ত্তুঃ শাসনমাগতম্।
অবশ্যং প্রতিমোক্তব্যং যদৃণং[৮] ভর্ত্তৃজং গুরোঃ ॥ ৯ ॥
উপকারং হি কো[৯] ভর্ত্তুর্ন[১০] প্রকুর্য্যাৎ[১১] কৃতে সতি।
নিষ্ক্রয়োঽয়ং[১২] স্বভক্তস্য[১৩] ভর্ত্তুর্ব্বা[১৪] শাসনস্য চ ॥ ১০ ॥

৬। লো-টী। দিবং স্বর্গ আলয়ো যেষাং তৈঃ সহ যদি রাবণেন হৃতা, তদাপি স্বর্গেঽপি অধিগমিষ্যামি জ্ঞাস্যামি।
৭। লো-টী। তেঽবকাশাঃ স্থানানি।
৮। লো-টী। হৃষ্টেন হর্ষযুক্তেন প্রতিপাল্যতাং প্রতীক্ষ্যতাম্।
৯। লো-টী। আগতমুপস্থিতম্।
১০। লো-টী। ভর্ত্তুঃ কৃতে নিমিত্তে সতি উপস্থিতে কঃ পুমানুপকারং ন কুর্য্যাৎ।

মহারাজ, যদি রাবণ ইন্দ্র ও দেবগণের সাহায্যেও সীতাকে হরণ করিয়া থাকে তাহা হইলেও নিশাচর রাবণকে জানিতে পারিব ॥ ৬ ॥

হে মহাবাহো, আপনার আজ্ঞানুবর্ত্তী হইয়া আমরা যে স্থান অন্বেষণ করিব না, এরূপ স্থান থাকিবে না (অর্থাৎ সকল স্থানেই আমরা অন্বেষণ করিব) ॥ ৭ ॥

অতএব মহারাজ, সর্ব্বপ্রকারে আমাদের আগমন পর্য্যন্ত অপেক্ষা করুন, পরে রাক্ষসাধম রাবণ নিহত হইলে বিদেহ-রাজনন্দিনী সীতাকে দেখিতে পাইবেন ॥ ৮ ॥

আমাদের নিকটে এই প্রথম গৌরবান্বিত প্রভুর আদেশ উপস্থিত। প্রভুর ঋণ অবশ্যই পরিশোধ করা উচিত ॥ ৯ ॥

কোন্ ব্যক্তি প্রভুর কার্য্য উপস্থিত হইলে তাঁহার উপকার না করে; ইহা প্রভুর স্বীয় অন্ন ও শাসনের মূল্য ॥ ১০ ॥

১। ঙ-ট-ণ 'তত্রাপ্য-'। ২। ঘ-ছ '-ভুজঃ'। ৩। ঙ ণ 'যাবদ্বয়ং'। ৪। ণ 'অস্ম-'। ৫। ঙ 'কৃৎস্নেন', ট-ণ 'হৃষ্টেন'। ৬। ঙ 'দ্রক্ষ্যামি'। ৭। ঙ '-দ্বিপে'। ৮। ছ 'যাদৃশং'। ৯। ঘ-ট-ণ 'যো'। ১০। ট '-র্ত্তুঃ প্রতিকুর্য্যাৎ'। ১১। ঙ 'কুর্য্যাদ্বা কৃ-'। ১২। ণ 'নিষ্ক্রয়োঽয়ং প্রবৃক্তস্য'। ১৩। ণ-ছ 'সুভক্তস্য'। ১৪। ট 'ভর্ত্তুপিণ্ডাশনস্য চ'।

তে বয়ং তব বৈদেহীমানেষ্যামো[১] হি রাঘব।
[২]ইহাস্স্ব নরশার্দ্দূল ত্যজ শোকমরিন্দম ॥ ১১ ॥
ইতি তান্[৩] ব্রুবতঃ সর্ব্বান্ বানরান্ বারণোপমান্[৪]।
[৫]উবাচ রাজা সুগ্রীবো বচনং হেতুমন্মহৎ ॥ ১২ ॥
দেবদানবগন্ধর্ব্বমহর্ষিতনয়া[৬] গুণৈঃ[৭]।
উত্তমৈরুত্তমবলা[৮] ভবন্তঃ সততোদ্যতাঃ[৯] ॥ ১৩ ॥
[১০]যুষ্মদ্‌বলমুপাশ্রিত্য ময়েদং রক্ষ্যতে বনম্।
ভবতাঞ্চ প্রযত্নেন[১১] প্রতিজ্ঞা সফলা ভবেৎ ॥ ১৪ ॥
যথোদ্দিষ্টা ময়া[১২] শৈলাঃ কাননানি মহান্তি চ।
নদ্যো[১৩]ঽথ বিপুলা বাপ্যঃ[১৪] পাদপাশ্চ[১৫] সরাংসি চ ॥ ১৫ ॥

১৩। লো-টী। সততোত্থিতাঃ সততং গ্রামেষু প্রোত্থতা বুদ্ধিমন্তো বা।
১৪। লো-টী। বনং কিষ্কিন্ধ্যাখ্যং গৃহম্। 'বনং গেহে জলেঽরণ্যে' ইতি ভূরিঃ।

রামচন্দ্র, সেই আমরা আপনার ভার্য্যা বিদেহ-রাজনন্দিনী সীতাকে আনয়ন করিব। হে শত্রু-দমন, হে নরশ্রেষ্ঠ, আপনি শোক পরিত্যাগ করুন ॥ ১১ ॥

সেই হস্তি-তুল্য বানরগণ এইরূপ বলিলে মহারাজ সুগ্রীব তাহাদিগকে যুক্তিযুক্ত বাক্য বলিলেন ॥ ১২ ॥

তোমরা দেবতা, দানব, গন্ধর্ব্ব এবং মহর্ষিগণের সন্তান, সর্ব্বদাই উদ্যমশীল, উৎকৃষ্ট বলশালী এবং উত্তম গুণসম্পন্ন ॥ ১৩ ॥

তোমাদের বল আশ্রয় করিয়া আমি এই কিষ্কিন্ধ্যা রক্ষা করিতেছি। [আশাকরি] তোমাদের চেষ্টায় [আমার] প্রতিজ্ঞা সফল হইবে ॥ ১৪ ॥

আমি পর্ব্বত, বিশাল বন, নদী, দীর্ঘিকা, বৃক্ষসমূহ এবং বিশাল সরোবর সকল যেরূপ নির্দ্দেশ করিয়াছি এবং যে সমস্ত শ্রেষ্ঠ গন্ধর্ব্বদিগের গৃহ, বন এবং

১। চ '-মঃ পরন্তপ'। ২। ঘ-ণ 'ইহ ত্বং'। ৩। ণ 'ব্রুবাণান্ তান্'। ৪। ঙ 'বানরোত্তমান্', চ 'বানরোপমান্'। ৫। চ 'বচনং রাজা সুগ্রীবো হে-'। ৬। চ 'সদৃশা'। ৭। ঙ '-রৈশ্চ গৈঃ'। ৮। ঙ-চ '-গুণা'। ৯। ঘ-ঙ-চ '-তোত্থিতাঃ'। ১০। ঙ '-দ্বলং সমা-'। ১১। চ 'প্রসাদেন'। ১২। ঘ-ণ 'মহা-'। ১৩। চ 'নদ্যশ্চ'। ১৪। ণ 'রম্যাঃ'। ১৫। ঙ '-পাংশ্চ'।

যানি গন্ধর্ব্বমুখ্যাণাং ভবনানি বনানি চ।
কিন্নরাণাং নিবাসাশ্চ ময়োদ্দিষ্টা[১] যথাযথম্[২] ॥ ১৬ ॥
তেষু সর্ব্বেষু বৈদেহীং বিচিত্যা[৩]গন্তুমর্হথ।
বয়মপ্য[৪]ভিপশ্যামঃ[৫] কার্য্যশেষমনন্তরম্ ॥ ১৭ ॥
ইতি তেনাভ্যনুজ্ঞাতাঃ কৃত্বা তে তং প্রদক্ষিণম্।
প্রাতিষ্ঠন্ত হরিশ্রেষ্ঠা যথা সংবিহিতা[৬] দিশঃ ॥ ১৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বানরপ্রয়াণং নাম ষট্‌চত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৬ ॥

১৭। লো-টী। অনন্তরং পশ্চাৎ। অভিগচ্ছামঃ নির্ণয়ামঃ। 'অভিপশ্যাম' ইতি বা পাঠঃ।

১৮। লো-টী। স্বং বিহিতাঃ সুগ্রীবেণ যথোদ্দিষ্টাঃ।

বানরপ্রেষণং সর্গঃ।

কিন্নরদিগের বাসস্থানের কথা আমি বলিয়াছি সেই সমস্ত স্থানে বিদেহ-রাজনন্দিনী সীতাকে যথাযথ অন্বেষণ করিয়া প্রত্যাগমন কর। আমরাও পরে অবশিষ্ট কার্য্যের বিষয় নির্ণয় করিতেছি ॥ ১৫-১৭ ॥

এইরূপে সুগ্রীবকর্ত্তৃক আদিষ্ট হইয়া সেই শ্রেষ্ঠ বানরগণ তাঁহাকে প্রদক্ষিণ করিয়া তদীয় নির্দ্দেশ অনুসারে চারিদিকে প্রস্থান করিল ॥ ১৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বানরগণের প্রস্থান নামক ৪৬শ সর্গ সমাপ্ত ॥ ৪৬ ॥

১। ঙ 'যথো-'। ২। ঙ-ণ '-তথম্'। ৩। ঘ '-চিন্ত্বা-', ঙ '-চেতুং'। ৪। ঙ '-বয়ং সংপ্রতি প-'। ৫। চ '-গচ্ছানঃ', ণ '-বৎস্যামঃ'। ৬। চ 'সংবিদিতা'।

(৪৭) সপ্তচত্বারিংশঃ সর্গঃ

[১] তদুগ্রশাসনং ভর্ত্তুর্বিজ্ঞায় হরিপুঙ্গবাঃ ।
শলভা ইব সংচ্ছাদ্য মেদিনীং সংপ্রতস্থিরে ॥ ১ ॥
[২] গতেষু বানরেন্দ্রেষু রামঃ সুগ্রীবমব্রবীৎ ।
কথং ত্বয়া মহাবাহো দৃষ্টপূর্ব্বা বসুন্ধরা ॥ ২ ॥
কথং ভবান্ বিজানীতে সুদুর্ব্বেদমিদং মহৎ ।
পৃথিবীমণ্ডলং সর্ব্বং কথং[৩] ত্বং গতবানসি ॥ ৩ ॥
এবমুক্তস্তু রামেণ সুগ্রীবঃ প্লবগাধিপঃ[৪] ।
উবাচ শ্রূয়তাং রাম যথা দৃষ্টং ময়া[৫] পুরা ॥ ৪ ॥
যস্তে ময়া[৬] সমাখ্যাতো দুন্দুভির্নাম দানবঃ ।
বলদর্পসমুৎসিক্তো[৭] নিহতো বালিনা[৮] মৃধে[৯] ॥ ৫ ॥
মহিষো নাম তেজস্বী দুন্দুভেঃ পূর্ব্বজঃ স্মৃতঃ[১০] ।
বলং নাগসহস্রস্য ধারয়ন্নকুতোভয়ঃ ॥ ৬ ॥

৩। লো-টী। সুদুর্ব্বেদং সর্ব্বেষাং জ্ঞানাবিষয়ম্ ।

শ্রেষ্ঠ বানরগণ প্রভুর সেই কঠোর আদেশ অবগত হইয়া পতঙ্গের ন্যায় পৃথিবী আচ্ছাদন করত প্রস্থান করিল ॥ ১ ॥

বানরগণ প্রস্থান করিলে, রামচন্দ্র সুগ্রীবকে বলিলেন—হে মহাবাহো, তুমি কি [রূপে] পূর্ব্বে [সমগ্র] পৃথিবী অবলোকন করিয়াছ ? ॥ ২ ॥

[নতুবা] তুমি কি প্রকারে এই দুর্বিজ্ঞেয় বিশাল ভূমণ্ডল সমগ্র অবগত হইলে ? তুমি কিজন্য [সমস্ত পৃথিবী] পর্য্যটন করিয়াছিলে ? ॥ ৩ ॥

রামচন্দ্র সুগ্রীবকে এইরূপ বলিলে বানররাজ সুগ্রীব তাঁহাকে বলিলেন—রামচন্দ্র, আমি পূর্ব্বে যে-রূপে [পৃথিবী] দর্শন করিয়াছি, তাহা শ্রবণ করুন ॥ ৪ ॥

আমি আপনার নিকট বালিকর্ত্তৃক যুদ্ধে নিহত বল-গর্ব্বিত যে দুন্দুভি নামক দানবের কথা বলিয়াছি, সেই দুন্দুভির সহস্র-হস্তীর তুল্য বলশালী নির্ভীক তেজস্বী মহিষ নামে জ্যেষ্ঠ ভ্রাতা বল ও দর্পে সমুদ্ধত হইয়া বনবাসীদিগকে সন্ত্রাসিত করিয়া কিষ্কিন্ধ্যা নগরীর দ্বারদেশে আগমনপূর্ব্বক বালীকে যুদ্ধার্থ আহ্বান করে এবং

১। ক-পুস্তকে অয়ং শ্লোকা নাস্তি। ২। ঘ 'যাতেষু'। ৩। ঙ-ছ 'কথন্নু'। ৪। ঙ গ '-গেশ্বরঃ'। ৫। ঘ 'পুরা ময়া'। ৬। ঢ 'পুরা ময়াখ্যাতো'। ৭। ছ '-সমাযুক্তো'। ৮। ক-ঢ 'রণে'। ৯। অতঃপরং ম-পুস্তকে 'মায়াবী নাম তেজস্বী দুন্দুভেঃ পূর্ব্বযস্তু যঃ।' ইত্যধিকম্। ১০। ঙ 'স তু', ঢ 'স্মৃতঃ'।

বলদর্পসমুৎসিক্তস্ত্রাসয়ন্ বনগোচরান্।
কিষ্কিন্ধ্যাদ্বারমাসাদ্য[1] সমাহূয়[2] চ বালিনম্ ॥ ৭ ॥

স তেন নিহতঃ সংখ্যে যথা তে বহুশঃ শ্রুতম্[3]।
তস্মিংশ্চিরায়মাণে চ যথাঽহমভিষেচিতঃ ॥ ৮ ॥

অভিষিক্তঞ্চ[4] মাং দৃষ্ট্বা চিরাদাগত্য[5] কোপনঃ।
স[6] মাং নিস্ত্যক্তবান্ বালী চতুর্ভির্বানরৈঃ[7] সহ ॥ ৯ ॥

ততো জবেন কাকুৎস্থ বিদ্রুতোঽহং ভয়াতুরঃ।
অনুসার্য্যমাণস্তেনাহং[8] দৃষ্টবান্ সর্ব্বতো মহীম্ ॥ ১০ ॥

নদীশ্চ[9] বিবিধাঃ[10] পশ্যন্ নগরাণি বনানি চ।
ততঃ পূর্ব্বা[11]মহং গত্বা দক্ষিণাং দিশমাশ্রিতঃ ॥ ১১ ॥

দিশঞ্চ[12] পশ্চিমাং ভূয়ো গতোঽস্মি ভয়শঙ্কিতঃ[13]।
চিরাচ্চ বায়ুপুত্রো মাং সংস্মৃত্যে[14]দং বচোঽব্রবীৎ ॥ ১২ ॥

১০। লো-টী। অনুসার্য্যমাণোঽনুগম্যমানঃ।

যে প্রকারে যুদ্ধে বালীকর্ত্তৃক নিহত হয়, তাহা—ও বালীর আসিতে বিলম্ব হইলে আমি যেরূপে রাজ্যে অভিষিক্ত হই তাহা আপনি বহুবার শুনিয়াছেন ॥ ৫—৮ ॥

বহুকাল পরে বালী আসিয়া আমাকে রাজ্যে অভিষিক্ত দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং চারিজন বানরের সহিত আমাকে পরিত্যাগ করিলেন ॥ ৯ ॥

হে রামচন্দ্র, তার পর বালী আমার অনুসরণ করিতে থাকায় ভয়াতুর হইয়া বেগে পলায়ন করিতে করিতে আমি সমস্ত পৃথিবী দর্শন করিয়াছি ॥ ১০ ॥

বহু নদী, নগর ও বন-সকল দেখিতে দেখিতে আমি [প্রথমে] পূর্ব্বদিকে গমন করিয়া পরে দক্ষিণদিকে আশ্রয় লইলাম ॥ ১১ ॥

[বালীর] ভয়ে শঙ্কিত হইয়া [ভ্রমণ করিতে করিতে] পুনরায় পশ্চিমদিকে আশ্রয় লইলাম। বহুকাল পরে পবননন্দন হনুমান্ আমাকে এই কথা স্মরণ করিয়া বলিলেন—॥ ১২ ॥

১। ঘ-ছ-ণ '-মাগত্য'। ২। ঘ 'সমাহ্বয়ত', ঙ ছ-ঢ 'সমাহ্বয়ন্তি', ণ 'সমাহ্বয়ত'। ৩। ঘ 'শ্রুতঃ'। ৪। ঢ '-স্তুঁ'। ৫। ঘ '-গম্য'। ৬। খ-ছ 'স নিষ্ক্রামিতবান্', ঙ 'স চ নিষ্ক্রামিতো ভ্রাতা', ঢ 'স নিঃসারিতবান্', ণ 'স নিষ্কাশিতবান্'। ৭। ক-ণ 'সচিবৈঃ সহ'। ৮। ক 'উৎসার্য্য-'। ৯। ঢ-পুস্তকে অয়ংশ্লোকঃ পরশ্লোক-পূর্ব্বার্দ্ধঞ্চ নাস্তি। ১০। ঙ 'পুণ্যাঃ'। ১১। ঙ 'সর্ব্বা-'। ১২। ঘ-ণ পুস্তকয়োঃ অয়ং শ্লোকঃ পরশ্লোকপূর্ব্বার্দ্ধঞ্চ নাস্তি, ছ-পুস্তকে অয়ং শ্লোকঃ পরশ্লোকোঽপি ন বিদ্যেতে। ১৩। অতঃপরং ঙ-পুস্তকে 'উত্তরাস্তু দিশং যাস্তং বিশেষভয়শঙ্কিতম্।' ইত্যধিকম্। ১৪। ঢ '-দমথা-'।

শপ্তো বালী মতঙ্গেন পুরা মহিষকারণাৎ[১]।
ইহ তে ন প্রবেষ্টব্যমৃষ্যমূক[২]বনং কপে।
শতধা তে[৩] স্ফুটে[৪]ন্মূর্দ্ধা প্রবিশেস্ত্বমিদং যদি ॥ ১৩ ॥
ইদানীং মে স্মৃতো[৫] রাজন্নৃষ্যমূকো মহাগিরিঃ।
তন্তু গচ্ছা[৬]ম বৈ সর্ব্বে তত্রা[৭]সৌ ন ভবিষ্যতি ॥ ১৪ ॥
ততোঽহং তদ্‌ভয়াদ্[৮] ভ্রান্ত্বা শতকৃত্বো[৯] বসুন্ধরাম্।
হনূমত[১০] ইতি শ্রুত্বা প্রবিষ্টোঽস্মি তমা[১১]শ্রমম্ ॥ ১৫ ॥
সমাগম[১২]স্ত্বয়া যত্র ময়া সখ্যম[১৩]বাপ্য[১৪]ত।
নাচিন্তয়ং রিপুং[১৫] যত্র মতঙ্গ[১৬]ভয়মোহিতম্ ॥ ১৬ ॥

১৩। লো-টী। মতঙ্গেন তন্নাম্না ঋষিণা। শাপমাহ—ইহেতি। ইহ অস্মিন্ মহিষ-কারণে মহিষরক্ত-মদ্‌গাত্রপতনকারণে। ঋষ্যমূকবনং তে ত্বয়া ন প্রবেষ্টব্যম্। 'বনে' ইতি বা পাঠঃ। স্ফুটেৎ বিকশিতঃ, নানাপ্রকারো ভবেদিত্যর্থঃ।

১৪। লো-টী। ন ভবিষ্যতি ন গমিষ্যতি।

পূর্ব্বে মতঙ্গ ঋষি তাঁহার গাত্রে মহিষের রক্ত পতনে ক্রুদ্ধ হইয়া বালীকে শাপ দিয়াছিলেন যে—হে বানর, তুমি এই ঋষ্যমূক-বনে প্রবেশ করিতে পারিবে না; যদি প্রবেশ কর তবে তোমার মস্তক শতখণ্ডে বিদীর্ণ হইবে ॥ ১৩ ॥

মহারাজ, এখন আমার ঋষ্যমূক পর্ব্বতের কথা স্মরণ হইয়াছে; আমরা সকলে সেইখানে যাইব, তথায় বালী যাইতে পারিবেন না ॥ ১৪ ॥

বালীর ভয়ে শতবার পৃথিবী পর্য্যটন করিয়া তার পর হনুমানের কথা শুনিয়া আমি সেই আশ্রমে প্রবেশ করিলাম ॥ ১৫ ॥

সেইখানে আপনার সহিত মিলন হইল এবং আমি [আপনার] বন্ধুত্ব লাভ করিলাম। সেখানে আমি মতঙ্গঋষির শাপের ভয়ে মুগ্ধ শত্রুকে চিন্তা করিলাম না (অর্থাৎ তুচ্ছ জ্ঞান করিলাম) ॥ ১৬ ॥

১। ক '-ন্নণে'। ২। ঢ '-কং বনং'। ৩। ণ 'প্রস্ফুটে-'। ৪। ঘ-ঙ-ঢ 'ভবে-', ছ 'পতে-'। ৫। ছ 'শ্রুতো'। ৬। ঢ '-মহে', ণ '-মো'। ৭। ঢ 'যত্রাসৌ'। ৮। ক '-য়াক্রান্তঃ', ঢ 'তদ্‌ভয়ং জ্ঞাত্বা'। ৯। ক '-ত্বা'। ১০। ছ 'ইদং'। ১১। ছ' তদা-'। ১২। ক '-গত-'। ১৩। ক '-প্য তে'। ১৪। ঙ-ণ 'চ'। ১৫। ণ 'অত্র'। ১৬। ঘ-ছ '-ঙ্গং ভয়-', ঙ '-ঙ্গেনাপি মো-'।

১ ২
যত্রাভিষেচিতো রাজ্যে ত্বয়াহহং রঘুনন্দন।
নিহত্য বালিনং সংখ্যে ভয়মুৎস্জ্য দূরতঃ ॥ ১৭ ॥
৩
এবং রাঘব তত্ত্বেন ময়ৈযা পৃথিবী তদা।
জম্বুদ্বীপশ্চ বিস্তীর্ণঃ প্রত্যক্ষমুপলক্ষিতঃ ॥ ১৮ ॥
৪
পৃথিবীমণ্ডলং কৃৎস্নং শৈলা নদ্যো বনানি চ।
৫
দৃষ্টমেতন্ময়া রাজন্ যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥ ১৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে পৃথিবীমণ্ডলপরিজ্ঞান-নিবেদনং নাম সপ্তচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৭ ॥

১৭। লো-টী। বালিনং নিহত্য রাজ্যেঽভিষেচিতঃ। ইত্যহমুক্ত ইতি শেষঃ।
১৮। লো-টী। ইয়ং পৃথিবী জম্বুদ্বীপশ্চ জম্বুদ্বীপরূপা পৃথিবীত্যর্থঃ।
১৯। লো-টী। পৃথিবীমণ্ডলং কৃৎস্নং জম্বুদ্বীপপৃথিবীমণ্ডলম্।
পৃথিবীমণ্ডলনিবেদনো নাম সর্গঃ।

হে রামচন্দ্র, সেইখানেই যুদ্ধে দূর হইতে বালীকে বধ করত ভয় দূর করিয়া আপনি আমাকে রাজ্যে অভিষিক্ত করিয়াছেন ॥ ১৭ ॥

হে রাঘব, এইরূপে আমি তখন এই পৃথিবী এবং বিশাল জম্বুদ্বীপ যথার্থরূপে প্রত্যক্ষ করিয়াছি ॥ ১৮ ॥

মহারাজ, সমগ্র ভূমণ্ডল এবং পর্ব্বত, নদী ও অরণ্যসমূহ আমি পরিদর্শন করিয়াছি—যাহা আপনি আমাকে জিজ্ঞাসা করিতেছেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকি প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে পৃথিবী-মণ্ডল-পরিজ্ঞান নামক ৪৭শ সর্গ সমাপ্ত ॥ ৪৭ ॥

১। ঙ-চ 'তত্রাভি-'। ২। গ '-তো যথা'। ৩। ঙ 'ময়ৈষা'। ৪। চ 'সর্ব্বং'। ৫। ঘ-ঙ '-মহারাজ'।

(৪৮) অষ্টাচত্বারিংশঃ সর্গঃ

[১]অন্বিষ্যন্তস্ততঃ সীতাং সর্ব্বে তে কপিযূথপাঃ।
[২]পৃথিবীং [৩]প্রব্যচিন্বন্ত সশৈলবনকাননাম্ ॥ ১ ॥
[৪]ব্যাদিষ্টাঃ কপিসিংহেন [৫]যথোক্তং সর্ব্ব [৬]এব তে।
[৭]ব্যচিন্বন্ত [৮]দিশঃ সর্ব্বাঃ [৯]সীতাধিগমনে তদা ॥ ২ ॥
তে সরাংসি গিরীন্ [১০]বৃক্ষান্ [১১]সঙ্কটানি বনানি চ।
[১২]দরীদুর্গাংশ্চ শৈলাংশ্চ কৃৎস্নাংস্তানভিচক্রমুঃ ॥ ৩ ॥
নির্ঝরাণি নিতম্বাংশ্চ বিচিন্বন্তস্ততস্ততঃ।
সুগ্রীবেণাভিসংখ্যাতান্ দেশাংস্তে বানরর্ষভাঃ।
বিচেরুর্ব্বৃক্ষবহুলান্ সানুপ্রস্থাননেকশঃ ॥ ৪ ॥

১। লো-টী। অন্বিষ্যন্তঃ অন্বেষয়ন্তঃ সংবিচিন্বন্ত অগমন্।

২। লো-টী। সর্ব্বে বানরাঃ। যথোক্তং যেন প্রকারেণ ভাষিতম্ ব্যাদিষ্টা উপদিষ্টাঃ তথৈব ব্যচিন্বন্ত অন্বেষয়াঞ্চক্রুঃ। সীতাধিগমনে সীতাপ্রাপণে।

৩। লো-টী। দরীগুর্হাঃ, শৈলান্।

৪। লো-টী। নিতম্বান্ অদ্রেঃ কটকান্ মধ্যদেশানিত্যর্থঃ। সানূন্ বনানি, প্রস্থান্ সানূন্, পর্ব্বতৈকদেশান্। 'সানুপ্রস্থানি'তি পাঠে সানুরূপান্ প্রস্থান্ প্রকৃষ্টস্থানানীতি সর্ব্বজ্ঞঃ।

সমস্ত বানর-দলপতি সীতার অন্বেষণ করিতে করিতে পর্ব্বত, অরণ্য এবং বন সমন্বিত পৃথিবী পর্য্যটন করিতে লাগিল ॥ ১ ॥

বানর-শ্রেষ্ঠ সুগ্রীব কর্ত্তৃক সীতান্বেষণে আদিষ্ট হইয়া তাহারা সকলেই সমস্ত দিক্ যথোক্তরূপে অন্বেষণ করিতে লাগিল ॥ ২ ॥

তাহারা সরোবর, পর্ব্বত, বৃক্ষ, দুর্গম অরণ্য, গুহা, দুর্গ এবং নির্দ্দিষ্ট সমস্ত পর্ব্বত পরিভ্রমণ করিতে লাগিল ॥ ৩ ॥

সেই শ্রেষ্ঠ বানরগণ নির্ঝর এবং পর্ব্বতের নিতম্বদেশ চারিদিকে অন্বেষণ করিতে করিতে সুগ্রীব কর্ত্তৃক নির্দ্দিষ্ট দেশসকল এবং পর্ব্বতের বৃক্ষবহুল সানু সমূহে অনেক বার বিচরণ করিল ॥ ৪ ॥

১। গ 'অন্বিষ্য তু ততঃ'। ২। গ-পুস্তকে অস্য পরার্দ্ধং নাস্তি। ৩। ক 'পরিচিন্বন্তঃ', গ 'প্রাবিচিন্বন্ত'। ৪। ছ 'আদি-'। ৫। গ 'যথোক্তং'। ৬। ক 'হি', গ 'চ'। ৭। গ 'বিচিন্বন্তো'। ৮। ঘ-গ 'ভুবঃ সর্ব্বাঃ', ঙ 'বনং সর্ব্বং', ছ-ঢ 'ভুবং সর্ব্বাং'। ৯। ছ-গ 'তাভিগ-'। ১০। ক 'সর্ব্বান্'। ১১। ঙ 'সকলানি', ঢ 'কমলানি', গ 'শকটানি'। ১২। ছ 'নদী-', ভ 'দরীং দ্রু-'।

সর্ব্বে [১]সর্ব্বনিবাসাংশ্চ সীতাধিগমনে [২]বৃতাঃ ।
[৩]সমাগচ্ছন্ত মেদিন্যা দিগ্‌ভাগেষু প্লবঙ্গমাঃ ॥ ৫ ॥
[৪]সংবর্ত্তয়ন্তঃ [৫]শৈলেষু বানরা [৬]বিবিধাংস্তরূন্ ।
[৭]আসাদ্য রজ[৮]নীবাসং চক্রে [৯]সর্ব্বেষ্বহঃসু তে ॥ ৬ ॥
[১০]বিচয়ং প্রথমে মাসি কৃত্বা প্রস্রবণে গিরৌ ।
কপিরাজং [১১]সমাসেদুর্নিরাশা হরিযূথপাঃ ॥ ৭ ॥
[১২]বিচিত্য তু দিশং পূর্ব্বাং বিনতঃ [১৩]প্লবগৈঃ সহ ।
অদৃষ্ট্বৈব ততঃ [১৪]সীতাং কিষ্কিন্ধ্যামাজগাম [১৫]হ ॥ ৮ ॥
উত্তরান্তু দিশং গত্বা বিচিত্য স মহাকপিঃ ।
অদৃষ্ট্বৈবাগতঃ সীতাং বীরঃ শতবলির্হরিঃ ॥ ৯ ॥

৫। লো-টী। বৃতাঃ সংযুক্তাঃ। 'গমনোদ্যতা' ইতি বা পাঠঃ।

৬-৭। লো-টী। সবর্ত্তয়ন্তো ভঞ্জন্তঃ। অহঃসু বিচয়মন্বেষণং কৃত্বা প্রথমে পূর্ণে মাসি স্থিতা ইতি শেষঃ। যদ্বা মাসি মাসস্য প্রথমে আদৌ। 'সর্ব্বেষু অহঃসু' ইতি পাঠঃ সার্ব্বজ্ঞঃ।

৯। লো-টী। হরিঃ কপিলবর্ণঃ।

৬। টিপ্পনী। তে বানরাঃ সর্ব্বেষু সমগ্রেষু অহঃসু, সর্ব্বং দিনমিত্যর্থঃ, শৈলেষু সংবর্ত্তয়ন্তঃ সীতান্বেষণেন সম্যক্ সময়মতিবাহয়ন্তঃ বিবিধাংস্তরূনাসাদ্য আরুহ্য রজনীবাসং চক্রে চক্রুঃ।

সীতার অন্বেষণে নিযুক্ত বানরগণ [গন্ধর্ব্ব, কিন্নর প্রভৃতি] সকলের বাসস্থানে এবং পৃথিবীর সমস্ত দিকে গমন করিতে লাগিল ॥ ৫ ॥

সেই বানরগণ সারাদিন পর্ব্বতে [সীতার অন্বেষণে] অতিবাহিত করিয়া নানাবিধ বৃক্ষে আরোহণপূর্ব্বক রাত্রিতে অবস্থান করিতে লাগিল ॥ ৬ ॥

বানরদলপতিগণ প্রথম মাসে অন্বেষণ করিয়া নিরাশ হইয়া প্রস্রবণ-গিরিতে বানররাজ সুগ্রীবের নিকট উপস্থিত হইলেন ॥ ৭ ॥

'বিনত' বানরগণের সহিত পূর্ব্ব দিক্ অন্বেষণ করিয়া সীতাকে না দেখিয়াই তথা হইতে কিষ্কিন্ধ্যায় আগমন করিলেন ॥ ৮ ॥

প্রসিদ্ধ বীর শতবলিনামক কপিলবর্ণ মহাকপি উত্তর দিকে যাইয়া অন্বেষণ করত সীতার দর্শন না পাইয়াই ফিরিয়া আসিলেন ॥ ৯ ॥

১। ঢ 'সর্ব্বদিবসান্'। ২। ক 'ধৃতাঃ'। ৩। ক '-চ্ছংস্তু মেদিন্যা', ঢ-ণ '-চ্ছন্ত', ঙ 'চ্ছন্তু'। ৪। ঙ 'সংবর্ত্তন্তঃ সশৈলেষু', ণ 'সমুন্নয়ন্তো'। ৫। ঘ-ছ ঢ-ঙ '-ন্তো দেশেষু'। ৬। ঘ-ণ '-ধান্ ক্রমান্'। ৭। ক-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৮। ঙ '-নীং বা-'। ৯। ণ 'সর্ব্বে সহস্রশঃ'। ১০। ক 'বিচেয়ং'। ১১। ঘ-ঙ-ছ-ণ '-সাদ্য নিরা-', ঢ '-সাদ্য হরিযূথপযূথপাঃ'। ১২। ণ '-ত্বাং তু'। ১৩। ণ 'সচিবৈঃ'। ১৪। ঢ 'সীতামাজগাম মহাবলঃ'। ১৫। ক 'সঃ'। ১৬। ক-ণ 'সর্ব্বাং'।

সুষেণঃ পশ্চিমাং গত্বা প্রাপ্য প্রস্রবণং গিরিম্ ।
নিবৃত্য মাসে সংপূর্ণে সুগ্রীবং সংদদর্শ[২] হ ॥ ১০ ॥

তে প্রস্রবণপার্শ্বস্থমভিগম্যাভিবাদ্য চ ।
আসীনং সহ রামেণ সুগ্রীবমিদমব্রুবন্[৩] ॥ ১১ ॥

বিচিতাঃ পর্ব্বতাঃ সর্ব্বে বনানি গহনানি[৪] চ ।
নিম্নগাঃ সাগরান্তাশ্চ সর্ব্বে জনপদাস্তথা[৫] ॥ ১২ ॥

গুহাশ্চ বিবিধাকারাঃ[৬] সঞ্চয়াঃ[৭] পরিবর্ত্তিতাঃ[৮] ।
উদ্ধৃতাশ্চ[৯] লতাগুল্মাস্তৃণঞ্চ[১০] বিদলীকৃতম্ ॥ ১৩ ॥

মহাতেজাংসি ঘোরাণি[১১] মহাসত্ত্ববলানি চ ।

১২ । লো-টী । গহনানি দুর্গাণি । নিম্নগা নদ্যঃ ।

১৩ । লো-টী । সংক্রমা বারিসঞ্চারযন্ত্রাণি, 'সাঁকো' ইতি যস্য প্রসিদ্ধিঃ । পরিবর্ত্তিতা বিচারিতাঃ । 'সঞ্চয়া' ইতি পাঠে দ্রব্যসঞ্চয়বন্তো দেশা ইত্যর্থঃ । উদ্ধৃতা উৎপাট্য উৎক্ষিপ্তাঃ । 'উদ্ধৃতং স্যাৎ ত্রিষু ক্ষিপ্তে পরিভুক্তোজ্ঝিতেঽপি চ' ইতি কোষঃ ।

১৪ । লো-টী । মহৎ সত্ত্বং যুদ্ধব্যবসায়ঃ বলং চ যেষাং তানি ।

১০ । টিপ্পনী । গত্বা জ্ঞাত্বা অন্বিষ্যেত্যর্থঃ ।

সুষেণ পশ্চিম দিক অন্বেষণ করিয়া একমাস পূর্ণ হইলে প্রত্যাবর্ত্তনপূর্ব্বক প্রস্রবণগিরিতে উপস্থিত হইয়া সুগ্রীবকে দর্শন করিলেন ॥ ১০ ॥

তাঁহারা প্রস্রবণের পার্শ্বে রামের সহিত উপবিষ্ট সুগ্রীবের নিকট যাইয়া অভিবাদনপূর্ব্বক এই কথা বলিলেন—॥ ১১ ॥

আমরা সমস্ত পর্ব্বত, গহন-বন, নদী, সাগর এবং জনপদসমূহ অন্বেষণ করিয়াছি ॥ ১২ ॥

নানাপ্রকার গুহা এবং সমৃদ্ধ দেশসমূহে বিচরণ করিয়াছি, লতা, গুল্ম সকল উৎপাটিত করিয়াছি এবং তৃণ-রাশি পত্রবিহীন করিয়াছি ॥ ১৩ ॥

বানরগণ সেই সেই স্থানে রাবণ মনে করিয়া মহাতেজস্বী ভয়ঙ্কর প্রণিসমূহকে ত্রাসিত করিয়া বধ করিয়াছে ॥ ১৪ ॥

১ । ঢ '-মং' । ২ । ঙ-ছ 'শ দদহ' । ৩ । চ '-বং বাক্যমব্রুবন্' । ৪ । ণ 'নগরাণি চ' । ৫ । ঙ-ণ 'জান-' । ৬ । ঘ '-ধাঃ সর্ব্বাঃ' । ৭ । ক 'সংক্রমাঃ' । ৮ । ঙ '-বর্জ্জিতাঃ' । ৯ । ছ 'উদ্ধৃতাশ্চ' । ১০ । ঘ-ঙ-ছ-ণ '-ণং হি' । ১১ । ছ '-ঘোরাণি তেজাংসি' ।

সত্ত্বা[1]ন্যতি[2]প্রবৃদ্ধানি ত্রাসিতানি[3] হতানি চ।
রাবণং মন্যমানৈশ্চ তত্র তত্র প্লবঙ্গমৈঃ ॥ ১৪ ॥

প্রবিশন্তো[4] নদন্তশ্চ ধাবন্তশ্চ[5] প্লবঙ্গমাঃ[6]।
প্লবমানাঃ[7] ব্রজন্তশ্চ পর্য্যধাবন্ত বানরাঃ[8] ॥ ১৫ ॥

যে চৈব[9] গহনা দেশা বিচিতাস্তে পুনঃ পুনঃ।
আগম[10]প্রতিকারশ্চ বানরৈ[11]স্তত্র[12] চেষ্টিতঃ[13]।
প্রবৃত্তির্ন চ বৈদেহ্যাঃ ক্বচিদপ্যুপলভ্যতে ॥ ১৬ ॥

হনুমান্[14] রাঘবার্থে তু যত্নবান্ প্রিয়দর্শনঃ।
আগমং তস্য কাঙ্ক্ষামো ধ্রুবং সোঽধিগমিষ্যতি ॥ ১৭ ॥

১৫। লো-টী। কেচিৎ প্লবঙ্গমাঃ নদন্তো ধাবন্তশ্চ তাংস্তান্ দেশান্ প্রবিশন্তি। কেচিচ্চ বানরাঃ প্লবমানা ঝম্পেন ব্রজন্তো গচ্ছন্তঃ কেচিচ্চ ঝম্পং বিনৈব পর্য্যধাবন্ত।

১৬। লো-টী। গহনা দুর্গমাঃ। আগমং সীতায়া জ্ঞানং প্রাপ্তিং বা। তদেতদ্ ভূতলম্। 'আগমপ্রতিকারশ্চ বানরৈস্তত্র চেষ্টিত' ইতি পাঠঃ ক্বচিৎ।

বানরগণ শব্দ করিতে করিতে এবং দৌড়াইতে দৌড়াইতে [পূর্ব্বোক্ত স্থানসমূহে] প্রবেশ করিয়া উল্লম্ফন করিতে করিতে চতুর্দ্দিকে ধাবিত হইয়াছে ॥ ১৫ ॥

যে সমস্ত দেশ দুর্গম, সেখানে বার বার অন্বেষণ করিয়াছে ; বানরগণ সীতার বিষয় জানিতে এবং প্রতিকার করিতে চেষ্টা করিয়াছে, কিন্তু কুত্রাপি সীতার সংবাদ পাওয়া যাইতেছে না ॥ ১৬ ॥

প্রিয়দর্শন হনুমান্ রামের কার্য্যে যত্নশীল, তাঁহার প্রত্যাগমন আকাঙ্ক্ষা করি ; তিনি নিশ্চয়ই সীতার বিষয় জানিতে পারিবেন ॥ ১৭ ॥

১। ঘ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। ঢ '-ন্যপি প্রবৃ-'। ৩। ছ 'নাশিতানি'। ৪। ক '-শন্তি'। ৫। ঢ 'পর্য্যধাবত বানরাঃ'। ৬। ঙ '-মৈঃ'। ৭। ঢ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৮। ঘ 'সর্ব্বশঃ'। ৯। ণ 'চ বৈ'। ১০। ছ 'আগমঃ প্রতি-', ঢ আগমাঃ প্রতিকারাশ্চ', ণ 'আগমঃ'। ১১। খ '-কারাশ্চ'। ১২। -রৈঃ প্রবিচেষ্টিতাঃ'। ১৩। ঘ '-তাঃ'। ১৪। ঢ 'স দৃষ্ট্বা হনুমান্ বীরো'।

উদারসত্ত্বাভিজনো হনূমান্ স মৈথিলীং জ্ঞাস্যতি বানরেন্দ্রঃ।
৯ ১০ ১১
দিশঞ্চ যামেব হৃতা হি সীতা তামাশ্রিতো বায়ুসুতো মহাত্মা ॥ ১৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বানর-প্রত্যাগমনং নাম
অষ্টাচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৮ ॥

১৮। লো-টী। উদারং মহৎ সত্ত্বম্, অভিজনঃ কুলং খ্যাতির্বা যস্য সঃ। যাং দিশং প্রাপ্য স্থিতা সীতা। বানরপ্রত্যাগমনং সর্গঃ।

বানরশ্রেষ্ঠ হনূমান্ মহাবংশসম্ভূত এবং মহাবলশালী ; তিনি নিশ্চয়ই সীতার বিষয় অবগত হইবেন। [বিশেষতঃ] সীতা যেদিকে অপহৃতা হইয়াছেন মহাত্মা হনূমান্ সেই দিকেই গিয়াছেন ॥ ১৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বানর-প্রত্যাগমন
নামক ৪৮শ সর্গ সমাপ্ত ॥ ৪৮ ॥

৯। ঙ '-স্তু'। ১০। ঢ 'কৃতা হি'। ১১। ঘ-ঙ-ছ-ণ 'তামাস্থিতো', ঢ 'সমাস্থিতো'।

(৪৯) একোনপঞ্চাশঃ সর্গঃ

[1]অথাঙ্গদমুখৈঃ সার্দ্ধং হনূমান্ [2]বানরৈস্ততঃ।
সুগ্রীবেণ যথোদ্দি[3]ষ্টাং দক্ষিণামগমদ্দিশম্ ॥ ১ ॥
স বিন্ধ্যবন[4]মাগম্য সর্ব্বৈস্তৈর্হরিভির্ব্বৃতঃ।
[5]বিচিনোতি [6]স্ম বিন্ধ্যস্য গুহা[7]শ্চ গহনানি চ ॥ ২ ॥
শৈলাগ্রাণি [8]নদীং দুর্গাং কন্দরাণি বনানি চ।
বৃক্ষষণ্ডাংশ্চ বিস্তীর্ণান্ [9]সর্ব্বান্ [10]সর্ব্বত্র পাদপান্ ॥ ৩ ॥
[11]সিংহশার্দ্দূলজুষ্টেষু দুর্গেষু গিরিসানুষু।
ধাতুনিষ্যন্দ[12]চিত্রেষু মহৎসু শিখরেষু চ ॥ ৪ ॥
কিন্নরোরগগন্ধর্ব্ববিকীর্ণেষু বনেষু চ।
[13]সারসারবঘুষ্টেষু সরঃসু চ নদীষু চ ॥ ৫ ॥
মহৎসু বনষণ্ডেষু মৃগপক্ষিগুহাসু চ।
বিষয়েষু নগেন্দ্রস্য মহাপ্রস্রবণেষু চ ॥ ৬ ॥

এদিকে হনুমান্ অঙ্গদপ্রভৃতি বানরগণের সহিত সুগ্রীব কর্ত্তৃক নির্দ্দিষ্ট দক্ষিণ দিকে গমন করিলেন ॥ ১ ॥

তিনি সেই সমস্ত বানরে পরিবেষ্টিত হইয়া বিন্ধ্যপর্ব্বতে আগমনপূর্ব্বক ঐ পর্ব্বতের গুহা এবং সমস্ত বন অন্বেষণ করিলেন ॥ ২ ॥

পর্ব্বতের শিখর, গুহা, দুর্গম নদী, বন, তরুষণ্ড এবং সমস্ত স্থানের সমস্ত বৃক্ষ অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৩ ॥

সেই বানরগণ সিংহব্যাঘ্র পরিপূর্ণ দুর্গম পর্ব্বতসানুতে, গৈরিকাদি ধাতুরঞ্জিত বিশাল শৃঙ্গদেশে, কিন্নর, সর্প ও গন্ধর্ব্বগণে পরিব্যাপ্ত বনে, সারস পক্ষীর

১। ঘ 'সহ তারাঙ্গদাভ্যাস্তু গত্বা স হনুমান্ কপিঃ', ছ-ণ 'অঙ্গিদপ্রমুখৈ'। ২। ছ-ট '-স্তদা', ণ '-রৈঃ সহ'। ৩। ক-ট '-ষ্টৌ'। ৪। ঙ '-মাসাদ্য', ণ '-মাগত্য' ৫। ট 'প্রচি-'। ৬। ণ 'স'। ৭। ঘ '-শ্চোপ-বনানি চ'। ৮। ছ 'নদীর্দ্দুর্গাঃ', ট 'নদীদুর্গ', ণ 'নদীদুর্গান্'। ৯। ঙ '-সবনস্পতিপাদ-'। ১০। ক 'সবন পাদ-'। ১১। ক টপুস্তকয়োঃ ইতঃ সপ্তমশ্লোকান্তোঽংশো নাস্তি। ১২। ট-ঙ '-ভূতেষু'। ১৩। ছ-পুস্তকে অতঃ সপ্তমশ্লোকপূর্ব্বার্দ্ধান্তং নাস্তি।

তেষু তেষু প্রদেশেষু লতাসন্তানবৎসু চ।
চক্রুরন্বেষণং দেব্যাঃ সীতায়াস্তে বনৌকসঃ ॥ ৭ ॥
অন্বেষমাণাস্তু[১] তথা সর্ব্বে তে হরিযূথপাঃ[২]।
ন সীতাং দদৃশুর্ব্বীরা মৈথিলীং জনকাত্মজাম্ ॥ ৮ ॥
ফলমূলানি[৩] বন্যানি[৪] ভক্ষয়ন্তো বনেচরাঃ।
জানকীং[৫] মৃগয়ামাসুঃ পিবন্তঃ সলিলং শুচি[৬] ॥ ৯ ॥
তত্রৈব[৭] বসতাং তেষাং স কালো ব্যত্যবর্ত্তত।
স হি দেশো দুরন্বেষ্যো গুহা-গহনবান্ মহান্ ॥ ১০
ত্যক্ত্বা তু তং ততো দেশং সর্ব্বে তে হরিযূথপাঃ।
দেশমন্যং দুরাধর্ষমন্বেষন্[৮]নকুতোভয়াঃ[৯] ॥ ১১ ॥
যত্র বন্ধ্যফলা[১০] বৃক্ষা বিপুষ্পাঃ[১১] ফলবর্জ্জিতাঃ।
নিস্তোয়াঃ সরিতো যত্র যত্র[১২] মূলং সুদুর্ল্লভম্ ॥ ১২ ॥

১০। লো-টী। স কালঃ মাসাখ্যঃ।
১১। লো-টী। অন্বৈচ্ছন্ গন্তুমিতি শেষঃ।
১২। লো-টী। ফলে সত্যপি বন্ধ্যফলাঃ ফলস্য অভক্ষ্যত্বাৎ। কেচিচ্চ বিপুষ্পাঃ বিশিষ্টপুষ্পা অপি ফলবর্জ্জিতাঃ।

কলনাদে নিনাদিত সরোবর এবং নদীতে, বিশাল বনসমূহে, মৃগ এবং পক্ষিসমাকুল গুহায়, বিশাল ঝরণাবিশিষ্ট পার্ব্বত্য প্রদেশসমূহে এবং লতা-সমাচ্ছন্ন সমস্ত স্থানে সীতাদেবীর অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৪-৭ ॥

সেই বীর বানরদলপতিগণ সকলেই মিথিলারাজনন্দিনী জনকদুহিতা সীতাকে এইরূপে অন্বেষণ করিয়াও দেখিতে পাইলেন না ॥ ৮ ॥

বানরগণ বন্য ফলমূল ভক্ষণ করিয়া এবং পবিত্র জল পান করিয়া জনক-নন্দিনী সীতাকে অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৯ ॥

সেই বিন্ধ্যাচলেই বাস করিতে করিতে তাঁহাদের সেই (নির্দ্দিষ্ট) সময় অতীত হইল; কারণ, গুহা ও অরণ্যশালী সেই বিশাল দেশ অন্বেষণ করা দুঃসাধ্য ॥১০॥

অনন্তর সেই সমস্ত বানরদলপতি সেই স্থান ত্যাগ করিয়া অন্যান্য দুর্গম স্থান নির্ভয়ে অন্বেষণ করিতে লাগিলেন ॥ ১১ ॥

১। ঙ '-শ্চ'। ২। ণ 'কপি-'। ৩। ঘ 'তে ভক্ষয়ন্তো মূলানি ফলানি চ বনেচরাঃ।' ৪। ঙ-ণ 'রম্যাণি'। ৫। ঘ 'অন্বিষ্যমাণা দুর্দ্ধর্ষা স্তবসংস্তত্র বৈ সুখম্'। ৬। ণ 'ভুবি'। ৭। ঘ 'তেষাং তত্রৈব বসতাং'। ৮। ণ '-মগচ্ছন্-'। ৯। ছ-ট '-চ্ছন্-'। ১০। ক 'বৈ নিষ্ফলা', চ 'বন্যফলা'। ১১। ক 'নিষ্পত্রাফল-বর্জ্জিতাঃ'। ১২। ঙ 'পত্রং'।

ন সন্তি মহিষা যত্র ন মৃগা নাপি হস্তিনঃ।
শার্দ্দূলাঃ পক্ষিণো[৩] বাপি[৪] যে চান্যে বনগোচরাঃ ॥ ১৩ ॥
স্নিগ্ধপত্রাঃ[৫] স্থলে জাতাঃ পদ্মিন্যঃ ফুল্লপঙ্কজাঃ।
প্রেক্ষণীয়াঃ সুগন্ধাশ্চ ভ্রমরৈঃ[৬] পরিবর্জ্জিতাঃ ॥ ১৪ ॥
কণ্বো[৭] নাম মহাভাগঃ সত্যবাদী তপোধনঃ।
মহর্ষিঃ পরমামর্ষী নিয়মৈর্দুষ্প্রধর্ষণঃ ॥ ১৫ ॥
তস্য তস্মিন্ বনে পুত্রো বালকো দশবার্ষিকঃ।
প্রনষ্টো জীবিতান্তায় ক্রুদ্ধস্তস্য[৮] মহামুনিঃ ॥ ১৬ ॥
তেন ধর্ম্মাত্মনা শপ্তং[৯] সর্ব্বং তৎ সুমহদ্ বনম্।
ততোঽভবদনাধৃষ্যং মৃগপক্ষিগণৈরপি ॥ ১৭ ॥

১৪। লো-টী। পদ্মিন্যঃ পদ্মসমূহাঃ ফুল্লপঙ্কজাঃ ফুল্লাশ্চ তে পঙ্কাৎ পাপাজ্জায়ন্তে ইতি তথা, উপভোগাভাবাৎ। 'পঙ্কোঽস্ত্রী কর্দ্দমে পাপে' ইতি কোষঃ। ফুল্লপঙ্কজাঃ ফুল্লকলিকা বা।
১৫। লো-টী। পরমামর্ষী পরমক্রোধী। নিয়মৈর্নিমিত্তৈঃ। দুষ্প্রধর্ষণঃ প্রধর্ষয়িতুং পরাভবিতুমশক্যঃ।
১৬। লো-টী। জীবিতান্তায় জীবননাশায় মরণায়েত্যর্থঃ। প্রনষ্টঃ অদর্শনং গতঃ।
১৭। লো-টী। অনাধৃষ্যমগম্যম্।

যেখানকার বৃক্ষ পুষ্প এবং ফলহীন, অথবা ফল থাকিলেও তাহা নিষ্ফল অর্থাৎ অভক্ষ্য; যেখানে নদী জলশূন্য, মূল অত্যন্ত দুষ্প্রাপ্য; মহিষ, মৃগ, হস্তী, ব্যাঘ্র প্রভৃতি পশু এবং পক্ষী অথবা অন্য কোন বন্য জন্তু যেখানে বাস করে না; এবং যেখানে বিকসিত পদ্ম ও কোমল-পত্রবিশিষ্ট স্থল-পদ্ম সকল দর্শনযোগ্য (সুন্দর) ও সৌরভশালী হইয়াও ভ্রমরসমাগম-শূন্য ॥ ১২-১৪ ॥

কণ্বনামক মহর্ষি—সত্যবাদী, তপস্বী, মহাক্রোধী এবং সংযম হেতু দুর্দ্ধর্ষ; সেই বনে তাঁহার দশমবর্ষীয় শিশু পুত্রের জীবননাশ হওয়ায় তিনি অত্যন্ত ক্রুদ্ধ হ'ন; পরে সেই ধর্ম্মাত্মা সেই সমগ্র বিশাল বনকে অভিশাপ প্রদান করেন। সেই হেতু ঐ বন পশুপক্ষিগণেরও অগম্য হইয়াছিল ॥ ১৫-১৭ ॥

১। ঘ '-যো যত্র'। ২। গ 'ন চ'। ৩। ঘ '-ণাশ্চাপি'। ৪। ঙ-ট 'যত্র'। ৫। ঙ '-ত্রস্থলে', গ '-ত্রাস্তু তে জাতাঃ'। ৬। ক-ট 'রৈঃ পরিসিঞ্জিতাঃ; ছ '-রৈশ্চ বিরাজিতাঃ'। ৭। ক '-কণ্ঠো'। ৮। ক-গ '-দ্ধঃ সোঽভূন্মহা-'। ৯। ঘ 'কৃৎস্নং শপ্তং তৎ'।

তত্র তে কাননান্তানি গিরীণাং নির্ঝরাণি চ।
গহনানি নদীনাঞ্চ ব্যচিন্বন্ সহিতাঃ সমম্ ॥ ১৮ ॥
তত্রাপি তে মহাত্মানো নাপশ্যন্ জনকাত্মজাম্।
হর্ত্তারং রাবণং [১]বাপি [২]সুগ্রীবপ্রিয়কারিণঃ ॥ ১৯ ॥
[৩]অবগীতস্তু তে [৪]কৃত্বা [৫]তৎ সর্ব্বং কাননং পুনঃ।
[৬]অন্যদেব [৭]মহাঘোরং [৮]প্রাবিশন্ গিরিগহ্বরম্ ॥ ২০ ॥
তে প্রবিশ্য [৯]তু [১০]তদ্ [১১]ভীমং লতাগুল্মসমাবৃতম্।
[১২]দদৃশুঃ সুমহাকায়মসুরং সুরনির্ভয়ম্ ॥ ২১ ॥
তং দৃষ্ট্বা বানরা ভীমং স্থিতং শৈলমিবাপরম্।
গাঢ়ং পরিদধুঃ [১৩]সর্ব্বে [১৪]তস্মিন্ পতিতচক্ষুষঃ ॥ ২২ ॥

২০। লো-টী। অবগতং জ্ঞাতং জ্ঞানবিষয়মিত্যর্থঃ। ‘অবগীত’মিতি পাঠে স এবার্থঃ।
২১। লো-টী। তং ভীমমিতি আর্ষং পুংস্ত্বম্। সুরাদপি নির্ভয়ং যস্য তম্।
২২। লো-টী। পরিদধুঃ বস্ত্রাণীতি শেষঃ। পতিতচক্ষুষঃ ‘পতিতচেতস’ ইতি বা পাঠঃ। লগ্নচেতসঃ।

সেখানে তাঁহারা মিলিত হইয়া বনের প্রান্তভাগ, পর্ব্বতের ঝরণা এবং নদীর [তীরস্থ] বন সকল অন্বেষণ করিতে লাগিলেন ॥ ১৮ ॥

সুগ্রীবের হিতৈষী মহামনাঃ বানরগণ সেখানেও জনকনন্দিনী সীতাকে অথবা হরণকারী রাবণকে দেখিতে পাইলেন না ॥ ১৯ ॥

তাঁহারা সেই বন অবগত হইয়া (অর্থাৎ সেই বনের সর্ব্বত্র অনুসন্ধান করিয়া) অন্য এক ভয়ঙ্কর পর্ব্বতগুহায় প্রবেশ করিলেন ॥ ২০ ॥

তাঁহারা লতাগুল্মে সমাচ্ছন্ন সেই ভয়ঙ্কর স্থানে প্রবেশ করিয়া দেবগণ হইতেও ভয়হীন অতি বিশালকায় এক অসুরকে দেখিতে পাইলেন ॥ ২১ ॥

বানরগণ সকলেই অপর একটী পর্ব্বতের ন্যায় অবস্থিত সেই ভীষণ অসুরকে দেখিয়া তাহার উপর দৃষ্টি নিবদ্ধ করিয়া দৃঢ়ভাবে বস্ত্র পরিধান করিতে লাগিলেন ॥২২॥

১। খ-গ ‘চাপি’। ২। ক ‘রামস্যাপ্রিয়কারিণম্’। ৩। ক ‘অবগতস্তু’, ঘ ‘অবচিতস্তু তৎ’, গ ‘সুবিচিতস্তু’। ৪। ঙ ‘দৃষ্ট্বা’। ৫। ঘ। ‘সর্ব্বং তে’। ৬। ঙ ‘-দেবং’। ৭। ছ ‘মহদ্ ঘোরং’। ৮। ঘ ‘বিবিশুর্গিরিগহ্বরম্’। ৯। ঢ ‘-শংস্ততো’, গ ‘-ষ্টাস্ততো’,। ১০। ঙ ‘হতং ঘোরং’। ১১। ছ ‘তং ভীমং’ ১২। ঙ ‘-শুশ্চ’, ঢ ‘-শুস্তু’। ১৩। ঘ ‘-স্থিতাঃ’। ১৪। ঘ ‘তস্থুস্তিমিতচক্ষুষঃ’।

সোঽপি মারীচতনয়স্তৃণবত্তান[1]পশ্যত।
তমঙ্গদঃ সুসংক্রুদ্ধো যুদ্ধায় সমুপাদ্রবৎ ॥ ২৩ ॥
রাক্ষসোঽপি সুসংক্রুদ্ধস্তিষ্ঠ তিষ্ঠেত্যুপাহ্বয়[2]ৎ।
মুষ্টিমুদ্যম্য বি[3]নদন্নঙ্গদং সমুপাদ্রবৎ ॥ ২৪ ॥
তমাপতন্তং বেগেন বালিপুত্রোঽঙ্গদো বলী।
রাবণোঽয়মিতি জ্ঞাত্বা তলেনাভিজঘান হ ॥ ২৫ ॥
স বালিপুত্রাভিহতো ব[4]ক্ত্রাচ্ছোণিতমুদ্[5]গিরন্।
রাক্ষসো ন্যপতদ্ ভূমৌ বজ্রাহত ইব দ্রুমঃ ॥ ২৬ ॥
তে তু তস্মিন্নিপতিতে বানরা জিতকাশিনঃ।
[6]প্রব্যচিন্বন্ প্রযত্নেন স[7]র্ব্বং তং গিরিগহ্বরম্ ॥ ২৭ ॥

২৭। লো-টী। গিরিগহ্বরং গিরেনিকুঞ্জম্। 'গহ্বরম্, গুহাগহনদম্ভেষু নিকুঞ্জেষু পুমানয়'মিতি কোষঃ।

মারীচ-পুত্র সেই অসুরও তাহাদিগকে তৃণের ন্যায় দেখিতে লাগিল, [তাহাতে] অঙ্গদ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধের নিমিত্ত তাহার নিকট ধাবিত হইলেন ॥ ২৩ ॥

[তখন] রাক্ষসও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া 'থাম, থাম'—এই কথা বলিয়া [যুদ্ধার্থ] আহ্বান করিল এবং মুষ্টি উত্তোলনপূর্ব্বক হুঙ্কার করিতে করিতে অঙ্গদের দিকে ধাবিত হইল ॥ ২৪ ॥

বালিপুত্র বলবান্ অঙ্গদ তাহাকে বেগে আসিতে দেখিয়া 'এ-ই রাবণ'—ইহা মনে করিয়া চপেটাঘাত করিলেন ॥ ২৫ ॥

সেই রাক্ষস অঙ্গদকর্তৃক আহত হইয়া মুখ দিয়া রুধির বমন করিতে করিতে বজ্রাহত বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইল ॥ ২৬ ॥

রাক্ষস নিপতিত হইলে বিজয়োৎফুল্ল সেই বানরগণ যত্ন সহকারে সেই পর্ব্বত-গুহা—সমগ্র অন্বেষণ করিতে লাগিলেন ॥ ২৭ ॥

১। ঘ-ঙ-ছ-ট '-ত্তানমন্যত'। ২। খ '-য়ন্', ক 'য়', ট 'দ্রবৎ'। ৩। ছ 'নিনদন্'। ৪। ছ 'মুখা-'। ৫। ছ-ট '-বমন্'। ৬। ট 'ব্যচিন্বন্ প্রয়ত্নাস্তত্র'। ৭। ট-ণ 'সর্ব্বতো'।

তে বিচিত্য[১] পুনঃ খিন্না বিনিষ্পাত্য সমাগতাঃ।
একান্তে বৃক্ষমূলেষু নিষেদুর্দ্দীনমানসাঃ[২] ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে অসুরবধো নামৈকোন-
পঞ্চাশঃ সর্গঃ ॥ ৪৯ ॥

২৮। লো-টী। খিন্না দুঃখিতাঃ, বিনিষ্পাত্য গহ্বরান্নির্গত্য, সমাগতা মিলিতাঃ।
অসুরবধঃ সর্গঃ।

তাঁহারা পুনরায় অন্বেষণপূর্ব্বক দুঃখিত হইয়া তথা হইতে বহির্গত হইলেন এবং সম্মিলিত হইয়া নির্জ্জনে বৃক্ষমূলে দুঃখিত চিত্তে উপবেশন করিলেন ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে অসুরবধ
নামক ৪৯শ সর্গ সমাপ্ত ॥ ৪৯ ॥

১। চ 'বিচিন্ত্য'। ২। চ 'বিষে-'।

(৫০) পঞ্চাশঃ সর্গঃ

ততো[১] বায়ুসুতঃ শ্রীমানঙ্গদপ্রমুখান্ হরীন্।
আসীনানব্রবীদ্ ভীমান্[২] বাক্যং বাক্যবিশারদঃ[৩]।
পরিশ্রান্তান্ মহাপ্রাজ্ঞঃ সমানীয় শনৈস্তদা[৪] ॥ ১ ॥
সানূনি[৫] গিরয়ো নদ্যো দুর্গাণি গহনানি চ।
নির্ঝরা গিরিশৃঙ্গাণি বনান্যুপবনানি চ ॥ ২ ॥
গুহ্যকানাং[৬] নিবাসাশ্চ[৭] গন্ধর্ব্বভবনানি চ।
গুহাশ্চ বিবিধাকারা মার্গিতানি[৮] ততস্ততঃ ॥ ৩ ॥
বিচিতঞ্চ বনং সর্ব্বং তৃণঞ্চ বিদলীকৃতম্।
পশ্যামো ন চ বৈদেহীং রাবণং তঞ্চ[৯] রাক্ষসম্ ॥ ৪ ॥
সুগ্রীবেণ যথোদ্দিষ্টা দেশাঃ সুবিচিতাঃ[১০] কৃতাঃ।
যাংশ্চ নোদ্দিষ্টবান্ দেশাংস্তে চাপি বিচিতাঃ পৃথক্ ॥ ৫ ॥
নৈব[১১] প্রবৃত্তিং শৃণুমস্তয়োঃ কস্যচিদন্তিকাৎ।
কালশ্চ সুমহান্ যাতো মার্গতাং[১২] জনকাত্মজাম্ ॥ ৬ ॥

১। লো-টী। ইদং বাক্যমিত্যন্বয়ঃ।
৬। লো-টী। মার্গতাং মৃগয়তাং, যাতো গতঃ।

পরে বাক্পটু মহাপণ্ডিত শ্রীমান্ পবননন্দন হনুমান্ উপবিষ্ট এবং পরিশ্রান্ত অঙ্গদ প্রভৃতি ভয়ঙ্কর বানরদিগকে আনয়ন করিয়া এই কথা বলিলেন—॥ ১ ॥

পর্ব্বত, নদী, ঝরণা, দুর্গম দুর্গ, পর্ব্বতশৃঙ্গ, সানুদেশ, বন, উপবন, গুহ্যকদিগের এবং গন্ধর্ব্বদিগের বাসস্থান—নানা প্রকার গুহা, সর্ব্বত্র অন্বেষণ করিয়াছি, এবং সমস্ত বন অনুসন্ধান করিয়াছি, তৃণ সকলও বিদীর্ণ করিয়াছি ; কিন্তু বিদেহরাজনন্দিনী সীতাকে এবং রাবণকে [কোথাও] দেখিতেছি না ॥ ২—৪ ॥

১। ঘ-ট-ণ 'তত্র'। ২। ঘ-ছ '-ধীমান্', ট '-বীর্য্যবান্'। ৩। ঙ '-বিদাংবরঃ'। ৪। ক '-স্বিদম্'। ৫। ঘ-পুস্তকে ইদমর্দ্ধং তৃতীয়শ্লোকপূর্ব্বার্দ্ধঞ্চ নাস্তি। ৬। ট-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৭। ছ '-সাংশ্চ'। ৮। ঙ-ছ '-তাশ্চ', ট '-তব্যাস্ত-', ণ '-তা হি'। ৯। ক '-ণঞ্চাপি', ছ '-ণং ন চ'। ১০। ছ 'সুবিদিতাঃ'। ১১। ছ 'ন চ'। ১২। ঙ 'মার্গ্যতাং'।

কৃতশ্চ কালপর্য্যন্তঃ সুগ্রীবশ্চোগ্রশাসনঃ।
ন চ সা দৃশ্যতে সীতা রামপত্নী ন[১] রাবণঃ ॥ ৭ ॥
উচ্যতাম[২]ত্র দুর্দ্ধর্ষা যন্নঃ ক্ষেম[৩]মনন্তরম্।
ন হি সা দৃশ্যতে সীতা যন্নিমিত্তং ভ্রমামহে ॥ ৮।
এবং[৪] ব্রুবাণং তং বাক্যমঙ্গদঃ পবনাত্মজম্।
উবাচ বচনং বীরো[৫] বানরাণাং হিতাবহম্[৬] ॥ ৯ ॥
সর্ব্ব এব সমর্থাশ্চ বলবন্ত[৭]শ্চ বানরাঃ।
অলং নৈরাশ্য[৮]মাগত্য সীতাধিগমনং[৯] প্রতি ॥ ১০।

৭। লো-টী। কালপর্য্যন্তঃ অবধিঃ।

৮। লো-টী। সুদুর্দ্ধর্ষো যত্র রাবণঃ সোঽপি দেশো ন দৃশ্যত ইত্যন্বয়ঃ। যৎ ক্ষেমং কুশলম্।

১০। লো-টী। শ্রুতবন্তঃ সর্ব্বশাস্ত্রশ্রবণবন্তঃ। নৈরাশ্যং নিরাশত্বমলং ব্যর্থং পুনরাগত্য পরিমার্গণে ইত্যন্বয়ঃ।

সুগ্রীব কর্ত্তৃক নির্দ্দিষ্ট সমস্ত দেশ উত্তমরূপে অন্বেষণ করিয়াছি এবং তৎকর্ত্তৃক অনির্দ্দিষ্ট দেশও পৃথক্ ভাবে অনুসন্ধান করিয়াছি; কিন্তু কাহারও নিকট হইতে সীতা ও রাবণের সংবাদ শুনিতে পাইতেছি না। জনকনন্দিনী সীতাকে অন্বেষণ করিতে করিতে বহু কাল অতীত হইয়াছে। সুগ্রীবের শাসন অতিশয় ভীষণ, [আমাদের] নির্দ্দিষ্ট সময় সমাপ্ত হইয়াছে, কিন্তু সেই রামের পত্নী সীতাকে এবং রাবণকে দেখিতে পাইতেছি না; হে দুর্দ্ধর্ষ বানরগণ, এ বিষয়ে অতঃপর আমাদের যাহা মঙ্গলকর তাহা বলুন। যাহার নিমিত্ত আমরা ভ্রমণ করিতেছি সেই সীতাকে ত দেখা যাইতেছে না। পবননন্দন হনুমান্ এইরূপ বলিলে বলবান্ অঙ্গদ তাহাকে বানরগণের হিতকর বাক্য বলিলেন—॥ ৫—৯ ॥

বানরগণ, [আমরা] সকলেই সমর্থ এবং বলবান্; অতএব সীতার প্রাপ্তি বিষয়ে নৈরাশ্য অবলম্বনের প্রয়োজন নাই ॥ ১০ ॥

১। ক 'চ'। ২। ঢ '-তাং যত্র'। ৩। ঘ-ণ-ছ 'ক্ষম-'। ৪। ঘ 'ব্রুবাণস্তমিদং', ছ-ঢ-ণ 'ব্রুবাণমেবং'। ৫। ঙ 'ধীরো'। ৬। ণ 'স্থিতো রহঃ'। ৭। ঘ-ঢ 'শ্রুতব-'। ৮। ঙ '-মাগম্য'। ৯। ছ '-সীতাবগমনং'।

তে বয়ং পরিমার্গামঃ পুনস্তাং জনকাত্মজাম্।
সন্ত্যজ্যাপি[১] প্রিয়ান্ প্রাণান্ যথা পশ্যাম[২] মৈথিলীম্ ॥ ১১ ॥

অনির্ব্বেদশ্চ দাক্ষ্যঞ্চ মনসশ্চাপরাজয়ঃ[৩]।
অবশ্যং ক্রিয়মাণস্য কর্ম্মণো দৃশ্যতে ফলম্ ॥ ১২ ॥

যদ্যপ্যেতদ্বনং সর্ব্বং বিচিতং সুসমাহিতৈঃ[৪]।
খেদং ত্যক্ত্বা পুনঃ[৫] সর্ব্বং[৬] বিচিন্বন্তু বনৌকসঃ।
অলং নির্ব্বেদমাগত্য[৭] ন হি নো হীদৃশং[৮] ক্ষমম্ ॥ ১৩ ॥

সুগ্রীবঃ ক্রোধনো রাজা তীক্ষ্ণদণ্ডশ্চ বানরঃ[৯]।
ভেতব্যং তস্য শূরস্য রামস্য চ মহাত্মনঃ ॥ ১৪ ॥

হিতার্থমেতদুক্তং মে[১০] ক্রিয়তাং যদি রোচতে।
উচ্যতাং[১১] বা ক্ষমং[১২] যন্নঃ[১৩] সর্ব্বেষামেব বানরাঃ ॥ ১৫ ॥

১২। লো-টী। অনির্ব্বেদো বৈরাগ্যাভাবঃ, দাক্ষ্যং কর্ম্মচাতুর্য্যম্, অপরাজয়ঃ অনালস্যম্, এতৈঃ ক্রিয়মাণস্য।

১৩। লো-টী। খেদং দুঃখম্, নির্ব্বেদং বৈরাগ্যম্, আগত্য প্রাপ্য অলং ব্যর্থম্। তস্মাদ্ বিরক্তা মা ভবথ। হি যস্মান্নোঽস্মাকমীদৃশং বৈরাগ্যকরণং ন হি ক্ষমমনুচিতম্।

প্রিয় প্রাণ পরিত্যাগ করিয়াও যাহাতে মিথিলারাজনন্দিনী সীতাকে দেখিতে পাই সেজন্য আমরা সকলে পুনরায় তাঁহার অন্বেষণ করিব ॥ ১১ ॥

অনুতাপশূন্যতা, দক্ষতা এবং চিত্তের অপরাঙ্মুখতা (অর্থাৎ তৎপরতা) সহকারে কার্য্য করিলে অবশ্যই তাহার ফল দেখা যায় ॥ ১২ ॥

হে বানরগণ, যদিও অত্যন্ত অবহিত হইয়া এই সমস্ত বন অন্বেষণ করা হইয়াছে [তথাপি] খেদ পরিত্যাগ করিয়া পুনরায় সমস্ত বন অনুসন্ধান করুন। ঔদাসীন্য অবলম্বনের প্রয়োজন নাই ; যেহেতু আমাদের এরূপ [ঔদাসীন্য] করা যুক্তিযুক্ত নহে ॥ ১৩ ॥

বানররাজ সুগ্রীব অত্যন্ত ক্রোধী এবং তাহার শাসন অতিশয় কঠোর, [অতএব] সেই বীরকে এবং মহাত্মা রামচন্দ্রকে ভয় করা উচিত ॥ ১৪ ॥

বানরগণ, [আমাদের] মঙ্গলের জন্য আমার এই উক্তি ; যদি ভাল লাগে

১। গ '-জামঃ'। ২। ছ 'পশ্যেম'। ৩। ক '-সশ্চ'। ৪। ক-ঙ 'হি স-'। ৫। ঙ 'বনং'। ৬। ছ-ঢ 'সর্ব্বে'। ৭। ঙ '-মাগম্য', ঢ '-মাসাদ্য'। ৮। ঘ 'মীলনং'। ৯। ছ 'বানরাঃ'। ১০। ঢ 'হি'। ১১। ছ 'চ', ঢ '-নঃ'। ১২। গ 'যথা শন্নঃ'। ১৩। ঢ 'যদ্বা'।

অঙ্গদস্য তু তচ্ছ্রুত্বা বচনং গন্ধমাদনঃ ।
উবাচ প্রস্থতং[১] বাক্যং সর্ব্ববানরসন্নিধৌ ॥ ১৬ ॥

সদৃশং[২] চানুরূপঞ্চ[৩] বাক্যমঙ্গদভাষিতম্ ।
হিতঞ্চ পথ্যঞ্চ[৪] ভবেৎ ক্রিয়মাণং ন সংশয়ঃ[৫] ॥ ১৭ ॥

পুনর্ম্মার্গামহে শৈলান্[৬] সকন্দরগুহান্তরান্ ।
কাননানি চ রম্যাণি[৭] নদীঃ প্রস্রবণানি[৮] চ ॥ ১৮ ॥

যথোদ্দিষ্টানি সর্ব্বাণি স্থগ্রীবেণ মহাত্মনা[৯] ।
নিশ্চয়ং পরমং কৃত্বা বিচিন্বন্তু বনৌকসঃ ॥ ১৯ ॥

ততঃ সর্ব্বে সমুত্থায় বানরাস্তে মহাবলাঃ ।
বিন্ধ্যকাননসঙ্কীর্ণাং বিচেরুর্দ্দক্ষিণাং দিশম্ ॥ ২০ ॥

১৬। লো-টী। প্রশ্রয়ং বিনয়ম্ ।

১৭। লো-টী। সদৃশং যোগ্যম্ । অনুরূপমনুকূলং চ এতদ্ বাক্যং ক্রিয়মাণং চেৎ তর্হি হিতং হিতকারি পথ্যং দোষাজনকং চ ভবেৎ ।

১৮। লো টী। কন্দরগুহান্তরৈঃ সহ বর্ত্তমানান্ । কন্দরো দরী, গুহা দেবখাতবিলম্, তয়োরন্তরং মধ্যম্ । "দরী তু কন্দরো বা স্ত্রী দেবখাতবিলে গুহা" ইত্যমরঃ। যদ্ বা গুহা পাষাণ-সন্ধিঃ, কন্দরো দরী, গুহা পাষাণসন্ধিঃ স্যাৎ কন্দরঃ কন্দরা দরী'তি রত্নমালা। প্রস্রবণানি বারিপ্রবাহান্ ।

তবে তদনুসারে কার্য্য করুন অথবা আমাদের সকলের যাহা উচিত তাহা বলুন (অর্থাৎ নির্ণয় করুন) ॥ ১৫ ॥

অঙ্গদের সেই বাক্য শুনিয়া গন্ধমাদন সমস্ত বানরগণের সন্নিধানে সমর্থন-সূচক বাক্য বলিলেন—॥ ১৬ ॥

অঙ্গদ যাহা বলিয়াছেন তাহা উপযুক্ত ও যুক্তিসঙ্গত। এইরূপ করিলে আমাদের দোষ হইবে না এবং মঙ্গল হইবে—এ বিষয়ে সন্দেহ নাই ॥ ১৭ ॥

[আসুন] আমরা পুনরায় গুহা এবং গহ্বরযুক্ত পর্ব্বতসকল, রমণীয় বনসকল এবং নদী ও নির্ঝরসমূহ অন্বেষণ করি ॥ ১৮ ॥

হে বানরগণ, মহাত্মা সুগ্রীব কর্ত্তৃক নির্দ্দিষ্ট সমস্ত স্থান প্রতিজ্ঞা পূর্ব্বক অন্বেষণ করুন ॥ ১৯ ॥

তদনন্তর মহাবলশালী সমস্ত বানর উত্থিত হইয়া বিন্ধ্য পর্ব্বতের অরণ্য-সমাচ্ছন্ন দক্ষিণ দিকে বিচরণ করিতে লাগিলেন ॥ ২০ ॥

১। চ 'প্রশ্রিতং'। ২। ঘ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৩। ঙ 'চাস্ম-'। ৪। ণ 'তথ্যঞ্চ'। ৫। ছ '-য়ম্'। ৬। ঙ-চ 'সর্ব্বান্'। ৭। ক 'বিচিত্রাণি'। ৮। ছ-ণ 'নদীপ্র-'। ৯। ছ 'দুরা-'।

তে শারদাভ্রপ্রতিমং[১] নগং রজতসন্নিভম্।
শৃঙ্গবন্তং দরীবন্তমারোহন্[২] হরিপুঙ্গবাঃ ॥ ২১ ॥
তত্র লোধ্রবনং রম্যং সপ্তপর্ণবনানি চ।
ব্যচিন্বংস্তে[৩] হরিবরাঃ সীতাদর্শনকাঙ্ক্ষিণঃ ॥ ২২ ॥
তস্যাগ্রমধিরূঢ়াস্তে শ্রান্তাঃ স্থূলঘুবিক্রমাঃ।
ন চাপশ্যন্ত বৈদেহীং রামস্য মহিষীং প্রিয়াম্ ॥ ২৩ ॥
তে তু দৃষ্টিহতং কৃত্বা তং শৈলং বহুকন্দরম্।
অবারোহন্ত[৪] হরয়ঃ প্রবিচিত্য সমন্ততঃ ॥ ২৪ ॥
অবরুহ্য চ[৫] তে ভূমিং শ্রান্তা দুঃখিতচেতসঃ।
স্থিতা মুহূর্ত্তং তত্রাসন্[৬] বৃক্ষমূলান্যুপাশ্রিতাঃ ॥ ২৫ ॥

২৩। লো-টী। শান্তা একাগ্রচিত্তাঃ। স্থূলঘুবিক্রমাঃ সুশীঘ্রবিক্রমাঃ।
২৪। লো-টী। দৃষ্টিহতং চক্ষুর্গোচরম্।
২৫। লো-টী। মুহূর্ত্তং স্থিতাঃ, তত্র ততঃ।

সেই শ্রেষ্ঠ বানরগণ শরৎকালীন মেঘ ও রজততুল্য, বিশাল শৃঙ্গ ও গুহাযুক্ত পর্ব্বতে আরোহণ করিলেন ॥ ২১ ॥

সীতার দর্শনাভিলাষে সেই শ্রেষ্ঠ বানরগণ সেখানে রমণীয় লোধ্র-বনে এবং সপ্তপর্ণ (ছাতিম) বৃক্ষের বনে অন্বেষণ করিতে লাগিলেন ॥ ২২ ॥

সেই দ্রুতগামী বানরগণ পর্ব্বতের শিখরদেশে আরোহণ করিয়া ক্লান্ত হইয়া পড়িলেন ; কিন্তু রামচন্দ্রের প্রিয় মহিষী বিদেহরাজনন্দিনী সীতাকে দেখিতে পাইলেন না ॥ ২৩ ॥

সেই বানরগণ বহু গুহা বিশিষ্ট সেই পর্ব্বতকে দৃষ্টিগোচর করিয়া চারিদিকে অন্বেষণ করত তথা হইতে অবতরণ করিলেন ॥ ২৪ ॥

শ্রান্ত এবং বিষণ্ণ সেই বানরগণ ভূতলে অবতরণ করিয়া বৃক্ষমূলে আশ্রয় গ্রহণ করত মুহূর্ত্তকাল অবস্থান করিলেন ॥ ২৫ ॥

১। ছ-চ 'মহা-'। ২। চ '-মন্ত-'। ৩। চ 'ব্যচিন্বন্ত', ণ 'বিচিন্বংস্তে'। ৪। ণ 'অবরোহন্ত'
৫। ঘ 'তু'। ৬। ছ 'তত্রাপি'।

তে মুহূর্ত্তং সমাশ্বস্তাঃ কিঞ্চিদ্‌ভ্রষ্টপরিশ্রমাঃ।
পুনরেবোদ্যতাঃ কৃচ্ছ্রা[৪]ন্মার্গিতুং জনকাত্মজাম্ ॥ ২৬ ॥
দরী[৫]শিখরনদ্যোঘলতাপাদপসঙ্কুলম্।
বিন্ধ্যং বানরমুখ্যাস্তে মা[৬]র্গন্তি স্ম [৭]সমন্ততঃ ॥ ২৭ ॥
প্রযত্নতস্তে হরয়ঃ সমন্ততো গুহাসু শৈলান্তরনির্ঝরেষু।
[৮]অন্বেষমাণা জনকাধি[৯]পাত্মজাং [১০]ভ্রমন্তি তস্মিন্ গিরিসঙ্কটে তদা ॥ ২৮

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে দক্ষিণস্যাং দিশি
সীতান্বেষণং নাম পঞ্চাশঃ সর্গঃ ॥ ৫০ ॥

২৭। লো-টী। নদ্যোঘঃ নদীজলস্য বেগঃ।
২৮। লো-টী। গিরিসঙ্কটে গিরিদুর্গে। দক্ষিণস্যাং দিশি সীতান্বেষণো নাম সর্গঃ

তাঁহারা মুহূর্ত্তকাল আশ্বস্ত হইয়া পরিশ্রমের কিঞ্চিৎ লাঘব হইলে পুনরায় অতি ক্লেশসহকারে জনকনন্দিনী সীতাকে অন্বেষণ করিতে উদ্যত হইলেন ॥ ২৬ ॥

সেই শ্রেষ্ঠ বানরগণ গুহা, শিখর, নদী, প্রবাহ, লতা ও বৃক্ষে সমাচ্ছন্ন বিন্ধ্য পর্ব্বত চারিদিকে অন্বেষণ করিলেন ॥ ২৭ ॥

তখন সেই বানরগণ যত্নসহকারে পর্ব্বতমধ্যবর্ত্তী ঝরণায়, গুহায় এবং দুর্গম প্রদেশে জনকরাজনন্দিনী সীতার অন্বেষণ করিতে করিতে ভ্রমণ করিতে লাগিলেন ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে দক্ষিণ দিকে
সীতান্বেষণ নামক ৫০শ সর্গ সমাপ্ত ॥ ৫০ ॥

১। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। চ 'কেচিদুগ্রপরি-'। ৩। ঘ-ণ '-ভগ্ন-'। ৪। চ-ট '-ন্মুদ্দিষ্টাং দক্ষিণাং দিশম্'। ৫। ঙ '-দ্যোহথ', চ '-দ্যোঘ'। ৬। ছ 'মার্গয়ন্তি'। ৭। অতঃপরং ণ-পুস্তকে 'শ্রমবিগতমানসাঃ পুনস্তে গিরিবরাংশ্চাভিবীক্ষিতং গতাশ্চ। জনকনৃপসুতামভীমপ্সানা হরিনৃপশাসনমতীব চ প্রয়াতাঃ॥' ইত্যধিকম্। ৮। ক-ছ 'অন্বিষ্যমা-'। ৯। ক-ঙ '-কাত্মজাঞ্চ'। ১০। চ 'তে সন্তি'।

একপঞ্চাশঃ সর্গঃ

[১]সমাসাদ্যাঙ্গদমুখৈর্হরিভির্হনুমাংস্তদা।
ব্যচিনোত্তস্য বিন্ধ্যস্য গুহাশ্চ গহনানি চ ॥ ১ ॥
[২]তে মার্গমাণাঃ [৩]সংরব্ধা রামার্থে ত্যক্তজীবিতাঃ।
ঘোরাণি গিরিদুর্গাণি প্রবিশন্তি প্লবঙ্গমাঃ ॥ ২ ॥
তেষাং [৪]তত্রৈব বসতাং স কালো ব্যত্যবর্ত্তত।
স হি দেশো [৫]দুরাধর্ষো লতাগহনবান্ মহান্ ॥ ৩ ॥
ততো ভূয়ো বিচিন্বানা হনূমৎপ্রমুখাস্তদা।
বৃক্ষচ্ছায়োপবিষ্টাস্তে [৬]ক্লিষ্টাশ্চান্যোন্যমব্রুবন্ ॥ ৪ ॥
পরস্পরেণাবহিতাঃ সীতাদর্শনকাঙ্ক্ষিণঃ।
গয়ো গবাক্ষো গবয়ঃ শরভো গন্ধমাদনঃ ॥ ৫ ॥

৩। লো-টী। ব্যত্যবর্ত্তত অতিক্রান্তবান্। স কালো মাসাত্মকঃ। দুরাধর্ষোঽগম্যঃ। 'দুরন্বেষ্য' ইতি পাঠে স এবার্থঃ। অত্র সর্গে পাঠস্য ভেদো দৃশ্যতে। 'স হি দেশো দুরন্বেষ্য' ইতি 'সমব্রুবন্নি'তি সার্দ্ধেনান্বয়ঃ।

৫। লো-টী। কে তে তানাহ—গয় ইতি সার্দ্ধেন।

তখন হনুমান্ অঙ্গদ প্রভৃতি বানরগণের সহিত মিলিত হইয়া সেই বিন্ধ্য-পর্ব্বতের গুহা এবং বন সকল অন্বেষণ করিতে লাগিলেন ॥ ১ ॥

রামার্থে উৎসর্গীকৃতপ্রাণ সেই উৎসাহী বানরগণ অন্বেষণ করিতে করিতে ভীষণ পর্ব্বত-দুর্গে প্রবেশ করিলেন ॥ ২ ॥

সেইখানেই বাস (অন্বেষণ) করিতে করিতে তাহাদের নির্দ্দিষ্ট সময় অতিবাহিত হইয়া গেল, কারণ, লতা এবং বনে সমাচ্ছন্ন সেই বিশাল দেশ অত্যন্ত দুর্গম ॥ ৩ ॥

পরে অন্বেষণ করিতে করিতে ক্লিষ্ট হইয়া সেই হনুমান্ প্রভৃতি বানরগণ বৃক্ষের ছায়ায় উপবেশন পূর্ব্বক পুনরায় পরস্পর মন্ত্রণা করিলেন ॥ ৪ ॥

[পরে] সীতার দর্শনাভিলাষী সেই গয়, গবাক্ষ, গবয়, শরভ, গন্ধমাদন, মৈন্দ, দ্বিবিদ, হনুমান্, জাম্ববান্, নল, যুবরাজ অঙ্গদ, এবং তারপ্রভৃতি বানরগণ পরস্পর

১। ক 'তমা-'। ২। ঘ-ঢ-ণ-পুস্তকেষু অয়ং শ্লোকো নাস্তি। ৩। ঙ 'রামার্থে বিজনে'। ৪। ঙ 'তস্যৈব'। ৫। ঘ-ছ 'দুরন্বেষ্যো'। ৬। ঙ 'হৃষ্টাশ্চান্যোন্যম-', ছ 'দৃষ্ট্বা চান্যোঽন্যম-', ক 'দৃষ্ট্বান্যোন্যং সম-'।

মৈন্দশ্চ দ্বিবিদশ্চৈব হনুমান্ জাম্ববান্[১] নলঃ।
অঙ্গদো যুবরাজশ্চ তারশ্চ বনগোচরঃ ॥ ৬ ॥

গিরিজালাবৃতাং[২] দুর্গাং মার্গিত্বা দক্ষিণাং দিশম্।
ক্ষুৎপিপাসা[৩]পরিশ্রান্তাঃ ক্লান্তাশ্চ[৪] সলিলার্থিনঃ।
জলঞ্চ সীতাঞ্চ পুনর্ম্[৫]গয়ামাসুরাতুরাঃ ॥ ৭ ॥

সমাগম্য[৬] ততঃ সর্ব্বে শ্রমার্ত্তা বনগোচরাঃ।
জগ্মু[৭]র্বিষাদং সন্ত্রস্তাঃ সুগ্রীবাদ্ বানরাধিপাৎ ॥ ৮ ॥

তে বিষণ্ণমুখা দীনাঃ সুগ্রীবভয়মোহিতাঃ।
অবীক্ষমাণাঃ[৮] সীতাঞ্চ রাবণঞ্চ সুদুঃখিতাঃ ॥ ৯ ॥

বুভুক্ষিতাঃ পরিশ্রান্তাস্তৃষিতাঃ সলিলার্থিনঃ।

৭। লো-টী। ক্লান্তা ঘর্ম্মবন্তঃ। "ক্ষুৎপিপাসার্জ্জিতা নূনং শ্রান্তাশ্চে"তি ক্বচিৎ পাঠঃ। অত্বরাস্ত্বরারহিতাঃ।

৮। লো-টী। বিষাদং চিন্তাম্।

অবহিত হইয়া পর্ব্বতজালে সমাচ্ছন্ন দুর্গম দক্ষিণ দিক্ অন্বেষণ করিতে করিতে ক্ষুধা ও তৃষ্ণায় ক্লান্ত ও পরিশ্রান্ত হইয়া পড়িলেন ; এবং জলের জন্য কাতর হইয়া পুনরায় জল ও সীতার অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৫—৭ ॥

তার পর শ্রমার্ত্ত বানরগণ সকলে মিলিত হইয়া বানররাজ সুগ্রীবের ভয়ে ভীত ও বিষণ্ণ হইয়া পড়িলেন ॥ ৮ ॥

সুগ্রীবের ভয়ে মুগ্ধ ও কাতর সেই বানরগণের বদনমণ্ডল বিষণ্ণ হইল, তাঁহারা সীতাকে এবং রাবণকে দেখিতে না পাইয়া অত্যন্ত দুঃখিত হইলেন ॥ ৯ ॥

অনন্তর তাঁহারা পরিশ্রান্ত, ক্ষুধার্ত্ত ও তৃষ্ণার্ত্ত হইয়া জলের জন্য অনুসন্ধান করিতে করিতে বৃক্ষসমূহে সমাচ্ছন্ন গাঢ় অন্ধকারাবৃত এবং ইন্দ্রেরও ভয়জনক একটী অতি বিস্তীর্ণ গহ্বর দেখিতে পাইলেন ॥ ১০ ॥

১। ঙ 'জাম্বুবান্'। ২। ঘ-ছ 'শিলাজাল-', ঙ 'গিরিরাজ-'। ৩। ঢ 'পিপাসয়া'। ৪। ঢ '-ন্তাঃ স্ম'। ৫। ছ 'স্তদা মৃ-'। ৬। ঙ '-গত্য'। ৭। ণ-পুস্তকে ইতঃ পাদষট্কং নাস্তি ৮। ঢ '-ণাং'।

অথাবদীর্ণং[1] দদৃশুর্বিলং বৃক্ষৈঃ[2] সমাবৃতম্।
তমসা[3] মহতা গ্রস্তমিন্দ্রস্যাপি[4] ভয়াবহম্ ॥ ১০ ॥

ততঃ ক্রৌঞ্চাশ্চ হংসাশ্চ সারসাঃ কুররাস্তথা[5]।
জলার্দ্রা[6]শ্চক্রবাকাশ্চ পদ্মকিঞ্জল্কপিঞ্জরাঃ[7] ॥ ১১ ॥

কুররা মঞ্জুলাশ্চৈব তথৈব[8] জলকুক্কুটাঃ[9]।
রক্তাঙ্গাশ্চৈব[10] কাদম্বা নিষ্পতন্তঃ সমন্ততঃ।
কলহংসাঃ[11] প্লবাশ্চৈব তথাহন্যে[12] জলচারিণঃ ॥ ১২ ॥

তে তু[13] দৃষ্ট্বা বিলং সর্ব্বে বিস্ময়াকুলচেতসঃ[14]।
অভবন্ দীনমনসো[15] হৃষ্টাশ্চ জলশঙ্কয়া[16] ॥ ১৩ ॥

১০। লো-টী। অবদীর্ণং দারিতম্, "অবকীর্ণ"মিতি বা পাঠঃ।

১১-১২। লো-টী। 'ততঃ ক্রৌঞ্চাদয়' ইত্যাদি 'জলচারিণ' ইত্যন্তঞ্চ দদৃশুরিতি সার্দ্ধদ্বয়েনান্বয়ঃ। ক্রৌঞ্চাঃ 'কোঁচ্ বক' ইতি যস্য প্রসিদ্ধিঃ। কুকরাঃ পক্ষিবিশেষাঃ। "কুকলঃ কুকরঃ সমা"বিত্যমরঃ। "পদ্মকিঞ্জল্ক-রঞ্জিতাঃ", "রক্তাঙ্গাঃ পদ্মরেণুভি"রিতি বা পাঠঃ। মঞ্জুলা জলরঙ্কবঃ দাত্যূহা ইতি যাবৎ। মঞ্জুলং ত্রিষু মঞ্জৌ না জলরঙ্কৌ ইতি কোষঃ। জলরঙ্কৌ চ দাত্যূহ ইতি ভূরিঃ। 'বঞ্জুলা' ইতি পাঠশ্চিন্ত্যঃ। জলসম্ভবা জলং সম্ভবো জীবনহেতুর্যেষাং তে। 'সম্ভবো হেতুজন্মনো'রিত্যজয়ঃ। 'জলকুক্কুভা' ইতি পাঠো ভাব্যঃ। জলকুক্কুটাকাদম্বাঃ কদম্বমেব কাদম্বং জলকুক্কুটানামা সমন্তাৎ কাদম্বং সমূহো যেষু জলসম্ভবেষু তে। জলকুক্কুটঃ "পাণিকাহেডী"তি যস্য প্রসিদ্ধিঃ। প্লবা ভেকাঃ তত্রত্যশাখামৃগা বা।

[লো-টী]। অত্র জলমস্তীতি সঞ্জাতা পরিশঙ্কা যেষাং তে, প্রত্যপদ্যন্ত প্রবেষ্টুমৈচ্ছন্। তেজোবন্তস্তেজস্বন্তঃ।

তাহা হইতে চারিদিকে ক্রৌঞ্চ, হংস, সারস, কুরর, জলসিক্ত এবং পদ্মের কেশরে পীতবর্ণ চক্রবাক, কুরর দাত্যূহ (ডাহুক), জল-কুক্কুট, রঞ্জিতগাত্র হংস ও কলহংস, ভেক এবং অন্যান্য জলচর পক্ষিগণ নির্গত হইতেছে ॥ ১১-১২ ॥

তাঁহারা সকলে সেই গহ্বর অবলোকন করিয়া বিস্ময়াবিষ্টচিত্ত, দুঃখিত এবং জলের আশায় আনন্দিত হইলেন ॥ ১৩ ॥

১। ছ '-বশীর্ণং'। ২। ঙ 'বৃক্ষসমাশ্রিতম্', ট 'বৃক্ষসমাকুলম্'। ৩। ণ 'তরসা'। ৪। ট 'সুপ্ত-'। ৫। ক 'কুকরা-'। ৬। ট 'জলজাশ্চ'। ৭। ক '-রেণুভিরঞ্জিতাঃ'। ৮। ক 'চল-'। ৯। ঘ-ছ-ট '-কুক্কুভাঃ', ণ '-কুঞ্জরাঃ'। ১০। ঘ ট 'জলকুক্কুটকাদম্বা নিষ্পতন্তঃ', চ-ণ 'জলকুক্কুটকাদম্বা নিষ্পতন্তি'। ১১। ঙ 'জল-'। ১২। ছ-ণ 'যে চান্যে'। ১৩। ট 'তং'। ১৪। ণ 'বিস্ময়োৎফুল্ললোচনাঃ'। ১৫। ণ '-বদনাঃ'। ১৬। ঙ '-কাঙ্ক্ষয়া'।

ততঃ পর্ব্বতসঙ্কাশো হনূমান্ [১]মারুতাত্মজঃ।
[২]সমেতান্ বানরান্ সর্ব্বানিদং বচনমব্রবীৎ ॥ ১৪ ॥
গিরিজালাবৃতাং দুর্গাং মার্গিত্বা দক্ষিণাং দিশম্।
বয়ং সর্ব্বে পরিশ্রান্তা ন চ পশ্যাম মৈথিলীম্ ॥ ১৫ ॥
অস্মাদপি [৩]তু পশ্যামো [৪]বিলান্নিষ্পততো বহূন্।
জলেচরান্ পক্ষিগণান্ শতশোঽথ সহস্রশঃ ॥ ১৬ ॥
নূনং সলিলবানত্র কূপো বা যদি বা হ্রদঃ।
ভবিষ্যতি তথা হ্যেতে [৫]নিষ্পতন্তি পতত্রিণঃ ॥ ১৭ ॥
[৬]প্রবিশ্যাত্রাপ[৭]নেষ্যামস্তর্ষং সলিলজং বয়ম্।
সীতাঞ্চ মৃগয়িষ্যামঃ সর্ব্বত্রাস্মিন্ [৮]মহাবিলে।
ব্যক্তং বহূদকো হ্যত্র ভবিষ্যতি [৯]মহাহ্রদঃ ॥ ১৮ ॥

১৭। লো-টী। তথা নিষ্পতন্তি সলিলসংযুতা ইত্যর্থঃ।
১৮। লো-টী। তর্ষং শ্রদ্ধাং, সলিলজং সলিলে জায়ত ইতি তথা।

তার পর পর্ব্বত-তুল্য পবন-নন্দন হনুমান্ সম্মিলিত সমস্ত বানরকে এই কথা বলিলেন—॥ ১৪ ॥

আমরা সকলে পর্ব্বত সমূহে পরিবেষ্টিত দুর্গম দক্ষিণ দিক্ অন্বেষণ করিয়া পরিশ্রান্ত হইয়াছি ; কিন্তু মিথিলারাজনন্দিনী সীতাকে ত দেখি না ॥ ১৫ ॥

এই গহ্বর হইতে শতসহস্র জলচর পক্ষীকে নির্গত হইতে দেখিতেছি ॥ ১৬ ॥

নিশ্চয়ই এইখানে জলপূর্ণ কূপ বা হ্রদ থাকিবে, যেহেতু এই পক্ষিসকল নির্গত হইতেছে ॥ ১৭ ॥

আমরা এইখানে প্রবেশ করিয়া জল-তৃষ্ণা নিবারণ করিব এবং এই বিশাল গহ্বরের সকল স্থানে সীতারও অন্বেষণ করিব। স্পষ্টই বুঝা যাইতেছে—এখানে বহু জলপূর্ণ বিশাল হ্রদ থাকিবে ॥ ১৮ ॥

১। ণ 'পবনাত্মজঃ'। ২। ঙ-ঢ 'সমেতা'। ৩। ঘ-ঙ-ছ-ঢ 'চ'। ৪। ঙ '-লাদুৎপতিতো'। ৫। ণ 'নিপতন্তি'। ৬। ণ '-শ্য চাপ-'। ৭। ক '-স্ত্রাসং', ঙ '-স্তৃষাং সলিলজাং'। ৮। ণ '-বনে'। ৯। অতঃ পরং ঘ-পুস্তকে 'তথা হীমে বিলদ্বারি স্নিগ্ধপর্ণা মহাদ্রুমাঃ' ইতি, ঙ-পুস্তকে 'তত্র হীমে বিলদ্বারি স্নিগ্ধপর্ণা মহাদ্রুমাঃ', ছ-পুস্তকে তথা হি মে বিলদ্বারি স্নিগ্ধপর্ণা মহাদ্রুমাঃ', ঢ পুস্তকে 'তেন হীমে বিলদ্বারি স্নিগ্ধপর্ণা মহাদ্রুমাঃ।' ইত্যধিকম্।

ইত্যুক্ত্বা তদ্বিলং সর্ব্বে বিবিশুস্তমসাবৃতম্[১]।
অচন্দ্রসূর্য্যং হরয়ো ভীকরং[২] লোমহর্ষণম্ ॥ ১৯ ॥
ততস্তস্মিন্[৩] বিলে দুর্গে লতাপাদপসংকুলে[৪]।
হনুমানগ্রতস্তেষামঙ্গদাদ্যা অনন্তরম্[৫] ॥ ২০ ॥
অন্যোন্যং সংপরিষ্বজ্য জগ্মুর্যোজনমন্তরম্।
স্বসংজ্ঞয়া বিমূঢ়াস্তে[৬] বানরাশ্চক্রুরারবম্ ॥ ২১ ॥
তে নষ্টসংজ্ঞাস্তৃষিতাঃ সম্ভ্রান্তাঃ সলিলার্থিনঃ।
বিবিশুস্তদ্বিলং[৭] ঘোরং মাসমাত্রং প্লবঙ্গমাঃ ॥ ২২ ॥
তে কৃশা[৮] দীনবদনাঃ পরিশ্রান্তাঃ পিপাসিতাঃ।
যদৃচ্ছয়ৈব দদৃশুরালোকং সূর্য্যসন্নিভম্ ॥ ২৩ ॥

১৯। লো-টী। ভীকরং ভয়করম্।
২১। লো-টী। অন্যোন্যং সংপরিষ্বজ্য হস্তৈর্হস্তান্ গৃহীত্বা জগ্মুঃ। স্বসংজ্ঞয়া স্বনাম্না। যোজনং যোজনাৎ। অন্তরং বহিঃ। আরবং শব্দম্।
২২। লো-টী। মাসমাত্রম্ মাসমেকম্।
২৩। লো-টী। তৃষা তৃষ্ণয়া। 'কৃশা' ইতি বা পাঠঃ।

এই কথা বলিয়া বানরগণ চন্দ্র-সূর্য্য-বিহীন অন্ধকারাবৃত ভয়ঙ্কর এবং রোমাঞ্চজনক সেই গহ্বরমধ্যে প্রবেশ করিলেন ॥ ১৯ ॥

তার পর সেই বানরদিগের অগ্রভাগে হনুমান্ এবং পশ্চাতে অঙ্গদ প্রভৃতি বানরগণ পরস্পর পরস্পরকে আলিঙ্গন করত লতা এবং বৃক্ষে সমাচ্ছন্ন সেই দুর্গম গহ্বরমধ্যে একযোজন (৪ ক্রোশ) পথ গমন করিলেন। তার পর সেই বানরগণ ব্যাকুল হইয়া নিজ নিজ নাম ধরিয়া চীৎকার করিতে লাগিলেন ॥ ২০-২১ ॥

তৃষ্ণার্ত্ত বানরগণ জলের জন্য উদ্‌ভ্রান্ত হইয়া ভ্রমণ করিতে করিতে সেই ভয়ঙ্কর গহ্বরমধ্যে একমাস অতিবাহিত করিলেন ॥ ২২ ॥

সেই কৃশ, শুষ্কমুখ, পরিশ্রান্ত এবং পিপাসার্ত্ত বানরগণ সহসা সূর্য্যের আলোকের ন্যায় আলোক দেখিতে পাইলেন ॥ ২৩ ॥

১। ণ '-স্তে সমাবৃতম্'। ২। চ 'হৃষীব লোমহর্ষণম্'। ৩। চ '-ত্তত্র ত-'। ৪। চ '-সঙ্কুলান্'। ৫। ঘ-ছ 'হ্যনন্তরম্'। ৬। ণ 'স্বসংজ্ঞাপরিমূঢ়াস্তে'। ৭। ছ '-স্তং বিলং'। ৮। ণ 'তৃষাদীনমনসঃ'।

ততস্তং দেশমাগম্য[১] প্রনষ্টতিমিরং শুভম্ ।
দদৃশুঃ কাঞ্চনান্ বৃক্ষান্ বৈশ্বানরসমপ্রভান্[২] ॥ ২৪ ॥

সালান্ প্রিয়ঙ্গূন্[৩] বকুলান্[৪] পুন্নাগাংশ্চম্পকান্ বরান্[৫] ।
অশোকান্ নাগপুষ্পাংশ্চ[৬] কর্ণিকারাংশ্চ পুষ্পিতান্[৭] ।
তরুণাদিত্যসঙ্কাশান্[৮] রক্তৈঃ কিসলয়ৈর্ব্বৃতান্[৯] ॥ ২৫ ॥

জাতরূপময়ৈশ্চাপি চরদ্ভির্মৎস্যকচ্ছপৈঃ ।
নলিনীস্তত্র দদৃশুঃ প্রভূতকমলোৎপলাঃ[১০] ॥ ২৬ ॥

কাঞ্চনানি বিমানানি[১১] স্ফাটিকানি গৃহাণি চ ।
তাপনীয়[১২]গবাক্ষাণি মুক্তাজালান্তরাণি চ ॥ ২৭ ॥

২৪ । লো-টী । দীপ্তঃ প্রজ্বলিতঃ বৈশ্বানরোঽগ্নিস্তৎপ্রভান্ ।

২৫ । লো-টী । নাগপুষ্পান্ নাগকেশরান্ ।

[লো-টী] । স্তবকৈঃ কাঞ্চনৈরিত্যাদিভির্বিরাজমানাংস্তরূন্ দদৃশুরিতি পূর্ব্বক্রিয়য়া দ্বাভ্যাং সম্বন্ধঃ । লতাভিঃ কিন্তুতাভিঃ ? আপীড়ৈঃ ভূষণরূপাভিঃ । আপীড়ৈঃ কীদৃশৈঃ ? হেমাভরণমিব শোভিতং কান্তির্যেষাং তৈঃ । কৈশ্চচ্ছ স্তবকৈস্তরুণাদিত্যসংকাশৈঃ । বপুষা প্রশস্তাকৃত্যা চ ।

২৬ । লো-টী । পদ্মিনীঃ নদীঃ । বালাকঃ রক্তাকঃ ।

২৭ । লো টী । তাপনীয়গবাক্ষাণি স্বর্ণময়গবাক্ষাণি । মুক্তাজালং মুক্তাসমূহঃ অন্তরে মধ্যে যেষাং তানি ।

তাহার পর অন্ধকারশূন্য সেই উত্তম স্থানে আসিয়া অগ্নির ন্যায় দীপ্তিবিশিষ্ট সুবর্ণময় সাল, প্রিয়ঙ্গু, বকুল, পুন্নাগ, চম্পক, অশোক, নাগপুষ্প, পুষ্পিত কর্ণিকার প্রভৃতি রক্তবর্ণ নূতন-পত্রে পরিব্যাপ্ত নবোদিত সূর্য্যের ন্যায় বৃক্ষসকল দেখিতে পাইলেন ॥ ২৪-২৫ ॥

তাঁহারা প্রভূত পদ্ম ও উৎপলযুক্ত বহু নদী দেখিতে পাইলেন—তাহাতে সুবর্ণময় মৎস্য এবং কূর্ম্ম বিচরণ করিতেছে ॥ ২৬ ॥

বানরগণ সেখানে সুবর্ণনির্ম্মিত বিমান, মুক্তাখচিত সুবর্ণময়-গবাক্ষযুক্ত স্বীয় প্রভায় উদ্ভাসিত স্ফটিকনির্ম্মিত বিচিত্র ও বিশাল গৃহ, প্রবালখচিত স্বর্ণ ও রজতময় ভূতল,—চারিদিকে রত্নরাশি, স্থানে স্থানে [কল্পবৃক্ষতুল্য] ভক্ষ্য-ভোজ্যপ্রদানকারী

১ । ঙ-ট '-মাসাদ্য' । ২ । ধ-ঙ-ছ-ট 'দীপ্তবৈশ্বানরপ্রভান্' । ৩ । ঘ-ছ 'পিয়ালান্' । ৪ । ঙ 'বহুলান্' । ৫ । ক 'পনসাংশ্চম্পকান্ বরান্', ঙ 'পুন্নাগাংশ্চম্পকান্ বহূন্', ট 'পুন্নাগাংশ্চম্পকাংশ্চ তান্' । ৬ । ক-ট 'নানাশকুনিনাদিতান্' । ৭ । অতঃ পরং ঙ-পুস্তকে 'পুন্নাগান্নাগপুষ্পাংশ্চ নানাশকুনিনাদিতান্' ॥ ইত্যধিকম্ । ৮ । ক-ট-ণ-পুস্তকেষু ইদমৰ্দ্ধং নাস্তি । ৯ । ছ 'কিশ-' । ১০ । ক 'প্রসন্নসলিলাঃ শুভাঃ' । ১১ । ট 'স্ফাটিকানি বৈদূর্য্যাণি' । ১২ । ছ-ট-ণ 'তপ-' ।

হৈমরাজতভৌমানি বৈদূর্য্যমণিমন্তি চ।
প্রভয়া ভ্রাজমানানি বিচিত্রাণি বৃহন্তি চ ॥ ২৮ ॥

দদৃশুস্তত্র হরয়ো রত্নরাশীন্ সমন্ততঃ।
ভক্ষ্যভোজ্যফলান্ বৃক্ষান্ দেশে দেশে মধুচ্যুতঃ ॥ ২৯ ॥

পুষ্পিতান্ ফলিতাংশ্চৈব প্রবালমণিসন্নিভান্।
মাক্ষিকং ভ্রামরঞ্চৈব মধু তত্র সমন্ততঃ ॥ ৩০ ॥

দান্তকাঞ্চনচিত্রাণি শয়নান্যাসনানি চ।
আস্তীর্ণানি বিশালানি দদৃশুস্তে বনৌকসঃ ॥ ৩১ ॥

হৈমরাজতকাংস্যানাং ভাজনানাঞ্চ সঞ্চয়ান্।
শুচীন্যভ্যবহার্য্যাণি মূলানি চ ফলানি চ ॥ ৩২ ॥

মহার্হাণি চ পানানি মধূনি বিবিধানি চ।
কুথানাং কম্বলানাঞ্চ রাঙ্কবাণাঞ্চ সঞ্চয়ান্ ॥ ৩৩ ॥

২৮। লো-টী। হেমরজতময়া ভৌমা ভূমিপ্রদেশা যেষাং তানি।

৩০। লো-টী। মধু চ্যোতন্তীতি মধুচ্যুতঃ। মক্ষিকা মধুমক্ষিকা তৎসম্বন্ধিনো ভ্রমরান্। [এতন্মতে মাক্ষিকান্ ভ্রমরাংশ্চৈবেতি পাঠো ভাতি]।

৩১। লো-টী। দান্তানি হস্তিদন্তময়ানি মধ্যে মধ্যে কাঞ্চনময়ানি, অতএব চিত্রাণি বিলক্ষণানি। আস্তীর্ণানি কম্বলবিশেষৈশ্ছাদিতানি।

প্রবাল-মণির ন্যায়—পুষ্প ও ফলশালী মধু-স্রাবী বৃক্ষসমূহ এবং তাহাতে স্থানে স্থানে মধুমক্ষিকা ও ভ্রমরগণের সমাহৃত মধু দেখিতে পাইলেন ॥ ২৭—৩০ ॥

সেই বানরগণ দেখিতে পাইলেন—হস্তিদন্ত ও সুবর্ণ-নির্ম্মিত বিচিত্র শয্যা ও বৃহৎ আসনসমূহ আস্তীর্ণ রহিয়াছে ॥ ৩১ ॥

বানরগণ চারিদিকে স্বর্ণ, রৌপ্য ও কাংস্য-নির্ম্মিত [ভোজন-]পাত্রসমূহ এবং [তন্মধ্যে] পবিত্র আহার্য্য ফল-মূল, মহামূল্য পানীয়, নানাবিধ মধু; স্তূপীকৃত

১। ঘ-ছ-চ 'হেম-'। ২। ঙ '-মুক্তানি', ণ '-মালানি'। ৩। ঙ 'দিব্যমাল্যযুতানি চ'। ৪। ক '-বন্তি'। ৫। ঘ-চ পুস্তকয়োরিদমর্দ্ধং নাস্তি। ৬। ঙ-ছ 'কাঞ্চনানি'। ৭। ক-পুস্তকে ইদমর্দ্ধং পরশ্লোকশ্চ নাস্তি। ৮। চ '-চ্যুতান্'। ৯। ণ 'চৈব'। ১০। ক 'দন্ত-', ঙ 'দন্তি-', চ 'ভাস্থি'। ১১। ক-ছ 'স্বা-'। ১২। ঙ 'হেম-'। ১৩। ছ 'কাংস্যানাং'। ১৪। চ 'চন্দনানাঞ্চ'। ১৫। ঙ 'কাঞ্চনান্'। ১৬। ণ '-হার্য্যাণি'। ১৭। চ 'যানানি'। ১৮। ছ-ণ 'ভক্ষ্যাণি'।

অগুরূণাং[১] সুগন্ধানাং চন্দনানাং তথৈব চ।
বাসসাঞ্চ মহার্হাণামজিনানাঞ্চ সঞ্চয়ান্ ॥ ৩৪ ॥
তত্র[২] তত্র প্রদীপ্তাংশ্চ কাঞ্চনানাঞ্চ[৩] সঞ্চয়ান্।
দদৃশুর্ব্বানরা দিব্যান্ বৈশ্বানরশিখোপমান্ ॥ ৩৫ ॥
দদৃশুস্তত্র চাসীনাং বিষ্টরে[৪] কাঞ্চনে শুভে।
তাপসীং নিয়তাহারাং চীরকৃষ্ণাজিনাম্বরাম্ ॥ ৩৬ ॥
ততো হনুমান্ গিরিসন্নিকাশঃ কৃতাঞ্জলিস্তামভিবাদ্য বিদ্বান্[৫]।
পপ্রচ্ছ—কা ত্বং ? ভবনং বিলঞ্চ রত্নানি[৬] চেমানি বরাণি[৭] কস্য ? ॥ ৩৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বিলপ্রবেশো নাম একপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫১ ॥

৩৬। লো-টী। চীরং কুশময়বস্ত্রং কৃষ্ণাজিনঞ্চ বস্ত্রং যস্যাঃ তাম্।
৩৭। লো-টী। কস্য ভবনং, বিলং, রত্নানি চ ?
বিলপ্রবেশঃ সর্গঃ ॥

কম্বল, আস্তরণ ও রঙ্কুমৃগের রোমজাত বস্ত্রসমূহ ; সুগন্ধি চন্দন, অগুরু, রাশি রাশি মহামূল্য বস্ত্র ও মৃগচর্ম্ম এবং অগ্নিশিখার ন্যায় সমুজ্জ্বল সুন্দর কাঞ্চন-স্তূপ দেখিতে পাইলেন ॥ ৫২-৩৫ ॥

তাঁহারা সেখানে সুবর্ণ-নির্ম্মিত আসনে উপবিষ্টা চীর ও কৃষ্ণাজিনধারিণী আহারসংযম-সমন্বিতা এক তাপসীকে দেখিতে পাইলেন ॥ ৩৬ ॥

পরে পর্ব্বততুল্য বিদ্বান্ হনুমান্ কৃতাঞ্জলিপুটে তাঁহাকে অভিবাদন করিয়া জিজ্ঞাসা করিলেন—আপনি কে ? এই গৃহ, গহ্বর, এবং এই সকল উৎকৃষ্ট রত্নই বা কাহার ? ॥ ৩৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বিল-প্রবেশ নামক ৫১শ সর্গ সমাপ্ত ॥ ৫১ ॥

১। গ 'সুচারূণাং'। ২। চ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৩। ঘ-ঙ-গ 'জাতরূপস্য'। ৪। ছ 'কাঞ্চনে বিষ্টরে'। ৫। চ 'সিদ্ধাম্'। ৬। ঘ 'বরাণি'। ৭। ঙ 'বনানি'।

(৫২) দ্বিপঞ্চাশঃ সর্গঃ

অথ তাং হনুমান্[১] প্রাজ্ঞঃ পুনঃ কৃষ্ণাজিনাম্বরাম্ ।
অব্রবীৎ[২] সুমহাভাগাং তাপসীং শংসিতব্রতাম্ ॥ ১ ॥

বানরাঃ[৩] স্ম মহাভাগে সততং বনগোচরাঃ ।
ইদং প্রবিষ্টাঃ সহসা বিলং তিমিরসংবৃতম্ ॥ ২ ॥

ক্ষুধিতাশ্চ[৪] পরিশ্রান্তাঃ পরিখিন্নাঃ[৫] পিপাসিতাঃ ।
ইদং ধরণ্যা[৬] বিবরং প্রবিষ্টাঃ[৭] স্ম[৮] জলার্থিনঃ ॥ ৩ ॥

দৃষ্ট্বা[৯]হদ্ভুতমিদং দিব্যং শ্রীমৎ সুগহনং বিলম্ ।
ভূয়ো[১০] বয়ং প্রব্যথিতাঃ সম্ভ্রান্তা নষ্টচেতসঃ ॥ ৪ ॥

কস্যেমে কাঞ্চনা বৃক্ষাস্তরুণাদিত্যসন্নিভাঃ ।
পুষ্পিতাঃ[১১] ফলিতাশ্চাপি[১২] পুণ্যাঃ সুরভিগন্ধয়ঃ[১৩] ॥ ৫ ॥

১। লো-টী। সংশিতং বস্ত্রং (?) ব্রতং যস্যাস্তাম্।

৩। লো-টী। পরিখিন্নাঃ অতিদুঃখিতাঃ। 'পরিক্লিন্না' ইতি পাঠো বা।

৪। লো-টী। বিলং দৃষ্ট্বা প্রব্যথিতা ব্যথাং গতাঃ। চিত্তবিভ্রমঃ চিত্তভ্রমজনক উৎপাতঃ।

৫। লো-টী। শুচীনি মনোহরাণি অভাবহার্য্যাণি ভক্ষ্যাণি। পুণ্যাশ্চারবঃ। সুরভিগন্ধিনঃ হৃদ্যগন্ধিনঃ। হনূমদ্বাক্যং নাম সর্গঃ (?)। অয়ং সর্গঃ ক্বচিন্নাস্তি।

অনন্তর প্রাজ্ঞ হনুমান্ পুনরায় সেই কৃষ্ণাজিনপরিহিতা ব্রতচারিণী মহাভাগা তপস্বিনীকে বলিলেন—॥ ১ ॥

হে মহাভাগে, আমরা বানর, সর্ব্বদা বনবাসী; সহসা অন্ধকারাবৃত এই গহ্বরে প্রবেশ করিয়াছি॥ ২ ॥

আমরা ক্ষুধায়, তৃষ্ণায় এবং পরিশ্রমে অবসন্ন হইয়া জলের জন্য এই ভূ-গহ্বরে প্রবেশ করিয়াছি এবং এই মনোরম সমৃদ্ধিশালী দুষ্প্রবেশ্য অদ্ভুত গহ্বর দর্শন করিয়া পুনরায় কাতর, সন্ত্রস্ত ও হতবুদ্ধি হইয়া পড়িয়াছি ॥ ৩-৪ ॥

পুষ্পিত এবং ফলবান্ সুগন্ধবিশিষ্ট নবোদিত সূর্য্যের ন্যায় এই সকল কাঞ্চনময় মনোরম বৃক্ষ কাহার? ॥ ৫ ॥

১। ছ 'হনূ'। ২। ছ-ট 'সম', ণ 'ত্যাং ম-'। ৩। ঙ ট 'সুম'। ৪। ঘ-ছ-ট-ণ '-তাঃ স্ম পরি'। ৫। ঘ-ঙ '-ক্ষীণাঃ'। ৬। ছ 'ধরিত্র্যা', ট-ণ 'ধরণ্যাং'। ৭। ঙ '-ষ্টাশ্চ'। ৮। ণ 'স্মো'। ৯। ঙ 'ত্যক্ত্বা'। ১০। ঘ-ঙ-ট 'ব্যথাং গতাঃ স্ম কিমরমুন্মাদশ্চিত্তবিভ্রমঃ।' ছ-উদমর্দ্ধঃ নাস্তি। ণ 'ব্যথাং গতাঃ স্ম কিন্বয়মুৎপাতশ্চিত্তবিভ্রমঃ। ১১। ঙ-ছ-ট 'ফলিতাঃ পুষ্পিতা-'। ১২। ঘ-ঙ-ছ-ট '-শ্চৈব'। ১৩। ক '-গন্ধিনঃ'।

শুচীন্যভ্যবহার্য্যাণি মূলানি চ ফলানি চ।
কাঞ্চনানি বিমানানি রাজতানি গৃহাণি চ ॥ ৬ ॥

তাপনীয়[1]গবাক্ষাণি মুক্তাজালান্তরাণি চ।
ইমে জা[2]ম্বূনদময়াঃ পাদপাঃ কস্য তেজসা ॥ ৭ ॥

পদ্মানি চ মহার্হাণি সুগন্ধীনি কথং ত্বিহ।
কথং মৎস্যাশ্চ সৌবর্ণাশ্চর[3]ন্তি বিমলে জলে[4] ॥ ৮ ॥

আত্মানমনুভাবঞ্চ য[5]স্য চে[6]দং মহদ্ বিলম্।
অজানতাং ন[7]ঃ সর্ব্বে[8]ষাং ব্যক্তং ব্যাখ্যাতুমর্হসি ॥ ৯ ॥

এবমুক্তা হনুমতা তাপসী ধ[9]র্ম্মচারিণী।
প্রত্যুবাচ হনূমন্তং সর্ব্বভূতহিতে রতা ॥ ১০ ॥

ময়ো নাম মহাতেজা মায়াবী দানবর্ষভঃ।
তেনেদং নিম্মিতং সর্ব্বং মায়য়া কাঞ্চনং বিলম্ ॥ ১১ ॥

পবিত্র খাদ্য ফল-মূল, কাঞ্চননির্ম্মিত বিমান, মুক্তাখচিত সুবর্ণময় গবাক্ষযুক্ত রজতনির্ম্মিত গৃহ এবং এই দীপ্তিমান্ সুবর্ণময় বৃক্ষসমূহই বা কাহার? ॥ ৬-৭ ॥

এই গহ্বরে মহামূল্য সুগন্ধি পদ্মই বা কেন? কেনই বা নির্ম্মল জলে কাঞ্চনময় মৎস্য বিচরণ করে? ॥ ৮ ॥

আপনি কে, আপনার কিরূপ প্রভাব এবং এই বিশাল গহ্বর কাহার, তাহা আমরা কেহই জানি না, [অতএব,] বিশদভাবে বলুন ॥ ৯ ॥

হনুমান্ এই কথা বলিলে সর্ব্বলোকহিতৈষিণী ধর্ম্মচারিণী সেই তপস্বিনী তাহাকে প্রত্যুত্তরে বলিলেন—॥ ১০ ॥

মহাতেজস্বী মায়াবী অসুরশ্রেষ্ঠ ময়, মায়াদ্বারা এই সুবর্ণময় গহ্বর নির্ম্মাণ করিয়াছেন ॥ ১১ ॥

১। ঘ-ছ 'তপ-'। ২। ণ 'চাম্বুন-'। ৩। ঙ 'সহ কচ্ছপৈঃ'। ৪। অতঃ পরং ঘ-পুস্তকে 'কাঞ্চনানি চ পদ্মানি জাতানি বিমলে জলে।' ইত্যধিকম্। ৫। ঙ-ছ 'কস্য'। ৬। ট 'চৈতন্ম-'। ৭। ঘ-ঙ-ণ 'তু', ট 'চ'। ৮। ঘ-ঙ-ণ '-ষামস্মাকং বক্তুমর্হসি', ছ '-ষাং সর্ব্বং ত্বং বক্তুমর্হসি'। ৯। ট-ণ 'ব্রহ্ম-'।

[১] পুরা দানবমুখ্যানাং বিশ্বকর্ম্মা বভূব সঃ।
তেনেদং কাঞ্চনময়ং নির্ম্মিতং ভবনোত্তমম্[২] ॥ ১২ ॥

স হি বর্ষসহস্রাণি তপস্তপ্ত্বা মহাবনে।
পিতামহাদ্ বরং লেভে সর্ব্বমৌশনসং[৩] বলম্[৪] ॥ ১৩ ॥

বিহায় মৃত্যুং বলবান্ সর্ব্বকামেশ্বরস্তদা।
উবাস সুখিতঃ কালং কঞ্চিদস্মিন্ মহাবিলে[৫] ॥ ১৪ ॥

[৬] তমপ্সরসি হেমায়াং সক্তং দানবপুঙ্গবম্।
আগত্যাশনিমাদায় নিজঘান[৭] পুরন্দরঃ ॥ ১৫ ॥

তদিদং ব্রহ্মণা দত্তং হেমায়া[৮] বিলমুত্তমম্।
শাশ্বতাঃ কামভোগাশ্চ গৃহঞ্চেদং হিরণ্ময়ম্ ॥ ১৬ ॥

১৩-১৪। লো-টী। বলং বরম্। 'রো ল' ইতি রস্য লঃ। মৃত্যুং মৃত্যোরভাবং বরং বিহায় ঔশনসম্ উশনসা শুক্রেণ যো বরো লব্ধঃ তং সর্ব্বং বলং লেভে ইত্যন্বয়ঃ। সুখিতঃ সঞ্জাত-সুখঃ। মহাবনে মহাগৃহে মহারণ্যে বা।

১৬। লো-টী। শাশ্বতা বহুকালাবস্থায়িনঃ কামভোগাঃ সুখভোগাঃ।

পুরাকালে তিনি শ্রেষ্ঠ অসুরদিগের বিশ্বকর্ম্মা (অর্থাৎ শিল্পী) ছিলেন, তিনিই এই কাঞ্চনময় উৎকৃষ্ট গৃহ নির্ম্মাণ করিয়াছেন ॥ ১২ ॥

তিনি মহারণ্যে সহস্র বৎসর তপস্যা করিয়া ব্রহ্মার নিকট হইতে বররূপে শুক্রাচার্য্যের সামর্থ্যের ন্যায় সমস্ত সামর্থ্য লাভ করিয়াছিলেন ॥ ১৩ ॥

তখন বলবান্ সমস্ত কামনার প্রভু সেই ময় মৃত্যুকে জয় করিয়া এই মহাবিলে কিছুকাল সুখে বাস করিয়াছিলেন ॥ ১৪ ॥

হেমানাম্নী অপ্সরাতে আসক্ত দানবশ্রেষ্ঠ ময়কে দেবরাজ ইন্দ্র আসিয়া বজ্রদ্বারা বধ করিয়াছিলেন ॥ ১৫ ॥

ব্রহ্মা হেমাকে এই উত্তম গহ্বর, চিরস্থায়ী ভোগবিলাসদ্রব্য এবং এই সুবর্ণময় গৃহ দান করিয়াছিলেন ॥ ১৬ ॥

১। ঙ-ছ-ঢ 'দৈত্যদা-'। ২। ঙ '-তস্ত বনোত্তমম্'। ৩। ঢ '-সৌখ্যময়ং'। ৪। ছ-ণ-ট 'ধনম্'। ৫। ঘ-চ-ণ '-বনে'। ৬। ণ 'তপশ্চরন্তং হেমায়ং শক্রং'। ৭। ঢ 'নির্জ্জঘান', ণ 'জঘান স'। ৮। ঘ '-ম্না বয়-', ঙ '-য়া বন-', ক '-য়াং বন-'।

দুহিতা মেরুসাবর্ণেরহং নাম্না স্বয়ম্প্রভা।
[২]সদা রক্ষামি ভবনং হেমায়া বানরর্ষভাঃ ॥ ১৭ ॥
মম প্রিয়সখী হেমা নৃত্যগীতবিশারদা।
তয়া সখিত্বাদ্[৩] বদ্ধাঽহং রক্ষামি ভবনোত্তমম্ ॥ ১৮ ॥
এবমুক্তে শুভে বাক্যে তাপস্যা ধর্ম্মসংহিতে[৪]।
হনূমান্ কপিশার্দ্দূলঃ প্রত্যুবাচ স্বয়ংপ্রভাম্ ॥ ১৯ ॥
অর্থিনঃ স্ম প্রযচ্ছার্য্যে জলং জলজলোচনে।
ম্রিয়মাণান্ নিরাহারান্ সংজীবয়িতুমর্হসি ॥ ২০ ॥
সা তু তস্য[৫] বচঃ শ্রুত্বা তাপসী ধর্ম্মচারিণী।
আদায় ফলমূলানি বিধিনোপজহার হ ॥ ২১ ॥
প্রতিগৃহ্য তু তে তস্যাস্তদাতিথ্যং বনেচরাঃ।
বিধিবদ্ ভক্ষয়ামাসু[৬]স্তাং চৈব সমপূজয়ন্ ॥ ২২ ॥

১৮। লো-টী। তয়া সহ সখিত্বাদ্ধেতোঃ। পুংবদ্ভাব আর্ষঃ। 'তয়া দত্তবরা চাহ'মিতি বা পাঠঃ

২১। লো-টী। উপজহার দত্তবতী।

হে বানরগণ, আমি স্বয়ম্প্রভা নাম্নী মেরুসাবর্ণির কন্যা, সর্ব্বদা হেমার এই গৃহ রক্ষা করি ॥ ১৭ ॥

নৃত্যগীতকুশলা হেমা আমার প্রিয় সখী, তাহার সহিত সখ্যে আবদ্ধ হইয়া আমি এই উৎকৃষ্ট গৃহ রক্ষা করিতেছি ॥ ১৮ ॥

তপস্বিনী স্বয়ম্প্রভা এইরূপ ধর্ম্মসঙ্গত মঙ্গলকর বাক্য বলিলে বানরশ্রেষ্ঠ হনুমান্ তাঁহাকে প্রত্যুত্তর দিলেন ॥ ১৯ ॥

হে পূজনীয়া কমলাক্ষি, উপবাসী মৃতপ্রায় আমরা [আপনার নিকট] জল প্রার্থনা করিতেছি, আমাদিগকে জল দান করিয়া সংজীবিত করুন ॥ ২০ ॥

সেই ধর্ম্মচারিণী তাপসী হনুমানের কথা শুনিয়া ফল-মূল লইয়া শাস্ত্রানুসারে [তাহাদিগকে] প্রদান করিলেন ॥ ২১ ॥

সেই বানরগণ তাঁহার সেই অতিথিসৎকার স্বীকারপূর্ব্বক তাঁহাকে অভিনন্দিত করিয়া সেই ফল-মূলসকল যথা-নিয়মে ভক্ষণ করিলেন ॥ ২২ ॥

১। ক 'হেম-'। ২। ক 'ইদং'। ৩। ঘ 'দত্তবরা চাহং'। ৪। ঙ '-সংস্থিতে'। ৫। ঘ-ঙ-ছ-ঢ-ণ 'তেষাং'। ৬। ণ '-সুস্তথৈব প্রত্যপূজ-'।

তে ভক্ষয়িত্বা তৎ সর্ব্বং পীত্বা চ বিমলং জলম্।

সর্ব্বে দদৃশুরালোকং [১] সর্ব্বতো হরিযূথপাঃ ॥ ২৩ ॥

প্রসন্নমনসঃ সর্ব্বে সর্ব্বে [২] চ বিগতজ্বরাঃ।

সঞ্জাতবলরূপাশ্চ তত্রাসন্ [৩] হরিযূথপাঃ ॥ ২৪ ॥

অথ [৪] তানব্রবীৎ সর্ব্বান্ সংহৃষ্টান্ বনগোচরান্।

ইদং বচনমব্যগ্রা [৫] তাপসী ব্রহ্মচারিণী ॥ ২৫ ॥

কিং কার্য্যং কস্য বা হেতোঃ কান্তারাণি সমাশ্রিতাঃ।

কথঞ্চেদং বিলং দুর্গং যুষ্মাভিরুপলক্ষিতম্ ॥ ২৬ ॥

বানরা যদি [৬] বঃ খেদঃ প্রনষ্টো মূলভক্ষণাৎ।

যদি [৭] চৈতন্ময়া শ্রা[৮]ব্যং শ্রোতুমিচ্ছামি তত্ত্ব[৯]তঃ ॥ ২৭ ॥

তস্যাস্তদ্ বচনং শ্রুত্বা হনূমান্ মারুতাত্মজঃ।

আর্জ্জবেণ যথাতত্ত্বমাখ্যাতুমুপচক্রমে ॥ ২৮ ॥

২৮। লো-টী। আর্জ্জবেণ অবক্রস্বভাবেন।

সেই সকল বানরদলপতি সেই সমস্ত ফল-মূল ভোজন করিয়া এবং বিমল জল পান করিয়া চতুর্দ্দিকে আলোক দেখিতে পাইলেন ॥ ২৩ ॥

বানরদলপতিগণের সকলের চিত্ত প্রসন্ন হইল, শোক বিদূরিত হইল এবং তাহাদের শক্তি ও সৌন্দর্য্য ফিরিয়া আসিল ॥ ২৪ ॥

অনন্তর তপস্বিনী ব্রহ্মচারিণী ধীরস্বভাবা স্বয়ম্প্রভা সেই হৃষ্টচিত্ত বানরদিগকে এই কথা বলিলেন—॥ ২৫ ॥

আপনাদের এখানে কি কাজ, কি হেতু এই বনে আসিয়াছেন এবং কেন এই দুর্গম গহ্বরে প্রবেশ করিয়াছেন ? ॥ ২৬ ॥

বানরগণ, যদি মূল-ভক্ষণে আপনাদের খেদ দূর হইয়া থাকে এবং ইহা যদি আমার শুনিবার হয়, তবে যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি ॥ ২৭ ॥

পবননন্দন হনুমান্ তাঁহার সেই কথা শুনিয়া সরলতার সহিত যথাযথ বলিতে লাগিলেন—॥ ২৮ ॥

১। ঘ 'কামতো', ণ 'সৰ্ব্বে তে'। ২। ছ 'তে'। ৩। অতঃ পরং ঙ-ছ-পুস্তকয়োঃ 'তর্পিতা বিবিধৈর্ম্মূলৈঃ ফলৈঃ শীতেন বারিণা' ('শীতলবারিণা' ছ)। ছ-ট-ণ-পুস্তকেষু অত্র কচিৎ সর্গসমাপ্তিঃ সর্গান্তরারম্ভশ্চ। ৪। ছ 'প্রহৃ-'। ৫ ক '-গ্রং'। ৬। ঙ 'বা'। ৭। ঘ-ঙ-ণ 'বৈত-'। ৮। ট 'শ্রব্যং'। ৯। ক 'কথ্যতাম্'।

রাজা সর্ব্বস্য লোকস্য মহেন্দ্রবরুণোপমঃ।
রামো দাশরথিঃ শ্রীমান্ প্রবিষ্টো দণ্ডকং বনম্ ॥ ২৯ ॥
লক্ষ্মণেন সহ[১] ভ্রাত্রা ভার্য্যয়া চাপি সীতয়া।
তস্য ভার্য্যা জনস্থানাদ্রাবণেন[২] হৃতা[৩] বলাৎ ॥ ৩০ ॥
তস্য বীরঃ সখা প্রাজ্ঞঃ সুগ্রীবো নাম বানরঃ।
রাজা বানরবীরাণাং[৪] যেন প্রস্থাপিতা বয়ম্[৫] ॥ ৩১ ॥
অগস্ত্যচরিতামাশাং দক্ষিণাং যমরক্ষিতাম্।
[৬]সহায়ৈর্ব্বানরৈর্ব্বীরৈরঙ্গদপ্রমুখৈর্ব্বৃতাঃ ॥ ৩২ ॥
রাবণং সহিতাঃ সর্ব্বে রাক্ষসং কামরূপিণম্।
সীতয়া সহিতং[৭] বীরা মার্গধ্বমিতি চোদিতাঃ ॥ ৩৩ ॥
বিচিন্বন্তো বয়ং সর্ব্বে সমগ্রাং[৮] দক্ষিণাং দিশম্।
[৯]নাধিগচ্ছামো বৈদেহীং রাবণঞ্চাপি তং রিপুম্ ॥ ৩৪ ॥
বুভুক্ষিতাঃ পরিশ্রান্তাঃ বৃক্ষমূলান্যুপাশ্রিতাঃ।
বিবর্ণ[১০]বদনাঃ সর্ব্বে সুগ্রীবভয়দর্শিনঃ[১১] ॥ ৩৫ ॥

৩২। লো-টী। সহৈব একদৈব। বয়ং প্রস্থাপিতা ইতি পূর্ব্বেণান্বয়ঃ

সমস্ত লোকের রাজা দশরথ-নন্দন মহেন্দ্র এবং বরুণ-সদৃশ শ্রীমান্ রামচন্দ্র ভ্রাতা লক্ষ্মণ এবং ভার্য্যা সীতার সহিত দণ্ডকারণ্যে প্রবেশ করিয়াছিলেন। তাঁহার ভার্য্যাকে রাবণ বলপূর্ব্বক জনস্থান হইতে হরণ করিয়াছে ॥ ২৯-৩০ ॥

সেই রামচন্দ্রের বন্ধু—বলশালী, বানরদিগের রাজা, বুদ্ধিমান্ সুগ্রীব—"বীরগণ তোমরা সকলে মিলিত হইয়া সীতাকে এবং কামরূপী রাবণকে অন্বেষণ কর", এই বলিয়া আমাদিগকে অঙ্গদপ্রমুখ বলবান্ সহচর বানরগণের সহিত অগস্ত্যমুনিসেবিত এবং যমরাজরক্ষিত দক্ষিণদিকে প্রেরণ করিয়াছেন ॥ ৩১—৩৩ ॥

আমরা সকলে সমগ্র দক্ষিণদিক্ অন্বেষণ করিয়াও বিদেহরাজ-নন্দিনী সীতা এবং সেই শত্রু রাবণকে পাইতেছি না ॥ ৩৪ ॥

১। চ 'সহ'। ২। ক 'নে'। ৩। গ 'ছলাদ্ধৃতা'। ৪। ঘ '-মুখ্যানাং'। ৫। ঙ 'বনে'। ৬। ক 'সহৈভি-', চ 'সহিতৈর্বা-', গ 'সহৈব বা-'। ৭। ক 'সহ বৈদেহ্যা', ঙ 'সহিতং বীরং'। ৮। চ 'সমন্তাং', গ 'সমন্তাদ্-'। ৯। ঘ 'বহুশো ন হি পশ্যামঃ সীতয়া সহ রাবণম্', ঙ 'বহুশো ন তু পশ্যামঃ সীতয়া সহ রাবণম্', ছ-চ 'বহুশো ন চ পশ্যামঃ সীতয়া সহ রাবণম্'। ১০। ছ 'বিষণ্ণ-'। ১১। ক '-কর্ষিতাঃ'।

তৃষ্ণয়া চার্দ্দিতাঃ সর্ব্বে সর্ব্বে ধ্যানপরায়ণাঃ।
নাধিগচ্ছামহে পারং মগ্নাশ্চিন্তামহার্ণবে ॥ ৩৬ ॥
চারয়ন্তস্ততশ্চক্ষুঃ পশ্যামো বিবৃতং বিলম্।
লতাপাদপসংচ্ছন্নং মহদাস্যমিব ক্ষিতেঃ ॥ ৩৭ ॥
ততো হংসাঃ সমুৎপেতুঃ পক্ষৈঃ[1] সজলশীকরৈঃ[2]।
কুররাঃ সারসাশ্চৈব[3] মঞ্জুলাশ্চক্রসাহ্বয়াঃ[4] ॥ ৩৮ ॥
কাদম্বা[5] জল-পৃক্তাশ্চ[6] তথাহন্যে চ জলেচরাঃ[7]।
ততো নো মতিরুৎপন্না দৃষ্ট্বা তান্ জলচারিণঃ ॥ ৩৯ ॥
সাধ্বত্র[8] প্রবিশামেতি ময়োক্তা[9] বৈ প্লবঙ্গমাঃ।
এষামপি[10] চ সর্ব্বেষামৈকমত্যমুপাগতম্।

৪০। লো-টী। ময়া প্লবঙ্গমা উক্তাঃ। ততশ্চ ভর্ত্তৃকার্য্যে ত্বরাবতামেতেষাং গচ্ছামঃ

আমরা ক্ষুধায় এবং পরিশ্রমে ক্লান্ত হইয়া বৃক্ষমূল আশ্রয় করিয়াছিলাম এবং সুগ্রীবের ভয়ে আমাদের মুখ বিবর্ণ হইয়াছিল ॥ ৩৫ ॥

আমরা সকলেই তৃষ্ণায় পীড়িত হইয়া চিন্তিত হইয়াছি এবং চিন্তারূপ মহাসমুদ্রে নিমগ্ন হইয়া তাহার পরপারে যাইবার উপায় দেখিতেছি না ॥ ৩৬ ॥

তার পর দৃষ্টি সঞ্চালন করিতে করিতে লতা এবং বৃক্ষে সমাচ্ছন্ন পৃথিবীর বিশাল মুখের ন্যায় বিস্তৃত গহ্বর দেখিতে পাইলাম ॥ ৩৭ ॥

হংস, কুরর, সারস, মনোহর চক্রবাক, জলসিক্ত কলহংসগণ এবং অন্যান্য জলচারী পক্ষিগণ জলার্দ্রপক্ষে সেই গহ্বর হইতে উত্থিত হইতেছিল, তাহাদিগকে দেখিয়া আমাদের এই বুদ্ধি হইল—"ভাল, আমরা এখানে প্রবেশ করি।" আমি বানরদিগকে এই কথা বলিলে, প্রভুর কার্য্যে তৎপর তাহাদের সকলেরই এই গহ্বরে গিয়া প্রবেশ করিব, এ বিষয়ে ঐকমত্য হইল ॥ ৩৮—৪০ ॥

১। ঙ '-স্কৈশ্চ জলশীকরৈঃ'। ২। ঢ-ট 'জলবাসিভিঃ'। ৩। ঢ-ট 'বঞ্জুলাঃ ক্রৌঞ্চাঃ সারসাশ্চাপি পক্ষিণঃ'। ৪। ঢ-ণ 'বঞ্জু-'। ৫। ণ 'কদ-'। ৬। ছ '-যুক্তাশ্চ', ঢ-ণ '-মুক্তা-'। ৭। ঢ 'জলচারিণঃ'। ৮। ঘ-ঢ 'সর্ব্বেহত্র'। ৯। ঙ 'ময়া হ্যুক্তাঃ প্ল-'। ১০। ঘ 'এতেষাঞ্চৈব'।

গচ্ছামঃ প্রবিশামেতি ভর্ত্তৃকার্য্যে ত্বরাবতাম্ ॥ ৪০ ॥

[৪] পরিগৃহ্য ততো গাঢ়ং বয়ং হস্তং পরস্পরম্।

ইদং প্রবিষ্টাঃ সহসা বিলং তিমিরসংবৃতম্ ॥ ৪১ ॥

এতন্নঃ কার্য্যমেতেন কৃত্যেন বয়মাগতাঃ।

ত্বাঞ্চৈবোপগতাঃ সর্ব্বে ম্রিয়মাণা বুভুক্ষয়া ॥ ৪২ ॥

[৮] আতিথ্যধর্ম্মদত্তানি ত্বয়া মূলফলানি চ।

অস্মাভিরুপভুক্তানি বুভুক্ষাশ্রমকর্ষিতৈঃ ॥ ৪৩ ॥

[১০] ত্বয়া চাস্মোদ্ধৃতাঃ সর্ব্বে ম্রিয়মাণা বুভুক্ষিতাঃ।

[১১] বদ [১২] প্রত্যুপকারার্থং কিন্তে কুর্ব্বন্তু বানরাঃ ॥ ৪৪ ॥

প্রবিশামেতি ঐকমত্যমুপাগতং জাতমিত্যর্থঃ।

৪১। লো-টী। পরিহিতা বদ্ধবস্ত্রাঃ, তে বয়ম্, "ততো গাঢ়ং নিবধ্নন্তো গৃহ্য হস্তৌ পরস্পর"মিতি পাঠে গৃহ্য গৃহীত্বা।

৪২। লো-টী। এতৎ সীতান্বেষণম্। এতেনৈব কৃতেন কার্য্যেণ। অভ্যাগতাঃ প্রাপ্তাঃ।

৪৩। লো-টী। ফলমূলানি চ ত্বয়া ধর্ম্মদত্তান্যেব আতিথ্যম্, তানি উপভুক্তানি।

৪৪। লো-টী। ত্বয়া চ বয়মুদ্ধৃতা আস্ম ভবাম।......স্বয়ংপ্রভাবাক্যং নাম সর্গঃ।

পরে আমরা সকলে পরস্পর পরস্পরের হস্ত দৃঢ়ভাবে ধারণ করিয়া সহসা অন্ধকারাবৃত এই গহ্বরে প্রবেশ করিয়াছি ॥ ৪১ ॥

ইহাই আমাদের কার্য্য, এই কার্য্যেই আমরা আসিয়াছি। ক্ষুধায় মৃতপ্রায় হইয়া সকলে আপনার নিকট উপস্থিত হইয়াছি এবং আমরা ক্ষুধায় কাতর হইয়া আতিথ্য-ধর্ম্মানুসারে আপনার প্রদত্ত ফল এবং মূল সকল ভোজন করিয়াছি ॥৪২-৪৩॥

ক্ষুধার্ত্ত মৃতপ্রায় আমাদের সকলকে আপনি রক্ষা করিয়াছেন, অতএব আপনি আদেশ করুন, বানরগণ আপনার উপকারার্থে কি করিবে? ॥ ৪৪ ॥

১। গ-চ 'ভর্ত্তুঃ কার্য্যে'। ২। গ '-যাত্বরা-'। ৩। ঙ '-বৃতাম্'। ৪। ঘ চ 'ততো গাঢ়ং নিবধ্নন্তো গৃহ্য হস্তৈঃ পরস্পরম্', ঙ 'ততো গাঢ়ং পরিবৃতা হস্তানাদায় তে মিথঃ', ছ 'ততো গাঢ়ং পরিহিতা হস্তানাদায় তে মিথঃ', চ-টি 'ততো গাঢ়ং পরিবৃতা হস্তানাদায় তে মিথঃ'। ৫। ঙ 'বিতিমিরাবৃতম্'। ৬। ক 'বিল-', ঙ 'বল-'। ৭। ছ 'বুভুক্ষিতাঃ'। ৮। গ '-থ্যং ধ-'। ৯। চ '-র্ষিভিঃ'। ১০। ক-পুস্তকে পাদদ্বয়মিদং নাস্তি। ১১। ক-ঘ 'ব্রূহি'। ১২। ঘ '-কারন্তে কিং কুর্ব্বন্তু বনৌকসঃ'।

এবমুক্তা[1] তু সা তত্র তাপসী বায়ুসূনুনা[2]।
প্রত্যুবাচ ততঃ সর্ব্বান্ বানরান্ সংশিতব্রতা[3] ॥ ৪৫ ॥
সর্ব্বেষাং পরিতুষ্টাঽস্মি বানরাণাং মহৌজসাম্।
চরন্ত্যা[4] মম ধর্ম্মং হি ন কার্য্যমিহ[5] কেনচিৎ ॥ ৪৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে স্বয়ংপ্রভা-সংবাদো নাম দ্বিপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫২ ॥

পবননন্দন হনুমান্ নিয়মপরায়ণা তাপসীকে এইরূপ বলিলে, তিনি সমস্ত বানরকে প্রত্যুত্তর দিলেন—'আপনারা সকলেই মহাতেজস্বী, আপনাদের প্রতি আমি সন্তুষ্ট হইয়াছি ; আমি তপস্বিনী ; আমার জন্য কাহারও কিছু করিবার নাই' ॥ ৪৫-৪৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে স্বয়ংপ্রভা-সংবাদ নামক ৫২শ সর্গ সমাপ্ত ॥ ৫২ ॥

১। ঙ 'তেনৈব মুক্তা সা'। ২। ঘ 'ধর্ম্মচারিণী'। ৩। চ-ছ '-ব্রতান্'। ৪। চ 'বদন্ত্যা'। ৫। গ 'বর্ণ্য-'

(৫৩) ত্রিপঞ্চাশঃ সর্গঃ

এবমুক্তে শুভে বাক্যে তাপস্যা ধর্ম্মসংহিতে।
হনূমান্ কপিশার্দ্দূলঃ প্রত্যুবাচ পুনর্ব্বচঃ[১] ॥ ১ ॥
ভবত্যাঽনুগৃহীতাঃ স্ম[২] সর্ব্ব এব বনৌকসঃ।
কৃতমাতিথ্যমস্মাকং শ্রমশ্চাপগতো[৩] মহান্ ॥ ২ ॥
কথিতঞ্চাপি তে তত্ত্বমস্মাভির্ধর্ম্মচারিণি[৪]।
কারণঞ্চাপি বৈদেহ্যা মার্গণং তে[৫] নিবেদিতম্ ॥ ৩ ॥
বিচিতঃ[৬] শতশশ্চায়ং দেশো দক্ষিণসংজ্ঞিতঃ[৭]।
প্রেষিতৈর্ব্বানরেন্দ্রেণ সীতার্থেঽস্মাভিরাগতৈঃ ॥ ৪
সময়শ্চ[৮] কৃতস্তেন কপীনাং সন্নিধৌ তদা।
পূর্ণে মাসি[৯] নিবর্ত্তধ্বং বসন্ বধ্যো ভবেন্মম ॥ ৫ ॥
ইতি প্রতিসমাদিষ্টা ভর্ত্রা বয়মনিন্দিতে।
বিচিন্বন্তো দিশঃ সর্ব্বা বানরাঃ শীঘ্রগামিনঃ ॥ ৬ ॥

তাপসী এইরূপ ধর্ম্মসঙ্গত উৎকৃষ্ট বাক্য বলিলে, বানরশ্রেষ্ঠ হনুমান পুনরায় বলিলেন—॥ ১ ॥

আপনাকর্ত্তৃক আমরা সকল বানরই অনুগৃহীত হইয়াছি, আপনি অতিথি-সৎকার করিয়াছেন—আমাদের গুরুতর শ্রান্তি দূর হইয়াছে ॥ ২ ॥

ধর্ম্মশীলে, আমরা আপনার নিকটে যথাযথ বলিয়াছি এবং বিদেহরাজ-নন্দিনী সীতার অন্বেষণই আগমনের কারণ তাহাও নিবেদন করিয়াছি ॥ ৩ ॥

বানররাজ সুগ্রীবকর্ত্তৃক প্রেরিত হইয়া আগমনপূর্ব্বক আমরা সীতার জন্য এই দক্ষিণ দেশ শতবার অনুসন্ধান করিয়াছি ॥ ৪ ॥

বানররাজ সুগ্রীব বানরগণের সম্মুখে নিয়ম করিয়া দিয়াছেন—"একমাস পূর্ণ হইলে প্রত্যাবর্ত্তন করিবে, তাহার অধিক বাস করিলে, আমার বধার্হ হইবে" ॥৫॥

হে অনিন্দিতে, আমরা সকল বানর প্রভুকর্ত্তৃক এইরূপ আদিষ্ট হইয়া দ্রুতগতিতে সমস্ত দিক্ অন্বেষণ করিতে করিতে সুগ্রীবের প্রেরণানুসারে দক্ষিণদিগের সর্ব্বত্র ভ্রমণ করিয়া এই বিশাল গহ্বর দেখিতে পাই ॥ ৬-৭ ॥

১। গ 'পুনঃ পুনঃ'। ২। ঙ 'স্থাঃ'। ৩। ছ '-শ্চায়ং গতো'। ৪। গ 'সর্ব্ব-'। ৫। ঘ 'বৈ'। ৬। চ 'বেদিতঃ'। ৭। ক '-সংশ্রিতঃ'। ৮। চ '-য়ঃ স'। ৯। চ 'মাসে'।

বয়ন্তু দক্ষিণামাশাং সুগ্রীবেণ[1] প্রচোদিতাঃ[2] ।

সমন্তাৎ পরিধাবন্তঃ পশ্যামো[3] বিবৃতং বিলম্ ॥ ৭ ॥

প্রবিশ্য[4] চৈব সহসা সীতাবিচয়কারণাৎ[5] ।

ন চ পশ্যামি নিষ্কাশং[6] বিলাদস্মাৎ[7] সুমধ্যমে ॥ ৮ ॥

এবমুক্তে হনুমতা[8] সর্ব্বে[9] তে বানরাস্তদা ।

ঊচুঃ প্রাঞ্জলয়ো ভূত্বা তাপসীং ধর্ম্মচারিণীম্ ॥ ৯ ॥

লোল[10]স্বভাবৈ[11]রস্মাভিঃ কিঞ্চিত্তেঽপকৃতং যদি ।

সর্ব্বং মর্ষয়িতব্যং[12] তে সর্ব্বৈরেব[13] কৃতোঽঞ্জলিঃ[14] ॥ ১০ ॥

একন্তু[15] বয়মিচ্ছামস্ত্বাং বক্তুং ধর্ম্মচারিণি[16] ।

শ্রূয়তাঞ্চাভিধাস্যামঃ সর্ব্ব এব তবাগ্রতঃ ॥ ১১ ॥

সর্ব্বে পরিগতা[17] দেশা বিলেঽস্মিন্ সর্ব্ববানরৈঃ ।

ন চ পশ্যাম তং দেশং প্রবিষ্টা যেন[18] বানরাঃ ॥ ১২ ॥

৮। লো-টী। নিষ্কাশং নির্গমম্ ।
১২। লো-টী। যেন দেশেন বয়ং বিলং প্রবিষ্টাস্তং দেশম্ ।

হে কৃশোদরি, সীতার অন্বেষণার্থ সহসা এইখানে প্রবেশ করিয়া এই গহ্বর হইতে নির্গমনের পথ দেখিতেছি না ॥ ৮ ॥

হনুমান্ এই কথা বলিলে সমস্ত বানর কৃতাঞ্জলিপুটে সেই ধর্ম্মচারিণী তাপসী স্বয়ম্প্রভাকে বলিলেন—॥ ৯ ॥

কৃতাঞ্জলিপুটে আমরা সকলে নিবেদন করিতেছি যে চঞ্চলস্বভাব আমরা যদি আপনার কোন অপকার করিয়া থাকি, তবে তাহা ক্ষমা করুন ॥ ১০ ॥

ধর্ম্মচারিণি, আমরা আপনাকে এক বিষয় বলিতে ইচ্ছা করি, [দয়া করিয়া] শুনুন, সকলেই আপনার নিকট বলিব ॥ ১১ ॥

আমরা সকল বানর এই গহ্বরের সমস্ত স্থান ভ্রমণ করিয়াছি কিন্তু যে পথ দিয়া এইখানে প্রবেশ করিয়াছিলাম, সেই পথ দেখিতে পাইতেছি না ॥ ১২ ॥

১। ণ 'প্রদেশিতাঃ'। ২। ঢ '-তাম্'। ৩। ছ '-শ্যাম'। ৪। ঢ 'তে প্রবিষ্টাঃ স্মঃ'। ৫। ঢ '-কারিণঃ'। ৬। ঘ-ঙ-ছ 'নিষ্ক্রামং', ঢ 'নির্য্যাণং'। ৭। ঙ '-স্তপোধনে'। ৮। ণ '-মতি'। ৯। ছ-ঢ-ণ 'তে সর্ব্বে'। ১০। ঙ 'শ্রূয়তাঞ্চাভিধাস্যামি'। ১১। ঢ '-প্রভা-'। ১২। ছ 'তৎ', ঢ-ণ 'চ'। ১৩। ঘ-ঢ-ণ '-স্নেষ'। ১৪। ঙ 'কৃতাঞ্জলিঃ'। ১৫। ঙ 'এবন্তু'। ১৬। ঙ '-ণীম্'। ১৭। ঘ '-তোদ্দেশা'। ১৮। ঙ 'যে চ'।

তদিচ্ছামো বয়ং সর্ব্বে বিলাদস্মান্মনোরমাৎ।[১]
ত্বৎপ্রসাদাদ্ বিনির্গন্তুং ত্বং হি নঃ পরমা গতিঃ ॥ ১৩ ॥
যঃ কৃতঃ সময়োঽস্মাকং সুগ্রীবেণ মহাত্মনা।
স কালঃ সমতিক্রান্তো বিলেঽস্মিন্ পরিধাবতাম্ ॥ ১৪ ॥
সা ত্বমস্মাদ্ বিলাৎ সর্ব্বানুত্তারয়িতুমর্হসি।
তীক্ষ্ণো[২] হি রাজা সুগ্রীবঃ প্রিয়ার্থী[৩] রাঘবস্য চ ॥ ১৫ ॥
মহচ্চ কার্য্যমস্মাভিঃ কর্ত্তব্যং ধর্ম্মচারিণি।
তচ্চাপি[৪] ন কৃতং কার্য্যমিহ নঃ পরিলঙ্ঘনাৎ[৫] ॥ ১৬ ॥
তদ্রাজভয়ভীতানাং ত্রাণং ভবিতুমর্হসি।
অস্মানস্মাদ্ বিলাদ্দুর্গাদুত্তারয়িতুমর্হসি ॥ ১৭ ॥
ইতি ব্রুবাণাংস্তান্ সর্ব্বান্ সর্ব্বভূতহিতে রতা[৬]।
উবাচ পরমপ্রীতা বিলাদুত্তারণেচ্ছয়া ॥ ১৮ ॥

১৬। লো-টী। অস্মাভিঃ করণভূতৈঃ সুগ্রীবেণ মহৎ কার্য্যং কর্ত্তব্যম্। যদ্বা, অস্মাভিঃ সুগ্রীবস্য।

অতএব আমরা সকলে আপনার অনুগ্রহে এই মনোহর গহ্বর হইতে বহির্গত হইতে ইচ্ছা করি, আপনিই আমাদের একমাত্র গতি ॥ ১৩ ॥

মহাত্মা সুগ্রীব আমাদিগকে যে সময় নির্দ্দিষ্ট করিয়া দিয়াছিলেন, এই গহ্বরে পরিভ্রমণ করিতে করিতে আমাদের সেই সময় অতীত হইয়াছে ॥ ১৪ ॥

রামচন্দ্রের হিতৈষী মহারাজ সুগ্রীব অতিশয় কঠোর, অতএব আপনি আমাদিগের সকলকে এই গহ্বর হইতে উদ্ধার করুন ॥ ১৫ ॥

ধর্ম্মশীলে, আমাদের মহৎ কার্য্য করিতে হইবে, সেই কার্য্য এখনও করা হয় নাই, তজ্জন্য মহারাজ সুগ্রীবের ভয়ে ভীত আমাদিগকে এই দুর্গম গহ্বর হইতে উদ্ধার করিয়া পরিত্রাণ করুন ॥ ১৬-১৭ ॥

বানরগণ এইরূপ বলিলে, পরম সন্তুষ্টা সর্ব্বপ্রাণীর হিতৈষিণী স্বয়ম্প্রভা তাহাদিগকে গহ্বর হইতে উদ্ধার করিতে ইচ্ছা করিয়া বলিলেন—॥ ১৮ ॥

১। ছ-ঢ-ণ '-হরাৎ'। ২। ণ-পুস্তকে অত আরভ্য সপ্তদশশ্লোকপূর্ব্বার্দ্ধান্তোঽংশো নাস্তি। ৩। ঢ 'প্রিয়ার্থে'। ৪। ঢ 'তত্রাপি'। ৫। ঢ '-লঙ্ঘিনাম্'। ৬। ঢ '-রতান্'।

ইদং বিবুধরাজেন বিলং শক্রেণ সংযুগে।
অসুরার্থে বিমুক্তেন[1] পুরা বজ্রেণ দারিতম্ ॥ ১৯ ॥
দুরাসদং[2] সুদুর্ধর্ষং[3] বহুরত্নসমাকুলম্।
মহাপ্রাজ্ঞেন পুত্রার্থে নির্ম্মিতং[4] বিশ্বকর্ম্মণা ॥ ২০ ॥
তস্য বৈরাতি[5]সর্গেণ[6] বিলেঽস্মিন্ বজ্রদারিতে।
জীবতা[7] দুষ্করং মন্যে প্রবিষ্টেন[8] নিবর্ত্তিতুম্[9] ॥ ২১ ॥
তপসস্তু প্রভাবেণ নিয়মোপার্জ্জিতেন[10] চ[11]।
সর্ব্ব এব[12] বিলাদস্মান্নির্গমিষ্যথ বানরাঃ ॥ ২২ ॥
নিমীলয়ত নেত্রাণি সর্ব্বে বানরযূথপাঃ।
ন হি নিষ্ক্রমিতুং শক্যং চক্ষুষি হ্যনিমীলিতে[13] ॥ ২৩ ॥

১৯। লো-টী। অসুরার্থে অসুরবধার্থে ঈশ্বরেণ নিযুক্তেন। 'বিপুল'মিতি পাঠে ইদং বিপুলং বিলমিত্যন্বয়ঃ।

২০। লো টী। দুরাসদং দুর্গমম্, দুরাধর্ষমভিভবিতুমশক্যম্।

২১। লো-টী। তস্য ময়স্য ইন্দ্রেণ সহ বৈরাভিসর্গেন বৈরোৎপাদনেন ইতি সর্ব্বজ্ঞঃ। প্রবিষ্টস্য জীবিতং দুষ্করং দুর্লভং মন্যে। কিঞ্চ, নিবর্ত্তিতং নিবর্ত্তনঞ্চ দুর্লভম্।

২২। লো-টী। নিয়মানাং ব্রতোপবাসতীর্থপর্য্যটনাদীনাম্ উপার্জ্জিতেন মমেতি শেষঃ।

পূর্ব্বকালে যুদ্ধে অসুরবধার্থ নিক্ষিপ্ত দেবরাজ ইন্দ্রের বজ্রদ্বারা এই গহ্বর বিদারিত হইয়াছে ॥ ১৯ ॥

বিচক্ষণ শিল্পী (ময়) পুত্রের জন্য দুষ্প্রাপ্য এবং দুর্দ্ধর্ষণীয় বহুরত্ন-পরিপূর্ণ এই গহ্বর নির্ম্মাণ করিয়াছিলেন ॥ ২০ ॥

তাহার শত্রুতার জন্য [ইন্দ্রকর্ত্তৃক] বজ্রদ্বারা বিদারিত এই গহ্বরে প্রবেশকারীর জীবিতাবস্থায় প্রত্যাবর্ত্তন করা দুষ্কর বলিয়া মনে করি ॥ ২১ ॥

বানরগণ, আপনারা সকলেই [আমার ব্রত, উপবাস ও তীর্থপর্য্যটনাদি] নিয়মদ্বারা উপার্জ্জিত তপস্যার প্রভাবে এই গহ্বর হইতে বহির্গত হইবেন ॥২২॥

বানরদলপতিগণ, আপনারা সকলে নেত্র মুদ্রিত করুন, চক্ষু মুদ্রিত না করিয়া বহির্গত হইতে পারা যায় না ॥ ২৩ ॥

১। ণ 'প্রযুক্তেন'। ২। ট 'সুদুরাসং সুদুর্দ্ধর্ষং'। ৩। ঙ-ণ 'দুরাধর্ষং'। ৪। ঘ 'রচিতং'। ৫। ঙ-ট '-রাভি-'। ৬। ঘ '-সঙ্গেন'। ৭। ক 'জীবিতং', ছ '-তাদ্দুষ্করং'। ৮। ট 'প্রতিষ্ঠেন'। ৯। ট '-তুম্'। ১০। ণ 'নিয়মেনার্জ্জিতেন'। ১১। ছ-ট 'মে', ঙ-ণ 'বৈ'। ১২। ট 'সর্ব্বদৈব'। ১৩। ঘ '-ক্ষুংষি হ্য-', ণ '-ষীত্যনিমীলিতে'।

ততস্তে হরয়ঃ সর্ব্বে সুকুমারতলৈঃ[১] করৈঃ।
সমং ন্যমীলয়ংশ্চক্ষুর্ব্বিনির্গমনকাঙ্ক্ষিণঃ ॥ ২৪ ॥
বানরাস্তু[২] মহাত্মানো হস্তরুদ্ধ[৩]মুখাঃ[৪] স্থিতাঃ।
নিমেষান্তরমাত্রেণ বিলাদুত্তারিতাস্তয়া[৫] ॥ ২৫ ॥
উত্তার্য্য[৬] বিষমাত্তস্মাৎ সমেত্য সুদতী[৭] তদা।
ততঃ সা তান্[৮] সমুত্তীর্ণান্ সমাশ্বাস্যেদমব্রবীৎ ॥ ২৬ ॥
এষ বিন্ধ্যো গিরিঃ শ্রীমান্ বহুকন্দর[৯]নির্ঝরঃ।
এষ প্রস্রবণঃ শৈল এষ পার্শ্বে মহোদধিঃ।
স্বস্তি বোঽস্তু গমিষ্যামি ভবনং বানরোত্তমাঃ ॥ ২৭ ॥
ইত্যুক্ত্বা তদ্ বিলং ঘোরং প্রবিবেশ[১০] তপস্বিনী।
তপোযোগপ্রভাবেণ[১১] নিমেষান্তরচারিণী ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বিলনিষ্ক্রমণং নাম ত্রিপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৩ ॥

২৪। লো-টী। সমং যুগপদেব।
২৬। লো-টী। সমেত্য আগত্য।
[লো-টী]। করাবরুদ্ধৈর্নয়নৈর্বিশিষ্টাঃ। বিলান্নিষ্ক্রমণঃ সর্গঃ [১১শপাঠান্তরং দ্রষ্টব্যম্]।

তার পর বহির্গমনাভিলাষে বানরগণ সকলে অতি কোমল হস্তদ্বারা এক-সময়েই চক্ষু মুদ্রিত করিলেন ॥ ২৪ ॥

মহামনাঃ বানরগণ হস্তদ্বারা মুখ অবরুদ্ধ করিয়া থাকিলে, সেই তাপসী মুহূর্ত্ত মধ্যেই [তাঁহাদিগকে] গহ্বর হইতে উদ্ধার করিলেন ॥ ২৫ ॥

পরে সেই সুন্দরী সেই সঙ্কট হইতে উদ্ধার করিয়া বহির্গত বানরদিগকে আশ্বস্ত করিয়া এই কথা বলিলেন—॥ ২৬ ॥

শ্রেষ্ঠ বানরগণ, এই বহু গুহা এবং নির্ঝরশালী সুন্দর বিন্ধ্যাচল, এই প্রস্রবণ পর্ব্বত এবং পার্শ্বদেশে এই মহাসমুদ্র। আপনাদের মঙ্গল হউক, আমি গৃহে যাই ॥২৭॥

তাপসী এই বলিয়া তপঃপ্রভাবে নিমেষ-মধ্যেই সেই ভয়ঙ্কর গহ্বরে প্রবেশ করিলেন ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে বানরগণের ভূ-গহ্বর হইতে নিষ্ক্রমণ নামক ৫৩শ সর্গ সমাপ্ত ॥ ৫৩ ॥

১। ছ-ট '-তরৈঃ'। ২। ঙ 'তচ্ছ্রুত্বা বানরাঃ সর্ব্বে'। ৩। ছ '-নদ্ধ-'। ৪। ক '-খাস্তথা', ণ '-খাস্তদা'। ৫। ক '-ন্নিঃসারিতাস্তয়া'। ৬। ক-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৭। ণ 'যুবতী'। ৮। ণ 'ততস্তান্ সা'। ৯। ছ '-কুঞ্জর-'। ১০। ছ-ট-ণ 'মন-'। ১১। অতঃপরং ছ-ণ-পুস্তকয়োঃ 'তদ্বৈ বিলং সা সহসা স্বয়ংপ্রভা প্রবিশ্য ধর্ম্মে নিরতা (নিরতা -ণ) তপস্বিনী। স্থলে তু সর্ব্বে হরয়োঽপ্যবস্থিতাঃ করাবরুদ্ধৈর্নয়নৈর্ম্মহাবলাঃ ॥' ইত্যধিকম্।

(৫৪) চতুঃপঞ্চাশঃ সর্গঃ

বানরাস্তে[১] মহাত্মানো হস্তরুদ্ধমুখাঃ স্থিতাঃ।
চক্ষূংষ্যুন্মীলয়ামাসুর্মুহূর্ত্তাৎ সর্ব্ব এব হি ॥ ১ ॥

ততস্তে দদৃশুর্ঘোরং সমুদ্রং বরুণালয়ম্।
অপারমিব গর্জ্জন্তং মহোরগনিষেবিতম্ ॥ ২ ॥

ততস্তং[২] দেশমাগম্য সৌম্যং বিতিমিরং শুভম্।
যথাপ্রাপ্তমকৃত্বা চ ততো বচনমব্রুবন্ ॥ ৩ ॥

রামস্য ভার্য্যাং তাং দ্রষ্টুং রাবণঞ্চ[৩] নিশাচরম্ ॥
স[৪] নঃ কালো ব্যতিক্রান্তো যো রাজ্ঞা সময়ঃ কৃতঃ ॥ ৪ ॥

তে বিন্ধ্যস্য গিরেঃ পাদে[৫] সংপ্রপুষ্পিতপাদপে।
উপবিশ্য মহাকায়াশ্চিন্তামাপেদিরে পরাম্ ॥ ৫ ॥

৩। লো-টী। পূর্ব্বং যথা প্রাপ্তং তথৈব, অকৃত্বা যত্নান্তরমকৃত্বা, তং দেশমাগম্য বচনমব্রুবন্।
৫। লো-টী। আনশিরে প্রাপুঃ। 'আপেদিরে' ইতি বা পাঠঃ।

হস্তদ্বারা মুখ অবরুদ্ধ করিয়া অবস্থিত শ্রেষ্ঠবানরগণ সকলেই মুহূর্ত্তমধ্যে চক্ষু উন্মীলিত করিলেন ॥ ১ ॥

তাঁহারা চক্ষু উন্মীলিত করিয়া বৃহৎ বৃহৎ সর্পের বাসস্থান, বরুণের আলয়, ভীষণ গর্জ্জনকারী অপার সমুদ্র দেখিতে পাইলেন ॥ ২ ॥

তার পর সেই অন্ধকার-বিহীন শুভাবহ সুন্দর দেশে আসিয়া যথোচিত [অন্বেষণ] কার্য্য না করিয়াই এই কথা বলিলেন—॥ ৩ ॥

রামচন্দ্রের ভার্য্যা সীতা এবং নিশাচর রাবণের অন্বেষণ করিবার জন্য সুগ্রীব যে সময় নির্দ্ধারিত করিয়াছিলেন, তাহা অতীত হইয়াছে ॥ ৪ ॥

বিশালদেহ বানরগণ পুষ্পিতবৃক্ষযুক্ত বিন্ধ্য পর্ব্বতের পাদদেশে উপবেশন পূর্ব্বক অতিশয় চিন্তান্বিত হইলেন ॥ ৫ ॥

১। ক '-রাস্তু মহাবীর্য্যা', ঢ '-রাঃ সুমহাত্মানো হনুমৎপ্রমুখাঃ'। ২। ছ '-ত্য'। ৩। ঙ '-ণং রাক্ষসাধমম্'। ৪। চ 'সোঽপি'। ৫। ক 'পার্শ্বে'।

ততঃ সিংহর্ষভস্কন্ধঃ পীনায়তভুজঃ কপিঃ।
যুবরাজো মহদ্[১] বাক্যমঙ্গদস্তানথাব্রবীৎ ॥ ৬ ॥
শাসনাৎ কপিসিংহস্য সর্ব্বে বয়মিহাগতাঃ।
মাসং পূর্ণং[২] বিলগতা নাববুধ্যাম[৩] বানরাঃ ॥ ৭ ॥
তস্মিন্ ব্যতীতে কালে তু সুগ্রীবেণ স্বয়ং কৃতে।
প্রায়োপবেশনং যুক্তং সর্ব্বেষাং নো বনৌকসাম্ ॥ ৮ ॥
সুগ্রীবো বলবাংস্তীক্ষ্ণঃ প্রকৃত্যা[৪] বানরেশ্বরঃ।
ন ক্ষমিষ্যতি সোঽস্মাকং[৫] ব্যতিক্রমমিমং প্রভুঃ ॥ ৯ ॥
ন হি জ্ঞাস্যতি সুগ্রীবো ঘোরং কর্ম্ম কৃতং মহৎ।
সীতাধিগমনেঽস্মাভিঃ পাপমেব[৬] করিষ্যতি ॥ ১০ ॥
প্রাপ্তদোষা[৭] বয়ং সর্ব্বে সাধু[৮] প্রায়মুপাস্মহে।
ত্যক্ত্বা পুত্রাংশ্চ[৯] দারাংশ্চ ধনানি চ গৃহাণি চ ॥ ১১ ॥

৭। লো-টী। ততঃ পূর্ণমাসগমনাৎ নোঽপকরিষ্যতি নোঽস্মান্ অপকরিষ্যতি সুগ্রীব ইত্যর্থঃ। "মাসং পূর্ণং বিলগতা ন বুধ্যাম হি বানরাঃ" ইতি বা পাঠঃ।

১০। লো-টী। পাপমেব বিরুদ্ধমেব করিষ্যতি মংস্যতে।

১১। লো-টী। প্রাপ্তাদেশা বয়ং পুত্রাদীংস্ত্যক্ত্বা সাধু যথা তথা প্রায়ং প্রায়োপবেশনম্, 'সাধুপায়ং' বা পাঠঃ।

পরে সিংহ এবং বৃষের ন্যায় উন্নতস্কন্ধ স্থূল ও বিশালবাহুসম্পন্ন যুবরাজ অঙ্গদ তাঁহাদিগকে এই উত্তম বাক্য বলিলেন—॥ ৬ ॥

বানরগণ, বানরশ্রেষ্ঠ সুগ্রীবের আদেশে আমরা এখানে আসিয়াছি এবং গহ্বর-মধ্যেই একমাস পূর্ণ হইয়াছে, তাহা আমরা বুঝিতেছি না ॥ ৭ ॥

মহারাজ সুগ্রীব-কর্ত্তৃক নির্দ্ধারিত সেই সময় অতীত হওয়ায় আমাদের সমস্ত বানরের প্রায়োপবেশন করা উচিত ॥ ৮ ॥

মহাবীর বানররাজ সুগ্রীব স্বভাবতঃই অতি কঠোর ; তিনি আমাদের এই ব্যতিক্রম ক্ষমা করিবেন না ॥ ৯ ॥

মহারাজ সুগ্রীব সীতার প্রাপ্তি-বিষয়ে আমাদের অনুষ্ঠিত মহৎ ও ভীষণ কর্ম্ম অবগত না হইয়া আমাদের অনিষ্টই করিবেন ॥ ১০ ॥

১। অতঃপরং ণ-পুস্তকে 'বয়মাশ্বযুজে মাসি বলসংখ্যা ব্যবস্থিতাঃ। ব্যতীতসময়াশ্চাথ কিমতঃ কার্য্যমুত্তমম্ ॥' ইত্যধিকম্। ২। ঘ 'গতং'। ৩। ঘ-চ 'নাবুধ্যাম হি বানরাঃ', ঢ-ট 'হরয়ো নাববুধ্যতে', ণ 'ন বুধ্যাম হি'। ৪। ঙ '-র্ষভঃ'। ৫। চ 'নো রাজা'। ৬। ঙ '-মেবং গমিষ্যতি'। ৭। ঙ 'সংপ্রাপ্তাঃ স্মঃ', ক 'প্রাপ্তাদেশা। ৮। ণ 'প্রাপ্তাঃ প্রিয়ম্-'। ৯। ণ 'দারাংশ্চ পুত্রাংশ্চ'।

ন চাসৌ[১] ঘাতয়েদ্রাজা পশ্চাৎ প্রতিগতানিতঃ[২]।
বধেনাপ্রতিরূপেণ মৃত্যুঃ শ্রেয়ানিহৈব নঃ ॥ ১২ ॥

ন চাহং যৌবরাজ্যে[৩] বৈ সুগ্রীবেণাভিষেচিতঃ।
নরেন্দ্রেণাভিষিক্তোঽহং রামেণ বিদিতাত্মনা ॥ ১৩ ॥

স পূর্ব্ববদ্ধবৈরো মাং দৃষ্ট্বা[৪] রাজা ব্যতিক্রমম্।
ঘাতয়িষ্যতি তীক্ষ্ণেন দণ্ডেনাতিচিরাদ্ গতম্ ॥ ১৪ ॥

কিং মে সুহৃদ্ভির্ব্যসনং[৫] পশ্যদ্ভির্জ্জীবিতান্তকম্।
ইহৈব প্রায়মাসিষ্যে রম্যে সাগররোধসি ॥ ১৫ ॥

এতচ্ছ্রুত্বা তু করুণং যুবরাজস্য ভাষিতম্।
তে সর্ব্বে বানরশ্রেষ্ঠা ইদং বচনমব্রুবন্ ॥ ১৬ ॥

১২। লো-টী। পশ্চাৎ মাসম্বেত্যগঃ। ন ঘাতয়েৎ ? অপি তু ঘাতয়েদেব। অপ্রতিরূপেণ অবিচারিতেন, অবিচারিতাদ্ বধাৎ ইহৈব মৃত্যুঃ শ্রেয়ান্। "বিধিনাঽপ্রতিরূপেণে"তি পাঠে স এবার্থঃ।

১৪। লো-টী। অতিচিরাদ্ বিলম্বেন গতং মাম্। 'কৃতনিশ্চয়' ইতি পাঠে ময়া কৃতো নিশ্চয়ঃ।

১৫। লো-টী। জীবিতান্তকং মরণং ব্যসনং দুঃখং পশ্যদ্ভিঃ কিং ? ন কিমপীত্যর্থঃ।

আমাদের অপরাধ হইয়াছে, আমরা স্ত্রী, পুত্র, ধন এবং গৃহ বিসর্জ্জন-পূর্ব্বক প্রায়োপবেশন করি, ইহাই উচিত ॥ ১১ ॥

এখান হইতে পরে প্রত্যাবর্ত্তন করিলে নিশ্চয়ই রাজা আমাদিগকে বিনাশ করিবেন, অবিচারিত প্রাণদণ্ড অপেক্ষা এইখানেই আমাদের মরণ ভাল ॥ ১২ ॥

আমি সুগ্রীব কর্ত্তৃক যৌবরাজ্যে অভিষিক্ত হই নাই, আত্মতত্ত্বজ্ঞ মহারাজ রামচন্দ্র-কর্ত্তৃক অভিষিক্ত হইয়াছি ॥ ১৩ ॥

মহারাজ সুগ্রীব-পূর্ব্ব হইতেই আমার প্রতি বৈরভাব পোষণ করেন, সুতরাং অতি বিলম্বে উপস্থিত হইলে আমাকে তীক্ষ্ণদণ্ডদ্বারা বধ করিবেন ॥ ১৪ ॥

বন্ধুগণ আমার প্রাণান্তকর বিপদ্ দেখিবেন, তাঁহাদের দ্বারা আমার কি হইবে ? আমি এই রমণীয় সমুদ্রতটেই প্রায়োপবেশন করিব ॥ ১৫ ॥

সেই সমস্ত শ্রেষ্ঠ বানর যুবরাজ অঙ্গদের এইরূপ করুণ বাক্য শুনিয়া এই কথা বলিলেন—॥ ১৬ ॥

১। ঘ-ণ 'ন নোঽসৌ', ছ 'ন হি নো'। ২। ক '-তান্ হি নঃ', ঘ-ণ '-তানিতি'। ৩। ঘ-ণ '-রাজ্যেন', চ '-রাজ্যেঽপি'। ৪। চ 'চৈব'। ৫। চ '-র্ব্যাসেন'।

তীক্ষ্ণঃ প্রকৃত্যা সুগ্রীবঃ প্রিয়ার্থী রাঘবস্য চ।
অস্মানকৃতকার্য্যাংশ্চ[1] তস্মিংশ্চ সময়ে গতে ॥ ১৭ ॥

অদৃষ্টায়াঞ্চ[2] সীতায়াং দৃষ্ট্বাঽস্মানাগতান্ প্রভুঃ।
রাঘবপ্রিয়কামার্থী হনিষ্যতি ন সংশয়ঃ ॥ ১৮ ॥

আগাংসি[3] ন ক্ষমন্তে হি প্রধানানাং নরাধিপাঃ।
প্রধানভূতাশ্চ বয়ং সুগ্রীবস্য[4] সুসম্মতাঃ[5] ॥ ১৯ ॥

শ্রেয়ঃ প্রায়োপগমনমীদৃশে কার্য্য আগতে।
ভয়ার্দ্দিতানাং তেষান্তু প্লবগানাং মহাত্মনাম্ ॥ ২০ ॥

উবাচ বচনং তারস্তৎকালসদৃশং হিতম্।
বিষাদস্ত্যজ্যতামেষ সর্ব্বৈরেব প্লবঙ্গমৈঃ ॥ ২১ ॥

প্রবিশামো[6] বিলং দুর্গং বয়ং যস্মাদ্বিনির্গতাঃ।
যদি বো[7] রোচতে বাক্যং সর্ব্বেষাং হরিপুঙ্গবাঃ ॥ ২২ ॥

১৭। লো-টী। প্রকৃত্যা স্বভাবেন অস্মান্, কার্য্যান্ সীতান্বেষণহেতূন্ অকৃত কৃতবান্। কার্য্যানিতি পুংস্ত্বমার্ষম্। যদ্বা, সীতান্বেষণকার্য্যবতঃ। "কার্য্যং হেতৌ প্রয়োজনে" ইতি কোষঃ। যদ্বা, অকৃতকার্য্যানস্মান্ হনিষ্যতীতি দ্বাভ্যামন্বয়ঃ।

১৯। লো-টী। আগাংসি অপরাধান্ ন ক্ষমন্তে। "নাপরাধ"মিতি বা পাঠঃ।

২০-২১। লো-টী। তেষাং হিতং বচনমুবাচেত্যন্বয়ঃ।

রামচন্দ্রের হিতৈষী সুগ্রীব স্বভাবতঃই অতি কঠোর ; নির্দ্ধারিত সময় অতীত হইলে অকৃতকার্য্য আমাদিগকে দেখিয়া এবং সীতাকে না দেখিয়া প্রভুশক্তি-সমন্বিত সুগ্রীব আমাদিগকে বধ করিবেন, এবিষয়ে সংশয় নাই ॥ ১৭-১৮ ॥

রাজারা প্রধান ব্যক্তিদের অপরাধ ক্ষমা করেন না এবং আমরা সুগ্রীবের মতে প্রধান ॥ ১৯ ॥

'প্রায়োপবেশনই শ্রেয়ঃ', এইরূপ কর্ত্তব্য নির্দ্ধারিত হইলে 'তার'নামক বানর ভয়ে বিহ্বল সেই মহানুভব বানরদিগকে তৎকালোচিত এইরূপ হিতকর বাক্য বলিলেন—"বানরগণ, আপনারা সকলেই এই বিষাদ পরিত্যাগ করুন" ॥ ২০-২১ ॥

বানরগণ, যদি আপনাদের সকলের অভিপ্রেত হয়, তবে আমরা যে গহ্বর হইতে বহির্গত হইয়াছি, সেই দুর্গম গহ্বরেই পুনরায় প্রবেশ করি ॥ ২২ ॥

১। চ 'সর্ব্বাংশ্চ'। ২। ঘ-ঙ-চ '-য়াং হি'। ৩। ঙ 'আগমং ন ক্ষমিষ্যন্তে', চ 'ন ক্ষমন্তেঽপরাধং হি'। ৪। গ '-বেণ'। ৫। চ 'চ সম্মতাঃ'। ৬। চ '-শাম বিলং'। ৭। চ 'বা'।

ক্রিয়তাং কিং বিমর্ষেণ শ্রেয়ো নঃ ক্রিয়তামিদম্ ।
দুর্দ্ধর্ষঞ্চ মহচ্চেদং বহুভক্ষ্যঞ্চ বানরাঃ ॥ ২৩ ॥
তত্রস্থাংশ্চ ন নঃ শক্তাঃ স্প্রষ্টুং সেন্দ্রাশ্চ দেবতাঃ ।
কিং পুনর্ম্মানুষো রামো লক্ষ্মণো বাপি বীর্য্যবান্ ।
সুগ্রীবো বানরেন্দ্রো বা তথা সর্ব্বে বনৌকসঃ ॥ ২৪ ॥
ইদং হি মায়াবিহিতং সুদুর্গমং প্রভূতভক্ষ্যোদকভোজ্যপেয়ম্ ।
গ্রহীতুমিন্দ্রোঽপি ন নোঽত্র শক্তঃ সুগ্রীবরামৌ সহিতৌ ন চাপি ॥২৫॥
তদঙ্গদস্যাপি রুরোচ বাক্যম্ ঊচুশ্চ সর্ব্বে হরয়ঃ সমেতাঃ ।
যথা ন হন্যেমহি তদ্‌বিধানং বিধীয়তাং সংশয়মাগতাঃ স্মঃ ॥ ২৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে তারবাক্যং নাম
চতুঃপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৪ ॥

২৩। লো-টী। বিমর্ষেণ বিচারেণ। ইদং বিলম্, দুরাধর্ষমগম্যম্
২৪। লো-টী। মানুষো রাঘবাভ্যামন্যো নরেন্দ্রো রামঃ।
২৫। লো-টী। ভক্ষ্যং চর্ব্ব্যম্, ভোজ্যমন্নাদি। পেয়ং মধু।
২৬। লো-টী। কিমুচুস্তদাহ- যথেতি।
তারবাক্যো নাম সর্গঃ।

বানরগণ, বিচারের কি প্রয়োজন, আমাদের এইরূপ হিতানুষ্ঠান করুন, বহু ভোজন-সামগ্রীযুক্ত এই বিল অতি বিশাল এবং দুর্দ্ধর্ষ ॥ ২৩ ॥

এই বিলে অবস্থিত আমাদিগকে স্পর্শ করিতে ইন্দ্রের সহিত দেবগণও সমর্থ নহেন; মনুষ্য রামচন্দ্র, বলশালী লক্ষ্মণ, বানররাজ সুগ্রীব অথবা সমস্ত বানর—ইহাদের কথা আর কি বলিব ॥ ২৪ ॥

প্রচুর ভোজন করিবার উপযুক্ত খাদ্যদ্রব্য এবং পানীয় জলে পরিপূর্ণ এই গহ্বর মায়াদ্বারা বিরচিত, এখানে গমন করা অতি দুষ্কর; এখানে আমাদিগকে গ্রহণ করিতে ইন্দ্রও সমর্থ নহেন অথবা সুগ্রীব এবং রামচন্দ্র একত্র হইয়াও সমর্থ নহেন ॥২৫॥

সেই কথা অঙ্গদেরও অভিপ্রেত হইল এবং সমস্ত বানর মিলিত হইয়া বলিলেন—আমরা সঙ্কটাপন্ন হইয়াছি, অতএব যাহাতে নিহত না হই, তাহার উপায় অবলম্বন করুন ॥ ২৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে 'তার'বাক্য
নামক ৫৪শ সর্গ সমাপ্ত ॥ ৫৪ ॥

১। ঘ-ণ 'কুর্ব্বতা-'। ২। ণ 'সুধর্ষঞ্চ'। ৩। ঙ '-র্ষং সুমহচ্চেদং'। ৪। ঙ 'বঃ'। ৫। ঙ-ণ 'দ্রষ্টুম্'। ৬। ঘ-ঢ '-ন্দ্রা হি', ণ '-ন্দ্রাদিদে-'। ৭। অতঃপরং ঢ-পুস্তকে 'অলং বিষাদেন বিলং প্রবিশ্য বসাম সর্ব্বে যদি রোচতে তব॥' ইত্যধিকম্। ৮। ঘ 'ইমং'। ৯। ঙ '-মক্ষয়ম্'। ১০। ণ '-চাত্র'। ১১। ঢ 'কুত এব তস্মাৎ'। ১২। ঘ '-স্যাথ বচোঽনুরূপং শ্রুত্বেদমূচুর্হরয়ঃ প্রতীতাঃ'। ১৩। ঙ 'তস্মৈ'।

(৫৫) পঞ্চপঞ্চাশঃ সর্গঃ

তথা ব্রুবতি[১] তারে তু তারাধিপতিবর্চ্চসি।
অথ মেনে কৃতং[২] রাজ্যং হনূমানঙ্গদেন হি[৩] ॥ ১ ॥

বুদ্ধ্যা হ্যষ্টাঙ্গয়া[৪] যুক্তং পিতুস্তেজোগুণান্বিতম্।
চতুর্দ্দশগুণং মেনে হনূমান্ বালিনঃ সুতম্ ॥ ২ ॥

আপূর্য্যমাণং[৫] শশ্বচ্চ তেজোবলপরাক্রমৈঃ।
শশিনং শুক্লপক্ষাদৌ বর্দ্ধমানমিবৌজসা ॥ ৩ ॥

বৃহস্পতিসমং বুদ্ধ্যা বিক্রমেণ সমং[৬] পিতুঃ।
শুশ্রূষমাণং তারস্য যথা শক্রং বৃহস্পতেঃ ॥ ৪ ॥

ভর্ত্তুঃ[৭] কার্য্যে পরাক্রান্তঃ[৮] সর্ব্বশাস্ত্রবিশারদঃ।
অভিসন্ধাতুমারেভে হনূমানঙ্গদং ততঃ[৯] ॥ ৫ ॥

১। লো-টী। অঙ্গদেন রাজ্যং কৃতং কিষ্কিন্ধ্যারাজ্যং কৃতং লব্ধমিত্যর্থঃ। হৃতমিতি পাঠে প্রাপ্তমিতি মেনে জ্ঞাতবান্। অঙ্গদে বানরাণামত্যনুরাগাদিতি ভাবঃ।

২। লো-টী। ন কেবলং তেষামনুরাগ এব রাজ্যলাভে বীজম্, স্বযোগ্যতাঽপীত্যাহ ত্রয়েণ—বুদ্ধ্যা ইতি। অষ্টাঙ্গয়া ঊহ-প্রত্যূহ-শুশ্রূষাদিরূপয়া। পিতুঃ সকাশাচ্চতুর্দ্দশগুণম্। কেচিত্তু পিতুস্তেজোগুণাভ্যামন্বিতং তথা চতুর্দ্দশগুণম্। অষ্টৌ বুদ্ধিগুণাঃ, ষট্ সন্ধিবিগ্রহাদয় ইত্যাচক্ষতে।

৪। লো-টী। তারস্য মতমিতি শেষঃ। শুশ্রূষন্তং শ্রোতুমিচ্ছন্তম্।

৫। লো-টী। অভিসন্ধাতুং সুগ্রীবেণ সহ সন্ধাতুম্।

৫। টিপ্পনী। অভিসন্ধাতুং ভর্ত্তুরর্থে অনুকূলয়িতুমিত্যর্থঃ।

চন্দ্রের ন্যায় রূপবান্ 'তার' এইরূপ বলিলে, হনুমান্ মনে করিলেন যে—অঙ্গদ যেন রাজ্য অধিকার করিলেন ॥ ১ ॥

হনুমান্ বালীর পুত্র অঙ্গদকে অষ্টাঙ্গ-বুদ্ধিসম্পন্ন এবং পিতা অপেক্ষা চতুর্দ্দশ গুণ তেজস্বী বলিয়া মনে করিলেন ॥ ২ ॥

প্রভুর কার্য্যে পরাক্রমশালী সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত হনুমান্ সর্ব্বদা শক্তি-সামর্থ্য এবং বিক্রমপূর্ণ, শুক্লপক্ষীয় প্রতিপচ্চন্দ্রের ন্যায় সৌন্দর্য্যের সহিত বর্দ্ধমান, বুদ্ধিতে বৃহস্পতির ন্যায়, পরাক্রমে পিতা বালীর ন্যায় এবং বৃহস্পতির বাক্য শ্রবণেচ্ছু ইন্দ্রের ন্যায় তারের বাক্য শ্রবণেচ্ছু অঙ্গদকে [প্রভুর কার্য্যে] অনুকূল করিতে লাগিলেন—॥ ৩-৫ ॥

১। ঙ '-ন্ত্যেঽপি', চ '-ন্ত্যেঽথ'। ২। ঙ 'হৃতং'। ৩। ঘ-ণ 'হ'। ৪। ক '-সংশয়য়া', ণ 'হৃষ্টাঙ্গয়া'। ৫। ঙ 'আপূর্য্যমা-'। ৬। ঘ 'পিতুঃ সমম্'। ৭। ঘ-ছ '-র্ত্তুরর্থে', ঙ '-র্ত্তুরন্বেষণাক্রান্তঃ'। ৮। ছ '-ন্তো যুক্তঃ শাং', ণ '-ন্তো যুক্তিশাস্ত্রে'। ৯। ঙ 'তথা'।

স চতুর্ণামুপায়ানাং তৃতীয়মনুবর্ত্তয়ন্ ।
ভেদয়ামাস তান্ সর্ব্বান্ বানরান্ বাক্যসম্পদা ॥ ৬ ॥

তেষু সর্ব্বেষু ভিন্নেষু ততোঽভেদয়দঙ্গদম্ ।
ভীষণৈর্ব্বহুভির্ব্বাক্যৈঃ[১] রামশঙ্কাসমন্বিতৈঃ ॥ ৭ ॥

সামর্থ্যে ত্বং[২] পিতুস্তুল্যো যুধি মন্ত্রক্রিয়াবিধৌ ।
দৃঢ়ং ধারয়িতুং শক্তঃ কপিরাজ্যং যথা পিতা ॥ ৮ ॥

নিত্যমস্থিরচিত্তাস্তু[৩] হরয়ো হরিসত্তম ।
ন[৪] বস্তুং বিষহিষ্যন্তি পুত্রদারৈর্ব্বিনা ত্বয়া ॥ ৯ ॥

ন[৫] তে[৬] ত্বামনুরজ্যেরন্ প্রত্যক্ষং প্রবদামি তে ।
যথা[৭] হি রামসুগ্রীবৌ লক্ষ্মণশ্চ পিতুস্তব ॥ ১০ ॥

৬। লো-টী। তৃতীয়ং ভেদম্ ।

৭। লো-টী। ভিন্নেষু সুগ্রীবাৎ পরাঙ্মুখেষু, আশঙ্কনং রামাৎ শঙ্কা, তৎসমন্বিতৈঃ। 'রামশঙ্কাসমন্বিতৈ'রিতি বা পাঠঃ।

৮। লো-টী। তথা যুধি যুদ্ধে, মন্ত্রক্রিয়াবিধৌ মন্ত্রবিধানে, অঙ্গক্রিয়াবিধানে চ পিতৃতুল্যঃ। দৃঢ়ং নিতান্তং যথা ভবতি।

৯। লো-টী। ত্বয়া সহ বস্তুং ন বিষহিষ্যন্তি সহিষ্ণুতাং ন করিষ্যন্তি। 'নাজ্ঞাং প্রতিসহিষ্যন্তি পুত্রদারান্বিতাস্তবে'তি পাঠে যতঃ পুত্রদারান্বিতাস্তত্রৈব চলিষ্যন্তীতি ভাবঃ।

১০। লো-টী। তে বানরাস্ত্বাং নানুরজ্যেরন্ ত্বামননুরক্তাঃ। তত্র দৃষ্টান্তঃ—যথাঽহমিতি। অহমাদয়ো যথা তব পিতুরননুরক্তাস্তথেত্যর্থঃ।

হনুমান্ বচনকৌশলে সাম, দান, ভেদ, দণ্ড, এই চতুর্ব্বিধ উপায়ের মধ্যে তৃতীয় উপায় ভেদ অবলম্বন-পূর্ব্বক সেই সমস্ত বানরকে বিভেদগ্রস্ত করিলেন ॥ ৬ ॥

তাঁহারা সকলে ভিন্নমত হইলে, পরে রাম হইতে আশঙ্কার কথা উল্লেখ করিয়া বহুবিধ ভীষণ বাক্যে অঙ্গদকে বিভেদগ্রস্ত করিলেন ॥ ৭ ॥

আপনি যুদ্ধ, সামর্থ্য এবং মন্ত্রণাবিষয়ে পিতার সদৃশ এবং আপনার পিতার ন্যায়ই আপনি বানররাজ্য দৃঢ়রূপে শাসন করিতে সমর্থ ॥ ৮ ॥

বানরশ্রেষ্ঠ, বানরগণ সর্ব্বদাই অস্থিরচিত্ত, অতএব স্ত্রীপুত্র-বিহীন হইয়া আপনার সহিত বাস করিতে সমর্থ হইবে না ॥ ৯ ॥

আমি স্পষ্টই আপনাকে বলিতেছি যে, রাম, সুগ্রীব ও লক্ষ্মণ যেরূপ আপনার পিতার অনুরক্ত ছিলেন না, আপনার প্রতি তাহারাও সেইরূপ অনুরক্ত নহে ॥ ১০ ॥

১। ক '-হৃর্ দ্বৈঃ শিক্ষার্থং হৃঙ্গঞ্চ তৈঃ'। ২। গ 'চ'। ৩। ছ-ট '-ত্তাশ্চ'। ৪। ঙ 'বস্তুং নেং ভবিষ্যন্তি'। ৫। ঘ-ছ-গ 'নৈতে', চ 'তেন ত্বা-'। ৬। ঙ 'চেত্ত্বামনু-'। ৭। ক 'যথাঽহং'।

ন রাজ্যং[১] ন চ তে সর্ব্বে সামদানবিভেদনৈঃ।
ন দণ্ডৈর্ন[২] যুধা[৩] শক্যাঃ[৪] সুগ্রীবাদপকর্ষিতুম্[৫] ॥ ১১ ॥
ন বিগ্রহং[৬] সমং প্রাহুর্দ্দুর্ব্বলস্য বলীয়সা।
আত্মক্ষয়করং তস্মান্ন বিগৃহ্নীত[৭] দুর্ব্বলঃ ॥ ১২ ॥
যাঞ্চেমাং মন্যসে বীর[৮] গুহাং দুর্গসমাশ্রয়াম্।
এষা লক্ষ্মণবাণানামীষৎকার্য্যা[৯] বিদারণে ॥ ১৩ ॥
স্তোকং[১০] হি কৃতমিন্দ্রেণ বজ্রেণাত্র[১১] বিদারণম্[১২]।
লক্ষ্মণস্তু শিতৈর্ব্বাণৈর্ভিন্দ্যাৎ[১৩] পত্রপুটং যথা ॥ ১৪ ॥
একৈবেন্দ্রাশনির্জ্জ্ঞেয়া যয়া দুর্গং বিদারিতম্[১৪]।
লক্ষ্মণস্য তু[১৫] নারাচা বহুশঃ[১৬] সন্তি তাদৃশাঃ ॥ ১৫ ॥

১১। লো-টী। দণ্ডেন ইষুণা বাণেন যুধা যুদ্ধেন চ অপকর্ষিতুং সুগ্রীবান্নিঃসারয়িতুম্।

১২। লো-টী। বিগৃহ্যাসমং বিগৃহ্যং বিগ্রহম্ অসমমনুচিতমাত্মক্ষয়করঞ্চ ন বিগৃহ্নীত বিগ্রহং ন কুর্য্যাৎ।

১৩। লো-টী। গুহাং বিলং দুর্গরূপাং সমাশ্রয়াং পশ্যসে পশ্যসি। এষা গুহা ঈষৎ-করবিদারণম্ অল্পায়াসবিদারণম্। "যানিমান্ পশ্যসেহস্মান্ বৈ বীরেদঞ্চ বিলং মহৎ। অঙ্গ লক্ষ্মণ-বাণানামীষৎ করবিদারণে" ইতি ক্বচিৎ পাঠঃ।

১৪। লো-টী। অশনিপাতনাদ্ধেতোঃ বিলমেকং মুখ্যং দুর্ভেদমিব কৃতম্। [পাঠান্তরং দ্রষ্টব্যম্]।

রাজ্য অথবা এই সমস্ত বানরকে সাম, দান, ভেদ, দণ্ড অথবা যুদ্ধদ্বারাও সুগ্রীব হইতে বিচ্ছিন্ন করিতে পারা যাইবে না ॥ ১১ ॥

পণ্ডিতেরা বলিয়া থাকেন যে বলবানের সহিত দুর্ব্বলের যুদ্ধ করা উচিত নয়, অতএব দুর্ব্বল ব্যক্তি নিজের ধ্বংসকর যুদ্ধ অবলম্বন করিবে না ॥ ১২ ॥

বীর, আপনি যে গহ্বরকে দুর্গের তুল্য আশ্রয় মনে করিতেছেন, ইহা বিদারণ করা লক্ষ্মণের বাণের পক্ষে সহজ কার্য্য ॥ ১৩ ॥

ইন্দ্র বজ্রদ্বারা ইহার অল্পই বিদারণ করিয়াছেন, কিন্তু লক্ষ্মণ তাঁহার তীক্ষ্ণ বাণদ্বারা এই গহ্বরকে পত্রপুটের ন্যায় বিদারিত করিবেন ॥ ১৪ ॥

ইন্দ্রের একটী মাত্র বজ্র, যাহা-দ্বারা এই দুর্গম গহ্বর বিদারিত হইয়াছিল ; কিন্তু লক্ষ্মণের তাদৃশ বহু বাণ আছে ॥ ১৫ ॥

১। ক 'চাহং', ছ 'বাহং'। ২। ঘ-ট-ণ 'দণ্ডেন'। ৩। ণ 'পুরা'। ৪। ঘ-ছ 'শক্তাঃ', ঙ 'কার্য্যঃ', ট 'শক্যং'। ৫। ঙ '-দপি'। ৬। ঘ-ছ 'বিগৃহ্যাসনমপ্যাহু-', ট-ণ 'বিগৃহ্যাসমমপ্যাহু-'। ৭। ছ 'বিগৃহ্যেত'। ৮। ণ 'স্থাতুং'। ৯। ট '-করবিদারণা'। ১০। ঙ 'বিলং বিকৃতমিন্দ্রেণ'। ১১। ঘ-ঙ-ছ 'একং হ্যশনিপাতনাৎ', ণ 'হ্যেকং হ্যশনিপাতনাৎ'। ১২। অতঃপরং ট-পুস্তকে 'বিলং হি কৃতমিন্দ্রেণ একং হ্যশনিপাতনাৎ' ॥ ইত্যধিকম্। ১৩। ঙ 'ভিন্দ্যাৎ'। ১৪। ছ '-রিতুম্'। ১৫। ঙ 'চ'। ১৬। ট-ণ 'বহবঃ'।

[1]যদি কর্ত্তা [2]ভবানেবং বিলেঽ[3]স্মিন্নভিসংশ্রয়ম্।
[4]ততস্ত্বাং হরয়ঃ সর্ব্বে ত্যক্ষ্যন্তি কৃতনিশ্চয়াঃ ॥ ১৬ ॥
[5]স্মরন্তঃ পুত্রদারাণাং নিত্যোদ্বিগ্না বুভুক্ষিতাঃ।
খেদিতা [6]দুঃখশয্যাভিঃ ত্বাং করিষ্যন্তি পৃষ্ঠতঃ ॥ ১৭ ॥
স বিহীনঃ সুহৃদ্‌ভিশ্চ হিতকামৈশ্চ বন্ধুভিঃ।
তৃণাদপি ভয়োদ্‌বিগ্নঃ[7] স্পন্দ[8]মানস্ত্রসিষ্যসি ॥ ১৮ ॥
[9]ন তু জাতু ন হিংস্যুস্ত্বাং রামলক্ষ্মণসায়কাঃ।
অপবৃত্তা [10]মহাবেগা যদি ত্বং [11]ন গমিষ্যসি ॥ ১৯ ॥
অস্মাভিস্তু [12]গতং সার্দ্ধং বিনীতবদু[13]পস্থিতম্।
আনুপূর্ব্ব্যা স সুগ্রীবো রাজ্যে ত্বাং স্থাপয়িষ্যতি ॥ ২০ ॥

১৬। লো-টী। এষ ভবান্, অভিসংশ্রয়মাশ্রয়ম্, যদি কর্ত্তা করিষ্যতি।
১৮। লো-টী। স্পন্দমানাচ্চলতঃ।
১৯। লো-টী। অপবৃত্তং তত্র গমনে পরাঙ্মুখম্। "অপবৃত্তং মহাবেগাঃ পাতালেঽপি প্রতিষ্ঠিত"মিতি বা পাঠঃ।
২০। লো-টী। আনুপূর্ব্ব্যা পিত্রাদিক্রমেণ।

যদি আপনি এইরূপ এই গহ্বরে আশ্রয় গ্রহণ করেন, তবে বানরগণ পরামর্শ করিয়া আপনাকে পরিত্যাগ করিবে ॥ ১৬ ॥

পুত্র ও স্ত্রী প্রভৃতি পরিজনকে স্মরণ করিয়া সর্ব্বদাই উদ্বিগ্ন এবং ক্ষুধায় পীড়িত ও ক্লেশকর শয্যায় শয়ন করিয়া দুঃখিত হইয়া ইহারা আপনার প্রতি বিমুখ হইবে ॥ ১৭ ॥

আপনি হিতৈষী বন্ধুবান্ধব-বিহীন হইয়া তৃণ হইতেও ভয়ে কম্পিত ও উদ্বিগ্ন হইবেন ॥ ১৮ ॥

যদি আপনি গমন না করেন, তবে মহাবেগশালী রাম এবং লক্ষ্মণের বাণ আপনাকে কখনও বধ করিবে না তাহা নহে (অর্থাৎ অবশ্যই বধ করিবে) ॥ ১৯ ॥

আর, আপনি যদি আমাদের সহিত বিনীতভাবে [সুগ্রীবের সমীপে] উপস্থিত হ'ন, তবে মহারাজ সুগ্রীব ক্রমানুসারে আপনাকে রাজ্যে অভিষিক্ত করিবেন ॥২০॥

১। অন্তার্দ্ধস্থ স্থানে ঘ-পুস্তকে 'বজ্রাশনিসমপ্রখ্যা গিরীণামপি ভেদনাঃ। আস্তাতুং হি যদৈব ত্বমেষিষ্যসি পরন্তপ ॥' ইতি পাঠঃ। ঙ 'যতঃ'। ২। ণ 'ভয়েনৈবং'। ৩। ঙ '-স্মিন্ বৈ প্রতিশ্রমম্', ছ-ঢ '-স্মিন্ বৈ প্রতিশ্রয়ম্'। ৪। ঙ 'অতস্ত্বাং'। ৫। ঙ '-ন্তশ্চ স্বদারাণাং'। ৬। ক 'দুঃখিতাশ্চৈব'। ৭। ণ '-গ্নাঃ'। ৮। ঘ '-মানাদ্ ভবিষ্যসি'। ৯। ঘ 'ন জাতু ন হি নঃ স্পৃষ্টা', ঙ 'ন জানন্তো ন হিংস্যুস্ত্বাং'। ১০। ঙ-ছ-ঢ '-বৃত্তং', ণ '-ত্তমহা-'। ১১। ক 'নাগমি-'। ১২। ণ 'গতঃ'। ১৩। ণ '-স্থিতঃ'।

ধর্ম্মকামঃ পিতৃব্যস্তে ধর্ম্মাত্মা সংশিতব্রতঃ।

শুচিঃ সত্যপ্রতিজ্ঞশ্চ ন স[১] যাতং ন সান্ত্বয়েৎ ॥ ২১ ॥

প্রিয়কামশ্চ তে মাতুস্তদর্থং চাস্য জীবিতম্।

তস্যাপত্যং ন চাস্ত্য[২]ন্যৎ[৩] তস্মাদঙ্গদ গম্যতাম্ ॥ ২২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে হনুমদ্‌বাক্যং
নাম পঞ্চপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৫ ॥

২১। লো-টী। যাতমুপস্থিতং ত্বাং ন ন সান্ত্বয়েৎ সান্ত্বয়েদেব।
হনুমদ্-বাক্যো নাম পঞ্চপঞ্চাশত্তমঃ সর্গঃ।

ধর্ম্মলিপ্সু, ধার্ম্মিক, নিয়মপরায়ণ, পবিত্র এবং সত্যপ্রতিজ্ঞ আপনার পিতৃব্য তাঁহার নিকটে উপস্থিত আপনাকে অবশ্যই সন্তুষ্ট করিবেন ॥ ২১ ॥

তিনি আপনার মাতার হিত কামনা করেন এবং আপনার মাতার প্রিয় কাজ করাই তাঁহার জীবনের উদ্দেশ্য; তাঁহার অন্য কোন সন্তান নাই, অতএব অঙ্গদ, আপনি গমন করুন ॥ ২২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে হনুমদ্‌বাক্য-নামক
৫৫শ সর্গ সমাপ্ত ॥ ৫৫ ॥

১। ঘ-ছ-ঢ 'ত্বাং জাতু ন', ণ 'ত্বাং জানন্-'। ২। ঢ 'হি নাস্ত্যন্যৎ'। ৩। ঙ '-ন্যস্তস্মা-', ণ 'ন্যং ত-'।

(৫৬) ষট্‌পঞ্চাশঃ সর্গঃ

শ্রুত্বা[১] তু হনুমদ্বাক্যং[২] প্রশ্রিতং ধর্ম্মসংহিতম্।
স্বামিসৎকারসংযুক্তমঙ্গদঃ প্রত্যুবাচ হ ॥ ১ ॥
স্থৈর্য্যং ধর্ম্মাত্মতা[৩] শৌচমানৃশংস্যমথার্জ্জবম্[৪]।
বিক্রমশ্চৈব ধৈর্য্যঞ্চ[৫] সুগ্রীবে নোপপদ্যতে ॥ ২ ॥
কথং স ধর্ম্মং জানাতি ভ্রাতরং পূর্ব্বজং হি যঃ।
অশ্মভিঃ প্রত্যরৌৎসীদ্[৬][৭][৮] বৈ হ্যভানুপতনে[৯] বিলে ॥ ৩ ॥
ভ্রাতুর্জ্যেষ্ঠস্য যঃ ক্রুদ্ধো[১০] জীবতো মহিষীং প্রিয়াম্।
ধর্ম্মতো মাতরমিব স্বীকরোতি জুগুপ্সিতঃ ॥ ৪ ॥
সখা পাণিগৃহীতশ্চ কৃতকর্ম্মা মহাযশাঃ।
ন স্মৃতো[১১] রাঘবো যেন স কস্য[১২] সুকৃতং স্মরেৎ ॥ ৫ ॥

১। লো-টী। ধর্ম্মসংহিতং ধর্ম্মযুক্তম্।
২। লো-টী। স্থৈর্য্যমচঞ্চলত্বম্। আনৃশংস্যমক্রূরতা। আর্জ্জবমবক্রতা। ধৈর্য্যং পাণ্ডিত্যম্।
৩। লো-টী। যো হি অশ্মভিঃ প্রস্তরৈঃ বিলে প্রত্যরৌৎসীৎ প্রতিরুদ্ধং বিলমকরোদিত্যর্থঃ। ন বিদ্যতে ভানূনাং রশ্মীনাং পতনং যস্মিন্ তস্মিন্ বিলে।
৪। লো-টী। জীবতো জীবনতোঽপি প্রিয়াম্।
৫। লো-টী। সুকৃতং শোভনং কর্ম্ম।

অঙ্গদ হনুমানের ধর্ম্মসঙ্গত প্রভুর প্রতি সম্মানসূচক বিস্তৃত বাক্য শ্রবণ করিয়া প্রত্যুত্তর দিলেন ॥ ১ ॥

স্থিরতা, ধার্ম্মিকতা, পবিত্রতা, অক্রূরতা, সরলতা, পরাক্রম এবং ধীরতা, এই সমস্ত গুণ সুগ্রীবে দেখা যায় না ॥ ২ ॥

যে ব্যক্তি জ্যেষ্ঠ ভ্রাতাকে অন্ধকারাচ্ছন্ন গুহায় প্রস্তরদ্বারা প্রতিরুদ্ধ করিয়াছিল, সে কিরূপ ধর্ম্ম জানে? ॥ ৩ ॥

যে ক্রুদ্ধ হইয়া ধর্ম্মানুসারে মাতার ন্যায় জ্যেষ্ঠ ভ্রাতার প্রাণাধিকা প্রিয়া মহিষীকে গ্রহণ করে, সে নিন্দিত ॥ ৪ ॥

[অগ্নি সাক্ষী করিয়া] যাঁহার হস্ত গ্রহণ করা হইয়াছে এবং যাঁহার সাহায্যে স্বীয় কার্য্য সম্পাদন করা হইয়াছে, সেই মহাযশস্বী বন্ধু রামচন্দ্রকে যে ভুলিয়া গিয়াছিল, সে কাহার উত্তম কার্য্য স্মরণ করিবে? ॥ ৫ ॥

১। ঘ-ণ 'হনুমতো বাক্যং'। ২। ঙ 'প্রবৃত্তং', ছ-ট 'প্রশ্রিতং'। ৩। ঙ 'ধর্ম্মবতাং', ট 'ধর্ম্মাত্মনাং শৌ-'। ৪। ঘ '-স্যং ত-'। ৫। ট 'ধর্ম্মশ্চ', ণ 'শৌর্য্যঞ্চ'। ৬। ট 'পরি-'। ৭। ট '-রুদ্ধীত'। ৮। ঙ-ছ '-দ্ধি', ণ '-সীৎ স'। ৯। ট-ণ 'স্বর্ভানু-', ছ 'শ্বসন্তং পতিতং বিলে'। ১০। ঘ 'যো ভার্য্যাং', ঙ 'যঃ ক্রুরো', ট-ণ-ছ 'যঃ ক্ষুদ্রো'। ১১। ঘ 'বিস্মৃ-'। ১২। ঙ 'কথং'।

লক্ষ্মণস্য ভয়াদ্‌ যেন নাধর্ম্মভয়ভীরুণা।
আরব্ধা[২] মার্গিতুং[৩] সীতা ধর্ম্মস্তত্র[৪] কথং ভবেৎ ॥ ৬ ॥
তস্মাৎ[৫] পাপে কৃতঘ্নে চ স্মৃতিহীনে চলাত্মনি।
বিশ্বসেৎ[৬] কঃ পুমান্‌ প্রাজ্ঞস্তৎকুলীনো[৭] জিজীবিষুঃ ॥ ৭ ॥
রাজপুত্রং প্রতিষ্ঠাপ্য[৮] সগুণং বাথ[৯] নির্গুণম্‌।
কথং শক্রুঃ[১০] কুলীনং[১১] মাং সুগ্রীবো[১২] জীবয়িষ্যতি ॥ ৮ ॥
ভিন্নমন্ত্রো[১৩] বিরুদ্ধশ্চ হীনঃ শক্ত্যা কথং হ্যহম্‌[১৪]।
কিষ্কিন্ধ্যাং প্রাপ্য জীবেয়ং গতায়ুরিব[১৫] সঙ্গরম্‌ ॥ ৯ ॥

৭। লো-টী। তৎকুলীনঃ তৎকুলজো জ্ঞাতিঃ।

৮। লো-টী। রাজপুত্রং মামিত্যন্বয়ঃ। প্রতিষ্ঠাপ্য সীতান্বেষণে প্রস্থাপ্য সীতায়া অদর্শনাৎ কালাত্যয়াচ্চ কথং জীবয়িষ্যতি ? যতঃ শক্রুকুলীনম্‌।

৯। লো-টী। ভিন্নো দারিতঃ প্রকাশিত ইতি যাবৎ। মন্ত্রো গুপ্তিবাদঃ। সোঽহং হীনঃ তস্য বলাৎ ন্যূনঃ। কথং শক্যস্তস্য যোগ্যঃ রক্ষিতুমিতি শেষঃ। 'তত্র মন্ত্রোপরুদ্ধশ্চে'তি পাঠে প্রকাশিতো গুপ্তবাদ ইত্যর্থঃ। কথং বা তস্য গুপ্তিকথনাৎ অহং জীবেয়ম্‌ ? কথমিত্যাস্যাবৃত্তিঃ। তেন সংগতঃ সন্‌। [পাঠান্তরমনুমেয়ম্‌।]

যে ব্যক্তি, অধর্ম্মের ভয়ে নহে, লক্ষ্মণের ভয়ে সীতাকে অন্বেষণ করিতে আরম্ভ করিয়াছে, তাহাতে ধর্ম্ম কিরূপে সম্ভব হয় ? ॥ ৬ ॥

অতএব, তৎকুলসম্ভূত কোন্‌ বুদ্ধিমান্‌ ব্যক্তি (জ্ঞাতি) জীবনের আশায় পাপিষ্ঠ, কৃতঘ্ন, ধর্ম্মশাস্ত্র-জ্ঞানহীন, চঞ্চল-স্বভাব সেই সুগ্রীবকে বিশ্বাস করিবে ? ॥ ৭ ॥

আমি গুণবান্‌ হই অথবা নির্গুণই হই—রাজ-পুত্র এবং স্বকুলোৎপন্ন অর্থাৎ জ্ঞাতি ; সুতরাং শক্র সুগ্রীব কার্য্যসাধনে প্রেরণ করিয়া [অকৃতকার্য্য দেখিলে] আমাকে কিরূপে জীবিত রাখিবে ? ॥ ৮ ॥

আমি বিরুদ্ধবাদী এবং শক্তিহীন, আমার বিরুদ্ধ-মন্ত্রণা প্রকাশ পাইয়াছে ; সুতরাং আমি কিষ্কিন্ধ্যায় যাইয়া যুদ্ধস্থলগত আয়ুহীন ব্যক্তির ন্যায় কি প্রকারে জীবিত থাকিব ? ॥ ৯ ॥

১। ঢ 'ন ধর্ম্ম-'। ২। ঙ '-ব্ধো', ছ '-ব্ধং'। ৩। ঙ-ছ-ণ 'সীতাং'। ৪। ছ 'ধর্ম্মং তস্য'। ৫। ক 'তস্মিন্‌'। ৬। ঙ-ছ 'বিশ্বস্যাৎ', ঢ 'বিশ্বস্তঃ স্যাত্তু কঃ প্রাজ্ঞঃ স্বর্গলীনো জিজীবিষুঃ', ণ 'বিশ্বস্ত'। ৭। ণ 'কুলং ন'। ৮। ঙ '-স্থাপ্য'। ৯। ক 'বাপি'। ১০। ঢ 'শক্রং'। ১১। ণ 'পিতৃব্যো মাং কুলীনং'। ১২। ঘ-ছ 'পিতৃব্যো'। ১৩। ঘ-ছ-ণ 'মন্ত্রোপরু-'। ১৪। ঙ 'ত্যজেৎ'। ১৫। ঘ-ঙ-ণ 'গতাসুরিব'।

উপাংশুদণ্ডেন হি মাং ব[1]ন্ধনেনা[2]বসাদয়েৎ।
শঠঃ ক্রূরঃ কৃতঘ্নশ্চ সুগ্রীবো রাজ্যকারণাৎ ॥ ১০ ॥
বন্ধনান্ম[3]রণাচ্ছ্রেয়[4] ইহ প্রায়োপবেশনম্।
অনুজা[5]নীত মাং সর্ব্বে গৃহা[6]ন্ গচ্ছত বানরাঃ ॥ ১১ ॥
ভবন্তঃ প্রতিগচ্ছন্তু ন গমিষ্যাম্যহং পুনঃ।
ইহৈব প্রায়মা[7]শিষ্যে শ্রেয়ো মরণমেব মে ॥ ১২ ॥
অভিবাদনপূর্ব্বন্তু সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ।
বাচ্যস্তাতো যবীয়ান্ মে কুশলং বচনান্মম ॥ ১৩ ॥
আরোগ্যপূর্ব্বং কুশলং বাচ্যা মাতা রু[8]মা তথা।
মাতরং চাপি মে তারামাশ্বাসয়িতুমর্হথ ॥ ১৪ ॥

১০। লো-টী। উপাংশুদণ্ড উচ্চারণং বিনৈব ভ্রূভঙ্গাদিরূপঃ। তেন যদ্ বন্ধনং তেনাবসাদয়েৎ। পীড়য়েৎ।

১১। লো-টী। বন্ধনাদ্ যন্মরণং তস্মাৎ প্রায়োপবেশনং শ্রেয়ঃ। অতো মাং প্রায়োপ-বেশনমিত্যাবৃত্তিঃ। প্রায়ায় মরণায় উপবেশনং যস্য তং মামনুজানীতেত্যর্থঃ।

১২। লো-টী। প্রায়ং মৃত্যুমাশিস্যে প্রাপ্স্যামি।

১৩। লো-টী। সুগ্রীবঃ অভিবাদনপূর্ব্বং কুশলং বাচ্যঃ। তাতো মে মম পিতুর্যবীয়ান্ কনিষ্ঠঃ।

শঠ, ক্রূর ও কৃতঘ্ন সুগ্রীব রাজ্যের জন্য [প্রকাশ্য] বন্ধনদ্বারা অথবা অপ্রকাশ্য শাস্তিদ্বারা আমাকে বিনাশ করিবে ॥ ১০ ॥

বন্ধনজন্য মৃত্যু অপেক্ষা এখানে প্রায়োপবেশন [-পূর্ব্বক মরণ] শ্রেয়; বানরগণ, আপনারা সকলে আমাকে অনুমতি দিয়া গৃহে গমন করুন ॥ ১১ ॥

আপনারা ফিরিয়া যান, আমি আর যাইব না; আমি এইখানেই মরণ বরণ করিব, [কারণ] আমার মরণই শ্রেয় ॥ ১২ ॥

আমার বাক্যানুসারে পিতৃব্য বানররাজ সুগ্রীবকে আমার অভিবাদন ও কুশল-সংবাদ জ্ঞাপন করিবেন ॥ ১৩ ॥

মাতা রুমাকে আমার আরোগ্য সংবাদসহ কুশল জ্ঞাপন করিবেন এবং আমার মাতা তারাকে আশ্বাস প্রদান করিবেন ॥ ১৪ ॥

১। চ 'বন্ধেন চাব-'। ২। ণ '-নে বাব-'। ৩। ঙ-চ '-ণং শ্রে-', ঘ '-ণং শ্রেয়ঃ কৃত্বা'। ৪। ণ '-শনাৎ'। ৫। ণ '-জানাত'। ৬। ছ-ঢ-ণ 'গৃহং'। ৭। ছ-ঢ '-মাশ্রিত্য'। ৮। ঙ 'তথা রুমা', ছ 'রুমা চ মে'।

প্রকৃত্যা প্রিয়পুত্রা সা সানুক্রোশা তপস্বিনী।
বিনষ্টং মামিহ শ্রুত্বা ব্যক্তং ত্যক্ষ্যতি জীবিতম্ ॥ ১৫

এতাবদুক্ত্বা বচনং বৃদ্ধাংস্তত্রাভিবাদ্য চ।
সংবিবেশাঙ্গদো ভূমৌ রুদন্ দর্ভেষু দুর্ম্মনাঃ ॥ ১৬ ॥

তস্য শ্রুত্বা বচস্তত্র করুণং বানরর্ষভাঃ।
নয়নেভ্যস্তু সসৃজুর্নেত্রজং বারি দুঃখিতাঃ ॥ ১৭ ॥

সুগ্রীবঞ্চৈব নিন্দন্তঃ প্রশংসন্তশ্চ বালিনম্।
পরিবার্য্যাঙ্গদং সর্ব্বে ব্যবস্য প্রায়মাশিতুম্ ॥ ১৮ ॥

তদ্বাক্যং বালিপুত্রস্য বিজ্ঞায় প্লবগর্ষভাঃ।
উপস্পৃশ্যোদকং সর্ব্বে প্রাঙ্মুখাঃ সমুপাবিশন্ ॥ ১৯ ॥

দক্ষিণাগ্রেষু দর্ভেষু কৃত্বা চোত্তরতঃ শিরঃ।
তমেবানু মরিষ্যন্তঃ সর্ব্বে সংবিবিশুর্ভুবি ॥ ২০ ॥

২০। লো-টী। কৃত্বা চোত্তরতঃ শিরঃ উত্তরশিরস্কাঃ সংবিবিশুরিত্যর্থঃ।

তিনি স্বভাবতঃ পুত্রবৎসলা, পরদুঃখে দুঃখিনী এবং [সম্প্রতি] শোচনীয় দুর্দ্দশায় উপনীতা, আমি এখানে [প্রায়োপবেশন-পূর্ব্বক] মরিয়াছি, ইহা শুনিলে নিশ্চয়ই প্রাণত্যাগ করিবেন ॥ ১৫ ॥

দুঃখিত অঙ্গদ এই কথা বলিয়া বয়োজ্যেষ্ঠদিগকে অভিবাদন করত কাঁদিতে কাঁদিতে সেইখানে মাটীতে কুশের উপর উপবেশন করিলেন ॥ ১৬ ॥

শ্রেষ্ঠ বানরগণ তাঁহার সেই করুণ বাক্য শুনিয়া দুঃখিত হইয়া নয়ন হইতে অশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন ॥ ১৭ ॥

বানরগণ বালি-পুত্র অঙ্গদের সেই বাক্য বিশেষভাবে অবগত হইয়া সুগ্রীবের নিন্দা এবং বালীর প্রশংসা করিতে করিতে অঙ্গদকে পরিবেষ্টন করত মরণ সংকল্প করিয়া আচমনপূর্ব্বক পূর্ব্বমুখ হইয়া উপবেশন করিলেন ॥ ১৮-১৯ ॥

১। ছ 'যশ-'। ২। ঘ 'হাস্যতি'। ৩। ঙ 'বৃন্দাংস্ত-'। ৪। ণ 'স বি-'। ৫। ণ 'বদন্'। ৬। ছ-ট 'তদ্ বচনং শ্রুত্বা সর্ব্বতো'। ৭। ঘ-ঙ-ণ 'সর্ব্বে তে'। ৮। ঘ-ছ-ট '-ভ্যঃ প্রসসৃজুঃ', ঙ '-ভ্যঃ প্রমমৃজুঃ'। ৯। ণ 'প্রশশংসুশ্চ'। ১০। ঘ-ঙ-ট-ণ 'ব্যবসন্', ছ 'স্তবসন্'। ১১। ঙ-চ-ণ 'বিজ্ঞো'। ১২। ঙ '-বানুবিমৃষ্যন্তঃ', ণ '-বার্থং মরি-'।

স সংবিশদ্ভির্ব্বহুভির্ম্মহীধরো মহাদ্রিশৃঙ্গপ্রতিমৈঃ প্লবঙ্গমৈঃ।[১]
বভূব সংনাদিতনির্ঝরান্তরো ভৃশং নদদ্ভির্জ্জলদৈরিবাম্বরঃ[২][৩] ॥ ২১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে প্রায়োপবেশনারম্ভো
নাম ষট্‌পঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৬ ॥

২১। লো-টী। সংবিশদ্ভিঃ শয়ানৈঃ। 'নির্ঝরান্তর' ইতি পাঠঃ। 'সানুকন্দর' ইতি বা পাঠঃ। সানুঃ পর্ব্বতৈকদেশঃ। কন্দরো গুহা। অম্বরে। 'উম্বগে' ইতি পাঠে বর্ষাকালে। প্রায়োপবেশনারম্ভঃ সর্গঃ।

বানরগণ অঙ্গদের সহিত মৃত্যু-কামনায় দক্ষিণাগ্র কুশের উপর উত্তরদিকে মস্তক রাখিয়া শয়ন করিলেন ॥ ২০ ॥

বিশাল পর্ব্বতশৃঙ্গতুল্য বানরগণ শয়ন করিলে [তাহাদের ক্রন্দনধ্বনিতে] নির্ঝরের সহিত সেই পর্ব্বত শব্দায়মান মেঘের ধ্বনিতে নিনাদিত আকাশের ন্যায় প্রতিধ্বনিত হইল ॥ ২১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে প্রায়োপবেশনারম্ভ
নামক ৫৬শ সর্গ সমাপ্ত ॥ ৫৬ ॥

১। ঙ-ছ 'সমং বি-'। ২। ঙ 'ধ্বনদ্ভি-'। ৩। ঙ-গ '-রিবোম্বগে'।

(৫৭) সপ্তপঞ্চাশঃ সর্গঃ

উপবিষ্টাস্তু তে সর্ব্বে তস্মিন্ প্রায়ং[১] ধরাধরে।
হরয়ো গৃধ্ররাজশ্চ তং দেশং[২] সমুপাস্থিতঃ ॥ ১ ॥

সম্পাতির্নাম[৩] নাম্না তু দীর্ঘজীবী[৪] দ্বিজোত্তমঃ।
জটায়ুষোঽগ্রজো ভ্রাতা প্রখ্যাতবলপৌরুষঃ ॥ ২ ॥

কন্দরাদভিনিষ্ক্রম্য[৫] স বিন্ধ্যস্য[৬] মহাগিরেঃ।
উপবিষ্টান্ হরীন্ দৃষ্ট্বা প্রীতো বচনমব্রবীৎ ॥ ৩ ॥

বিধিঃ কিল পরো[৭] লোকে বিধানেনোপতিষ্ঠতে[৮]।
যথেদং বিহিতং[৯] ভক্ষ্যং চিরান্মে সমুপস্থিতম্ ॥ ৪ ॥

বনেচরাণাং[১০] খাদিষ্যে বানরাণাং মৃতং মৃতম্।
এবমুক্ত্বা তু[১১] সম্পাতী তানবৈক্ষত[১২] বানরান্ ॥ ৫ ॥

১। লো-টী। প্রায়ং মরণমুদ্দিশ্য উপবিষ্টাঃ শয়িতাঃ। 'প্রায়ো মরণানশনে মৃত্যৌ বাহুল্যতুল্যয়ো'রিতি কোষঃ। যদা তদা গৃধ্ররাজস্তং দেশম্।

২। লো-টী। নাম প্রসিদ্ধৌ, নাম্না সংজ্ঞয়া, সম্পাতিরিদন্তো নান্তশ্চ দৃশ্যতে।

৪। লো-টী। বিধির্নিয়তিঃ, কিল নিশ্চিতম্, পরে লোকেঽপীতি সর্ব্বজ্ঞঃ। বিধানেন ঈশ্বরাজ্ঞয়া উপতিষ্ঠতে উপস্থিতো ভবতি। তদেবাহ—যথেদমিতি, বিহিতমীশ্বরবিহিতম্।

সেই বানরগণ সকলে সেই পর্ব্বতে প্রায়োপবেশন করিলেন—জটায়ুর জ্যেষ্ঠভ্রাতা বল-বিক্রমে প্রসিদ্ধ পক্ষিশ্রেষ্ঠ দীর্ঘজীবী গৃধ্ররাজ সম্পাতিও সেইখানে উপস্থিত হইলেন ॥ ১-২ ॥

তিনি বিন্ধ্যপর্ব্বতের গুহা হইতে বহির্গত হইয়া বানরদিগকে উপবিষ্ট দেখিয়া হৃষ্টচিত্তে বলিলেন—॥ ৩ ॥

জগতে পূর্ব্বকর্ম্মানুসারে উত্তম কর্ম্মফল নিশ্চয়ই উপস্থিত হয়, যেহেতু বহুকাল পরে আমার বিধিনির্দ্দিষ্ট খাদ্য উপস্থিত হইয়াছে ॥ ৪ ॥

বনবাসী বানরদিগের মধ্যে ক্রমশঃ মৃত এক একটী করিয়া খাইব, সম্পাতী এইরূপ বলিয়া বানরদিগের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেন ॥ ৫ ॥

১। ঙ-ছ '-তলে'। ২। ঘ-ঙ-চ '-পস্থি-'। ৩। ঘ-ঙ-ণ '-তী নাম'। ৪। চ 'দীর্ঘজিহ্বো'। ৫। চ '-ক্রান্তঃ'। ৬। ঙ 'বিন্ধ্যস্য চ'। ৭। ক 'পরে'। ৮। ঘ-ছ-ণ '-বর্ত্ততে', ঙ '-তর্কিতে'। ৯। ঙ 'চিন্তিতং'। ১০। ক 'বরং বরাণাং'। ১১। ঘ 'স'। ১২। ঘ 'তান্নিরৈক্ষত', ণ 'তান্নিরীক্ষেত'।

তস্য তদ্বচনং শ্রুত্বা গৃধ্ররাজস্য দারুণম্।
অঙ্গদঃ পরমত্রস্তো[১] হনূমন্তমুবাচ হ ॥ ৬ ॥
পশ্য প্রাণ্যশনঃ[২] পক্ষী সাক্ষাদ্ বৈবস্বতোপমঃ[৩]।
ইমং দেশমনুপ্রাপ্তো বানরাণাং বিপত্তয়ে ॥ ৭ ॥
রামস্য ন কৃতং কার্য্যং ন রাজ্ঞো বচনং কৃতম্।
হরীণামিয়মজ্ঞাতা বিপত্তিঃ সমুপাগতা[৪] ॥ ৮ ॥
বৈদেহ্যাং হ্রিয়মাণায়াং কৃতং কর্ম্ম জটায়ুষা।
গৃধ্ররাজ্ঞা জনস্থানে শ্রুতং বস্তন্ন সংশয়ঃ ॥ ৯ ॥
রাবণেন নৃশংসেন স[৫] বৈ প্রাণৈর্ব্বিয়োজিতঃ।
[৬]কৃতো রাজা চ সুগ্রীবো হত্বা রামেণ বালিনম্ ॥ ১০ ॥
এবং সর্ব্বাণি ভূতানি তির্য্যগ্‌যোনিগতান্যপি[৭]।
প্রিয়ং কুর্ব্বন্তি রামস্য ত্যক্ত্বা প্রাণান্[৮] বয়ং যথা ॥ ১১ ॥

৬। লো-টী। পরমাপৎসু তিষ্ঠতীতি পরমাপৎস্থঃ। 'পরমায়স্ত' ইতি পাঠে পরমক্লেশিতঃ ক্লিষ্ট ইত্যর্থঃ। 'আয়স্ত-ক্লেশিতে ক্ষিপ্তে ক্লেশিতে কুপিতে হতে' ইতি কোষঃ।

৭। লো-টী। সীতায়াঃ প্রণাশেন অদর্শনেন।

৯। লো-টী। গৃধ্ররাজ্ঞা গৃধ্ররাজেন কর্ম্ম কৃতম্, সংশয়ঃ প্রাণনাশশ্চ প্রাপ্ত ইতি শ্রুতমস্মাভিঃ। 'গৃধ্ররাজেন যত্তত্র জনস্থানে শ্রুতং ময়া' ইতি বা পাঠঃ।

গৃধ্ররাজ সম্পাতীর সেই দারুণ বাক্য শুনিয়া অঙ্গদ অত্যন্ত ভীত হইয়া হনুমান্‌কে বলিলেন—॥ ৬ ॥

দেখুন, বানরদিগের বিনাশের জন্য মূর্ত্তিমান যমের ন্যায় [এই] জীব-জন্তু-ভোজী পক্ষী এই স্থানে উপস্থিত হইয়াছে ॥ ৭ ॥

রামচন্দ্রের প্রিয় কার্য্য করা হইল না এবং মহারাজ সুগ্রীবের বাক্যও পালন করা হইল না ; বানরদিগের এই অতর্কিত [নূতন] বিপদ্ উপস্থিত ॥ ৮ ॥

বিদেহরাজ-নন্দিনী সীতা অপহৃত হইলে গৃধ্ররাজ জটায়ু জনস্থানে যে কাজ করিয়াছেন, তাহা আপনারা নিশ্চয়ই শুনিয়াছেন ॥ ৯ ॥

সেই জটায়ু নৃশংস রাবণকর্ত্তৃক হত হইয়াছেন এবং রামচন্দ্র বালীকে বধ করিয়া সুগ্রীবকে রাজা করিয়াছেন ॥ ১০ ॥

আমরা যেরূপ প্রাণ বিসর্জ্জন দিয়া রামের প্রিয় কার্য্য করিতেছি, সেইরূপ

১। ঘ-ঢ '-মায়স্তো'। ২। ক 'সীতাপ্রণাশেন'। ৩। ক '-তো যমঃ'। ৪। ছ-ঢ-ণ 'সহসাগতা'। ৫। ণ 'সর্ব্বপ্রা-'। ৬। ক-পুস্তকে ইদং পাদদ্বয়ং নাস্তি। ৭। ঙ 'গতানি চ'। ৮। ঘ-ছ-ণ 'ত্যক্তাত্মানো', ঢ 'ত্যক্ত্বাত্মানং যথা বয়ম্'।

রামস্যার্থে[১] পরাক্রান্তাস্তদর্থং[২] ত্যক্তজীবিতাঃ।
কান্তারাণি প্রপন্নাঃ স্ম[৩] ন চ পশ্যাম[৪] মৈথিলীম্ ॥ ১২ ॥

সুখিতো গৃধ্ররাজস্তু রাবণেন হতো রণে।
মুক্তশ্চ[৫] সুগ্রীবভয়াদ্ গতশ্চ গতিমুত্তমাম্ ॥ ১৩ ॥

পিতুর্ম্মম বিনাশায় জহার জনকাত্মজাম্।
রাক্ষসাপসদঃ পাপঃ পৌলস্ত্য[৬]কুলপাংসনঃ[৭]।
মৃতান্ মৃতান্ নো গৃধ্রোঽয়ং ভক্ষয়িষ্যতি বানরান্ ॥ ১৪ ॥

জটায়ুষো বালিনশ্চ নাশাদ্দশরথস্য চ।
হরণে[৮] চাপি বৈদেহ্যাঃ সংশয়ং বা[৯]নরা গতাঃ ॥ ১৫ ॥

সুদুষ্করং কৃতং কর্ম্ম কৈকেয্যা ধর্ম্মগর্হিতম্[১০]।
যয়া[১১] সমস্তং নিহতং কুলমাত্মা যশো বয়ম্ ॥ ১৬ ॥

১২। লো-টী। প্রপন্নাঃ প্রাপ্তাঃ। 'প্রপশ্যাম' ইতি বা পাঠঃ।

১৩। লো-টী। সুখিতঃ সংজাতসুখঃ। গতশ্চ মম পিতেতি শেষঃ। যদ্বা, গতঃ প্রাপ্তঃ, উত্তমাং গতিং সর্ব্ববানরৈশ্বর্য্যাম্।

১৬। লো-টী। দুষ্করম্ অনুচিতম্। পাপসংহিতং পাপসম্পাদকম্, 'ধর্ম্মগর্হিত'মিতি বা পাঠঃ।

তির্য্যগ্‌যোনি প্রভৃতি সমস্ত প্রাণীই প্রাণ পরিত্যাগ করিয়া রামচন্দ্রের প্রিয় কার্য্য করিতেছে ॥ ১১ ॥

আমরা রামের জন্য [সীতার অন্বেষণ করিতে করিতে] পরিশ্রান্ত হইয়াছি এবং তাঁহার জন্যই জীবনের আশা পরিত্যাগপূর্ব্বক দুর্গম অরণ্যে উপস্থিত হইয়াছি। [কিন্তু] মিথিলারাজ-নন্দিনী সীতাকে দেখিতে পাইতেছি না ॥ ১২ ॥

গৃধ্ররাজ জটায়ুই সুখী ; রাবণকর্তৃক যুদ্ধে নিহত হইয়া তিনি সুগ্রীবের ভয় হইতেও মুক্ত হইয়াছেন উত্তম গতিও লাভ করিয়াছেন ॥ ১৩ ॥

পুলস্ত্যবংশসম্ভূত পাপিষ্ঠ রাক্ষসকুলাধম রাবণ আমার পিতার বিনাশের জন্যই জনকনন্দিনী সীতাকে হরণ করিয়াছে। আমরা সকলে মরিব এবং এই গৃধ্র আমাদিগকে পর পর ভক্ষণ করিবে ॥ ১৪ ॥

জটায়ু, বালী এবং দশরথের মৃত্যুতে—বিদেহরাজ-নন্দিনী সীতার হরণে বানরগণের প্রাণ-সংশয় উপস্থিত হইল ॥ ১৫ ॥

কৈকেয়ী অত্যন্ত ধর্ম্মবিরুদ্ধ অন্যায় কাজ করিয়াছেন—তিনি নিজকে এবং

১। ক 'রাঘবার্থে'। ২। গ 'পরিশ্রান্তা'। ৩। গ 'স্মো'। ৪। গ '-মি'। ৫। গ 'যুক্তো বালী চ বলবান্ গতশ্চ'। ৬। চ 'পুলস্ত্য-'। ৭। গ '-পাংশুলঃ'। ৮। চ 'হরণেনাপি'। ৯। ঙ 'পুনরা-'। ১০। ছ-চ 'বত গ-'। ১১। চ 'যথা'।

কৈকেয্যা হি[১] কৃতে পাপে শোকেন স[২] মহাদ্যুতিঃ।
তথা[৩] ক্ষিতিপতিঃ[৪] প্রেতঃ পুত্রৌ[৫] সংপ্রেষ্য দণ্ডকম্ ॥ ১৭ ॥
উপকা[৬]রস্তু কুর্ব্বন্তি সাধবঃ সজ্জনে[৭] সদা।
ধন্যঃ[৮] স গৃধ্রাধিপতির্জটায়ুঃ পরবীরহা।
যো রাঘবার্থে নিহতো রাবণেন পরাক্রমাৎ ॥ ১৮ ॥
এতচ্ছ্রুত্বা[৯] তু বচনমঙ্গদস্য মুখাচ্চ্যুতম্।
ভ্রাতৃস্নেহেন সম্পাতী[১০] সহসা ব্যথিতোঽভবৎ ॥ ১৯ ॥
তাং[১১]শ্চ প্রায়মুপাবিষ্টাংস্তদা গিরিবরে স্থিতঃ।
অব্রবীদ্বচনং গৃধ্রস্তীক্ষ্ণতুণ্ডো দুরাসদঃ ॥ ২০ ॥
জটায়ু[১২]ষং কো বদতি প্রাণৈরিষ্টত[১৩]রং মম।
হতং[১৪] শূরমনার্য্যেণ মমেদং ব্যথিতং মনঃ ॥ ২১ ॥

১৭। লো-টী। যথা কুলাদিকং তয়া হতং তথৈব কৈকেয্যা পাপে কৃতে ক্ষিতিপতিরপি নষ্টঃ। 'যথা ক্ষিতিপতির্বৃত্তঃ পুত্রৌ প্রেষ্য চ দণ্ডক'মিতি পাঠে—তয়া হেতুনা, যথা ক্ষিতিপতির্বৃত্তোঽতীতঃ, তথৈব কুলাদি নিহতমিতি পূর্ব্বেণান্বয়ঃ।

নিজের যশ ও বংশকে বিনষ্ট করিলেন এবং আমাদিগকেও নিহত করিলেন ॥ ১৬॥

কৈকেয়ী পাপ (অর্থাৎ রামের বনবাসরূপ অসঙ্গত বর-প্রার্থনা) করিলে সেই মহাতেজস্বী মহারাজ দশরথ শোকে অভিভূত হইয়া পুত্র রাম ও লক্ষ্মণকে দণ্ডকারণ্যে প্রেরণ করিয়া পরলোকে গমন করিলেন ॥ ১৭ ॥

সাধুগণ সর্ব্বদাই সজ্জনের উপকার করেন ; ধন্য সেই শত্রুবীর-হন্তা গৃধ্ররাজ জটায়ু—যিনি রামচন্দ্রের জন্য বিক্রম প্রকাশ করিয়া রাবণকর্ত্তৃক নিহত হইয়াছেন ॥১৮॥

সম্পাতী অঙ্গদের মুখনিঃসৃত এই বাক্য শ্রবণ করিয়া সহসা ভ্রাতৃস্নেহে কাতর হইয়া পড়িলেন ॥ ১৯ ॥

তখন পর্ব্বতোপরি অবস্থিত তীক্ষ্ণচঞ্চুবিশিষ্ট দুর্দ্ধর্ষ সম্পাতী সেই প্রায়োপবেশনে উপবিষ্ট বানরদিগকে এই কথা বলিলেন—॥ ২০ ॥

আমার প্রাণ অপেক্ষা প্রিয়তর বীর জটায়ু পাপিষ্ঠকর্ত্তৃক হত হইয়াছেন, এই কথা কে বলিতেছেন ?—ইহাতে আমার মন অত্যন্ত ব্যথিত হইতেছে ॥ ২১ ॥

১। গ 'চ'। ২। ঙ 'মহতাদ্যুতিঃ', গ 'মহতামুভিঃ'। ৩। ঙ-ছ-চ 'যথা', গ 'সত্যসন্ধঃ ক্ষিতিপতিঃ পুত্রৌ সংপ্রেক্ষ্য'। ৪। ঘ-ছ '-তির্ব্বৃত্তঃ'। ৫। ক-গ 'পুত্রং'। ৬। ঙ 'অপ-'। ৭। ঙ 'সজ্জনৈঃ'। ৮। ঙ 'ধন্যশ্চ'। ৯। চ 'স তু শ্রুত্বা তু'। ১০। ঙ '-তিঃ স-'। ১১। গ 'এতান্'। ১২। অস্যার্দ্ধস্য স্থানে ঙ-পুস্তকে 'কোঽয়ং গিরং ঘোষয়তি প্রাণৈঃ প্রিয়তরস্য মে। জটায়ুযো মম ভ্রাতুঃ ক্ষোভয়ন্নিব মে মনঃ ॥' ইতিপাঠঃ। ১৩। ঙ '-তমং'। ১৪। ক-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি।

তদিচ্ছেয়মহং শ্রোতুং বিনাশং বানরর্ষভাঃ।
ভ্রাতুর্জ্জটায়ুষস্তস্য[১] জনস্থাননিবাসিনঃ ॥ ২২ ॥

কথং জটায়ুর্নিহতঃ কশ্চ রামো জটায়ুষঃ।
কথমাসীজ্জনস্থানে যুদ্ধং রাক্ষসগৃধ্রয়োঃ ॥ ২৩ ॥

পূর্ব্বজোহহং জটায়ুর্মে[২] যবীয়ান্ হরিপুঙ্গবাঃ।
হতঃ কেন কথং কুত্র কস্মাদ্বা[৩] প্রায়মাস্যতে ॥ ২৪ ॥

যবীয়সো গুণাঢ্যস্য শ্লাঘনীয়স্য বিক্রমৈঃ।
নামধেয়মিদং ভ্রাতুশ্চিরাদদ্য ময়া শ্রুতম্ ॥ ২৫ ॥

তস্যেষ্টস্য মম ভ্রাতুঃ সখা দশরথো নৃপঃ।
[৪]তস্য রামঃ প্রিয়ঃ পুত্রো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠশ্চ সদ্‌গুণৈঃ ॥ ২৬ ॥

বনং প্রবিষ্টঃ স কথং সীতয়া[৫] সহ ভার্য্যয়া।
পৃষ্ঠতোহনুগতো ভ্রাত্রা লক্ষ্মণেন চ বীর্য্যবান্ ॥ ২৭ ॥

২৩। লো-টী। 'কশ্চ রামো জটায়ুষ' ইতি রাঘবাদন্যমাকলয্য প্রশ্নোহয়ম্, শ্রীরামঞ্চ জানাত্যেব, 'যস্য রামঃ প্রিয়ঃ পুত্র' ইতি বক্ষ্যমাণত্বাৎ। × × ×

সম্পাতিদর্শনঃ সর্গঃ।

অতএব শ্রেষ্ঠ বানরগণ, জনস্থাননিবাসী ভ্রাতা সেই জটায়ুর মরণবৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি ॥ ২২ ॥

কেন জটায়ু নিহত হইল এবং রাম জটায়ুর কে হন, জনস্থানে রাক্ষস এবং গৃধ্রের যুদ্ধই বা কেন হইয়াছিল? ॥ ২৩ ॥

শ্রেষ্ঠ বানরগণ, আমি জ্যেষ্ঠ এবং জটায়ু আমার কনিষ্ঠ; কে কোথায় কি জন্য তাহাকে নিহত করিয়াছে? আপনারাই বা কেন প্রায়োপবেশন করিতেছেন? ॥ ২৪ ॥

পরাক্রমদ্বারা প্রশংসনীয় আমার গুণবান্ কনিষ্ঠ ভ্রাতার নাম আমি আজ বহুকাল পরে শুনিলাম ॥ ২৫ ॥

রাজা দশরথ আমার সেই কনিষ্ঠ ভ্রাতার বন্ধু; সদ্‌গুণ-ভূষিত রামচন্দ্র তাঁহার প্রিয় জ্যেষ্ঠ পুত্র ॥ ২৬ ॥

সেই বলশালী রামচন্দ্র, ভার্য্যা সীতা এবং ভ্রাতা লক্ষ্মণের সহিত কি জন্য বনে প্রবেশ করিলেন? ॥ ২৭ ॥

১। চ '-স্তত্র'। ২। ঘ-ঙ-ছ-ণ 'যবীয়ান্ মে জটায়ুর্হরি-', চ 'যবীয়ান্ মে জটায়ুঃ পক্ষিণাং বরঃ'। ৩। ঙ 'কথং প্রায়মুপাস্যতে', ণ 'কথং বা'। ৪। ক 'যস্য'। ৫। ণ 'ভার্য্যয়া সহ সীতয়া'।

কথঞ্চাপি[১] হৃতা সীতা কেন বা[২] হরিপুঙ্গবাঃ।
কেন বা কারণেনৈতৎ[৩] সর্ব্বমাখ্যাতুমর্হথ ॥ ২৮ ॥
সূর্য্যাংশুদগ্ধপক্ষোঽহং[৪] ন সমর্থো বিসর্পণে।
ইচ্ছেয়মস্মাদ্ গির্য্যগ্রাদ্[৫] ভবদ্ভিরবতারণম্ ॥ ২৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে সম্পাতিদর্শনং নাম
সপ্তপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৭ ॥

শ্রেষ্ঠ বানরগণ, কে কোথায় কি প্রকারে এবং কি কারণে সীতাকে অপহরণ করিল এই সমস্ত আপনারা বলুন ॥ ২৮ ॥

আমার পক্ষ সূর্য্যকিরণে দগ্ধ হওয়ায় আমি চলিতে সমর্থ নহি, আমি আপনাদের সাহায্যে এই পর্ব্বত হইতে অবতরণ করিতে ইচ্ছা করি ॥ ২৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে সম্পাতিদর্শন-নামক
৫৭শ সর্গ সমাপ্ত ॥ ৫৭ ॥

১। ঙ-ঢ '-থং ৰাপি'। ২। ছ 'বানরপুঙ্গবাঃ'। ৩। ঘ 'কস্মিন্ বা কারণাত্তত্বং', ছ-ণ 'কস্মিন্ বা কারণে তত্ত্বং', ঢ 'কস্মিন্ বা কারণে চেতি'। ৪। ঘ-ঢ '-ক্ষোঽহমসমর্থো'। ৫। ঘ '-দ্ যুষ্মাভির-'।

(৫৮) অষ্টপঞ্চাশঃ সর্গঃ

[১]শোকাক্রুষ্টস্বরমপি [২]শ্রুত্বা তে [৩]হরিযূথপাঃ।
শ্রদ্দধুর্নৈব [৪]তদ্বাক্যং কর্ম্মণা তেন শঙ্কিতাঃ ॥ ১ ॥
তে তু প্রায়মুপাবিষ্টাশ্চিন্তয়ন্তোঽবনীমুখাঃ।
চক্রুর্ব্বুদ্ধিময়ং পাপঃ সর্ব্বান্ নো ভক্ষয়িষ্যতি ॥ ২ ॥
[৫]সর্ব্বথা প্রায়মাসীনান্ যদি নো ভক্ষয়িষ্যতি।
কৃতকৃত্যা ভবিষ্যামঃ [৬]সর্ব্বে [৭]সিদ্ধিমিতো গতাঃ ॥ ৩ ॥
এতাং বুদ্ধিং [৮]তদা কৃত্বা সর্ব্বে বানরপুঙ্গবাঃ।
ততোঽবতারয়ামাসুর্গিরিশৃঙ্গাৎ খগোত্তমম্।
[৯]অবতার্য্য [১০]ততশ্চৈনমঙ্গদো বাক্যমব্রবীৎ ॥ ৪ ॥

১। লো-টী। শোকাৎ মুহুরতীব ত্রস্তং ত্রাসযুক্তং দৃষ্ট্বাপি, তেন ভক্ষণার্থমুদ্যুক্তেন কর্ম্মণা। 'শোকার্ত্তস্থ স্বনং শ্রুত্বা সম্পাতে'রিতি বা পাঠঃ।
৩। লো-টী। 'দীনাম্ন' ইতি পাঠঃ। 'যদি ন' ইতি বা পাঠঃ। অতোঽস্মাৎ। 'ইতো গতা' ইতি বা পাঠঃ।

বানরদলপতিগণ তাহার শোক-বিহ্বল স্বর শুনিয়াও পূর্ব্বানুষ্ঠিত কার্য্যদ্বারা শঙ্কিত হইয়া তাহার বাক্যে আস্থা স্থাপন করিলেন না ॥ ১ ॥

সেই প্রায়োপবেশনকারী বানরগণ অধোমুখে চিন্তা করিতে করিতে স্থির করিলেন যে এই পাপিষ্ঠ আমাদের সকলকে খাইয়া ফেলিবে ॥ ২ ॥

যদি [এই পাপিষ্ঠ] প্রায়োপবেশনকারী আমাদিগকে ভক্ষণ করে তবে আমরা সকলেই ইহা হইতে সিদ্ধিলাভ করিয়া কৃতকৃত্য হইব ॥ ৩ ॥

শ্রেষ্ঠ বানরগণ সকলে তখন এই বুদ্ধি স্থির করিয়া সম্পাতিকে সেই পর্ব্বত-শৃঙ্গ হইতে অবতারিত করিলেন ; পরে অঙ্গদ তাঁহাকে বলিতে লাগিলেন—॥ ৪ ॥

১। ঘ 'শোকগ্রস্ত-', ছ·ণ 'শোকাদ্‌ভ্রষ্ট-', ঢ 'শোকার্ত্তস্থ স্বরং শ্রুত্বা সম্পাতের্হ-'। ২। ণ 'তচ্ছ্রুত্বা'। ৩। ণ 'পুঙ্গবাঃ'। ৪। ঢ 'তে বাক্যং'। ৫। ণ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৬। ক 'ক্ষিপ্রং'। ৭। ণ 'বুদ্ধি-মিমাং'। ৮। ণ 'তদাগত্য'। ৯। পঞ্চম-ষষ্ঠশ্লোকয়োঃ স্থানে ণ-টিপ্পণ্যাম্ 'অবতার্য্য গিরেঃ কূটাৎ গৃধ্ররাজং মহাবলম্। সমাশ্বাস্য তু সম্পাতিমঙ্গদো বালিনন্দনঃ ॥ ইদং বচনমব্যগ্রমব্রবীৎদতাং বরঃ। মমাষ্যকো হরিশ্রেষ্ঠো ধার্ম্মিকস্তস্য চাত্মজৌ। সুগ্রীবশ্চৈব বালী চ পুত্রৌ যৌ প্লবগাবুভৌ ॥' ইতি পাঠঃ। ১০। ঢ 'ততঃ শৈলাদ-', ঙ 'ততশ্চৈব-'।

প্রাগ্ বভূবর্ক্ষরাজো বৈ বানরেন্দ্রঃ প্রতাপবান্।
[১] [২]
মমার্য্যকঃ পক্ষিবর ধার্ম্মিকঃ শুচিরাত্মবান্ ॥ ৫ ॥
তস্যাত্মজৌ মহাত্মানৌ বলবন্তৌ বভূবতুঃ।
বালী চ হরিশার্দ্দূলঃ সুগ্রীবশ্চ পরন্তপঃ।
[৩] [৪]
লোকে বিশ্রুতকর্ম্মাণৌ রাজা চাসীৎ পিতা মম ॥ ৬ ॥
[৫]
রাজা সর্ব্বস্য লোকস্য ক্ষত্রিয়াণাং মহারথঃ।
রামো দাশরথিঃ শ্রীমান্ প্রবিষ্টো দণ্ডকং বনম্ ॥ ৭ ॥
[৬]
লক্ষ্মণেন সহ ভ্রাত্রা সীতয়া চাপি ভার্য্যয়া।
[৭] [৮] [৯] [১০]
পিতুর্নিদেশান্নিষ্ক্রান্তো ধর্ম্মপন্থানমাস্থিতঃ ॥ ৮ ॥

৫। লো-টী। 'প্রাগ্ বভূবর্ক্ষরাজো বৈ' ইতি পাঠঃ। 'বভূবাক্ষিরজা নামে'তি কচিৎ পাঠঃ। আর্য্যকঃ পিতামহঃ।

৬। লো-টী। 'রাজা চাসীৎ পিতা মম' ইতি পাঠঃ। 'রাজা বালী'ত্যপি কচিৎ পাঠঃ।

৭। লো-টী। ইদানীং প্রকৃতং কথয়তি—রাজেতি।

৮। লো-টী। ধর্ম্মঃ পন্থা যত্র তম্ অবণ্যবিশেষম্। যদ্বা, ধর্ম্মস্য পন্থানমিতি। তদা আর্ষং পদম্। আবিশৎ। 'আস্থিত' ইতি বা পাঠঃ।

হে পক্ষিশ্রেষ্ঠ, পূর্ব্বে প্রতাপশালী বানররাজ ধার্ম্মিক অতি পবিত্রস্বভাব এবং সংযতাত্মা ঋক্ষরাজ নামে আমার পিতামহ ছিলেন। তাঁহার বলশালী উদারচেতা বিখ্যাতকর্ম্মা বানরশ্রেষ্ঠ 'বালী' এবং শত্রুপীড়নকারী 'সুগ্রীব' নামে দুই পুত্র ছিলেন; তন্মধ্যে আমার পিতা [বালী] রাজা ছিলেন ॥ ৫-৬ ॥

ক্ষত্রিয়দিগের মধ্যে প্রধান যোদ্ধা সমস্ত লোকের রাজা ধর্ম্মমার্গে অবস্থিত দশরথ-পুত্র শ্রীমান্ রামচন্দ্র পিতার আদেশে ভ্রাতা লক্ষ্মণ এবং ভার্য্যা সীতার সহিত [রাজ্য হইতে] বহির্গত হইয়া দণ্ডকারণ্যে প্রবেশ করিয়াছিলেন ॥ ৭-৮ ॥

১। ণ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। ঢ '-র্য্যকো হরিশ্রেষ্ঠো', ঙ '-র্য্যকঃ কপিবরো'। ৩। ঘ-ঙ-ণ 'লোকবি-'। ৪। ঢ '-কর্ম্মা হি'। ৫। ঢ 'ইক্ষ্বাকুণাং'। ৬। ঘ-ছ-ণ 'ভার্য্যয়া চাপি সীতয়া', ঙ 'ভার্য্যয়া সীতয়া সহ', ঢ 'সীতয়া সহ ভার্য্যয়া'। ৭। ঙ '-নিয়োগাদ্বিক্রা-', ঢ-ণ '-নিয়োগা-'। ৮। ণ '-দ্বিক্রান্তো',। ৯। ণ 'ধর্ম্ম্যপ-'। ১০। ঘ-ঢ-ণ '-মাশ্রিতঃ'।

ব্রাহ্মণদ্বেষিণা নিত্যং সর্ব্বপাপাভিসন্ধিনা[১]।
তস্য ভার্য্যা জনস্থানাদ্ রাবণেন হৃতা ছলাৎ[২] ॥ ৯ ॥

রামস্য চ[৩] পিতুর্ম্মিত্রং[৪] জটায়ুর্নাম ধার্ম্মিকঃ।
দদর্শ নীয়মানাং[৫] তাং রাক্ষসেন স[৬] মৈথিলীম্ ॥ ১০ ॥

[৭]রাবণং বিরথং কৃত্বা মোচয়িত্বা চ মৈথিলীম্।
পরিশ্রান্তশ্চ বৃদ্ধশ্চ রাবণেন ততো হতঃ ॥ ১১ ॥

এবং গৃধ্রো হতস্তেন রাবণেন[৮] বলীয়সা।
মিত্রার্থমভিসন্তপ্তঃ পরং[৯] পৌরুষমাস্থিতঃ[১০]।
সৎকৃতশ্চাপি রামেণ গতঃ স্বর্গং ন সংশয়ঃ ॥ ১২ ॥

এবং রামপ্রযুক্তাঃ স্মো[১১] মার্গমাণাস্ততস্ততঃ।
বৈদেহীং নাধিগচ্ছামো নিশি সূর্য্যপ্রভামিব ॥ ১৩ ॥

৯। লো-টী। তস্য রামস্য পাপাভিসন্ধিনা দুঃখাভিসন্ধিনা তস্যৈব ভার্য্যা হৃতা ইত্য-পুনরুক্তিঃ।

১৩। লো-টী। ক্বচিদ্ 'বয়ং তাং নাধিগচ্ছামো রাত্রৌ সূর্য্যপ্রভামিবে'ত্যর্দ্ধপঠং নাস্তি।

সর্ব্বদা ব্রাহ্মণদ্বেষী এবং সমস্ত পাপকার্য্যে আগ্রহান্বিত রাবণ জনস্থান হইতে তাঁহার ভার্য্যা সীতাকে ছলপূর্ব্বক অপহরণ করিয়াছে ॥ ৯ ॥

রামচন্দ্রের পিতা দশরথের পরমমিত্র সেই ধার্ম্মিক জটায়ু দেখিতে পাইলেন—রাবণ মিথিলারাজ-নন্দিনী সীতাকে অপহরণ করিয়া লইয়া যাইতেছে ॥ ১০ ॥

[তাহা দেখিয়া] বৃদ্ধ জটায়ু [প্রবল যুদ্ধে] রাবণের রথ ভগ্ন করিয়া সীতাকে [তাহার কবল হইতে] মোচন করিয়াছিলেন। পরে পরিশ্রান্ত হইয়া পড়ায় রাবণ তাঁহাকে বধ করিয়াছে ॥ ১১ ॥

মিত্রের জন্য দুঃখিত গৃধ্ররাজ জটায়ু অতিশয় পুরুষকার অবলম্বন করিয়া সেই বলবান্ রাবণকর্ত্তৃক নিহত হইয়াছেন এবং রামচন্দ্র কর্ত্তৃক সৎকৃত হইয়া স্বর্গে গমন করিয়াছেন, এ বিষয়ে সন্দেহ নাই ॥ ১২ ॥

১। ক 'পাপাভিসিদ্ধিনা', চ 'পাপাতিবুদ্ধিনা', ণ 'পাপানুসন্ধিনা'। ২। ণ 'বলাৎ'। ৩। ণ 'তু'। ৪। ণ '-নিত্যং'। ৫। ঘ-ঙ-ছ-ণ '-নাক্ষ'। ৬। ক 'চ'। ৭। ণ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৮। ণ 'হতস্তনু রা-'। ৯। ঘ-ছ 'শূরঃ'। ১০। ঙ-চ-ণ '-মাশ্রিতঃ'। ১১। ঙ 'স্ম'।

এবমিক্ষ্বাকুনাথস্য বসতঃ কাননে প্রিয়াম্[১]।
জহার রাবণো ভার্য্যাং হত্বা গৃধ্রং জটায়ুষম্ ॥ ১৪ ॥
তব ভ্রাতৃনিহন্তারং রামভার্য্যাপহারিণম্।
নিহন্যুঃ কপয়ঃ শীঘ্রং[২] জানীয়ুর্যদি যত্র[৩] সঃ ॥ ১৫ ॥
ততো মম পিতৃব্যেণ সুগ্রীবেণ মহাত্মনা।
চকার রাঘবঃ সখ্যমবধীৎ পিতরঞ্চ[৪] মে ॥ ১৬ ॥
মম পিত্রা বিরুদ্ধন্তু[৫] সুগ্রীবং[৬] সচিবৈঃ সহ।
নিহত্য বালিনং রামস্ততস্তমভিষিক্তবান্ ॥ ১৭ ॥
স রাজ্যে স্থাপিতস্তেন সুগ্রীবো বানরাধিপঃ।
রাজা বানরমুখ্যাণাং যেন প্রস্থাপিতা বয়ম্ ॥ ১৮ ॥
তে বয়ং দণ্ডকারণ্যং বিচিত্য সুসমাহিতাঃ।
অবিজ্ঞানাৎ প্রবিষ্টাঃ স্ম ধরণ্যাং বিবৃতং বিলম্ ॥ ১৯ ॥
ময়স্য মায়াবিহিতং বিলং তচ্চ[৭] বিচিন্বতাম্।
ব্যতীতস্তত্র নো মাসো রাজ্ঞা যঃ সময়ঃ কৃতঃ ॥ ২০ ॥

১৭। লো-টী। বিরুদ্ধো দেশাদ্ বহিষ্কৃতঃ। 'নিরুদ্ধ' ইতি বা পাঠঃ।

আমরা রামচন্দ্রকর্ত্তৃক নিযুক্ত হইয়া চারিদিকে অন্বেষণ করিয়াও রাত্রিতে সূর্য্যকিরণের ন্যায় বিদেহরাজ-নন্দিনী সীতাকে দেখিতে পাইতেছি না ॥ ১৩ ॥

এইরূপে রাবণ গৃধ্ররাজ জটায়ুকে বধ করিয়া ইক্ষ্বাকুবংশের রাজা বনবাসী রামচন্দ্রের প্রিয়া ভার্য্যাকে হরণ করিয়াছে ॥ ১৪ ॥

আপনার ভ্রাতার বধকারী এবং রামচন্দ্রের ভার্য্যাপহারী সেই রাবণ কোথায় আছে তাহা যদি বানরগণ জানিতে পারে তবে অচিরেই তাহাকে বধ করে ॥ ১৫ ॥

তারপর রামচন্দ্র আমার পিতৃব্য মহাত্মা সুগ্রীবের সহিত বন্ধুত্ব করিয়া আমার পিতাকে বধ করিয়াছেন ॥ ১৬ ॥

রামচন্দ্র আমার পিতা বালীকে বধ করিয়া তাঁহার বিরোধী সুগ্রীবকে মন্ত্রী-দিগের সহিত রাজ্যে অভিষিক্ত করিয়াছেন ॥ ১৭ ॥

শ্রেষ্ঠ বানরদিগের রাজা সেই সুগ্রীব রামচন্দ্রকর্ত্তৃক অভিষিক্ত হইয়াছেন ; এবং তিনিই আমাদিগকে [সীতার অন্বেষণে] প্রেরণ করিয়াছেন ॥ ১৮ ॥

১। ণ '-নপ্রিয়াম্-'। ২। ঘ-ছ-ট-ণ 'ক্ষিপ্রং'। ৩। ঙ-ট 'কুত্র'। ৪। ঙ '-রং মম'। ৫। ণ '-দ্ধং বঃ'। ৬। ণ '-বঃ স-'। ৭। ঙ 'তস্য', ছ 'তত্তু', ণ 'তঞ্চ'।

তেন[১] স্ম কপিরাজেন প্রেষিতাঃ সর্ব্বতো দিশম্[২]।
কৃতাং সংস্থামতিক্রম্য[৩] ভয়েন প্রায়মাস্মহে ॥ ২১ ॥
তে[৪] স্ম প্রায়মুপাবিষ্টাঃ সুগ্রীবভয়মোহিতাঃ।
অস্মদীয়ৈঃ শরীরৈস্ত্বং[৫] কুরু[৬] কার্য্যং যথেপ্সিতম্[৭] ॥ ২২ ॥
সুগ্রীবে হি[৮] ভৃশং ক্রুদ্ধে রাঘবে লক্ষ্মণে তথা।
গতানামপি সর্ব্বেষাং নাস্তি নস্তত্র[৯] জীবিতম্ ॥ ২৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে অঙ্গদবাক্যং নাম
অষ্টপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৮ ॥

২১। লো-টী। সংস্থাং মর্য্যাদাম্। × × ×
অঙ্গদবাক্যো নাম সর্গঃ।

আমরা অনন্যচিত্তে দণ্ডকারণ্যে অনুসন্ধান করত না জানিয়া এক বিশাল ভূগহ্বরে প্রবেশ করিয়াছিলাম ॥ ১৯ ॥

ময়দানবের মায়াদ্বারা কল্পিত সেই গহ্বরে অন্বেষণ করিতে করিতে আমাদের মহারাজ সুগ্রীব-কর্ত্তৃক নির্দ্ধারিত একমাস অতীত হইয়াছে ॥ ২০ ॥

সেই বানররাজকর্ত্তৃক আমরা সমস্ত দিকে প্রেরিত হইয়া তাঁহার ব্যবস্থা লঙ্ঘন করিয়া ভয়ে প্রায়োপবেশন করিতেছি ॥ ২১ ॥

আমরা সুগ্রীবের ভয়ে ভীত হইয়া প্রায়োপবেশন করিতেছি; আমাদের শরীরদ্বারা আপনি যাহা ইচ্ছা করুন ॥ ২২ ॥

সুগ্রীব, রামচন্দ্র এবং লক্ষ্মণ অতিশয় ক্রুদ্ধ হইয়াছেন, সুতরাং কিষ্কিন্ধ্যায় ফিরিয়া গেলেও আমাদের বাঁচিবার আশা নাই ॥ ২৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে অঙ্গদবাক্য
নামক ৫৮শ সর্গ সমাপ্ত ॥ ৫৮ ॥

১। ণ 'তেনাস্ম'। ২। ণ '-দিশঃ'। ৩। ঘ-ছ-ঢ '-মতিক্রান্তা', ণ '-মতিক্রান্তাং'। ৪। ক-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ঘ 'তে প্রায়মুপবিষ্টাঃ স্ম'। ৫। ণ '-রৈস্তু'। ৬। ঙ 'যথাকাযাং'। ৭। ঙ-ছ-ঢ-ণ 'যথাসুখম্'। ৮। ণ 'তু'। ৯। ক 'কিঞ্চন'।

(৫৯) ঊনষষ্টিতমঃ সর্গঃ

ইত্যুক্তঃ[১] করুণং বাক্যং বানরৈস্ত্যক্তজীবিতৈঃ।
সবাষ্পং[২] বানরান্ গৃধ্রঃ প্রত্যুবাচ মহামতিঃ ॥ ১ ॥
যবীয়ান্ মম স[৩] ভ্রাতা জটায়ুর্নাম[৪] বানরাঃ।
যমাখ্যাত হতং সংখ্যে রাবণেন দুরাত্মনা ॥ ২ ॥
বৃদ্ধভাবাদপক্ষতং শ্রবণাত্তস্য মর্ষয়ে।
ন হি মে শক্তিরদ্যাস্তি ভ্রাতুর্ব্বধবিচারণে[৫] ॥ ৩ ॥
পুরা বৃত্রবধে বৃত্তে স চাহঞ্চ জয়ৈষিণৌ[৬]।
তরুণৌ[৭] বলবন্তৌ[৮] চ সংহর্ষাদ্[৯] গগনপ্লুতৌ[১০] ॥ ৪ ॥

১। লো-টী। ত্যক্তজীবিতৈস্ত্যক্তজীবিতাশৈঃ।

৩। লো-টী। তস্য রাবণস্য অপকৃতমপকারং শ্রবণাদাপ মর্ষয়ে সহে। তত্র হেতুমাহ। বধবিচারণে কিমর্থং বধঃ কৃত ইতি বিচারণে।

৪। লো-টী। ভৃতে প্রবৃত্তে। সহর্ষাৎ সহ যুগপদেব হর্ষাৎ। যৌগপদ্যেঽব্যয়াভাবঃ, 'সঘৃতং তিলান্ জুহোতী'তিবৎ। তস্মাৎ সহর্ষাদ্ধেতোরাবাং প্লুতৌ উড্ডীনৌ। যদ্বা, যদাবৃতৌ। ততশ্চ সমৃদ্ধির্হর্ষাণাং তস্মাৎ। সমৃদ্ধার্থেঽব্যয়ীভাবঃ। 'সহ সাকল্য-সাদৃশ্য-যৌগপদ্য-সমৃদ্ধিষু' ইতি ভূরিঃ। 'প্রহর্ষাদি'তি বা পাঠঃ।

জীবন পরিত্যাগ করিতে কৃতসঙ্কল্প বানরগণ এইরূপ করুণ বাক্য বলিলে মহাত্মা সম্পাতি বাষ্পরুদ্ধ কণ্ঠে বানরদিগকে প্রত্যুত্তর দিলেন ॥ ১ ॥

বানরগণ, পাপিষ্ঠ রাবণ যুদ্ধে যাহাকে বধ করিয়াছে বলিলেন, সেই জটায়ু আমার কনিষ্ঠ ভ্রাতা ॥ ২ ॥

আমি বার্দ্ধক্য-বশতঃ রাবণকৃত অপকার শুনিয়াও সহ্য করিতেছি। কারণ, আজ আমার ভ্রাতৃহত্যার [বিচার করিবার অর্থাৎ] প্রতিশোধ লইবার শক্তি নাই ॥৩॥

পুরাকালে বৃত্রাসুর নিহত হইলে [একদিন] যুবক এবং বলবান্ সেই জটায়ু এবং আমি বিজয়াভিলাষে মহোল্লাসে আকাশে উড়িতে আরম্ভ করি ॥ ৪ ॥

১। ঙ '-স্তুপ্'। ২। ঙ 'সবাষ্পো'। ৩। ঘ-ঙ-ছ-ঢ 'স মম'। ৪। ছ-ঢ 'পক্ষিরাট্'। ৫। ঙ '-নিবারণে'। ৬। ছ-ঢ 'জয়ে ধৃতৌ'। ৭। ঘ-ঢ-পুস্তকয়োরস্যার্দ্ধস্য স্থানে, ঙ-ছ-ণ-পুস্তকেষু অস্মাদর্দ্ধাৎ পরম—'আদিত্য-মনুসংযাতৌ (-মথ ধাবন্তৌ ণ) জ্বলন্তং রশ্মিমালিনম্ ॥' ইতি পাঠঃ। ৮। ণ 'প্রাণবন্তৌ চ নির্দ্দগ্ধৌ সংপ্লুতৌ তদা।' ৯। ক 'সহ-'। ১০। ঙ ছ '-নং গতৌ'।

[১]উদয়াদুদিতং দীপ্তং জ্বালাপিণ্ডসমপ্রভম্।

আদিত্যমনু সংযাতৌ জ্বলন্তং রশ্মিমালিনম্ ॥ ৫ ॥

[২]অহঞ্চৈব জটায়ুশ্চ জবেনোৎপতিতৌ ভৃশম্।

মধ্যং [৩]প্রাপ্তে ততঃ সূর্য্যে জটায়ুঃ সোঽবসীদত ॥ ৬

তমহং ভ্রাতরং দৃষ্ট্বা [৪]সূর্য্যরশ্মিভিরর্দ্দিতম্।

পক্ষাভ্যাঞ্চ[৫]াদয়াঞ্চক্রে স্নেহাৎ পরমবি[৬]হ্বলঃ ॥ ৭ ॥

নির্দ্দগ্ধপক্ষঃ পতিতঃ পর্ব্ব[৭]তেঽস্মিন্ পরাজিতঃ।

অস্মিন্ বিন্ধ্যে ন তু ভ্রাতুঃ প্রবৃত্তিমুপলক্ষয়ে ॥ ৮ ॥

[৮]সুদীর্ঘস্যাথ কালস্য প্রবৃত্তিঃ কথিতা হি নঃ।

অব্রবীৎ পুনরেবেদং বাষ্পসন্দিগ্ধয়া গিরা ॥ ৯ ॥

৫। লো-টী। জবাপীড়ং জবারূপভূষণং তস্যৈব সমা প্রভা যস্য তং জবাতুল্যকান্তি-মিত্যর্থঃ। সংযাতৌ প্রাপ্তৌ।

৬। লো-টী। অবসীদত। অটোঽভাব আর্ষঃ।

৮। লো-টী। পরাজয়ে রশ্মিভিঃ কৃতপরাভবে। 'পরাজিত' ইতি বা পাঠঃ। প্রবৃত্তিং বার্ত্তাম্।

[আমরা] উদয়াচল হইতে উদিত অগ্নি-পিণ্ডের ন্যায় প্রভাশালী দীপ্তিমান্ জ্বলন্ত কিরণমালা-মণ্ডিত সূর্য্যকে লক্ষ্য করিয়া গমন করিতে লাগিলাম ॥ ৫ ॥

আমি এবং জটায়ু অতিবেগে ঊর্দ্ধে গমন করিলাম। তার পর সূর্য্যদেব গগনের মধ্যদেশে গমন করিলে জটায়ু অবসন্ন হইয়া পড়িল ॥ ৬ ॥

আমি ভ্রাতা জটায়ুকে সূর্য্যকিরণে পীড়িত দেখিয়া স্নেহবশতঃ কাতর হইয়া দুই পক্ষ-দ্বারা আচ্ছাদিত করিলাম ॥ ৭ ॥

আমার পক্ষ দগ্ধ হইলে, আমি অভিভূত হইয়া এই পর্ব্বতের উপর পড়িয়া গেলাম, কিন্তু এই বিন্ধ্যপর্ব্বতে জটায়ুর কোন সন্ধান পাইলাম না ॥ ৮ ॥

আমাদের বহু পুরাতন কথা বলিলাম। [এই বলিয়া] পুনরায় বাষ্পগদ্গদ-স্বরে বলিতে লাগিলেন—॥ ৯ ॥

১। ঢ-পুস্তকে ইদমর্দ্ধং, ণ-পুস্তকে অয়ং শ্লোকঃ, ঘ-পুস্তকে অত আরভ্য সপ্তমশ্লোকান্তোঽংশ এব নাস্তি। ২। অস্য শ্লোকস্য স্থানে ঙ-ছ-ণ-পুস্তকেষু 'আবামাদিত্যমার্গস্থ জবেনৈবোদ্গতৌ ভৃশম্। মধ্যং প্রাপ্তস্ততঃ (প্রাপ্তে তু সূর্য্যো বৈ ঙ-ণ) সূর্য্যো জটায়ুর্বিষসাদ হ ॥' ইতি পাঠঃ। ৩। ঢ 'গতে'। ৪। ঙ '-রশ্মিসমপ্রভম্'। ৫। ণ '-মাস'। অতঃপরং ঙ-ছ-ণ-পুস্তকেষু 'এবং প্রিয়ো মম ভ্রাতা বীর্য্যযুক্তেন রক্ষিতঃ' দহ্যমানঃ স্বয়ং হ্যেকঃ (দহ্যমানং চ তৎস্নেহাৎ ণ) আত্মানং নোপলক্ষয়ে ॥' ইত্যধিকম্। ৭। ঢ '-তেঽহং'। ৮। ঙ '-স্যাস্য', ছ '-স্যাপি'।

ন ভয়ং কপিবীরাণাং বিদ্যতে মৎসকাশতঃ।
ভ্রাতুর্জটায়ুষো মৃত্যুং শ্রুত্বা শোকেন বিহ্বলঃ ॥ ১০ ॥

যুষ্মান্ সমুপসর্পামি প্রবৃত্ত্যর্থং[1] যবীয়সঃ[2]।
তদেতদুপলব্ধং মে তস্য বীরস্য নৈধনম্ ॥ ১১ ॥

এবমুক্তো জটায়োস্তু ভ্রাত্রা তত্ত্বার্থদর্শিনা[3]।
যুবরাজোঽঙ্গদো ভূয়ঃ প্রোবাচ বচনং হরিঃ ॥ ১২ ॥

জটায়ুষঃ[4] প্রিয়ভ্রাতুঃ[5] শ্রুতং তে ব্রুবতো মম[6]।
আচক্ষ্ব[7] যদি জানাসি ভবনং তস্য রক্ষসঃ ॥ ১৩ ॥

অদীর্ঘদর্শিনং[8] রৌদ্রং রাবণং রাক্ষসাধমম্।
ইহাভ্যাসে বিদূরে বা[9] যদি জানাসি শংস নঃ ॥ ১৪ ॥

ততোঽব্রবীন্মহাতেজাঃ সম্পাতী গৃধ্রসত্তমঃ[10]।
আত্মানুরূপং বচনং বানরান্ সংপ্রহর্ষয়ন্ ॥ ১৫ ॥

১১। লো-টী। নিধনমেব নৈধনং নাশঃ।
১৩। লো-টী। তে ব্রুবতঃ সকাশাৎ 'জটায়োস্ত্বং প্রিয়ো ভ্রাতা' ইতি শ্রুতম্।
১৪। লো-টী। ইহ অস্য বিন্ধ্যস্য অভ্যাসে নিকটে।

হে বীর বানরগণ, আমার নিকট হইতে আপনাদের কোন ভয় নাই; আমি ভ্রাতা জটায়ুর মৃত্যুর কথা শ্রবণ করিয়া শোকে বিহ্বল হইয়া পড়িয়াছি ॥ ১০ ॥

আমি কনিষ্ঠের সংবাদ জানিবার জন্য আপনাদের নিকট উপস্থিত হইয়াছিলাম, সেই মহাবীর জটায়ুর নিধনবার্ত্তা ত' এই শ্রবণ করিলাম ॥ ১১ ॥

তত্ত্বার্থদর্শী জটায়ুর ভ্রাতা সম্পাতি-কর্ত্তৃক এইরূপ উক্ত হইয়া যুবরাজ অঙ্গদ পুনরায় বলিলেন—॥ ১২ ॥

আপনি প্রিয় ভ্রাতা জটায়ুর সংবাদ আমার নিকট হইতে শুনিলেন, [এক্ষণে] আপনি যদি সেই রাক্ষস রাবণের বাসস্থানের কথা জানেন, তবে বলুন ॥ ১৩ ॥

অদূরদর্শী ভয়ঙ্কর রাক্ষসাধম রাবণ এই স্থানে অথবা ইহার নিকটে অথবা দূরে থাকে তাহা যদি জানেন, আমাদের নিকট বলুন ॥ ১৪ ॥

তার পর মহাতেজস্বী পক্ষিরাজ সম্পাতী বানরদিগকে উল্লসিত করিয়া আত্মানুরূপ (অর্থাৎ নিজের অবস্থানুযায়ী) বাক্য বলিতে লাগিলেন ॥ ১৫ ॥

১। চ '-ত্ত্যর্থে'। ২। ঙ 'জটায়ুষঃ'। ৩। চ '-নঃ'। ৪। গ-ণ 'জটায়োস্ত্বং প্রিয়ো ভ্রাতা', চ 'জটায়ুর্যঃ প্রিয়ভ্রাতা শ্রুতস্তে', চ-টি 'জটায়ুস্ত্বং যবীয়াংশ্চ ভ্রাতা তচ্ছ্রুতো'। ৫। ছ 'ভ্রাতঃ'। ৬। ঘ-ণ 'ময়া'। ৭। চ 'জানীষে'। ৮। ঙ-চ '-দর্শনং'। ৯। চ ইহস্থমথবা দূরে'। ১০। ঙ-ছ-চ '-ত্তিগৃ-'।

নির্দ্দগ্ধপক্ষো বৃদ্ধোঽহং[১] গতবীর্য্যশ্চ বানরাঃ।
বাঙ্মাত্রেণ[২] তু রামস্য করিষ্যে কার্য্যমুত্তমম্[৩] ॥ ১৬ ॥

জানামি গরুড়াজ্জাতো বিষ্ণোস্ত্রীন্ বিক্রমানপি।
সুরাসুরবিমর্দ্দঞ্চ[৪] অমৃতস্য চ মন্থনম্ ॥ ১৭ ॥

রামস্য যদিদং কৃত্যং[৫] কৃত্যং[৬] তৎ পরমং[৭] মম।
জরয়া তু হৃতং তেজঃ প্রাণাশ্চ শিথিলা মম ॥ ১৮

তরুণী রূপসম্পন্না বরাভরণভূষিতা।
হ্রিয়মাণা ময়া দৃষ্টা রাবণেন[৮] দুরাত্মনা ॥ ১৯ ॥

ক্রোশন্তী রাম রামেতি করুণং লক্ষ্মণেতি চ।
ভূষণান্যপবিধ্যন্তী[৯] গাত্রাণি চ বিধুন্বতী ॥ ২০ ॥

১৭। লো-টী। 'গরুড়াজ্জাত' ইতি। আদিপর্ব্বণি তু অরুণাজ্জাতাবুভৌ শ্যেনীভার্য্যাত ইতি দ্বয়োরৈক্যাভিপ্রায়েণেতি।

১৮। লো-টী। প্রাণা ইন্দ্রিয়াণি। শিথিলাস্তত্তদ্বিষয়গ্রহণাসমর্থাঃ।

২০। লো-টী। অপবিধ্যন্তী ত্যজন্তী। বিধুন্বতী কম্পয়ন্তী।

বানরগণ, আমার পক্ষ দগ্ধ হইয়াছে এবং আমি বৃদ্ধ ও বলহীন, অতএব কেবলমাত্র বাক্যদ্বারা রামচন্দ্রের উত্তম কার্য্য সাধন করিব ॥ ১৬ ॥

আমি গরুড়ের পুত্র, স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল এই লোকত্রয় আমার বিদিত; দেবতা ও অসুরগণের সংগ্রাম এবং অমৃত-মন্থন আমি অবগত আছি ॥ ১৭ ॥

এই যে রামের কার্য্য তাহা আমারও অবশ্যকর্ত্তব্য, কিন্তু বার্দ্ধক্যে আমার শক্তির হ্রাস হইয়াছে ও জীবন শিথিল হইয়াছে ॥ ১৮ ॥

আমি দুরাত্মা রাবণকে উৎকৃষ্ট অলঙ্কারে ভূষিতা এক সুন্দরী তরুণীকে অপহরণ করিয়া লইয়া যাইতে দেখিয়াছি ॥ ১৯ ॥

[সেই তরুণী] 'রাম রাম' এবং 'লক্ষ্মণ লক্ষ্মণ' বলিয়া কাতরস্বরে বিলাপ করিতেছিলেন এবং অলঙ্কারসমূহ [ভূতলে] নিক্ষেপ করিতেছিলেন। তাঁহার গাত্র কম্পিত হইতেছিল ॥ ২০ ॥

১। গ 'গৃধ্রোঽহং'। ২। গ '-নৈব'। ৩। ঙ 'মহামু-', চ 'প্রিয়ং'। ৪। ক 'মহাসুর-'। ৫। গ 'তৎকৃত্যং'। ৬। ছ 'কার্য্যং'। ৭। ছ-চ 'প্রথমং'। ৮। ছ-চ-গ 'রাক্ষসেন'। ৯। গ '-ন্যপি'।

সূর্য্যপ্রভেব শৈলাগ্রে তস্যাঃ কৌষেয়মুত্তমম্ ।
অসিতে[১] রাক্ষসে ভাতি মহামেঘে যথা তড়িৎ ॥ ২১ ॥
অহন্তু সীতাং তাং মন্যে রামস্য পরিকীর্ত্তনাৎ ।
শ্রূয়তাঞ্চাপি[২] বক্ষ্যামি নিলয়ং তস্য[৩] রক্ষসঃ ॥ ২২ ॥
পুত্রো বিশ্রবসঃ সাক্ষাদ্ ভ্রাতা বৈশ্রবণস্য চ ।
অধ্যাস্তে নগরীং[৪] লঙ্কাং রাবণো রাক্ষসাধিপঃ[৫] ॥ ২৩ ॥
ইতো দ্বীপঃ[৬] সমুদ্রস্য সমগ্রে[৭] শতযোজনে ।
তস্মিন্[৮] লঙ্কাপুরী রম্যা নির্ম্মিতা বিশ্বকর্ম্মণা ॥ ২৪ ॥
তস্যাং বসতি বৈদেহী দীনা কৌষেয়বাসিনী[৯] ।
রাবণান্তঃপুরে রুদ্ধা রাক্ষসীভিঃ সুরক্ষিতা ॥ ২৫ ॥

২১। লো-টী। অসিতে কৃষ্ণবর্ণে। রাক্ষসে রাবণে।
২৪। লো-টী। ইতঃ সকাশাৎ। তস্মিন্ দ্বীপে লঙ্কা সবিংশং শতযোজনং যস্মিন্ তস্মিন্ 'ইতো দ্বীপঃ সমুদ্রস্য সমগ্রে শতযোজনে' ইতি বা পাঠঃ।

পর্ব্বতশিখরে সূর্য্যকিরণের ন্যায় এবং ভয়ঙ্কর মেঘের মধ্যে বিদ্যুতের ন্যায় সেই কৃষ্ণবর্ণ রাক্ষসের গাত্রে সেই তরুণীর কৌষেয় (রেশমী) বস্ত্র শোভা পাইতেছিল ॥ ২১ ॥

আমি তাঁহাকে সীতা বলিয়া মনে করি, কারণ, তিনি রামের নাম কীর্ত্তন করিতেছিলেন। সেই রাক্ষসের বাসস্থানের কথা বলিতেছি, শ্রবণ করুন ॥ ২২ ॥

বিশ্রবার পুত্র এবং কুবেরের ভ্রাতা রাক্ষসরাজ রাবণ লঙ্কা নগরীতে বাস করে ॥ ২৩ ॥

এই স্থান হইতে সম্পূর্ণ শত-যোজন দূরে সমুদ্রমধ্যবর্ত্তী এক দ্বীপ; সেই দ্বীপে বিশ্বকর্ম্মার নির্ম্মিত রমণীয় লঙ্কা নগরী বিদ্যমান ॥ ২৪ ॥

সেই লঙ্কা নগরীতে রাবণের অন্তঃপুরে অবরুদ্ধ হইয়া রাক্ষসীবৃন্দে সুরক্ষিতা এবং কৌষেয়-বস্ত্র-পরিহিতা বিদেহরাজ-নন্দিনী সীতা দীনভাবে বাস করিতেছেন ॥ ২৫ ॥

১। ক '-তং'। ২। ণ '-ঞ্চাভিধাস্যামি'। ৩। ণ 'রাবণস্য চ'। ৪। ঢ '-রীলঙ্কাং'। ৫। ছ '-ধমঃ'। ৬। ছ 'দ্বীপং'। ৭। ঢ 'সমগ্রং শত-যোজনম্'। ৮। ণ 'অস্মিন্'। ৯। ঢ '-বাসসী'।

জনকস্যাত্মজাং রাজ্ঞস্তস্যাং দ্রক্ষ্যথ মৈথিলীম্ ।
লঙ্কায়ামভিগুপ্তায়াং সাগরেণ সমন্ততঃ ॥ ২৬ ॥
সংপ্রাপ্য সাগরস্যান্তং সম্পূর্ণং[২] শতযোজনম্ ।
বিক্রম্য দক্ষিণং কূলং ততো[৩] দ্রক্ষ্যথ বানরাঃ ॥ ২৭ ॥
তে যূয়ং ত্বরিতাঃ সর্ব্বে বিক্রমধ্বং প্লবঙ্গমাঃ ।
জ্ঞানেন খলু পশ্যামি দৃষ্ট্বা প্রত্যাগমিষ্যথ ॥ ২৮ ॥
আদ্যঃ পন্থাঃ পতঙ্গানাং[৪] যে চ ধান্যোপজীবিনঃ ।
দ্বিতীয়ো বলিভোক্তৃণাং যে চ পুষ্পফলে রতাঃ ॥ ২৯ ॥
ভাসাস্তৃতীয়ং গচ্ছন্তি ক্রৌঞ্চাশ্চ কুররৈঃ সহ ।
শ্যেনাশ্চতুর্থং গচ্ছন্তি গৃধ্রা গচ্ছন্তি পঞ্চমম্ ॥ ৩০ ॥

২৭। লো-টী। সাগরস্য অন্তং সমীপং সম্প্রাপ্য সম্পূর্ণং শতযোজনং বিক্রম্য বিক্রমেণ লঙ্ঘয়িত্বা তস্মাৎ লঙ্ঘনাৎ দক্ষিণং কূলং দ্রক্ষ্যথ ।

২৮। লো-টী। তে চ যূয়ং লঙ্কাং দৃষ্ট্বা ক্ষণেন প্রত্যাগমিষ্যথ ইত্যহং পশ্যামি। 'জ্ঞানেনে'তি বা পাঠঃ ।

২৯। লো-টী। ধান্যাদিজীবিনো লাবকাদ্যাঃ অতিপৃথিবীনিকট এব ভ্রমন্তি। আদ্যঃ পন্থাঃ অল্পা গতিরিত্যর্থঃ। বলিভোক্তৃণাং কাকানাম্, যে চ পুষ্পফলে রতাঃ কোকিলাদ্যাস্তেষাঞ্চ দ্বিতীয়ঃ পন্থাঃ, ততোঽধিকা গতিরিত্যর্থঃ। এবং সর্ব্বত্র।

জনক-নন্দিনী সীতাকে চারিদিকে সমুদ্রদ্বারা সুরক্ষিত সেই লঙ্কা নগরীতে দেখিতে পাইবেন ॥ ২৬ ॥

বানরগণ, আপনারা সাগরের সমীপে উপস্থিত হইয়া সম্পূর্ণ শত-যোজন অতিক্রম করিলে দক্ষিণ তীর দেখিতে পাইবেন ॥ ২৭ ॥

বানরগণ, আপনারা সকলে দ্রুত গমন করুন, আমি জ্ঞান-নেত্রে দেখিতেছি যে [আপনারা সীতাকে] দেখিয়া প্রত্যাগমন করিবেন ॥ ২৮ ॥

যাহারা ধান্যদ্বারা জীবিকা নির্ব্বাহ করে, সেই পক্ষিগণের গতি প্রথম অর্থাৎ অল্প, যাহারা ফুল ও ফলে আসক্ত থাকে তাহাদের এবং কাকগণের গতি দ্বিতীয় অর্থাৎ তদপেক্ষা অধিক ॥ ২৯ ॥

কুরর, ক্রৌঞ্চ এবং ভাস পক্ষীর গতি তৃতীয় অর্থাৎ তদপেক্ষাও অধিক, বাজ-পক্ষীর গতি চতুর্থ এবং গৃধ্রগণের গতি পঞ্চম ॥ ৩০ ॥

১। ক-ঙ '-স্য সুতাং'। ২। গ '-র্ণশত-'। ৩। ছ 'তত্র'। ৪। ঘ 'কুলিঙ্গানাং', ঙ 'কুলিঙ্গানাং', ছ-চ 'তু লিঙ্গানাং'।

বলবীর্য্যোপপন্নানাং রূপযৌবনশালিনাম্ ।
ষষ্ঠো[১] মার্গস্তু হংসানাং বৈনতেয়গতিঃ পরা ॥ ৩১ ॥
বৈনতেয়াচ্চ নো জন্ম সর্ব্বেষাং[২] বানরর্ষভাঃ ।
গর্হিতন্তু[৩] কৃতং কর্ম্ম যেন[৪] স্মঃ পিশিতাশনাঃ[৫] ॥ ৩২ ॥
ইহস্থোঽপি হি[৬] পশ্যামি রাবণং তাঞ্চ মৈথিলীম্ ।
অস্মাকমপি[৭] সৌপর্ণং দিব্যং চক্ষুর্ব্বলং মহৎ ॥ ৩৩ ॥
তস্মাদাহারদোষেণ[৮] নিসর্গেণ চ[৯] বানরাঃ ।
আ যোজনশতাৎ[১০] সাগ্রাৎ পশ্যামো বয়মামিষম্[১১] ॥ ৩৪ ॥
অস্মাকং বিহিতা দৃষ্টির্নিসর্গেণ[১২] বিদূরতঃ[১৩] ।
বিহিতা পাদমূলে তু[১৪] বৃত্তিশ্চরণযোধিনাম্ ॥ ৩৫ ॥

৩১ । লো-টী । বৈনতেয়গতিঃ পরা । পরা উত্তমা, ততঃ পরমন্যা গতির্নাস্তীত্যর্থঃ ।
৩২ । লো-টী । পূর্ব্বেষাং চিরন্তনানাং মধ্যে । যত্র কো* বৈনতেয়স্তস্মাৎ স্মো ভবামঃ । 'যেনাস্মি' ইতি বা পাঠঃ ।
৩৩ । লো-টী । অতি অতিশয়িতং সৌপর্ণং গরুড়সম্বন্ধি দিব্যং চক্ষুস্তদেব মহদ্ বলম্ ।
৩৪ । লো-টী । আহারস্য মাংসস্য, দোষেণ গুণরূপেণ, নিসর্গেণ জাতিস্বভাবেন । সাগ্রাৎ, অগ্রপদমর্দ্ধশতপরম্ । সার্দ্ধমিত্যর্থঃ ।
৩৫ । লো-টী । চরণযোধিনাং কুক্কুটানাং পাদমূল এব বৃত্তিঃ । × × ×
সীতান্বেষণবার্ত্তোপলব্ধিঃ সর্গঃ ।

শক্তি-সামর্থ্যসম্পন্ন এবং রূপ-যৌবনশালী হংসগণের গতি ষষ্ঠ এবং গরুড়ের গতি উত্তম অর্থাৎ সর্ব্বাপেক্ষা অধিক ॥ ৩১ ॥

শ্রেষ্ঠ বানরগণ, বিনতানন্দন গরুড় হইতে আমাদের সকলের জন্ম, আমরা মাংসাশী হইয়া গর্হিত কর্ম্ম করিয়াছি ॥ ৩২ ॥

আমি এখানে থাকিয়াও রাবণ এবং সেই মিথিলারাজনন্দিনী সীতাকে দেখিতে পাইতেছি, আমার গরুড়ের ন্যায় দিব্য দৃষ্টি এবং প্রভূত শক্তি আছে ॥৩৩॥

বানরগণ, সেই জন্য এবং আহারের গুণে স্বভাবতই শত-যোজনের অধিক দূর হইতেও আমরা খাদ্যদ্রব্য দেখিতে পাই ॥ ৩৪ ॥

আমাদের দূরদৃষ্টি স্বাভাবিক ; কুক্কুটগণের দৃষ্টি-শক্তি তাহাদের পাদমূলেই সীমাবদ্ধ ॥ ৩৫ ॥

১ । চ '-শ্চ' । ২ । ক 'পূর্ব্বেষাং' । ৩ । গ '-ঞ্চ' । ৪ । চ '-যেনাস্মি-' । ৫ । চ '-শনঃ' । ৬ । ঘ 'চ' । ৭ । ক '-কং হ্যতি-' । ৮ । ক '-লোভেন' । ৯ । চ 'তু' । ১০ । গ '-নং শতাৎ' । ১১ । গ '-মীদৃশম্' । ১২ । ঙ '-র্ব্বিসর্গেণৈব দূরতঃ' । ১৩ । ঘ 'অদূ-', চ-গ 'সুদূরতঃ' । ১৪ । ঙ '-লেন দৃষ্টিশ্চরণ-', চ '-লেহত্র' ।

* 'চিরন্তনানাং মধ্যে যো বৈনতেয়ঃ' ইতি পাঠঃ (?) ।

উপায়ো দৃশ্যতাং কশ্চিল্লঙ্ঘনে লবণাম্ভসঃ।
অধিগম্য চ বৈদেহীং সম্বদ্ধার্থা ভবিষ্যথ ॥ ৩৬ ॥
ভবদ্ভির্নীতমিচ্ছামি[১] আত্মানং বরুণালয়ম্।
প্রদাস্যাম্যুদকং ভ্রাতুঃ স্বর্গতস্য মহাত্মনঃ ॥ ৩৭ ॥
তে নীত্বা[২] তু সমং দেশং তীরে নদনদীপতেঃ।
নির্দ্দগ্ধপক্ষং সম্পাতিমবতার্য্যাথ[৩] সাগরম্[৪] ॥ ৩৮ ॥
প্রত্যানীয় পুনশ্চাপি প্রত্যারোপ্য কৃতোদকম্।
বভূবুর্ব্বানরা হৃষ্টাঃ প্রবৃত্তিমুপলভ্য[৫] তে ॥ ৩৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে বার্ত্তোপলব্ধি-
নামৈকোনষষ্টিতমঃ সর্গঃ ॥ ৫৯ ॥

লবণ-সমুদ্র অতিক্রম করিবার কোন উপায় নির্দ্ধারণ করুন—বিদেহরাজ-নন্দিনী সীতাকে লাভ করিয়া আপনারা কৃতকার্য্য হইবেন ॥ ৩৬ ॥

আমি ইচ্ছা করি যে আপনারা আমাকে সমুদ্রে লইয়া যা'ন, আমি স্বর্গগত মহামনাঃ ভ্রাতার উদক-ক্রিয়া (তর্পণাদি) সম্পাদন করিব ॥ ৩৭ ॥

সেই বানরগণ দগ্ধপক্ষ সম্পাতিকে সমুদ্রের তীরে সমতল ভূমিতে লইয়া সমুদ্রে অবতারিত করিলেন এবং উদক-ক্রিয়া সম্পন্ন হইলে পুনরায় আনয়নপূর্ব্বক [বিন্ধ্য-পর্ব্বতে] স্থাপন করত [সীতার] বৃত্তান্ত অবগত হইয়া আনন্দিত হইলেন ॥ ৩৮-৩৯ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে [সীতা]-বার্ত্তোপলব্ধি-
নামক ৫৯তম সর্গ সমাপ্ত ॥ ৫৯ ॥

১। ঘ-ঙ 'আত্মানং নীতমিচ্ছামি ভবদ্ভির্ব্ব-', ছ-ট-ণ 'আত্মানং নেতুমিচ্ছামি ভবদ্ভির্ব্ব-'। ২। ঙ-ণ ; '-ত্বাথ', ছ 'ত্বা চ'। ৩। ঙ '-তীর্য্যাথ'। ৪। ণ '-রে'। ৫। ঘ-ছ-ট-ণ '-লভ্য চ', ঙ '-লক্ষ্য তে'।

(৬০) ষষ্টিতমঃ সর্গঃ

ততঃ কৃতোদকং[1] স্নাতং[2] তং[3] গৃধ্রং হরিযূথপাঃ।
উপবিষ্টং গিরিতটে পরিবার্য্যোপতস্থিরে[4] ॥ ১ ॥
ততোঽঙ্গদমুপাসীনং নিশম্য হরিভির্বৃতম্।
জনিতপ্রত্যয়ো[5] হর্ষাৎ[6] সম্পাতিঃ পুনরব্রবীৎ ॥ ২ ॥
কৃত্বা নিঃশব্দমেকাগ্রাঃ শৃণুত প্লবগর্ষভাঃ।
তথ্যং সঙ্কীর্ত্তয়িষ্যামি যেন জানামি[7] মৈথিলীম্[8]। ৩ ॥
অস্য[9] বিন্ধ্যস্য শিখরে পুরাঽস্মি[10] পতিতো দিবঃ[11]।
দাহদুঃখপরীতাঙ্গো নির্দ্দগ্ধঃ সূর্য্যরশ্মিভিঃ ॥ ৪ ॥
লব্ধসংজ্ঞস্তু ষড়্‌রাত্রাৎ[12] সরুজো বিহ্বলন্নিব।
বীক্ষমাণো দিশঃ সর্ব্বা নাভিজানামি তত্ত্বতঃ ॥ ৫ ॥

২। লো-টী। জনিতপ্রত্যয়ো জাতবিশ্বাসঃ।

৩। লো-টী। কৃত্বা নিঃশব্দং মৌনী ভূত্বেত্যর্থঃ। একাগ্রাঃ সাবধানাঃ।

৪। লো-টী। পণে ব্যবহরামি। শ্বাসেনেত্যর্থঃ। শ্বাসমাত্রাবশিষ্টোঽহমিত্যর্থঃ। ব্যবহারে পণেরায়ং নেচ্ছন্তি কেচিৎ, তেন 'শতস্য পণতে' ইতি প্রদীপেনোক্তম্। যদ্ বা, পণে রাজ্যরূপে গ্লহে পূর্ব্বং কৃতে। [এবং চ এতন্মতে "পণেঽস্মি পতিতো দিবঃ" ইতি পাঠঃ প্রতিভাতি]।

৫। লো টী। 'সম্ভ্রান্ত' ইতি পাঠঃ। 'ষড্রাত্রা'দিতি পাঠে ষড়্‌দিবসাৎ। রুজা পীড়া, তয়া সহ বর্ত্তমানঃ। বিহ্বলন্নিব অজানন্নিব। তত্ত্বতো যাথাথ্যেন।

সম্পাতি স্নান এবং তর্পণ করিয়া পর্ব্বতের সানুদেশে উপবেশন করিলে বানর-দলপতিগণ তাহাকে বেষ্টন করিয়া উপবেশন করিলেন ॥ ১ ॥

তাহার পর সম্পাতি বানরগণে পরিবৃত অঙ্গদকে সমীপে উপবিষ্ট দেখিয়া বিশ্বস্ত হইয়া আনন্দে পুনরায় বলিতে লাগিলেন—॥ ২ ॥

শ্রেষ্ঠ বানরগণ, যেরূপে আমি মিথিলারাজ-নন্দিনী সীতাকে অবগত আছি, সেই তথ্য বলিতেছি, আপনারা একাগ্র হইয়া নিঃশব্দে শ্রবণ করুন ॥ ৩ ॥

পূর্ব্বে সূর্য্যকিরণে দগ্ধ হইয়া, আমি আকাশ হইতে এই বিন্ধ্য পর্ব্বতের শিখরে পতিত হই ; [তখন] দাহ-যন্ত্রণায় আমার সর্ব্বাঙ্গ পরিব্যাপ্ত ছিল ॥ ৪ ॥

ক্রমে ছয় দিনের পর সংজ্ঞা লাভ করি, কিন্তু বেদনায় যেন বিহ্বল হইয়া সকলদিকে অবলোকন করিয়াও [প্রথমে] কিছুই যথার্থ ভাবে চিনিতে পারি নাই॥ ৫ ॥

১। ণ 'গৃধ্রং'। ২। ঙ 'গৃধ্রং তং', ঢ 'তে'। ৩। ণ 'স্নাতং'। ৪। ণ '-বার্য্যাবতস্থিরে'। ৫। ঙ-ছ '-তঃ'। ৬। ণ 'হর্ষী'। ৭। ঙ 'জানীত'। ৮। ঘ-ঙ-ণ 'জানকীম্'। ৯। ণ 'তস্য'। ১০। ণ 'যুবাঽস্মিন্'। ১১। ঙ '-তঃ পথি', ছ-ঢ '-তঃ ক্ষিতৌ', ণ '-তঃ শনৈঃ'। ১২। ঢ 'সংভ্রান্তঃ স্বরুজা নিশ্বসন্নিব'।

অথেমান্ সাগরোদ্দেশান্ নদীঃ শৈলান্ বনানি চ।
সরাংসি নির্ঝরাংশ্চৈব পশ্যতঃ স্মৃতিরাবিশৎ ॥ ৬ ॥
হৃষ্টপক্ষিগণাকীর্ণঃ কন্দরোদরকূটবান্।
দক্ষিণস্যোদধেঃ কূলে বিন্ধ্যোঽয়মিতি বানরাঃ ॥ ৭ ॥
অস্তি চাত্রাশ্রমঃ পুণ্যঃ সুরৈরপি সুপূজিতঃ।
ঋষিনিশাকরো নাম তস্মিন্নুগ্রতপা অভূৎ ॥ ৮ ॥
অষ্টৌ বর্ষসহস্রাণি তেনাস্মিন্নুষিতং গিরৌ।
স্বর্গতস্য শতং ত্বেকং দ্বে শতে বসতো মম ॥ ৯ ॥
অবতীর্য্য চ শৈলাগ্রাৎ কৃচ্ছ্রেণ বিষমাচ্ছনৈঃ।
তীক্ষ্ণদর্ভাং বসুমতীং বিচরামি সুদুঃখিতঃ ॥ ১০ ॥

৭। লো-টী। স্মৃতিমাহ -'হৃষ্টপক্ষী'তি ত্রিভিঃ। বিন্ধ্যোঽয়মিতি। কন্দরো গুহা উদরে মধ্যদেশে যস্য সঃ, কূটবান্ শিখরবাংশ্চ, স চ স চ।

৮। লো-টী। তস্মিন্নাশ্রমে। অভূৎ, 'ভবেদ্' বা পাঠঃ।

৯। লো-টী। অর্থাৎ তেন সহ স্বর্গতস্যৈব বসতো মম দ্বে শতে বর্ষে (?) একং শতমিব। 'গতং ত্বেক'মিতি দ্বে শতে একং মুহূর্ত্তং গতমিবেত্যর্থঃ। ইত্যাদিস্মৃতির্মামাবিশদিতি পূর্ব্বেণান্বয়ঃ।

১০। লো-টী। কৃচ্ছ্রেণ দুঃখেন। তীক্ষ্ণদর্ভাং তীক্ষ্ণকুশাগ্রাম্।

বানরগণ, অনন্তর এই সাগর-প্রদেশ, নদী, পর্ব্বত, বন, সরোবর এবং নির্ঝর সকল অবলোকন করিয়া আমার, "দক্ষিণ সমুদ্রের কূলে—আনন্দিত পক্ষিগণে পরিব্যাপ্ত গুহাযুক্ত শিখরসমন্বিত এ-ই বিন্ধ্য পর্ব্বত", এইরূপ স্মৃতি ফিরিয়া আসিল ॥ ৬-৭ ॥

এখানে দেবগণেরও সম্মানাস্পদ অতি পবিত্র একটী আশ্রম বিদ্যমান আছে। সেই আশ্রমে নিশাকর নামে এক উগ্রতপা ঋষি ছিলেন ॥ ৮ ॥

সেই ঋষি এই বিন্ধ্যপর্ব্বতে আট সহস্র বৎসর বাস করিয়াছিলেন। এক শত বৎসর অতীত হইল তিনি স্বর্গে গমন করিয়াছেন ; আমি এখানে দুই শত বৎসর যাবৎ বাস করিতেছি ॥ ৯ ॥

দুর্গম পর্ব্বতশিখর হইতে অতিকষ্টে ধীরে ধীরে অবতরণ করিয়া তীক্ষ্ণ তৃণাচ্ছাদিত পৃথিবীতে অতি দুঃখে বিচরণ করিতেছি ॥ ১০ ॥

১। ঢ 'অথ মে সাগ-', ণ 'অথ মাং সাগ-'। ২। ঢ 'নদীশৈলবনানি চ'। ৩। ণ 'শৈলবনা-'। ৪। ঘ-ছ-ণ 'পশ্যন্তং'। ৫। ণ '-পুষ্টজনা-'। ৬। ক '-দক-'। ৭। ক '-কূপ-'। ৮। ক 'মে মতিঃ'। ৯। ঙ '-ম্নগ্র-'। ১০। ছ-ট 'ভবৎ'।

তমৃষিং দ্রষ্টুকামোঽস্মি প্রযত্নং কৃতবান্ ভৃশম্।
জটায়ুষা ময়া সার্দ্ধং বহুশোঽভিগতো হি সঃ ॥ ১১ ॥
অভ্যাসে চাশ্রমাৎ পুণ্যাদ্ ববুর্বাতাঃ সুগন্ধয়ঃ।
বৃক্ষো নাপুষ্পিতঃ কশ্চিদফলো বাঽত্র দৃশ্যতে ॥ ১২
উৎপত্য চাশ্রমদ্বারি বৃক্ষমূলমুপাশ্রিতঃ।
দ্রষ্টুকামঃ প্রতীক্ষে তং ভগবন্তং নিশাকরম্ ॥ ১৩ ॥
অথ পশ্যামি দূরস্থমৃষিং জ্বলিততেজসম্।
কৃতাভিষেকং দুর্দ্ধর্ষমুপাবৃত্তমুপান্তিকাৎ ॥ ১৪ ॥
তমৃক্ষাঃ সৃমরা ব্যাঘ্রাঃ সিংহা নাগাঃ সরীসৃপাঃ।
পরিবার্য্যানুগচ্ছন্তি ধাতারমিব দেহিনঃ ॥ ১৫ ॥

১১। লো-টী। জটায়ুষা ময়া চ স ঋষির্বহুশঃ অনেকশঃ। পূর্ব্বং পতনাৎ পূর্ব্বম্। অভিগতো জ্ঞাতঃ। 'সার্দ্ধ'মিতি পাঠে পূর্ব্বমিতি শেষঃ।

১২। লো-টী। ঋষের্মাহাত্ম্যসূচকমাশ্রমগুণমাহ—অভ্যাস ইতি। 'অভ্যাসে চাশ্রমাৎ' আশ্রমস্য নিকটে। অফলশ্চ ন দৃশ্যত ইতি নঞো সম্বন্ধঃ।

১৪। লো-টী। অন্তিকাদন্তিকমুদ্দিশ্য। উপাবৃত্তমাগচ্ছন্তম্। দূরস্থং পশ্চান্মমান্তিকাদ্ গচ্ছন্তং বা।

১৫। লো-টী। ধাতারং বিধাতারং দেহিনো জীবনে বৃত্তিদাতৃত্বাৎ। 'মাতরং প্রাণিনো যথে'তি বা পাঠঃ।

আমি সেই ঋষিকে দেখিতে ইচ্ছা করিয়া অত্যন্ত চেষ্টা করিয়াছি এবং জটায়ুর সহিত বহুবার তাঁহার সমীপে গমন করিয়াছি ॥ ১১ ॥

[সেই] পবিত্র আশ্রমের নিকটে সুগন্ধি বায়ু বহিত। সে স্থানে কোন বৃক্ষই ফল-পুষ্প-হীন নহে ॥ ১২ ॥

আমি আশ্রমদ্বারে গমন করিয়া বৃক্ষমূলে উপবেশন করত সেই ভগবান্ নিশাকর ঋষিকে দেখিবার অভিপ্রায়ে প্রতীক্ষা করিতে থাকি ॥ ১৩॥

তারপর স্নানানন্তর প্রত্যাবৃত্ত সেই তেজোদীপ্ত দুর্দ্ধর্ষ ঋষিকে অদূরে দেখিতে পাই ॥ ১৪ ॥

প্রাণিগণ যেরূপ বিধাতার অনুসরণ করে, ভল্লুক, সৃমর (মৃগ-বিশেষ) ব্যাঘ্র, সিংহ, হস্তী, সরীসৃপগণ সেইরূপ সেই ঋষিকে বেষ্টন করিয়া অনুগমন করিতেছিল ॥১৫॥

১। চ 'প্রলাপং'। ২। ক 'পূর্ব্বং'। ৩। ঙ '-শোঽপি'। ৪। গ '-তোঽপি'। ৫। চ 'নঃ'। ৬। ক '-ন্বিনঃ'। ৭। ঘ 'বৃক্ষো ন পু-', চ 'বৃক্ষাণাং পু-'। ৮। ঘ 'উপেত্য', ছ 'উপেত্য'। ৯। ঙ '-ক্ষেচ্চ', গ '-ক্ষেঽহং'। ১০। ঘ-ছ-চ 'চ'। ১১। চ 'অথাপশ্যন-'। ১২। ছ '-মপা-'। ১৩। ঙ '-কম্'। ১৪। ছ '-মৃক্ষাশ্চমরা-'।

সংপ্রাপ্তং তমৃষিং দৃষ্ট্বা দিগ্ভ্যস্তে প্রযযুস্ততঃ।
প্রবিষ্টস্যেব[1] ভবনং[2] রাজ্ঞঃ সামাত্যকং বলম্ ॥ ১৬ ॥
ঋষির্দৃষ্ট্বা[3] তু মাং[4] তূষ্ণীং প্রবিবেশাশ্রমং প্রভুঃ[5]।
স মুহূর্ত্তাদ্ বিনিষ্ক্রম্য ততঃ[6] কার্য্যং চ[7] পৃষ্টবান্ ॥ ১৭ ॥
বর্ণবৈবর্ণ্য[8]মালোক্য পক্ষয়োশ্চ[9] পরাজয়ম্।
নাভিজানামি[10] পূর্ব্বং ত্বাং পশ্চাৎ স্মৃত্বাহহমাগতঃ ॥ ১৮
তব বিক্লবতাং দৃষ্ট্বা রোম্ণাং[11] ন জ্ঞাতবানহম্।
অগ্নিদগ্ধাবিমৌ পক্ষৌ শরীরঞ্চ[12] ব্রণাবৃতম্ ॥ ১৯ ॥
গৃধ্রৌ দ্বৌ দৃষ্টপূর্ব্বৌ মে মারুতস্য সমৌ জবে[13]।
গৃধ্রাণাঞ্চৈব রাজানৌ[14] ভ্রাতরৌ কামরূপিণৌ[15] ২০

১৬। লো-টী। ভবনং সংপ্রাপ্তম্ ঋষিং দৃষ্ট্বা দিগ্ভ্যো দিশঃ প্রযযুঃ প্রজগ্মুঃ। দিগ্ভ্য ইতি কর্ম্মণি চতুর্থী। যথা প্রবিষ্টস্য রাজ্ঞঃ বলং সৈন্যং যাতি তথা।
১৮। লো-টী। বর্ণ-বৈবর্ণ্যং বর্ণস্যান্যথাভাবম্। পরাজয়ং পরাভবম্।
১৯। লো-টী। তব রোম্ণাং বিক্লবতাং দাহম্, পক্ষৌ শরীরে শরীরং চ দৃষ্ট্বা।
২০। লো-টী। দৃষ্টৌ পূর্ব্বং দৃষ্টপূর্ব্বৌ।

তার পর, যেরূপ রাজা নিজ গৃহে প্রবেশ করিলে [অনুগমনকারী] মন্ত্রী ও সৈনিকগণ প্রস্থান করে, সেইরূপ সেই ঋষিকে আশ্রমে উপস্থিত দেখিয়া তাহারা চতুর্দ্দিকে পলায়ন করিল ॥ ১৬ ॥

নিগ্রহানুগ্রহে সমর্থ সেই ঋষি আমাকে দেখিয়া নিঃশব্দে আশ্রমে প্রবেশ করিলেন। পরে মুহূর্ত্তমধ্যে বহির্গত হইয়া আমার অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করিলেন ॥ ১৭ ॥

[তিনি বলিলেন—] বর্ণের বিবর্ণতা এবং দগ্ধ পক্ষ দেখিয়া প্রথমে আমি তোমাকে চিনিতে পারি নাই, পরে স্মরণ হওয়ায় [তোমার নিকটে] আসিলাম ॥১৮॥

তোমার রোমাবলী বিবর্ণ, পক্ষদ্বয় দগ্ধ ও শরীর ব্রণাবৃত দেখিয়া [প্রথমে তোমাকে] চিনিতে পারি নাই ॥ ১৯ ॥

আমি পূর্ব্বে বেগে বায়ুর সমান দুইটী গৃধ্র দেখিয়াছিলাম, তাহারা দুই ভ্রাতা গৃধ্রদিগের রাজা ও ইচ্ছানুসারে রূপ গ্রহণ করিতে সমর্থ ॥ ২০ ॥

১। ছ '-স্যেব'। ২। ঘ 'নগরাৎ'। ৩। ঢ 'ঋষিস্তু দৃষ্ট্বা তূষ্ণীং মাং'। ৪। ঙ 'তান্ সর্ব্বান্'। ৫। ঘ-ছ-ণ 'বিভুঃ'। ৬। ঘ 'ততো মাং পর্য্যপৃচ্ছত'। ৭। ক 'স'। ৮। ঘ-ছ-ণ '-বৈকল্য-', ঙ '-বৈরূপ্য-'। ৯। ঙ '-শ্চাপরাক্রমম্'। ১০। ঙ 'নাপি-'। ১১। ঙ 'রোম্ণা তু', ঢ 'ব্যোম্নো বিজ্ঞাত-', ণ 'বাসং ন'। ১২। ঘ-ঙ-ঢ '-রে চ ব্রণান্বিতে', ছ-ণ '-রে চ ব্রণানি তে'। ১৩। ক 'বায়ুবেগসমৌ', ঘ 'মারুতপ্রতিমৌ'। ১৪। ঘ 'রাজানৌ গৃধ্রমুখ্যানাং'। ১৫। ক 'কাল-'।

[১]তয়োর্জ্যেষ্ঠশ্চ সম্পাতী জটায়ুরনুজশ্চ হ।
মানুষং রূপমাস্থায় পাদৌ জগৃহতুর্ম্মম ॥ ২১ ॥
তয়োস্তুল্যং ন পশ্যামি রূপেণ[২] চ বলেন[৩] চ।
[৪]বিচিত্য চ জগৎ [৫]কৃৎস্নং তয়োস্তুল্যো[৬] ন বিদ্যতে ॥ ২২ ॥
[৭]কস্তে ব্যাধিঃ সমুৎপন্নঃ পক্ষয়োঃ পতনং কথম্।
[৮]দণ্ডো [৯]বা পাতিতঃ কেন [১০]তথ্যমিচ্ছামি বেদিতুম্ ॥ ২৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্ধ্যাকাণ্ডে নিশাকরমুনি-সংকীর্ত্তনং
নাম ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬০ ॥

২২। লো-টী। কৃৎস্নং সকলং জগৎ বিচিত্য বিচার্য্য বলেন রূপেণ চ তয়োস্তুল্যং ন পশ্যামি। যতস্তয়োস্তুল্যং ন বিদ্যতে।

নিশাকরমুনিসংকীর্ত্তনো নাম সর্গঃ।

তাহাদের মধ্যে জ্যেষ্ঠ সম্পাতী এবং কনিষ্ঠ জটায়ু; [উহারা] মনুষ্যরূপ ধারণ করিয়া আমার পাদগ্রহণ করিয়াছিল ॥ ২১ ॥

সমস্ত পৃথিবী অন্বেষণ করিয়াও রূপে ও বলে তাহাদের তুল্য [কাহাকেও] দেখি না, তাহাদের সমান কেহ নাই ॥ ২২ ॥

তোমার কি অসুখ হইয়াছে? কেনই বা পক্ষদ্বয় পতিত হইয়াছে? কে তোমাকে দণ্ড দিয়াছে? তাহা যথাযথ জানিতে ইচ্ছা করি ॥ ২৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে নিশাকরমুনি-সংকীর্ত্তন
নামক ৬০ম সর্গ সমাপ্ত ॥ ৬০ ॥

১। ঘ 'জ্যেষ্ঠস্তু তত্র', ঙ 'জ্যেষ্ঠস্তস্য চ', ট 'জ্যেষ্ঠস্তত্র চ', ছ-ণ 'জ্যেষ্ঠশ্চ তত্র'। ২। ট 'শৌর্য্যেণ চ'। ৩। ট 'বচনেন চ'। ৪। ছ 'বিচিত্য'। ৫। ঙ 'সর্ব্বং'। ৬। ছ '-ল্যং'। ৭। ঘ-ণ 'কিন্তে ব্যাধেঃ সমুত্থানং', ছ-ট 'কিন্তে ব্যাধিসমুত্থানং'। ৮। ঘ 'দণ্ডো বায়ং ধৃতঃ'। ৯। ছ-ট-ণ 'বায়ং কৃতঃ'। ১০। ট 'তত্ত্ব-', ণ 'কথমি-'।

(৬১) একষষ্টিতমঃ সর্গঃ

এবমুক্তস্ত্বহং তেন তদা ধর্ম্মাত্মনা বচঃ।
অনুজং সংস্মরন্ কিঞ্চিদ্ বাষ্পপূর্ণমুখোঽভবম্ ॥ ১ ॥

ধারয়িত্বা[১]ঽশ্রুবেগং তু[২] ভ্রাতৃস্নেহসমুত্থিতম্[৩]।
নিবেদয়ামাস তদা মহর্ষেঃ[৪] সংহতাঞ্জলিঃ ॥ ২ ॥

ভগবন্[৫] প্রতিরুদ্ধত্বাল্লজ্জয়া চাপি[৬] নামিতঃ।
তদ্[৭] ব্যাহর্ত্তুং ন শক্নোমি মুখং বাষ্পো রুণদ্ধি মে ॥ ৩ ॥

তত্তদা[৮] দারুণং কর্ম্ম দুষ্করং সহসা কৃতম্।
সূর্য্যানুগমনং ঘোরমাসূর্য্যাস্তময়োদয়ম্[৯] ॥ ৪ ॥

সম্পাতিনং মাং ভগবন্ বিদ্ধি দুষ্কৃত[১০]কারিণম্
ভ্রাতরং তস্য[১১] বীরস্য জ্যেষ্ঠমিষ্টং জটায়ুষঃ ॥ ৫ ॥

৩। লো-টী। প্রতিরুদ্ধত্বাৎ বিরুদ্ধকর্ম্মত্বাৎ লজ্জয়া নামিতঃ প্রহ্বীকৃতঃ অবাঙ্মুখঃ কৃত ইতি যাবৎ। বাষ্পো গদ্‌গদভাষা, নয়নজলং বা। 'বাষ্প'মিতি বা পাঠঃ।

৪। লো-টী। স্বচাপল্যকৃতাদ্ দোষাৎ দুষ্করমকর্ত্তব্যং কর্ম্ম কৃতম্। বিধিনা বিধাত্রা আসাদিতং প্রাপিতমন্তরং ছিদ্রমনবসরো যস্য তৎ। কিন্তৎ কর্ম্ম তদাহ— সূর্য্যেতি।

সেই ধর্ম্মাত্মা ঋষি আমাকে এইরূপ বলিলে তখন কনিষ্ঠ ভ্রাতা জটায়ুকে স্মরণ করিয়া আমার মুখমণ্ডল নয়নজলে ঈষৎ আপ্লুত হইয়া উঠিল ॥ ১ ॥

অনন্তর ভ্রাতৃস্নেহ জন্য অশ্রুবেগ সংবরণ করিয়া কৃতাঞ্জলিপুটে মহর্ষির নিকট নিবেদন করিলাম—॥ ২ ॥

ভগবন্! বাধাপ্রাপ্ত হওয়ায় আমি লজ্জায় অবনত হইয়া পড়িয়াছি। বাষ্পোদ্‌গমে আমার মুখরোধ হইতেছে, আমি তাহা বলিতে পারিতেছি না ॥ ৩ ॥

তখন হঠাৎ সূর্য্যের অস্ত এবং উদয় পর্য্যন্ত অনুগমনরূপ ভয়ঙ্কর কঠোর কার্য্য করিয়াছিলাম ॥ ৪ ॥

ভগবন্, আমাকে সেই বীর জটায়ুর জ্যেষ্ঠ ভ্রাতা দুষ্কর্ম্মকারী সম্পাতী বলিয়া জানুন ॥ ৫ ॥

১। ণ 'বারয়িত্বা'। ২। ছ-ট 'তং'। ৩। ক '-হাত্নুপস্থিতম্'। ৪। ক 'মহর্ষিং'। ৫। ছ 'বচনং'। ৬। ঘ 'চ বিমানিতঃ', ঙ-ট 'চাবমানিতঃ', ছ-ট 'চাব-'। ৭। ঘ 'তদাবক্তুং', চ 'তথা বক্তুং'। ৮। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ঘ-ঙ 'এতত্তু'। ৯। ঘ-ণ '-রং যাবদস্তময়োদয়ম্', ট '-রং যাবদস্তমনোদয়ম্'। ১০। ট 'দুষ্কর-'। ১১। ক 'জ্যেষ্ঠমিষ্টস্য বীরস্য চ'।

কারণঞ্চাভিধাস্যামি যেন পক্ষাবিমৌ মম।
নির্দ্দগ্ধৌ চ বিরূপৌ চ ভগবন্ শ্রোতুমর্হসি ॥ ৬ ॥

অহঞ্চৈব জটায়ুশ্চ সংহৃষ্টৌ[১] দর্পমোহিতৌ।
বীর্য্যাদুৎপতিতৌ[২] বেগাজ্জিজ্ঞাসন্তৌ[৩] পরাং গতিম্ ॥ ৭ ॥

বিন্ধ্যস্যাগ্রে পণং[৪] কৃত্বা মুনীনামগ্রতঃ পুরা।
পণেষু[৫] রাজ্যমুদ্দিশ্য কালস্য বশমাগতৌ ॥ ৮ ॥

রবিরদ্যানুযাতব্যো[৬] যাবদস্তমথোদয়ম্[৭]।
অদ্য বায়ুপথং প্রাপ্য পশ্যাবঃ পৃথিবীতলে।
রথচক্রপ্রমাণানি নগরাণি ক্বচিৎ ক্বচিৎ ॥ ৯ ॥

ক্বচিদ্ বাদিত্রঘোষাংশ্চ[৮] ব্রহ্মঘোষান্ ক্বচিৎ ক্বচিৎ।
তথৈবাপ্সরসো বহ্বীঃ পশ্যাবো[৯] মৃষ্টকুণ্ডলাঃ ॥ ১০ ॥

৭-৮। লো-টী। পরাং গতিম্ ঊর্দ্ধগমনে শক্তিং জিজ্ঞাসন্তৌ মুনীনামগ্রতঃ পণং কৃত্বা উৎপতিতাবিত্যন্বয়ঃ। কোহসৌ পণস্তমাহ—পণেষু রাজ্যমুদ্দিশ্য পক্ষিরাজ্যং পণং কৃত্বেত্যর্থঃ। উৎপতিতাবিতি পূর্ব্বেণান্বয়ঃ।

৯। লো-টী। পরাং গতিং বিবৃণোতি রবিরিতি। অদ্য রবিঃ অনু পশ্চাদ্ যাতব্যো গন্তব্যঃ। বায়ুপথমাকাশম্।

ভগবন্, যে জন্য আমার এই পক্ষদ্বয় দগ্ধ এবং বিকৃত রূপ প্রাপ্ত হইয়াছে, তাহার কারণ বলিতেছি, শ্রবণ করুন ॥ ৬ ॥

একদা আমি এবং জটায়ু কালের বশে দর্পভরে মোহিত ও আনন্দিত হইয়া কাহার গতিবেগ অধিক তাহা পরীক্ষা করিবার ইচ্ছায় বিন্ধ্য পর্ব্বতের শিখরে মুনিদিগের সম্মুখে এইরূপ প্রতিজ্ঞা করিয়া এবং প্রতিজ্ঞায় পক্ষিরাজ্য পণ করিয়া স্পর্দ্ধাসহকারে বেগে ঊর্দ্ধে গমন করিতে থাকি—॥ ৭-৮ ॥

"আজ সূর্য্যের অস্ত এবং উদয় পর্য্যন্ত অনুগমন করিতে হইবে, আজ আকাশ-পথ প্রাপ্ত হইয়া পৃথিবীতে কোন কোন স্থানে রথচক্র-প্রমাণ নগরসমূহ দেখিতে পাইব এবং কোন কোন স্থানে বাদ্যযন্ত্রের শব্দ এবং কোন কোন স্থানে বেদধ্বনি শুনিতে পাইব এবং পরিষ্কৃত কুণ্ডলশোভিত বহু অপ্সরা দেখিতে পাইব" ॥ ৯-১০ ॥

১। ঘ-ঢ 'হৃষ্টৌ দর্পবিমোহিতৌ'। ২। ঙ 'বেগা-'। ৩। ঙ 'দর্পা-', ণ 'বীর্য্যৌ জি-'। ৪। ঙ 'পদং'। ৫। ছ 'পণে স্বং'। ৬। ঙ 'রবেশ্চ চানু-'। ৭। ঘ-ঢ '-মনো-', ঙ '-ময়োদয়ম্', ণ '-ময়োদয়ঃ'। ৮। ক '-নির্ঘোষান্'। ৯। ঢ-ণ 'পশ্যামো'।

জিজ্ঞাসন্তাবুভৌ বীর্য্যমন্যোহন্যস্যান্তরৈষিণৌ।
তূর্ণমুৎপত্য চাকাশমাদিত্যপথমাস্থিতৌ[১]।
আবামালোকয়ন্তৌ তু[২] বেগমুত্তমমাগতৌ ॥ ১১ ॥

পৃথিবী[৩] চ তদা মন্যে[৪] নবশাদ্বলশোভিতা[৫]।
উৎপলৈরিব সংচ্ছন্না দৃশ্যতে স্ম[৬] শিলোচ্চয়ৈঃ[৭] ॥ ১২ ॥

আপগাশ্চ প্রদৃশ্যন্তে লাঙ্গলস্য গতির্যথা।
হিমবাংশ্চৈব বিন্ধ্যশ্চ মেরুশ্চাপ্যর্ণবাবৃতাঃ[৮]।
ভূতলে সংপ্রকাশন্তে নাগা ইব শিলাতলে[৯] ॥ ১৩ ॥

তীব্রঃ[১০] খেদশ্চ[১১] দাহশ্চ[১২] ভয়ঞ্চাসীত্তদাবয়োঃ।
সমাবিবেশ মোহশ্চ তদা গ্লানিশ্চ যা পরা[১৩] ॥ ১৪ ॥

১০। লো-টী। অন্তরৈষিণৌ ছিদ্রান্বেষিণৌ ;

১১। লো টী। আদিত্যপথং লক্ষযোজনরূপং পন্থানম্ আস্থিতৌ প্রাপ্তৌ আবাম আলোকয়ন্তৌ পৃথিবীমিতি শেষঃ। 'ত্বরানি'তি বা পাঠঃ।

